সামবেদীয়া

ছান্দোগ্যোপনিষদ্।

শ্রীমৎ-পরমহংস-পরিব্রাজকাচার্য্য-শঙ্কর-
ভগবৎ-পাদকৃত-পদভাষ্য-সমেতা।

মূল, অন্বয়মুখী ব্যাখ্যা, মূলানুবাদ, ভাষ্য, আনন্দগিরিকৃত
টীকা, ভাষ্যানুবাদ ও টিপ্পনী সহিত।

মহামহোপাধ্যায়
দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ
কর্ত্তৃক অনূদিত ও সম্পাদিত।

প্রকাশক
শ্রীসুবোধচন্দ্র মজুমদার
দেব সাহিত্য কুটীর
২১১, ঝামাপুকুর লেন, কলিকাতা।
১৩৬২ সাল।
২

 [মূল্য ৬ টাকা মাত্র।

ভূমিকা।

উপনিষৎ-পর্য্যায়ে সপ্তম খণ্ডে ছান্দোগ্যোপনিষৎ প্রকাশিত হইল। ছান্দোগ্যোপনিষৎ সামবেদীয় ছান্দোগ্য-ব্রাহ্মণের অন্তর্গত; ছান্দোগ্য-ব্রাহ্মণ যে সামবেদীয় কোন্ শাখার অন্তর্গত, তাহা নিঃসংশয়-রূপে বলা কঠিন। তবে অনেকে মনে করেন যে, ইহা সামবেদীয় কৌথুম শাখার অন্তর্গত; তাঁহারা এই মতের সমর্থনে কিছু প্রমাণেরও উল্লেখ করিয়া থাকেন। কিন্তু একটু ভাবিয়া দেখিলে সহজেই বুঝিতে পারা যায় যে, সেই সকল প্রমাণ খুব সন্তোষজনক নহে; সুতরাং এই বিষয়ের আলোচনায় সময় নষ্ট করা নিরর্থক।

প্রচলিত উপনিষদ্গুলির মধ্যে ছান্দোগ্যোপনিষৎ অতি উচ্চ আসন লাভ করিয়াছে। ইহার ভাষা সরল, ভাব গভীর; যেমন আখ্যায়িকাগুলি উত্তমরূপে সাজান, আবার উপদেশগুলিও মধুর। সাধারণ লোকের করণীয় কর্ম্ম হইতে আরম্ভ করিয়া জ্ঞানীদের উপযোগী ব্রহ্মতত্ত্ব পর্য্যন্ত বিষয় এই উপনিষদের মধ্যে অতি সুন্দর-ভাবে আলোচিত হইয়াছে। স্নেহময়ী জননী যেমন ধীরে ধীরে সদুপদেশ দিয়া সন্তানকে সৎপথে আনেন, মাতৃস্বরূপিণী শ্রুতিও সেইরূপ মানবকে ভোগবাসনা ও বিষয়াসক্তি হইতে ধীরে ধীরে মুক্তির পথে টানিয়া আনেন। কিন্তু প্রথমেই কর্ম্মকাণ্ডের নিন্দা করিয়া ব্রহ্মতত্ত্বের উপদেশ দিতে গেলে অল্পবুদ্ধি মানবের উপকারের বদলে অনিষ্টই হইবে, তাহাদের বুদ্ধি বিভ্রান্ত হইবে। তাই কর্ম্মানুষ্ঠানের ভিতর দিয়াই যাহাতে ব্রহ্মজ্ঞান লাভ করা যায়, যাহাতে চিত্ত হইতে বিষয়া-সক্তিরূপ মলিনতা দূর হইয়া তাহাতে বিমল জ্ঞানের উদয় হয়, এই উপনিষদে সেই রকমের উপদেশই দেওয়া হইয়াছে। ইহাই ঈশ্বরের অভিপ্রেত সনাতন শিক্ষাপদ্ধতি। শ্রীভগবান্ বলিয়াছেন—

> "ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
> যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্॥"
>
> (ভগবদ্গীতা)

তাই লোক-হিতৈষিণী শ্রুতিও (অর্থাৎ এই ছান্দোগ্য উপনিষদ্‌ও) প্রথমে কর্ম্মের অঙ্গস্বরূপ 'উদ্‌গীথ' অবলম্বনে উপাসনার আরম্ভ করিয়াছেন।

যাহারা স্বভাবতই ভোগে আসক্ত ও কর্ম্মে প্রবৃত্ত, তাহাদিগকে কেবল এই কথা বুঝাইয়া দিতে হয় যে, বেদবিহিত কর্ম্মমাত্রেই সফল, পুরুষগণ নিজের কৃত কর্ম্মের ফলে আপন আপন অভীষ্ট লাভে পরিতৃপ্ত হয় সত্য, কিন্তু কর্ম্মফল যতই বড়, যতই লোভনীয় এবং যতই দীর্ঘকালস্থায়ী হউক না কেন, কিছুতেই চিরস্থায়ী এবং সব রকমে নির্দ্দোষ হইতে পারে না। যাহারা পুণ্যকর্ম্ম করিয়া তাহার ফলে স্বর্গে যায় এবং নানা সুখ-সমৃদ্ধি ভোগ করে, তাহাদিগকেও পুণ্যফল শেষ হইলে আবার পৃথিবীতে ফিরিয়া আসিতে হয়। শ্রীভগবান্ বলিয়াছেন,—

"তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং
ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।
এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না
গতাগতং কামকামা লভন্তে॥"

শ্রুতি বলিয়াছেন,

"যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে, এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে,"

আবার প্রত্যেকের কর্ম্ম এবং কর্ম্মফল সমান হয় না, কাজেই কেহ বেশী সুখ-সমৃদ্ধি লাভ করে, আবার কেহ কম লাভ করে; তাহাতে একজনের অধিক সুখ দেখিয়া আর একজনের মনে দুঃখ হয়। কাজেই কর্ম্মফলে প্রকৃত ও স্থায়ী সুখ লাভ হয় না। শুধু ব্রহ্মজ্ঞান লাভ করিয়াই মানব বিমল আনন্দ ও চিরশান্তির সন্ধান পাইয়া থাকে।

শ্রুতি বলিতেছেন—"তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি, নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" অর্থাৎ জীব ব্রহ্মতত্ত্ব জানিতে পারিয়াই মৃত্যুর হাত হইতে নিষ্কৃতি লাভ করিতে পারে, নচেৎ মৃত্যুভয়শূন্য সেই মোক্ষধামে

যাইবার আর অন্য কোনও পথ নাই। অন্য পথ নাই বলিয়াই কঠোর ব্রহ্মজ্ঞানের—উপাসনাকাণ্ডের অবতারণা। সেই উদ্দেশ্য সিদ্ধির জন্য কর্ম্মের প্রতি অনুরক্ত মানবগণকে ব্রহ্মজ্ঞানের প্রতি আকৃষ্ট করিবার জন্য ছান্দোগ্য শ্রুতি সর্ব্বপ্রথমে কর্ম্মের অঙ্গস্বরূপ 'উদ্‌গীথ' অবলম্বনে উপাসনার উপদেশ দিয়াছেন।

জ্ঞান না হইলে মুক্তিলাভ হয় না; আবার শাস্ত্রোক্ত কর্ম্ম না করিলে বিষয়-বাসনায় চঞ্চল মনকে স্থির করিয়া তাহাকে জ্ঞান লাভের উপযোগী করা যায় না। সেইজন্য কর্ম্মও চাই, জ্ঞানও চাই; কর্ম্মের সঙ্গে সঙ্গে জ্ঞানের অনুশীলন বা উপাসনা চলিলেই জীব ক্রমশঃ আপনার অভীষ্ট পরম পুরুষার্থ লাভ করিতে পারে। তাই শ্রুতি অন্যত্র বলিয়াছেন,—

"বিদ্যাং চাবিদ্যাং চ যস্তদ্‌বেদোভয়ং স হ।
অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে ॥"

অর্থাৎ যে লোক বিদ্যা ও অবিদ্যা অর্থাৎ জ্ঞান ও কর্ম্ম উভয়ই জানেন, অর্থাৎ উভয়েরই সেবা করেন, তিনি কর্ম্ম দ্বারা মৃত্যুভয় অতিক্রম করেন, এবং জ্ঞান-মহিমায় অমৃতত্ব লাভ করেন। এই 'অমৃত' অর্থ প্রকৃত পরম পুরুষার্থ না হইলেও ইহা যে সেই মোক্ষ-লাভেরই দ্বারস্বরূপ, সে বিষয়ে সন্দেহ নাই। এখানে 'উদ্‌গীথ' কথাটির সামান্য পরিচয় দেওয়া আবশ্যক।

সামবেদীয় কর্ম্মকাণ্ডের একটি অংশের নাম 'উদ্‌গীথ'। বিভিন্ন যজ্ঞে যেমন বিশেষ বিশেষ স্তোত্র পাঠের নিয়ম আছে, সোমাদি যজ্ঞেও তেমনি উদ্‌গীথ পাঠের নিয়ম আছে। সেই উদ্‌গীথের প্রথম অক্ষর প্রণবকে (ওঙ্কারকে) অবলম্বন করিয়া এখানে প্রথমে উপাসনার বিধান করা হইয়াছে; তাহার পর 'হিংকার', 'প্রস্তাব' প্রভৃতি অন্যান্য অংশ অবলম্বন করিয়াও উপাসনার ব্যবস্থা করিয়াছেন। উদ্দেশ্য— এইরূপ কর্ম্মাঙ্গ উপাসনা দ্বারা মনের চাঞ্চল্য ও মলিনতা দূর হইলে পর, যদি ব্রহ্মবিষয়ে উপদেশ দেওয়া যায়, তাহা হইলেই সেই উপদেশ কার্য্যকারী হইতে পারে। তাই ইহার প্রথম হইতে পঞ্চম অধ্যায়

পর্য্যন্ত ক্রমে উচ্চতর উপাসনা-প্রণালীর কথা বলিয়া ষষ্ঠ অধ্যায় হইতে প্রকৃত ব্রহ্মোপদেশ আরম্ভ করা হইয়াছে। ছান্দোগ্যো-পনিষদের তত্ত্বোপদেশ-প্রণালী যেমন সুশৃঙ্খলাবদ্ধ ও নিগূঢ় রহস্যময়, আখ্যায়িকাগুলিও তেমনি সুন্দর, সরস ও অধ্যাত্ম-ভাবের উদ্দীপক। বেদান্তদর্শনের ব্যাখ্যা করিতে গিয়া আচার্য্য শঙ্কর প্রভৃতি এই ছান্দোগ্যোপনিষৎ হইতেই অধিকাংশ প্রমাণবাক্য উদ্ধৃত করিয়াছেন। তাহাতেও ইহার শ্রেষ্ঠত্ব প্রকাশ পাইতেছে। বেদান্তদর্শনের রামানুজভাষ্যের অনুবাদে আমরা ইহা বিশেষরূপে দেখাইয়াছি।

আচার্য্য শঙ্করের পূর্ব্বেও ছান্দোগ্যোপনিষদের দ্রাবিড় ভাষ্য প্রভৃতি কতকগুলি ব্যাখ্যাগ্রন্থ প্রচলিত ছিল ; কিন্তু সেগুলি অতিশয় জটিল ও বিস্তীর্ণ বলিয়া আচার্য্য শঙ্কর একটি ভাষ্য রচনা করিয়া ইহাকে সরল ও উপাদেয় করিয়াছেন। সেই সকল আচার্য্যের ব্যাখ্যার সাহায্য না লইলে উপনিষদের প্রকৃত রহস্য উপলব্ধি করা কঠিন হইয়া পড়ে।

আজকাল স্বাধীনচেতা কোন কোন লোক নিজ বুদ্ধিবলে উপনিষদের ব্যাখ্যা করিতে যাইয়া ইহাকে একটি কবিকল্পিত উপন্যাসরূপে পরিচিত করিবার চেষ্টা পাইয়াছেন। ইহা যে দেশের বিশেষ দুর্ভাগ্যের পরিচায়ক, তাহাতে সন্দেহ নাই। বিশেষতঃ যাঁহারা স্বাধীনতার দোহাই দিয়া আস্ফালন করেন, প্রকৃতপক্ষে তাঁহাদের স্বাধীনতা যে কতটুকু, তাহা তাঁহারাই জানেন। আমরা দেখিতেছি, তাঁহারা কেবল পাশ্চাত্ত্য পণ্ডিতগণের উচ্ছিষ্টভোজী নিতান্ত পরাধীন। কোনও পাশ্চাত্ত্য পণ্ডিত যদি আমাদের শাস্ত্র বা ধর্ম্মসম্বন্ধে কোনও কথা বলিয়া গিয়া থাকেন, এই সকল স্বাধীনচেতা মহোদয়েরা সেই কথারই পুনরাবৃত্তি করিয়া দেশে একটা নূতন ধরণের মত জাহির করিতে চেষ্টা করেন। ইহার একটিমাত্র উদাহরণ দিতেছি—

এই ছান্দোগ্যোপনিষদেরই চতুর্থ অধ্যায়ে সত্যকাম জাবালের একটি উপাখ্যান আছে। উপাখ্যানটির মর্ম্ম এই যে, জবালা-নামে এক ব্রাহ্মণ-পত্নীর একমাত্র পুত্রের নাম 'সত্যকাম'। সত্যকাম উপযুক্ত বয়সে উপনয়নের জন্য ইচ্ছুক হইলেন। উপনয়নে গোত্র

বলিবার আবশ্যক হয়, তাই গোত্র জানিবার জন্য মাতার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন,—মা, আমার গোত্র কি? মাতা উত্তর করিলেন,—বাবা, আমি ত আমাদের গোত্র জানি না; যৌবনের প্রারম্ভেই তোমাকে লাভ করিয়াছি; তখন আমি গৃহ-কার্য্যে এবং অতিথি-অভ্যাগতের সেবায় এত ব্যস্ত থাকিতাম যে, পরিচারিকা হইতে আমার কিছুমাত্র পার্থক্য ছিল না; (এমন সময়ই তোমার পিতার মৃত্যু হয়); সুতরাং গোত্রাদি জানিবার আর অবসর পাই নাই। তবে, এইমাত্র জানি—আমার নাম জবালা, আর তোমার নাম জাবাল সত্যকাম। তুমি যাও, গুরুর নিকট যাইয়া এই কথাই বলিও। জবালার উক্তি শ্রুতিটুকু এই—"সা হৈনমুবাচ নাহমেতদ্‌বেদ, তাত, যদ্‌গোত্রস্ত্বমসি, বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে, সাহমেতৎ ন বেদ—যদ্‌গোত্রঃ ত্বমসি, জবালা নামাহমস্মি, সত্যকামো নাম ত্বমসি; স সত্যকাম এব জাবালো ব্রবীথা ইতি।"

শ্রুতির "বহু অহং চরন্তী" কথার 'বহু' পদটি 'চরন্তী' ক্রিয়ার বিশেষণ; সুতরাং ইহার অর্থ হইতেছে যে, আমি প্রভূত পরিমাণে পরিচর্য্যা করিয়াছিলাম। অবশ্য, গৃহস্থাশ্রমের ব্রাহ্মণ-পত্নীর পক্ষে অভ্যাগত সাধুজনের সেবা করা ধর্ম্মসম্মত কার্য্যই বটে। কিন্তু আমাদের স্বাধীনচেতা পণ্ডিতগণ ব্যাকরণের বেশী ধার ধারেন না; আচার্য্যগণের কথায়ও বড় একটা কর্ণপাত করেন না; তাই তাঁহারা একেবারে সোজাসুজিভাবে 'বহু' পদটিকে 'চরন্তী'র গায়ে মিশাইয়া সত্যনিষ্ঠা সতী জবালাকে 'বহুচারিণী' বেশ্যারূপে পরিচিত করিতে প্রয়াস পাইয়াছেন!! এইরূপ আরও অনেক বিকট ব্যাখ্যা আমাদের কানে আসিয়াছে; এখানে সে সমস্ত অসার কথার আলোচনা যুক্তি-যুক্ত মনে করি না।

আচার্য্য শঙ্কর প্রধানতঃ এই ছান্দোগ্য শ্রুতির সাহায্যে আপনার মত অদ্বৈতবাদ স্থাপন করিয়াছেন। এই ছান্দোগ্যোপনিষদের "একমেবাদ্বিতীয়ম্" "তজ্জলানিতি শান্ত উপাসীত" "স আত্মা, তৎ ত্বম্ অসি" প্রভৃতি প্রমাণসমূহের উপর নির্ভর করিয়াই তাঁহার বিশুদ্ধ

অদ্বৈতবাদের দৃঢ়ভিত্তি প্রতিষ্ঠিত হইয়াছে। শাঙ্করভাষ্য সহযোগে ছান্দোগ্যোপনিষৎ পাঠ করিলে উপনিষদের প্রায় কোন তত্ত্বই অজানা থাকে না, এবং ব্রহ্মবিদ্যার গূঢ় রহস্যও জানিতে আর বাকী থাকে না। সহৃদয় পাঠকগণ ইহা পাঠ করিলেই বুঝিতে পারিবেন।

এই উপনিষৎখানিকে নির্ভুল করিবার জন্য বহু পুস্তকের সাহায্য গ্রহণ করিয়াছি, এবং যাহাতে অনায়াসে বুঝা যায়, সেই উদ্দেশ্যে ইহাতে নিজের 'সরলা' নামক টীকা, পদবিভাগ ও উপযুক্ত চিহ্নাদি সংযোজিত করিয়াছি। অধিকন্তু কঠিন স্থানগুলি সহজে বোধগম্য হইবে মনে করিয়া আনন্দগিরিকৃত সম্পূর্ণ টীকাটি সংযোজিত করিয়া আবশ্যকমত স্থানে স্থানে সরল টিপ্পনী যোজনা করিয়া সুখবোধ্য করিয়াছি। ভাষ্যের অনুবাদ আমরা ভাবানুযায়ী না করিয়া অক্ষরানুযায়ী করিতে চেষ্টা করিয়াছি। ইহার উদ্দেশ্য দুইটি,—প্রথম উদ্দেশ্য আক্ষরিক অনুবাদ জটিল ও কষ্টকর হইলেও উহার মৌলিকতা নষ্ট হয় না; উপযুক্ত পাঠক নিজের চিন্তা ও অভিনিবেশের দ্বারা শ্রুতির প্রকৃত রহস্য উদ্‌ঘাটন করিয়া লইতে পারেন; পক্ষান্তরে ভাবানুবাদ করিলে স্থানে স্থানে গ্রন্থকারের ভাব চাপা পড়িয়া অনুবাদকেরই মনের ভাব প্রকাশিত হইয়া থাকে। সুতরাং সেরূপ অনুবাদে অনিষ্টের সম্ভাবনাই অধিক; এই কারণে আমরা ভাবানুবাদের পদ্ধতি গ্রহণ করি নাই। এজন্যই স্থানে স্থানে আবশ্যকমত সরল টিপ্পনী দ্বারা অনুবাদের অস্পষ্ট অংশগুলি সাধারণের বুঝিবার উপযোগী করিতে চেষ্টা করিয়াছি।

উপসংহারে বক্তব্য এই যে, আমরা পুস্তকখানিকে নির্ভুল ও সর্ব্বাঙ্গসুন্দর করিতে চেষ্টা করিলেও দুই-এক স্থলে ভ্রম-প্রমাদ থাকিয়া যাওয়া অস্বাভাবিক নহে। আশা করি, সহৃদয় গুণগ্রাহী পাঠকবর্গ সে ত্রুটি গ্রহণ করিবেন না।

কলিকাতা—ভবানীপুর। ভাবগত চতুষ্পাঠি। } সম্পাদক— শ্রীদুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ।

তৃতীয় সংস্করণের ভূমিকা

ছান্দোগ্যোপনিষদের পরিমার্জ্জিত তৃতীয় সংস্করণ এতদিনে প্রকাশিত হইল। এই জাতীয় বিপুলকায় এবং দুরূহ গ্রন্থে ভ্রম-প্রমাদ প্রায় অপরিহার্য্য—মুদ্রাকর প্রমাদের তো কথাই নাই। এই অভিনব সংস্করণটি বাহির করিবার পূর্ব্বে গ্রন্থটি আদ্যোপান্ত সতর্ক দৃষ্টিতে পরীক্ষা করিতে হইয়াছে। দ্বিতীয় সংস্করণে মুদ্রাকর-প্রমাদ খুব কম ছিল না; ইহার ফলে অনেক স্থলে অর্থ পরিষ্কাররূপে বুঝা কষ্টসাধ্য হইয়া উঠিয়াছিল। কিন্তু, শাঙ্করভাষ্য এবং আনন্দগিরির টীকার স্থানে স্থানে নানাজাতীয় ত্রুটি দুর্ভেদ্য সমস্যার সৃষ্টি করিয়াছিল; ছেদচিহ্নাদির অভাবে, পদগত বর্ণাবলী পরস্পর বিচ্ছিন্নভাবে মুদ্রিত হইবার ফলে, এক পদের এক বা একাধিক বর্ণ অন্য পদের এক বা একাধিক বর্ণের সহিত সংযুক্ত হইবার ফলে, কোথাও বা বিশুদ্ধ পাঠোদ্ধারের অভাবে ভাষ্য এবং টীকার কোন কোন অংশ প্রায় দুর্ব্বোধ্য হইয়া পড়িয়াছিল। আলোচ্য তৃতীয় সংস্করণে এই সমস্ত ত্রুটি-বিচ্যুতি যথাসাধ্য দূর করার চেষ্টা করা হইয়াছে। ইহা ছাড়া গ্রন্থের 'অনুবাদ' ও 'ভাষ্যানুবাদ' অংশকে সুখপাঠ্য এবং সহজবোধ্য করিবার জন্য কিছু কিছু পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করিতে হইয়াছে। দুই একটি স্থলে ভাষ্যার্থের বিকৃতিও সংশোধন করা হইয়াছে।

পরিশেষে বক্তব্য এই যে, আমাদের সর্ব্ববিধ প্রযত্ন সত্ত্বেও স্থানে স্থানে ভুল-ত্রুটি থাকিয়া যাওয়া মোটেই অসম্ভব নয়। বস্তুতঃ, 'সর্বা-বয়বানবদ্য' সংস্করণ প্রকাশ করা যেরূপ অসম্ভব, তেমনি সকলের জিজ্ঞাসা ও রুচিকে পরিতৃপ্ত করাও দুঃসাধ্য। সুধী পাঠক কোন ভ্রম-প্রমাদ বা অসঙ্গতির কথা আমাদের জানাইলে আমরা কৃতজ্ঞতার সহিত তদনুযায়ী গ্রন্থ-সংস্কারের চেষ্টা করিব। ইতি—

আশ্বিন, ১৩৬২
২১।১, ঝামাপুকুর লেন,
কলিকাতা।

প্রকাশক

ভ্রম সংশোধন

৯৬ পৃষ্ঠা পর্য্যন্ত ওঁ চিহ্ন স্থানে * চিহ্ন ছাপা হইয়া গিয়াছে।

প্রথম ভাগের

বিষয়-সূচী।

প্রথম অধ্যায়।

তৃতীয় অধ্যায়।

চতুর্থ অধ্যায়।

বিষয়। পৃষ্ঠা।

বর্ণক্রমানুসারে পদসূচী।

আ

ইতি পদসূচী সমাপ্তা ॥

সামবেদীয়া

ছান্দোগ্যোপনিষৎ

আনন্দগিরি-কৃত-টীকোপেত-

শাঙ্কর-ভাষ্য-সমেতা।

প্রথমোঽধ্যায়ঃ।

—:*:—

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ নমঃ পরমাত্মনে ॥

[ভাষ্য-ভূমিকা।]

"ওমিত্যেতদক্ষরম্" ইত্যাদ্যষ্টাধ্যায়ী ছান্দোগ্যোপনিষৎ। তস্যাঃ সঙ্ক্ষেপতোঽর্থ-জিজ্ঞাসুভ্য ঋজুবিবরণমল্পগ্রন্থমিদমারভ্যতে। তত্র সম্বন্ধঃ—সমস্তং কর্ম্মাধিগতং প্রাণাগ্ন্যাদিদেবতা (১) বিজ্ঞানসহিতমর্চ্চিরাদিমার্গেণ ব্রহ্মলোকপ্রতিপত্তিকারণম্ (২); কেবলং চ ধূমাদিমার্গেণ চন্দ্রলোকপ্রতিপত্তিকারণম্। স্বভাবপ্রবৃত্তানাং চ মার্গদ্বয়-পরিভ্রষ্টানাং কষ্টা অধোগতিরুক্তা। ন চোভয়োর্মার্গয়োরন্যতরস্মিন্নপি মার্গে আত্যন্তিকী পুরুষার্থসিদ্ধিঃ, ইত্যতঃ কর্ম্মনিরপেক্ষমদ্বৈতাত্মবিজ্ঞানং সংসারগতিত্রয়-হেতুপমর্দ্দেন বক্তব্যম্, ইত্যুপনিষদারভ্যতে॥ ১

আনন্দগিরি-কৃত-টীকা।

নমো জন্মাদি-সম্বন্ধ-বন্ধ-বিধ্বংস-হেতবে।
হরয়ে পরমানন্দবপুষে পরমাত্মনে॥ ১
নমস্ত্রয্যন্ত-সন্দোহ-সরসীরুহ-ভানবে।
গুরবে পরপক্ষৌঘ-ধ্বান্ত-ধ্বংস-পটীয়সে॥ ২

পাঠান্তর—(১) প্রাণাদিদেবতা। (২) ব্রহ্মপ্রতিপত্তিকারণম্।

ছন্দোগানামুপনিষদ্ভেদং ব্যাচিখ্যাসুর্ভগবান্ ভাষ্যকারশ্চিকীর্ষিতগ্রন্থপরিসমাপ্তি-প্রচয়পরিপন্থিদুরিতনিবর্হণসিদ্ধ্যর্থম্ ওঙ্কারোচ্চারণলক্ষণং মঙ্গলাচরণং সম্পাদয়ন্ ব্যাখ্যেয়স্বরূপং দর্শয়তি—ওমিত্যেতদিতি। ব্যাখ্যানং সপ্রয়োজনং প্রতিজানীতে—তস্যা ইতি। ননু শারীরকে ভূয়ঃসু প্রদেশেষু বিস্তরেণ ব্যাখ্যাতত্বাদমুষ্যা ভাষ্যং কিমিতি সংপ্রত্যারভ্যতে? তত্রাহ—সংক্ষেপত ইতি। বিস্তরেণ ব্যাখ্যাতত্বেঽপি সংগ্রহতো ব্যাখ্যানমস্যাঃ সম্প্রণীয়তে, বিস্তৃতস্য সংক্ষিপ্য গ্রহণে সুগ্রহত্বাদিত্যর্থঃ। কিঞ্চ, ন চেয়ং যথাপাঠক্রমং ব্যাখ্যাতা। প্রকৃতে তু পাঠক্রমমনতিক্রম্য ব্যাখ্যায়তে, তদ্যুক্তমিদং ভাষ্যমিত্যাহ—ঋজুবিবরণমিতি। ঋজু—পাঠক্রমানুসারি, বিবরণম্—অর্থস্ফুটীকরণং প্রকৃতোপনিষদো যস্মিন্ ভাষ্যে, তৎ তথেতি যাবৎ। অথ পাঠক্রম-মাশ্রিত্যাপি দ্রাবিড়ং ভাষ্যং প্রণীতং, তৎ কিমনেন? ইত্যাশঙ্ক্যাহ—অল্পগ্রন্থমিতি। তথাপি বিশিষ্টাধিকার্য্যভাবে কথমিদমারভ্যতে? তত্রাহ—অর্থজিজ্ঞাসুভ্য ইতি। যে হি মুমুক্ষবোঽস্যা বিবক্ষিতমর্থং জিজ্ঞাসন্তে, তেভ্যো ভাষ্যমিদং প্রস্তূয়তে। তথা চ বিশিষ্টাধিকারিসম্ভবে তদারম্ভঃ সম্ভবতি। তস্য চ প্রকৃতোপনিষদর্থপরিজ্ঞান-মবান্তরফলং, তদ্দ্বারা কৈবল্যং পরমং ফলমিতি ভাবঃ।

ননু কর্ম্মবিধিশেষত্বাদুপনিষদস্তদ্ব্যাখ্যানেনৈব কৃতব্যাখ্যানত্বাৎ পিষ্ট-পিষ্টি-প্রসঙ্গাৎ কৃতং তদ্ভাষ্যেণ ইত্যাশঙ্ক্য শেষশেষিত্বে প্রমাণাভাবান্নৈবম্, ইত্যভিপ্রেত্য পূর্ব্বোত্তরকাণ্ডয়োঃ নিয়তপূর্ব্বাপরভাবপ্রযুক্তং সম্বন্ধং প্রতিজানীতে—তত্রেতি। তস্যা ব্যাখ্যেয়ত্বেন প্রস্তুতায়া উপনিষদঃ কর্ম্মকাণ্ডেন সহ সম্বন্ধোঽভিধীয়তে ইত্যর্থঃ। কোঽসৌ? ইত্যপেক্ষায়াং তদভিধিৎসয়া কর্ম্মকাণ্ডার্থমনুবদতি—সমস্তমিতি। বিহিতং প্রতিষিদ্ধং চ কর্ম্ম পূর্ব্বস্মিন্ কাণ্ডে প্রতিপন্নমিত্যর্থঃ। তত্র হি বিহিতং সমুচ্চিতমসমুচ্চিতং চেতি দ্বিবিধমিত্যঙ্গীকৃত্য সমুচ্চিতস্য ফলমনুবদতি—প্রাণাগ্ন্যা-দীতি। প্রাণশ্চাগ্নিশ্চেত্যাদ্যা দেবতা, তদ্বিজ্ঞানং তদুপাসনং, তেন সমুচ্চিতমগ্নি-হোত্রাদি কর্ম্ম অর্চিরাদ্যুপলক্ষিতেন দেবযানেন পথা কার্য্যব্রহ্মপ্রাপ্তৌ কারণং, ন তু ব্রহ্মপ্রাপ্তৌ, তস্য গন্তব্যত্বাভাবাৎ; কার্য্যস্যৈব গন্তব্যতায়া বাদর্য্যধিকরণে রাদ্ধান্তি-তত্বাৎ। তস্মান্ন সমুচ্চিতং বিহিতং কর্ম্ম পরমপুরুষার্থহেতুরিত্যর্থঃ। তস্যৈবাসমুচ্চি-তস্য ফলমাহ—কেবলং চেতি। বিহিতস্য গতিমুক্ত্বা প্রতিষিদ্ধস্য গতিমাহ—স্বভাবেতি। স্বভাবেন শাস্ত্রাপেক্ষামন্তরেণ প্রকৃতিবশাদেব প্রবৃত্তা যথেষ্টচেষ্টা-রসিকাঃ; তেষাং কর্ম্ম-জ্ঞানাভাবাদ্দেবযানে পিতৃযানে চ পথ্যনধিকৃতানাম্ অধোগতিঃ তির্য্যগবস্থা ক্ষুদ্রজন্তুলক্ষণাঽপুনরাবৃত্তির্দুর্লভা বাক্যেন। অন্যতরস্মিন্ বা অধিকৃতানাং পরমপুরুষার্থঃ সেৎস্যতি। "শুক্লকৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে" ইতি স্মৃত্যা তয়োর্নিত্যফলত্বপ্রতিপত্তেরত আহ—ন চোভয়োরিত্যাদি।

ননু মার্গদ্বয়ভ্রষ্টানাং পুরুষার্থাভাবেঽপি দ্বয়োঃ পথোরন্যতরস্মিন্ বা ভবিষ্যতীতি চেৎ, তত্র ন তাবদ্দেবযানপথনিমিত্তা নিরতিশয়পুরুষার্থসিদ্ধিঃ। "ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে" "তেষামিহ ন পুনরাবৃত্তিঃ" ইত্যত্র ইমমিহেতি বিশেষণাৎ "একয়া

যাত্যনাবৃত্তিম্” ইতি স্মৃতাবনাবৃত্তেরেতৎকল্পবিষয়ত্বাৎ, কল্পান্তরেঽপ্যনাবৃত্তাবপি বিশেষণানর্থক্যাৎ। নাপি পিতৃযানপথি নিরতিশয়পুরুষার্থসিদ্ধিঃ, “এতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে”। “অন্যয়াবর্ত্ততে পুনঃ” ইতি চন্দ্রস্থলস্খলনাবগমাৎ। তস্মান্ন কর্ম্মবশাৎ আত্যন্তিকপুরুষার্থপ্রাপ্তিরিত্যর্থঃ। এবমনূদ্য কর্ম্মফলং ফলিতং সম্বন্ধমাহ—ইত্যত ইতি। উক্তরীত্যা কর্ম্ম যতো ন নিরতিশয়পুরুষার্থ-হেতুরতঃ সসাধনাৎ কর্ম্মণস্তৎ-ফলাচ্চ বিরক্তস্য নিরতিশয়পুরুষার্থং কাঙ্ক্ষতস্তৎসাধনং কেবলমাত্মজ্ঞানং সংসারান্ত-র্ভূতপূর্ব্বোক্তগতিত্রয়হেতুকর্ম্ম তদ্ধেতুনিরাকরণেন বক্তব্যম্, ইত্যভিপ্রায়েণ উপনিষদেবারভ্যতে। ন হি কর্ম্মানুষ্ঠানাৎ পুমর্থো নিরতিশয়ো লভ্যতে, তস্য “তদ্‌যথেহ” ইত্যাদৌ ক্ষয়িষ্ণুফলত্বশ্রুতেঃ। তথা চেশ্বরার্পণবুদ্ধ্যানুষ্ঠিত-শুভকর্ম্মবশাৎ উপজাতশুদ্ধবুদ্ধের্বিরক্তস্য মুমুক্ষোর্মোক্ষসাধনজ্ঞানার্থোঽয়ম্ উপনিষদারম্ভ ইতি হেতু-হেতুমদ্ভাবঃ সম্বন্ধ ইত্যর্থঃ॥ ১

ভাষ্য-ভূমিকানুবাদ।—এই ছান্দোগ্যোপনিষৎ “ওম্ ইত্যেতদক্ষরম্” ইত্যাদি আটটি অধ্যায়ে সমাপ্ত। তাহার সংক্ষিপ্তার্থ যাঁহারা জানিতে ইচ্ছুক, তাঁহাদের জন্য সরল ব্যাখ্যাযুক্ত এই ক্ষুদ্রগ্রন্থ আরম্ভ করা হইতেছে। তাহার মধ্যে কর্ম্মকাণ্ডের সহিত এই উপনিষদের সম্বন্ধ এইরূপ—(১) প্রাণ ও অগ্নি প্রভৃতি দেবতা-বিজ্ঞানের সহিত সমস্ত কর্ম্ম অধিগত হইলে, তাহা ‘অর্চ্চিরাদি’ মার্গক্রমে ব্রহ্মপ্রাপ্তির কারণ হয়; কিন্তু দেবতা-বিজ্ঞানরহিত কেবল কর্ম্মমাত্র অনুষ্ঠিত হইলে, তাহা ধূমাদিমার্গ-ক্রমে চন্দ্রলোকপ্রাপ্তির কারণ হয়; আর যাহারা উক্ত উভয়মার্গভ্রষ্ট স্বাভাবিক (স্বেচ্ছানুযায়ী) কর্ম্মে প্রবৃত্ত, তাহাদের সম্বন্ধে কষ্টকর অধোগতি উক্ত হইয়াছে (২)। উক্ত উভয় মার্গের একটি পথেও আত্যন্তিক পুরুষার্থ (মোক্ষ) সিদ্ধ হয় না; এই কারণে পূর্ব্বোক্ত ত্রিবিধ সংসার-গতির কারণোচ্ছেদপূর্ব্বক কর্ম্ম-নিরপেক্ষ অদ্বৈত আত্ম-জ্ঞানের উপদেশ করা আবশ্যক; এতদুদ্দেশে উপনিষৎ শাস্ত্র আরম্ভ করা হইতেছে॥ ১

ভাষ্যভূমিকা।—ন চাদ্বৈতাত্ম-বিজ্ঞানাদন্যত্র আত্যন্তিকী নিঃশ্রেয়সপ্রাপ্তিঃ। বক্ষ্যতি হি—“অথ যেঽন্যথাতো বিদুরন্যরাজানস্তে ক্ষয্যলোকা ভবন্তি, বিপর্য্যয়ে চ স স্বরাট্ ভবতি” ইতি। তথা দ্বৈতবিষয়ানৃতাভিসন্ধস্য বন্ধনং তস্করস্যেব তপ্তপরশু-গ্রহণে বন্ধদাহভাবঃ সংসারদুঃখপ্রাপ্তিশ্চেত্যুক্ত্বা অদ্বৈতাত্ম-সত্যাভিসন্ধস্য অতস্করস্যেব তপ্ত-পরশুগ্রহণে বন্ধদাহাভাবঃ সংসারদুঃখনিবৃত্তির্মোক্ষশ্চেতি॥ ২

---

(১) ইহার মর্ম্মার্থ এই যে,—উপনিষদ্ভাগ যখন কর্ম্মকাণ্ডেরই শেষাংশ, তখন কর্ম্মকাণ্ডের ব্যাখ্যা দ্বারাই তাহারই অংশ উপনিষদেরও ব্যাখ্যা হইয়াছে, তবে আর পৃথক্‌ভাবে উপনিষদ্-ব্যাখ্যার প্রয়োজন কি? এই আশঙ্কায় বলিতেছেন যে, না—উপনিষৎ যে কর্ম্মকাণ্ডের শেষভাগ, এ বিষয়ে কোন প্রমাণ নাই; পরন্ত, কর্ম্মকাণ্ড প্রথমে, আর উপনিষৎ তাহার পরে জ্ঞাতব্য; এইজন্য এতদুভয়ের মধ্যে যে, পৌর্ব্বাপর্য্য নিবন্ধন একটি বিশেষ সম্বন্ধ রহিয়াছে, সেই সম্বন্ধই এখানে প্রদর্শিত হইতেছে।

(২) তাৎপর্য্য—যাহারা কর্ম্মানুষ্ঠান বা জ্ঞানানুশীলন করে না, তাহাদের চন্দ্রলোকে বা ব্রহ্ম-লোকে গতি হয় না; তাহারা দীর্ঘকাল দুঃসহ যম-যাতনা ভোগ করে, কেহ কেহ বা ‘জায়স্ব ম্রিয়স্ব’ সংজ্ঞক (নিরন্তর জন্ম-মরণশীল) মশক-মক্ষিকাদি জন্ম লাভ করিয়া থাকে।

আনন্দগিরি।—ননু—"মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্য-নিষিদ্ধয়োঃ। নিত্য-নৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায়জিহাসয়া॥" ইতি বৃদ্ধৈরুক্তত্বাৎ কাম্যনিষিদ্ধে বর্জনীয়ে; নিত্যনৈমিত্তিকে চ কৃত্বা ব্যবস্থিতস্য মুমুক্ষোঃ বর্ত্তমানদেহপাতে পুনর্দেহান্তরগ্রহে হেত্বভাবাদনায়াসসিদ্ধা জ্ঞানাদৃতেঽপি মুক্তিরিতি কথং তাদর্থ্যেনোপনিষদারভ্যতে? তত্রাহ—ন চেতি। নহি ত্বদুৎপ্রেক্ষিতো মোক্ষোপায়ো বিনা প্রমাণং প্রকল্প্যতে। ন চ পৌরুষেয়ং বাক্যং মূলপ্রমাণমন্তরেণ প্রমাণম্। ন চাত্র শ্রুতি-স্মৃতী প্রত্যক্ষাদি বা মূলমালোক্যতে। সম্ভবতি চ যথাবর্ণিতচরিতস্যাপি কর্ম্মশেষবশাদ্দেহান্তরং, ন চৈকভবিকঃ কর্ম্মাশয়ঃ; "তদ্ যে ইহ রমণীয়চরণাস্ততঃ শেষেণ" ইত্যাদিশ্রুতিস্মৃতি-বিরোধাৎ। তস্মাদাত্মজ্ঞানাদেব মুক্তিরিতি ভাবঃ। অদ্বৈতাত্মজ্ঞানবিধুরাণাং ভেদজ্ঞানভাজাং কর্ম্মানুষ্ঠায়িনাং ক্ষয্যফলশালিত্বে বাক্যশেষং প্রমাণয়তি—বক্ষ্যতি হীতি। অদ্বৈতাত্মোপদেশানন্তর্য্যমথশব্দার্থঃ। যে পুনরনুপাসিতগুরবস্তদুপদেশশূন্যা যথামতি যথোক্তাদদ্বৈতাদন্যথা দ্বৈতমেব তত্ত্বং বিদন্তি, তে পরতন্ত্রাঃ সন্তো রাগাদিনা কর্ম্মানুতিষ্ঠন্তো বিনাশিফলশালিনঃ স্যুরিতি শ্রুত্যর্থঃ। অদ্বৈতাত্মজ্ঞানাৎ আত্যন্তিক-পুরুষার্থসিদ্ধিরিত্যত্রাপি বাক্যশেষমনুকূলয়তি—বিপর্যয়ে চেতি। চকারাৎ ক্রিয়াপদ-মনুকৃষ্যতে। স হি বিদ্বান্ বিদ্যয়া নিরস্তাবিদ্যাদিমলঃ স্বপরিজ্ঞানাৎ স্বয়মেব পরমাত্মা ভবতি। ভেদপ্রতিপত্তিহেতোঃ আরাচ্ছিন্নত্বাদিত্যর্থঃ। ভেদনিষ্ঠানাং কর্ম্মিণাং পুরুষার্থো নিরতিশয়ো ন সিধ্যতি। অদ্বৈতনিষ্ঠানাং তু কর্ম্ম ত্যজতাং পুমর্থঃ সেৎস্যতীত্যত্র বাক্যশেষস্থং লিঙ্গং দর্শয়তি—তথেত্যাদিনা। দ্বৈতমেব বিষয়স্তস্মিন্ বাচারম্ভণশ্রুতেরনৃতেঽভিসন্ধা যস্য, অভিসন্ধা সত্যত্বাভিমানঃ, তস্য বন্ধনং পরমানন্দস্য আবির্ভাবরাহিত্যং সংসারাত্মকস্য দুঃখস্য প্রাপ্তিশ্চ। যথা বস্তুতস্তস্করস্য নাহং তস্করোঽস্মীতি মিথ্যৈবাভিমন্যমানস্য পরিশোধনার্থং তপ্তপরশোর্গ্রহণে দাহো বন্ধনং দুঃখপ্রাপ্তিশ্চ প্রতীয়তে, তথৈব দ্বৈতাভিনিবেশবতোঽপীতি প্রথমমুক্তা বস্তুতোঽ-তস্করস্য পরৈরারোপিত-তস্করত্বস্য পরিশুশুৎসয়া তপ্তপরশুগ্রহণে দাহাদ্যভাববৎ দ্বৈতা-ভাবোপলক্ষিতে প্রত্যগাত্মনি পরমার্থ-সত্যেঽভিমানবতো দ্বৈতাচ্চ ব্যাবৃত্তচিত্তস্য অনর্থধ্বংসো নিরতিশয়ানন্দাবির্ভাবশ্চেতি যথোক্তার্থানুরোধেনাগ্রে শ্রুতির্বক্ষ্যতীতি যোজনা। কেবলমাত্মজ্ঞানং কৈবল্যহেতুঃ, তৎসিদ্ধ্যর্থম্ উপনিষদারম্ভ ইতি স্বপক্ষো দর্শিতঃ॥ ২

ভাষ্য-ভূমিকানুবাদ।—অদ্বৈত আত্মজ্ঞান ভিন্ন অন্যত্র যে, আত্যন্তিক নিঃশ্রেয়স (মোক্ষ) প্রাপ্তি হয়, তাহাও নহে। শ্রুতিও বলিবেন—'যাহারা ইহা হইতে অন্য-প্রকার জানে, তাহারা অন্য রাজার অধীন, অর্থাৎ ব্রহ্মের শাসন বুঝিতে পারে না, এবং তাহারা স্বর্গাদি ক্ষয়শীল লোক লাভ করিয়া থাকে; আর ইহার বিপর্য্যয় হইলে সেই লোক স্বরাট্ হয়', ইতি। সেইরূপ, তপ্ত কুঠার ধারণে তস্করের যেমন দাহ ও বন্ধন হয়, তেমন মিথ্যাময়-দ্বৈতবিষয়ে অভিনিবিষ্ট ব্যক্তিরও সংসারদুঃখ প্রাপ্তি হয়। ইহার পরে বলা হইয়াছে যে, যে লোক তস্কর নহে (সত্যবাদী), তাহার

যেমন তপ্ত কুঠার গ্রহণে দাহ ও বন্ধন হয় না, তেমনি অদ্বৈত সত্য আত্মায় অভিনিবেশসম্পন্ন ব্যক্তিরও সংসারদুঃখ-নিবৃত্তি এবং মোক্ষ লাভ হইয়া থাকে॥ ২

ভাষ্যভূমিকা।—অতএব ন কর্ম্মসহভাব্যদ্বৈতাত্মদর্শনম্, ক্রিয়া-কারক-ফলভেদোপমর্দ্দেন "সদেকমেবাদ্বিতীয়ম্" "আত্মৈবেদং সর্ব্বম্" ইত্যেবমাদিবাক্যজনিতস্য বাধকপ্রত্যয়ানুপপত্তেঃ। কর্ম্মবিধিপ্রত্যয় ইতি চেৎ; ন, কর্তৃ-ভোক্তৃ-স্বভাববিজ্ঞানবতস্তজ্জনিতকর্ম্মফল-রাগদ্বেষাদিদোষবতশ্চ কর্ম্মবিধানাৎ। অধিগতসকলবেদার্থস্য কর্ম্মবিধানাৎ অদ্বৈতজ্ঞানবতোঽপি কর্ম্মেতি চেৎ; ন, কর্ম্মাধিকৃতবিষয়স্য কর্তৃ-ভোক্ত্রাদিজ্ঞানস্য স্বাভাবিকস্য "সদেকমেবাদ্বিতীয়ম্" "আত্মৈবেদং সর্ব্বম্" ইত্যনেনোপমর্দ্দিতত্বাৎ। তস্মাদবিদ্যাদিদোষবত এব কর্ম্মাণি বিধীয়ন্তে, নাদ্বৈতজ্ঞানবতঃ। অতএব হি বক্ষ্যতি—"সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি। ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি" ইতি॥ ৩

সমুথ্যাস্ত কর্ম্মসমুচ্চিতমাত্মজ্ঞানং মোক্ষসাধনং, তাদর্থ্যেনোপনিষদারম্ভ ইত্যাহুঃ, তান্ প্রত্যাহ—অতএবেতি। 'যৎ কৃতকং তদনিত্যম্' ইতি ব্যাপ্ত্যনুগৃহীতয়া "তদ্ যথেহ" ইত্যাদিশ্রুত্যা কর্ম্মফলস্যানিত্যত্বাবগমাৎ, "ব্রহ্মবিদাপ্নোতি পরম্" ইত্যাদিশ্রুত্যা চ জ্ঞানফলস্য নিত্যত্বসিদ্ধেজ্র্ঞান-কর্ম্মণোঃ বিরুদ্ধফলত্বাধ্যবসায়াদদ্বৈতস্যাত্মনো দর্শনং নৈব কর্ম্মণা সহ ভবিতুমুৎসহতে। নহি বিরুদ্ধয়োস্তমঃপ্রকাশয়োঃ সমুচ্চয়ঃ সংগচ্ছতে; তন্ন সমুচ্চিতজ্ঞানার্থত্বেনোপনিষদারম্ভ ইত্যর্থঃ। কিঞ্চ, অদ্বৈতাত্মজ্ঞানং স্বসাধ্যসিদ্ধ্যর্থং বা কর্ম্মাপেক্ষতে? স্ববাধকবিধুননার্থং বা? নাদ্যঃ, তস্যাসাধ্যফলত্বাদিতি মন্বানো দ্বিতীয়ং প্রত্যাহ—ক্রিয়েতি। বাক্যজনিতস্যাদ্বৈতাত্মজ্ঞানস্যেতি শেষঃ। তস্য বাধকাভাবেন তৎপরিহারার্থং সহকার্য্যপেক্ষা নাস্তীত্যর্থঃ। বাধকপ্রত্যয়াভাবস্যাসিদ্ধিমাশঙ্কতে—কর্ম্মেতি। তদ্বিষয়ো বিধিপ্রত্যয়ো যজেতেত্যাদিবিধিজনিতঃ কর্ত্তব্যতাবোধঃ। স চাত্মনি কর্তৃত্বাদিকমাকাঙ্ক্ষন্ অকর্ত্রাদ্যাত্মজ্ঞানস্য বাধকো ভবতীত্যর্থঃ। কস্যায়ং কর্ম্মবিধিঃ?—অজ্ঞস্য বিদুষো বা, ইতি বিকল্প্যাদ্যং প্রত্যাহ—নেত্যাদিনা। কর্ত্রাদ্যাকারং প্রমাণনিরপেক্ষপ্রকৃতিপ্রসূতং, মিথ্যাজ্ঞানং, তদ্বতস্তেন মিথ্যাজ্ঞানেন জনিতকর্ম্মফলবিষয়ো রাগাদিদোষঃ, তদ্বতশ্চ কর্ম্ম বিধীয়তে। ন হি কর্ত্তাহমিত্যাদিমিথ্যাধিয়ো রাগাদেশ্চাভাবে কর্ম্ম বিধাতুং শক্যম্। "যদ্ যদ্ধি কুরুতে জন্তুস্তত্তৎ কামস্য চেষ্টিতম্" ইতি স্মৃতেঃ। অতোঽজ্ঞস্য কর্ম্মবিধিপক্ষে ন তৎপ্রত্যয়ো বাধকঃ, প্রাপ্ত্যভাবাদিত্যর্থঃ। দ্বিতীয়ং শঙ্কতে—অধিগতেতি। অধীতস্বাধ্যায়ো হি বৈদিকে কর্ম্মণ্যধিক্রিয়তে। অধ্যয়নং চার্থাববোধফলমিতি মীমাংসকমর্য্যাদা। তথা চাধ্যয়নবতো জ্ঞাতসর্ব্ববেদার্থস্য যজেতেত্যাদিনা কর্ম্মবিধানাদাত্মজ্ঞানস্যাপি কর্ম্মাঙ্গত্বং গম্যতে। ন চাত্মজ্ঞানমপবাধ্যতে, অবিরোধাদিত্যর্থঃ। ন তাবদর্থাববোধফলমধ্যয়নমিতি প্রামাণিকমক্ষরাবাপ্তিফলং তদিতি চাধ্যেতৃপ্রসিদ্ধম্; তত্রাধ্যয়নবিধিবশেন নাত্মজ্ঞানস্য কর্ম্মবিধিসম্বন্ধঃ সম্ভবতীতি পরিহরতি—নেতি। কিঞ্চ, মমেদং কর্ম্মেতি কর্ম্মণ্যৈশ্বর্য্যং প্রতিপদ্য ব্যবস্থিতং বিষয়ীকৃত্য প্রবৃত্তস্য কর্ত্রাদ্যাকারবিজ্ঞানস্য প্রমাণাপেক্ষামন্তরেণ স্বভাব-

প্রাপ্তস্য বাক্যোত্থেন সম্যক্ জ্ঞানেনাপহৃতত্বাৎ কর্ম্মফলবিষয়রাগাদ্যযোগাৎ তন্নিবন্ধনস্য কর্ম্মণোঽপি দুরনুষ্ঠানত্বাৎ নাত্মজ্ঞস্য কর্ম্মোপপত্তিরিত্যাহ—কর্ম্মাধিকৃতেতি। অদ্বৈতাত্মজ্ঞানস্য কর্ম্মপ্রবৃত্তিবিরোধিত্বে ফলিতমুপসংহরতি—তস্মাদিতি। অজ্ঞস্য কর্ম্মবিধিঃ ন ত্বাত্মজ্ঞস্য ইত্যত্র শ্রুতিং সংবাদয়তি—অতএবেতি। এতে ত্রয়োঽপ্যাশ্রমিণঃ কর্ম্মাধিকৃতা যাবৎ। যথা ব্রহ্মচারী গৃহস্থো বানপ্রস্থশ্চেত্যেতে কর্ম্মিণস্তথা ব্রহ্মবিদপি কর্ম্মী চেন্ন ইতি পৃথক্ ক্রিয়েত। পৃথক্করণাচ্চ ন তস্য কর্ম্মবিধিরিতি মত্বোক্তম্—ব্রহ্মসংস্থ ইতি॥ ৩

এই কারণেই অদ্বৈত আত্মজ্ঞান কখনই কর্ম্মসহভাবী (কর্ম্মের সহিত একত্র অনুষ্ঠেয়) নহে; কারণ, ক্রিয়া, কারক ও তৎফল, এই ত্রিবিধ ভেদের বিলোপ-পূর্ব্বক সমুৎপন্ন 'সৎস্বরূপ ব্রহ্ম নিশ্চয়ই এক ও অদ্বিতীয়', 'এই সমস্ত জগৎই আত্মস্বরূপ', এবংবিধ বহুতরবাক্যজনিত জ্ঞানের বাধক জ্ঞান উপপন্ন বা যুক্তি-সিদ্ধ হয় না। যদি বল কর্ম্মবিধির জ্ঞানই [বাধক]; না,—কারণ, যে লোক স্বভাবসিদ্ধ কর্ত্তৃত্ব-ভোক্তৃত্ব-জ্ঞানবান্ এবং তজ্জন্য কর্ম্মফলে রাগদ্বেষাদিদোষ-সম্পন্ন, তাহার সম্বন্ধেই কর্ম্মের বিধান, [জ্ঞানীর পক্ষে নহে]। যদি বল, যে লোক সমস্ত বেদার্থ অবগত হইয়াছে, তাহার সম্বন্ধেই যখন কর্ম্মের বিধি, তখন অদ্বৈতজ্ঞানীর পক্ষেও ত কর্ম্ম [বিহিতই আছে]; না,—তাহা নহে; কারণ, 'সৎ (ব্রহ্ম) নিশ্চয়ই এক ও অদ্বিতীয়' এবং 'আত্মাই এই সমস্ত (জগৎ)', এই জ্ঞান দ্বারা কর্ম্মবিধির বিষয়ীভূত স্বভাবসিদ্ধ কর্ত্তৃত্ব-ভোক্তৃত্ব-জ্ঞান পূর্ব্বেই বিমর্দ্দিত হইয়া যায়। অতএব, অবিদ্যাদি-দোষ-সম্পন্ন ব্যক্তির সম্বন্ধেই কর্ম্মসমূহ বিহিত, অদ্বৈতজ্ঞানীর সম্বন্ধে নহে। এই জন্যই বলিবেন—'ইঁহারা সকলেই পুণ্যলোকগামী হন, [কিন্তু] ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি অমৃতত্ব (মোক্ষ) প্রাপ্ত হন'॥ ৩

তত্র এতস্মিন্ অদ্বৈতবিদ্যাপ্রকরণে অভ্যুদয়সাধনানি উপাসনানি উচ্যন্তে, কৈবল্যসন্নিকৃষ্টফলানি চাদ্বৈতাদ্ ঈষদ্ বিকৃতব্রহ্মবিষয়াণি "মনোময়ঃ প্রাণশরীরঃ" ইত্যাদীনি, কর্ম্মসমৃদ্ধিফলানি চ কর্ম্মাঙ্গসম্বন্ধীনি, রহস্যসামান্যাৎ মনোবৃত্তি-সামান্যাচ্চ। যথা অদ্বৈতজ্ঞানং মনোবৃত্তিমাত্রং, তথা অন্যান্যপি উপাসনানি মনোবৃত্তিরূপাণীত্যস্তি হি সামান্যম্। কস্তর্হি অদ্বৈতজ্ঞানস্যোপাসনানাঞ্চ বিশেষঃ? উচ্যতে—স্বাভাবিকস্যাত্মন্যক্রিয়েঽধ্যারোপিতস্য কর্ত্ত্রাদিকারক-ক্রিয়াফলভেদ-বিজ্ঞানস্য নিবর্ত্তকমদ্বৈতবিজ্ঞানম্, রজ্জ্বাদাবিব সর্পাদ্যধ্যারোপলক্ষণজ্ঞানস্য রজ্জ্বাদি-স্বরূপনিশ্চয়ঃ প্রকাশনিমিত্তঃ। উপাসনং তু যথাশাস্ত্রসমাপিতং কিঞ্চিদালম্বনমুপাদায় তস্মিন্ সমানচিত্তবৃত্তিসন্তানকরণম্—তদ্‌বিলক্ষণপ্রত্যয়ানন্তরিতম্ ইতি বিশেষঃ।

তান্যেতান্যুপাসনানি সত্ত্বশুদ্ধিকরত্বেন বস্তুতত্ত্বাবভাসকত্বাদদ্বৈতজ্ঞানোপকার-কাণি আলম্বনবিষয়ত্বাৎ সুখসাধ্যানি চেতি পূর্ব্বমুপন্যস্যন্তে। তত্র কর্ম্মাভ্যাসস্য দৃঢ়ীকৃতত্বাৎ কর্ম্মপরিত্যাগেনোপাসন এব দুঃখং চেতঃসমর্পণং কর্ত্তুম্, ইতি কর্ম্মাঙ্গবিষয়মেব তাবদাদাবুপাসনমুপন্যস্যতে॥ ৪

[ইতি ভাষ্য-ভূমিকা

যদি সমুচ্চয়াসম্ভবাৎ কেবলমেবাত্মজ্ঞানং কৈবল্যসাধনমিতি তাদর্থ্যেনো-পনিষদারভ্যতে। হন্ত কিমিত্যস্যামুপনিষদি ত্রিবিধান্যুপাসনান্যুপন্যস্যন্তে? তত্রাহ—তত্রেতি। উক্তয়া রীত্যোপনিষদারম্ভে সতীতি যাবৎ। "স যো বায়ুং দিশাং বৎসং বেদ, ন পুত্ররোদং রোদিতি" ইত্যাদীনি অভ্যুদয়ফলান্যুপাসনানি। কৈবল্যেন সন্নিকৃষ্টফলত্বং নাম ক্রমমুক্তিফলত্বম্। অদ্বৈতান্নিপ্রপঞ্চাদীষদ্ বিকৃতং সগুণং ব্রহ্ম। কর্ম্মসমৃদ্ধিফলানি কর্ম্মফলগতাতিশয়ফলান্যুদ্গীথাদ্যুপাসনানীত্যর্থঃ। আত্মবিদ্যাপ্রকরণে ত্রিবিধোপাসনোপন্যাসে হেতুমাহ—রহস্যেতি। উপনিষৎপদ-বেদনীয়ত্বস্য আত্মবিদ্যায়ামুপাসনেষু চাবিশেষাদিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমুদ্ভাব্য বিভজতে—মনোবৃত্তীত্যাদিনা। আত্মজ্ঞানস্যোপাসনানাঞ্চ যথোক্তং সামান্যমিষ্যতে চেৎ; তর্হি ফলতোঽপি বিশেষো ন স্যাদিতি মন্বানঃ শঙ্কতে—কস্তর্হীতি। ফলতো বিশেষং দর্শয়ন্নুত্তরমাহ—উচ্যত ইতি। তত্র প্রথমমাত্মজ্ঞানস্যোপাসনাভ্যো বিশেষমাদর্শয়তি—স্বাভাবিকস্যেতি। প্রত্যগাত্মনি ক্রিয়াকারক-ফলবিভাগবিকলে কূটস্থে স্বভাবশব্দিতাবিদ্যাকৃতমধ্যারোপিতং কর্ত্ত্রাদ্যাকারবিজ্ঞানম্। তস্যাদ্বিতীয়-ত্বাদিলক্ষণাধিষ্ঠান-যাথাত্ম্যজ্ঞানং নিবর্ত্তকম্। যথা রজ্জ্বাদাবধিষ্ঠানে সর্পাদিসমা-রোপরূপস্য মিথ্যাজ্ঞানস্য প্রকাশাদিকারণপ্রসূতো রজ্জ্বাদ্যধিষ্ঠানস্বরূপনিশ্চয়ো নিবর্ত্তকঃ, তথেত্যর্থঃ। সম্প্রত্যুপাসনানামদ্বৈতজ্ঞানাদ্বিশেষং দর্শয়তি—উপাসনং-ত্বিতি। শাস্ত্রং মনো ব্রহ্মেত্যুপাসীতেত্যাদি, কিঞ্চিদালম্বনং মনঃপ্রভৃতি বিবক্ষিতম্ সমানজাতীয়প্রত্যয়সন্তানকরণং বিচ্ছিদ্য বিচ্ছিদ্য ধ্যায়িনোঽপি সিধ্যতীতি বিশিনষ্টি—তদ্বিলক্ষণেতি। আত্মজ্ঞানস্যোপাসনানাং চাবান্তরবিশেষমুপসংহরতি—ইতি বিশেষ ইতি।

নন্বু বিদ্যাপ্রকরণে যথোক্তোপাসনানামুপদেশসম্ভবেঽপি বিদ্যৈব প্রাধান্যাৎ প্রাথম্যেনোচ্যতামুপাসনানি পুনরপ্রধানত্বাৎ পাশ্চাত্ত্যেন বাচ্যানীত্যাশঙ্ক্যাহ—তানীতি। উপাসনানামীশ্বরার্পণবুদ্ধ্যাঽনুষ্ঠিতনিত্যাদিকর্ম্মবচ্চিত্তশুদ্ধিদ্বারা জ্ঞান-কারণত্বাৎ কার্য্যাচ্চ কারণস্য প্রাথম্যপ্রসিদ্ধেঃ সাকারবস্তুবিষয়ত্বেন সুসাধ্যত্বাচ্চ মন্দানাং সহসা তেষু প্রবৃত্ত্যুপপত্তেরাদাবুপদেশঃ সম্ভবতীত্যর্থঃ। তথাপি বহুবিধেষূ-পাসনেষু কিমিত্যঙ্গাববদ্ধমেবোপাসনং প্রথমমুচ্যতে তত্রাহ—তত্রেতি। প্রাকৃতে পুরুষে কর্ম্মাভ্যাসস্যানাদিবাসনয়া দৃঢ়ীকৃতত্বাদভ্যস্ততত্তৎকর্ম্মত্যাগেঽতৎসম্বন্ধিনি কেবলোপাসনে চেতসঃ সমর্পণং দুঃখং কর্ত্তুমিত্যঙ্গাববদ্ধমেব তাবদুপাসনমুচ্যতে। এবমাদাবুক্ত্বা পুনরুপাসনান্তরাণি ক্রমেণ বক্তব্যানীত্যর্থঃ।

সেই এই অদ্বৈতবিদ্যা-প্রকরণে স্বর্গাদি অভ্যুদয়-সাধন উপাসনাসমূহ কথিত হইতেছে; যে সকল উপাসনার ফল কৈবল্যের সন্নিহিত, এবং অদ্বৈত অপেক্ষা অল্পমাত্র বিকারপ্রাপ্ত (সগুণ) ব্রহ্মই যে সকল উপাসনার বিষয়, 'মনোময় ও প্রাণশরীর' ইত্যাদি বাক্যোক্ত সেই সমস্ত উপাসনা এবং কর্ম্মফলের উৎকর্ষ-সাধক কর্ম্মাঙ্গ-সম্পর্কিত উপাসনাসমূহও অভিহিত হইতেছে। কারণ, ঐ সমস্তই রহস্যাংশে সমান এবং মনোবৃত্তিরূপেও সমান,—অদ্বৈতজ্ঞান যেরূপ মনোবৃত্তি বা

মানসচিন্তা, উপাসনাও সেইরূপ মনোবৃত্তিমাত্র; উভয়ের মধ্যেই সামান্য বা সমান ধর্ম্ম বিদ্যমান রহিয়াছে। ভাল, তাহা হইলে অদ্বৈত জ্ঞান ও উপাসনার মধ্যে পার্থক্য কি [আছে]? বলা হইতেছে,—অদ্বৈতবিজ্ঞান হইতেছে—নিষ্ক্রিয় আত্মাতে আরোপিত কর্ত্তৃ-কর্ম্মাদি কারক, ক্রিয়া ও তৎফলবিষয়ক নৈসর্গিক ভেদজ্ঞানের বিমর্দ্দক; প্রকাশ বা আলোকজনিত রজ্জু প্রভৃতির স্বরূপ-নিশ্চয় যেরূপ রজ্জু প্রভৃতিতে সর্পাদির আরোপাত্মক জ্ঞানের নিবর্ত্তক হয়, ইহাও তদ্রূপ। আর উপাসনা হইতেছে,—শাস্ত্রানুসারে ব্যবস্থিত কোন একটি আলম্বন (ধ্যানের বিষয়) অবলম্বন করিয়া, তাহাতেই এমনভাবে চিত্তবৃত্তির একাকার প্রবাহ সমুৎপাদন করিতে হয় যে, তাহার মধ্যে আর অন্যবিষয়ক জ্ঞান উৎপন্ন হইয়া উহার ব্যবধান জন্মাইতে না পারে, ইহাই উভয়ের মধ্যে বিশেষ। সেই এই উপাসনাসমূহ সত্ত্বশুদ্ধিকর অর্থাৎ মনের রজস্তমোবৃত্তি বিদূরিত করিয়া সত্ত্বগুণের বৃদ্ধি করে বলিয়া বস্তুর যথার্থ তত্ত্ব-প্রকাশক হয়; সুতরাং অদ্বৈতজ্ঞানলাভেরও উপকারী বা সহায়, এবং আলম্বনবিষয়ক হওয়ায় সুখসাধ্যও বটে; এইজন্যই উহা প্রথমে উপন্যস্ত হইতেছে। তন্মধ্যেও [পূর্ব্ব হইতেই] কর্ম্মাভ্যাস বা কর্ম্ম সংস্কার দৃঢ়তর থাকায় [হঠাৎ] কর্ম্ম পরিত্যাগপূর্ব্বক উপাসনায় মনোনিবেশ করাই দুষ্কর; এইজন্য প্রথমেই কর্ম্মাঙ্গ-বিষয়ক উপাসনা উপন্যস্ত হইতেছে॥ ৪

[অথোপনিষদারম্ভঃ]

ওমিত্যেতদক্ষরমুদ্‌গীথমুপাসীত।
ওমিতি হ্যুদ্‌গায়তি, তস্যোপব্যাখ্যানম্॥ ১

প্রণম্য গুরুপাদাব্জং স্মৃত্বা শঙ্করসম্মতিম্।
ছান্দোগ্যোপনিষদ্‌ব্যাখ্যা সরলাখ্যা বিতন্যতে॥

'ওম্' ইত্যেতদ্ ব্রহ্মণঃ প্রিয়তমং নাম; তদেতৎ অক্ষরম্ উদ্গীথম্ উপাসীত—উদ্গীথত্বেন উপাসীতেত্যর্থঃ। পরমাত্মপ্রতীকে ওঙ্কারে একাগ্রতালক্ষণাং দৃঢ়াং মতিং সন্তনুয়াদিতি ভাবঃ। হি যস্মাদ্ 'ওম্' ইতি প্রথমমুচ্চার্য্য উদ্‌গায়তি—উচ্চৈঃ গায়তি, তস্মাৎ ওঙ্কার উদ্‌গীথঃ। তস্য উপব্যাখ্যানং—ব্যাখ্যা প্রস্তূয়তে ইতি শেষঃ।

অনুবাদ।—'ওম্' এই অক্ষরটি ব্রহ্মের অতিপ্রিয় নাম; সেই এই ওঙ্কার অক্ষরকে কর্ম্মাঙ্গ 'উদ্‌গীথ' রূপে উপাসনা করিবে, অর্থাৎ পরমাত্মার প্রতীকস্বরূপ ওঙ্কারে দৃঢ়তর একাগ্রতা সমুৎপাদন করিবে॥ ১

শাঙ্কর-ভাষ্যম্।—ওমিত্যেতদক্ষরম্ উদ্গীথমুপাসীত। ওমিত্যেতদক্ষরং পরমাত্মনোঽভিধানং নেদিষ্ঠম্; তস্মিন্ হি প্রযুজ্যমানে স প্রসীদতি, প্রিয়নামগ্রহণে ইব লোকঃ। তদিহ 'ইতি'পরং প্রযুক্তমভিধায়কত্বাদ্ব্যাবর্ত্তিতং শব্দস্বরূপমাত্রং প্রতীয়তে; তথাচ অর্চ্চাদিবৎ পরস্যাত্মনঃ প্রতীকং সম্পদ্যতে। এবং নামত্বেন প্রতীকত্বেন চ পরমাত্মোপাসনসাধনং শ্রেষ্ঠমিতি সর্ব্ববেদান্তেষ্ববগতম্। জপকর্ম্মস্বাধ্যায়াদ্যন্তেষু চ বহুশঃ প্রয়োগাৎ প্রসিদ্ধমস্য শ্রৈষ্ঠ্যম্। অতস্তদেতদক্ষরং বর্ণাত্মকম্ উদ্গীথভক্ত্যবয়বত্বাৎ উদ্গীথশব্দবাচ্যম্ উপাসীত—কর্ম্মাঙ্গাবয়বভূতে ওঙ্কারে পরমাত্ম-প্রতীকে দৃঢ়াম্ ঐকাগ্র্যলক্ষণাং মতিং সন্তনুয়াৎ।

স্বয়মেব শ্রুতিরোঙ্কারস্য উদ্গীথশব্দবাচ্যত্বে হেতুমাহ—ওমিতি হি উদ্গায়তি; ওমিত্যারভ্য হি যস্মাদুদ্গায়তি, অত উদ্গীথ ওঙ্কার ইত্যর্থঃ। তস্যোপব্যাখ্যানং, তস্য অক্ষরস্য উপব্যাখ্যানম্—এবমুপাসনম্, এবংবিভূতি, এবংফলমিত্যাদিকথনম্ উপব্যাখ্যানম্, প্রবর্ত্তত ইতি বাক্যশেষঃ॥ ১

আনন্দগিরিঃ।—কাণ্ডদ্বয়স্য নিয়তপৌর্বাপর্য্যপ্রযুক্ত-সম্বন্ধমুপনিষত্তাৎপর্য্যং চোক্ত্বা প্রত্যক্ষরং ব্যাখ্যাতুকামঃ প্রতীকমাদত্তে ওমিত্যেতদক্ষরমিতি। তত্র প্রথমমোঙ্কারস্যাভিধায়কত্বপক্ষমেবাবলম্বতে পরমাত্মন ইতি। অভিধানান্তরেভ্যো বিশেষং দর্শয়তি নেদিষ্ঠমিতি। নিকটতমমতিশয়েন প্রিয়মিতি যাবৎ। ওঁকারস্য নেদিষ্ঠত্বং সমর্থয়তে তস্মিন্নিতি। ওঁকারস্যান্যত্র পরমাত্মনামত্বেঽপি প্রকৃতে কিং বিবক্ষিতমিত্যাশঙ্ক্যাহ তদিহেতি। প্রকৃতে হি বাক্যে 'ওম্' ইতি পদম্ ইতিশব্দ-শিরস্কং প্রযুক্তম্, ইতিশব্দসামর্থ্যাদেব বাচকত্বাদ্ব্যাবর্ত্তিতং শব্দস্বরূপমাত্রমুপাস্যং গম্যতে। যত্র হি ইতিপরঃ প্রয়োগো ন, তত্রাভিধেয়বিবক্ষা অস্তি, যথা গৌরিত্যয়মাহেতি। তথা চাত্রেতিপরত্বাদোঙ্কারস্য স্বরূপমাত্রমুপাস্যং বিবক্ষিতমিত্যর্থঃ। তস্যোপাস্যত্বার্থং শ্রৈষ্ঠ্যং সাধয়তি তথাচেতি। ইতিপরপ্রয়োগবশাদভিধায়কত্বাভাবে সতি অর্চাশব্দিতপ্রতিমায়া ভগবৎ-প্রতীকত্ববদোঙ্কারস্যাপি পরমাত্মপ্রতীকত্বেন শ্রেষ্ঠত্বাদুপাস্যত্বসিদ্ধিরিত্যর্থঃ। তদীয়ং শ্রেষ্ঠত্বং সপ্রমাণকং নিগময়তিএবমিতি। সর্ব্ববেদান্তেষু 'এতদালম্বনং পরম্' ইত্যাদিষু। কিঞ্চ, নাস্য শ্রেষ্ঠত্বং সমর্থনীয়ং প্রসিদ্ধত্বাৎ, ইত্যাহ জপেতি। গায়ত্র্যাদিজপে যজ্ঞাদৌ কর্ম্মণি স্বাধ্যায়স্যাদাবন্তে চ ওঙ্কারস্য প্রয়োগো দৃশ্যতে—"তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞ-দান-তপঃ-ক্রিয়াঃ। প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্।" "ব্রাহ্মণঃ প্রণবং কুর্য্যাদাদাবন্তে চ সর্ব্বদা। স্রবত্যনোঙ্কৃতং পূর্ব্বং পরস্তাচ্চ বিশীর্যতে" ইতি স্মৃতেঃ।

ওমিতি ব্রাহ্মণঃ প্রবক্ষ্যন্নাহেত্যাদি শ্রুতেশ্চেত্যর্থঃ। ওমিত্যয়ং ভাগো ব্যাখ্যাতঃ, সংপ্রত্যেতদক্ষরমিত্যস্যার্থমাহ—অত ইতি। শ্রেষ্ঠত্বমুপাস্যত্বার্থমনুকৃষ্যতে। ব্যাপ্তেশ্চ সমঞ্জসমিতি ন্যায়েন বিশেষণস্যার্থবত্ত্বমভিপ্রেত্য রূঢ়ির্যোগমপহরতীতি ন্যায়েনাক্ষরশব্দস্য প্রকরণমনুসৃত্য প্রসিদ্ধমর্থমাহ—বর্ণাত্মকমিতি। গ্রামো দগ্ধঃ, পটো দগ্ধ ইতিবদেকদেশে সমুদায়বিষয়ং পদং প্রবৃত্তমিত্যাহ উদ্গীথেতি। উপাস্তিং বিভজতে —কর্ম্মেতি।

উদ্গীথাবয়বত্বাদোংকারে তচ্ছব্দপ্রবৃত্তিরিত্যুক্তত্বাদনন্তরবাক্যম্ অকিঞ্চিৎকর-মিত্যাশঙ্ক্য শ্রুত্যুক্তো যোঽস্মদুক্তো হেতুস্তেন স্ফুটীক্রিয়তে, ততশ্চোৎকৃষ্যাস্মাভির্দর্শিত ইত্যভিপ্রেত্যাহ—স্বয়মেবেতি। ওমিত্যেতদক্ষরমিত্যত্রোপাসনোৎপত্তিবিধিরুক্তঃ। সংপ্রতি গুণং বিবক্ষুর্বাক্যান্তরমাদায় ব্যাচষ্টে—তস্যেতি। এবমুপাসনমিতি। রস-তমত্বমাপ্তিঃ সমৃদ্ধিরিত্যেবংগুণকমুপাসনং যস্যাক্ষরস্য তত্তথেত্যর্থঃ। এবং বিভূতীতি। পরমঃ পরার্দ্ধ্যস্তেনেয়ং ত্রয়ী বিদ্যা বর্ত্তত ইত্যাদ্যা বিভূতিঃ স্তুতির্যস্য তত্তেথেতি যাবৎ। এবং-ফলমিতি। আপয়িতা হ বৈ কামানামিত্যাদি ফলং যস্যোপাস্যসাক্ষাৎকারস্য, তত্তথোক্তমিত্যর্থঃ। গোদোহনবদাশ্রিত্য বিধানাদধিকৃতাধিকারমিদমুপাসনং তথাপি পৃথগেব। "পৃথগ্‌হ্যপ্রতিবন্ধঃ ফলম্" ইতি ন্যায়েন ফলবৎফলং যাজমানমুদ্গাতু-র্যজমানেন কর্ম্মার্থং ক্রীতত্বাৎ তৎকর্তৃকস্যোপাসনস্যাপি যজমানস্য স্বামিনঃ ফলমিতি বচনমাদিশব্দার্থঃ। বাক্যস্য সাকাঙ্ক্ষত্বেনানর্থক্যং বারয়তি—প্রবর্ত্তত ইতি॥ ১

ভাষ্যানুবাদ।—'ওম্' এই অক্ষরকে উদ্গীথ বলিয়া উপাসনা করিবে; 'ওম্' এই অক্ষরটি পরমাত্মার নিকটতম অভিধান অর্থাৎ বাচক নাম; প্রিয় নাম গ্রহণ করিলে অর্থাৎ উচ্চারণ করিলে, যেমন সাধারণ লোক সন্তুষ্ট হয়, তেমনি সেই ওঙ্কার নাম [উপাসনায়] প্রযুক্ত হইলে, তিনিও (পরমাত্মাও) প্রসন্ন হইয়া থাকেন। [যদিও ওঙ্কার পরমাত্মার বাচক হউক, তথাপি] এখানে 'ইতি' শব্দ সহযোগে প্রযুক্ত হওয়ায়, সেই এই ওঙ্কারই বাচকভাব হইতে ব্যাবৃত্ত হইয়া কেবল 'ওম্' এই শব্দস্বরূপমাত্র প্রতিপাদন করিতেছে। তাহার ফলে, প্রতি-মাদির ন্যায় ইহাও পরমাত্মার 'প্রতীক'-ভাব প্রাপ্ত হইতেছে *। [ওঙ্কারই যে,] এই প্রকারে নাম ও প্রতীকরূপে উপাসনার উৎকৃষ্ট সাধন, ইহা সমস্ত বেদান্তশাস্ত্রে জানা গিয়াছে; এবং জপ, কর্ম্ম ও বেদপাঠের আদি ও অন্তে প্রয়োগবাহুল্য বশতও ইহার (ওঙ্কারের) শ্রেষ্ঠত্ব প্রসিদ্ধ রহিয়াছে †। অতএব বর্ণাত্মক সেই এই অক্ষরই (ওঙ্কারই) 'উদ্গীথ' ভক্তির অবয়ব বা অংশভূত;

---

* তাৎপর্য্য—কোন একটি সাধারণ বস্তু যদি কোন ধ্যেয়বস্তুরূপে কল্পিত হয়, তবে তাহাকে প্রতীক' বলে।

† তাৎপর্য্য—জপাদি কর্ম্মমাত্রেরই আদ্যন্তে যে প্রণব উচ্চারণের আবশ্যক, তাহা নিম্নলিখিত গীতা ও স্মৃতি প্রভৃতি প্রমাণ হইতে জানা যায়—

"তস্মাদ্ ওমিত্যুদাহৃত্য যজ্ঞ-দান-তপঃ-ক্রিয়াঃ। প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্॥" (১)
"ব্রাহ্মণঃ প্রণবং কুর্য্যাদাদাবন্তে চ সর্ব্বদা। স্রবত্যনোঙ্কৃতং পূর্ব্বং পরস্তাচ্চ বিশীর্য্যতে॥ (২)

অর্থাৎ (১) ব্রহ্মবাদিগণের বিধিবোধিত যজ্ঞদান ও তপস্যাদি ক্রিয়া সর্ব্বদাই ওঙ্কারোচ্চারণ-পূর্ব্বক প্রবৃত্ত হইয়া থাকে। (২) ব্রাহ্মণ ক্রিয়ার আদি ও অন্তে সর্ব্বদাই প্রণবোচ্চারণ করিবে। কারণ, কর্ম্ম প্রথমে ওঙ্কারহীন হইলে চ্যুত হয়, আর অন্তে ওঙ্কারহীন হইলে নিষ্ফল হইয়া যায়। শ্রুতিও বলিয়াছেন—"ওমিতি ব্রাহ্মণঃ প্রবক্ষ্যন্ আহ।" অর্থাৎ ব্রাহ্মণগণ মন্ত্রাদি বলিবার পূর্ব্বে ওঙ্কার বলিয়া থাকেন।

এই জন্য 'উদ্গীথ' শব্দবাচ্য; অর্থাৎ উদ্গীথরূপে ইহার উপাসনা করিবে *। অর্থাৎ কর্ম্মাঙ্গ উদ্গীথের অবয়বস্বরূপ পরমাত্ম-প্রতীক ওঙ্কারে একাগ্রতারূপ দৃঢ়-বুদ্ধি বৃদ্ধি করিবে।

স্বয়ং শ্রুতিই ওঙ্কারের উদ্গীথত্ব কথনের হেতু বলিতেছেন—"ওমিতি" ইত্যাদি। যেহেতু ওঙ্কারকে আরম্ভ করিয়াই উদ্গীথ গান করিয়া থাকেন, এই কারণে ওঙ্কার উদ্গীথ স্বরূপ। সেই অক্ষরের উপব্যাখ্যান—ব্যাখ্যা, অর্থাৎ এই প্রকার উপাসনা, এই প্রকার বিভূতি (মহিমা), এই প্রকার ফল, ইত্যাদি বিষয়ের বর্ণন প্রবৃত্ত (আরব্ধ) ক্রিয়াপদ হইতেছে। [শ্রুতিতে 'প্রবর্ত্ততে' ক্রিয়াপদটি অবশিষ্ট রহিয়াছে]॥ ১

এষাং ভূতানাং পৃথিবী রসঃ, পৃথিব্যা আপো রসঃ, অপা-মোষধয়ো রসঃ, ওষধীনাং পুরুষো রসঃ, পুরুষস্য বাগ্রসঃ, বাচ ঋগ্রসঃ, ঋচঃ সাম রসঃ, সাম্ন উদ্গীথো রসঃ ॥ ২

তদেবোপব্যাখ্যানং প্রদর্শয়ন্ পৃথিব্যাদিক্রমেণ ওঙ্কারস্য রসতমত্বাদিগুণানাহ এষামিত্যাদিনা। পৃথিবী (ভূমিঃ) এষাং ভূতানাং (স্থাবর-জঙ্গমানাং) রসঃ (উৎপত্তি-স্থিতি-লয়হেতুত্বাৎ পরম আশ্রয়ঃ); আপঃ (জলানি) পৃথিব্যাঃ রসঃ (আশ্রয়ঃ, তত্র ওতপ্রোতত্বাৎ)। ওষধয়ঃ (তৃণলতাদীনি) অপাং রসঃ (সারঃ কার্য্যং); পুরুষঃ (দেহেন্দ্রিয়াদি-সংঘাতরূপঃ) ওষধীনাং রসঃ (কার্য্যং, অন্নপরিণামত্বাৎ পুরুষদেহস্য), বাক্ (বদনব্যাপারঃ) পুরুষস্য রসঃ (সারঃ, বাক্প্রধানত্বাৎ পুরুষস্য); ঋক্ (মন্ত্রাত্মকো বেদভাগঃ) বাচঃ (শব্দস্য) রসঃ (সারভূতা); সাম (তদাখ্যো বেদভাগঃ) ঋচঃ রসঃ (সারঃ, ঋক্ হি গীয়মানৈব সতী সুখাবহা ভবতি), উদ্গীথঃ (উদ্গীথাবয়বঃ ওঙ্কারঃ) সাম্নঃ (সামবেদস্য) রসঃ (সারতমঃ)। যদ্বা, "অপাং ওষধয়ো রসঃ" ইত্যাদৌ বিভক্তিবিপরিণামেন ব্যাখ্যা কার্য্যা—আপঃ ওষধীনাং রসঃ (আশ্রয়ঃ) ইত্যাদিরূপা।

অনুবাদ।—পৃথিবী এই স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূতের সার অর্থাৎ উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ; জলসমূহ পৃথিবীর রস; ওষধিসমূহ (তৃণলতাসমূহ) জলের সার; ওষধিসমূহের সার পুরুষ (দেহেন্দ্রিয়াদি-সমষ্টি); পুরুষের সার বাক্ (শব্দ); বাক্যের সার ঋক্বেদ; ঋকের সার সামবেদ; সামবেদের সার উদ্গীথ, অর্থাৎ উদ্গীথাবয়ব ওঙ্কার॥

---

* 'উদ্গীথভক্তি' সামবেদীয় স্তোত্রবিশেষ। এই ওঙ্কার তাহারই অংশ; এইজন্য ওঙ্কারকে 'উদ্গীথ' বলা হইয়াছে।

শাঙ্কর-ভাষ্যম্ ।—এষাং চরাচরাণাং ভূতানাং পৃথিবী রসো গতিঃ পরায়ণমবষ্টম্ভঃ। পৃথিব্যা আপো রসঃ, অপ্সু হি ওতা চ প্রোতা চ পৃথিবী, অতঃ রসঃ পৃথিব্যাঃ। অপাম্ ওষধয়ো রসঃ, অপ্‌পরিণামত্বাৎ ওষধীনাম্ ; তাসাং পুরুষো রসঃ, অন্নপরিণামত্বাৎ পুরুষস্য ; তস্যাপি পুরুষস্য বাক্ রসঃ, পুরুষাবয়বানাং হি বাক্ সারিষ্ঠা, অতো বাক্ পুরুষস্য রস উচ্যতে। তস্যা অপি বাচঃ ঋক্ রসঃ সারতরা ; ঋচঃ সাম রসঃ সারতরম্, তস্যাপি সার উদ্‌গীথঃ, প্রকৃতত্বাৎ ওঙ্কার সারতরঃ ॥ ২

আনন্দগিরিঃ।—তদেবোপব্যাখ্যানমনুবর্ণয়নোঙ্কারস্য রসতমত্বং গুণং বিধাতুং পাতনিকাং করোতি—এষামিতি। গতিরিত্যুৎপত্তিকারণত্বং পরায়ণমিতি স্থিতিহেতুত্বম্ অবষ্টম্ভ ইতি প্রলয়নিদানত্বমুচ্যত ইতি ভেদঃ। বৈপরীত্যেন বাহমুনি পদানি নেয়ানি। অপাং পৃথিবীরসত্বং সাধয়তি অপ্সু হীতি। অস্যার্থস্য শ্রুত্যন্তরপ্রসিদ্ধিং দ্যোতয়িতুং হি-শব্দঃ। ওষধীনামপঃ প্রতি কারণত্বাভাবাৎ কথং তত্র রসশব্দঃ তত্রাহ—অপ্‌পরিণামত্বাদিতি। কারণপরতয়া পূর্ব্বত্র ব্যাখ্যাতোহপি রসশব্দো গোরস ইতিবদুত্তরত্র কার্য্যপরতয়া ব্যাখ্যেয় ইত্যর্থঃ। কথমোষধীনাং পুরুষো রসঃ ? ন হি তাভিরসৌ ক্রিয়তে ; তত্রাহ—অন্নেতি। পুরুষরসত্বং বাচঃ সমর্থয়তে—পুরুষেতি। বাগ্‌বিহীনং হি প্রতিপুরুষান্তরং বিনিন্দন্তি, অতো বাচঃ সারতমত্বং প্রসিদ্ধমিতি হি শব্দার্থঃ। তস্যাঃ সারিষ্ঠত্ব-প্রসিদ্ধিরতঃশব্দার্থঃ বাঙ্‌নির্বর্ত্ত্যত্বাদৃচস্তদ্রসত্বমিত্যভিপ্রেত্যাহ—সারতরেতি। ঋচঃ সকাশাদপি তদধ্যূঢ়ং সাম গীয়মানং বক্তৃশ্রোত্রোঃ সুখকরমিতি মত্বাহ—সারতরমিতি। উদ্গীথশব্দং চাবয়বে প্রকরণান্নিয়ময়তি—প্রকৃতত্বাদিতি। ন হি সাম অনোঙ্কৃতং ফলায় ভবতীতি মন্বানো ব্রূতে—সারতর ইতি ॥ ২

ভাষ্যানুবাদ।—পৃথিবী এই চরাচর ভূতবর্গের রস অর্থাৎ গতি, পরায়ণ ও অবষ্টম্ভ স্বরূপ * ; জল আবার পৃথিবীর রস ; যেহেতু পৃথিবী জলের মধ্যে ওতপ্রোত, সেই হেতু জলই পৃথিবীর রস ; ওষধিসমূহ জলের রস ; কেননা, ওষধিসমূহ জলেরই পরিণাম। সেই ওষধিসমুহের রস পুরুষ, কারণ, এই পুরুষ-দেহ [পিতৃমাতৃভুক্ত] অন্নেরই পরিণাম ; বাক্ (শব্দ) আবার সেই পুরুষেরও রস। বাক্যই পুরুষগণের সারতম, অতএব বাক্যই পুরুষের রস। ঋক্ (ঋগ্বেদ) আবার সেই বাক্যের রস অর্থাৎ সারতর ; ঋকের রস—সারতর সামবেদ ; উদ্‌গীথ অর্থাৎ প্রস্তাবিত ওঙ্কার আবার সেই সামের সারতর ॥ ২

* তাৎপর্য্য—ভাষ্যে যে 'রস' শব্দের অর্থে—গতি, পরায়ণ ও অবষ্টম্ভ এই তিনটি পদ প্রযুক্ত হইয়াছে, তাহার অর্থগত প্রভেদ এইরূপ—'গতি' শব্দে সৃষ্টিহেতুত্ব, 'পরায়ণ' শব্দে স্থিতিহেতুত্ব, আর 'অবষ্টম্ভ' শব্দে প্রলয়-কারণত্ব উক্ত হইয়াছে। অর্থাৎ পৃথিবীই স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূতের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ। পৃথিবী ও জল, এই দুই স্থলেই 'রস' শব্দের এইরূপ অর্থ, কিন্তু ওষধির পর হইতে 'রস' অর্থ—সার, বা কার্য্য ইত্যাদি।

স এষ রসানা* রসতমঃ পরমঃ পরার্দ্ধ্যোঽষ্টমো যদু-দ্গীথঃ ॥ ৩

স এষঃ (প্রকৃতঃ) রসানাং (উত্তরোত্তরশ্রেষ্ঠানাং পৃথিব্যাদীনাং) রসতমঃ (সারভূতঃ) পরমঃ (পরামাত্ম-প্রতীকত্বাৎ; পরেণ ব্রহ্মণা মীয়তে সদৃশীক্রিয়তে, পরমাত্মতুল্য ইত্যর্থঃ), পরার্দ্ধ্যঃ (পরস্য ব্রহ্মণঃ অর্দ্ধং স্থানম্ অর্হতীতি পরার্দ্ধ্যঃ ব্রহ্মাবলম্বনযোগ্যঃ) অষ্টমঃ (পৃথিব্যাদিরস-সংখ্যয়া অষ্টমশ্চ)। [কোঽসৌ] ইত্যাহ যৎ (যঃ) উদ্গীথঃ (প্রকৃতত্বাৎ ওঙ্কার ইত্যর্থঃ)।

সেই যে এই 'উদ্গীথ' ওঙ্কার, ইহা [পৃথিব্যাদি রসসমূহের মধ্যে] সারভূত, পরম (উৎকৃষ্ট) পরমাত্মার বাসযোগ্য এবং পূর্ব্বোক্ত রস অপেক্ষায় অষ্টম ॥

শাঙ্কর-ভাষ্যম্।—এবং স এষ উদ্গীথাখ্য ওঙ্কারো ভূতাদীনাম্ উত্তরোত্তররসানাম্ অতিশয়েন রসো রসতমঃ। পরমঃ পরমাত্মপ্রতীকত্বাৎ। পরার্দ্ধ্যঃ অর্দ্ধং স্থানং, পরঞ্চ তদর্দ্ধঞ্চ পরার্দ্ধং তদর্হতীতি পরার্দ্ধ্যঃ—পরমাত্মস্থানার্হঃ পরমাত্মবৎ উপাস্যত্বাৎ ইত্যভিপ্রায়ঃ। অষ্টমঃ পৃথিব্যাদিরসসংখ্যায়াং, যৎ উদ্গীথো য উদ্গীথঃ ॥ ৩

আনন্দগিরিঃ।—যদর্থং পৃথিব্যাদীনাং রসত্বমুক্তং, তদিদানীং দর্শয়তি—এবমিতি। রসতমত্বগুণকমোঙ্কারম্ উপাস্যত্বার্থং বিশেষণাভ্যাং মহীকরোতি—পরম ইতি। তস্য পরমাত্মস্থানযোগ্যত্বং সমর্থয়তে—পরমাত্মবদিতি। যথা পরমাত্মা স্বরূপত্বেনানুসন্ধীয়তে, তথাস্যাপি তদাত্মনানুসন্ধেয়ত্বাৎ বিষ্ণুবুদ্ধ্যালম্বনার্হপ্রতিমাবদয়মপি পরমাত্মবুদ্ধ্যালম্বনযোগ্যা ভবতীত্যর্থঃ। ওঁকারাৎ পরাচীনো রসো নাস্তীতি তদীয়রসতমত্বস্ফুটীকরণার্থং পরিগণনাতঃ সিদ্ধমষ্টমত্বমনুবদতি—অষ্টম ইতি। ননু ভূতান্যারভ্য নবমত্বে প্রতীয়মানে কথমোঙ্কারস্যাষ্টমত্বং প্রতিজ্ঞায়তে? তত্রাহ—পৃথিব্যাদীতি। স এষ ইত্যুক্তং ব্যক্তীকর্ত্তুং যদুদ্গীথ ইত্যেতদ্ব্যাচষ্টে—য উদ্গীথ ইতি। পূর্ব্ববদুদ্গীথশব্দোঽবয়বপরো নেতব্যঃ ॥ ৩

ভাষ্যানুবাদ।—এবং সেই এই উদ্গীথ-সংজ্ঞক ওঙ্কারই উত্তরোত্তর রসভূত ভূতগণের অতিশয় রস—রসতম; পরমাত্মার প্রতীক বলিয়া পরম (উৎকৃষ্ট), পরার্দ্ধ্য—অর্দ্ধ—অর্দ্ধস্থান, যাহা পর এবং অর্দ্ধ, তাহাই পরার্দ্ধ, সেই পরার্দ্ধস্থানের যোগ্য বলিয়া পরার্দ্ধ্য। অভিপ্রায় এই যে, পরমাত্মার ন্যায় উপাস্য বলিয়া উহা পরমাত্ম-স্থানার্হ, পৃথিবী প্রভৃতির সংখ্যানুসারে অষ্টম (অর্থাৎ পৃথিবী, জল, ওষধি, পুরুষ, বাক্, ঋক্, সাম অপেক্ষায় উদ্গীথই অষ্টম-সংখ্যক)। যাহা উদ্গীথ; ['যৎ' শব্দ ক্লীবলিঙ্গ হইলেও, পুংলিঙ্গ 'উদ্গীথ' শব্দানুরোধে উহা পুংলিঙ্গ (যঃ) করিতে হইবে] ॥ ৩

কতমা কতমর্ক্, কতমৎ কতমৎ সাম, কতমঃ কতম উদ্গীথ ইতি বিমৃষ্টং ভবতি ॥ ৪

[রসরূপতয়া প্রাগুপদিষ্টয়োঃ ঋক্-সাম্নোঃ বিশেষ-জিজ্ঞাসয়া আহ]—কতমেতি। কতমা কতমা ঋক্? কতমৎ কতমৎ সাম? কতমঃ কতমঃ উদ্গীথঃ? ইতি (ইত্থং) বিমৃষ্টং (বিমর্শঃ—বিচারঃ জিজ্ঞাসা) ভবতি। 'কতমা কতমা' ইতি বীপ্সা আদরার্থা।

কোন্ কোন্‌টি ঋক্? কোন্ কোন্‌টি সাম? কোন্ কোন্‌টি উদ্গীথ? এইরূপ বিমর্শ বা জিজ্ঞাসা হইয়া থাকে ॥ ৪

শাঙ্কর-ভাষ্যম্।—বাচ ঋক্ রস ইত্যুক্তম্, কতমা সা ঋক্? কতমৎ তৎ সাম? কতমো বা স উদ্গীথঃ? কতমা কতমেতি বীপ্সাদরার্থা।

নন্থ "বা বহূনাং জাতিপরিপ্রশ্নে ডতমচ্।" ন হ্যত্র ঋগ্‌জাতিবহুত্বং, কথং ডতমচ্ প্রত্যয়ঃ? নৈষ দোষঃ; জাতৌ পরিপ্রশ্নো জাতিপরিপ্রশ্ন ইত্যেতস্মিন্ বিগ্রহে জাতৌ ঋগ্‌ব্যক্তীনাং বহুত্বোপপত্তেঃ; ন তু জাতেঃ পরিপ্রশ্ন ইতি বিগৃহ্যতে।

নন্থ 'জাতেঃ পরিপ্রশ্নঃ' ইত্যস্মিন্ বিগ্রহে 'কতমঃ কঠঃ' ইত্যাদ্যুদাহরণমুপপন্নং জাতৌ পরিপ্রশ্ন ইত্যত্র তু ন যুজ্যতে। তত্রাপি কঠাদিজাতাবেব ব্যক্তি-বহুত্বাভিপ্রায়েণ পরিপ্রশ্ন ইত্যদোষঃ। যদি জাতেঃ পরিপ্রশ্নঃ স্যাৎ, কতমা কতমা ঋগিত্যাদৌ উপসঙ্খ্যানং কর্ত্তব্যং স্যাৎ। বিমৃষ্টং ভবতি বিমর্শঃ কৃতো ভবতি ॥ ৪

আনন্দগিরিঃ।—অথ গুণান্তরবিধানার্থং প্রশ্নমবতারয়ন্ বৃত্তমনুবদতি—বাচ ইতি। ঋচঃ সাম রসঃ, সাম্ন উদ্গীথো রস ইতি চোক্তমিতি দ্রষ্টব্যম্। ইদানীমৃগাদিজাতিং জিজ্ঞাসমানঃ পৃচ্ছতি—কতমেতি। বীপ্সাত্রয়ং প্রশ্নে তত্তজ্জাতিজ্ঞানে শ্রদ্ধাতিরেকং দর্শয়িতুমিত্যাহ—কতমা কতমেতি।

প্রশ্নত্রয়মাক্ষিপতি—নন্বিতি। অনেকজাত্যবচ্ছিন্নানাং মধ্যে যদৈকস্যা জাতেনির্দ্ধারণার্থঃ পরিপ্রশ্নো ভবতি, তদা তস্মিন্ বিষয়ে বিকল্পেন ডতমচ্‌প্রত্যয়ঃ স্যাৎ, যথা বহূনাং কঠাদীনাং মধ্যে কঠজাতিনির্ণয়ার্থঃ কতমে কঠা ইতি প্রশ্নো দৃশ্যতে, তথা অত্রাপীতি সূত্রার্থঃ। বহূনামেকস্যা নির্ধারণে ডতমজ্‌বিধানেঽপি প্রকৃতে প্রশ্নত্রয়ে কা অনুপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—ন হীতি। অত্রেত্যধ্যাপকাধ্যেতৃব্যবহারভূমিরুক্তা। ঋগ্‌জাতিগ্রহণং সামজাতেরুদ্গীথজাতেশ্চোপলক্ষণম্। তদ্‌বহুত্বাভাবেঽপি কিং নশ্ছিদ্যতে? তত্রাহ—কথমিতি। ঋগাদিজাতয়ো যদি ভূয়স্যঃ স্যুস্তদা তাসাং মধ্যে কতমা ঋগ্‌জাতিঃ কতমা সামজাতির্বা, কতমা বোদ্গীথজাতিরত্র বিবক্ষিতেতি প্রশ্নো যুজ্যতে। ন চাস্তি তত্র জাতিবহুত্বং প্রমাণাভাবাৎ, অতোঽনুপপন্নং প্রশ্নত্রয়মিত্যর্থঃ। প্রশ্নানুপপত্তিং দূষয়তি—নৈষ দোষ ইতি। বহূনাং তত্তজ্জাত্যবচ্ছিন্নান

সন্নিধানে জাতৌ সত্যাং ব্যক্তিবহুত্বসম্ভবাৎ তদন্যতমনির্ধারণার্থপরিপ্রশ্নে বিকল্পেন ডতমজিতি সূত্রার্থাঙ্গীকারাৎ ঋগাদিজাতৌ তদ্ব্যক্তিবাহুল্যাৎ কতমা তদ্ব্যক্তির্বাচ ঋগসি ইত্যাদৌ বিবক্ষিতেতি প্রশ্নপর্য্যবসানাদুপপন্নং প্রশ্নত্রয়মিত্যর্থঃ। যত্ত বিগ্রহান্তরং গৃহীত্বা প্রশ্নানুপপত্তিরিত্যুক্তং, তত্রাহ—নম্বিতি। তত্র চানুপপত্তিং যদি জাতেরিত্যত্র ব্যক্তীকরিষ্যতি।

অস্মদিষ্টবিগ্রহাপরিগ্রহে বৃত্তিকারীয়মুদাহরণং বিরুধ্যতে। কঠশব্দস্য ব্যক্তি-বিশেষত্বাভাবাদিতি শঙ্কতে—নম্বিতি। উদাহরণেঽপি সত্যাং কঠজাতৌ তদ্ব্যক্তি-বাহুল্যাৎ তদন্যতমনির্ধারণাভিপ্রায়েণ পরিপ্রশ্নে ডতমজিত্যঙ্গীকারাৎ ন পরোক্তোদা-হরণবিরোধঃ অস্মৎপক্ষেঽস্তীতি পরিহরতি—তত্রাপীতি। নন্বু দ্বিধাপি বিগ্রহোপ-পত্তৌ কিমিতি ত্বদিষ্টো বিগ্রহো নিয়ম্যতে তত্রাহ—যদীতি। ত্বদিষ্টবিগ্রহপরি-গ্রহশ্চেৎ ঋগাদিজাতেরেকত্বাৎ প্রত্যেকং বহুত্বাযোগাদ্বা বহুনামিত্যাদিসূত্রেণ কতমর্ক্তমং সামেত্যুদাহরণং ন সিধ্যেৎ। তথাচ তৎসিদ্ধ্যর্থং পৃথগ্‌বিধানং প্রসজ্যেত। ন হি বৈদিকমুদাহরণং প্রমত্তগীতমিব হাতুং শক্যং। তস্মাদ্ ঋগাদি-ব্যক্তিরেবাত্র প্রষ্টুং যুক্তেত্যর্থঃ॥ ৪

ভাষ্যানুবাদ।—বাক্যই ঋকের রস, ইহা উক্ত হইয়াছে। [এখন জিজ্ঞাসা হইতেছে যে,] কোন্ কোন্‌টি ঋক্? কোন্ কোন্‌টি সাম? কোন্ কোন্‌টি উদ্‌গীথ? 'কতমা কতমা' এই বীপ্সা (পুনরুল্লেখ বা দ্বিরুক্তি) [প্রশ্নে] আদর-প্রদর্শনার্থ।

ভাল, 'বহু জাতিবিষয়ক প্রশ্নে বিকল্পে 'ডতমচ্' প্রত্যয় [হয়]। [এই সূত্রানুসারে 'ডতম' প্রত্যয় হয়, কিন্তু] এখানে ত ঋগ্‌জাতির বহুত্ব নাই, তবে 'ডতমচ্' প্রত্যয় হইল কিরূপে? না—এ দোষ হয় না; কেননা, 'জাতিবিষয়ে পরিপ্রশ্ন'—জাতি-পরিপ্রশ্ন, এইরূপই বিগ্রহ করা হয়, (সমাস-বাক্য প্রদত্ত হয়); কিন্তু 'জাতি সম্বন্ধে পরিপ্রশ্ন' এইরূপ বিগ্রহ করা হয় না, এবং ঐ প্রকার বিগ্রহ করিলেই জাতি-বিষয়ে ঋক্-ব্যক্তিবর্গের অর্থাৎ এক একটি ঋক্ লইয়া তাহাদের বহুত্বও উপপন্ন হইতে পারে।

বেশ কথা, 'জাতি সম্বন্ধে পরিপ্রশ্ন' এইরূপ বিগ্রহ হইলেই [তত্রত্য] 'কতমঃ কঠঃ' ইত্যাদি উদাহরণ উপপন্ন হইতে পারে, কিন্তু 'জাতি-বিষয়ে পরিপ্রশ্ন' এইরূপ বিগ্রহবাক্যে ত তাহা যুক্তিসঙ্গত হইতে পারে না? [না—] সেখানেও কঠাদি জাতি-বিষয়েই ব্যক্তির বহুত্ব উদ্দেশ্য করিয়া প্রশ্ন হইয়াছে; অতএব দোষ হয় নাই। যদি ঋগাদি জাতি সম্বন্ধেই প্রশ্ন হইত, তাহা হইলে "কতমা কতমা ঋক্" ইত্যাদি স্থলে [উক্ত সূত্রের বিষয় না থাকায়, পৃথক্ সূত্রপ্রণয়ন আবশ্যক হইত] *। বিমৃষ্ট অর্থ—বিমর্শ, বিমর্শ (বিবেচনা) করা হইতেছে॥ ৪

* তাৎপর্য্য—ভাষ্যোল্লিখিত "বা বহুনাং" ইত্যাদি সূত্রটির অভিপ্রায় এই যে, বিভিন্ন জাতীয় পদার্থসমূহের যখন কোন একটি জাতির অবধারণার্থ প্রশ্ন করা হয়, তখনই বিকল্পে 'ডতমচ্

বাগেবর্ক্, প্রাণঃ সাম, ওমিত্যেতদক্ষরমুদ্গীথঃ। তদ্বা এতন্মিথুনং যদ্বাক্ চ প্রাণশ্চর্ক্ চ সাম চ॥ ৫

[প্রতিবচনমাহ—বাগেবেতি। বাক্ এব ঋক্ (ঋচঃ কারণম্), প্রাণঃ সাম (গেয়স্য সাম্নঃ প্রাণায়ত্তত্বাৎ), 'ওম্' ইত্যেতৎ অক্ষরম্ (বর্ণমাত্রম্) উদ্গীথঃ (সামভক্তিবিশেষরূপঃ)। তৎ এতৎ বৈ (এতদেব বক্ষ্যমাণং) মিথুনম্ (স্ত্রীপুংসদ্বন্দ্বস্থানীয়ম্)। [কিং তৎ? ইত্যাহ] যৎ বাক্ চ প্রাণঃ চ (বাক্-প্রাণৌ), ঋক্ চ সাম চ (ঋক্-সামনী)।

পূর্ব্বপ্রশ্নের উত্তর বলিতেছেন—বাক্ই ঋক্স্বরূপ, প্রাণই সামস্বরূপ, এবং 'ওম্' এই অক্ষরই উদ্গীথস্বরূপ। ইহাই সেই মিথুন, যাহা বাক্ ও প্রাণ এবং ঋক্ ও সাম॥ ৫

শাঙ্কর-ভাষ্যম্।—বিমর্শে হি কৃতে সতি প্রতিবচনোক্তিরুপপন্না বাগেবর্ক্ প্রাণঃ সামেতি। বাগ্চোরেকত্বেঽপি নাষ্টমত্বব্যাঘাতঃ পূর্ব্বস্মাৎ বাক্যান্তরত্বাদাপ্তিগুণসিদ্ধয়ে ওমিত্যেদক্ষরমুদ্গীথ ইতি। বাক্প্রাণৌ ঋক্সামযোনী, ইতি বাগেবর্ক্, প্রাণঃ সাম ইত্যুচ্যতে; যথাক্রমম্ ঋক্-সামযোন্যোর্বাক্-প্রাণয়োর্গ্রহণে হি সর্ব্বাসাম্ ঋচাং সর্ব্বেষাঞ্চ সাম্নামবরোধঃ কৃতঃ স্যাৎ। সর্ব্বর্ক্সামাবরোধে চ ঋক্সামসাধ্যানাং চ সর্ব্বকর্ম্মণামবরোধঃ কৃতঃ স্যাৎ। তদবরোধে চ সর্ব্বে কামা অবরুদ্ধাঃ স্যুঃ। "ওমিত্যেতদক্ষরমুদ্গীথঃ" ইতি ভক্ত্যাশঙ্কা নিবর্ত্ততে। "তদ্বা" তদিতি মিথুনং নির্দ্দিশ্যতে। কিং তৎ মিথুনম্? ইত্যাহ—যদ্ বাক্ চ প্রাণশ্চ সর্ব্বর্ক্সামকারণভূতৌ মিথুনম্। ঋক্ চ সাম চেতি ঋক্সামকারণৌ ঋক্সামশব্দোক্তৌ ইত্যর্থঃ; নতু স্বতন্ত্রম্ ঋক্ চ সাম চ মিথুনম্। অন্যথা হি বাক্ চ প্রাণশ্চ ইত্যেকং মিথুনম্, ঋক্সাম চাপরং মিথুনমিতি দ্বে মিথুনে স্যাতাম্। তথা চ তদেতৎ মিথুনম্ ইত্যেকবচন-নির্দ্দেশঃ অনুপপন্নঃ স্যাৎ। তস্মাৎ ঋক্সামযোন্যোঃ বাক্প্রাণয়োরেব মিথুনত্বম্॥ ৫

আনন্দগিরিঃ।—কিমিতি যথোক্তরীত্যা বিমৃশ্যতে। বিবক্ষিতমৃগাদিস্বরূপমেবাদাবুপন্যস্ততাং লাঘবাদিত্যাশঙ্ক্যাহ—বিমর্শে হীতি। শিষ্যভূতয়া শ্রুত্যা চোদিতে

প্রত্যয় হয়। যেমন কঠ প্রভৃতি বহুজাতীয় বেদশাখা আছে, তন্মধ্যে কঠজাতি নির্দ্ধারণার্থ প্রশ্ন করা হইয়াছে যে, "কতমে কঠাঃ"? অর্থাৎ কঠজাতীয় কাহারা? অন্যত্রও এইরূপই নিয়ম। এখন আপত্তি হইতেছে যে, কঠাদি শাখার ন্যায় একই ঋগ্বেদের ত আর জাতিগত বহুত্ব নাই; তবে তদ্বিষয়ক প্রশ্নে 'ডতমচ্' প্রত্যয় হয় কিরূপে? ভাষ্যকার তদুত্তরে বলিতেছেন যে, ঋগাদি জাতির বহুত্ব না থাকিলে তজ্জাতীয় ঋক্মন্ত্রের বহুত্ব রহিয়াছে; সুতরাং সেই ব্যক্তিগত বহুত্ব ধরিয়া অর্থাৎ বাক্যের রসস্বরূপ যে ঋক্, সেই ঋক্ ব্যক্তিটি কে? এইরূপ প্রশ্নানুসারে 'ডতমচ্' প্রত্যয়ে কিছুমাত্র বাধা নাই।

সৈবাচার্য্যভূতা পরিহরতি—বাগেবেতি। নম্বাদ্যে প্রতিবচনে বাগৃচোরেকত্বাবগমাৎ ওঁকারস্য রসতমবাক্যোপদিষ্টমষ্টমত্বং ব্যাহন্যেতেত্যাশঙ্ক্যাহ—বাগৃচোরিতি। কথং পুনঃ রসতমবাক্যাদিদং প্রশ্নপ্রতিবচনরূপ-বাক্যং ভিদ্যতে অর্থাধিক্যাভাবাৎ তত্রাহ—আপ্তীতি। পূর্ব্বং হি বাক্যম্ ওঁকারস্য রসতমত্বং বিদধাতি। ইদং তু তস্যৈবাপ্তিগুণং বিধত্তে। তথাচ তাদৃশগুণে বিধ্যর্থত্বেনাস্য বাক্যান্তরত্বাদেতদ্বাক্যবশাৎ অষ্টমত্বাভাবেঽপি পূর্ব্ববাক্যাদোঙ্কারস্য অষ্টমত্বমবিরুদ্ধমিত্যর্থঃ। তথাপি কথমৃগাদিজাতীয়ে পৃষ্টে বাগেবর্গিত্যাদি প্রতিবচনমুচিতং তদ্ব্যক্তিবিশেষবচনমেব প্রশ্নানুসারি, ইত্যাশঙ্ক্যাহ—বাক্‌প্রাণাবিতি। বাক্ ঋচো যোনিঃ তন্নির্ব্বর্ত্তকত্বাৎ। প্রাণশ্চ সাম্নো হেতুঃ, বলেন হি গীতিরুৎপাদ্যতে। তথাচ বাগেবেত্যাদিনা কার্য্যকারণয়োরভেদোপদেশাৎ ঋঙ্মাত্রং সামমাত্রং বা তত্তৎকারণাত্মকং প্রতীয়তে; তেন পূর্ব্বত্রাপি ব্যক্তিরবিবক্ষিতা, প্রশ্নপ্রতিবচনয়োরেকার্থত্বাৎ। ন চৈবমৃগাদিজাতেরেকত্বাৎ ডতমচ প্রত্যয়ানুপপত্তিঃ, তত্তজ্জাত্যবচ্ছিন্নানামৃক্‌-সামোদ্গীথানাং সংনিধৌ ঋগাদিজাতেরেকস্যা নির্দ্ধারণার্থং পরিপ্রশ্নে তৎপ্রয়োগসম্ভবাদৃঋগাদিষু প্রত্যেকং ভেদবিবক্ষয়া ষষ্ঠীসমাসে দূষণমুক্তম্। তত্র প্রত্যেকমেকত্বমুপেত্য উক্তরীত্যা ষষ্ঠীসমাসে তু ন কিঞ্চিদ্দুষ্যতীতি ভাবঃ। ঋগাত্মিকায়া বাচঃ সামাত্মকস্য প্রাণস্য গ্রহণে ফলিতং দর্শয়ন্ উক্তমেব ব্যক্তীকরোতি—যথাক্রমমিতি। ঋক্‌সামমাত্রাবরোধেঽপি সিধ্যতীত্যাশঙ্ক্যাহ—সর্ব্বেতি। তথাপি কিং স্যাদিতি চেৎ, তদাহ—সর্ব্বে কামা ইতি। উক্তপ্রক্রিয়য়া সর্ব্বকামাবাপ্তিহেতুরোঙ্কারো বিবক্ষিতাপ্তিগুণকঃ সিধ্যতীত্যর্থঃ। তৃতীয়ে প্রতিবচনে তাৎপর্য্যমাহ ওমিত্যেতদিতি। অত্রাপি পূর্ব্ববৎ জাতিগৃহীতৌ তদ্ব্যক্তিত্বেন ভক্তিরেবোক্তেতি শঙ্কাং নিরসিতুম্ ওমিত্যেতদক্ষরমিতি বিশেষণম্। তথা চোদ্গীথস্তদবয়বো বিশেষণাৎ প্রকরণাচ্চেত্যর্থঃ। পারম্পর্য্যেণ বাক্‌প্রাণয়োঃ সর্ব্বকামসম্বন্ধাদুদ্গীথস্যাপি তথাভূত-বাগাদিসম্বন্ধাদস্তি সর্ব্বকামসম্বন্ধ ইত্যুক্তম্। ইদানীমোঙ্কারস্য বাক্‌প্রাণদ্বারা সর্ব্বকামসম্বন্ধে হেত্বন্তরমাহ—তদ্বা ইতি। তদেতৎপদয়োরক্ষরবিষয়ত্বং ব্যাবর্ত্ত্য বক্ষ্যমাণবিষয়ত্বং দর্শয়তি—মিথুনমিতি। বৈশব্দো মিথুনপ্রসিদ্ধ্যর্থঃ। বাক্‌চ প্রাণশ্চেতি যদুভয়মুপলভ্যতে, তদেতন্মিথুনমিতি যোজনামঙ্গীকৃত্য বাক্যার্থমাহ—ঋক্‌সামেতি।

বাক্‌প্রাণয়োর্ঋক্‌সামকারণত্বমুত্তরবাক্যেন স্পষ্টয়তি—ঋক্‌চেতি। যথা বাক্‌প্রাণৌ মিথুনম্ এবম্ ঋক্‌সামে চ স্বাতন্ত্র্যেণ মিথুনং নির্দ্দেশসামান্যাদিত্যাশঙ্ক্যাহ—ন ত্বিতি। বিপক্ষে দোষমাহ—অন্যথেতি। ইষ্টমেব মিথুনদ্বয়মিতি চেৎ, ন, ইত্যাহ—তথাচেতি। ননু মিথুনয়োরনুগতং মিথুনত্বমাদায় একবচনমুপপৎস্যতে চেৎ, ন, ইত্যাহ—তস্মাদিতি। উপক্রমভঙ্গান্ন স্বতন্ত্রমিথুনদ্বয়মস্তীত্যর্থঃ॥ ৫

ভাষ্যানুবাদ।—জিজ্ঞাসার অনন্তর, 'বাক্‌ই ঋক্, প্রাণই সাম' এইরূপ প্রত্যুত্তর প্রদান নিশ্চয়ই যুক্তিসঙ্গত হইতেছে। [এখানে] বাক্ ও ঋকের একত্ব হইলেও [পূর্ব্বোক্ত ওঙ্কারের] অষ্টমত্বে ব্যাঘাত হইতেছে না; কারণ, পূর্ব্ব বাক্য হইতে ইহা বাক্যান্তর অর্থাৎ একই ফলসিদ্ধির জন্য দুইটি বাক্য প্রযুক্ত হয়

ভাল, মুখ্য প্রাণের ভুক্ত ও পীত দ্বারা ইহাদের স্থিতি হয়, ইহা জানা যায় কিসে? বলা হইতেছে—অন্ততঃ অর্থাৎ অন্তে—মরণকালে—মুখ্য প্রাণকে অর্থাৎ মুখ্য প্রাণের স্থিতি-সাধন অন্ন ও পান প্রাপ্ত হয় না বলিয়াই ঘ্রাণাদি করণসমূহ উৎক্রমণ করে (দেহ হইতে বহির্গত হয়); কারণ, প্রাণহীন ব্যক্তি ভোজন বা পান করিতে শক্ত হয় না; সেই কারণেই তৎকালে ঘ্রাণাদি করণসমূহের উৎক্রমণ বা দেহত্যাগ প্রসিদ্ধ। আর উৎক্রমণ-সময়ে প্রাণের যে, ভোজনেচ্ছা হয়, তাহা দেখাও যায়; সেই জন্যই [মুমূর্ষু ব্যক্তি] মুখ-ব্যাদান—মুখবিদারণ করিয়া থাকে। অন্নের অলাভে যে, উৎক্রমণ হয়, সেই মুখব্যাদানই তাহার চিহ্ন ॥১৯॥৯

তꣳ হাঙ্গিরা উদ্গীথমুপাসাঞ্চক্রে; এতমু এবাঙ্গিরসং মন্যন্তে অঙ্গানাং যদ্‌রসঃ ॥২০॥১০

অঙ্গিরাঃ হ (কিল) তম্ (প্রাণম্) উদ্গীথং [পূর্ব্ববৎ] উপাসাঞ্চক্রে (উপাসনং কৃতবান্), এতম্ (বক্ষ্যমাণম্) উ (বিতর্কে) এব (নিশ্চয়ে) তমঙ্গিরসং মন্যন্তে [ঋষয়ঃ], যৎ (যঃ) অঙ্গানাং (শরীরাবয়বানাং) রসঃ (সারঃ)। কেচিত্তু (বক্ষ্যমাণঃ বকো দাল্ভ্যঃ) তং (প্রাণম্) অঙ্গিরা ইত্যেবং গুণসম্পন্নম্ উদ্গীথম্ উপাসাঞ্চক্রে ইত্যাহুঃ॥

অঙ্গিরা ঋষি সেই প্রাণকেই উদ্গীথরূপে উপাসনা করিয়াছিলেন। [ঋষিগণ] ইঁহাকেই অঙ্গিরা বলিয়া মনে করিয়া থাকেন, যাহা অঙ্গের শরীরাবয়বসমূহের রস॥

শাঙ্কর-ভাষ্যম্।—তং হাঙ্গিরাঃ—তং মুখ্যং প্রাণং হ অঙ্গিরা ইত্যেবংগুণম্ উদ্গীথম্ উপাসাঞ্চক্রে উপাসনং কৃতবান্, বকো দাল্ভ্য ইতি বক্ষ্যমাণেন সম্বধ্যতে। তথা বৃহস্পতিরিতি, আয়াস্য ইতি চোপাসাঞ্চক্রে বকঃ, ইত্যেবং সম্বন্ধং কৃতবন্তঃ কেচিৎ; এতমু এবাঙ্গিরসং বৃহস্পতিমায়াস্যং প্রাণং মন্যন্তে ইতি বচনাৎ। ভবত্যেবং যথাশ্রুতাসম্ভবে; সম্ভবতি তু যথাশ্রুতম্ ঋষিচোদনায়ামপি শ্রুত্যন্তরবৎ—"তস্মাৎ শতর্চ্চিন ইত্যাচক্ষতে, এতমেব সন্তম্" ঋষিমপি; তথা মাধ্যমা গৃৎসমদো বিশ্বামিত্রো বামদেবোঽত্রিরিত্যাদীন্ ঋষীন্ এব প্রাণমাপাদয়তি শ্রুতিঃ। তথৈতানপি ঋষীন্ প্রাণোপাসকান্ অঙ্গিরোবৃহস্পত্যায়াস্যান্ প্রাণং করোতি অভেদবিজ্ঞানায়; "প্রাণো হ পিতা, প্রাণো মাতা" ইত্যাদিবচ্চ। তস্মাদ্-ঋষিঃ অঙ্গিরা নাম, প্রাণ এব সন্, আত্মানম্ অঙ্গিরসং প্রাণম্ উদ্গীথম্ উপাসাঞ্চক্রে ইত্যেতৎ। যৎ যস্মাৎ সঃ অঙ্গানাং প্রাণঃ সন্ রসঃ তেনাসৌ আঙ্গিরসঃ॥২০॥১০

আনন্দগিরিঃ।—বিশুদ্ধিগুণকমুখ্যপ্রাণাত্মোদ্গাতৃদৃষ্ট্যা উদ্গীথাবয়বভূতম্ ওঙ্কারাখ্যমক্ষরমুপাস্যমিত্যুক্তম্; ইদানীং তত্রৈবাঙ্গিরসবৃহস্পত্যায়াস্য-গুণত্রয়বিধানার্থমুত্তরগ্রন্থমুত্থাপয়তি—তং হেতি। তত্র বৃত্তিকারাভিপ্রেতং সম্বন্ধং দর্শয়তি—তং মুখ্যমিতি। পরাভিপ্রেতসম্বন্ধে গমকমাহ—এতমিতি। অব্যবহিত-সম্বন্ধসম্ভবে ব্যবহিতসম্বন্ধকল্পনা ন যুক্তা, ইতি পরিহরতি—ভবত্যেবমিতি। ঋষীণামঙ্গিরোবৃহস্পত্যাদিশব্দৈরুপদেশেঽপি গুণত্রয়বিশিষ্টপ্রাণোপাসনং ন বিরুধ্যতে; ততশ্চ প্রধানানামবাধে প্রাণোপাসকানামৃষীণামুপদেশো ন ত্যাগমর্হতি; অঙ্গিরোবৃহস্পত্যাদিশব্দেভ্যোঽপি প্রথমপ্রতিপন্নান্ ঋষীন্ বিহায় যৌগিকবৃত্তিপ্রতিপত্তব্যগুণমাত্রপ্রতিপত্ত্যনুপপত্তেরিত্যর্থঃ। প্রাণোপাসকানামৃষীণামভিধানম্ ঐতরেয়কশ্রুত্যা দ্রঢ়য়তি—শ্রুত্যন্তরবদিতি। তদেব স্পষ্টয়তি—তস্মাদিতি। শতর্চ্চিনো নাম প্রথমমণ্ডলদৃশ ঋষয়ঃ। এষ চ প্রাণঃ যস্মাৎ পুরুষং সংঘাতাখ্যং শতবর্ষাণি অভিগতবান্, তস্মাদেতমেব প্রাণং সন্তমৃষিশরীরস্থিতমপি শতর্চ্চিশব্দবাচ্যং বদন্তীতি যোজনা। শতর্চ্চিশব্দবদুভয়বিষয়াণি শব্দান্তরাণ্যপি সন্তীত্যাহ—তথেতি। আদ্যং মণ্ডলমুক্ত্বা মধ্যমানাং মণ্ডলানাং দ্রষ্টারো মাধ্যমা ঋষয়ঃ, তেঽপি প্রাণঃ, তস্য স্বাত্মনি মধ্যে

সর্ব্বজগদ্‌বিধারকত্বাৎ। গৃৎসমদস্তু দ্বিতীয়মণ্ডলদর্শী স্বাপকালে বাগাদীনাং গিরণাৎ, প্রাণোঽপি গৃৎসো রেতোবিসর্গকারণং, মদহেতুত্বাদপানো মদঃ, প্রাণাপানাত্মকত্বাৎ প্রাণোঽপি তথোচ্যতে। তৃতীয়মণ্ডলদর্শী বিশ্বামিত্রঃ, প্রাণোঽপি তথা ব্যপদিশ্যতে। তস্য হি বিশ্বং ভোজ্যজাতং স্থিতিহেতুতয়া স্নিগ্ধমাসীৎ। বামদেবস্তু চতুর্থমণ্ডলদ্রষ্টা, প্রাণোঽপি তচ্ছব্দবাচ্যঃ, তস্য বাগাদিদেবতাসম্ভজনীয়ত্বাৎ। পঞ্চমমণ্ডলদ্রষ্টা অত্রিরিত্যুচ্যতে; প্রাণোঽপি তথৈব কথ্যতে। তস্য পাপ্মনোঽনর্থরূপান্ প্রতি সর্ব্বত্রাতৃত্বাৎ। আদিপদেন ভরদ্বাজাদিপদানি গৃহীতানি। দৃষ্টান্তমেবং ব্যাখ্যায় দার্ষ্টান্তিকমাহ—তথেতি। কিমিত্যঙ্গিরঃপ্রভৃতীন্ প্রাণং করোতি শ্রুতিঃ? অতআহ—অভেদেতি। তথাচ সপ্তমে প্রাণস্য সার্ব্বাত্ম্যং বক্ষ্যতে, তথাত্রাপি তস্য তত্তদৃষিরূপত্বং বিবক্ষিতমিত্যাহ—প্রাণো হেতি। অব্যবহিতসম্বন্ধসম্ভবে ফলিতং বাক্যার্থং কথয়তি—তস্মাদিতি। প্রাণস্যাঙ্গিরস্ত্বং ব্যুৎপাদয়তি—যস্মাদিতি ॥২০॥১০

ভাষ্যানুবাদ।—সেই মুখ্য প্রাণকেই 'অঙ্গিরা' গুণবিশিষ্ট উদ্‌গীথরূপে উপাসনা করিয়াছিলেন; [এই উপাসনা ক্রিয়ার কর্ত্তা হইতেছেন] বক্ষ্যমাণ দাল্‌ভ্য-গোত্রীয় বক নামক ঋষি, তাঁহারই সহিত ইহার সম্বন্ধ। অর্থাৎ দাল্‌ভ্যবংশীয় বক ঋষি এইরূপ উপাসনা করিয়াছিলেন। সেইরূপ, বকঋষিই "বৃহস্পতি ও আয়াস্য" রূপেও উপাসনা করিয়াছিলেন; কেহ কেহ (বৃত্তিকার) এইরূপ বাক্যযোজনা করিয়া থাকেন; কেন না, 'ইহাকেই আঙ্গিরস, বৃহস্পতি, আয়াস্য ও প্রাণ বলিয়া মনে করেন' এইরূপ বচনান্তর রহিয়াছে। [ভাষ্যকার বলিতেছেন] যথাশ্রুত অর্থ অসম্ভব হইলে এরূপ সম্বন্ধ হইতে পারে বটে, কিন্তু এখানে ত যথাশ্রুত অর্থই সম্ভবপর হইতেছে (১২)। 'সেই হেতু, ঋষি হইলেও ইহাকে (প্রাণকে) 'শতর্চিন্' বলিয়া অভিহিত করিয়া থাকেন'। প্রাণোপাসক ঋষিগণের নামোল্লেখপ্রসঙ্গে অন্য শ্রুতির ন্যায়, এখানেও প্রাণোপাসক এই অঙ্গিরা, বৃহস্পতি ও আয়াস, ঋষির অভেদ-জ্ঞানের জন্য প্রাণ-স্বরূপে নির্দ্দেশ করা হইতেছে; যেমন 'প্রাণই পিতা, প্রাণই মাতা', ইত্যাদি স্থলে হইয়াছে, তদ্রূপ। অতএব অঙ্গিরা নামক ঋষি নিজে প্রাণস্বরূপ হইয়াও আপনাকেই অঙ্গিরা প্রাণ ও উদ্‌গীথরূপে উপাসনা করিয়াছিলেন। যেহেতু তাহা সমুদয় অঙ্গের প্রাণভূত হইয়া রসস্বরূপ, অর্থাৎ সারভূত, সেই হেতু ইহা 'আঙ্গিরস' ॥২০॥১০

তেন তꣳ হ বৃহস্পতিরুদ্‌গীথমুপাসাঞ্চক্রে; এতমু এব বৃহস্পতিং মন্যন্তে, বাগ্‌হি বৃহতী, তস্যা এষ পতিঃ ॥২১॥১১

(১২) তাৎপর্য্য—অপর ব্যাখ্যাতা বৃত্তিকার বলিয়াছেন যে, এখানে যে, 'অঙ্গিরা' শব্দ আছে, ইহা উপাসনার কর্ত্তৃপদ নহে; পরন্তু পরবর্ত্তী দাল্‌ভ্য বকনামক ঋষিই ইহার

তেন (হেতুনা) বৃহস্পতিঃ (বাচস্পতিঃ) হ (কিল) তম্ (প্রাণম্) উদ্গীথম্ উপাসাঞ্চক্রে। এতম্ উ (বিতর্কে) এব বৃহস্পতিং মন্যন্তে; [কোঽসৌ? ইত্যাহ—] হি (যস্মাৎ) বাক্ বৃহতী (মহতী), এবঃ তস্যাঃ (বাচঃ) পতিঃ, [তেন বৃহস্পতিরিত্যর্থঃ]।

সেই হেতু বৃহস্পতি সেই প্রাণকে উদ্গীথরূপে উপাসনা করিয়াছিলেন। ইহাকেই বৃহস্পতি বলিয়া মনে করে; যেহেতু বাক্ই বৃহতী, ইনি (প্রাণ) তাহার পতি, [অতএব তিনি বৃহস্পতি-পদবাচ্য]॥

তেন তঁ হায়াস্যমুদ্গীথমুপাসাঞ্চক্রে; এতমু এবায়াস্যং মন্যন্তে, আস্যাদ্‌যদয়তে ॥২২॥১২

তেন (হেতুনা) তম্ (মুখ্যং প্রাণম্) আয়াস্যম্ (তদ্‌গুণবিশিষ্টম্) উদ্গীথম উপাসাঞ্চক্রে [আয়াস্যো নাম ঋষিঃ]। এতম্ (বক্ষ্যমাণম্) উ (বিতর্কে) এব আয়াস্যং মন্যন্তে [ঋষয়ঃ], [কোঽসৌ?] যৎ যঃ আস্যাৎ (মুখবিবরাৎ) অয়তে (নির্গচ্ছতি; তমিত্যর্থঃ)।

সেইহেতু তাহাকে (প্রাণকে) আয়াস্য উদ্গীথরূপে উপাসনা করিয়াছিলেন। ইহাকেই আয়াস্য বলিয়া মনে করেন, যাহা আস্য হইতে (মুখ হইতে) নির্গত হয়॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা বাচো বৃহত্যাঃ পতিস্তেনাসৌ বৃহস্পতিঃ॥ তথা যদ্ যস্মাদাস্যাদ্ অয়তে নির্গচ্ছতি, তেনায়াস্যঃ ঋষিঃ প্রাণ এব সন্নিত্যর্থঃ।

কর্তা; অঙ্গিরা শব্দটি উদ্গীথের গুণবিষয়ক মাত্র। ভাষ্যকার বলিতেছেন যে, না—ঐরূপ সম্বন্ধ হইতে পারে না; কারণ, সন্নিহিতের সহিত সম্বন্ধ সম্ভব হইলে ব্যবহিতের সহিত সম্বন্ধ কল্পনা করা ন্যায্য হয় না। বিশেষতঃ এখানে আঙ্গিরস, বার্হস্পত্য ও আয়াস্যত্ব, এই ত্রিবিধ গুণ-যোগে প্রাণোপাসনা অভিপ্রেত; 'অঙ্গিরা' প্রভৃতি শব্দে প্রকৃত ঋষিগণের উল্লেখ স্বীকার করিলেও উক্ত গুণত্রয়বিশিষ্ট প্রাণোপাসনার ব্যাঘাত হইতেছে না; সুতরাং প্রধান উদ্দেশ্যের যখন কিছুমাত্র বাধা নাই, এবং প্রথম প্রীতির বিষয় প্রসিদ্ধ অঙ্গিরা প্রভৃতি ঋষি নাম পরিত্যাগ করিয়া অপ্রসিদ্ধ যৌগিকার্থ গ্রহণ করাও যখন যুক্তিযুক্ত হয় না, তখন অঙ্গিরা ও বৃহস্পতি প্রভৃতি শব্দগুলি প্রসিদ্ধ ঋষিনামই বটে; ঐ সকল ঋষিরা আপনাকে তত্তদ্‌গুণ-বিশিষ্ট প্রাণরূপে উপাসনা করিয়াছেন।

ঐতরেয় উপনিষদেও এইরূপেই ঋষিগণের নাম অভিহিত হইয়াছে; এখানে 'শ্রুত্যন্তরবৎ' কথায় তাহাই জ্ঞাপিত হইয়াছে। "তস্মাৎ" ইত্যাদি—প্রথম মণ্ডলদর্শী ঋষিগণের নাম 'শতর্চিন্'। যেহেতু এই প্রাণও শতবর্ষকাল পুরুষদেহকে আশ্রয় করিয়া থাকে, সেই হেতু এই প্রাণও ঋষি-শরীরস্থিত বলিয়া 'শতর্চিন্' নামে অভিহিত হইয়া থাকে। অঙ্গিরা প্রভৃতি ঋষির প্রাণরূপে নির্দ্দেশে শ্রুতির অভিপ্রায় এই যে, যাঁহারা উল্লিখিত গুণবিশিষ্টরূপে প্রাণের উপাসনা করেন, তাঁহারা প্রাণের সহিত অভিন্নভাব লাভ করেন, তাঁহাদের পৃথক্ ভাব বিলুপ্ত হইয়া যায়।

তথা অন্যোঽপ্যুপাসক আত্মানমেবাঙ্গিরসাদিগুণং প্রাণমুদ্গীথমুপাসীতে-ত্যর্থঃ ॥২১—২২॥১১—১২

আনন্দগিরিঃ।—অঙ্গিরঃশব্দবৎ বৃহস্পতিশব্দোঽপ্যুভয়ত্র নেতব্যঃ, ইত্যাহ—তথেতি। প্রাণস্য বৃহস্পতিত্বং সাধয়তি—বাচ ইতি। অঙ্গিরোবৃহস্পতিশব্দবদায়াস্য-শব্দোঽপ্যুভয়ত্র দ্রষ্টব্যঃ, ইত্যাহ—তথেতি। তস্যোভয়ত্র বৃত্তিং বিশদয়তি—যদ্যস্মাদিতি যস্মাদাস্যাদ্ অয়তে, তেন আয়াস্যঃ প্রাণঃ, স এবাত্রোপাসকত্বাদৃষিরপি, তথেতি যোজনা। যথোক্তানামৃষীণামেবোক্তগুণকমুপাসনং, নান্যেষাং বিশেষবচনাদ্ ইত্যাশঙ্ক্যাহ—তথেতি। বিশেষস্য ন শেষনিবর্ত্তকত্বং প্রদর্শনার্থত্বাদিত্যর্থঃ॥ ২১—২২॥১১—১২

ভাষ্যানুবাদ।—সেইরূপ, বৃহৎ (মহৎ) বাক্যের পতি, সেই কারণে এই প্রাণ ও বৃহস্পতি। সেইরূপ, যেহেতু আস্য—মুখ হইতে বহির্গত হয়, সেই হেতু আয়াস্য—প্রাণস্বরূপ হইলেও ঋষি। এইরূপ অন্যান্য উপাসকও আপনাকেই আঙ্গিরসাদি গুণবিশিষ্ট প্রাণস্বরূপে উদ্গীথোপাসনা করিয়াছিলেন ॥২১—২২॥১১—১২

তেন তঁ হ বকো দাল্ভ্যো বিদাঞ্চকার। স হ নৈমিষীয়ানামুদ্গাতা বভূব; স হ স্মৈভ্যঃ কামানাগায়তি ॥২৩॥১৩

দাল্ভ্যঃ (দল্ভস্য অপত্যং) বকো (নাম ঋষিঃ) হ তং (প্রাণং) তেন (যথোক্তগুণযোগেন) বিদাঞ্চকার (বিদিতবান্)। সঃ (বকঃ) হ (ঐতিহ্যে) নৈমিষীয়ানাম্ (নৈমিষারণ্যবাসিনাম্ ঋষীণাম্) উদ্গাতা (উদ্গীথগাতা) বভূব। সঃ হ (স এব) এভ্যঃ (নৈমিষীয়েভ্যঃ) কামান্ (অভিলষিতার্থান্) আগায়তিস্ম গীতবান্॥

দল্ভের পুত্র বকনামক ঋষি সেই প্রাণকে উক্ত গুণবিশিষ্টরূপে অবগত হইয়াছিলেন। [সেইজন্য] তিনি নৈমিষারণ্যবাসী ঋষিগণের উদ্গাতা হইয়াছিলেন; তিনিই তাঁহাদের অভিলাষ পূরণার্থ উদ্গীথ গান করিয়াছিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—ন কেবলমঙ্গিরঃপ্রভৃতয় উপাসাঞ্চক্রিরে; তং হ বকো নাম দল্ভস্যাপত্যং দাল্ভ্যো বিদাঞ্চকার—যথাদর্শিতং প্রাণং বিজ্ঞাতবান্। বিদিত্বা চ স হ নৈমিষীয়াণাং সত্রিণামুদ্গাতা বভূব। স চ প্রাণবিজ্ঞানসামর্থ্যাদেভ্যো নৈমিষীয়েভ্যঃ কামানাগায়তি স্ম হ আগীতবান্ কিলেত্যর্থঃ ॥২৩॥১৩

আনন্দগিরিঃ।—যথোক্তোপাসনস্য ত্রিষু নিয়মাভাবে গমকং দর্শয়তি—ন কেবল-

মিতি। সংপ্রতি বিহিতোপাসনস্য দৃষ্টফলমাদেষ্টুং পাতনিকাং করোতি—বিদিত্বেতি ॥২৩॥১৩

ভাষ্যানুবাদ।—কেবল যে অঙ্গিরা প্রভৃতি ঋষিগণই উপাসনা করিয়াছিলেন, তাহা নহে; বকনামক দল্‌ভপুত্র—দাল্‌ভ্য ঋষিও উক্ত গুণানুসারে সেই প্রাণকে বিশেষরূপে বিদিত হইয়াছিলেন, এবং বিদিত হইয়া নৈমিষারণ্যবাসী যাজ্ঞিকদিগের উদ্‌গাতা—সামগানকর্ত্তা হইয়াছিলেন। তিনি সেই প্রাণবিজ্ঞানবলেই এই নৈমিষীয়গণের কাম অর্থাৎ ইচ্ছানুসারে উদ্‌গীথ গান করিয়াছিলেন ॥২৩॥১৩

আগাতা হ বৈ কামানাং ভবতি, য এতদেবং বিদ্বান-ক্ষরমুদ্‌গীথমুপাস্তে; ইত্যধ্যাত্মম্ ॥২৪॥১৪

ইতি প্রথমাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥২॥

যঃ (জনঃ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্) এতৎ (এতং প্রাণম্) উদ্‌গীথম্ অক্ষরম্ (প্রাণরূপেণ উদ্‌গীথাক্ষরম্) উপাস্তে (ধ্যায়তি), [সঃ] বৈ কামানাং আগাতা ভবতি হ (এব) ইতি (এতাবৎ) অধ্যাত্মং (আত্মবিষয়ক-মুদ্‌গীথোপাসনমিত্যর্থঃ)॥

যে লোক এইরূপে প্রাণতত্ত্ব অবগত হইয়া এই উদ্‌গীথ অক্ষরের উপাসনা করেন, তিনি সমস্ত কামের সম্যক্ গানকর্ত্তা হন। এই পর্য্যন্ত অধ্যাত্ম [উপাসনা উক্ত হইল]।

শাঙ্কর-ভাষ্যম্।—তথা অন্যোঽপ্যুদ্‌গাতা আগাতা হ বৈ কামানাং ভবতি, য এবং বিদ্বান্ যথোক্তগুণং প্রাণমক্ষরমুদ্‌গীথমুপাস্তে, তস্যৈতদ্দৃষ্টং ফলমুক্তম্। প্রাণাত্ম-ভাবস্ত্বদৃষ্টম্, "দেবো ভূত্বা দেবানপ্যেতি" শ্রুত্যন্তরাৎ সিদ্ধমেবেত্যভিপ্রায়ঃ ইতি। ইত্যধ্যাত্মম্—এতদাত্মবিষয়ম্ উদ্‌গীথোপাসনম্ ইত্যুক্তোপসংহারঃ অধিদৈব-তোদ্‌গীথোপাসনে বক্ষ্যমাণে বুদ্ধিসমাধানার্থঃ ॥২৪॥১৪

ইতি প্রথমাধ্যায়ে দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥২॥

আনন্দগিরিঃ।—ভূমিকাং কৃত্বা বিবক্ষিতমুপাস্তিফলং কথয়তি—তথেতি। দৃষ্টমিতি বিশেষণাদ্ অভীষ্টং ফলান্তরমাচষ্টে—প্রাণেতি। আত্মবিষয়ং শরীরবর্ত্তি-প্রাণগোচরমিতি যাবৎ। উপসংহারস্য প্রয়োজনমাহ—অধিদৈবেতি ॥২৪॥১৪

ইতি প্রথমাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥২॥

ভাষ্যানুবাদ।—সেইরূপ অন্য উদ্গাতাও অভীষ্ট বিষয়ে উদ্গাতা হইয়া থাকে; যিনি এইরূপ অবগত হইয়া যথোক্তগুণসম্পন্ন প্রাণকে উদ্গীথাক্ষররূপে উপাসনা করেন; এই উদ্গাতৃত্ব তাহার দৃষ্ট বা লৌকিক ফল মাত্র; কিন্তু প্রাণাত্মভাবপ্রাপ্তিই তাহার অদৃষ্ট বা অলৌকিক ফল। অভিপ্রায় এই যে, [উপাসক] দেবতাস্বরূপ হইয়া দেবতাকে প্রাপ্ত হন। এই অপর শ্রুতি হইতেই ঐরূপ সিদ্ধান্ত সিদ্ধ হইতেছে। ইহা অধ্যাত্ম, অর্থাৎ আত্মবিষয়ক উদ্গীথোপাসনা; (১৩) [পরবর্ত্তী খণ্ডে] বক্ষ্যমাণ অধিদৈবত উদ্গীথোপাসনার মনোযোগ সম্পাদনার্থ এইরূপ উপসংহার করা হইল ॥২৪॥১৪

প্রথমাধ্যায়ে দ্বিতীয়খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥

---

(১৩) তাৎপর্য্য—একই উদ্গীথাক্ষর প্রণবের বিভিন্নরূপে ও বিভিন্নগুণে উপাসনা বিধানার্থ এখানে উপক্রম করা হইয়াছে। তন্মধ্যে, প্রথম খণ্ডে ওঙ্কারের মহিমা কীর্ত্তিত হইয়াছে; দ্বিতীয় খণ্ডে দেহাশ্রিত প্রাণস্বরূপে তাহার উপাসনা বিহিত হইবে। প্রাণ স্বভাবতঃই আত্মায়—দেহে আশ্রিত; এই কারণে প্রাণরূপে উদ্গীথোপাসনাকে 'অধ্যাত্ম'-সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে। ইহার পরবর্ত্তী তৃতীয় খণ্ডে বিভিন্নগুণ-সম্পন্ন দেবতারূপে উদ্গীথোপাসনা বিহিত হইবে; সুতরাং তত্রত্য উদ্গীথোপাসনা 'অধিদৈবত' সংজ্ঞায় অভিহিত হইবে।

তৃতীয়ঃ খণ্ডঃ।

অথাধিদৈবতম্—য এবাসৌ তপতি, তমুদ্গীথমুপাসীত ; উদ্যন্ বা এষ প্রজাভ্য উদ্গায়তি। উদ্যꣳস্তমোভয়মপহন্ত্য-পহন্তা হ বৈ ভয়স্য তমসো ভবতি, য এবং বেদ ॥২৫॥১

অথ (অনন্তরং) অধিদৈবতং (দেবতাধিকৃতম্ উদ্গীথোপাসনম্) [উচ্যতে ইতি শেষঃ]। যঃ এব অসৌ (দৃশ্যমানঃ সূর্য্যঃ) তপতি, তম্ (উদ্যন্তং সূর্য্যং) উদ্গীথম্ (উদ্গীথরূপেণ) উপাসীত ; এষঃ (সূর্য্যঃ) উদ্যন্ (উদ্গচ্ছন্) বৈ (এব) প্রজাভ্যঃ (জীবেভ্যঃ জনহিতার্থম্) উদ্গায়তি (লোকমঙ্গলত্বাৎ উদ্গায়তীব ইত্যর্থঃ) ; উদ্যন্ (উদ্গচ্ছন্ সন্ সূর্য্যঃ) তমঃ (নৈশম্ অন্ধকারম্) অপহন্তি ; যঃ (জনঃ) এবং (যথোক্তগুণং) বেদ (জানাতি), [সঃ] বৈ (এব) ভয়স্য (জন্মমরণাদিরূপস্য) তমসঃ (অজ্ঞানস্য চ) অপহন্তা (বিনাশকঃ) ভবতি।

অনন্তর অধিদৈবত [উদ্গীথোপাসনা কথিত হইতেছে]—এই যিনি তাপ দিতেছেন, তাঁহাকে উদ্গীথ বলিয়া উপাসনা করিবে ; ইনি (সূর্য্য) উদয়কালে যেন প্রজাগণের জন্য উদ্গীথগানই করিয়া থাকেন। [সূর্য্য] উদয়-সমকালেই নৈশ অন্ধকার ও তজ্জনিত ভয় বিনষ্ট করেন ; যে লোক উক্তপ্রকার জ্ঞানলাভ করেন, তিনিও জন্ম-মরণাদি ভয় ও অজ্ঞানান্ধকার বিনষ্ট করেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথানন্তরম্ অধিদৈবতং দেবতাবিষয়ম্ উদ্গীথোপাসনং প্রস্তুতমিত্যর্থঃ অনেকধা উপাস্যত্বাদুদ্গীথস্য। য এবাসৌ আদিত্যস্তপতি তমুদ্গীথ-মুপাসীত আদিত্যদৃষ্ট্যোদ্গীথম্ উপাসীতেত্যর্থঃ। তমুদ্গীথম্ ইত্যুদ্গীথশব্দোঽক্ষর-বাচী সন্ কথমাদিত্যে বর্ত্ততে ? ইতি। উচ্যতে—উদ্যন্ উদ্গচ্ছন্ বৈ এষ প্রজাভ্যঃ প্রজার্থমুদ্গায়তি প্রজানামন্নোৎপত্ত্যর্থম্ ; ন হ্যনুদ্যতি তস্মিন্ ব্রীহ্যাদেঃ পক্তিঃ স্যাৎ অত উদ্গায়তীব উদ্গায়তি, যথৈবোদ্গাতা অন্নার্থম্। অত উদ্গীথঃ সবিতেত্যর্থঃ। কিঞ্চ, উদ্যন্ নৈশং তমস্তজ্জঞ্চ ভয়ং প্রাণিনামপহন্তি। তমেবং—গুণং সবিতারং যে বেদ, সঃ অপহন্তা নাশয়িতা হ বৈ ভয়স্য জন্মমরণাদিলক্ষণস্য আত্মনস্তমসশ্চ তৎকারণস্য অজ্ঞানলক্ষণস্য ভবতি ॥২৫॥১

আনন্দগিরিঃ।—অনন্তরমাধ্যাত্মিক-প্রাণদৃষ্ট্যোদ্গীথোপাসনবচনাদিতি শেষঃ। কিমিতি দেবতাবিষয়মুদ্গীথোপাসনং প্রস্তূয়তে, তত্রাহ—অনেকধেতি। প্রাণরূপেণ আদিত্যাদিরূপেণ চ উদ্গীথস্যোপাস্যত্বাদ্দেবতাবিষয়-তদুপাস্তিপ্রস্তাবো যুক্ত এবেত্যর্থঃ। আদিত্যাদিমতয়শ্চেত্যাদিন্যায়েন বাক্যার্থং কথয়তি—আদিত্যদৃষ্ট্যেতি। তমাদিত্যমুদ্গীথমুপাসীত ইত্যাদিত্যশব্দস্যোদ্গীথশব্দস্য চ সামানাধিকরণ্যমযুক্তম্ উদ্গীথশব্দস্য প্রকরণাদক্ষরবাচিত্বাৎ আদিত্যশব্দস্য চ জ্যোতির্বিষয়ত্বাদ্ভিন্নার্থয়োশ্চ শব্দয়োঃ সামানাধিকরণ্যাযোগাদিতি শঙ্কতে—তমুদ্গীথমিতীতি। আদিত্যে যদ্যপি নোদ্গীথশব্দো রূঢ্যা বর্ত্তিতুমর্হতি, তথাপি গৌণ্যা চ তত্র তত্র বৃত্তেঃ সামানাধিকরণ্য-সিদ্ধিঃ ইত্যুত্তরমাহ—উদ্যত ইতি। প্রজার্থমুদ্গায়তীত্যেতদেব স্পষ্টয়তি—প্রজানা-মিতি। অন্নোৎপত্ত্যর্থমুদ্গায়তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। তদেব ব্যতিরেকদ্বারা সাধয়তি—ন হীতি। আদিত্যস্যান্নার্থমাগানম্ অতঃ শব্দার্থঃ। ন তস্যোদ্গাতুরিব প্রত্যক্ষমুদ্গানমুপলব্ধমিত্যাশঙ্ক্যাহ—উদ্গায়তীবেতি। উপমামেব উপপাদয়তি—যথেতি। অথ আত্মনেঽন্নাদ্যমাগায়েদিতি শ্রুত্যন্তরে যথান্নার্থমুদ্গাতা আগায়তীত্যব-গতং, তথা আদিত্যোঽপি প্রজানামন্নার্থমাগায়তীত্যর্থঃ। উদ্গীথশব্দস্যাদিত্যে সম্ভবং পরামৃশ্য ফলিতমাহ—অতইতি। আদিত্যদৃষ্ট্যোদ্গীথোপাসনমুপপাদ্য ফলোক্তিং ব্যাচষ্টে কিঞ্চেত্যাদিনা। এবংগুণং তমস্তজ্জভয়নিবর্ত্তকত্বগুণসহিতমিতি যাবৎ ॥২৫॥১

ভাষ্যানুবাদ।—উদ্গীথোপাসনা বহুপ্রকার, এইজন্য অতঃপর অধিদৈবত অর্থাৎ দেবতাবিষয়ক উদ্গীথোপাসনা বর্ণিত হইতেছে। এই যে সূর্য্যদেব তাপ দিতেছেন, তাঁহাকে উদ্গীথরূপে উপাসনা করিবে, অর্থাৎ আদিত্যজ্ঞানে উদ্গীথের উপাসনা করিবে। ভাল, "তম্ উদ্গীথম্" এই উদ্গীথ শব্দটিত অক্ষরবাচক, তবে তাহা আদিত্যবোধক হয় কিরূপে? বলা হইতেছে—উদ্যন্ অর্থাৎ উদীয়মান এই আদিত্য প্রজাগণের জন্য অর্থাৎ প্রজাগণের অন্নোৎপত্তির উদ্দেশ্যে উদ্গান্ (উদ্গীথ-গান) করেন। সূর্য্য উদিত না হইলে ধান্যাদি শস্য পক্ব হয় না, এই কারণে উদ্গাতা যেমন অন্নসংস্থানার্থ উদ্গীথ গান করিয়া থাকেন, ঠিক তেমনি সূর্য্য যে, উদয় লাভ করেন, তাহা যেন তিনি উদ্গীথই গান করেন; এই জন্যই সবিতা 'উদ্গীথ' [বলিয়া উক্ত হইয়াছেন]। অপিচ, উদয়-সমকালেই সূর্য্যদেব নৈশ অন্ধকার ও তজ্জনিত ভয় বিনষ্ট করিয়া থাকেন; এবম্ভূতগুণসম্পন্ন সবিতাকে যিনি জানেন, তিনিও জন্ম-মরণাদিরূপ সংসার-ভয় এবং তৎকারণীভূত স্বীয় অজ্ঞানান্ধকার, উভয়ই বিনষ্ট করেন ॥২৫॥১

শাঙ্কর-ভাষ্যম্।—যদ্যপি স্থানভেদাৎ প্রাণাদিত্যৌ ভিন্নাবিব লক্ষ্যেতে, তথাপি ন স তত্ত্বভেদস্তয়োঃ। কথং?—

সমান উ এবায়ঞ্চাসৌ চ, উষ্ণোঽয়মুষ্ণোঽসৌ, স্বর ইতীম-

মাচক্ষতে স্বর ইতি প্রত্যাস্বর ইত্যমুং, তস্মাদ্বা এতমিমমমুঞ্চোদ্গীথমুপাসীত ॥২৬॥২

অয়ং (প্রাণঃ) চ অসৌ (আদিত্যঃ) চ সমানঃ (গুণেন তুল্যঃ) উ (এব) [তথাহি]—অয়ং (প্রাণঃ) চ উষ্ণঃ, অসৌ (সূর্য্যঃ) চ উষ্ণঃ, ইমং (প্রাণং) স্বর ইতি আচক্ষতে [ঋষয়ঃ], অমুং (সূর্য্যং) চ 'স্বরঃ' (অস্তমিতঃ) ইতি 'প্রত্যাস্বরঃ' (প্রত্যাগতঃ) ইতি চ (আচক্ষতে), তস্মাৎ (হেতোঃ) বৈ (এব) এতম্ (প্রক্রান্তম্) ইমম্ (প্রাণম্) অমুং (সূর্য্যম্) চ উদ্গীথম্ (উদ্গীথরূপেণ) উপাসীত ॥

এই প্রাণ নিশ্চয়ই [সূর্য্যের] তুল্য; [দেখ] এই প্রাণও উষ্ণ, সূর্য্যও উষ্ণ, প্রাণকে 'স্বর' (মৃত্যুসময়ে বহির্গামী) বলে সূর্য্যকেও 'স্বর' (অস্তমিত) এবং 'প্রত্যাস্বর' প্রত্যাগমনশীল বলিয়া থাকে। অতএব এই প্রাণ এবং ঐ সূর্য্যকে উদ্গীথরূপে উপাসনা করিবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—সমান উ এব তুল্য এব প্রাণঃ সবিত্রা গুণতঃ সবিতা চ প্রাণেন। যস্মাৎ উষ্ণোঽয়ং প্রাণঃ, উষ্ণশ্চাসৌ সবিতা। কিঞ্চ, স্বর ইতীমং প্রাণমাচক্ষতে কথয়ন্তি। তথা স্বর ইতি প্রত্যাস্বর ইতি চামুং সবিতারম্। যস্মাৎ প্রাণঃ স্বরত্যেব ন পুনর্মৃতঃ প্রত্যাগচ্ছতি, সবিতা তু অস্তমিত্বা পুনরপি অহন্যহনি প্রত্যাগচ্ছতি। অতঃ প্রত্যাস্বরঃ; অস্মাদ্ গুণতো নামতশ্চ সমানৌ ইতরেতরং প্রাণাদিত্যৌ। অতঃ সতত্ত্বাভেদাদেতং প্রাণমিমমমুঞ্চ আদিত্যম্ উদ্গীথমুপাসীত ॥২৬॥২

আনন্দগিরিঃ।—নন্বধ্যাত্মমধিদৈবতমিতি স্থানভেদাৎ প্রাণাদিত্যয়োর্ভিন্নত্বাভিন্নমেব তয়োরুপাসনম্ উপাদেয়ম্, অত্র আহ—যদ্যপীতি। প্রাণাদিত্যয়োঃ স্বরূপভেদাভাবং প্রশ্নপূর্ব্বকং প্রতিপাদয়তি—কথমিত্যাদিনা। উশব্দোঽপ্যর্থতঃ স্থানভেদতো ভেদমনুজানাতি। গুণতঃ সাম্যং সাধয়তি যস্মাদিতি। নামতঃ সাম্যং সংগিরতে—কিঞ্চেতি। সবিতৃবৎ প্রাণেঽপি প্রত্যাস্বরশব্দপ্রবৃত্তিমাশঙ্ক্যাহ—যস্মাদিতি। স্বরত্যেব গচ্ছত্যেবেতি যাবৎ। তস্মিন্নেব স্থূলদেহে ন প্রত্যাগচ্ছতি তস্মাৎ প্রাণে স্বরশব্দপ্রবৃত্তিরেবেত্যর্থঃ। সবিতর্য্যপি তর্হি তচ্ছব্দপ্রবৃত্তিরেবেত্যাশঙ্ক্যাহ—সবিতা ত্বিতি। আদিত্যস্যাস্তংগতস্য প্রত্যহমেকত্রৈব আগতিদর্শনাৎ তস্মিন্ প্রত্যাস্বরশব্দস্যাপি প্রবৃত্তিরস্তীত্যর্থঃ। অতঃ প্রাণাদিত্যয়োরুক্তং সাম্যং নিগময়তি—অস্মাদিতি। অন্যোন্যসাম্যকৃতং ফলমাহ—অত ইতি। প্রাণাদিত্যাবেকীকৃত্য তদ্দৃষ্ট্যোদ্গীথাবয়বভূতম্ ওঙ্কারাখ্যমক্ষরম্ উপাস্যমিত্যর্থঃ ॥২৬॥২

ভাষ্যানুবাদ।—যদিও আশ্রয়স্থানের প্রভেদ থাকায় প্রাণ ও আদিত্য বিভিন্ন বলিয়াই প্রতীত হয় সত্য; তথাপি, প্রকৃত পক্ষে তাহাদের

সেই ভেদ বাস্তবিক নহে। কি প্রকারে? [যেহেতু তাহারা] উভয়ে সমান অর্থাৎ গুণানুসারে প্রাণও সবিতার সমান, এবং সবিতাও প্রাণের সমান। যেহেতু এই প্রাণও উষ্ণ, এবং এই সবিতাও উষ্ণ। আরও, [ঋষিগণ] এই প্রাণকে 'স্বর' বলিয়া নির্দ্দেশ করেন, সেইরূপ এই সূর্য্যকেও 'স্বর' ও 'প্রত্যাস্বর' বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। যেহেতু প্রাণ কেবল নির্গতই হয়, অর্থাৎ দেহ হইতে বহির্গতই হয়, মৃত্যুর পর আর প্রত্যাগত হয় না; সবিতা কিন্তু অস্তমিত হইয়াও দিবসে পুনর্ব্বার প্রত্যাগত হইয়া থাকেন; এই কারণে [সূর্য্যদেব] 'প্রত্যাস্বর'। অতএব গুণ ও নামানুসারেও প্রাণ ও আদিত্য পরস্পর পরস্পরের সমান। অতএব, প্রকৃত পক্ষে ভেদ না থাকায় এই সন্নিহিত প্রাণ এবং ব্যবহিত আদিত্য, এই উভয়কে উদ্গীথ বলিয়া উপাসনা করিবে ॥২৬॥২

অথ খলু ব্যানমেবোদ্গীথমুপাসীত; যদ্বৈ প্রাণিতি স প্রাণো যদপানিতি সোঽপানঃ। অথ যঃ প্রাণাপানয়োঃ সন্ধিঃ স ব্যানঃ, যো ব্যানঃ সা বাক্। তস্মাদপ্রাণন্ননপানন্ বাচমভিব্যাহরতি ॥২৭॥৩

অথ (প্রকারান্তরসূচকং) ব্যানং [বক্ষ্যমাণং] এব উদ্গীথম্ উপাসীত [লোকঃ]। যৎ (যঃ) প্রাণিতি (প্রাণব্যাপারং করোতি) সঃ প্রাণঃ, যৎ (যঃ) অপানিতি (অধোব্যাপারং করোতি) সঃ (বায়ুবিশেষঃ) অপানঃ। অথ (প্রকারান্তরে) যঃ প্রাণাপানয়োঃ (উক্তলক্ষণ-ব্যাপারয়োঃ) সন্ধিঃ (সম্মিলনং), সঃ (বায়ুবৃত্তিবিশেষঃ) ব্যানঃ। যঃ ব্যানঃ, সা বাক্। তস্মাৎ (ব্যানস্য বাগ্রূপত্বাৎ হেতোঃ) অপ্রাণন্, অনপানন্ (প্রাণাপানয়োর্ব্যাপারমকুর্ব্বন্ সন্) বাচম্ (শব্দম্) অভিব্যাহরতি (উচ্চারয়তি) [লোক ইতি শেষঃ]।

প্রকারান্তরে উদ্গীথোপাসনা কথিত হইতেছে—ব্যানকেই উদ্গীথ বলিয়া উপাসনা করিবে। লোকে যে প্রাণন অর্থাৎ শ্বাস ত্যাগ করে, তাহাই প্রাণ, আর যে অপানন অর্থাৎ বায়ুকে অভ্যন্তরে আকর্ষণ বা অধোগামী করে, তাহা অপান; আর যে প্রাণ ও অপান বায়ুর সন্ধি বা সম্মিলন, তাহা ব্যান; যাহা ব্যান, তাহাই বাক্ (শব্দ)। সেই কারণেই লোকে প্রাণ ও অপান বায়ুর কার্য্য স্থগিত রাখিয়া শব্দোচ্চারণ করিয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ খল্বিতি। প্রকারান্তরেণোপাসনমুদ্গীথস্যোচ্যতে—

ব্যানমেব বক্ষ্যমাণলক্ষণং প্রাণস্যৈব বৃত্তিবিশেষমুদ্গীথমুপাসীত। অধুনা তৎসতত্ত্বং নিরূপ্যতে—যদ্বৈ পুরুষঃ প্রাণিতি মুখনাসিকাভ্যাং বায়ুং বহির্নিঃসারয়তি, স প্রাণাখ্যো বায়োর্বৃত্তিবিশেষঃ; যদপানিতি অপশ্বসিতি তাভ্যামেব অন্তরাকর্ষতি বায়ুং, সোঽপানোঽপানাখ্যা বৃত্তিঃ। ততঃ কিম্ ইতি? উচ্যতে—অথ য উক্তলক্ষণয়োঃ প্রাণাপানয়োঃ সন্ধিস্তয়োরন্তরা বৃত্তিবিশেষঃ, স ব্যানঃ, যঃ সাঙ্খ্যাদিশাস্ত্রপ্রসিদ্ধঃ শ্রুত্যা বিশেষনিরূপণান্নাসৌ ব্যান ইত্যভিপ্রায়ঃ।

কস্মাৎ পুনঃ প্রাণাপানৌ হিত্বা মহতায়াসেন ব্যানস্যৈবোপাসনমুচ্যতে? বীর্য্যবৎকর্ম্মহেতুত্বাৎ। কথং বীর্য্যবৎকর্ম্মহেতুত্বম্ ইত্যাহ—যো ব্যানঃ সা বাক্; ব্যানকার্য্যত্বাদ্বাচঃ। যস্মাদ্ ব্যাননির্ব্বর্ত্ত্যা বাক্ তস্মাদপ্রাণন্ অনপানন্ প্রাণাপানব্যাপারাবকুর্ব্বন্ বাচমভিব্যাহরত্যুচ্চারয়তি লোকঃ ॥২৭॥৩

আনন্দগিরিঃ।—অথাধ্যাত্মিকমাধিদৈবিকং চোদ্গীথোপাসনং প্রস্তুত্য তদেব সমস্যৈকীকৃত্যোক্তং, তথা চ বক্তব্যাভাবাৎ কিমুত্তরেণ গ্রন্থেন, ইত্যাশঙ্ক্য আধ্যাত্মিকমেব উদ্গীথোপাসনমনুস্মৃত্যাহ—অথেতি। কোঽসৌ ব্যানো যদ্দৃষ্ট্যোদ্গীথোপাসনম্ উপদিদিক্ষিতম্ অত আহ—বক্ষ্যমাণলক্ষণমিতি। পক্ষান্তরং ব্যাবর্ত্তয়তি—প্রাণস্যৈবেতি। বক্ষ্যমাণলক্ষণমিত্যুক্তং ব্যক্তীকরোতি—অধুনেতি। তন্নিরূপণার্থমাদৌ প্রাণাপানৌ নিরূপয়তি—যদ্বা ইত্যাদিনা। তাভ্যামেব মুখনাসিকাভ্যামিত্যেতৎ। স্যাতামেবং প্রাণাপানৌ, ব্যানস্য তু কিমায়াতমিতি শঙ্কিত্বা তৎস্বরূপং দর্শয়তি—তত ইত্যাদিনা। সন্ধিমেব স্ফুটয়তি—তয়োরিতি। প্রাণাপানয়োর্বৃত্ত্যোরভাবাবস্থায়াং মধ্যে চ বায়োর্বৃত্তিবিশেষো যোঽস্তি, স ব্যানশব্দার্থ ইত্যর্থঃ। সন্ধিস্কন্ধমর্ম্মদেশবৃত্তির্ব্যান ইতি সাংখ্যা যোগাশ্চাহুঃ, তান্ প্রত্যাহ—যঃ সাংখ্যাদীতি। সাংখ্যানাং যোগানাং চ শাস্ত্রে প্রসিদ্ধো যো বায়োর্বৃত্তিবিশেষঃ স্কন্ধাদিদেশগঃ নাসৌ ব্যানঃ, শ্রুত্যা বিশেষনিরূপণাদিতি যোজনা। ব্যানস্য প্রাণাপানসাপেক্ষত্বাৎ তয়োরন্যতরস্যোপাসনমেবোচিতং ন ব্যানোপাসনম্, ইতি মন্বানশ্চোদয়তি—কস্মাদিতি। মহতায়াসেন ব্যানসতত্ত্বনিরূপণেনেতি যাবৎ। তাভ্যাং তস্য বৈশিষ্ট্যমুপেত্য পরিহরতি—বীর্য্যবদিতি। ব্যানস্যৈবোপাসনমিতি শেষঃ। তদেব প্রশ্নদ্বারা প্রপঞ্চয়তি—কথমিত্যাদিনা। কথং ব্যানস্য বীর্য্যবৎকর্ম্ম প্রসিদ্ধং প্রতিজ্ঞায়তে কার্য্যকারণাভাবাৎ ইত্যাহ—ব্যানেতি। বাচো ব্যাননির্বর্ত্ত্যত্বে লিঙ্গং দর্শয়তি—যস্মাদিতি ॥২৭॥৩

ভাষ্যানুবাদ।—"অথ খলু" ইত্যাদি। প্রকারান্তরে উদ্গীথোপাসনা কথিত হইতেছে,—পরে যাহার লক্ষণ কথিত হইবে, প্রাণেরই বৃত্তিবিশেষ সেই ব্যানকে উদ্গীথরূপে উপাসনা করিবে। এখন তাহাই যথাযথ ভাবে নিরূপিত হইতেছে,—পুরুষ যে প্রাণন করে, অর্থাৎ মুখ ও নাসিকা দ্বারা বায়ুকে বহির্নিঃসৃত করে, তাহাই বায়ুর প্রাণনামক বৃত্তিবিশেষ; আর যে অপানন করে, অর্থাৎ

সেই মুখ ও নাসিকা দ্বারাই বায়ুকে অন্তরে আকর্ষণ করে, তাহাই অপান অর্থাৎ বায়ুর 'অপান' নামক বৃত্তিবিশেষ। তাহাতে কি হইল? বলা হইতেছে—যাহা উক্তলক্ষণ প্রাণ ও অপানের সন্ধি বা সম্মিলন, অর্থাৎ তদুভয়ের মধ্যবর্ত্তী বৃত্তিবিশেষ, তাহাই ব্যান। অভিপ্রায় এই যে, সাংখ্যাদি শাস্ত্রপ্রসিদ্ধ যে ব্যান, ইহা সেই 'ব্যান' নহে; সেই জন্যই শ্রুতি বিশেষভাবে ইহার নির্দ্দেশ করিয়াছেন (১৪)।

আচ্ছা [জিজ্ঞাসা করি], প্রাণ ও অপানকে পরিত্যাগ করিয়া মহাপ্রযত্ন-সহকারে কেবল ব্যানেরই উপাসনা উক্ত হইতেছে কি কারণে? [উত্তর]—যেহেতু উহা বীর্য্যবান্ কর্ম্মের হেতুভূত। বীর্য্যবৎ-কর্ম্ম-হেতুত্বই বা কি প্রকার, তাহা বলিতেছেন—যাহা ব্যান, তাহাই বাক্; কেননা, বাক্ বা শব্দোচ্চারণ ব্যানেরই কার্য্য; বাক্ যেহেতু ব্যান দ্বারা সম্পাদনীয়, সেই হেতুই লোকে প্রাণ ও অপানের ক্রিয়া না করিয়া অর্থাৎ তদুভয়ের ব্যাপার নিরুদ্ধ করিয়া অভিব্যাহার করে—শব্দ উচ্চারণ করিয়া থাকে ॥২৭॥৩

যা বাক্ সর্ক্, তস্মাদপ্রাণন্ননপানন্নৃচমভিব্যাহরতি; যর্ক্ তৎ সাম, তস্মাদপ্রাণন্ননপানন্ সাম গায়তি; যৎ সাম, স উদ্গীথঃ, তস্মাদপ্রাণন্ননপানন্নুদ্গায়তি ॥২৮॥৪

অপি চ, যা বাক্, সা [এব] ঋক্ (বাগ্বিশেষ এব ঋগিত্যর্থঃ), তস্মাৎ (তয়োঃ একত্বাদেব) [পুরুষঃ] অপ্রাণন্ অনপানন্ (প্রাণাপানয়োঃ ব্যাপারৌ অকুর্ব্বন্) ঋচং (ঋগ্বেদং) অভিব্যাহরতি (উচ্চারয়তি)। যা ঋক্, তৎ [এব] সাম, (ঋক্-সাম্নোরেকত্বং চ "ঋচ্যধ্যূঢ়ং সাম গীয়তে" ইত্যাদি শ্রুতিপ্রসিদ্ধম্)। তস্মাৎ (ঋক্-সাম্নোঃ একত্বাৎ হেতোঃ) অপ্রাণন্ অনপানন্ সাম গায়তি; যৎ সাম, সঃ (তৎ সামৈব) উদ্গীথঃ, তস্মাৎ (হেতোঃ) অপ্রাণন্ অনপানন্ চ উদ্গায়তি (উদ্গীথম্ উচ্চারয়তি)।

যাহা বাক্, তাহাই ঋক্, অর্থাৎ শব্দবিশেষেরই নাম ঋক্; সেই কারণে প্রাণাপানের ক্রিয়া স্থগিত রাখিয়া ঋক্ মন্ত্র উচ্চারণ করিয়া থাকে। যাহা ঋক্, তাহাই সাম, সেইজন্য প্রাণ ও অপানের ব্যাপার না করিয়া সামগান করিয়া

(১৪) তাৎপর্য্য—সাংখ্যাদি শাস্ত্রপ্রসিদ্ধ 'ব্যান' বায়ু এই প্রকার—"ব্যানো নাম বিষ্বক্-গমনবান্—মুখ-নাসিকাদি-স্থানবর্ত্তী।" অর্থাৎ সমস্ত শরীরব্যাপী বায়ুর নাম 'ব্যান', প্রধানতঃ মুখনাসিকাদি স্থানে ইহার স্থিতি। এখানে শ্রুতি যখন বিশেষ করিয়া বলিয়া দিলেন যে, প্রাণ ও অপান বায়ুর যে সন্ধি—সংযোগস্থান, তাহার নাম 'ব্যান', তখন আর অন্য শাস্ত্রপ্রসিদ্ধ 'ব্যান' বায়ুর এখানে সম্ভাবনা হইতে পারে না।

থাকে; যাহা সাম, তাহাই উদ্‌গীথ; সেইহেতু প্রাণ ও অপানের ব্যাপার বন্ধ করিয়া উদ্‌গীথ পাঠ করিয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা বাগ্বিশেষামৃচম্ ঋক্‌সংস্থঞ্চ সাম সামাবয়বঞ্চ উদ্‌গীথম্, অপ্রাণন্ অনপানন্ ব্যানেনৈব নির্ব্বর্ত্তয়তীত্যভিপ্রায়ঃ॥২৮॥৪

আনন্দগিরিঃ।—যা বাগিত্যাদিবাক্যানামর্থং সংক্ষিপতি—তথেত্যাদিনা॥২৮॥৪

ভাষ্যানুবাদ।—এই শ্রুতির অভিপ্রায় এই যে, শব্দ-বিশেষাত্মক ঋক্ (মন্ত্র), ঋকে অবস্থিত সাম এবং সামের অবয়বভূত উদ্‌গীথ, এ সমুদায়কে প্রাণাপানের ব্যাপার নিরুদ্ধ করিয়া কেবল ব্যানের সাহায্যেই সম্পাদন করিয়া থাকে॥২৮॥৪

অতো যান্যন্যানি বীর্য্যবন্তি কর্ম্মাণি—যথাগ্নের্ম্মন্থনমাজেঃ সরণং দৃঢ়স্য ধনুষ আযমনম্, অপ্রাণন্ননপানꣳস্তানি করোত্যে- তস্য হেতোর্ব্যানমেবোদ্‌গীথমুপাসীত॥২৯॥৫

অতঃ (অস্মাৎ উক্তাৎ বাগ্‌ব্যাহারাৎ) অন্যানি যানি বীর্য্যবন্তি (শক্তিসাধ্যানি) কর্ম্মাণি [সন্তি], যথা—অগ্নেঃ মন্থনম্ (অরণীঘর্ষণাদ্ অগ্ন্যুৎপাদনং), আজেঃ (লক্ষ্যসীমায়াঃ) সরণং (গমনং লক্ষ্য-সীমাভিমুখং ধাবনমিত্যর্থঃ)। দৃঢ়স্য (কঠিনস্য) ধনুষঃ আয়মনং (আনমনং), তানি (এতানি কর্ম্মাণি) অপ্রাণন্ অনপানন্ চ করোতি; এতস্য হেতোঃ (এতস্মাদ্ এব কারণাৎ) ব্যানম্ এব উদ্‌গীথম্ উপাসীত, ইতি পূর্ব্ববৎ [অন্বয়ঃ]।

এতদতিরিক্ত ও যে, অগ্নি-মন্থন, লক্ষ্য-সীমায় ধাবন, দৃঢ় ধনুর অবনমন, ইত্যাদি বীর্য্যসাধ্য কর্ম্মসমূহ, প্রাণ ও অপানের ব্যাপার নিরোধ করিয়াই সে সমুদয় করিয়া থাকে; এই হেতুতে ব্যানকেই উদ্‌গীথরূপে উপাসনা করিয়া থাকে।

শাঙ্কর-ভাষ্যম্।—ন কেবলং বাগাদ্যভিব্যাহরণমেবাতোঽস্মাদন্যান্যপি যানি বীর্য্যবন্তি কর্ম্মাণি প্রযত্নাধিক্যনির্ব্বর্ত্ত্যানি—যথাগ্নের্ম্মন্থনম্ আজের্ম্মর্য্যাদায়াঃ সরণং ধাবনং, দৃঢ়স্য ধনুষ আয়মনমাকর্ষণম্ অপ্রাণন্ অনপানন্ তানি করোতি। অতো বিশিষ্টো ব্যানঃ প্রাণাদিবৃত্তিভ্যঃ। বিশিষ্টস্যোপাসনং জ্যায়ঃ ফলবত্ত্বাদ্রাজো- পাসনবৎ। এতস্য হেতোরেতস্মাৎ কারণাদ্‌ব্যানমেবোদ্‌গীথমুপাসীত নান্যদ্- বৃত্ত্যন্তরম্। কর্ম্ম-বীর্য্যবত্তরত্বং ফলম্॥২৯॥৫

আনন্দগিরিঃ।—অতো যানীত্যাদি ব্যাচষ্টে—ন কেবলমিতি। ব্যানেন নির্বর্ত্তয়তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। যানি অন্যান্যপি যথোক্তানি কর্ম্মাণি, তানি লোকো ব্যানেনৈব করোতীত্যুত্তরত্র সম্বন্ধঃ। প্রযত্নাধিক্যনির্বর্ত্ত্যানি কর্ম্মাণ্যেবোদাহরতি— যথেতি। যথা তানি কর্ম্মাণি তথা অন্যান্যপ্যেবংপ্রকারাণীতি যোজনা। ব্যানস্য

বীর্য্যবৎকর্ম্মহেতুত্বে ফলিতমাহ—অতইতি। বৈশিষ্ট্যেঽপি কিং স্যাৎ, ইতি চেৎ তদাহ—বিশিষ্টস্যেতি। বৈশিষ্ট্যফলমুপসংহরতি—এতস্যেতি। ফলবত্ত্বাদিত্যুক্তমুপাস্তি-ফলং স্পষ্টয়তি—কর্মেতি। ব্যানদৃষ্ট্যোদ্গীথোপাসনস্য অঙ্গাববদ্ধত্বাদিতি শেষঃ॥২৯॥৫

ভাষ্যানুবাদ।—কেবল যে বাগাদি উচ্চারণই [ব্যানের কার্য্য], তাহা নহে, এতদ্ভিন্নও যে সমস্ত বীর্য্যবান্ অর্থাৎ সমধিক প্রযত্নসাধ্য কর্ম্ম—যেমন অগ্নির মন্থন, আজির অর্থাৎ কোন শেষ সীমায় ধাবন, এবং দৃঢ় ধনুর আয়মন বা আকর্ষণ অর্থাৎ অবনমন, এ সমস্ত কর্ম্ম প্রাণ ও অপানের ব্যাপার নিরোধ করিয়াই করিয়া থাকে; অতএব প্রসিদ্ধ প্রাণাদি বৃত্তি হইতে উক্ত 'ব্যান' বিশিষ্ট অর্থাৎ বিভিন্ন পদার্থ। রাজসেবার ন্যায় বিশিষ্ট বস্তুর উপাসনাই সমধিক প্রশস্ত; এই কারণে উক্ত ব্যানকেই উদ্গীথরূপে উপাসনা করিবে, অন্যান্য বায়ু-বৃত্তিকে নহে। কর্ম্মের অধিক শক্তি সম্পাদনই ইহার ফল॥২৯॥৫

অথ খলূদ্গীথাক্ষরাণ্যুপাসীত—উদ্গীথ ইতি, প্রাণ এবোৎ, প্রাণেন হ্যুত্তিষ্ঠতি, বাগ্ গীঃ, বাচো হ গির ইত্যাচক্ষতে; অন্নং থম্, অন্নে হীদꣳ সর্ব্বꣳ স্থিতম্ ॥৩০॥৬

[উপাসনায়াঃ প্রকারান্তরমাহ]—অথেতি। অথ (অধুনা) খলু (নিশ্চয়ে) উদ্গীথাক্ষরাণি (উদ্গীথ-শব্দাবয়বান্ বর্ণান্) 'উৎ-গী-থ' ইতি (এবং) উপাসীত। [তত্র অক্ষরাণ্যেব বিশেষ্যাহ]—, প্রাণ এব 'উৎ' হি (যস্মাৎ) [সর্ব্বোলোকঃ] প্রাণেন (করণেন) উত্তিষ্ঠতি, [অন্যথা অবসীদতীতি ভাবঃ]। [তথা] বাক্ [এব] 'গীঃ', হ (যস্মাৎ) বাচঃ (বাক্যানি) 'গিরঃ' ইতি আচক্ষতে—(কথয়ন্তি)। অন্নং [এব] 'থম্', হি (যস্মাৎ) ইদং সর্ব্বং (জগৎ) অন্নে স্থিতং (প্রতিষ্ঠিতং অন্নাধীনমিত্যর্থঃ)॥

অনন্তর 'উদ্গীথ' শব্দের 'উৎ' 'গী' 'থ' এই অক্ষরসমূহকে উপাসনা করিবে। তন্মধ্যে প্রাণ [হইতেছে] 'উৎ', কারণ প্রাণের সাহায্যেই সর্ব্বপ্রাণী উত্থিত হয়। বাক্ [হইতেছে] 'গী', কেন না, পণ্ডিতগণ বাক্যকেই 'গীর্' নামে অভিহিত করেন। আর অন্ন [হইতেছে] 'থ', কারণ, এই জগৎ অন্নেই প্রতিষ্ঠিত আছে। [এইরূপে উদ্গীথাক্ষরসমূহের চিন্তা করিবে]॥৩০॥৬

শাঙ্কর-ভাষ্যম্।—অথাধুনা খলূদ্গীথাক্ষরাণ্যুপাসীত, ভক্ত্যক্ষরাণি মা ভূবন্ ইত্যতো বিশিনষ্টি—উদ্গীথ ইতি। উদ্গীথনামাক্ষরাণীত্যর্থঃ। নামাক্ষরো-পাসনেঽপি নামবত এবোপাসনং কৃতং ভবেৎ, অমুকমিশ্রা ইতি যদ্বৎ। প্রাণ এব 'উৎ', 'উৎ' ইতি অস্মিন্নক্ষরে প্রাণদৃষ্টিঃ। কথং প্রাণস্যোত্ত্বমিত্যাহ—প্রাণেন

হি উত্তিষ্ঠতি সর্ব্বঃ, অপ্রাণস্যাবসাদদর্শনাৎ অতোঽস্তি উদঃ প্রাণস্য চ সামান্যম্। বাক্ গীঃ। বাচো হ গির ইত্যাচক্ষতে শিষ্টাঃ। তথা অন্নং থম্, অন্নে হীদং সর্ব্বং স্থিতম্; অতোঽস্ত্যন্নস্য থাক্ষরস্য চ সামান্যম্ ॥৩০॥৬

আনন্দগিরিঃ।—উদ্গীথোপাসনপ্রসঙ্গেন উদ্গীথাক্ষরোপাসনাং প্রস্তৌতি—অথেতি। বিশেষণতাৎপর্য্যং দর্শয়তি—ভক্তীতি। উদ্গীথাক্ষরাণি উপাসীত ইত্যুক্তে ভক্ত্যক্ষরাণ্যুপাস্যানি প্রাপ্তানি, তানি মাভূবন্ ইতি যতো মন্যতে শ্রুতিঃ, ততো বিশেষণং করোতীত্যর্থঃ। বিশেষণশ্রুতিং ব্যাকরোতি—উদ্গীথেতি। নামাক্ষরোপাসনমুদ্গীথোপাসনস্যাকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ—নামেতি। যথা লোকে কৃষ্ণমিশ্রাদিবাচকশব্দপ্রয়োগে বাচ্যস্য পুরুষ-বিশেষস্য উপাসনং গম্যতে, তথেহাপীত্যর্থঃ। নামাক্ষরোপাসনে নামবৎ তদুপাসনেঽপি তদুপাসনমেব কথম্? ইত্যাশঙ্ক্য বিভজতে—প্রাণ এবেতি। প্রাণস্যোদঃ সাদৃশ্যং প্রশ্নপূর্ব্বকমাহ—কথমিত্যাদিনা। গীরিত্যস্মিন্নক্ষরে বাগ্দৃষ্টিঃ কর্ত্তব্যেত্যাহ—বাগ্গীরিতি। বাচো গিরশ্চ সাদৃশ্যং দর্শয়তি—বাচো হেতি। উদ্গীরক্ষরয়োঃ প্রাণবাগ্দৃষ্টিরিব থমিত্যস্মিন্নক্ষরেঽন্নদৃষ্টিঃ কার্য্যেত্যাহ—তথেতি। থকারান্নয়োরপেক্ষিতং সাদৃশ্যং দর্শয়তি—অন্নে হীতি ॥৩০॥৬

ভাষ্যানুবাদ।—অনন্তর উদ্গীথাক্ষর-সমূহের উপাসনা করিবে, ['উদ্গীথাক্ষর' শব্দে] 'উদ্গীথভক্তি'র অক্ষর-সমূহ, এইরূপ অর্থ না হউক, এইজন্য বিশেষ করিয়া বলিতেছেন—'উৎ+গী+থ' ইতি। ইহার অর্থ এই যে, 'উদ্গীথ' এই নামের অক্ষর-সমূহ। 'অমুক মিশ্র' ('রাম মিশ্র') ইত্যাদির ন্যায় নামাক্ষরের উপাসনায়ও সেই নামধারীর উপাসনা কৃত হইয়া থাকে, [এইজন্যই নামাক্ষরের উপাসনা বিহিত হইয়াছে] (১৫) প্রাণই 'উৎ', অর্থাৎ 'উৎ' এই অক্ষরে প্রাণদৃষ্টি করিবে। প্রাণের উত্ত্ব কি প্রকারে হয়? তাহা বলিতেছেন—সকল লোকই প্রাণের সাহায্যে উত্থিত হয়, যেহেতু প্রাণহীনের অবসাদ হইয়া থাকে; অতএব, 'উৎ' ও প্রাণের সমানতা আছে। বাক্ই 'গীঃ', ['গী' অক্ষরে বাক্দৃষ্টি করিবে], কেননা, শিষ্ট ব্যক্তিরা বাক্যকে 'গীঃ' বলিয়া থাকেন। সেইরূপ অন্নই 'থ'; কারণ, এই জগৎ অন্নেই স্থিত (প্রতিষ্ঠিত), অতএব অন্নের সহিত 'থ' এর সমানতা আছে ॥৩০॥৬

শাঙ্কর-ভাষ্যম্।—ত্রয়াণাং শ্রুত্যুক্তানি সামান্যানি, তানি তেনানুরূপেণ শেষেষপি দ্রষ্টব্যানি—

---

(১৫) তাৎপর্য্য—'মিশ্র' এই গৌরবসূচক বিশেষণটি। 'রামমিশ্র' 'কৃষ্ণমিশ্র' ইত্যাদি নাম-বিশেষ গ্রহণ করিলে যেমন সেই সেই নামীয় লোকদিগের উপাসনা—প্রীতিসম্পাদন করা হয়, তেমনি 'উৎ' 'গী' ও 'থ' এই নামাক্ষর গ্রহণেও ব্রহ্মের প্রিয় উপাসনা সম্পাদিত হইয়া থাকে। এই কারণে প্রাণাদি দৃষ্টিতে উদ্গীথাক্ষরের উপাসনা বিহিত হইয়াছে।

দ্যৌরেবোদ্ অন্তরিক্ষং গীঃ পৃথিবী থম্ ; আদিত্য এবোদ্ বায়ুর্গীরগ্নিস্থঃ* সামবেদ এবোদ্ যজুর্ব্বেদো গীঃ ঋগ্বেদস্থং দুগ্ধেঽস্মৈ বাগ্ দোহং যো বাচো দোহঃ, অন্নবানন্নাদো ভবতি, য এতান্যেবং বিদ্বানুদ্গীথাক্ষরাণ্যুপাস্তে—উদ্-গীথ ইতি ॥৩১॥৭

[অন্যচ্চ,] দ্যৌঃ (দ্যুলোকঃ) এব 'উৎ', অন্তরিক্ষং (নভঃ) [এব] 'গীঃ', পৃথিবী [এব] থম্ ; আদিত্যঃ (সূর্য্যঃ) এব 'উৎ', বায়ুঃ [এব] 'গীঃ', অগ্নিঃ [এব] থং, সামবেদঃ এব 'উৎ', যজুর্ব্বেদঃ [এব] 'গীঃ', ঋগ্বেদঃ [এব] থং ; বাক্ (ঋগ্বেদাদিশব্দঃ) অস্মৈ (সাধকায়) দোহং (ফলং) দুগ্ধে (স্বয়মেব প্রযচ্ছতি)—যঃ বাচঃ দোহঃ (শব্দসাধ্যং ফলমিত্যর্থঃ)। কিঞ্চ, যঃ উপাসকঃ এবং (যথোক্তরূপং) বিদ্বান্ (জানন্) এতানি উদ্গীথাক্ষরাণি 'উৎ+গী+থং' ইতি উপাস্তে, [সঃ] অন্নবান্ (প্রভূতান্নসম্পন্নঃ) অন্নাদঃ (অন্নভোক্তা—দীপ্তাগ্নিশ্চ ভবতি)॥

অপিচ, দ্যুলোকই 'উৎ', অন্তরীক্ষই (আকাশই) 'গীঃ', পৃথিবীই 'থ' ; আদিত্যই 'উৎ', বায়ুই 'গীঃ', অগ্নিই 'থ' ; সামবেদই 'উৎ', যজুর্ব্বেদই 'গীঃ', এবং ঋগ্বেদই 'থ'। শব্দসাধ্য যে দোহ অর্থাৎ ফল, ঋগ্বেদাদিশব্দ ইহাকে (সাধককে) সেই ফল প্রদান করে। যিনি উক্তরূপে অবগত হইয়া 'উৎ—গী—থ' এই উদ্গীথাক্ষরসমূহ উপাসনা করেন, তিনি প্রচুর অন্নশালী এবং অন্নভোক্তা অর্থাৎ দীপ্তাগ্নি হইয়া থাকেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—দ্যৌরেবোৎ উচ্চৈঃস্থানাৎ, অন্তরিক্ষং গীঃ গিরণাৎ লোকানাম্। পৃথিবী থং প্রাণিস্থানাৎ। আদিত্য এবোৎ ঊর্দ্ধত্বাৎ। বায়ুর্গীঃ অগ্ন্যাদীনাং গিরণাৎ। অগ্নিস্থং যাজ্ঞীয়কর্ম্মাবস্থানাৎ। সামবেদ এব উৎ স্বর্গসংস্তুতত্বাৎ। যজুর্ব্বেদো গীঃ যজুষাং প্রত্তস্য হবিষো দেবতানাং গিরণাৎ। ঋগ্বেদঃ থং, ঋচ্যধ্যূঢ়ত্বাৎ সাম্নঃ।

উদ্গীথাক্ষরোপাসনফলমধুনোচ্যতে—দুগ্ধে দোগ্ধি অস্মৈ সাধকায় ; কা সা ? বাক্ ; কং ? দোহং ; কোঽসৌ দোহঃ ? ইত্যাহ যো বাচো দোহঃ, ঋগ্বেদাদিশব্দসাধ্যং ফলমিত্যভিপ্রায়ঃ, তদ্বাচো দোহস্তং স্বয়মেব বাক্ দোগ্ধি আত্মানমেব দোগ্ধি। কিঞ্চ, অন্নবান্ প্রভূতান্নোঽন্নাদশ্চ দীপ্তাগ্নিঃ ভবতি, য এতানি যথোক্তানি এবং যথোক্তগুণানি উদ্গীথাক্ষরাণি বিদ্বান্ সন্ উপাস্তে উদ্গীথ ইতি ॥৩১॥৭

আনন্দগিরিঃ।—প্রাণ এবোদিত্যাদৌ সাদৃশ্যং শ্রুত্যৈবোক্তং, দ্যৌরেবোদিত্যাদৌ তু নোক্তং ; তথা চ তত্র সাদৃশ্যাভাবে কথং দৃষ্টিকরণম্ ? ইত্যাশঙ্ক্যাহ—ত্রয়াণামিতি। অন্তরিক্ষমাকাশঃ তদন্তঃপ্রতিষ্ঠা লোকাস্তেন গীর্ণা ইবেতি মত্বাহ—গিরণাদিতি। অগ্ন্যাদীনাং গিরণাদিতি সংবর্গবিদ্যায়াং দ্রষ্টব্যম্। 'সামবেদো বৈ স্বর্গো লোকঃ' ইতি স্বর্গলোকত্বেন সামবেদস্য সংস্তুতত্বাদিতি হেতুমাহ স্বর্গেতি। যজুষা স্বাহা-

স্বধাদিনেতি যাবৎ। অধ্যাত্মমধিলোকমধিদৈবমধিবেদং চ নামাক্ষরোপাসনমুক্ত্বা তৎফলোক্তিমবতার্য্য ব্যাকরোতি—উদ্গীথেতি। যো বাচো দোহ ইত্যত্র ষষ্ঠী কর্ম্মণি দ্রষ্টব্যা। তমেব বাক্ দোহং প্রকটয়তি—ঋগ্বেদাদিতি। তৎসাধ্যং ফলং স্বাধীনোচ্চারণক্ষমত্বং, তদনায়াসেনাস্য সম্ভবতীত্যর্থঃ। তদিতি প্রকৃতফলপরামর্শঃ। ষষ্ঠী পূর্ব্ববৎ। তমিতি দোহোক্তিঃ। বাচএব দোহে কর্ম্মত্বং কর্ত্তৃত্বং চেত্যাহ—আত্মানমেবেতি। যো দোগ্ধা সা বাগেব, সা চাত্মানমেব তং দোগ্ধীতি যোজনা। যথোক্তানি প্রাণবাগন্নাদিরূপত্বেনোক্তানীতি যাবৎ। যথোক্তগুণানি উত্থান-গিরণস্থিত্যাদি ধর্ম্মকাণীত্যর্থঃ। উদ্গীথাক্ষরাণীত্যুক্তং বিশেষণানুবাদেন স্ফুটয়তি—উদ্গীথ ইতি। উদ্গীথইত্যেবংরূপস্য নাম্নোঽক্ষরাণীতি যাবৎ ॥৩১॥৭

ভাষ্যানুবাদ।—যে তিনটি সামান্য বা সাধর্ম্ম্য শ্রুতিকর্ত্তৃক উক্ত হইয়াছে, তদনুসারে অবশিষ্ট স্থলেও যোজনা করিতে হইবে (১৬)। দ্যুলোকই 'উৎ', কারণ, উহা উচ্চে অবস্থিত; অন্তরিক্ষই 'গীঃ', কারণ, উহা সমস্ত জগৎকে গিলিয়া থাকে। পৃথিবীই 'থ', কারণ, উহা প্রাণীর আশ্রয়। আদিত্যই 'উৎ', কারণ, ঊর্দ্ধে স্থিত; বায়ুই 'গীঃ', কেননা, অগ্নি প্রভৃতি পদার্থনিচয়কে গ্রাস করিয়া থাকে; অগ্নিই 'থ', কারণ, যজ্ঞীয় কার্য্যে অবস্থান করে। সামবেদই 'উৎ'; কারণ, উহা স্বর্গেও পরিচিত; যজুর্ব্বেদই 'গীঃ', কেননা, যজুর্মন্ত্রে ত্যক্ত হবিই দেবতাগণ ভক্ষণ করেন; ঋগ্বেদই 'থ', কারণ ঋকেই সামবেদ অধিষ্ঠিত আছেন। উদ্গীথাক্ষর-সমূহের উপাসনার ফল এখন বলা হইতেছে—দুগ্ধে অর্থাৎ দোহন করে; অস্মৈ অর্থাৎ সাধকের জন্য? কে দোহন করে? বাক্। কি দোহন করে? দোহম্ অর্থাৎ ফল। এই দোহ বা ফল কি? ইহার উত্তরে বলিতেছেন যে 'যো বাচো দোহঃ' (অর্থাৎ বাক্যের ফল)। অভিপ্রায় এই যে, বাক্যের ফল বলিতে ঋগ্বেদাদিশব্দসাধ্য ফল বুঝাইতেছে; বাক্ স্বয়ং ইহা দোহন করেন। তা ছাড়া তিনি অন্নবান্ অর্থাৎ প্রচুর অন্নশালী এবং অন্নভোক্তা অর্থাৎ দীপ্তাগ্নি হন, যে পূর্ব্বোক্ত উদ্গীথাক্ষরগুলি পূর্ব্বোক্ত গুণযুক্তরূপে জানিয়া 'উৎ—গী—থ' এইরূপে উপাসনা করেন ॥৩১॥৭

অথ খল্বাশীঃসমৃদ্ধিরুপসরণানীত্যুপাসীত, যেন সাম্না স্তোষ্যন্ স্যাৎ তৎ সামোপধাবেৎ ॥৩২॥৮

অথ (অনন্তরং) খলু (নিশ্চয়ে) আশীঃ সমৃদ্ধিঃ (আশিষঃ কাম্যফলস্য সমৃদ্ধিঃ বৃদ্ধিহেতুঃ) [প্রকারবিশেষ উপদিশ্যতে ইতি শেষঃ]। উপসরণানি

(১৬) তাৎপর্য্য—"প্রাণ এব উৎ" ইত্যাদি স্থলে প্রাণাদির ও উদ্গীথের যেরূপ সাদৃশ্য গ্রহণ করিতে হইবে, শ্রুতি নিজেই তাহা বলিয়া দিয়াছেন। কিন্তু দ্যুলোকাদির সহিত যে উদ্গীথের কিরূপ সাদৃশ্য, তাহা বলেন নাই—বুঝিয়া লইতে হইবে, যথা—দ্যুলোক সকলের উপরে স্থিত, 'উৎ' অক্ষরও সকলের প্রথমে স্থিত; অন্তরিক্ষ—আকাশ সর্ব্বব্যাপক বলিয়া যেন সকলকেই গ্রাস করিয়া আছে; 'গীর' অর্থও কবলিত করা; এবং পৃথিবীর উপরে যেমন সকলে থাকে, তেমনি অন্যান্য অক্ষরগুলিও 'থ'র উপরে রহিয়াছে। ইত্যাদি প্রকারে সাদৃশ্য চিন্তা করিতে হইবে।

(প্রাপ্তব্যানি ধ্যেয়ানি) ইতি (ইত্থং) উপাসীত,—যেন সাম্না (সামবিশেষেণ) স্তোষ্যন্ (স্তুতিং করিষ্যন্) স্যাৎ (ভবেৎ) [উদ্গাতা ইতি শেষঃ] তৎ সাম উপধাবেৎ (উৎপত্ত্যাদিভিঃ ধর্ম্মৈঃ চিন্তয়েদিত্যর্থঃ)।

অনন্তর কর্ম্মফলোৎকর্ষের উপায়ভূত [উপাসনা উপদিষ্ট হইতেছে]। প্রাপ্য বিষয়সমূহ এইরূপে উপাসনা করিবে ; যথা—(উদ্গাতা) যে সামবিশেষ দ্বারা স্তব করিবেন, সেই সামকে উৎপত্তি প্রভৃতি ধর্ম্মবিশিষ্টরূপে চিন্তা করিবেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ খলু ইদানীমাশীঃসমৃদ্ধিঃ আশিষঃ কামস্য সমৃদ্ধির্যথা ভবেৎ, তদুচ্যত ইতি বাক্যশেষঃ। উপসরণান্যুপসর্ত্তব্যান্যুপগন্তব্যানি ধ্যেয়ানীত্যর্থঃ। কথম্? ইত্যুপাসীত এবমুপাসীত ; তদ্‌যথা—যেন সাম্না যেন সামবিশেষেণ স্তোষ্যন্ স্তুতিং করিষ্যন্ স্যাদ্‌ভবেদুদ্গাতা, তৎ সাম উপধাবেৎ উপগচ্ছেৎ চিন্তয়েদুৎপত্ত্যাদিভিঃ ॥৩২॥৮

আনন্দগিরিঃ।—বাগাদিসমৃদ্ধিফলকমুপাসনমুপদিশ্য ফলসমৃদ্ধির্যেন প্রকারেণ ভবতি, তৎপ্রকারং জ্ঞানং সর্ব্বকাম্যোপাসনশেষভূতং প্রাসঙ্গিকং বিধীয়ত ইত্যাহ——অথ খল্বিতি। বাগাদিসমৃদ্ধিফলকোপাসনানন্তর্য্যমথশব্দার্থঃ। বক্ষ্যমাণোপাসনানাং সর্ব্বকাম্যোপাসনাশেষত্বদ্যোতনার্থং খল্বিত্যুক্তম্। প্রাসঙ্গিকত্বং দর্শয়তি—ইদানীমিতি। কামশব্দঃ ফলবিষয়ঃ। তচ্ছব্দঃ প্রকারজ্ঞানপরামর্শী। উচ্যতে বিধীয়ত ইত্যর্থঃ। ধ্যানপ্রকারং প্রশ্নপূর্ব্বকং বিশদয়তি—কথমিত্যাদিনা। ইতি শব্দার্থমভিনয়তি—এবমিতি। এবংশব্দার্থমুদাহরণনিষ্ঠতয়া স্পষ্টয়তি—তদ্যথেতি। উৎপত্ত্যাদিভিরিত্যাদিশব্দেন চ্ছন্দোদেবতাদি গৃহ্যতে ॥৩২॥৮

ভাষ্যানুবাদ।—অনন্তর আশীঃসমৃদ্ধি—অর্থাৎ আশীঃ অর্থ—কাম বা অভিলাষ, সমৃদ্ধি অর্থ—বৃদ্ধি (পুষ্টি); যে প্রকারে কাম্য ফলের উৎকর্ষ লাভ হয়, 'তাহা কথিত হইতেছে', [এই অংশটুকু শ্রুতিতে] শেষ বা অনুক্ত রহিয়াছে। উপসরণ অর্থ—উপগন্তব্য অর্থাৎ প্রাপ্তব্য বা ধ্যেয়। কিপ্রকারে? এই প্রকারে উপাসনা করিবে ; তাহা যে প্রকারে করিতে হইবে, [তাহা এইরূপ]—উদ্গাতা যে সাম-বিশেষ দ্বারা স্তুতি করিবেন, সেই সাম-বিশেষকে উপধাবন—নিরন্তর স্মরণ অর্থাৎ উৎপত্তিপ্রভৃতি ধর্ম্মবিশিষ্টরূপে চিন্তা করিবে ॥৩২॥৮

যস্যামৃচি তামৃচং যদার্ষেয়ং তমৃষিং যাং দেবতামভিষ্টোষ্যন্ স্যাৎ তাং দেবতামুপধাবেৎ ॥৩৩॥৯

যস্যাম্ ঋচি (ঋঙ্মন্ত্রে অধ্যূঢ়ং সাম) তাং (ঋচং), যদার্ষেয়ং (যেন ঋষিণা দৃষ্টং) তং (ঋষিং) যাং দেবতাম্ অভিষ্টোষ্যন্ (আভিমুখ্যেন যস্যাঃ দেবতায়াঃ স্তুতিং করিষ্যন্) স্যাৎ [উদ্গাতা], তাং দেবতাং [চ] উপধাবেৎ।

উদ্‌গাতা, যে ঋক্‌মন্ত্রে অধিষ্ঠিত, এবং যে ঋষিদৃষ্ট সামদ্বারা যে দেবতার উদ্দেশে স্তুতি গান করিবেন, সেই ঋক্‌, সেই সাম এবং সেই দেবতাকে চিন্তা

করিবেন। অভিপ্রায় এই যে, পঠনীয় সামের স্বরূপ, আশ্রয়ভূত ঋক্ এবং উদ্দিষ্ট দেবতার চিন্তা না করিয়া স্তোত্র পাঠ করিবে না॥

শাঙ্কর-ভাষ্যম্।—যস্যামৃচি তৎ সাম তাঞ্চ ঋচম্ উপধাবেদ্দেবতাদিভিঃ। যদার্ষেয়ং সাম তঞ্চ ঋষিম্। যাং দেবতামভিষ্টোষ্যন্ স্যাৎ, তাং দেবতামুপধাবেৎ॥৩৩॥৯

আনন্দগিরিঃ।—দেবতাদিভিরিত্যাদিপদেন আর্ষেয়াদিগ্রহঃ॥৩৩॥৯

ভাষ্যানুবাদ।—[পঠনীয়] সেই সামস্তুতি যে ঋকে, সেই ঋক্‌কেও তাহার দেবতাপ্রভৃতি সহকারে চিন্তা করিবে; সেই সাম যে ঋষিকর্তৃক দৃষ্ট, সেই ঋষিকেও এবং যে দেবতার উদ্দেশে স্তোত্র পাঠ হইবে, সেই দেবতাকেও চিন্তা করিবে॥৩৩॥৯

যেন ছন্দসা স্তোষ্যন্ স্যাৎ তচ্ছন্দ উপধাবেদ্ যেন স্তোমেন স্তোষ্যমাণঃ স্যাৎ তꣳস্তোমমুপধাবেৎ॥৩৪॥১০

যেন ছন্দসা (গায়ত্রীপ্রভৃতিনা) স্তোষ্যন্ স্যাৎ, তৎ ছন্দঃ উপধাবেৎ, যেন স্তোমেন (ত্রিবৃৎপঞ্চদশাদিসংঘাতরূপেণ) স্তোষ্যমাণঃ (স্তুতিং করিষ্যমাণঃ) স্যাৎ, তং স্তোমং [দেবতাদিভিঃ] উপধাবেৎ॥

গায়ত্রী প্রভৃতি যে ছন্দে স্তোত্র পাঠ করিবে, সেই ছন্দঃ ধ্যান করিবে; যে স্তোম অর্থাৎ বাক্যসমষ্টি দ্বারা স্তব করিবে, সেই স্তোমকে দেবতাদিসহকারে চিন্তা করিবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—যেন ছন্দসা গায়ত্র্যাদিনা স্তোষ্যন্ স্যাৎ, তৎ ছন্দ উপধাবেৎ। যেন স্তোমেন স্তোষ্যমাণঃ স্যাৎ, স্তোমাঙ্গফলস্য কর্ত্তৃগামিত্বাদাত্মনেপদং স্তোষ্যমাণ ইতি। তং স্তোমমুপধাবেৎ॥৩৪॥১০

আনন্দগিরিঃ।—গায়ত্র্যাদিনেত্যাদিপদম্ উষ্ণিগনুষ্টুব্বৃহত্যাদি-সংগ্রহার্থম্। ত্রিবৃৎপঞ্চদশঃ সপ্তদশ একবিংশ ইতি প্রসিদ্ধঃ সোমযাগে স্তোমঃ। আত্মনেপদ-প্রয়োগপ্রতিপন্নমর্থমাহ—স্তোমাঙ্গেতি। যত্র কর্ত্তৃগামিফলং তত্রাত্মনেপদং প্রযুজ্যতে, প্রকৃতে চ স্তোষ্যমাণ ইত্যাত্মনেপদং দৃশ্যতে, তস্মাদেতৎফলস্য কর্ত্তৃগামিত্বং গম্যতে, অন্যথা পূর্ব্বোত্তরয়োরিব পরস্মৈপদপ্রয়োগ-প্রসঙ্গাদিত্যর্থঃ॥৩৪॥১০

ভাষ্যানুবাদ।—গায়ত্রী প্রভৃতি যে ছন্দ অবলম্বনে স্তব করিবে, সেই ছন্দের চিন্তা করিবে; যে স্তোম (১৭) দ্বারা স্তব করিবে, তাহাকেও

(১৭) তাৎপর্য্য—পঞ্চদশ, সপ্তদশ বা একুশটি 'সাম' লইয়া বিশিষ্টক্রমে পাঠের নিয়ম আছে, সেই সমষ্টিকৃত সামভাবকে 'স্তোম' শব্দে অভিহিত করা হইয়া থাকে। ইহা 'সোম যাগ' প্রকরণে বিশেষরূপে বিবৃত আছে।

চিন্তা করিবে। স্তোম চিন্তার ফল কর্ত্তাতেই পর্য্যাপ্ত হইবে, এই কারণে 'স্তোষ্যমাণঃ' পদে আত্মনেপদ হইয়াছে (১৮) ॥৩৪॥১০

যাং দিশমভিষ্টোষ্যন্ স্যাৎ তাং দিশমুপধাবেৎ ॥৩৫॥১১

যাং দিশম্ অভিষ্টোষ্যন্ (অভিমুখীকৃত্য স্তুতিং করিষ্যন্) স্যাৎ, [তদধিষ্ঠাতৃ-দেবতাদিভিঃ] তাম্ (দিশম্) উপধাবেৎ ॥

যে দিকে অভিমুখ হইয়া স্তব করিবে, [তাহার দেবতাদি-সহকারে] সেই দিকের চিন্তা করিবে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—যাং দিশম্ অভিষ্টোষ্যন্ স্যাৎ তাং দিশমুপধাবেৎ অধিষ্ঠাত্রাদিভিঃ ॥৩৫॥১১

আনন্দগিরিঃ।—যাং দিশমভীত্যভিব্যাপ্যেত্যর্থঃ। স্তোষ্যন্ দেবতাবিশেষমিতি শেষঃ। অধিষ্ঠাতৃশব্দেন ইন্দ্রাদয়ো গৃহ্যন্তে। আদিপদং তত্তদ্দিগবস্থিতাসাধারণ-ধর্ম্মসংগ্রহার্থম্ ॥৩৫॥১১

ভাষ্যানুবাদ।—যে দিকে অভিমুখীভূত হইয়া স্তোত্র পাঠ করিবে, সেই দিকের দেবতাদি সহকারে চিন্তা করিবে ॥৩৫॥১১

আত্মানমন্তত উপসৃত্য স্তুবীত কামং ধ্যায়ন্নপ্রমত্তঃ; অভ্যাশো হ যদস্মৈ স কামঃ সমৃধ্যেত যৎকামঃ স্তুবীতেতি যৎ কামঃ স্তুবীতেতি ॥৩৬॥১২

ইতি প্রথমাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥৩॥

[ইদানীং স্তোত্রপাঠপ্রকারবিশেষমাহ—আত্মানমিত্যাদিনা।]—অন্ততঃ (অন্তে—উক্তক্রমেণ সামাদিচিন্তানন্তরং) কামং (অভিলষিতার্থং) ধ্যায়ন্ অপ্রমত্তঃ (স্বরবর্ণাদ্যুচ্চারণে অনবধানম্ অকুর্ব্বন্ সন্) আত্মানম্ (স্বং রূপমপি) উপসৃত্য (নামগোত্রবর্ণাশ্রমাদিভিঃ সংচিন্ত্য) স্তুবীত (স্তোত্রপাঠং কুর্ব্বীত) [উদ্গাতা ইতি শেষঃ] [এবং সতি] [যৎকামঃ (যঃ কামঃ যস্য, সঃ—তথোক্তঃ) [সন্] যৎ (যত্র) স্তুবীত, সঃ (অভীষ্টঃ) কামঃ অভ্যাশঃ (ক্ষিপ্রং) হ (এব) অস্মৈ (যথোক্তজ্ঞানবতে) সমৃধ্যেত (সমৃদ্ধিং—বৃদ্ধিং গচ্ছেৎ)। [দ্বিরুক্তিরাদরার্থা] ॥

(১৮) তাৎপর্য্য—শঙ্কা হইতে পারে, অন্যান্য স্থলের ন্যায় এখানেও পরস্মৈপদের প্রয়োগ (স্তোষ্যন্) না হইয়া আত্মনেপদের প্রয়োগ—"স্তোষ্যমাণঃ' হইল কেন? সেই আশঙ্কা নিরাসার্থ বলিতেছেন যে, ক্রিয়াফল যেখানে পরগামী হয়, তখন হয় পরস্মৈপদ, আর ফল যেখানে কর্তৃগামী হয়, অর্থাৎ কর্ত্তাই সেই ফল ভোগে অধিকারী, সেখানে হয় আত্মনেপদ। স্তোম পাঠের ফলও কর্তৃগামী; সুতরাং উক্ত নিয়মানুসারে এখানে আত্মনেপদ ॥

এখন স্তোত্র পাঠের প্রণালী বলিতেছেন—[উদ্‌গাতা দেবতাদিবিশিষ্ট সামাদি চিন্তার] পর আপনাকেও স্বীয় নাম, গোত্র ও বর্ণাশ্রমাদির সহিত চিন্তা করিয়া অভিলষিতার্থ অনুধ্যান করতঃ বর্ণাদি উচ্চারণ বিষয়ে প্রমাদরহিত (সাবধান) হইয়া স্তব করিবে, তাহা হইলেই যে কামনায় স্তব করিবে, তাহার সেই কামনা (কাম্যফল) সম্যক্‌ বৃদ্ধি লাভ করিয়া থাকে। উক্তার্থে আদর প্রদর্শনার্থ "যৎসামঃ স্তবীত" কথাটির দ্বিরুক্তি করা হইয়াছে॥

[ইতি প্রথমাধ্যায়ের তৃতীয়খণ্ড ব্যাখ্যা।]

শাঙ্কর-ভাষ্যম্‌।—আত্মানমুদ্গাতা স্বং রূপং গোত্রনামাদিভিঃ—সামাদীন্‌ ক্রমেণ স্বঞ্চ আত্মানম্‌—অন্ততোঽন্তে উপস্থত্য স্তবীত। কামং ধ্যায়ন্‌ অপ্রমত্তঃ স্বরোষ্ম-ব্যঞ্জনাদিভ্যঃ প্রমাদমকুর্ব্বন্‌। ততোঽভ্যাশঃ ক্ষিপ্রমেব হ যৎ যত্রাস্মৈ এবংবিদে স কামঃ সমৃধ্যেত সমৃদ্ধিং গচ্ছেৎ। কোঽসৌ? যৎকামঃ যঃ কামঃ অস্য সোঽয়ং যৎকামঃ সন্‌ স্তবীতেতি। দ্বিরুক্তিরাদরার্থা॥৩৬॥১২

ইতি প্রথমাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ॥৩॥

আনন্দগিরিঃ।—আত্মানং স্বরূপং গোত্রাদিভিরুপস্থত্যোদ্গাতা স্তবীতেতি সম্বন্ধঃ। নামাদিভিরিত্যাদিশব্দেন বর্ণাশ্রমাদিগ্রহণম্‌। অন্তত ইত্যস্যার্থমাহ—সামাদীনিতি। পূর্ব্বোক্তান্‌ সামাদীন্‌ সর্ব্বান উক্তেন ক্রমেণ ধ্যাত্বা তদবসানে স্বাত্মানমপি সংচিন্ত্যা-পেক্ষিতফলমনুসন্দধানঃ স্বরাদিভ্যঃ প্রমাদমকুর্ব্বন্নুদ্‌গাতা স্তবীতেতি যোজনা। যত্র কর্ম্মণ্যয়মুদ্‌গাতা যথোক্তরীত্যা স্তোতা ভবতি, তত্র ক্ষিপ্রমেবাস্মৈ স স কামঃ সমৃদ্ধিং গচ্ছেৎ যৎকামঃ সন্‌ সঃ স্তবীতেত্যন্বয়ঃ। ইতিশব্দঃ প্রাসঙ্গিকোপাসনসমাপ্ত্যর্থঃ॥৩৬॥১২

ইতি প্রথমাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ॥৩॥

ভাষ্যানুবাদ।—উদ্‌গাতা ক্রমশঃ সাম প্রভৃতিকে এবং আপনাকে অর্থাৎ গোত্র ও নামাদি সহকারে স্বরূপকে ও শেষে (সামাদিচিন্তার পর) উপস্থত হইয়া চিন্তা (স্তব) করিবে। [কি প্রকারে?] কামনা (চিন্তা) করতঃ অপ্রমত্তভাবে অর্থাৎ স্বর, উষ্মা ও ব্যঞ্জনাদি বর্ণোচ্চারণে প্রমাদ বা অনবধান না করিয়া। তাহা হইলে উক্তপ্রকার জ্ঞানবানের সেই কাম অর্থাৎ অভিলষিতার্থ শীঘ্রই অভ্যুদয় প্রাপ্ত হয়। ইহা কোন্‌ [কাম]? [উত্তর—] [উদ্‌গাতা] যৎকাম অর্থাৎ উদ্‌গাতা যে কামনাবিশিষ্ট হইয়া স্তব করিবেন, [সেই কাম]। আদরপ্রদর্শনার্থ [শ্রুতিতে "যৎকামঃ স্তবীত" কথার] দ্বিরুক্তি হইয়াছে॥৩৬॥১২

প্রথম অধ্যায়ে তৃতীয় খণ্ডের ভাষ্যের অনুবাদ।

———

চতুর্থঃ খণ্ডঃ।

ওমিত্যেতদক্ষরমুদ্‌গীথমুপাসীত ; ওমিতি হ্যুদ্‌গায়তি, তস্যোপব্যাখ্যানম্ ॥৩৭॥১

'ওম্' ইতি এতৎ অক্ষরম্ (ওঙ্কারম্) উপাসীত [বক্ষ্যমাণপ্রকারেণ ইতি শেষঃ]। হি (যস্মাৎ) 'ওম্' ইতি [কৃত্বা] উদ্‌গায়তি (উদ্গীথাদিকং গায়তীত্যর্থঃ) ; তস্য (ওঙ্কারস্য) উপব্যাখ্যানম্ (ব্যাখ্যা-বিবরণং) [উচ্যতে—]॥

'ওম্' এই অক্ষরের উপাসনা করিবে ; যেহেতু 'ওম্' উচ্চারণ করিয়াই উদ্গীথাদি গান করিয়া থাকে। তাহার ব্যাখ্যা [কথিত হইতেছে]॥

শাঙ্কর-ভাষ্যম্।—ওমিত্যেতদিত্যাদিপ্রকৃতস্যাক্ষরস্য পুনরুপাদানম্ উদ্গীথাক্ষরাদ্যুপাসনান্তরিতত্বাৎ অন্যত্র প্রসঙ্গো মাভূদিত্যেবমর্থম্; প্রকৃতস্যৈবাক্ষরস্য অমৃতাভয়গুণবিশিষ্টস্য উপাসনং বিধাতব্যমিত্যারম্ভঃ। ওমিত্যাদি ব্যাখ্যাতম্ ॥৩৭॥১

আনন্দগিরিঃ।—প্রাসঙ্গিকং হিত্বা প্রকৃতমনুসন্ধত্তে—ওমিত্যেতদিত্যাদীতি। পুনরুপাদানস্য তাৎপর্য্যমাহ—উদ্‌গীথেতি। আদিশব্দেন পূর্ব্বোক্তান্যুপসরণানি গৃহ্যন্তে। উদ্‌গীথস্য তৈর্ব্যবহিতত্বাৎ-প্রকরণবিচ্ছেদশঙ্কায়াং ততোহন্যস্মিন্নর্থে প্রসঙ্গঃ স্যাৎ, স মাভূদিত্যেবমর্থং পুনরুপাদানমিত্যর্থঃ। দেবা বৈ মৃত্যোরিত্যাদেস্তাৎপর্য্যমাহ —প্রকৃতস্যেতি। অক্ষরব্যাখ্যান-প্রাপ্তাবনুবাদভাগং প্রত্যাহ—ওমিত্যাদীতি ॥৩৭॥১

ভাষ্যানুবাদ।—পূর্ব্ব প্রস্তাবিত ওঙ্কারাক্ষরেই 'ওম্' ইত্যাদিরূপে পুনরুল্লেখের উদ্দেশ্য এই যে, মধ্যে উদ্গীথাক্ষরাদির উপাসনা দ্বারা ব্যবহিত হওয়ায় অন্য অর্থে লোকের বুদ্ধি যাইতে পারে, তাহার নিবৃত্তি করা। প্রস্তাবিত সেই অক্ষরেই অমৃত ও অভয় গুণ যোগে উপাসনা করিতে হইবে ; এইজন্য পুনর্ব্বার [উপাসনার প্রসঙ্গ] আরম্ভ হইয়াছে। "ওম্ ইত্যেতৎ" ইত্যাদি অংশ পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে ॥৩৭॥১

দেবা বৈ মৃত্যোর্ব্বিভ্যতস্ত্রয়ীং বিদ্যাং প্রাবিশন্ ; তে ছন্দোভিরচ্ছাদয়ন্ ; যদেভিরচ্ছাদয়ংস্তচ্ছন্দসাং ছন্দস্ত্বম্ ॥৩৮॥২

দেবাঃ বৈ (ঐতিহ্যসূচকং) মৃত্যোঃ মরণহেতোঃ (অসুরাৎ পাপাৎ) বিভ্যতঃ (ভীতাঃ সন্তঃ), ত্রয়ীং বিদ্যাং (বেদবিদ্যাং, বেদোক্তং কর্ম্ম ইত্যর্থঃ) প্রাবিশন্ (আরব্ধবন্তঃ) ; তে ছন্দোভিঃ (মন্ত্রৈঃ) অচ্ছাদয়ন্ (আত্মানম্ আচ্ছাদিতবন্তঃ)। মন্ত্রৈঃ কর্ম্মাণি অনুতিষ্ঠন্তঃ মৃত্যুহেতোঃ পাপাদাত্মানং রক্ষিতবন্ত ইতি ভাবঃ। যৎ

(যস্মাৎ) এভিঃ (মন্ত্রৈঃ) অচ্ছাদয়ন্, তৎ (তস্মাৎ) এব ছন্দসাং (মন্ত্রাণাং) ছন্দস্ত্বং (ছন্দোনাম-হেতুঃ), ছাদনাৎ ছন্দ ইত্যর্থঃ ॥

পুরাকালে দেবগণ মৃত্যুজনক পাপভয়ে ভীত হইয়া বেদবিদ্যায় প্রবিষ্ট হইয়াছিলেন, অর্থাৎ বেদোক্ত কর্ম্মে প্রবৃত্ত হইয়াছিলেন; তাঁহারা মন্ত্রসমূহ দ্বারা আপনাকে আচ্ছাদন করিয়াছিলেন; তাঁহারা যে, আচ্ছাদন করিয়াছিলেন,' তাহাই ছন্দের ছন্দস্ত্ব অর্থাৎ মন্ত্রের ছন্দঃনাম হইবার কারণ॥

শাঙ্কর-ভাষ্যম্।—দেবা বৈ মৃত্যোর্ম্মারকাৎ বিভ্যতঃ কিং কৃতবন্ত ইত্যুচ্যতে—ত্রয়ীং বিদ্যাং ত্রয়ীবিহিতং কর্ম্ম প্রাবিশন্ প্রবিষ্টবন্তঃ—বৈদিকং কর্ম্ম প্রারব্ধবন্ত ইত্যর্থঃ, তৎ মৃত্যোস্ত্রাণং মন্যমানাঃ। কিঞ্চ, তে কর্ম্মণ্যবিনিযুক্তৈঃ ছন্দোভির্ম্মন্ত্রৈর্জ্জপহোমাদি কুর্ব্বন্ত আত্মানং কর্ম্মান্তরেষু আচ্ছাদয়ন্ ছাদিতবন্তঃ। যৎ যস্মাৎ এভির্ম্মন্ত্রৈরচ্ছাদয়ন্, তৎ তস্মাৎ ছন্দসাং মন্ত্রাণাং ছাদনাচ্ছন্দস্ত্বং প্রসিদ্ধমেব॥৩৮॥২

আনন্দগিরিঃ।—"দেবাসুরা হ বৈ যত্র" ইত্যত্র ব্যাখ্যাতা দেবা মারকাদাসুরাৎ পাপ্মনঃ সকাশাদিতি যাবৎ। কোঽয়ং কর্ম্মণি প্রবেশো নাম? তত্রাহ—বৈদিকমিতি। তদিতি বৈদিকং কর্ম্মোচ্যতে। তে ছন্দোভিরিত্যাদি ব্যাচষ্টে—কিঞ্চেতি। ন হি সর্ব্বে মন্ত্রাঃ সর্ব্বত্র বিনিযুজ্যন্তে। তথা চৈকস্মিন্ কর্ম্মণ্যনুষ্ঠীয়মানে বিনিযুক্তান্ মন্ত্রান্ হিত্বা কর্ম্মান্তরেষু অবশিষ্টৈর্জপাদি কুর্ব্বন্তঃ স্বাত্মানং দেবাশ্ছাদিতবন্তঃ। তস্মাৎ ন মৃত্যুবশ্যতা তেষামিত্যর্থঃ। তেষাং ছন্দোভিশ্ছাদিতত্বে ছন্দসাং ছন্দস্ত্বপ্রসিদ্ধিপ্রকারমভিনয়তি—তৎ তস্মাদিতি॥৩৮॥২

ভাষ্যানুবাদ।—পুরাকালে দেবগণ মৃত্যু হইতে অর্থাৎ মৃত্যুর কারণীভূত পাপ হইতে ভীত হইয়া কি করিয়াছিলেন, তাহা কথিত হইতেছে—ত্রয়ী বিদ্যায় অর্থাৎ বেদবিহিত কর্ম্মে প্রবেশ করিয়াছিলেন; অর্থাৎ উহাকেই মৃত্যু হইতে পরিত্রাণের উপায়-স্বরূপ মনে করিয়া বেদোক্ত কর্ম্ম আরম্ভ করিয়াছিলেন। আরও, যে সমস্ত মন্ত্র [তাঁহাদের অনুষ্ঠেয় কর্ম্মে] প্রযুক্ত হয় না, তাঁহারা সেই সমস্ত ছন্দ অর্থাৎ মন্ত্র দ্বারা জপহোমাদি কর্ম্ম করিয়া কর্ম্মমধ্যে আপনাকে আচ্ছাদিত (আবৃত) করিয়াছিলেন। যেহেতু, এই সমস্ত মন্ত্র দ্বারা আচ্ছাদন করিয়াছিলেন, সেই আচ্ছাদন হেতুই মন্ত্রসমূহের ছন্দস্ত্ব অর্থাৎ 'ছন্দঃ' নাম প্রসিদ্ধ হইয়াছে॥৩৮॥২

তান্নু তত্র মৃত্যুর্যথা মৎস্যমুদকে পরিপশ্যেদেবং পর্য্যপশ্যদ্ ঋচি সাম্নি যজুষি। তে নু (ক) বিদিত্বোর্দ্ধা ঋচঃ সাম্নো যজুষঃ স্বরমেব প্রাবিশন্॥৩৯॥৩

(ক) 'বিত্বা' চ ইতি ক্বচিৎ পাঠঃ

উদকে (স্বল্পজলে) [সঞ্চরন্তং] মৎস্যং যথা পরিপশ্যেৎ (পশ্যতি) [লোকঃ], এবং (তথা) তত্র (কর্ম্মণি) [প্রবিষ্টান্] তান্ (দেবান্) উ (অপি) মৃত্যুঃ পর্য্যপশ্যৎ (দৃষ্টবান্), [কর্ম্মণা তে মৃত্যুভয়ং নাতিক্রান্তা ইতি ভাবঃ]। তে (দেবাঃ) নু (বিতর্কে) বিদিত্বা (মৃত্যুদৃষ্টিং জ্ঞাত্বা) ঋচঃ সাম্নঃ যজুষঃ (ঋগ্‌যজুঃসামসম্বন্ধাৎ কর্ম্মণঃ নিবৃত্য) স্বরং (স্বরশব্দিতম্ ওঙ্কারম্) এব প্রাবিশন্ (ওঙ্কারোপাসনপরায়ণা বভূবুরিত্যর্থঃ) ॥

স্বল্প জলে বিচরণশীল মৎস্যকে যেরূপ লোকে দেখিতে পায়, সেইরূপ মৃত্যুও ঋক্, যজুঃ ও সাম-বেদোক্ত সেই কর্ম্মাশ্রিত দেবগণকে দেখিতে পাইয়াছিল; তাঁহারা উহা বুঝিতে পারিয়া ঋক্, যজুঃ ও সামবেদ-বিহিত কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া স্বর অর্থাৎ ওঙ্কারাক্ষরে প্রবেশ করিয়াছিলেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তান্ তত্র দেবান্ কর্ম্মপরান্ মৃত্যুঃ যথা লোকে মৎস্যঘাতকো মৎস্যমুদকে নাতিগম্ভীরে পরিপশ্যেৎ বড়িশোদকস্রাবোপায়সাধ্যং মন্যমানঃ, এবং পর্য্যপশ্যৎ দৃষ্টবান্ মৃত্যুঃ। কর্ম্মক্ষয়োপায়সাধ্যান্ দেবান্ মেনে ইত্যর্থঃ। ক্বাসৌ দেবান্ দদর্শ ইত্যুচ্যতে—ঋচি সাম্নি যজুষি; ঋগ্‌যজুঃসামসম্বন্ধিকর্ম্মণীত্যর্থঃ। তে নু দেবা বৈদিকেন কর্ম্মণা সংস্কৃতাঃ শুদ্ধাত্মানঃ সন্তো মৃত্যোঃ চিকীর্ষিতং বিদিতবন্তঃ; বিদিত্বা চ তে ঊর্দ্ধা ব্যাবৃত্তাঃ কর্ম্মভ্যঃ ঋচঃ সাম্নঃ যজুষঃ ঋগ্‌যজুঃসামসম্বন্ধাৎ কর্ম্মণঃ অভ্যুত্থায়েত্যর্থঃ। তেন কর্ম্মণা মৃত্যুভয়াপগমং প্রতি নিরাশাঃ তদপাস্য অমৃতাভয়গুণমক্ষরং স্বরশব্দিতং প্রাবিশন্এব প্রবিষ্টবন্তঃ, ওঙ্কারোপাসনপরাঃ সংবৃত্তাঃ। এবশব্দোঽবধারণার্থঃ সন্ সমুচ্চয়প্রতিষেধার্থঃ। তদুপাসনপরাঃ সংবৃত্তা ইত্যর্থঃ ॥ ৩॥৩

আনন্দগিরিঃ।—কর্ম্মানুতিষ্ঠতাং দেবানাং মৃত্যুবশ্যতা ন ব্যাবৃত্তা, ইত্যাহ—তানিতি। তত্রেতি বৈদিককর্ম্মপ্রারম্ভোক্তিঃ। উশব্দোঽপ্যর্থঃ; যথোক্তকর্ম্মপরানপি তান্মৃত্যুঃ পর্য্যপশ্যদিতি সম্বন্ধঃ। কর্ম্মণাং মৃত্যুপদগোচরত্বং দৃষ্টান্তেনাহ—যথেতি। দার্ষ্টান্তিকভাগস্য বিবক্ষিতমর্থং সংগৃহ্লাতি—মৃত্যুরিতি। দার্ষ্টান্তিকে ক্ষুদ্রোদকস্থানীয়ং কিং স্যাৎ? ইতি প্রশ্নপূর্ব্বকং দর্শয়তি—ক্বাসাবিত্যাদিনা। ঋগাদীনাং নিত্যত্বেন ক্ষয়াভাবান্ন ক্ষুদ্রোদকস্থানীয়তা, ইত্যাশঙ্ক্য বিবক্ষিতমর্থমাহ—ঋগিতি। কর্ম্মণশ্চ কৃতকত্বেন ফলতঃ স্বরূপতশ্চ ক্ষয়িতা প্রসিদ্ধেতি ভাবঃ। মৃত্যুপরিহারোপায়মুপদিশতি—তে নু দেবা ইত্যাদিনা। কর্ম্মভ্যঃ সকাশাদূর্দ্ধা ব্যাবৃত্তা ইত্যর্থঃ। সর্ব্বকর্ম্মসংগ্রহার্থং কর্ম্মভ্য ইতি বহুবচনম্। অবৈদিক-কর্ম্মত্যাগস্য কর্ম্মিষপি সিদ্ধত্বাৎ বৈদিককর্ম্মত্যাগার্থং বিশিনষ্টি—ঋচ ইতি। কর্ম্মত্যাগমাত্রাৎ কৃতকৃত্যতাশঙ্কাং বারয়তি—তেনেতি। কিং তদক্ষরং তদাহ—ওঁকারেতি ॥ ৩॥৩

ভাষ্যানুবাদ।—জগতে মৎস্যঘাতক যেরূপ উদকে অর্থাৎ অনতিগম্ভীর জলে [বিচরণশীল] মৎস্যকে বড়িশ ও জলসেচনাদি উপায়ে গ্রহণযোগ্য মনে করিয়া দর্শন করে, তদ্রূপ মৃত্যুও বৈদিক কর্ম্মরত দেবগণকে দেখিয়াছিল, অর্থাৎ দেবগণকে কর্ম্মক্ষয়রূপ উপায়ে আক্রমণযোগ্য বলিয়া মনে করিয়াছিল। দেবগণকে কোথায় দেখিয়াছিল, তাহা বলা হইতেছে—ঋকে, সামে ও যজুতে, অর্থাৎ ঋক্, যজু ও সামবেদোক্ত কর্ম্মে। কিন্তু সেই দেবগণ বেদবিহিত কর্ম্মানুষ্ঠান দ্বারা সংস্কৃত অর্থাৎ বিশুদ্ধচিত্ত হওয়ায় মৃত্যুর চিকীর্ষিত বা অভিপ্রেত অবগত হইয়াছিলেন; অবগত হইয়া তাঁহারা ঋক্, সাম ও যজুর কর্ম্মসমূহ হইতে নিবৃত্ত হইয়া—ঋক্, যজু ও সামবেদোক্ত কর্ম্ম হইতে উত্থিত হইয়া অর্থাৎ সেই কর্ম্ম দ্বারা মৃত্যুভয় অতিক্রমে নিরাশ হইয়া, তাহা পরিত্যাগপূর্ব্বক অমৃত ও অভয়গুণসম্পন্ন 'স্বর' শব্দোক্ত অক্ষরেই প্রবেশ করিয়াছিলেন,—ওঁকারের উপাসনায় তৎপর হইয়াছিলেন। 'এব' শব্দটি অবধারণার্থক হইলেও, এখানে কর্ম্মসমুচ্চয়-প্রতিষেধও তাহার অপর একটি অর্থ (১৮); কেবলই ওঙ্কারোপাসনা-তৎপর হইয়াছিলেন ॥৩৯॥৩

যদা বা ঋচমাপ্নোত্যোমিত্যেবাতিস্বরতি এবꣳ সামৈবং যজুঃ, এষ উ স্বরো যদেতদক্ষরমেতদমৃতমভয়ং, তৎ প্রবিশ্য দেবা অমৃতা অভয়া অভবন্ ॥ ৪০ ॥ ৪

যদা (যস্মিন্ কালে) ঋচম্ (ঋগ্বেদোক্তং মন্ত্রম্) আপ্নোতি (উচ্চারয়তি), [তদা] 'ওম্' ইতি (এতৎ) এব [অবধারণে] অতিস্বরতি (আদরাতিশয়েন উচ্চারয়তি); এবং (উক্তবদেব) যজুঃ, এবং সাম; (ওঙ্কারোচ্চারণপূর্ব্বকমেব ঋগ্‌যজুঃসাম্নাম্ উচ্চারণং ভবতীত্যাশয়ঃ)। [কোঽসৌ স্বরঃ? ইত্যাহ]—এষঃ [বক্ষ্যমাণঃ] উ (এব) স্বরঃ (স্বরশব্দিতঃ) যৎ এতৎ অক্ষরম্ (ওঙ্কারঃ), এতৎ (অক্ষরং) অমৃতম্ অভয়ম্ (মৃত্যুভয়বারকং চ); দেবাঃ তৎ (অক্ষরং) প্রবিশ্য (আশ্রিত্য, উপাস্য) অমৃতাঃ (মরণরহিতাঃ) অভয়াঃ (মৃত্যুভয়রহিতাঃ চ) অভবন্ ॥

যখন ঋক্ পাঠ করে, তখন 'ওম্' এই অক্ষরই অতি আদরের সহিত উচ্চারণ করে, সাম ও যজুর সম্বন্ধেও এই নিয়ম। এই যে অক্ষর (ওঙ্কার), ইহাই 'স্বর' শব্দে [অভিহিত]; ইহা অমৃত ও অভয়স্বরূপ; দেবগণ ইহাকে আশ্রয় করিয়া অমর ও ভয়রহিত হইয়াছেন ॥

ভাষ্যানুবাদ।—[অনন্তর আধ্যাত্মিক রূপ কথিত হইতেছে]—পূর্ব্ববৎ (আদিত্যপুরুষের ন্যায়) এই যে পুরুষ অক্ষিমধ্যে সমাহিত-চিত্ত কর্ত্তৃক দৃষ্ট হয়, আধ্যাত্মিক বাগাদি এবং আধিদৈবিক পৃথিবী প্রভৃতিই তাহার সেই ঋক্ স্বরূপ, [এখানে] ঋক্ অর্থ—ছন্দোবদ্ধ অক্ষরাত্মক সেই প্রসিদ্ধ ঋক্; সাম অর্থও সেইরূপ; অথবা 'উক্থে'র সহিত উল্লিখিত হওয়ায়, সাম অর্থ—স্তোত্র, আর ঋক্ অর্থ—উক্থাতিরিক্ত শস্ত্র (শস্ত্র একপ্রকার বাক্যসন্দর্ভ); সেইপ্রকার যজুঃ; অর্থাৎ স্বাহা, স্বধা ও বষট্ প্রভৃতি সমস্ত শব্দই তৎস্বরূপ; কারণ, তিনিই সর্ব্বাত্মক ও সর্ব্বকারণ; ইহা পূর্ব্বেই বলিয়াছি। ঋক্ প্রভৃতির প্রসঙ্গে পঠিত হওয়ায়, এখানে 'ব্রহ্ম' অর্থ বেদত্রয়। সেই এই চাক্ষুষ পুরুষের সেই রূপটিই [এখানে] অতিদিষ্ট হইতেছে। সেটি কি? আদিত্যপুরুষের যাহা হিরণ্ময়াদি রূপ উক্ত হইয়াছে, [তাহা]। তাহার যাহা গেষ্ণ বা পর্ব্বদ্বয়, ইহারও তাহাই পর্ব্বদ্বয়; তাহার যাহা নাম—'উৎ' ও 'উদ্গীথ' ইত্যাদি, ইহারও তাহাই নাম।

যদি বল, আশ্রয়ের প্রভেদ থাকায়, রূপ, গুণ ও নামের অতিদেশ হওয়ায় (১) এবং শাসনেরও বিষয়ভেদ থাকায় আদিত্যপুরুষ ও অক্ষিপুরুষের মধ্যে নিশ্চয়ই প্রভেদ আছে? না—তাহা নাই; কারণ, [তাহা হইলে] 'অমুনা' ও 'অনেন' পদে অভিহিত একেরই যে উভয়াত্মতাপ্রাপ্তি, তাহা উপপন্ন হইতে পারে না। যদি বল, দ্বিধাভাবেত উপপন্ন হইতে পারে? [শ্রুতি নিজেও] বলিবেন—'তিনি একপ্রকার হন, এবং তিন প্রকার হন', ইত্যাদি। না—চেতন বস্তু স্বভাবতই এক ও নিরবয়ব; সুতরাং তাহার পক্ষে দ্বিধাভাব উপপন্ন হয় না। অতএব অধ্যাত্ম ও অধিদৈব একই বস্তু [পৃথক্ নহে]। রূপাদির অতিদেশকে যে ভেদ-কারণ বলিয়াছ, তাহাও ভেদপ্রতীতির কারণ নহে; তবে কি? পাছে, স্থানের ভেদে ভেদবুদ্ধি উপস্থিত হয়, তাহা বারণের জন্যই [রূপ-নামাদির অতিদেশ করা হইয়াছে] ॥৫৯॥৫

স এষ যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে মনুষ্য-কামানাঞ্চেতি। তদ্য ইমে বীণায়াং গায়ন্ত্যেতং তে গায়ন্তি, তস্মাত্তে ধনসনয়ঃ ॥৬০॥৬

সঃ (পূর্ব্বোক্তঃ) এষঃ (চাক্ষুষঃ পুরুষঃ), অস্মাৎ (আধ্যাত্মিকাৎ আত্মনঃ) অর্ব্বাঞ্চঃ (অধোবর্ত্তিনঃ) যে চ (অপি) লোকাঃ, তেষাং চ (অপি) ঈষ্টে (ঈশ্বরঃ), মনুষ্যকামানাং (মানবীয়-কামনানাং) চ (অপি) [ঈষ্টে]। ইতিশব্দঃ (প্রভাব-কথনসমাপ্তৌ)। তৎ (তস্মাৎ হেতোঃ) যে ইমে (জনাঃ) বীণায়াং গায়ন্তি, তে এতম্ (অক্ষিপুরুষম্ এব) গায়ন্তি; তস্মাৎ (কারণাৎ) তে (গায়কাঃ) ধনসনয়ঃ (ধনলব্ধারঃ ধনিনঃ) [ভবন্তীতি শেষঃ] ॥

এই সেই অক্ষিপুরুষই, ইহার অধোবর্ত্তী যে সমস্ত লোক আছে, তাহাদের এবং মনুষ্যগণের অভিলাষেরও ঈশ্বর। সেই কারণেই এই যাহারা বীণাযন্ত্রে গান করিয়া থাকে, তাহারাও ইঁহারই গান করে; সেই কারণেই তাহারা ধনসনি—ধনলব্ধা অর্থাৎ ধনী হইয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্।—স এষ চাক্ষুষঃ পুরুষঃ, যে চ এতস্মাদাধ্যাত্মিকাৎ আত্মনঃ অর্ব্বাগ্‌গতা লোকাঃ, তেষাং চ ঈষ্টে, মনুষ্যসম্বন্ধিনাঞ্চ কামানাম্। তৎ তস্মাদ্

(১) তাৎপর্য্য—এক স্থলে উক্ত বিষয়ের, যে অন্যত্র বরাত দেওয়া, তাহার নাম 'অতিদেশ'। এখানেও আদিত্যপুরুষের নামরূপাদির চাক্ষুষ পুরুষে বরাত দেওয়া হইয়াছে।

যে ইমে বীণায়াং গায়ন্তি গায়কাঃ তে এতমেব গায়ন্তি। যস্মাদীশ্বরং গায়ন্তি, তস্মাৎ তে ধনসনয়ো ধনলাভযুক্তা ধনবন্ত ইত্যর্থঃ ॥৬০॥৬

আনন্দগিরিঃ।—আধিদৈবিকপুরুষবৎ আধ্যাত্মিকেঽপি পুরুষে নিরতিশয়ৈশ্বর্য্য-শ্রবণাচ্চ তয়োরৈক্যম্ ইত্যাহ—স এব ইতি। তয়োর্ভেদাভাবে হেত্বন্তরমাহ—তৎ তস্মাদিতি। ঈশ্বরস্যৈব প্রাগুক্তহেতোর্গানবিষয়ত্বযোগ্যত্বাদিত্যর্থঃ। তচ্ছব্দার্থং স্ফুটয়তি—যস্মাদিতি ॥৬০॥৬

ভাষ্যানুবাদ।—সেই এই চাক্ষুষ পুরুষই এই আধ্যাত্মিক আত্মার অধোবর্ত্তী যে সমস্ত লোক, তৎসমস্তের এবং মনুষ্যগণের অভিলাষেরও প্রভু; অতএব, যে সমস্ত বাদক বীণায় গান করেন, তাঁহারা ইঁহারই গান করিয়া থাকেন। যেহেতু ঈশ্বরকেই গান করেন, সেই জন্যই তাঁহারা ধনলাভযুক্ত ধনী হইয়া থাকেন ॥৬০॥৬

অথ য এতদেবং বিদ্বান্ সাম গায়ত্যুভৌ স গায়তি। সোঽমুনৈব স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাꣳশ্চাপ্নোতি দেবকামাꣳশ্চ ॥৬১॥৭

অথ (অনন্তরং) [উপাসনাফলমুচ্যতে]—যঃ (জনঃ) এবং (উক্তপ্রকারেণ) বিদ্বান্ (জানন্ সন্) এতৎ (যথোপবর্ণিতং) সাম গায়তি, সঃ (গায়কঃ) উভৌ (পূর্ব্বোক্তৌ চাক্ষুষাদিত্যপুরুষৌ) গায়তি, সঃ (গায়কঃ) অমুনা (আদিত্যেন)—যে চ অমুষ্মাৎ (আদিত্যাৎ) পরাঞ্চঃ (অধস্তনাঃ) লোকাঃ, তান্ দেবকামান্ (দেবতাভিলাষান্) চ (অপি) সঃ এষঃ (গায়কঃ) আপ্নোতি (আদিত্যমণ্ডলে দেবদেহং লব্ধ্বা তথা প্রাপ্নোতীতি ভাবঃ)॥

অনন্তর উপাসনাফল কথিত হইতেছে—যিনি উক্তপ্রকার তত্ত্ব অবগত হইয়া এই সামগান করেন, তিনি [আদিত্য ও চাক্ষুষ পুরুষ, এই] উভয়কেই গান করেন; তিনি এই আদিত্যরূপেই—ইঁহার পরবর্ত্তী যে সমস্ত লোক, সে সমুদয় ও দেবগণের কাম্যবিষয়সমূহ প্রাপ্ত হন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ য এতদেবং বিদ্বান্ যথোক্তং দেবমুদ্গীথং বিদ্বান্ সাম গায়তি, উভৌ স গায়তি চাক্ষুষমাদিত্যঞ্চ। তস্যৈবংবিদঃ ফলমুচ্যতে—সঃ অমুনৈবাদিত্যেন স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি, আদিত্যান্তর্গতদেবো ভূত্বেত্যর্থঃ, দেবকামাংশ্চ ॥৬১॥৭

আনন্দগিরিঃ।—স্থানভেদেন যথোক্তোপাসনতঃ ফলোক্ত্যর্থং পাতনিকাং করোতি—অথেতি। এতৎ সামেতি সম্বন্ধঃ। এবং বিদ্বানিত্যেতদেব বিভজতে—যথোক্ত-

মিতি। বিদ্বানিত্যস্মাৎ উপরিষ্টাৎ অথশব্দঃ সম্বধ্যতে। সোঽমুনৈব লোকান্ কামাংশ্চ আপ্নোতীতি সম্বন্ধঃ। আপ্তিপ্রকারং বিবৃণোতি—স এষইতি। উপাস্যবদুপাসকস্যাপি কুতো নিরতিশয়মৈশ্বর্য্যং, ন হি দ্বয়োর্নিরঙ্কুশমৈশ্বর্য্যং যুক্তমিত্যাশংক্যাহ—আদিত্যেতি। অমুনৈব আদিত্যেন ইত্যুক্তমেবাত্র ব্যক্তীকৃতম্ ॥৬১॥৭

ভাষ্যানুবাদ।—অপিচ যিনি ইঁহাকে এই প্রকারে জানিয়া অর্থাৎ যথোক্ত উদ্গীথ দেবতাকে অবগত হইয়া সামগান করেন, তিনি উভয়েরই অর্থাৎ চাক্ষুষ ও আদিত্য পুরুষেরই গান করিয়া থাকেন। এবংবিধ সেই জ্ঞানীর ফল কথিত হইতেছে—তিনি এই আদিত্যরূপেই—তিনি আদিত্যের অন্তর্গত দেবমূর্ত্তি ধারণ করিয়া—যে সমস্ত লোক (ভোগস্থান) ইহার পরবর্ত্তী, তৎসমুদয় এবং দেবভোগসমূহও প্রাপ্ত হন ॥৬১॥৭

অথানেনৈব যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তা৺শ্চাপ্নোতি মনুষ্যকামা৺শ্চ; তস্মাদু হৈবংবিদুদ্গাতা ব্রূয়াৎ॥ ৬২॥৮

কং তে কামমাগায়ানীত্যেষ হ্যেব কামাগানস্যেষ্টে, য এতদেবং বিদ্বান্ সাম গায়তি সাম গায়তি ॥৬৩॥৯

ইতি প্রথমাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥৭॥

অথ (প্রকারান্তরসূচকং) [স এষঃ পুরুষঃ] অনেন (চাক্ষুষপুরুষরূপেণ) এব, যে চ (অপি) এতস্মাৎ (অক্ষিপুরুষাৎ) অর্ব্বাঞ্চঃ (অধোবর্ত্তিনঃ) লোকাঃ, তান্ মনুষ্যকামান্ (মনুষ্যাণাং যে কামাঃ, তান্) চ (অপি) আপ্নোতি। তস্মাৎ (কারণাৎ) হ (নিশ্চয়ে) এবংবিৎ (যথোক্তজ্ঞানবান্) উদ্গাতা ব্রূয়াৎ [যজমানম্ ইতি শেষঃ]—[হে যজমান] তে (তুভ্যং) কং (কিংনামকং) কামম্ (অভিলষিতং) আগায়ানি (গানেন ইষ্টং করবাণি)? হি (যস্মাৎ) এষঃ এব কামগানস্য (উদ্গানেন কামং সম্পাদয়িতুং) ইষ্টে (প্রভবতীত্যর্থ)। [কঃ?] যঃ (উদ্গাতা) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্ সন্) সাম (উদ্গীথং) গায়তি; দ্বিরুক্তিঃ উপাসনাসমাপ্ত্যর্থা॥

প্রকারান্তরে বলা হইতেছে যে, [সেই উপাসক] এই চাক্ষুষ পুরুষাকারেই ইহার নিম্নবর্ত্তী যে সমস্ত লোক আছে, সে সমস্ত লোক এবং যাবতীয় মনুষ্য-কামনা লাভ করিয়া থাকেন। এই কারণেই যথোক্ত-তত্ত্বদর্শী উদ্গাতা [যজমানকে] এইরূপ বলিবেন যে, তোমার কোন্ কামনা [সিদ্ধির জন্য] গান করিব? যেহেতু ইনিই যথার্থ কাম-গানের ঈশ্বর বা অধিকারী, এই প্রকার জ্ঞান

লাভ করতঃ সামগান করেন। উপাসনাসমাপ্তি-সূচনার উদ্দেশে 'সাম গায়তি' কথা দুইটির দ্বিরুক্তি হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ অনেনৈব চাক্ষুষেণৈব, যে চৈতস্মাৎ অর্ব্বাঞ্চো লোকাঃ, তান্ চ আপ্নোতি মনুষ্যকামাংশ্চ, চাক্ষুষো ভূত্বেত্যর্থঃ। তস্মাৎ উ হ এবংবিৎ উদ্‌গাতা ব্রূয়াদ্ যজমানং—কম্ ইষ্টং তে তব কামম্ আগায়ানীতি। এবঃ হি যস্মাৎ উদ্‌গাতা কামগানস্য উদ্‌গানেন কামং সম্পাদয়িতুমীষ্টে সমর্থ ইত্যর্থঃ। কোঽসৌ? য এবং বিদ্বান্ সাম গায়তি সাম গায়তি। দ্বিরুক্তি-রুপাসনসমাপ্ত্যর্থা॥ ৬২—৬৩॥ ৮—৯

ইতি প্রথমাধ্যায়স্য সপ্তম-খণ্ড-ভাষ্যম্॥৭॥

আনন্দগিরিঃ।—অথশব্দঃ তথাপর্য্যায়ঃ। চাক্ষুষঃ ভূত্বা অনেনৈব চাক্ষুষেণৈবেতি সম্বন্ধঃ। উক্তফলস্য যাজমানত্বং দর্শয়তি—তস্মাদিতি। তচ্ছব্দার্থমেব কথয়তি—এব হীতি। উদ্‌গাতারং বিশিনষ্টি—কোঽসাবিতি। উদ্‌গীথে পরস্য সম্পাদ্যোপাসনং বিভাগেনোক্তমুপসংহরতি—দ্বিরুক্তিরিতি॥ ৬২—৬৩॥ ৮—৯

ইতি প্রথমাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ॥৭॥

ভাষ্যানুবাদ।—[অন্যপ্রকার ফলোল্লেখ-সূচনার্থ 'অথ' শব্দ প্রযুক্ত হইয়াছে।] এইরূপে—চাক্ষুষরূপে অর্থাৎ নিজে চাক্ষুষ পুরুষ হইয়া। যেহেতু এই উদ্‌গাতা কামগানের দ্বারা অর্থাৎ উদ্‌গীথ গান দ্বারা অভিলাষ সম্পাদন করিতে সমর্থ, সেই-হেতু নিশ্চয়ই যথোক্তজ্ঞানসম্পন্ন উদ্‌গাতা যজমানকে (যজ্ঞানুষ্ঠাতাকে) এই প্রকার বলিবেন—তোমার কোন্ অভীষ্ট বিষয় তোমার ইচ্ছানুসারে গান করিব। ইনি কে? যিনি এই প্রকার জানিয়া সামগান করিয়া থাকেন। উপাসনাপ্রকরণ-সমাপ্তি-সূচনার্থ ['সাম গায়তি' বাক্যের] দ্বিরুক্তি হইয়াছে॥ ৬২—৬৩॥ ৮—৯

ইতি প্রথমাধ্যায়ে সপ্তম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥৭॥

অষ্টমঃ খণ্ডঃ।

ত্রয়ো হোদ্‌গীথে কুশলা বভূবুঃ—শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নো দাল্‌ভ্যঃ প্রবাহণো জৈবলিরিতি ; তে হোচুরুদ্‌গীথে বৈ কুশলাঃ স্মো হন্তোদ্‌গীথে কথাং বদাম ইতি ॥৬৪॥ ১

[ইদানীং প্রকারান্তরেণ উদ্গীথোপাসনাং বক্তুমুপক্রমতে 'ত্রয়ঃ' ইত্যাদিনা।] —ত্রয়ঃ (বক্ষ্যমাণা ঋষয়ঃ) হ (ঐতিহ্যে) উদ্‌গীথে (উদ্‌গীথবিজ্ঞানে) কুশলাঃ (নিপুণাঃ) বভূবুঃ। [কে তে ? ইত্যাহ]—শিলকঃ (তন্নামা) শালাবত্যঃ (শলাবতঃ পুত্রঃ), দাল্‌ভ্যঃ (দল্‌ভবংশীয়ঃ) চৈকিতায়নঃ (চিকিতায়নপুত্রঃ), প্রবাহণঃ (তন্নামা) জৈবলিঃ (জীবলস্য পুত্রঃ) ইতি (এতে ত্রয়ঃ)। তে (শিলকাদয়ঃ) হ (ঐতিহ্যে) উচুঃ (পরস্পরং কথিতবন্তঃ)—[যৎ] [বয়ং] বৈ (এব) উদ্‌গীথে (উদ্‌গীথবিজ্ঞানে) কুশলাঃ স্মঃ (ভবামঃ) ; হন্ত (সম্মতি-জিজ্ঞাসায়াং) উদ্‌গীথে (উদ্‌গীথবিদ্যাবিষয়ে) কথাং বদামঃ (পক্ষ-প্রতিপক্ষ-পরিগ্রহ-পূর্ব্বকং বিচারং কুর্ম্ম ইত্যর্থঃ) ইতি ॥

এখানে প্রকারান্তরে উদ্‌গীথোপাসনা প্রদর্শন করিতেছেন ;—পূর্ব্বকালে শলাবতের পুত্র শিলক, দল্‌ভবংশীয় চৈকিতায়ন, এবং জীবলের পুত্র প্রবাহণ, এই তিন জন ঋষি উদ্‌গীথবিদ্যায় নিপুণ ছিলেন। তাঁহারা বলিলেন,—নিশ্চয় আমরা উদ্‌গীথবিদ্যায় পণ্ডিত, যদি সম্মতি হয় [তবে এস], আমরা উদ্‌গীথবিষয়ে বিচার করি ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অনেকধোপাস্যত্বাৎ অক্ষরস্য প্রকারান্তরেণ পরোবরীয়স্ত্বগুণফলম্ উপাসনান্তরমানিনায়। ইতিহাসস্তু সুখাববোধনার্থঃ। ত্রয়স্ত্রিসংখ্যকাঃ ; হ ইতি ঐতিহ্যার্থঃ। উদ্‌গীথে উদ্‌গীথজ্ঞানং প্রতি কুশলা নিপুণা বভূবুঃ ; কস্মিংশ্চিদ্দেশে কালে চ নিমিত্তে বা সমেতানামিত্যভিপ্রায়ঃ। ন হি সর্ব্বস্মিন্ জগতি ত্রয়াণামেব কৌশলমুদ্‌গীথাদিবিজ্ঞানে। শ্রূয়ন্তে হি উষস্তি-জানশ্রুতি-কৈকেয় প্রভৃতয়ঃ সর্ব্বজ্ঞকল্পাঃ। কে তে ত্রয়ঃ ? ইত্যাহ—শিলকো নামতঃ শলাবতোঽপত্যং শালাবত্যঃ ; চিকিতায়নস্যাপত্যং চৈকিতায়নঃ ; দল্‌ভ্যগোত্রো দাল্‌ভ্যঃ ; দ্ব্যামুষ্যায়ণো বা ; প্রবাহণো নামতো জীবলস্যাপত্যং জৈবলিঃ,

ইত্যেতে ত্রয়ঃ—তে হোচুঃ অন্যোন্যম্ উদ্গীথে বৈ কুশলা নিপুণা ইতি প্রসিদ্ধাঃ স্মঃ। অতো হন্ত—যদ্যনুমতির্ভবতাম, উদ্গীথে উদ্গীথজ্ঞাননিমিত্তাং কথাং বিচারণাং পক্ষ-প্রতিপক্ষোপন্যাসেন বদামো বাদং কুর্ম্ম ইত্যর্থঃ। তথাচ তদ্বিদ্যসংবাদে বিপরীতগ্রহণনাশঃ অপূর্ব্ববিজ্ঞানোপজনঃ সংশয়নিবৃত্তিশ্চেতি। অতস্তদ্বিদ্য-সংযোগঃ কর্ত্তব্য ইতি চ ইতিহাস-প্রয়োজনম্। দৃশ্যতে হি শিলকাদীনাম্ ॥৬৪॥১

আনন্দগিরিঃ।—অধ্যাত্মাধিদৈবতস্থানভেদাবচ্ছিন্নপরমাত্মদৃষ্ট্যা উদ্গীথোপাসন-মখিলপাপ্মাপগমফলমুক্তম্। সম্প্রতি স্থানভেদাবচ্ছেদং হিত্বা পরোবরীয়স্ত্ব-গুণক-পরমাত্মদৃষ্ট্যোদ্গীথোপাসনং পরোবরীয়স্ত্বপ্রাপ্তিফলকমানীতবান্ আম্নায়ঃ, ইতি প্রকরণ-তাৎপর্য্যমাহ—অনেকধেতি। তর্হি বিবক্ষিতমুপাসনমেব উচ্যতাং, কিমাখ্যায়িকয়া ইত্যাশঙ্ক্যাহ—ইতিহাসস্ত্বিতি। ইতিহাসঃ পূর্ব্ববৃত্তম্; ইতিহস্য ভাব ঐতিহ্যম্। সমেতা-নামিতি নির্ধারণে ষষ্ঠী। ননু সর্ব্বস্মিন্ জগতি ত্রয়াণামে-বোদ্গীথাদিজ্ঞানে কৌশলমিতি কিং নোচ্যতে, কিমিতি তেষাং মধ্যে ত্রয়াণামেব তন্নৈপুণ্যং প্রতিজ্ঞায়তে, তত্রাহ—ন হীতি। অমুষ্য প্রসিদ্ধস্যাপত্যম্ আমুষ্যায়ণঃ, দ্বয়োঃ আমুষ্যায়ণঃ দ্ব্যামুষ্যায়ণঃ। তব মম চায়মিতি পরিভাবয়া ধর্ম্মতঃ পরিগৃহীত ইতি যাবৎ। কিমর্থো বাদারম্ভ ইত্যত আহ—তথাচেতি। প্রবৃত্তে বাদে তস্মিন্ বিবক্ষিতেঽর্থে বিদ্যা যেষাং, তৈঃ সহ সংবাদে দৃষ্টমেব ফলমিত্যর্থঃ। ইতি-শব্দস্য প্রয়োজনমিত্যনেন সম্বন্ধঃ। বাদারম্ভস্য দৃষ্ট-ফলত্বে ফলিতমাহ—অত ইতি। ইতিহাসস্তু সুখাববোধার্থ ইত্যুক্তেন সমুচ্চয়ার্থশ্চকারঃ। কথং যথোক্তং ফলং দৃষ্ট-মিত্যাশঙ্ক্যাহ—দৃশ্যতে হীতি। শিলকাদীনাং তদ্বিদ্যসংযোগে বিপরীত ধী-ধ্বংসাদিকং ফলমিতি শেষঃ ॥৬৪॥১॥

ভাষ্যানুবাদ।—উদ্গীথাক্ষরের অনেকপ্রকার উপাসনা আছে; এইজন্য প্রকারান্তরে 'পরোবরীয়স্ত্ব'-গুণ-প্রাপ্তিরূপ ফল-বিধানার্থ অন্যপ্রকার উপাসনা উপদেশ করিয়াছেন। বোধসৌকর্য্যার্থ আখ্যায়িকা রচিত হইয়াছে।

'ত্রয়ঃ' অর্থ—সংখ্যায় তিন জন, 'হ' শব্দ ঐতিহ্যসূচক; 'উদ্গীথে' অর্থ—উদ্গীথ জ্ঞানসম্বন্ধে, কুশল অর্থাৎ নিপুণ (সুপণ্ডিত) হইয়াছিলেন। অভিপ্রায় এই যে, কোন সময়ে কোন কারণে কোন এক স্থানে সমবেত জনসংঘের মধ্যে ঐ তিন জনই উদ্গীথ-বিদ্যায় বিচক্ষণ বলিয়া প্রতিপন্ন হইয়াছিলেন; নচেৎ সমস্ত জগতে যে, কেবল এই তিন জনেরই উদ্গীথবিদ্যায় নৈপুণ্য ছিল, তাহা সম্ভবপর নহে; কেন না, শুনা যায়—উষস্তি, জানশ্রুতি ও কৈকেয় প্রভৃতিরাও সর্ব্বজ্ঞতুল্য

ছিলেন। সেই তিন জন কে কে? তাহা বলিতেছেন—শিলক নামে শলাবানের পুত্র—শালাবত্য, চিকিতায়নের পুত্র—চৈকিতায়ন; দল্‌ভ-বংশে উৎপন্ন দাল্‌ভ্য, অথবা দ্ব্যামুষ্যায়ণ, অর্থাৎ চিকিতায়ন ও দল্‌ভ, এই উভয়েরই পুত্র (১); আর প্রবাহণ নামে জীবলের পুত্র—জৈবলি, এই তিনজন; তাঁহারা পরস্পরকে বলিয়াছিলেন—আমরা উদ্গীথবিদ্যায় নিপুণ বলিয়া প্রসিদ্ধ আছি; অতএব যদি আপনাদের সম্মতি হয়, [তাহা হইলে আসুন,] আমরা উদ্গীথজ্ঞানের নিমিত্ত কথা বলি, অর্থাৎ পক্ষ ও প্রতিপক্ষ কল্পনাপূর্ব্বক বাদ-বিচার করি। এইরূপ হইলে, তদ্‌বিদ্যসংবাদের ফলে (২) বিপরীত জ্ঞানের (ভ্রান্তধারণার) নাশ, অভিনব বিজ্ঞানোৎপত্তি, এবং সংশয়েরও নিবৃত্তি হইবে। অতএব তদ্‌বিদ্যসংযোগ করা আবশ্যক; ইহা প্রদর্শন করাও উক্ত ইতিহাস বা আখ্যায়িকার উদ্দেশ্য। শিলক প্রভৃতির সম্বন্ধেও [এইরূপ ব্যবহার] দেখা যায়—॥৬৪॥১

তথেতি হ সমুপবিবিশুঃ, স হ প্রবাহণো জৈবলিরুবাচ—ভগবন্তাবগ্রে বদতাং ব্রাহ্মণয়োর্ব্বদতোর্ব্বাচঃ শ্রোষ্যামীতি ॥৬৫॥২

[তে ত্রয়ঃ] তথা (এবম্ অস্তু) ইতি [কৃত্বা] সমুপবিবিশুঃ (সমেত্য উপবিষ্টাঃ) হ (ঐতিহ্যে), [তেষু মধ্যে] সঃ (প্রাগুক্তঃ) প্রবাহণঃ নাম জৈবলিঃ হ (কিল) উবাচ (ইতরৌ উক্তবান্)—ভগবন্তৌ (পূজনীয়ৌ শিলকঃ দাল্‌ভ্যশ্চ) অগ্রে (প্রথমং) বদতাম্ (বাদং বিচারং কুরুতাম্); বদতোঃ (বাদং কুর্ব্বতোঃ) ব্রাহ্মণয়োঃ (ভবতোঃ) বাচং (বাদকথাং) শ্রোষ্যামি ইতি ॥

'তাহাই হউক' বলিয়া তাঁহারা সমুপবেশন করিলেন। তন্মধ্যে জীবলতনয়

(১) তাৎপর্য্য—দ্বাদশপ্রকার পুত্রের অতিরিক্ত 'দ্ব্যামুষ্যায়ণ'ও একপ্রকার পুত্র। 'এই পুত্র তোমার (জনকের) ও আমার (গ্রহীতার) উভয়েরই জলপিণ্ডাদি দানে অধিকারী হউক', এই প্রকার সংকল্পপূর্ব্বক ধর্ম্মানুসারে গৃহীত পুত্র 'দ্ব্যামুষ্যায়ণ' নামে কথিত হয়। এইরূপ পুত্রগ্রহণ যুগান্তরে ব্যবস্থিত ছিল।

(২) তাৎপর্য্য—'তদ্বিদ্য-সংবাদ' অর্থ যাহার যে বিদ্যার অনুশীলন আছে, সেই বিদ্যার অনুশীলনকারী অপরের সহিত তাহার বিজ্ঞেয় বিদ্যাবিষয়ে আলোচনা করা। সাংখ্যে ইহাকে সুহৃৎপ্রাপ্তি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। তাঁহারা বলেন, নিজের মনে মনে যে সিদ্ধান্ত স্থির করা হয়, তাহা ততক্ষণ পর্য্যন্ত সিদ্ধান্ত বলিয়াই গ্রহণীয় নহে, যতক্ষণ তদ্বিষয়ে অভিজ্ঞ লোকের অনুমোদন না হয়। তাহার কারণ এই যে, অনেক সময়ে বুদ্ধিদোষে বিপরীত অর্থকেও প্রকৃত সিদ্ধান্ত বলিয়া গ্রহণ করা হইয়া থাকে; বহুকালেও তাহার সেই দোষ উপলব্ধি করা সম্ভব হয় না, কিন্তু অপরে তাহার দোষ অনায়াসে দেখাইয়া দিতে পারেন। এইরূপে স্বসিদ্ধান্তগত সংশয়ও নিবৃত্ত হইয়া যায়, এবং ক্রমে তদ্বিষয়ে বিমল জ্ঞান উৎপন্ন হইতে থাকে।

প্রবাহণ বলিলেন,—প্রথমে আপনারা দুইজনেই বিচার করুন, আমি ব্রাহ্মণদ্বয়ের বিচার শ্রবণ করিব ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথেত্যুক্ত্বা তে সমুপবিবিশুঃ, হ উপবিষ্টবন্তঃ কিল। তত্র রাজ্ঞঃ প্রাগল্‌ভ্যোপপত্তেঃ স হ প্রবাহণো জৈবলিরুবাচ ইতরৌ—ভগবন্তৌ পূজাবন্তৌ অগ্রে পূর্ব্বং বদতাম্। ব্রাহ্মণয়োরিতি লিঙ্গাৎ রাজাসৌ ; যুবয়োর্ব্রাহ্মণয়োঃ বদতোর্ব্বাচং শ্রোষ্যামি। অর্থরহিতামিত্যপরে বাচমিতি বিশেষণাৎ ॥৬৫॥২

আনন্দগিরিঃ।—তত্রেতি নির্ধারণার্থে সপ্তমী। রাজ্ঞঃ প্রাগল্‌ভ্যোপপত্তেরিত্যযুক্তং, তস্য রাজত্বে হেত্বভাবাদিত্যাশঙ্ক্যাহ—ব্রাহ্মণয়োরিতীতি। পক্ষান্তরং বিশেষণসামর্থ্যাদুখাপ্যাঙ্গীকরোতি—অথেতি ॥৬৫॥২

ভাষ্যানুবাদ।—তাঁহারা 'তথাস্তু' বলিয়া তৎকালে উপবেশন করিলেন। তন্মধ্যে রাজার প্রগল্‌ভতা সম্ভবপর, এইজন্যই জীবলপুত্র প্রবাহণ (রাজা) অপর দুই জনকে বলিয়াছিলেন—ভগবান্ অর্থাৎ পূজনীয় আপনারা দুইজনেই প্রথমে বিচার করুন, বাদ-কারী (৩) আপনাদের দুই ব্রাহ্মণের বাক্য আমি শ্রবণ করিব। কেহ কেহ বলেন যে, 'বাচং' এই বিশেষণ [বুঝিতে হইবে], থাকায় 'বাচং' অর্থ—অর্থহীন (নিরর্থক) শব্দ মাত্র। শিলক ও দাল্‌ভ্যকে ব্রাহ্মণ বলিয়া উল্লেখ করায় প্রবাহণের ক্ষত্রিয়ত্ব সূচিত হইল ॥৬৫॥২

স হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ—হন্ত ত্বা পৃচ্ছানীতি, পৃচ্ছেতি হোবাচ ॥৬৫॥৩

সঃ (পূর্ব্বোক্তঃ) শালাবত্যঃ শিলকঃ হ (কিল) চৈকিতায়নং দাল্‌ভ্যম্ উবাচ—হন্ত (ইতি অনুমতিজিজ্ঞাসায়াং, যদি অনুমতিঃ ভবেৎ) ত্বা (ত্বাং) পৃচ্ছানি (প্রষ্টুমিচ্ছামি) ইতি ; পৃচ্ছ (প্রশ্নং কুরু) ইতি হ উবাচ (উক্তবান্) [দাল্‌ভ্য ইতি শেষঃ]।

শলাবতের পুত্র শিলক ঋষি চৈকিতায়ন দাল্‌ভ্যকে বলিলেন, যদি অনুমতি

(৩) তাৎপর্য্য—কোন একটি তত্ত্ব নির্দ্ধারণ লইয়া যে বিচার করা হয়, তাহা চারিপ্রকার (১) বাদ, (২) জল্প, (৩) বিতর্ক, (৪) বিতণ্ডা। কেবলই তত্ত্ব নিরূপণ করা যে বিচারের উদ্দেশ্য, তাহাকে বাদ বলে। পক্ষ প্রতিপক্ষ কল্পনা করিয়া তত্ত্বনিরূপণার্থ যে বিচার হয়, তাহাকে বলে 'জল্প'। তত্ত্বনির্ণয়ের দিকে লক্ষ্য রাখিয়া যে, কেবল নিজ নিজ মত সমর্থনের জন্য বিচার, তাহার নাম বিতর্ক। আর যেখানে তত্ত্বনিরূপণ উপলক্ষে কেবল পরপক্ষ খণ্ডন করাই প্রধান লক্ষ্য, নিজের কোনও মত থাকে না : তাহার নাম বিতণ্ডা—ইহা সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট। কেহ কেহ 'বিতর্ক' কথাকে বিতণ্ডার অন্তর্গত করিয়া তিন প্রকার মাত্র কথা ভেদ স্বীকার করিয়া থাকেন।

হয়, আমি তোমাকে এই প্রশ্ন করিতে ইচ্ছা করি। দাল্‌ভ্য বলিলেন—প্রশ্ন কর ॥৬৬॥৩

শাঙ্কর-ভাষ্যম্।—উক্তয়োঃ স হ শিলকঃ শালাবত্যঃ চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ হন্ত যত্তনুমংস্যসে, ত্বা ত্বাং পৃচ্ছানি ইত্যুক্ত ইতরঃ পৃচ্ছেতি হোবাচ ॥৬৬॥৩

আনন্দগিরিঃ।—রাজ্ঞা যথোক্তেন প্রকারেণ উক্তয়োর্ব্রাহ্মণয়োর্ম্মধ্যে শালাবত্যো দাল্‌ভ্যং প্রত্যুবাচেতি সম্বন্ধঃ ॥৬৬॥৩

ভাষ্যানুবাদ।—উক্ত উভয়ের মধ্যে শালাবত্য শিলক চৈকিতায়ন দাল্‌ভ্যকে বলিলেন—যদি অনুমতি কর, আমি তোমাকে জিজ্ঞাসা করিতে ইচ্ছা করি; এই কথা বলিলে পর, অপর (দাল্‌ভ্য) বলিলেন—জিজ্ঞাসা কর ॥৬৬॥৩

কা সাম্নো গতিরিতি, স্বর ইতি হোবাচ; স্বরস্য কা গতিরিতি, প্রাণ ইতি হোবাচ; প্রাণস্য কা গতিরিত্যন্নমিতি হোবাচ; অন্নস্য কা গতিরিত্যাপ ইতি হোবাচ ॥৬৭॥৪

[শিলকস্য প্রশ্নম্ দাল্‌ভ্যস্য চ তদুত্তরমাহ—'কা' ইত্যাদিনা।]—সাম্নঃ (সামাংশস্যোদ্‌গীথস্য) কা গতিঃ (পরম আশ্রয়ঃ)? স্বরঃ (নিষাদ-গান্ধাররূপঃ, স্বরাত্মকত্বাৎ সাম্ন ইত্যাশয়ঃ), ইতি (এতৎ) হ (কিল) উবাচ [দাল্‌ভ্য ইতি শেষঃ]। স্বরস্য কা গতিঃ? ইতি [শিলক-প্রশ্নঃ]; প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ, প্রাণাধীনত্বাৎ স্বরব্যবহারস্য) ইতি হ উবাচ [দাল্‌ভ্যঃ]। প্রাণস্য কা গতিঃ? ইতি [শিলক-প্রশ্নঃ]; অন্নম্ [অন্নাধীনত্বাৎ প্রাণস্থিতেরিতি ভাবঃ] ইতি হ উবাচ [দাল্‌ভ্যঃ]। অন্নস্য কা গতিঃ? ইতি [শিলক-প্রশ্নঃ]; আপঃ (জলানি, জলাধীনত্বাৎ অন্নোৎপত্তেঃ) ইতি হ উবাচ [দাল্‌ভ্যঃ] ॥

শিলকের প্রশ্ন এবং দাল্‌ভ্যকর্ত্তৃক প্রদত্ত তদুত্তর কথিত হইতেছে—[শিলক জিজ্ঞাসা করিলেন] সামের অর্থাৎ প্রস্তাবিত সামাংশ উদ্‌গীথের যথার্থ আশ্রয় কি? [দাল্‌ভ্য] বলিলেন—স্বর অর্থাৎ গীতিময় সাম যখন নিষাদ-গান্ধারাদি-স্বরাত্মক, তখন স্বরই তাহার যথার্থ আশ্রয়। [পুনঃ প্রশ্ন]—স্বরের আশ্রয় কি? [দাল্‌ভ্য] বলিলেন—প্রাণ, [কারণ, প্রাণের সাহায্যেই স্বর অভিব্যক্ত হয়]। [পুনঃ প্রশ্ন]—প্রাণের আশ্রয় কি? [দাল্‌ভ্য] বলিলেন—অন্ন, [কারণ, অন্ন দ্বারাই প্রাণের স্থিতি হয়]। [প্রশ্ন]—অন্নের আশ্রয় কি? [দাল্‌ভ্য] বলিলেন—জল, [কেননা, জল হইতেই অন্নের উৎপত্তি] ॥

শাঙ্কর-ভাষ্যম্।—লব্ধানুমতিরাহ—কা সাম্নঃ—প্রকৃতত্বাদুদ্গীথস্য, উদ্গীথো হি অত্রোপাস্যত্বেন প্রকৃতঃ; "পরোবরীয়াংসমুদ্গীথম্" ইতি চ বক্ষ্যতি; গতিঃ আশ্রয়ঃ পরায়ণমিত্যেতৎ। এবং পৃষ্টো দাল্ভ্য উবাচ—স্বর ইতি; স্বরাত্মকত্বাৎ সাম্নঃ যো যদাত্মকঃ স তদ্গতিস্তদাশ্রয়শ্চ ভবতীতি যুক্তম্, মৃদাশ্রয় ইব ঘটাদিঃ। স্বরস্য কা গতিরিতি, প্রাণ ইতি হোবাচ; প্রাণনিষ্পাদ্যো হি স্বরঃ, তস্মাৎ স্বরস্য প্রাণো গতিঃ। প্রাণস্য কা গতিরিতি অন্নমিতি হোবাচ; অন্নাবষ্টম্ভো হি প্রাণঃ; "শুষ্যতি বৈ প্রাণ ঋতেঽন্নাৎ" ইতি শ্রুতেঃ, "অন্নং দাম" ইতি চ। অন্নস্য কা গতিরিতি, আপ ইতি হোবাচ; অপ্সম্ভবত্বাদন্নস্য ॥৬৭॥৪

আনন্দগিরিঃ।—সাম্নো গতিরিত্যন্বয়ঃ। সামশব্দার্থমাহ—প্রকৃতত্বাদিতি। তস্য পূর্ব্বোত্তরগ্রন্থয়োঃ প্রকৃতত্বং প্রকটয়তি—উদ্গীথো হীতি। গতিশব্দস্য ক্রিয়াবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—আশ্রয় ইতি। ঔপচারিকমাশ্রয়ং নিরস্যতি—পরায়ণমিত্যেতদিতি। স্বরো ধ্বনিভেদঃ, স কথমুদ্গীথস্য গতিঃ ইত্যাশঙ্ক্যাহ—স্বরাত্মকত্বাদিতি। তদ্-ব্যঞ্জকতয়া তদাশ্রয়ত্বেন তত্তাদাত্ম্যাদ্ ভবতি স্বরস্তস্য গতিরিত্যর্থঃ। সাম্নঃ স্বরাত্মকত্বেঽপি কথং তদ্গতিত্বমিত্যাশঙ্ক্য দৃষ্টান্তেন পরিহরতি—যো যদাত্মকইতি। প্রাণস্যান্নাবষ্টম্ভত্বে বাজসনেয়শ্রুতিং প্রমাণয়তি—শুষ্যতীতি। বৎসস্থানীয়স্য প্রাণস্য অন্নং দাম বন্ধনমিতি চ শ্রুতেরিত্যর্থঃ। 'তা অন্নমসৃজন্ত' ইতি শ্রুতেরন্নস্যাপ্-সম্ভবত্বং দ্রষ্টব্যম্ ॥৬৭॥৪

ভাষ্যানুবাদ।—[শিলক] অনুমতি লাভ করিয়া বলিলেন—সামের—উদ্গীথই এখানে উপাস্যরূপে প্রস্তাবিত, এবং 'পরোবরীয়ান্' বলিয়া পরেও [উদ্গীথের কথা] বলা হইবে; অতএব, এখানে সাম অর্থ—উদ্গীথ। সামের অর্থাৎ প্রস্তাবিত উদ্গীথের গতি—আশ্রয় অর্থাৎ প্রকৃষ্ট আশ্রয় স্থান কি? দাল্ভ্য এইরূপে জিজ্ঞাসিত হইয়া বলিলেন—স্বর; অর্থাৎ নিষাদ প্রভৃতি স্বরই আশ্রয়; কেন না, স্বরই সামের আত্মা (প্রকৃত স্বরূপ), যাহা যদাত্মক, তাহা যে তদ্গতি ও তদাশ্রিত হয়, ইহা যুক্তিযুক্ত বটে, মৃত্তিকাশ্রিত ঘটাদিই ইহার দৃষ্টান্ত-স্থল। স্বরের গতি বা আশ্রয় কি? [দাল্ভ্য] বলিলেন—প্রাণ; কারণ প্রাণই স্বরসম্পাদক; সুতরাং প্রাণই স্বরের আশ্রয়। প্রাণের আশ্রয় কে? [দাল্ভ্য] বলিলেন—অন্ন; কারণ, অন্নই প্রাণের বিধারক; যেহেতু শ্রুতি বলিতেছেন—'অন্নের অভাবে প্রাণ শুষ্ক হইয়া যায়' এবং 'অন্নই প্রাণ-বন্ধন'। অন্নের আবার আশ্রয় কে? [দাল্ভ্য] বলিলেন—জল; কারণ, জলেই অন্নের উৎপত্তি ॥৬৭॥৪

অপাং কা গতিরিত্যসৌ লোক ইতি হোবাচ, অমুষ্য লোকস্য কা গতিরিতি, ন স্বর্গং লোকমতিনয়েদিতি হোবাচ;

স্বর্গং বয়ং লোকꣳ সামাভিসংস্থাপয়ামঃ স্বর্গসꣳস্তাবꣳ হি সামেতি ॥৬৮॥৫

[পুনশ্চ শিলক আহ]—অপাং কা গতিঃ? ইতি, অসৌ লোকঃ (স্বর্গলোকঃ বৃষ্ট্যুৎপাদকত্বাৎ) ইতি হ উবাচ [দাল্ভ্যঃ]। অমুষ্য লোকস্য (স্বর্গলোকস্য) কা গতিঃ? ইতি, [দাল্ভ্যঃ] উবাচ—স্বর্গং লোকম্ অতি (অতিক্রম্য, ততোঽপ্যূর্দ্ধং কিঞ্চিৎ আশ্রয়ান্তরং) ন নয়েৎ [সাম ইতি শেষঃ]; হি [যস্মাৎ] সাম স্বর্গসংস্তাবং (স্বর্গরূপেণ সংস্তাবো যস্য, তৎ তথা), ইতি (হেতোঃ) বয়ং সাম (উদ্গীথং) স্বর্গং লোকম্ অভিসংস্থাপয়ামঃ; (স্বর্গলোকপ্রতিষ্ঠমেব সাম জানীম ইত্যর্থঃ)॥

শিলক পুনশ্চ জিজ্ঞাসা করিলেন—জলের প্রকৃষ্ট আশ্রয় কি? [দাল্ভ্য] বলিলেন—এই লোক অর্থাৎ স্বর্গলোক। এই লোকের আবার আশ্রয় কে? [দাল্ভ্য বলিলেন]—স্বর্গলোক অতিক্রম করিয়া অন্যত্র সামকে লইয়া যাইবে না, অর্থাৎ স্বর্গাতিরিক্ত স্থানে সামের অবস্থিতি চিন্তা করিবে না; আমরা সামকে স্বর্গলোকেই প্রতিষ্ঠিত বলিয়া জানি; কারণ, স্বর্গরূপেই সামের স্তুতি করা হইয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্।—অপাং কা গতিরিতি, অসৌ লোক ইতি হোবাচ; অমুষ্মাৎ হি লোকাৎ বৃষ্টিঃ সম্ভবতি। অমুষ্য লোকস্য কা গতিরিতি পৃষ্টো দাল্ভ্য উবাচ—স্বর্গমমুং লোকমতীত্যাশ্রয়ান্তরং সাম ন নয়েৎ কশ্চিদিতি হ উবাচ আহ; অতো বয়মপি স্বর্গং লোকং সাম অভিসংস্থাপয়ামঃ; স্বর্গলোকপ্রতিষ্ঠং সাম জানীম ইত্যর্থঃ। স্বর্গসংস্তাবং স্বর্গত্বেন সংস্তবনং সংস্তাবো যস্য, তৎ সাম স্বর্গসংস্তাবং; হি যস্মাৎ "স্বর্গো বৈ লোকঃ সাম বেদ" ইতি শ্রুতিঃ॥৬৮॥৫

আনন্দগিরিঃ।—কথমপামসৌ লোকো গতিঃ, তত্রাহ—অমুষ্মাদিতি। ইতি পৃষ্টো দাল্ভ্য উবাচ হেতি সম্বন্ধঃ। তত্র চ্ছন্দসি কালনিয়মাভাবমভিপ্রেত্য ক্রিয়াপদং ব্যাকরোতি—আহেতি। যদ্যপি পরো নাস্যাশ্রয়ান্তরং প্রতিপদ্যতে, তথাপি ত্বয়া তদ্ বাচ্যমেব, ইত্যাশঙ্ক্যাহ—অত ইতি। অতঃশব্দার্থমেব স্ফোরয়তি—স্বর্গেতি। তস্মাৎ স্বর্গলোকপ্রতিষ্ঠং সামেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। সর্গসংস্তাবং সামেত্যত্র প্রমাণমাহ—স্বর্গ ইতি ॥৬৮॥৫

ভাষ্যানুবাদ।—[শিলক পুনশ্চ জিজ্ঞাসা করিলেন—] জলের গতি কি? [দাল্ভ্য] বলিলেন—ঐ লোক অর্থাৎ স্বর্গলোক; কারণ, ঐ লোক হইতেই বৃষ্টি সমুৎপন্ন হয়। ঐ লোকের আবার গতি কি? এই প্রশ্নের পর দাল্ভ্য

বলিলেন—কেহই এই স্বর্গলোক অতিক্রম করিয়া অপর আশ্রয়ে সামকে লইয়া যাইবে না, অর্থাৎ স্বর্গলোকই সামের প্রকৃত আশ্রয়স্থান, অন্যত্র তাহার অবস্থিতি চিন্তা করিবে না ; ইহা বলিয়া থাকেন। অতএব, আমরাও স্বর্গলোকেই সামকে সংস্থাপিত করিয়া থাকি, অর্থাৎ সামকে স্বর্গপ্রতিষ্ঠ বলিয়াই জানি। 'স্বর্গ-সংস্তাব' অর্থ স্বর্গরূপে যাহার সংস্তাব অর্থাৎ স্তুতি করা হয়, তাহাই স্বর্গসংস্তাব সাম ; কেননা, শ্রুতি বলিয়াছেন—সামকে "স্বর্গলোক বলিয়াই জানেন" ॥৬৮॥৫

তং হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ, অপ্রতিষ্ঠিতং বৈ কিল তে দাল্‌ভ্য সাম ; যস্ত্বেতর্হি ব্রূয়ান্মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মূর্দ্ধা তে বিপতেদিতি ॥৬৯॥৬

শালাবত্যঃ শিলকঃ তং (পূর্ব্বোক্তং) চৈকিতায়নং দাল্‌ভ্যম্ উবাচ (পপ্রচ্ছ) —হে দাল্‌ভ্য, তে (তব, ত্বদুক্তমিত্যর্থঃ) সাম কিল (শাস্ত্রবাক্যস্মারকম্) অপ্রতিষ্ঠিতং (অলব্ধস্থিতিকং) বৈ (এব)। যঃ (বাদী) তু (পুনঃ) এতর্হি (এতস্মিন্ কালে) [এবম্ অপ্রতিষ্ঠিতস্য সাম্নঃ প্রতিষ্ঠিতত্ববাদেন মিথ্যাবাদাপরাধিনং ত্বাং] ব্রূয়াৎ (কথয়েৎ)—'তে (তব) মূর্দ্ধা (শিরঃ) বিপতিষ্যতি (পতিতং ভবিষ্যতি)' ইতি ; [তর্হি] তে (তব দাল্‌ভ্যস্য) মূর্দ্ধা বিপতেৎ (অবশ্যমেব পতেদিত্যর্থঃ)॥

শালাবত্য শিলক চৈকিতায়ন দাল্‌ভ্যকে বলিলেন—হে দাল্‌ভ্য, তোমার কথিত সাম নিশ্চয়ই অপ্রতিষ্ঠিত রহিল ; [তুমি অপ্রতিষ্ঠিত সামকে প্রতিষ্ঠিত বলিয়া অপরাধী হইয়াছ ; অতএব] যে কোনও লোক যদি বলে যে, 'তোমার মস্তক পতিত হইবে', [তাহা হইলে নিশ্চয়] তোমার মস্তকটি পড়িয়া যাইবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—তম্ ইতরঃ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ—অপ্রতিষ্ঠিতমসংস্থিতং পরোবরীয়স্ত্বেনাসমাপ্তগতি সামেত্যর্থঃ। বৈ ইত্যাগমং স্মারয়তি, কিলেতি চ, দাল্‌ভ্য ; তে তব সাম। যস্তু অসহিষ্ণুঃ সামবিৎ, এতর্হি এতস্মিন্ কালে ব্রূয়াৎ কশ্চিৎ—বিপরীতবিজ্ঞানম্—অপ্রতিষ্ঠিতং সাম প্রতিষ্ঠিতমিতি এবংবাদাপরাধিনো মূর্দ্ধা শিরস্তে বিপতিষ্যতি বিস্পষ্টং পতিষ্যতি ইতি। এবমুক্তস্যা-পরাধিনঃ তথৈব তৎ বিপতেৎ ন সংশয়ঃ ; ন ত্বহং ব্রবীমীত্যভিপ্রায়ঃ॥

ননু মূর্দ্ধপাতার্হং চেদপরাধং কৃতবান্, অতঃ পরেণানুক্তস্যাপি পতেৎ মূর্দ্ধা ; ন চেদপরাধী, উক্তস্যাপি নৈব পততি ; অন্যথা অকৃতাভ্যাগমঃ কৃতনাশশ্চ স্যাতাম্। নৈষ দোষঃ ; কৃতস্য কর্ম্মণঃ শুভাশুভস্য ফলপ্রাপ্তের্দ্দেশকালনিমিত্তা-পেক্ষত্বাৎ। তত্রৈবং সতি মূর্দ্ধপাতনিমিত্তস্যাপি অজ্ঞানস্য পরাভিব্যাহারনিমিত্তা-পেক্ষত্বমিতি ॥৬৯॥৬

আনন্দগিরিঃ।—উপদেশপারম্পর্য্যমাগমঃ; যৎ কৃতকং তদনিত্যমিতি স্বর্গস্যান্তবত্ত্বাৎ ন পরায়ণত্বং সম্ভবতীত্যাশয়েনাহ—কিলেতি চেতি। যথোক্তং ন্যায়ং সূচয়তীতি শেষঃ। ন্যায়াগমাভ্যামপ্রতিষ্ঠিতং তে সামেত্যুপসংহরতি—দাল্‌ভ্যেতি। স্বর্গপ্রতিষ্ঠিতং সামেতি জ্ঞানে দোষং দর্শয়তি—যস্ত্বিতি। অসহিষ্ণুর্মিথ্যাবচনমসহমানঃ সন্নিতি যাবৎ। এতস্মিন্ কালে মিথ্যাবচনাবস্থায়ামিত্যর্থঃ। বিপরীতং বিজ্ঞানং যস্য স তথোক্তঃ, তং প্রতীতি বিগ্রহঃ। তদেব বিপরীতজ্ঞানমভিনয়তি—অপ্রতিষ্ঠিতমিতি। সামাপ্রতিষ্ঠিতং প্রতিষ্ঠিতমিতি বিপরীতজ্ঞানং প্রতি কশ্চিদ্ ব্রূয়াদিতি সম্বন্ধঃ। তদীয়বচনমেব দর্শয়তি—এবমিতি। স তথা কথয়তু, মম তু কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—এবমুক্তস্যেতি। তথৈব বিদুষঃ শাপবাক্যানুসারেণেতি যাবৎ। তদিতি শিরোনিরুক্তিঃ। শাপদানায় প্রবৃত্তস্ত্বয়মিতি শঙ্কাং বারয়তি—ন ত্বিতি। মূর্দ্ধপাতোপন্যাসানর্থক্যমাশঙ্কতে—নন্বিতি। অপরাধাভাবেঽপি পরোক্তিবশান্মূর্দ্ধপাতে দোষমাহ—অন্যথেতি। সতি চাপরাধে পরোক্তিবৈধুর্য্যান্মূর্দ্ধপাতাভাবে দোষং কথয়তি—কৃতেতি। অপরাধস্য মূর্দ্ধপাতহেতোরপি সহকার্য্যপেক্ষত্বাদভিব্যাহরণং নানার্থকমিত্যুত্তরমাহ—নৈষ দোষ ইতি। কর্ম্মণঃ শুভাদেরাচরিতস্য নিমিত্তাপেক্ষয়া ফলহেতুত্বেঽপি প্রকৃতেঽপরাধিনি কুতো ব্যবহরণাপেক্ষা ইত্যাশঙ্ক্যাহ—তত্রেতি। তত্র শুভাদৌ কর্ম্মণ্যেব নিমিত্তাপেক্ষয়া ফলপ্রদে সতীত্যর্থঃ। ইতি পরাভিব্যাহরণমর্থবদিতি শেষঃ॥৬৯॥৬

ভাষ্যানুবাদ।—শলাবতের পুত্র শিলক নামক অপর এক ঋষি সেই চৈকিতায়ন দাল্‌ভ্যকে বলিলেন—সাম হইতেছে অপ্রতিষ্ঠিত অর্থাৎ অনাশ্রিত; অর্থাৎ পরোবরীয়স্ত্ব (সর্ব্বোত্তমত্ব) নিবন্ধন উক্ত সামের গতি বা আশ্রয়স্থান কোথাও সমাপ্ত হয় না; "বৈ" এবং "কিল" এই উভয় পদই অনুকূল শাস্ত্রপ্রমাণের অস্তিত্ব স্মরণ করাইয়া দিতেছে, অর্থাৎ মনে করিয়া দেখ, সামের অপ্রতিষ্ঠিতত্ব-বোধক শাস্ত্র আছে। যে কোনও সামবিৎ ব্যক্তি অসহিষ্ণু হইয়া—উক্ত প্রকার অনুচিত বাক্য সহ্য করিতে না পারিয়া, এই সময় যদি বিপরীতজ্ঞানসম্পন্ন তোমাকে বলে যে, 'হে দাল্‌ভ্য, অপ্রতিষ্ঠিত সামকে প্রতিষ্ঠিত করায়, তোমার অপরাধ হইয়াছে; অতএব এবংবিধ অপরাধী তোমার মস্তক নিপতিত হইবে অর্থাৎ বিস্পষ্টরূপে পড়িয়া যাইবে।' [তাহা হইলে] উক্তপ্রকার অপরাধীর মস্তক নিশ্চয়ই পড়িবে, সংশয় নাই; অভিপ্রায় এই যে, আমি কিন্তু তাহা বলিতেছি না।

ভাল, মস্তকপাতের উপযুক্ত অপরাধ যদি করিয়া থাকে, তাহা হইলে অপরে না বলিলেও আপনা হইতে মস্তক খসিয়া পড়িবে; আর যদি তাদৃশ অপরাধ না করিয়া থাকে, তাহা হইলে ঐরূপ বলিলেও পড়িবে না; ইহা না হইলে ত 'অকৃতাভ্যাগম্', অর্থাৎ অকৃত কর্ম্মের ফলপ্রাপ্তি, আর 'কৃতনাশ', অর্থাৎ কৃতকর্ম্মের বৈফল্য, এই দুইটি দোষ আসিয়া পড়ে। না,—এ দোষ হয় না; স্বকৃত শুভাশুভ কর্ম্মের যে, ফলপ্রাপ্তি, তাহাও উপযুক্ত দেশ, কাল ও নিমিত্ত-সাপেক্ষ, (উপযুক্ত দেশ, কাল ও নিমিত্ত না পাইলে, সেই ফল

প্রকাশ পায় না)। ফলপ্রাপ্তি বিষয়ে যখন ইহাই নিয়ম, তখন (বুঝিতে হইবে), মস্তকপতনের নিমিত্তীভূত অজ্ঞান ও পরোক্তিরূপ নিমিত্ত উভয়ই অপেক্ষিত; অর্থাৎ অজ্ঞানই মস্তকপাতের নিমিত্ত সত্য, কিন্তু তাহাও আপনার কার্য্যসম্পাদনে অপরের উক্তির অপেক্ষা করে, নিরপেক্ষভাবে পারে না॥৬৯॥৬

হন্তাহমেতদ্ভগবত্তো বেদানীতি, বিদ্ধীতি হোবাচ, অমুষ্য লোকস্য কা গতিরিত্যয়ং লোক ইতি হোবাচ, অস্য লোকস্য কা গতিরিতি ন প্রতিষ্ঠাং লোকমতি নয়েদিতি হোবাচ, প্রতিষ্ঠাং বয়ং লোকꣳ সামাভিসꣳস্থাপয়ামঃ, প্রতিষ্ঠাসꣳস্তাবꣳ হি সামেতি ॥৭০॥৭

[এবমভিহিতঃ দাল্ভ্য আহ—"হন্তাহম্" ইত্যাদি।]—হন্ত (ভোঃ) অহম্ এতৎ (সামপ্রতিষ্ঠাতত্ত্বম্) ভগবত্তঃ (ভগবতঃ—ভবতইতি যাবৎ) বেদানি (জানীয়াম্) ইতি। বিদ্ধি (জানীহি) ইতি উবাচ (উক্তবান্) (শালাবত্য ইতি শেষঃ)। 'অমুষ্য লোকস্য (স্বর্গলোকস্য) কা গতিঃ' (প্রতিষ্ঠা—স্থিতি-হেতুঃ)? ইতি [দাল্ভ্যেন পৃষ্টঃ শালাবত্যঃ] উবাচ (উক্তবান্)—অয়ং (দৃশ্যমানঃ) লোকঃ (পৃথিবীত্যর্থঃ)। 'অস্য লোকস্য (পৃথিব্যাঃ) কা গতিঃ' (প্রতিষ্ঠা)? [ইতি দাল্ভ্যেন পৃষ্টঃ শালাবত্যঃ] উবাচ—প্রতিষ্ঠাং লোকং (স্থিতিহেতুত্বেন অভিমতম্ ইমং পৃথিবীলোকং) ন অতি নয়েৎ, (অতীত্য ন নয়েৎ সাম ইতি শেষঃ) ইতি। বয়ং প্রতিষ্ঠাং লোকং সাম অভিসংস্থাপয়ামঃ (পৃথিব্যাং লোকে সাম সম্যক্ সংস্থাপয়ামঃ); হি (যস্মাৎ) সাম প্রতিষ্ঠাসংস্তাবং, প্রতিষ্ঠাত্বেন পৃথিবীরূপেণ সংস্তাবঃ স্তুতিঃ যস্য, তৎ তথা), ইতি॥

এইরূপ অভিহিত হইয়া দাল্ভ্য বলিলেন—মহাশয় সাম যাহাতে (প্রতিষ্ঠিত), তাহা আমি আপনার নিকট হইতে জানিতে চাই; শালাবত্য বলিলেন—জান। [দাল্ভ্য জিজ্ঞাসা করিলেন,] ঐ স্বর্গলোকের প্রতিষ্ঠা কি? [শালাবত্য] বলিলেন—এই পৃথিবীলোক; [দাল্ভ্য জিজ্ঞাসা করিলেন]—ইহার গতি কি? [শালাবত্য] বলিলেন—সামকে এই প্রতিষ্ঠা-লোক (পৃথিবীকে) অতিক্রম করিয়া লইয়া যাইবে না; আমরা সামকে পৃথিবীলোকেই সংস্থাপিত করিয়া থাকি; কারণ পৃথিবীপ্রতিষ্ঠ বলিয়াই উক্ত সামের স্তুতি হইয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্।—এবমুক্তো দাল্ভ্য আহ—হন্ত অহমেতদ্ ভগবত্তঃ ভগবতঃ বেদানি যৎপ্রতিষ্ঠং সাম, ইত্যুক্তঃ প্রত্যুবাচ শালাবত্যঃ—বিদ্ধীতি হোবাচ।

অমুষ্য লোকস্য কা গতিরিতি পৃষ্টো দাল্‌ভ্যেন শালাবত্যঃ 'অয়ং লোকঃ' ইতি হোবাচ ; অয়ং হি লোকো যাগ-দান-হোমাদিভিরমুং লোকং পুষ্যতীতি ; 'অতঃ প্রদানং দেবা উপজীবন্তি' ইতি হি শ্রুতয়ঃ। প্রত্যক্ষং হি সর্ব্বভূতানাং ধরণী প্রতিষ্ঠেতি ; অতঃ সাম্নোঽপ্যয়ং লোকঃ প্রতিষ্ঠৈবেতি যুক্তম্। অস্য লোকস্য কা গতিরিত্যুক্ত আহ শালাবত্যঃ—ন প্রতিষ্ঠাং ইমং লোকমতীত্য নয়েৎ সাম কশ্চিৎ। অতো বয়ং প্রতিষ্ঠাং লোকং সাম অভিসংস্থাপয়ামঃ ; যস্মাৎ প্রতিষ্ঠাসংস্তাবং হি প্রতিষ্ঠাত্বেন সংস্তুতং সামেত্যর্থঃ ; 'ইয়ং বৈ রথন্তরম্' ইতি চ শ্রুতিঃ ॥৭০॥৭

আনন্দগিরিঃ।—হন্তেত্যাদি ব্যাকরোতি—এবমিতি। কথমমুষ্য লোকস্য এতল্লোকপ্রতিষ্ঠত্বং, তদাহ—অয়ং লোক ইতি। আদিশব্দঃ শ্রাদ্ধাদিসংগ্রহার্থঃ। তত্রৈব শ্রুতিং প্রমাণয়তি—ইতীতি। অস্মাল্লোকাৎ প্রদীয়মানং চরুপুরোডাশাদি অগ্নিদ্বারা উপজীবন্তি দেবা ইতি শ্রৌতী প্রসিদ্ধিরিত্যর্থঃ। ভবতু পরং লোকং প্রতি প্রতিষ্ঠাত্বমস্য লোকস্য, তথাপি কথময়ং লোকঃ সাম্নঃ প্রতিষ্ঠেত্যাশঙ্ক্যাহ—প্রত্যক্ষং হীতি। পৃথিব্যাঃ সর্ব্বাণি ভূতানি প্রতি প্রতিষ্ঠাত্বে ফলিতমাহ—অতইতি। সাম্নোঽপি সর্ব্বান্তর্ভাবাদিত্যর্থঃ। তথাপি প্রতিষ্ঠান্তরং ত্বয়া বাচ্যমিত্যাশঙ্ক্যাহ—অতোবয়মিতি। যস্মাদেতল্লোকপ্রতিষ্ঠাত্বেন সংস্তুতং সাম, তস্মাদিদং সাম প্রতি এতমেব লোকং প্রতিষ্ঠাং জানীম ইতি যোজনা। কথং প্রতিষ্ঠাত্বেন সামত্বাবিশেষাৎ পৃথিব্যা সাম সংস্তুতমিত্যাশঙ্ক্যাহ—ইয়মিতি। ইয়ং বৈ রথন্তরশব্দবাচ্যস্য পৃথিবীত্বেন স্তুতত্বাৎ উদ্গাথস্যাপি সামত্বাবিশেষাৎ পৃথিব্যাত্মত্বং সম্ভাব্যত ইত্যর্থঃ ॥৭০॥৭

ভাষ্যানুবাদ।—দাল্‌ভ্য এইরূপ অভিহিত হইয়া বলিলেন—ভাল, সাম যাহাতে প্রতিষ্ঠিত, তাহা আমি ভগবানের (আপনার) নিকট জানিতে চাই ; এইরূপ অভিহিত হইয়া শালাবত্য বলিলেন, 'বিদ্ধি'—জান। ঐ লোকের (স্বর্গের) গতি (প্রতিষ্ঠা) কি ? দাল্‌ভ্যকর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া শালাবত্য বলিলেন—এই লোক, অর্থাৎ এই পৃথিবীলোক ; কারণ, এই পৃথিবী লোকই যাগ, দান ও হোমাদি ক্রিয়া দ্বারা ঐ স্বর্গলোককে পোষণ করিয়া থাকে, এইরূপ শ্রুতিও আছে, 'দেবগণ এই লোক হইতে প্রদত্ত বস্তু উপভোগ করেন'। সর্বভূতের পৃথিবীই প্রতিষ্ঠা—ইহা প্রত্যক্ষ-সিদ্ধ। অতএব, সামেরও যে, এই লোকই প্রতিষ্ঠা, ইহা যুক্তিযুক্ত। এই লোকের আবার গতি কি ? ইহা জিজ্ঞাসিত হইয়া শালাবত্য বলিলেন—কেহই সামকে প্রতিষ্ঠাভূত এই লোক অতিক্রম করিয়া লইয়া যাইবে না। এই কারণে আমরা সামকে প্রতিষ্ঠা-লোকে সংস্থাপিত করিয়া থাকি ; যেহেতু এই সাম প্রতিষ্ঠাসংস্তাব অর্থাৎ প্রতিষ্ঠারূপেই সম্যক্ স্তুত। 'এই পৃথিবীই রথন্তর (সাম)' এইরূপ অন্য শ্রুতিও আছে॥৭০॥৭

তꣳ হ প্রবাহণো জৈবলিরুবাচ, অন্তবদ্বৈ কিল তে শালাবত্য সাম ; যস্ত্বেতর্হি ব্রূয়ান্মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি, মূর্দ্ধা তে বিপতেদিতি। হন্তাহমেতদ্ভগবত্তো বেদানীতি, বিদ্ধীতি হোবাচ ॥৭১॥৮

ইতি প্রথমাধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥৮॥

প্রবাহণঃ নাম জৈবলিঃ (জীবলপুত্রঃ) তং (শালাবত্যং) হ (কিল) উবাচ (উক্তবান্)—হে শালাবত্য, তে (তব) সাম কিল অন্তবৎ (ন অনন্তং) বৈ (এব); যঃ তু (পুনঃ) [এবমনুচিতার্থং বাক্যম্ অসহিষ্ণুঃ সন্] এতর্হি (ইদানীং) ব্রূয়াৎ (কথয়েৎ)—'তে (তব) মূর্দ্ধা (শিরঃ) বিপতিষ্যতি' (বিস্পষ্টং পতিষ্যতি) ইতি ; [তর্হি তে তব) মূর্দ্ধা বিপতেৎ (অবশ্যমেব পতেৎ), [ন ত্বহমেবং ব্রবীমি ইত্যাশয়ঃ]। [অনন্তরং শালাবত্য উবাচ—] হন্ত (ঔৎসুক্যে) অহং ভগবত্তঃ (ভবতঃ সকাশাৎ) এতৎ (সুপ্রতিষ্ঠং সাম) বেদানি (জানীয়াম্) ইতি ; [প্রবাহণঃ] উবাচ—বিদ্ধি (জানীহি) ইতি ॥

প্রবাহণনামক জৈবলি সেই শালাবত্যকে বলিলেন—হে শালাবত্য, তোমার এই সাম ত নিশ্চয়ই অন্তবৎ, (অনন্ত নহে); যদি কোনও লোকে এ সময়ে বলে যে 'তোমার মস্তক পড়িয়া যাইবে'; তাহা হইলে নিশ্চয়ই তাহা পড়িবে। [শালাবত্য বলিলেন,] বেশ, আমি ভগবানের (আপনার) নিকট হইতে ইহা জানিতে চাই ; তিনি বলিলেন—জান ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তম্ এবমুক্তবন্তং হ প্রবাহণো জৈবলিরুবাচ—অন্তবৎ বৈ কিল তে শালাবত্য সামেত্যাদি পূর্ব্ববৎ। ততঃ শালাবত্য আহ—হন্তাহম্ এতদ্ভগবত্তো বেদানীতি ; বিদ্ধি ইতি হোবাচ ইতরঃ ॥৭১॥৮

ইতি প্রথমাধ্যায়স্য অষ্টম-খণ্ড-ভাষ্যম্ ॥৮॥

আনন্দগিরিঃ। হন্তাহমেতদিত্যত্রানন্তং সামৈতদিত্যুচ্যতে ॥৮॥

ইতি প্রথমাধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥৮॥

ভাষ্যানুবাদ।—শালাবত্য এইপ্রকার বলিলে পর, প্রবাহণনামক জৈবলি তাঁহাকে বলিলেন, 'হে শালাবত্য' তোমার কথিত সাম নিশ্চয়ই অন্তবৎ', ইত্যাদির অর্থ পূর্ব্বশ্রুতির ন্যায়। অনন্তর শালাবত্য হর্ষ-সহকারে বলিলেন—আপনার নিকট হইতে আমি ইহা (সামপ্রতিষ্ঠা) জানিতে চাই। অপর (প্রবাহণ) বলিলেন,—জানুন ॥৭১॥৮

প্রথমাধ্যায়ে অষ্টম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৮॥

প্রথমাধ্যায়স্য

নবমঃ খণ্ডঃ।

অস্য লোকস্য কা গতিরিত্যাকাশ ইতি হোবাচ ; সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপদ্যন্ত আকাশং প্রত্যস্তং যন্ত্যাকাশো হ্যেবৈভ্যো জ্যায়ানাকাশঃ পরায়ণম্ ॥৭২॥১

[লব্ধানুমতিঃ শালাবত্য আহ]—অস্য লোকস্য (পৃথিব্যাঃ) কা গতিঃ (প্রতিষ্ঠা) ? ইতি ; আকাশঃ [গতিঃ] ইতি হ (ঐতিহ্যে) উবাচ [প্রবাহণ ইতি শেষঃ]। বৈ (যস্মাৎ) সর্ব্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমানি) আকাশাৎ এব সমুৎপদ্যন্তে (জায়ন্তে), আকাশং প্রতি অস্তং যন্তি (আকাশে বিলীয়ন্তে), হি (যস্মাৎ) আকাশঃ এব (নিশ্চয়ে) এভ্যঃ (সর্ব্বেভ্যঃ ভূতেভ্যঃ) জ্যায়ান্ (মহত্তরঃ) ; [তস্মাদ্ হেতোঃ] আকাশঃ [এব] পরায়ণম্ (পরমা প্রতিষ্ঠা ইত্যর্থঃ)।

[প্রবাহণের নিকট অনুমতি প্রাপ্ত হইয়া শালাবত্য জিজ্ঞাসা করিলেন]—এই লোকের গতি (আশ্রয়) কি ? [প্রবাহণ] বলিলেন—আকাশ। কারণ, স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূত এই আকাশ হইতেই উৎপন্ন হয়, আকাশেই বিলীন হয়, এবং যেহেতু আকাশই সর্ব্বাপেক্ষা অতিশয় মহান্, অতএব, আকাশই পরম আশ্রয় ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অনুজ্ঞাত আহ—অস্য লোকস্য কা গতিরিতি, আকাশ ইতি হোবাচ প্রবাহণঃ। আকাশ ইতি চ পর আত্মা, "আকাশো বৈ নাম" ইতি শ্রুতেঃ ; তস্য হি কর্ম্ম সর্ব্বভূতোৎপাদকত্বম্, তস্মিন্নেব হি ভুতপ্রলয়ঃ, "তৎ তেজোঽসৃজত।" "তেজঃ পরস্যাং দেবতায়াম্ ইতি" হি বক্ষ্যতি। সর্ব্বাণি হ বৈ ইমানি ভূতানি স্থাবরজঙ্গমানি আকাশাদেব সমুৎপদ্যন্তে ; তেজোজলাদিক্রমেণ সামর্থ্যাৎ ; আকাশং প্রত্যস্তং যন্তি প্রলয়কালে তেনৈব বিপরীতক্রমেণ ; হি যস্মাৎ আকাশ এবৈভ্যঃ সর্ব্বেভ্যো ভূতেভ্যো জ্যায়ান্ মহত্তরঃ ; অতঃ সর্ব্বেষাং ভূতানাং পরম্ অয়নং পরায়ণং প্রতিষ্ঠা ত্রিষ্বপি কালেষ্বিত্যর্থঃ ॥৭২॥১

আনন্দগিরিঃ।—আকাশশব্দস্য ভূতাকাশবিষয়ত্বং ব্যাবর্ত্ত্য পরমাত্মবিষয়ত্বং বাক্যশেষবশাৎ দর্শয়তি—আকাশ ইতি চেতি। কিঞ্চ, পরস্যাত্মনঃ সর্ব্বভূতোৎপাদকত্বং কর্ম্মেতি বেদান্তমর্য্যাদা; তদিহাকাশে শ্রুতং, তথাচ পরমাত্মৈবাকাশশব্দ ইত্যাহ—তস্য হীতি। কিঞ্চ, পরস্মিন্নেব ভূতানাং প্রলয়ঃ, স চাত্রাকাশে শ্রুতস্তস্মাৎ পর এবাত্মাকাশ ইত্যাহ—তস্মিন্নেবেতি। সর্ব্বোৎপাদকত্বং পরস্য কর্ম্মেত্যত্র মানমাহ—তত্তেজোঽসৃজতেতি। পরস্মিন্নেব লয়ো ভূতানামিত্যত্রাপি মানমাহ—তেজ ইতি। ভবতু পরস্যাত্মনঃ সর্ব্বোৎপাদকত্বং কর্ম্ম, তথাপি কিমায়াতমাকাশস্যেতি চেত্তত্রাহ—সর্ব্বাণীতি। কথময়ং ক্রমো লভ্যতে; অবিশেষেণ হি ততঃ সর্ব্বোৎপত্তিঃ শ্রুতেত্যাশঙ্ক্যাহ—সামর্থ্যাদিতি। আত্মন আকাশঃ সম্ভূতঃ, তত্তেজোঽসৃজতেত্যাদিশ্রুতিবলাদিত্যর্থঃ। তথাপি কথমাকাশে সর্ব্বভূতলয়স্তত্রাহ—আকাশং প্রতীতি। 'বিপর্য্যয়েণ তু ক্রমোঽতঃ' ইতি ন্যায়েনাহ—বিপরীতেতি। আকাশস্য পরমাত্মত্বে হেত্বন্তরমাহ—যস্মাদিতি। পরায়ণত্বমপি তত্রৈব লিঙ্গমিত্যাহ—অতইতি॥৭২॥১

ভাষ্যানুবাদ।—[প্রবাহণের] অনুমতি প্রাপ্ত হইয়া শালাবত্য জিজ্ঞাসা করিলেন—এই লোকের গতি কি? প্রবাহণ বলিলেন—আকাশ; 'আকাশই নাম ও রূপের নির্ব্বাহক বা সম্পাদক,' এই শ্রুতি অনুসারে 'আকাশ' অর্থ—পরমাত্মা॥ সর্ব্বভূতকে সমুৎপাদন করা তাঁহারই কার্য্য; ভূতসমূহের প্রলয়ও তাঁহাতেই হয়; কারণ, পরে বলিবেন যে, 'তিনি তেজঃ সৃষ্টি করিলেন', 'সেই তেজঃ আবার পর দেবতায় পরমাত্মায় [বিলীন হয়]'। 'স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূত আকাশ হইতেই সমুৎপন্ন হয়' *। অপরাপর শ্রুতির সাহায্যে [বুঝিতে হইবে যে, এই সৃষ্টি] তেজঃ, জল ও পৃথিব্যাদি ক্রমে হয়। প্রলয়কালে উৎপত্তির বিপরীত ক্রমে আকাশেই অস্ত গমন করে (বিলীন হয়)। যেহেতু

(*) তাৎপর্য্য—এখানে আশঙ্কা হইতে পারে যে, শ্রুতিতে আছে কেবল 'আকাশ' শব্দ: আকাশ শব্দটি সাধারণতঃ ভূতাকাশেই প্রসিদ্ধ; সুতরাং ভাষ্যকার 'আকাশ' অর্থে পরমাত্মার গ্রহণ করিলেন কিরূপে? এই আশঙ্কা অপনয়নের উদ্দেশ্যেই ভাষ্যকার "আকাশঃ বৈ নাম" ইত্যাদি শ্রুতির উল্লেখ করিয়াছেন। তিনি ইহাই প্রতিপাদন করিয়াছেন যে, 'আকাশ' শব্দ যদিও ভূতাকাশে প্রসিদ্ধ হউক, তথাপি পরমাত্মা—অর্থে নিতান্ত অপ্রসিদ্ধ নহে, "আকাশঃ তল্লিঙ্গাৎ" (ব্রহ্মসূত্র; ১।১।১৪) এই সূত্রে ইহা বিশদভাবে প্রতিপাদিত হইয়াছে। বিশেষতঃ এখানেও যখন আকাশ হইতে সর্ব্বপদার্থের উৎপত্তি বর্ণিত হইয়াছে, অথচ 'তস্মাদ্ বা এতস্মাদাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদি শ্রুতিতে যখন পরমাত্মাই আকাশাদি সর্ব্ব পদার্থের কারণ বলিয়া নির্দ্ধারিত হইয়াছেন, তখন এই 'আকাশ' শব্দের অর্থ পরমাত্মা ভিন্ন ভূতাকাশ কখনই হইতে পারে না। পক্ষান্তরে, এখানে আকাশ শব্দের ভূতাকাশ অর্থ করিলে তাহার সর্ব্বপদার্থোৎপাদকতা এবং সর্ব্ব পদার্থের প্রলয়াশ্রয়তাও কল্পনা করিতে হয়, অথচ তাহা অপর কোন শ্রুতি দ্বারা সমর্থিত হইতেছে না। বিশেষতঃ, সর্ব্বশব্দটির অর্থেরও সঙ্কোচ করিতে হয়। এবং ভূতাকাশের উৎপত্তি যে কোথা হইতে হয়, তাহাও অবিজ্ঞাত থাকিয়া যায়। এই সকল কারণে ভাষ্যকার 'আকাশ' শব্দের 'পরমাত্মা' অর্থ গ্রহণ করিয়াছেন॥

দৃশ্যমান সর্ব্বভূত অপেক্ষা আকাশই জ্যায়ান্—অপেক্ষাকৃত মহৎ। অতএব তাহা (সেই আকাশ) সমস্ত ভূতের পরায়ণ অর্থাৎ কালত্রয়েই পরমা প্রতিষ্ঠা ॥৭২॥১

স এষ পরোবরীয়ানুদ্গীথঃ স এষোঽনন্তঃ, পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকান্ জয়তি, য এতদেবং বিদ্বান্ পরোবরীয়াংসমুদ্গীথমুপাস্তে ॥৭৩॥২

সঃ (পূর্ব্বোক্তঃ) উদ্গীথঃ পরোবরীয়ান্ (পরশ্চ বরীয়ান্—অতিশয়েন বরশ্চ) এষঃ (অনন্তরোক্তঃ পরমাত্মা) [সম্পন্ন ইত্যর্থঃ]। সঃ এষঃ (পরমাত্মরূপী উদ্গীথঃ) অনন্তঃ (অন্তরহিতঃ)। যঃ (উপাসকঃ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্) এতৎ (এতং) পরোবরীয়াংসম্ উদ্গীথম্ উপাস্তে, [সঃ] পরোবরীয়সঃ (উত্তরোত্তরোৎকৃষ্টান্) লোকান্ (ভোগস্থানানি) জয়তি (বশীকরোতি), অস্য (উপাসকস্য) [জীবনং চ] পরোবরীয়ঃ (উত্তরোত্তরম্ উৎকৃষ্টং) হ (এব) ভবতি ॥

পূর্ব্বোক্ত উদ্গীথ এই পরোবরীয় (সর্ব্বোত্তম) পরমাত্ম-স্বরূপ; সেই এই উদ্গীথই অনন্তস্বরূপ। যে উপাসক এই প্রকার অবগত হইয়া পরোবরীয় গুণসম্পন্ন এই উদ্গীথের উপাসনা করেন, তিনি উত্তরোত্তর উৎকৃষ্ট লোকসমূহ জয় করেন, এবং তাঁহার জীবনও ক্রমে সমুৎকৃষ্ট হইয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—যস্মাৎ পরং পরং বরীয়ঃ বরীয়সোঽপ্যেষঃ বরঃ পরশ্চ বরীয়ান্ চ পরোবরীয়ান্ উদ্গীথঃ পরমাত্মসম্পন্ন ইত্যর্থঃ। অতএব স এষোঽনন্তঃ অবিদ্যমানান্তঃ, তমেতং পরোবরীয়াংসং পরমাত্মভূতমনন্তমেবং বিদ্বান্ পরোবরীয়াংসম্ উদ্গীথম্ উপাস্তে, তস্যৈতৎ ফলমাহ—পরোবরীয়ঃ পরং পরং বরীয়ো বিশিষ্টতরং জীবনং হাস্য বিদুষো ভবতি দৃষ্টং ফলম্, অদৃষ্টঞ্চ পরোবরীয়স উত্তরোত্তরবিশিষ্টতরানেব ব্রহ্মাকাশান্তান্ লোকান্ জয়তি, য এতদেবং বিদ্বান্ উদ্গীথমুপাস্তে ॥৭৩॥২

আনন্দগিরিঃ।—আকাশস্তল্লিঙ্গাদিতি ন্যায়েনাকাশস্য পরমাত্মত্বমুক্তমিদানীং তস্যোদ্গীথে সম্পাদিতস্য পরোবরীয়স্ত্বং গুণমুপদিশতি—যস্মাদিতি। উত্তরমুত্তরং শ্রেষ্ঠাদপি শ্রেষ্ঠোঽয়মিত্যেতৎ। সামমাত্রস্য কথময়ং গুণঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—পরমাত্মেতি। আকাশস্য পরমাত্মত্বে লিঙ্গান্তরমাহ—অতএবেতি। পরমাত্মসম্পন্নত্বাদিতি যাবৎ। আকাশো হি প্রকৃতোদ্গীথে সম্পাদিতোঽনন্তঃ শ্রুতঃ। ন চানন্ত্যং ব্রহ্মণোঽন্যত্র যুক্তম্। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। তস্মাদাকাশো ব্রহ্মেত্যর্থঃ। সম্প্রত্যাকাশশব্দিতস্য পরস্যোদ্গীথে সম্পাদিতস্য পরোবরীয়স্ত্বগুণবিশিষ্টস্যোপাস্তিং বিদধাতি—তমেতমিতি। পরং পরমুপর্য্যুপরীতি যাবৎ। তস্মাদেবমুপাসীতেতি ভাবঃ ॥৭৩॥২

ভাষ্যানুবাদ।—যেহেতু, উত্তরোত্তর বরীয়ান্, অর্থাৎ বরীয়ান্ অপেক্ষাও বর ও পর (শ্রেষ্ঠ)—পরোবরীয়ান্, এই উদ্গীথই পরমাত্মরূপে সম্পন্ন হয় ; অতএব, সেই ইহা অনন্ত, অর্থাৎ ইহার অন্ত বা শেষ বিদ্যমান নাই। সেই এই পরোবরীয়ান্ পরমাত্মস্বরূপ অনন্ত পদার্থকে উক্ত প্রকারে অবগত হইয়া [যিনি] পরোবরীয়ান্ (সর্ব্বোত্তম) উদ্গীথের উপাসনা করেন, তাঁহার সম্বন্ধে এইরূপ ফল নির্দ্দেশ করিতেছেন—যিনি এইপ্রকার অবগত হইয়া এই উদ্গীথের উপাসনা করেন, সেই বিদ্বানের জীবন নিশ্চয়ই পরপর অর্থাৎ উত্তরোত্তর সমধিক উৎকৃষ্ট হইয়া থাকে ; ইহা তাহার দৃষ্ট ফল, অর্থাৎ ঐহিক ফল। অদৃষ্ট বা পারলৌকিক ফলও এই যে, [সেই বিদ্বান্] পরোবরীয়ান্ অর্থাৎ উত্তরোত্তর উৎকৃষ্টতর ব্রহ্মাকাশ পর্য্যন্ত সমস্ত লোককে জয় করেন, অর্থাৎ আপনার আয়ত্ত করেন ॥৭৩॥২

তꣳ হৈতমতিধন্বা শৌনক উদরশাণ্ডিল্যায়োক্ত্বোবাচ—যাবত্ত এনং প্রজায়ামুদ্গীথং বেদিষ্যন্তে, পরোবরীয়ো হৈভ্যস্তাবদস্মিꣳল্লোঁকে জীবনং ভবিষ্যতি ॥৭৩॥৩

কিঞ্চ, [উক্তলক্ষণোদ্গীথবিৎ] শৌনকঃ (শুনকপুত্রঃ) অতিধন্বা (তন্নামকঃ ঋষিঃ) তং (পূর্ব্বোক্তপ্রকারং) এতম্ (উদ্গীথং অর্থাৎ উদ্গীথবিদ্যাং) উদরশাণ্ডিল্যায় (তন্নামকায় শিষ্যায়) উক্ত্বা উবাচ (কথিতবান্) হ (ঐতিহ্যে)—যাবৎ (যৎকালপর্য্যন্তং) তে (তব) প্রজায়াং (বংশে বংশজাঃ প্রজা ইত্যর্থঃ) এতম্ (যথোক্তপ্রকারম্) উদ্গীথং বেদিষ্যন্তে (জ্ঞাস্যন্তি), তাবৎ (তৎকালপর্য্যন্তং) [তাসাং প্রজানাং] জীবনং এভ্যঃ (সাধারণজীবনেভ্যঃ) পরোবরীয়ঃ (উত্তরোত্তরোৎকৃষ্টতরং) হ (এব) ভবিষ্যতি ॥

পূর্ব্বোক্তপ্রকার উদ্গীথবিদ্যাবিৎ শুনকপুত্র অতিধন্বা ঋষি উদরশাণ্ডিল্যনামক শিষ্যকে এই উদ্গীথবিজ্ঞানের উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যে পর্য্যন্ত তোমার বংশে [সন্তানেরা] এই প্রকারে উদ্গীথবিদ্যা জানিবে, তাবৎ [তাহাদের] জীবন নিশ্চয়ই [অন্যান্য জীবন অপেক্ষা] ক্রমশঃ সমুৎকৃষ্ট হইবে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—কিঞ্চ, তমেতমুদ্গীথং বিদ্বান্ অতিধন্বা নামতঃ, শুনকস্যাপত্যং শৌনকঃ উদরশাণ্ডিল্যায় শিষ্যায় এতদ্ উদ্গীথদর্শনম্ উক্ত্বা উবাচ—যাবৎ তে তব প্রজায়াং প্রজাসন্ততাবিত্যর্থঃ, এনমুদ্গীথং ত্বৎসন্ততিজা বেদিষ্যন্তে

জ্ঞাস্যন্তি তাবন্তং কালং পরোবরীয়ো হ এভ্যঃ প্রসিদ্ধেভ্যো লৌকিকজীবনেভ্য উত্তরোত্তর-বিশিষ্টতরং জীবনং তেভ্যো ভবিষ্যতি ॥৭৩॥৩

আনন্দগিরিঃ।—বিধিশেষম্ অর্থবাদং দর্শয়তি—কিঞ্চেতি। ইতশ্চাত্র বিধিরস্তীত্যেতৎ তেভ্যস্তৎসন্ততিজ্ঞা যে যথোক্তোদ্গীথে বেদিতারস্তদর্থমিত্যর্থঃ ॥৭৩॥৩

ভাষ্যানুবাদ।—অপিচ, সেই এই উদ্গীথবিৎ অতিধন্বনামক শুনকপুত্র—শৌনক উদরশাণ্ডিল্যনামক স্বশিষ্যের উদ্দেশে এই উদ্গীথবিজ্ঞান উপদেশ করিয়া বলিয়াছিলেন—যতকাল তোমার প্রজাতে অর্থাৎ সন্তানসন্ততির মধ্যে তোমার বংশজগণ এই উদ্গীথ-বিদ্যা জানিবে, ততকাল, তাহাদের জীবন লোকপ্রসিদ্ধ সমুদয় জীবন অপেক্ষা ক্রমশঃ সমুৎকৃষ্ট জীবন হইবে ॥৭৩॥৩

তথামুষ্মিল্লোঁকে লোক ইতি, স য এতদেবং বিদ্বানুপাস্তে পরোবরীয় এব হাস্যাস্মিল্লোঁকে জীবনং ভবতি, তথামুষ্মিল্লোঁকে লোক ইতি, লোকে লোক ইতি ॥৭৪॥৪

ইতি প্রথমাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥৯॥

[উদ্গীথবিদঃ পারলৌকিকং ফলমাহ—তথেতি।] [যথোক্তোদ্গীথবিদঃ] অমুষ্মিন্ লোকে (পরলোকে) [অপি] লোকঃ (ভোগস্থানং) তথা [ঐহিকবৎ পরোবরীয়ান্) [ভবতি] ইতি চ [শৌনকঃ উদরশাণ্ডিল্যায় উক্তবান্ ইতি শেষঃ]। [ইদানীমপি] সঃ যঃ (কশ্চিৎ) এতম্ (উদ্গীথম্) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ [জানন্ সন্] উপাস্তে ; অস্য (উপাসকস্য) জীবনম্ অস্মিন্ লোকে (বর্ত্তমানদেহে) এব (নিশ্চয়ে) পরোবরীয়ঃ ভবতি হ (অবধারণে)। তথা (ঐহিকবৎ) অমুষ্মিন্ লোকে (লোকান্তরে) [অপি] লোকঃ [পরোবরীয়ান্] ভবতি, ইতি শব্দঃ বাক্যসমাপ্তৌ ॥ [লোকে লোক ইতি দ্বিরুক্তিঃ খণ্ডসমাপ্তিসূচিকা] ॥

[উদ্গীথবিদের পারলৌকিক ফল কথিত হইতেছে]—[সেই উদ্গীথাভিজ্ঞের] পারলৌকিক স্থানও (লোকও) সেইপ্রকার পরোবরীয়ান্ হইয়া থাকে। এখনও যে কোন লোক ঐরূপে জানিয়া উদ্গীথের উপাসনা করে, তাহারও ঐহিক জীবন নিশ্চয়ই পরোবরীয়ান্ হয়, এবং পরলোকেও তাহার লোক সেই প্রকার (পরোবরীয়ান্ হয়) ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা অদৃষ্টেঽপি পরলোকে অমুষ্মিন্ পরোবরীয়ান্ লোকো ভবিষ্যতীত্যুক্তবান্ শাণ্ডিল্যায় অতিধন্বা শৌনকঃ। স্যাদেতৎ ফলং পূর্ব্বেষাং

মহাভাগ্যানাং, নৈদংযুগীনানাম্, ইত্যাশঙ্কানিবৃত্তয়ে আহ—স যঃ কশ্চিৎ এতম্ এবং বিদ্বান্ উদ্গীথম্ এতর্হি উপাস্তে, তস্যাপ্যেবমেব পরোবরীয় এব হ অস্যাস্মিন্ লোকে জীবনং ভবতি তথা অমুষ্মিন্ লোকে লোক ইতি ॥৭৪॥৪

ইতি প্রথমাধ্যায়স্য নবম-খণ্ড-ভাষ্যম্ ॥৯॥

আনন্দগিরিঃ।—তথা দৃষ্টবিশিষ্টতরজীবনবদিত্যর্থঃ। অদৃষ্টেঽপীতি চ্ছেদঃ। স য এতমিত্যাদ্যুত্তরং বাক্যং শঙ্কোত্তরত্বেনোত্থাপ্য ব্যাচষ্টে—স্যাদিত্যাদিনা। অস্মিন্ যুগে ভবন্তীতি ঐদংযুগীনাঃ, তেষাম্ ঐদংযুগীনানাং লোকঃ পরোবরীয়ানিতি শেষঃ। পুনরুক্তিরুদ্গীথোপাস্তিসমাপ্ত্যর্থা ॥৭৪॥৪

ইতি প্রথমাধ্যায়স্য নবমঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ।—ইহলোকের ন্যায় অদৃষ্ট অর্থাৎ দৃষ্টির অগোচর—অপ্রত্যক্ষ পরলোকেও [তাহার] পরোবরীয়ান্ লোক লাভ হইবে; ইহা শুনকপুত্র অতিধন্বা শাণ্ডিল্যকে বলিয়াছিলেন। ভাল, এরূপ ফল পূর্ব্বতন মহাভাগ্যবান্ লোকদিগের পক্ষেই সম্ভবপর হইতে পারে, বর্ত্তমান যুগের লোকদিগের পক্ষে নহে, এই আশঙ্কা অপনয়নের জন্য বলিতেছেন—যে কোন লোক এখনও এই উদ্গীথকে যথোক্তরূপে অবগত হইয়া উপাসনা করে, তাহার জীবনও ইহলোকে এই প্রকারই পরোবরীয়ান্ হয়, এবং পরলোকেও সেইরূপ (পরোবরীয়ান্) লোক লাভ হয় ॥৭৪॥৪

ইতি প্রথমাধ্যায়ে নবম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

মটচীহতেষু কুরুষ্বাটিক্যা সহ জায়য়োষস্তির্হ চাক্রায়ণ ইভ্য-গ্রামে প্রদ্রাণক উবাস ॥৭৫॥১

[উদ্‌গীথোপাসনাপ্রসঙ্গেন প্রস্তাব-প্রতিহারবিষয়কমপি উপাসনং বক্তু-মুপক্রমতে—"মটচীহতেষু" ইত্যাদিনা।]—কুরুষু (তদ্দেশস্থ-শস্যেষু) মটচীহতেষু (বজ্রহতেষু বজ্রাগ্নিদগ্ধেষু ইতি যাবৎ) [সৎসু] উষস্তিঃ (নাম) চাক্রায়ণঃ (চক্রস্য পুত্রঃ) প্রদ্রাণকঃ (দুর্গতিং গতঃ সন্) আটিক্যা (অনভিব্যক্ত-স্ত্রীচিহ্নয়া) জায়য়া (পত্ন্যা) সহ ইভ্যগ্রামে (ধনিকবহুলে, হস্তিপক-প্রচুরে বা গ্রামে) উবাস (বসতিং কৃতবান্)॥

উদ্‌গীথোপাসনা-প্রসঙ্গে প্রস্তাব ও প্রতিহার-নামক আরও দুইটি বিষয়ে উপাসনা বলিবার উপক্রম করিবার উদ্দেশ্যে বলিতেছেন—কুরুদেশ মটচীহত অর্থাৎ বজ্রাগ্নিতে দগ্ধ হইলে পর [তদ্দেশীয়] উষস্তি নামক চাক্রায়ণ অর্থাৎ চক্রের পুত্র দুর্গতি প্রাপ্ত হইয়া স্ত্রীজনোচিত চিহ্নসমূহ যাহার অভিব্যক্ত হয় নাই, এরূপ বালিকা পত্নীর সহিত [কোন একটি] ইভ্যগ্রামে (ইভ্য অর্থ—ধনী বা হস্তিপক, তদ্বহুল গ্রামে) বাস করিয়াছিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—উদ্‌গীথোপাসনপ্রসঙ্গেন প্রস্তাবপ্রতিহারবিষয়মপ্যুপাসনং কর্ত্তব্যমিতীদমারভ্যতে; আখ্যায়িকা তু সুখাববোধার্থা। মটচীহতেষু মটচ্যোঽশনয়ঃ, তাভির্হতেষু নাশিতেষু কুরুষু কুরুশস্যেষ্বিত্যর্থঃ। ততো দুর্ভিক্ষে জাতে আটিক্যানুপজাতপয়োধরাদিস্ত্রীব্যঞ্জনয়া সহ জায়য়া উষস্তির্হ নামতঃ চক্রস্যাপত্যং চাক্রায়ণঃ। ইভো হস্তী তমর্হতীতীভ্য ঈশ্বরো হস্ত্যারোহো বা তস্য গ্রাম ইভ্যগ্রামঃ তস্মিন্ প্রদ্রাণকোঽন্নালাভাৎ। দ্রা কুৎসায়াং গতৌ। কুৎসিতাং গতিং গতোঽন্ত্যাবস্থাং প্রাপ্ত ইত্যর্থঃ। উবাস উষিতবান্ কস্যচিদ্গৃহ-মাশ্রিত্য ॥৭৫॥১

আনন্দগিরিঃ।—অথ উদ্‌গীথাক্ষরোপাসনস্য অনেকধা উক্তত্বাৎ বক্তব্যানবশেষাৎ প্রপাঠকপরিসমাপ্তিরেব যুক্তেত্যাশঙ্ক্যাহ—উদ্‌গীথেতি। ইদমাখণ্ডান্তরং পরামৃশ্যতে। প্রস্তাবাদ্যুপাসনং বিবক্ষিতং চেৎ তদেবোচ্যতাম্, কিমনয়া কথয়েত্যাশঙ্ক্যাহ—আখ্যায়িকা ত্বিতি। মটচ্যো মর্দ্দনহেতবোঽশনয়ঃ পাষাণবৃষ্টয়ো বা। ততঃ

শস্যনাশাদিত্যেতৎ। সর্ব্বতঃ স্বৈরসঞ্চারেঽপি ন ব্যভিচারশঙ্কেতি দর্শয়িতুমাটিক্যেতি বিশেষণম্। প্রদ্রাণকপদস্য ক্রিয়াপদেন সম্বন্ধঃ। কুৎসিতগতিপ্রাপ্তৌ হেতুরন্নালাভাদিতি। প্রদ্রাণকশব্দার্থং ধাতুপন্যাসদ্বারা কথয়তি—দ্রা কুৎসায়ামিতি ॥৭৫॥১

ভাষ্যানুবাদ।—উদ্গীথোপাসনা প্রসঙ্গে প্রস্তাব ও প্রতিহার নামক (১) দুইটি সামভক্তিরও উপাসনা করা আবশ্যক; এইজন্য এখন এই দশম খণ্ড আরব্ধ হইতেছে। বিষয়টিকে অনায়াস-বোধ্য করিবার জন্যই আখ্যায়িকা [রচিত হইয়াছে]। কুরুদেশ মটচী-হত হইলে অর্থাৎ মটচী অর্থ অশনি (বজ্র), বহুবজ্রপাতে কুরুদেশীয় শস্যরাশি বিনাশিত হইলে এবং তাহার ফলে দুর্ভিক্ষ উপস্থিত হইলে পর, উষস্তি-নামক চাক্রায়ণ অর্থাৎ চক্রের পুত্র অন্নের অভাবে প্রদ্রাণক হইয়া, 'দ্রা' ধাতুর অর্থ কুৎসিত গতি বা দুরবস্থা; কুৎসিত গতি প্রাপ্ত হইয়া অর্থাৎ চরম দুরবস্থায় (জীবনান্ত দশায়) উপস্থিত হইয়া, আটিকী অর্থাৎ পয়োধরাদি স্ত্রীচিহ্নসমূহ যাহার অভিব্যক্ত হয় নাই, এরূপ [বালিকা] পত্নীর সহিত (২) ইভ্যগ্রামে—ইভ অর্থ—হস্তী, তাহার উপযুক্ত ব্যক্তি ইভ্য,—ধনী অথবা হস্তিপক; তাহার গ্রাম—'ইভ্যগ্রাম', সেই গ্রামে কাহারো গৃহে আশ্রয় লইয়া বাস করিতেছিলেন ॥৭৫॥১

স হেভ্যং কুল্মাষান্ খাদন্তং বিভিক্ষে তꣳ হোবাচ—নেতোঽন্যে বিদ্যন্তে, যচ্চ যে ম ইম উপনিহিতা ইতি ॥৭৬॥২

সঃ (উষস্তিঃ) কুল্মাষান্ (কুৎসিতান্ মাষান্) খাদন্তম্ (ভক্ষয়ন্তম্) ইভ্যং (হস্তিপকং) বিভিক্ষে (ভক্ষ্যং যাচিতবান্)। [ইভ্যঃ] হ তম্ (উষস্তিম্) উবাচ

---

(১) তাৎপর্য্য—পূর্ব্বোক্ত 'উদ্গীথ' যেরূপ সামবেদের ভক্তিবিশেষ, এই প্রস্তাব এবং প্রতিহারও তদ্রূপ সামবেদেরই ভক্তি বা অংশবিশেষ। উদ্গীথের যেমন নানাপ্রকারে উপাসনা কথিত হইয়াছে; তেমনি 'প্রস্তাব' 'প্রতিহার' সম্বন্ধেও উপাসনার বিধান করা আবশ্যক; এই জন্য এই দশম খণ্ডে একটি সুন্দর গল্পচ্ছলে তাহার সূচনা করিতেছেন। উপাসনার প্রণালীসমূহ ক্রমে প্রকাশ পাইবে।

(২) তাৎপর্য্য—'আটিকী' অর্থ যাহার স্ত্রীলক্ষণসমূহ প্রকাশ পায় নাই, অর্থাৎ তখনও যাহার বাল্যাবস্থা অতীত হয় নাই। উষস্তির পত্নীকে ঐরূপ বিশেষণে বিশেষিত করায় বুঝা যাইতেছে, বাল্যাবস্থায়ই তাহার বিবাহক্রিয়া নিষ্পন্ন হইয়াছিল। সুতরাং, পুরাকালে বালিকা-বিবাহের অস্তিত্ব অঙ্গীকার করিতে যাঁহারা কুণ্ঠিত, তাঁহাদের এই স্থানটিতে দৃষ্টি করা আবশ্যক মনে করি।

(উক্তবান্)—ইতঃ (ময়া ভক্ষ্যমাণেভ্যঃ কুল্মাষেভ্যঃ) অন্যে (অনুচ্ছিষ্টাঃ কুল্মাষাঃ) ন বিদ্যন্তে ; যৎ (যৎ ইতি বহুবচনান্তমব্যয়ং, যে ইত্যর্থঃ) যে চ (কুল্মাষাঃ) মে (মম) উপনিহিতাঃ (ভোজনপাত্রে প্রক্ষিপ্তাঃ) ইতি [ইতঃ অন্যে ন সন্তি, অতঃ কিং করোমি ? ইত্যুক্ত উষস্তিরাহ]—

তিনি [পর্য্যটন করিতে করিতে] কুৎসিত মাষকলাই ভক্ষণ করিতেছে, এমন একজন ইভ্যকে দেখিয়া (তাহার নিকট অন্ন) প্রার্থনা করিলেন ; ইভ্য বলিল—যে পরিমাণ যাহা আমার (ভোজনপাত্রে) প্রক্ষিপ্ত হইয়াছে, ইহার অধিক আর নাই [অতএব, বল কি করিব ? তদুত্তরে উষস্তি বলিলেন—] ॥

শাঙ্কর-ভাষ্যম্ ।—সোঽন্নার্থমটন্ ইভ্যং কুল্মাষান্ কুৎসিতান্ মাষান্ খাদন্তং ভক্ষয়ন্তং যদৃচ্ছয়োপলভ্য বিভিক্ষে যাচিতবান্। তমুষস্তিং হ উবাচ ইভ্যঃ—ন ইতঃ, অস্মাৎ ময়া ভক্ষ্যমাণাদুচ্ছিষ্টরাশেঃ কুল্মাষা অন্যে ন বিদ্যন্তে ; যচ্চ যে রাশৌ মে মম উপনিহিতাঃ প্রক্ষিপ্তা ইমে ভাজনে ; কিং করোমি ; ইত্যুক্তঃ প্রত্যুবাচ উষস্তিঃ—॥৭৬॥২

আনন্দগিরিঃ ।—যদৃচ্ছয়া সহসেত্যর্থঃ। নেত ইতি বাক্যোপাদানং তদ্ব্যাকরোতি—অস্মাদিতি। যদিত্যব্যয়ং বহুবচনান্তম্। উপনিহিতাঃ কুল্মাষা ইতি শেষঃ। তেষাং খল্বিমে ভাজনে প্রক্ষিপ্তা ইতি যোজনা ॥৭৬॥২

ভাষ্যানুবাদ ।—সেই উষস্তি অন্নের জন্য পর্য্যটন করিতে করিতে সহসা কুল্মাষ খাইতেছে অর্থাৎ কুৎসিত মাষকলাই ভক্ষণ করিতেছে, এরূপ একজন ইভ্যকে দেখিয়া ভিক্ষা করিয়াছিলেন—[অন্ন] প্রার্থনা করিয়াছিলেন। ইভ্য সেই উষস্তিকে বলিয়াছিল, ইহার অধিক আর নাই ; অর্থাৎ এই যে সমস্ত কুল্মাষ আমার ভোজনপাত্রে স্থাপিত আছে, আমি যাহা ভক্ষণ করিতেছি ; এই উচ্ছিষ্টের অতিরিক্ত আর কুল্মাষ নাই ; [এ অবস্থায় আমি] কি করিব ? এইরূপ অভিহিত হইয়া উষস্তি প্রত্যুত্তর বলিলেন—॥৭৬॥২

এতেষাং মে দেহীতি হোবাচ, তানস্মৈ প্রদদৌ, হন্তানুপানমিতি, উচ্ছিষ্টং বৈ মে পীতꣳস্যাদিতি হোবাচ ॥৭৭॥৩

[এবমুক্তঃ উষস্তিঃ]—হ (ঐতিহ্যে) উবাচ (উক্তবান্)—এতেষাং (এতান্ কুল্মাষান্, অথবা এতেষাং কুল্মাষাণাম্ অংশং) মে (মহ্যং) দেহি (প্রযচ্ছ) ইতি। [ইভ্যঃ] তান্ (কুল্মাষান্) অস্মৈ (উষস্তয়ে) প্রদদৌ (দত্তবান্); হন্ত (অনুমতিসূচনায়াম্) অনুপানং (কুল্মাষভক্ষণানন্তরপেয়ম্ উদকং) [তে

দদানি ?] ইতি [ইভ্য আহ], [তথা সতি] মে (মম) উচ্ছিষ্টং (ভুক্তাবশেষং) বৈ (এব) পীতং স্যাৎ, (উচ্ছিষ্টপানদোষঃ ভবেৎ) ইতি হ (কিল) উবাচ [উষস্তিঃ]॥

[ইভ্যের প্রশ্নানন্তর, উষস্তি] বলিলেন—এ সমস্তের অংশ আমাকে প্রদান কর। [ইভ্য] তৎসমুদয় তাঁহাকে প্রদান করিল; শেষে অনুপান অর্থাৎ তাহারই পীতাবশেষ জল [দিতে চাহিলে] উষস্তি বলিলেন—তাহা হইলে আমার উচ্ছিষ্ট পান করা হইবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—এতেষাম্ এতানিত্যর্থঃ। মে মহ্যং দেহীতি হোবাচ। তান্ স ইভ্যঃ অস্মৈ উষস্তয়ে প্রদদৌ প্রদত্তবান্। অনুপানীয়ং সমীপস্থমুদকং চ গৃহীত্বা উবাচ—হন্ত গৃহাণানুপানম্ ইত্যুক্তঃ প্রত্যুবাচ—উচ্ছিষ্টং মে মম ইদমুদকং পীতং স্যাৎ, যদি পাস্যামি; ইত্যুক্তবন্তং প্রত্যুবাচ ইতরঃ॥৭৭॥৩

আনন্দগিরিঃ।—হন্ত কুল্মাষা ভক্ষিতাশ্চেদিত্যর্থঃ॥৭৭॥৩

ভাষ্যানুবাদ।—এতেষাং অর্থ—এ সমুদয়কে; আমার উদ্দেশে প্রদান কর; ইহা বলিলেন; সেই ইভ্যও তৎসমুদয় উষস্তিকে প্রদান করিল; এবং অনুপান পানের জন্য সমীপস্থ জল লইয়া বলিল—অনুপান (ভক্ষণের পর পেয় জল) গ্রহণ কর; ইহা জিজ্ঞাসিত হইয়া (উষস্তি) বলিলেন—আমি যদি এই জল পান করি, [তাহা হইলে] নিশ্চয়ই এই জল পানে আমার উচ্ছিষ্ট পান করা হইবে, এইরূপ বলিলে, তাহাকে অপরে (ইভ্য) বলিল—॥৭৭॥৩

ন স্বিদেতেঽপ্যুচ্ছিষ্টা ইতি ন বা অজীবিষ্যমিমানখাদন্নিতি হোবাচ কামো ম উদপানমিতি* ॥৭৮॥৪

[ইভ্যঃ আহ]—স্বিৎ (ইতি বিতর্কে) এতে (মৎপ্রদত্তাঃ কুল্মাষাঃ) অপি (সম্ভাবনায়াং) ন উচ্ছিষ্টাঃ (ভুক্তশেষাঃ)? ইতি। [উষস্তিঃ] উবাচ—ইমান্ (কুল্মাষান্) অখাদন্ (অভুঞ্জানঃ সন্) [অহং] ন বৈ (নৈব) অজীবিষ্যম্ ইতি; উদপানং (উদকপানং) [পুনঃ] মে (মম) কামঃ (প্রচুরম্ ইচ্ছাধীনম্) [সম্ভবেৎ, অতঃ ত্বৎপ্রদত্তপানীয়সেবনে উচ্ছিষ্টপানজদোষভাগী স্যামিতি ভাবঃ] ইতি॥

ইভ্য বলিল, মৎপ্রদত্ত এই কুল্মাষগুলি কি উচ্ছিষ্ট নহে? উষস্তি বলিলেন—এই কুল্মাষ না খাইলে নিশ্চয়ই বাঁচিতাম না; কিন্তু জলপান ত আমার ইচ্ছাধীন।

* উদকপানমিতি বা পাঠঃ।

[আমি নিজেও আহরণ করিয়া জলপান করিতে পারিব; অতএব তোমার উচ্ছিষ্ট পান করিব কেন?]॥

শাঙ্কর-ভাষ্যম্।—কিং ন স্বিদেতে কুল্মাষা অপ্যুচ্ছিষ্টা ইত্যুক্ত আহোষস্তিঃ ন বৈ অজীবিষ্যং ন জীবিষ্যামি ইমান্ কুল্মাষানখাদন্ অভক্ষয়ন্নিতি হোবাচ। কাম ইচ্ছাতো মে মম উদকপানং লভ্যত ইত্যর্থঃ। অতশ্চৈতামবস্থাং প্রাপ্তস্য বিদ্যা-ধর্ম্মযশোবতঃ স্বাত্ম-পরোপকারসমর্থস্যৈতদপি কর্ম্ম কুর্ব্বতো নাগঃস্পর্শ ইত্যভিপ্রায়ঃ। তস্যাপি জীবিতং প্রতি উপায়ান্তরে অজুগুপ্সিতে সতি জুগুপ্সিতমেতৎ কর্ম্ম দোষায়। জ্ঞানাবলেপেন কুর্ব্বতো নরকপাতঃ স্যাদেবেত্যভিপ্রায়ঃ; প্রদ্রাণক-শব্দশ্রবণাৎ॥৭৮॥৪

আনন্দগিরিঃ।—কিং প্রত্যুবাচ ইত্যাকাঙ্ক্ষাপূর্ব্বকমাহ—কিমিত্যাদিনা। অনু-পানাভাবেঽপি তুল্যং জীবনরাহিত্যমিত্যাশঙ্ক্যাহ—কামইতি। অন্যোচ্ছিষ্টকুল্মাষ-ভক্ষণ-মৃষের্ব্বদন্ত্যাঃ শ্রুতেস্তাৎপর্য্যমাহ—অতশ্চেতি। চাক্রায়ণস্য বিদুষোঽভক্ষ্য-ভক্ষণদর্শনাদিতি যাবৎ। এতামবস্থাং প্রাপ্তস্য জীবিতসন্দেহমাপন্নস্যেত্যর্থঃ। বিদ্যাধর্ম্মযশোবতো জ্ঞানাদিপ্রযুক্তখ্যাতিং প্রপন্নস্যেত্যেতৎ। স্বাত্মোপকারে পরোপকারে চ সামর্থ্যং নিগ্রহানুগ্রহশক্তিমত্ত্বম্। এতৎ কর্ম্ম জীবনমাত্রকারণং কুৎসিতং চেষ্টিতমিত্যর্থঃ। উচ্ছিষ্টোদকপানপ্রতিষেধশ্রুতেরভিপ্রায়মাহ—তস্যাপীতি। এতৎ কর্ম্মেত্যভক্ষ্যভক্ষণোক্তিঃ। নন্বু জ্ঞানিনো যথেষ্টচেষ্টাত্রানুজ্ঞায়তে। নৈবম্। সর্ব্বান্নানুমতিশ্চেত্যাদিন্যায়বিরোধাদিত্যাহ—জ্ঞানেতি। তস্মিন্নভিপ্রায়ে লিঙ্গং দর্শয়তি—প্রদ্রাণকেতি। চাক্রায়ণে প্রদ্রাণকশব্দপ্রয়োগাৎ পরমাপদমাপন্নঃ সন্ কুল্মাষানুচ্ছিষ্টান্ ভক্ষিতবানিতি প্রতিভাতি। তথাচ জ্ঞানিনো যথেষ্টাচারে প্রমাণাভাবাৎ অনেকপ্রমাণবিরোধাচ্চ নাসাবত্র বিবক্ষিত ইত্যর্থঃ॥৭৮॥৪

ভাষ্যানুবাদ।—['স্বিৎ' অর্থ—প্রশ্ন বা বিতর্ক] এই কুল্মাষগুলিও কি উচ্ছিষ্ট নহে? এইরূপ অভিহিত হইয়া উষস্তি বলিলেন—কুল্মাষগুলি ভক্ষণ না করিলে নিশ্চয়ই আমি জীবিত থাকিব না; [এই কারণে কুল্মাষগুলি ভক্ষণ করিয়াছি, কিন্তু], জল-পান ত আমার ইচ্ছামতেই লব্ধ হইতে পারে। [অভিপ্রায় এই যে, যে লোক, বিদ্যা, ধর্ম্ম ও যশঃ-সম্পন্ন এবং নিজের ও পরের উপকার-সাধনে সমর্থ, তিনি যদি এবংবিধ দুরবস্থাগ্রস্ত হইয়া এরূপ কর্ম্মও (অভোজ্য-ভোজনও) করেন, তথাপি তাঁহার পাপস্পর্শ হয় না; কিন্তু তাঁহার পক্ষেও জীবন-রক্ষণোপ-যোগী অনিন্দিত উপায়ান্তর-সত্ত্বে ঈদৃশ নিন্দিত কর্ম্ম করা অবশ্যই দোষাবহ। অভিপ্রায় এই যে, জ্ঞানগর্ব্বে অর্থাৎ আমি জ্ঞানী, আমার পক্ষে বিধি নিষেধ

কিছুই নাই, এইরূপ অভিমান করিলে নিশ্চয়ই তাহার নরকে পতন হয়; এই জন্যই এখানে 'প্রদ্রাণক' শব্দের উল্লেখ রহিয়াছে (৩) ॥৭৮॥৪

স হ খাদিত্বাতিশেষান্ জায়ায়া আজহার, সাগ্র এব সুভিক্ষা বভূব, তান্ প্রতিগৃহ্য নিদধৌ ॥৭৯॥৫

সঃ (উষস্তিঃ) হ (কিল) খাদিত্বা (কুল্মাষান্ ভক্ষয়িত্বা) অতিশেষান্ (অবশিষ্টান্) জায়ায়ৈ (পত্ন্যর্থং) আজহার (আহৃতবান্), সা (জায়া) অগ্রে এব সুভিক্ষা (লব্ধভিক্ষা) বভূব; [অতঃ] তান্ (কুল্মাষান্) প্রতিগৃহ্য (পত্যুঃ হস্তাৎ গৃহীত্বা) নিদধৌ (স্থাপিতবতী)॥

সেই উষস্তি ভোজন করিয়া অবশিষ্ট কুল্মাষগুলি পত্নীর জন্য আনয়ন করিলেন। তিনি (পত্নী) পূর্ব্বেই উত্তম ভিক্ষা লাভ করিয়াছিলেন; সুতরাং তিনি স্বামীর হস্ত হইতে লইয়া সেগুলি রাখিয়া দিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—তাংশ্চ স খাদিত্বা অতিশেষান্ অতিশিষ্টান্ জায়ায়ৈ কারুণ্যাদাজহার। সা আটিকী অগ্র এব কুল্মাষপ্রাপ্তেঃ সুভিক্ষা শোভনভিক্ষা লব্ধান্না ইত্যেতৎ, বভূব সংবৃত্তা; তথাপি স্ত্রীস্বাভাব্যাদনবজ্ঞায় তান্ কুল্মাষান্ পত্যুঃ হস্তাৎ প্রতিগৃহ্য নিদধৌ নিক্ষিপ্তবতী ॥৭৯॥৫

আনন্দগিরিঃ।—স্ত্রীস্বাভাব্যং পত্যুরাজ্ঞাকরণম্ ॥৭৯॥৫

ভাষ্যানুবাদ।—তিনি (উষস্তি) সেই কুল্মাষ ভক্ষণ করিয়া অবশিষ্টগুলি দয়াবশতঃ পত্নীর উদ্দেশে আনয়ন করিলেন। সেই আটিকী কুল্মাষ প্রাপ্তির

---

(৩) তাৎপর্য্য—যে লোক বিদ্বান্, ধার্ম্মিক ও যশস্বী, সাধারণতঃ সেরূপ লোকের দ্বারা তাহার নিজের এবং সমাজের প্রভূত কল্যাণ সাধিত হইতে পারে; ঘটনাক্রমে সেরূপ লোক যদি দুর্গতির চরম সীমায় উপস্থিত হয়, জীবনধারণের কোনও উপায় না পায়, তাহা হইলে তাহার পক্ষে অভক্ষ্য-ভক্ষণ দ্বারাও মহামূল্য জীবন রক্ষা করা বিধেয়। মনু বলিয়াছেন—'জীবিতাত্যয়মাপন্নো যোঽন্নমত্তি যতস্ততঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা।' অর্থাৎ জীবিতাত্যয় (অন্নাভাবে) মৃত্যু সম্ভাবিত হইলে যে কোনও স্থান হইতে অন্ন ভক্ষণ করিতে পারে, পদ্মপত্র যেমন জলে লিপ্ত হয় না, তেমনি সেই ভক্ষণকারীও ভক্ষণজনিত পাপে স্পৃষ্ট হয় না। কিন্তু, কোন লোক যদি নিজের ব্রহ্মজ্ঞতার অভিমানে ঐরূপ ভক্ষণ করে, কিংবা কেহ যদি সমাজের অহিতকর পাপজীবন-পোষণার্থ ঐরূপ অভক্ষ্য ভক্ষণ করে, তাহা হইলে নিশ্চয়ই তাহাকে পাপী হইতে হইবে। পক্ষান্তরে, বিদ্যাদিগুণসম্পন্ন ব্যক্তির ঐরূপ অভক্ষ্য-ভক্ষণে যে, কিছুমাত্রই পাপ হয় না, তাহা নহে, পরন্তু, অল্পমাত্র হয়, ইহাই বিশেষ। এ বিষয়ে আরও কিছু জানিতে হইলে ব্রহ্মসূত্র ৩।৪।২৮ সূত্র দ্রষ্টব্য।

পূর্ব্বেই সুভিক্ষা হইয়াছিলেন, অর্থাৎ ভিক্ষায় উত্তম অন্ন লাভ করিয়াছিলেন; তথাপি স্ত্রীজন-স্বভাবানুসারে তাহা অনাদর না করিয়া, স্বামীর হস্ত হইতে গ্রহণ-পূর্ব্বক স্থাপন করিলেন ॥৭৯॥৫

স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ—যদ্বতান্নস্য লভেমহি, লভেমহি ধনমাত্রাং রাজাসৌ যক্ষ্যতে, স মা সর্বৈবরার্ত্বিজ্যৈর্বৃণীতেতি ॥৮০॥৬

সঃ (উষস্তিঃ) হ (কিল) প্রাতঃ (প্রাতঃকালে) সঞ্জিহানঃ (শয্যাং ত্যজন্) উবাচ [পত্নীম্ ইতি শেষঃ]; বত (খেদে) যৎ (যদি) অন্নস্য [অংশং ভোক্তুং] লভেমহি, [তেন লব্ধবলঃ সন্] ধনমাত্রাং (ধনস্য অংশম্, অল্পং ধনমিত্যর্থঃ) লভেমহি। [যতঃ] অসৌ (অনতিদূরবর্ত্তী) রাজা যক্ষ্যতে (যজ্ঞং করিষ্যতে), সঃ (রাজা) মা (মাং) সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্‌কর্ম্মভিঃ) বৃণীত, (সর্ব্ব-ঋত্বিক্‌কর্ম্মসম্পাদনায় তত্র মাং নিযোক্ষ্যতে ইতি ভাবঃ)॥

তিনি প্রাতঃকালে শয্যা ত্যাগ করিবার সময় [পত্নীকে লক্ষ্য করিয়া] বলিলেন, যদি কিঞ্চিৎ অন্ন লাভ করিতে পারিতাম, [তাহা হইলে] কিঞ্চিৎ ধন পাইতে পারিতাম; [কারণ], এই নিকটবর্ত্তী রাজা যজ্ঞ করিবেন, তিনি আমাকে সমস্ত ঋত্বিক্-কর্ম্মের জন্য বরণ করিবেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—স তস্যাঃ কর্ম্ম জানন্ প্রাতঃ উষঃকালে সঞ্জিহানঃ শয়নং নিদ্রাং বা পরিত্যজন্ উবাচ পত্ন্যাঃ শৃণ্বন্ত্যাঃ—যৎ যদি, বতেতি খিদ্যমানঃ, অন্নস্য স্তোকং লভেমহি, তদ্ ভুক্ত্বান্নং সমর্থো গত্বা লভেমহি ধনমাত্রাং ধনস্যাল্পম্; ততোঽস্মাকং জীবনং ভবিষ্যতীতি। ধনলাভে চ কারণমাহ—রাজা অসৌ নাতিদূরস্থানে যক্ষ্যতে; যজমানত্বাৎ তস্যাত্মনেপদম্। স চ রাজা মা মাং পাত্রমুপলভ্য সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ ঋত্বিক্কর্ম্মভিঃ ঋত্বিক্কর্ম্মপ্রয়োজনায়েত্যর্থঃ, বৃণীতেতি ॥৮০॥৬

আনন্দগিরিঃ।—তস্যাঃ কর্ম্ম কুল্মাষাণাং পরিরক্ষণম্। যক্ষ্যতীতি কস্মান্নোক্তং তত্রাহ—যজমানত্বাদিতি। রাজ্ঞো যজমানত্বাৎ যাগফলস্য আত্মগামিত্বাৎ যক্ষ্যত ইত্যাত্মনে পদং প্রযুক্তমিত্যর্থঃ। অন্যেষামুপদ্রষ্টৃত্বসম্ভবে কুতস্ত্বামেব রাজা মানয়িষ্যতি ইত্যাশঙ্ক্যাহ—স চেতি ॥৮০॥৬

ভাষ্যানুবাদ।—সেই উষস্তি তাঁহার (পত্নীর) [কুল্মাষ-রক্ষণরূপ]

কার্য্য জানেন বলিয়াই প্রাতঃসময়—উষাকালে শয্যা বা নিদ্রা ত্যাগ করিতে করিতে, পত্নী শুনিতে পান, এমন ভাবে বলিলেন যে, পরিশ্রান্ত আমি যদি অন্নের কিয়দংশ লাভ করিতাম, [তাহা হইলে] সেই অন্ন ভক্ষণ করিয়া শক্তি লাভ করত যাইয়া ধনের মাত্রা অর্থাৎ কিঞ্চিৎ ধন লাভ করিতাম ; তাহাতে আমাদের জীবিকা-নির্ব্বাহ হইবে। ধন-লাভের কারণ বলিতেছেন—এই রাজা অনতিদূরবর্ত্তী স্থানে যজ্ঞ করিবে ; [রাজা যজমান বলিয়া আত্মনেপদী 'যক্ষ্যতে' ব্যবহৃত হইল।] সেই রাজা আমাকে উপযুক্তপাত্র পাইয়া সমস্ত আর্ত্বিজ্যের অর্থাৎ ঋত্বিক্‌গণের কর্ত্তব্য কর্ম্মের জন্য বরণ করিতে পারে ॥৮০॥৬

তং জায়োবাচ হন্ত পত ইম এব কুল্মাষা ইতি, তান্ খাদিত্বামুং যজ্ঞং বিততমেয়ায় ॥৮১॥৭

জায়া (আটিকী) তম্ (উষস্তিম্) উবাচ—হন্ত (ঔৎসুক্যে) পতে ! (হে স্বামিন্) ! ইমে (ত্বৎপ্রদত্তাঃ) কুল্মাষাঃ [সন্তি] ইতি। [সঃ] তান্ (কুল্মাষান্) খাদিত্বা (ভক্ষয়িত্বা) অমুং বিততং (যাজ্ঞিকৈঃ বিস্তারিতং) যজ্ঞং এয়ায় (জগাম)।

জায়া আটিকী তাঁহাকে বলিলেন—হে স্বামিন্, এই ত তোমারই প্রদত্ত কুল্মাষ [রহিয়াছে] ; তিনি তাহা ভক্ষণ করিয়া এই বিতত (যাজ্ঞিকগণ-প্রারব্ধ) যজ্ঞে গমন করিলেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—এবমুক্তবন্তং জায়োবাচ—হন্ত গৃহাণ হে পতে, ইম এব ; যে মদ্ধস্তবিনিক্ষিপ্তাঃ ত্বয়া কুল্মাষা ইতি। তান্ খাদিত্বা অমুং যজ্ঞং রাজ্ঞো বিততং বিস্তারিতং ঋত্বিগ্‌ভিঃ এয়ায় ॥৮১॥৭

আনন্দগিরিঃ।—হন্ত ইতি অন্নলেশলাভশ্চেদেবং ধনলব্ধিদ্বারা জীবনহেতু-রিত্যর্থঃ ॥৮১॥৭

ভাষ্যানুবাদ।—এই কথা বলিলে পর জায়া তাঁহাকে বলিলেন, হে পতে ! (স্বামিন্) তুমি আমার হস্তে যে কুল্মাষসমূহ সমর্পণ করিয়াছিলে, এই ত তাহাই [আছে] ; [উষস্তি] সে সমস্ত ভক্ষণ করিয়া রাজার সেই ঋত্বিক্‌গণ-বিস্তারিত (যাজ্ঞিকগণকর্ত্তৃক প্রারব্ধ) যজ্ঞে গিয়াছিলেন ॥৮১॥৭

তত্রোদ্গাতৄনাস্তাবে স্তোষ্যমাণানুপোপবিবেশ। স হ প্রস্তোতারমুবাচ ॥৮২॥৮

তত্র (যজ্ঞক্ষেত্রে) [গত্বা] আস্তাবে (স্তোত্রভূমৌ) উদ্গাতৃন্ (পুরুষান্) (আসাদ্য) স্তোষ্যমাণান্ (স্তোত্রপাঠকারিণঃ) উপ (সমীপে) উপবিবেশ (তেষাং সমীপে উপবিষ্টঃ)। [উপবিশ্য চ] সঃ (উষস্তিঃ) প্রস্তোতারং (প্রস্তাবকর্ত্তারম্) উবাচ (পপ্রচ্ছ) হ (কিল) ॥

[উষস্তি] যজ্ঞে যাইয়া স্তোত্র-পাঠের স্থানে উদ্গাতৃপুরুষগণকে প্রাপ্ত হইয়া স্তোত্রপাঠকারীদিগের সমীপে উপবেশন করিলেন; তিনি [উপবেশনের পর] 'প্রস্তাব' পাঠকারীকে জিজ্ঞাসা করিলেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তত্র চ গত্বা উদ্গাতৃপুরুষান্ আগত্য, আস্তুবন্তি অস্মিন্নিতি আস্তাবঃ, তস্মিন্ আস্তাবে স্তোষ্যমাণান্ উপ উপবিবেশ—সমীপে উপবিষ্টস্তেষামিত্যর্থঃ। উপবিশ্য চ স হ প্রস্তোতারমুবাচ ॥৮২॥৮

আনন্দগিরিঃ।—রাজ্ঞো যজ্ঞস্তত্র ইত্যুচ্যতে। উদ্গাতুরেকত্বে কুতো বহূক্তিরিত্যাশঙ্ক্যাহ—উদ্গাতৃপুরুষানিতি। স্তুবন্ত্যস্মিন্নিতি সপ্তম্যা সংবাদদেশো বা নির্দ্দিশ্যতে ॥৮২॥৮

ভাষ্যানুবাদ।—সেখানে যাইয়া, উদ্গাতৃ-পুরুষগণকে প্রাপ্ত হইয়া যেখানে স্তুতি পাঠ হয়, সেই 'আস্তাব' স্থলে স্তোত্রপাঠকারীদিগের সমীপে উপবেশন করিলেন; তিনি উপবেশন করিয়া প্রস্তোতাকে জিজ্ঞাসা করিলেন (৪) ॥৮২॥৮

প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রস্তোষ্যসি, মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি ॥৮-৩॥৯

[উষস্তিপ্রশ্নোঽয়মুচ্যতে—"প্রস্তোতঃ" ইত্যাদিনা।]—হে প্রস্তোতঃ! (হে প্রস্তাবপাঠক!) যা দেবতা প্রস্তাবং (ত্বয়া পঠিষ্যমাণং স্তোত্রবিশেষং) অন্বায়ত্তা (অনুগতা), তাম্ (দেবতাম্) অবিদ্বান্ (অজানন্) চেৎ (যদি) প্রস্তোষ্যসি (প্রস্তাবং পঠিষ্যসি)। [তর্হি] তে (তব) মূর্দ্ধা (মস্তকং) বিপতিষ্যতি (বিস্পষ্টং পতিষ্যতি) ইতি ॥

হে প্রস্তোতঃ (প্রস্তাবপাঠকারিন্!) যে দেবতা এই প্রস্তাবে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া যদি প্রস্তাব পাঠ করিবে, নিশ্চয়ই তোমার মস্তক পতিত হইবে ॥

---

(৪) তাৎপর্য্য—যজ্ঞকার্য্যে অন্যান্য কার্য্যের ন্যায় 'প্রস্তাব' 'প্রতিহার' ও 'উদ্গীথা'দি পাঠেরও ব্যবস্থা আছে। তন্মধ্যে প্রস্তাবপাঠক 'প্রস্তোতা', প্রতিহারপাঠক 'প্রতিহর্ত্তা' এবং উদ্গীথপাঠক 'উদ্গাতা' নামে অভিহিত হন।

শাঙ্কর-ভাষ্যম্।—হে প্রস্তোতঃ ইত্যামন্ত্র্য অভিমুখীকরণায়, যা দেবতা প্রস্তাবং প্রস্তাবভক্তিম্ অনুগতা অন্বায়ত্তা, তাং চেৎ দেবতাং প্রস্তাবভক্তেঃ অবিদ্বান্ সন্ প্রস্তোষ্যসি বিদুষো মম সমীপে; তৎপরোক্ষেঽপি চেৎ, বিপতেৎ তস্য মূর্দ্ধা, কর্ম্মমাত্র-বিদাম্ অনধিকার এব কর্ম্মণি স্যাৎ; তচ্চানিষ্টম্, অবিদুষামপি কর্ম্মদর্শনাৎ, দক্ষিণমার্গশ্রুতেশ্চ; অনধিকারে চ অবিদুষাম্ উত্তর এবৈকো মার্গঃ শ্রূয়েত; ন চ স্মার্ত্তকর্ম্মনিমিত্ত এব দক্ষিণঃ পন্থাঃ, "যজ্ঞেন দানেন" ইত্যাদিশ্রুতেঃ; "তথোক্তস্য ময়া" ইতি চ বিশেষণাৎ বিদ্বৎসমক্ষমেব কর্ম্মণ্যনধিকারঃ, ন সর্ব্বত্রাগ্নিহোত্র-স্মার্ত্ত-কর্ম্মাধ্যয়নাদিষু চ; অনুজ্ঞায়াস্তত্র দর্শনাৎ। কর্ম্মমাত্রবিদামপ্যধিকারঃ সিদ্ধঃ কর্ম্মণীতি, মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি ॥৮৩॥৯

আনন্দগিরিঃ।—কিমর্থমামন্ত্রণম্? তদাহ—অভিমুখীকরণায়েতি। বিদুষঃ সমীপে দেবতামবিদ্বান্ প্রস্তোষ্যসি চেন্মূর্দ্ধা তে বিপতিষ্যতীত্যগ্রে সম্বন্ধঃ। ননু অবিদ্বন্নিন্দায়া বিবক্ষিতত্বাৎ বিদ্বৎসমীপবচনম্ অকিঞ্চিৎকরমিতি চেন্নেত্যাহ—তৎ-পরোক্ষেঽপীতি। তস্যেত্যবিদ্বান্ প্রস্তোতোচ্যতে। মা ভূৎ কর্ম্মমাত্রবিদাং কর্ম্মণ্য-ধিকার ইতি চেন্নেত্যাহ—তচ্চেতি। তেনোভৌ কুরুত ইত্যাদি শ্রুতাবিতি শেষঃ। অবিদুষামপি কর্ম্মাধিকারে হেত্বন্তরমাহ—দক্ষিণেতি। তদেব ব্যতিরেকদ্বারা স্ফোরয়তি—অনধিকারে চেতি। তস্যৈব সমুচ্চয়ফলত্বাদিত্যর্থঃ। ননু দক্ষিণমার্গস্য বাপীকূপতটাকাদিস্মার্ত্তকর্ম্মপ্রযুক্তত্বাৎ বৈদিকে কর্ম্মণি বিদ্বানেবাধিক্রিয়তে, নেত্যাহ —নচেতি। যজ্ঞেন দানেন লোকাঞ্জয়ন্তীতি বৈদিককর্ম্মনিষ্ঠানামজ্ঞানামেব দক্ষিণ-মার্গশ্রবণাদিতি হেতুমাহ—যজ্ঞেনেতি। ইতশ্চাবিদুষাং বিদ্বৎসমীপে কর্ম্মাধিকারো নাস্তীত্যাহ—তথোক্তস্যেতি। দেবতাবিজ্ঞানশূন্যস্য তে মূর্দ্ধা বিপতিষ্যতি ইত্যনেন প্রকারেণ ময়োক্তস্য মূর্দ্ধা ব্যপতিষ্যদিতি বিশেষশ্রবণাৎ বিদ্বৎসমীপে তদনুজ্ঞামন্তরেণ কর্ম্ম কুর্ব্বতোঽপরাধিত্বাৎ তস্য কর্ম্মণ্যনধিকার এবেত্যর্থঃ। বিদ্বদসমীপে পুনরবি-দুষোঽপি কর্ম্মণ্যধিকারোঽস্তীত্যাহ—ন সর্ব্বত্রেতি। অগ্নিহোত্রাদৌ শ্রৌতে কর্ম্মণি, স্মার্ত্তেষু চ বাপীকূপতটাকাদিকর্ম্মস্বধ্যয়নজপাদিষু চ বিদ্বৎসন্নিধিমন্তরেণাপি সর্ব্বস্মিন্ কালে কর্ম্মমাত্রবিদো নাধিকারোঽস্তীত্যশক্যং বক্তুমিত্যর্থঃ। তত্র হেতুমাহ— অনুজ্ঞেতি। ভগবন্তং বা অহং বিবিদিষাণীত্যাদিনা রাজ্ঞা স্বকীয়কর্ম্মনির্ব্বর্ত্তনে প্রার্থনাদর্শনাদেত এব ময়া সমতিসৃষ্টাঃ স্তবতামিতি চানুজ্ঞোপলম্ভাদস্ত্যেবাবিদুষামপি কর্ম্মণ্যধিকার ইত্যর্থঃ। উক্তমর্থমুপসংহরতি—কর্ম্মমাত্রেতি। বিদ্বৎসমীপে তদনু-জ্ঞামলব্ধ্বা নাস্তি কর্ম্মানুষ্ঠানং, ইত্যেতন্নিগময়িতুমিতি শব্দঃ। মূর্দ্ধা তে বিপতিষ্যতী-ত্যেতদন্তং প্রস্তোতৃবিষয়ং বাক্যং ব্যাখ্যাতমিত্যনুবদতি—মূর্দ্ধেতি ॥৮৩॥৯

ভাষ্যানুবাদ।—আপনার দিকে অভিমুখ করিবার জন্য হে প্রস্তোতঃ! এইরূপে সম্বোধন করিয়া [বলিলেন],—যে দেবতা প্রস্তাবে অর্থাৎ প্রস্তাবনামক সামবেদীয় অংশবিশেষে অন্বায়ত্ত, অর্থাৎ অনুগত আছেন, প্রস্তাবভাগের সেই

দেবতাকে না জানিয়া যদি তদভিজ্ঞ আমার সমীপে প্রস্তাব পাঠ করিবে, [তাহা হইলে] তোমার মস্তক পতিত হইবে। উষস্তির অগোচরেও যদি তাহার মস্তকপাত হইত, তাহা হইলে নিশ্চয়ই কেবলই কর্ম্মমাত্রাভিজ্ঞদিগের কর্ম্মানুষ্ঠানে অনধিকারই সম্ভাবিত হইত ; অথচ তাহা ত অভিপ্রেত নহে ; কারণ, অজ্ঞদিগেরও কর্ম্মানুষ্ঠান দেখিতে পাওয়া যায়। বিশেষতঃ [তাহাদের জন্য] দক্ষিণ-মার্গ-বোধক (ধূমাদি পথপ্রতিপাদক) শ্রুতিও রহিয়াছে। অবিদ্বান্‌দিগের যদি কর্ম্মে অধিকারই না থাকিত, তাহা হইলে কেবল একমাত্র উত্তরমার্গেরই (অর্চ্চিরাদি পথেরই) শ্রুতি থাকিত। আর এ কথাও বলা যায় না যে, কেবল স্মৃত্যুক্ত কর্ম্মের জন্যই দক্ষিণ পথ, [অপরের জন্য নহে] ; কারণ, শ্রুতি আছে—'যজ্ঞ দান প্রভৃতি দ্বারা' ইত্যাদি। এখানে বিশেষ করিয়া বলা হইয়াছে যে, 'আমাকর্ত্তৃক সেইরূপে অভিহিতের—' ইতি। অতএব বিদ্বানের সমক্ষেই অজ্ঞের কর্ম্মানুষ্ঠানে অনধিকার, কিন্তু, অগ্নিহোত্র, কিংবা, স্মার্ত্ত (স্মৃত্যুক্ত) কর্ম্ম ও অধ্যয়নাদি সমস্ত কর্ম্মে নহে ; কারণ, বিশেষ বিশেষ ঐ সকল কর্ম্মে [অবিদ্বান্‌দিগের পক্ষেও] অনুজ্ঞা দেখিতে পাওয়া যায় ; অতএব, কেবল কর্ম্মমাত্রাভিজ্ঞ লোকদিগেরও কর্ম্মে অধিকার সিদ্ধ হইল ॥৮৩॥৯

এবমেবোদ্গাতারমুবাচোদ্গাতর্যা দেবতোদ্গীথমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বানুদ্গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি ॥৮৪॥১০

এবমেব প্রতিহর্ত্তারমুবাচ। প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি, তে হ সমারতাস্তূষ্ণীমাসাঞ্চক্রিরে ॥৮৫॥১১

ইতি প্রথমাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥১০ ॥

[সঃ উষস্তি] এবং (পূর্ব্ববৎ) এব উদ্গাতারম্ (উদ্গীথপাঠকম্) উবাচ— হে উদ্গাতঃ, যা দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা (অনুগতা), চেৎ (যদি) তাম্ (দেবতাম্) অবিদ্বান্ (অজানন্ সন্) উদ্গাস্যসি (উদ্গীথং গাস্যসি,) [তর্হি] তে (তব) মূর্দ্ধা (মস্তকং) বিপতিষ্যতি (ইত্যাদি পূর্ব্ববৎ)॥

এই প্রকার উদ্গাতাকে জিজ্ঞাসা করিলেন—হে উদ্গাতঃ, যে দেবতা উদ্গীথে অনুগত রহিয়াছেন ; তাঁহাকে না জানিয়া যদি তুমি উদ্গীথ গান করিবে, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে॥

এবম্ (পূর্ব্ববৎ) এব প্রতিহর্ত্তারং (প্রতিহারপাঠকং) উবাচ—হে প্রতিহর্ত্তঃ, যা দেবতা প্রতিহারম্ অন্বায়ত্তা (অনুগতা), চেৎ (যদি) তাং দেবতাম্ অবিদ্বান্ প্রতিহরিষ্যসি (প্রতিহারকর্ম্ম করিষ্যসি), [তর্হি] তে (তব) মূর্দ্ধা বিপতিষ্যতি ইতি। তে (প্রস্তোতৃপ্রভৃতয়ঃ) হ (কিল) সমারতাঃ (নিবৃত্তব্যাপারাঃ সন্তঃ) তূষ্ণীম্ আসাঞ্চক্রিরে (মৌনীভাবেন তস্থুরিত্যর্থঃ)॥

পূর্ব্বের ন্যায় প্রতিহর্ত্তাকেও জিজ্ঞাসা করিলেন—হে প্রতিহর্ত্তঃ, যে দেবতা প্রতিহারে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া তুমি যদি প্রতিহারকর্ম্ম করিবে, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে। তখন তাঁহারা স্ব স্ব কার্য্য হইতে নিবৃত্ত হইয়া তূষ্ণীম্ভাবে রহিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—এবমেবোদ্গাতারং প্রতিহর্ত্তারমুবাচেত্যাদি সমানমন্যৎ। তে প্রস্তোত্রাদয়ঃ কর্ম্মভ্যঃ সমারতাঃ উপরতাঃ সন্তঃ মূর্দ্ধপাতভয়াৎ তূষ্ণীমাসাঞ্চক্রিরে অন্যচ্চাকুর্ব্বন্তঃ, অর্থিত্বাৎ॥৮৪-৮৫॥১০-১১

ইতি প্রথমাধ্যায়স্য দশম-খণ্ড-ভাষ্যম্॥১০॥

আনন্দগিরিঃ।—তূষ্ণীমিত্যস্য অর্থমাহ—অন্যচ্চেতি। তত্র হেতুমাহ—অর্থিত্বাদিতি। তত্তদ্দেবতাবিষয়বিজ্ঞানার্থিত্বেন কর্ম্মান্তরমকুর্ব্বন্তশ্চাক্রায়ণাভিমুখাঃ স্থিতা ইত্যর্থঃ॥৮৪-৮৫॥১০-১১

ইতি প্রথমাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ॥১০॥

ভাষ্যানুবাদ।—এই প্রকারই উদ্গাতা ও প্রতিহর্ত্তাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়। সেই প্রস্তোতা প্রভৃতিরা কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া আর কিছু না করিয়া মস্তকপাতের ভয়ে তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন; কারণ, তাঁহারাও অর্থী, অর্থাৎ উষস্তির নিকট ঐ সকল দেবতা-বিষয়ক জ্ঞানলাভের প্রয়াসী, এই জন্যই চুপ করিয়া রহিলেন॥৮৪-৮৫॥১০-১১

প্রথম অধ্যায়ে দশম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥১০॥

দেবতাকে না জানিয়া যদি তদভিজ্ঞ আমার সমীপে প্রস্তাব পাঠ করিবে, [তাহা হইলে] তোমার মস্তক পতিত হইবে। উষস্তির অগোচরেও যদি তাহার মস্তকপাত হইত, তাহা হইলে নিশ্চয়ই কেবলই কর্ম্মমাত্রাভিজ্ঞদিগের কর্ম্মানুষ্ঠানে অনধিকারই সম্ভাবিত হইত; অথচ তাহা ত অভিপ্রেত নহে; কারণ, অজ্ঞদিগেরও কর্ম্মানুষ্ঠান দেখিতে পাওয়া যায়। বিশেষতঃ [তাহাদের জন্য] দক্ষিণ-মার্গ-বোধক (ধূমাদি পথপ্রতিপাদক) শ্রুতিও রহিয়াছে। অবিদ্বান্‌দিগের যদি কর্ম্মে অধিকারই না থাকিত, তাহা হইলে কেবল একমাত্র উত্তরমার্গেরই (অর্চ্চিরাদি পথেরই) শ্রুতি থাকিত। আর এ কথাও বলা যায় না যে, কেবল স্মৃত্যুক্ত কর্ম্মের জন্যই দক্ষিণ পথ, [অপরের জন্য নহে]; কারণ, শ্রুতি আছে—'যজ্ঞ দান প্রভৃতি দ্বারা' ইত্যাদি। এখানে বিশেষ করিয়া বলা হইয়াছে যে, 'আমাকর্ত্তৃক সেইরূপে অভিহিতের—' ইতি। অতএব বিদ্বানের সমক্ষেই অজ্ঞের কর্ম্মানুষ্ঠানে অনধিকার, কিন্তু, অগ্নিহোত্র, কিংবা, স্মার্ত্ত (স্মৃত্যুক্ত) কর্ম্ম ও অধ্যয়নাদি সমস্ত কর্ম্মে নহে; কারণ, বিশেষ বিশেষ ঐ সকল কর্ম্মে [অবিদ্বান্‌দিগের পক্ষেও] অনুজ্ঞা দেখিতে পাওয়া যায়; অতএব, কেবল কর্ম্মমাত্রাভিজ্ঞ লোকদিগেরও কর্ম্মে অধিকার সিদ্ধ হইল ॥৮৩॥৯

এবমেবোদ্গাতারমুবাচোদ্গাতর্যা দেবতোদ্গীথমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বানুদ্গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি ॥৮৪॥১০

এবমেব প্রতিহর্ত্তারমুবাচ। প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি, তে হ সমারতাস্তূষ্ণীমাসাঞ্চক্রিরে ॥৮৫॥১১

ইতি প্রথমাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥১০ ॥

[সঃ উষস্তি] এবং (পূর্ব্ববৎ) এব উদ্গাতারম্ (উদ্গীথপাঠকম্) উবাচ—হে উদ্গাতঃ, যা দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা (অনুগতা), চেৎ (যদি) তাম্ (দেবতাম্) অবিদ্বান্ (অজানন্ সন্) উদ্গাস্যসি (উদ্গীথং গাস্যসি,) [তর্হি] তে (তব) মূর্দ্ধা (মস্তকং) বিপতিষ্যতি (ইত্যাদি পূর্ব্ববৎ)॥

এই প্রকার উদ্গাতাকে জিজ্ঞাসা করিলেন—হে উদ্গাতঃ, যে দেবতা উদ্গীথে অনুগত রহিয়াছেন; তাঁহাকে না জানিয়া যদি তুমি উদ্গীথ গান করিবে, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে॥

এবম্ (পূর্ব্ববৎ) এব প্রতিহর্ত্তারং (প্রতিহারপাঠকং) উবাচ—হে প্রতিহর্ত্তঃ, যা দেবতা প্রতিহারম্ অন্বায়ত্তা (অনুগতা), চেৎ (যদি) তাং দেবতাম্ অবিদ্বান্ প্রতিহরিষ্যসি (প্রতিহারকর্ম্ম করিষ্যসি), [তর্হি] তে (তব) মূর্দ্ধা বিপতিষ্যতি ইতি। তে (প্রস্তোতৃপ্রভৃতয়ঃ) হ (কিল) সমারতাঃ (নিবৃত্তব্যাপারাঃ সন্তঃ) তূষ্ণীম্ আসাঞ্চক্রিরে (মৌনীভাবেন তস্থুরিত্যর্থঃ)॥

পূর্ব্বের ন্যায় প্রতিহর্ত্তাকেও জিজ্ঞাসা করিলেন—হে প্রতিহর্ত্তঃ, যে দেবতা প্রতিহারে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া তুমি যদি প্রতিহারকর্ম্ম করিবে, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে। তখন তাঁহারা স্ব স্ব কার্য্য হইতে নিবৃত্ত হইয়া তূষ্ণীম্ভাবে রহিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—এবমেবোদ্গাতারং প্রতিহর্ত্তারমুবাচেত্যাদি সমানমন্যৎ। তে প্রস্তোত্রাদয়ঃ কর্ম্মভ্যঃ সমারতাঃ উপরতাঃ সন্তঃ মূর্দ্ধপাতভয়াৎ তূষ্ণীমাসাঞ্চক্রিরে অন্যচ্চাকুর্ব্বন্তঃ, অর্থিত্বাৎ ॥৮৪-৮৫॥১০-১১

ইতি প্রথমাধ্যায়স্য দশম-খণ্ড-ভাষ্যম্ ॥১০॥

আনন্দগিরিঃ।—তূষ্ণীমিত্যস্য অর্থমাহ—অন্যচ্চেতি। তত্র হেতুমাহ—অর্থিত্বাদিতি। তত্তদ্দেবতাবিষয়বিজ্ঞানার্থিত্বেন কর্ম্মান্তরমকুর্ব্বন্তশ্চাক্রায়ণাভিমুখাঃ স্থিতা ইত্যর্থঃ ॥৮৪-৮৫॥১০-১১

ইতি প্রথমাধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥১০ ॥

ভাষ্যানুবাদ।—এই প্রকারই উদ্গাতা ও প্রতিহর্ত্তাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়। সেই প্রস্তোতা প্রভৃতিরা কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া আর কিছু না করিয়া মস্তকপাতের ভয়ে তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন; কারণ, তাঁহারাও অর্থী, অর্থাৎ উষস্তির নিকট ঐ সকল দেবতা-বিষয়ক জ্ঞানলাভের প্রয়াসী, এই জন্যই চুপ করিয়া রহিলেন ॥৮৪-৮৫॥১০-১১

প্রথম অধ্যায়ে দশম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১০ ॥

প্রথমাধ্যায়স্য

একাদশঃ খণ্ডঃ।

অথ হৈনং যজমান উবাচ। ভগবন্তং বা অহং বিবিদিষাণীতি, উষস্তিরস্মি চাক্রায়ণ ইতি হোবাচ ॥৮৬॥১

অথ (অনন্তরং) যজমানঃ (যজ্ঞকর্ত্তা রাজা) হ (ঐতিহ্যে) এনম্ (উষস্তিম্) উবাচ (উক্তবান্)—ভগবন্তং (পূজার্হং ত্বাং) বিবিদিষাণি (বেদিতুম্ ইচ্ছামি)। [অপরঃ] উবাচ—চাক্রায়ণঃ (চক্রস্য অপত্যং) উষস্তিঃ (এতন্নামকঃ) অস্মি (ভবামি) [অহম্ ইতি শেষঃ] ইতি ॥

অনন্তর যজ্ঞকর্ত্তা রাজা তাঁহাকে বলিলেন—মহাশয়কে জানিতে ইচ্ছা করি; তিনি বলিলেন—আমি হইতেছি চক্রের পুত্র—উষস্তি ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ অনন্তরং হ এনম্ উষস্তিং যজমানো রাজা উবাচ—ভগবন্তং বৈ পূজাবন্তম্ অহং বিবিদিষাণি বেদিতুমিচ্ছামি, ইত্যুক্ত উষস্তিরস্মি চাক্রায়ণঃ তবাপি শ্রোত্রপথমাগতো যদি—ইতি হোবাচ উক্তবান্ ॥৮৬॥১

আনন্দগিরিঃ।—অথ হৈনমিত্যাদি ব্যাকরোতি—অথেতি। প্রস্তোতৃপ্রভৃতীনাং তূষ্ণীম্ভাবাদিতি শেষঃ ॥৮৬॥১

ভাষ্যানুবাদ।—অনন্তর যজমান (যজ্ঞকর্ত্তা) রাজা ইঁহাকে—উষস্তিকে বলিয়াছিলেন—ভগবান্‌কে অর্থাৎ পূজনীয় আপনাকে আমি জানিতে ইচ্ছা করি; এইরূপ জিজ্ঞাসিত হইয়া [তিনি] বলিলেন—'আমি হইতেছি উষস্তিনামক চাক্রায়ণ, অর্থাৎ চক্রের পুত্র; সম্ভবতঃ তোমারও শ্রোত্রপথগত হইয়া থাকিব' ॥৮৬॥১

স হোবাচ ভগবন্তং বা অহমেভিঃ সর্ব্বৈরার্ত্বিজ্যৈঃ পর্য্যৈষিষম্। ভগবতো বা অহমবিত্ত্যান্যানবৃষি ॥৮৭॥২

সঃ (যজমানঃ) হ (কিল) উবাচ—অহং ভগবন্তং (পূজার্হং ত্বাং) বৈ (এব) এভিঃ সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্‌কর্ম্মভিঃ) পর্য্যৈষিষম্ (পর্য্যেষণম্—অন্বেষণং কৃতবান্ অস্মি), [এষু ঋত্বিক্‌কর্ম্মসু বরিতুং ত্বাম্ এব অন্বিষ্যমাণঃ অস্মি]; ভগবতঃ (ভবতঃ) অবিত্ত্যা (অলাভেন) বৈ (এব) অহং অন্যান্ (ব্রাহ্মণান্) অবৃষি (কর্ম্মসু বৃতবান্ অস্মি)॥

তিনি (রাজা) বলিলেন—আমি এই সমস্ত ঋত্বিক্-কর্ম্মের জন্য আপনাকেই অন্বেষণ করিয়াছিলাম; আমি আপনার অপ্রাপ্তিতেই অপর সকলকে বরণ করিয়াছি॥

শাঙ্কর-ভাষ্যম্।—স হ যজমান উবাচ—সত্যমেবমহং ভগবন্তং বহুগুণম্ অশ্রৌষম্, সর্ব্বৈশ্চ ঋত্বিক্কর্ম্মভিঃ—আর্ত্বিজ্যৈঃ পর্য্যৈষিষং পর্য্যেষণং কৃতবান্ অস্মি; অন্বিষ্য ভগবতো বৈ অহমবিত্ত্যা অলাভেন অন্যান্ ইমান্ অবৃষি বৃতবানস্মি॥৮৭॥২

আনন্দগিরিঃ।—চাক্রায়ণস্য বচনমঙ্গীকরোতি—সত্যমিতি। অঙ্গীকারমেব স্ফোরয়তি—এবমিতি। আর্ত্বিজ্যৈরিত্যস্য ব্যাখ্যানম্ ঋত্বিক্কর্ম্মভিরিতি, তদর্থমিতি যাবৎ। যদি মাম্ আর্ত্বিজ্যার্থমনুসংহিতবানসি, কিমিতি ইমান্ অন্যান্ বৃতবান্? ইত্যাশঙ্ক্যাহ—অন্বিষ্যেতি॥৮৭॥২

ভাষ্যানুবাদ।—সেই যজমান (রাজা) বলিলেন—সত্যই বটে, বহুগুণসম্পন্ন আপনার নাম আমি শ্রবণ করিয়াছি; এবং সমস্ত আর্ত্বিজ্য অর্থাৎ ঋত্বিক্-কর্ম্মের জন্যও আপনার অনুসন্ধান করিয়াছি। অন্বেষণ করিয়া আপনার অপ্রাপ্তিতে অর্থাৎ অলাভে অপর ইঁহাদিগকে বরণ করিয়াছি॥৮৭॥২

ভগবাংস্ত্বেব মে সর্ব্বৈরার্ত্বিজ্যৈরিতি, তথেত্যথ তর্হ্যেতএব সমতিসৃষ্টাঃ স্তুবতাম্। যাবত্ত্বেভ্যো ধনং দদ্যাস্তাবন্মম দদ্যা ইতি। তথেতি হ যজমান উবাচ॥৮৮॥৩

[অধুনাপি] ভগবান্ (ভবান্) এব (নিশ্চয়ে) মে (মম) সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্-কর্ম্মভিঃ) [সম্পন্নঃ অস্তু], ইতি [উক্তঃ সন্ উষস্তিঃ] তথা ইতি [আহ], অথ (অনন্তরং) তর্হি (তথা সতি) এতে (ত্বয়া পূর্ব্বং বৃতাঃ) এব সমতিসৃষ্টাঃ (ময়া অনুজ্ঞাতাঃ সন্তঃ) স্তুবতাং (স্তুতিপাঠং কুর্ব্বন্তু); [পরন্তু] ত্বম্ এভ্যঃ (ঋত্বিগ্ভ্যঃ) যাবৎ (যৎপরিমাণং) ধনং দদ্যাঃ (প্রযচ্ছসি); তাবৎ (তৎপরিমাণং) [ধনং] মম (মহ্যং) দদ্যাঃ ইতি; যজমানঃ তথা (তদ্বদেব অস্তু) ইতি হ উবাচ॥

[রাজা বলিলেন]—আপনিই আমার সমস্ত ঋত্বিক্ কর্ম্মে ব্রতী হউন; [উষস্তি বলিলেন]—তাহাই হউক; পরন্তু, তাহা হইলে ইহারাই আমার অনুমতি প্রাপ্ত হইয়া স্তুতিপাঠ করুক; কিন্তু ইহাদিগকে যে পরিমাণ ধন দান করিবে, আমাকেও সেই পরিমাণে দান করিবে; যজমান (রাজা) বলিলেন—তথাস্তু॥

শাঙ্কর-ভাষ্যম্।—অদ্যাপি ভগবান্ তু এব মে মম সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ

ঋত্বিকর্ম্মার্থমস্তু, ইত্যুক্তঃ তথেত্যাহ উষস্তিঃ ; কিন্তু অথৈবং তর্হি এত এব ত্বয়া পূর্ব্বং বৃতাঃ ময়া সমতিসৃষ্টাঃ ময়া সম্যক্ প্রসন্নেন অনুজ্ঞাতাঃ সন্তঃ স্তবতাম্ ; ত্বয়া তু এতৎ কার্য্যম্—যাবত্ত এভ্যঃ প্রস্তোত্রাদিভ্যঃ সর্ব্বেভ্যো ধনং দদ্যাঃ প্রযচ্ছসি, তাবৎ মম দদ্যাঃ ; ইত্যুক্তঃ তথেতি হ যজমান উবাচ ॥৮৮॥৩

আনন্দগিরিঃ।—এবং গতে কিমধুনা কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ—অত্যাপীতি। চাক্রায়ণানুমতিং শ্রুত্বা কিমিদমিতি ব্যাকুলিতেষু প্রস্তোতৃপ্রভৃতিষু ব্রূতে—কিন্ত্বিতি। উভয়ানুমত্যপেক্ষয়ানন্তর্য্যম্। মম অলাভেন অমীষাং বৃতত্বস্য নিবৃত্ত্যবস্থায়ামিত্যাহ—তর্হীতি। অনুজ্ঞাতাঃ সন্তঃ প্রস্তোত্রাদয়ঃ স্তুতিং কুর্ব্বতামিত্যাহ—স্তবতামিতি। অস্তু এবং ; ত্বদর্থং পুনর্ময়া কিং বিধেয়মিত্যাশঙ্ক্যাহ—ত্বয়া ত্বিতি ॥৮৮॥৩

ভাষ্যানুবাদ।—এখনও আপনি আমার সমস্ত আর্ত্বিজ্য অর্থাৎ ঋত্বিক্-কর্ম্মের নিমিত্ত [ব্রতী] হউন ; ইহা কথিত হইলে, উষস্তি বলিলেন—'তথাস্তু', কিন্তু, এরূপই যদি হয়, তাহা হইলে, পূর্ব্বে তুমি যাহাদিগের বরণ করিয়াছ, তাহারাই আমাকর্ত্তৃক সমতিসৃষ্ট হইয়া—সম্পূর্ণ প্রসন্নচিত্ত আমার অনুমতি প্রাপ্ত হইয়া স্তুতি করুক ; তবে তোমাকে ইহা করিতে হইবে যে, প্রস্তোতা প্রভৃতি এই সকলকে যে পরিমাণ ধন দিবে, সেই পরিমাণ ধন আমাকেও দিবে ; এই কথার পর যজমান রাজা বলিলেন—সেইরূপই হইবে ॥৮৮॥৩

অথ হৈনং প্রস্তোতোপসসাদ ; প্রস্তোতর্যা দেবতা প্রস্তাব-মন্বায়ত্তা, তঞ্চেদবিদ্বান্ প্রস্তোষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি ॥৮৯॥৪

অথ (অনন্তরং) প্রস্তোতা (প্রস্তাবপাঠকঃ) হ এনম্ (উষস্তিম্) উপসসাদ (উষস্তিসমীপং জগাম) ; [আগত্য চ উষস্তিম্ উবাচ)—'হে প্রস্তোতঃ, যা দেবতা 'প্রস্তাবম্' (স্তুতিবিশেষম্) অন্বায়ত্তা, চেৎ (যদি) তাম্ অবিদ্বান্ (অজানন্) প্রস্তোষ্যসি', মূর্ধা তে বিপতিষ্যতি, ইতি (এতৎ) ভগবান্ মা (মাম্) অবোচৎ (উক্তবান্ অসি,) [ত্বমেব মে ব্রূহি] কতমা সা দেবতা ? ইতি ॥

অনন্তর প্রস্তোতা ইহার নিকট উপস্থিত হইলেন, [এবং বলিলেন] আপনি যে, আমাকে বলিয়াছিলেন 'হে প্রস্তোতঃ, যে দেবতা 'প্রস্তাবে' অনুগত, সেই দেবতাকে না জানিয়া যদি তুমি প্রস্তাব পাঠ করিবে, তাহা হইলে তোমার মস্তক খসিয়া পড়িবে', [আমি জানিতে ইচ্ছা করি, সেই দেবতাটি কে ?] ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ হ এনম্ ঔষস্ত্যং বচঃ শ্রুত্বা প্রস্তোতা উপসসাদ উষস্তিং বিনয়েনোপজগাম ; প্রস্তোতঃ যা দেবতেত্যাদি মা মাং ভগবান্ অবোচৎ পূর্ব্বম্ ; কতমা সা দেবতা, যা প্রস্তাবভক্তিম্ অন্বায়ত্তা ইতি ॥৮৯॥৪

আনন্দগিরিঃ।—যজমানং প্রত্যুষস্তিপ্রোক্তং বচঃ শ্রুত্বানন্তরমেনমুষস্তিং প্রস্তোতা ত্যক্তব্যাকুলত্বঃ শিষ্যত্বেনোপসন্নবানিত্যাহ—অথেতি। উপগতিপ্রকার-মভিনয়তি—প্রস্তোতরিতি ॥৮৯॥৪

ভাষ্যানুবাদ।—অনন্তর, প্রস্তোতা উষস্তির বাক্য শ্রবণ করিয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন, অর্থাৎ বিনয়পূর্ব্বক উষস্তির সমীপে সমাগত হইলেন। ভগবান্ (আপনি) আমাকে প্রথমে বলিয়াছিলেন যে,—'হে প্রস্তোতঃ, যে দেবতা' ইত্যাদি। [আমি জানিতে ইচ্ছা করি যে], যিনি প্রস্তাবভাগে অনুগত আছেন, সেই দেবতাটি কে ? ॥৮৯॥৪

প্রাণ ইতি হোবাচ, সর্ব্বাণি হ বা ইমানি ভূতানি প্রাণমেবা-ভিসংবিশন্তি প্রাণমভ্যুজ্জিহতে, সৈষা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রাস্তোষ্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যৎ, তথোক্তস্য ময়েতি ॥৯০॥৫

প্রাণঃ [সা দেবতা] ইতি হ উবাচ (উক্তবান্) [উষস্তিঃ]। হ (যস্মাৎ) ইমানি (দৃশ্যমানানি) সর্ব্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমাত্মকানি) [প্রলয়কালে] প্রাণম্ এব অভি (সর্ব্বতঃ) বিশন্তি (তত্রৈব লীয়ন্তে), [উৎপত্তিকালে চ] প্রাণম্ অভি (লক্ষ্যীকৃত্য) উজ্জিহতে (উৎপদ্যতে); সা এষা দেবতা (প্রাণঃ) প্রস্তাবং অন্বায়ত্তা ; চেৎ (যদি) তাম্ (প্রাণদেবতাম্) অবিদ্বান্ (সন্) [ত্বং] প্রাস্তোষ্যঃ (প্রস্তবনং কৃতবান্ ভবেঃ), [তর্হি] তথা (মূর্ধা তে বিপতিষ্যতি), ইতি ময়া উক্তস্য (এবং নিষিদ্ধস্য) তে (তব) মূর্দ্ধা ব্যপতিষ্যৎ (স্পষ্টমেব পতেৎ)॥

উষস্তি বলিলেন—প্রাণ [সেই দেবতা]; কারণ, স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূতই [প্রলয়কালে] প্রাণে বিলীন হয়। আবার [উৎপত্তিকালে], প্রাণকে লক্ষ্য করিয়াই উৎপন্ন হইয়া থাকে। সেই এই দেবতা (প্রাণ) প্রস্তাবে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া যদি প্রস্তাব পাঠ করিতে, তাহা হইলে আমা কর্ত্তৃক সেইরূপে অভিহিত (নিষিদ্ধ) তোমার মস্তক নিশ্চয়ই পড়িয়া যাইত॥

শাঙ্কর-ভাষ্যম্।—পৃষ্টঃ প্রাণ ইতি হোবাচ; যুক্তং প্রস্তাবস্য প্রাণো দেবতেতি। কথম্? সর্ব্বাণি স্থাবরজঙ্গমানি ভূতানি প্রাণমেব অভিসংবিশন্তি প্রলয়কালে, প্রাণম্ অভি লক্ষয়িত্বা প্রাণাত্মনৈব উজ্জিহতে প্রাণাদেব উদ্‌গচ্ছন্তীত্যর্থঃ উৎপত্তি-কালে; অতঃ সৈষা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা; তাং চেৎ অবিদ্বান্ ত্বং প্রাস্তোষ্যঃ প্রস্তবনং প্রস্তাবভক্তিং কৃতবানসি যদি, মূর্দ্ধা শিরঃ তে ব্যপতিষ্যৎ বিপতিতমভবিষ্যৎ তথোক্তস্য ময়া তৎকালে মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি। অতস্ত্বয়া সাধু কৃতম্; ময়া নিষিদ্ধঃ কর্ম্মণো যদুপরমম্ অকার্ষীরিত্যভিপ্রায়ঃ ॥৯০॥৫

আনন্দগিরিঃ।—প্রতিবচনমাদায় প্র-শব্দসামান্যং গৃহীত্বা তাৎপর্য্যমাহ—পৃষ্ট ইতি। কথমিহ প্রাণশব্দার্থো নিশ্চীয়তামিত্যাশঙ্ক্য অতএব প্রাণইতি ন্যায়েনাহ—কথমিতি। প্রাণাত্মনৈব সংবিশন্তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। প্রাণশব্দার্থস্য পরমাত্মর্থেন নির্ণীতত্বমতঃশব্দার্থঃ। চেচ্ছব্দার্থো যদীত্যুক্তঃ। ময়া তথোক্তস্য মূর্দ্ধা তে বিপতি-ষ্যতীত্যেবমুক্তস্য তব তৎকালে স্বাপরাধাবস্থায়াং মূর্দ্ধা ব্যপতিষ্যদেবেতি যোজনা। প্রমাদস্য মহতস্ত্বয়া পরিহৃতত্বাদিত্যতঃ শব্দার্থঃ ॥৯০॥৫

ভাষ্যানুবাদ।—জিজ্ঞাসিত [উষস্তি] বলিলেন—প্রাণ; প্রাণই যে প্রস্তাব-দেবতা, ইহা যুক্তি-সম্মতও বটে। কি প্রকারে? স্থাবর-জঙ্গমাত্মক সমস্ত ভূত প্রলয়-কালে প্রাণেই সর্ব্বতোভাবে প্রবেশ করে, আবার উপত্তিকালেও প্রাণকে লক্ষ্য করিয়াই প্রাণস্বরূপেই অর্থাৎ প্রাণ হইতেই উদ্‌গত হয়; এই কারণেই সেই প্রাণদেবতা এই প্রস্তাবে অনুগত। তাঁহাকে না জানিয়া তুমি যদি প্রস্তাব করিতে অর্থাৎ স্তুতিপাঠ করিতে, [তাহা হইলে] সে সময় আমাকর্ত্তৃক 'তোমার মস্তক পড়িবে' এইরূপে অভিহিত তোমার মস্তক নিশ্চয়ই পতিত হইত। অভিপ্রায় এই যে, অতএব আমার নিষেধের পর তুমি যে, কর্ম্ম হইতে বিরত হইয়াছ, তাহা ভালই করিয়াছ ॥৯০॥৫

অথ হৈনমুদ্‌গাতোপসসাদ, উদ্‌গাতর্যা দেবতোদ্‌গীথমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বানুদ্‌গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ; কতমা সা দেবতেতি ॥৯১॥৬

অথ (অনন্তরম্) উদ্‌গাতা (উদ্‌গীথপাঠকঃ) হ এনম্ (উষস্তিম্) উপসসাদ (তৎসমীপম্ আজগাম); [আগত্য চ উবাচ]—ভগবান্ 'উদ্‌গাতঃ,

যা দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা, তাং চেৎ অবিদ্বান্ উদ্গাস্যসি, মূর্দ্ধা তে বিপতিষ্যতি' ইতি মা (মাং) অবোচৎ (উক্তবান্ অসি); [পৃচ্ছামি]—কতমা সা দেবতা ? ইতি। [অন্যার্থঃ পূর্ব্বমুক্তঃ]॥

অনন্তর উদ্গাতাও উষস্তির সমীপে আগমন করিলেন, [এবং বলিলেন যে,] আপনি যে, আমাকে বলিয়াছিলেন, 'হে উদ্গাতঃ, কোন্ দেবতাটি উদ্গীথে অনুগত তাঁহাকে না জানিয়া তুমি যদি উদ্গীথ গান কর, তাহা হইলে, তোমার মস্তক পড়িয়া যাইবে।' [জিজ্ঞাসা করি,] সেই দেবতাটি কে ? ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা উদ্গাতা পপ্রচ্ছ—কতমা সা উদ্গীথভক্তিমনুগতা অন্বায়ত্তা দেবতেতি ॥৯১॥৬

আনন্দগিরিঃ— ॥৯১॥৬

ভাষ্যানুবাদ।—উদ্গাতাও সেইরূপ জিজ্ঞাসা করিলেন—সেই উদ্গীথভক্তিতে অনুগত দেবতাটি কে ? ॥৯১॥৬

আদিত্য ইতি হোবাচ ; সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যাদিত্যমুচ্চৈঃ সন্তং গায়ন্তি, সৈষা দেবতোদ্গীথমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বানুদগাস্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি ॥৯২॥৭

[এবং পৃষ্টঃসন্ উষস্তিঃ] উবাচ—আদিত্যঃ ইতি। হ (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি উচ্চৈঃ সন্তম্ (ঊর্দ্ধস্থম্) আদিত্যং গায়ন্তি (কীর্ত্তয়ন্তি); সা এষা দেবতা (আদিত্যঃ) উদ্গীথম্ অন্বায়ত্তা ; তাম্ (দেবতাম্) অবিদ্বান্ সন্ ত্বং চেৎ উদ্গাস্যঃ (উদ্গানম্ অকার্ষীঃ); ময়া তথা উক্তস্য তে (তব) মূর্দ্ধা ব্যপতিষ্যৎ ইতি ॥

জিজ্ঞাসিত হইয়া উষস্তি বলিলেন—আদিত্যই [সেই দেবতা]; কেন না, স্থাবর-জঙ্গমাত্মক এই সমস্ত ভূতই ঊর্দ্ধস্থ আদিত্যের স্তব করিয়া থাকে। সেই এই দেবতাই উদ্গীথে অনুগত ; তাঁহাকে না জানিয়া তুমি যদি উদ্গীথ গান করিতে, আমাকর্ত্তৃক সেইরূপে কথিত তোমার মস্তক নিশ্চয়ই পড়িয়া যাইত ॥]

শাঙ্কর-ভাষ্যম্।—পৃষ্ট আদিত্য ইতি হোবাচ। সর্ব্বাণি হ বৈ ইমানি ভূতানি

আদিত্যমুচ্চৈঃ ঊর্দ্ধং সন্তং গায়ন্তি শব্দয়ন্তি স্তবন্তীত্যভিপ্রায়ঃ উৎ-শব্দ-সামান্যাৎ প্র-শব্দসামান্যাদিব প্রাণঃ। অতঃ "সৈষা দেবতা" ইত্যাদি পূর্ব্ববৎ ॥৯২॥৭

আনন্দগিরিঃ।—যথা প্র-শব্দসামান্যাৎ প্রাণঃ প্রস্তাব-দেবতেত্যুক্তং, তথা আদিত্যোদ্গীথয়োঃ উৎ-শব্দসামান্যাৎ উদ্গীথ-দেবতা আদিত্য ইত্যাহ—উচ্চৈরিতি। উক্তসামান্যপরামর্শার্থোঽতঃশব্দঃ ॥৯২॥৭

ভাষ্যানুবাদ।—জিজ্ঞাসিত হইয়া [উষস্তি] বলিলেন—আদিত্য ; এই সমস্ত ভূতই উপরিস্থিত আদিত্যের গান করে, অর্থাৎ স্তব করে। ['প্রস্তাব' ও প্রাণের মধ্যে] 'প্র' অক্ষরের সাদৃশ্য থাকায় প্রাণ যেমন [প্রস্তাব-দেবতা], তেমনি একই 'উৎ' অক্ষর থাকায় [ঊর্দ্ধস্থ] আদিত্য ও উদ্গীথের দেবতা ; ইহার পর 'সৈষা দেবতা' ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥৯২॥৭

অথ হৈনং প্রতিহর্ত্তোপসসাদ, প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ ; কতমা সা দেবতেতি ॥ ৯৩॥৮

অথ (অনন্তরং) প্রতিহর্ত্তা হ এনম্ (উষস্তিম্) উপসসাদ, [উপসদ্য চ পপ্রচ্ছ] —'হে প্রতিহর্ত্তঃ, যা দেবতা প্রতিহারং (সামাংশবিশেষং) অন্বায়ত্তা, তাম্ অবিদ্বান্ চেৎ প্রতিহরিষ্যসি, তে (তব) মূর্দ্ধা বিপতিষ্যতি' ইতি মা (মাং) ভগবান্ অবোচৎ ; [পৃচ্ছামি] কতমা সা দেবতা ? ইতি [ব্যাখ্যা পূর্ব্ববৎ] ॥

অনন্তর, প্রতিহর্ত্তা উপস্থিত হইলেন ; [তিনি বলিলেন], আপনি যে, আমাকে বলিয়াছিলেন, 'হে প্রতিহর্ত্তঃ, যে দেবতা প্রতিহারে অনুগত আছেন, তাঁহাকে না জানিয়া তুমি যদি প্রতিহার কর্ম্ম কর, তাহা হইলে তোমার মস্তক পড়িয়া যাইবে ; [জিজ্ঞাসা করি] সেই দেবতাটি কে ?' ॥

শাঙ্কর-ভাষ্যম্।—এবমেব অথ হ এনং প্রতিহর্ত্তা উপসসাদ ; কতমা সা দেবতা প্রতিহারমন্বায়ত্তা ইতি ॥৯৩॥৮

আনন্দগিরিঃ।—এবমেব প্রস্তোতৃবদুদ্গাতৃবচ্চেত্যর্থঃ। ঋত্বিগ্ভ্যাং প্রস্তাবোদ্গীথদেবতয়োর্বিজ্ঞানানন্তর্য্যমথশব্দার্থঃ ॥৯৩॥৮

ভাষ্যানুবাদ।—অনন্তর, প্রতিহর্ত্তাও এইরূপেই উষস্তির সমীপে উপস্থিত হইলেন, এবং বলিলেন—সেই কোন দেবতাটি প্রতিহারে অনুগত আছেন ? ॥৯৩॥৮

অন্নমিতি হোবাচ ; সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যন্নমেব প্রতিহরমাণানি জীবন্তি, সৈষা দেবতা প্রতিহারমন্বায়ত্তা, তাঞ্চেদবিদ্বান্ প্রত্যহরিষ্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি তথোক্তস্য ময়েতি ॥১৪॥৭

ইতি প্রথমাধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥

[এবং পৃষ্টঃ উষস্তিঃ] হ উবাচ—অন্নম্ ইতি, (অন্নং সা দেবতেত্যর্থঃ) ; হ (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমাত্মকানি] বৈ (এব) অন্নম্ এব (নিশ্চয়ে) প্রতিহরমাণানি (আহরণং কুর্ব্বন্তি সন্তি) জীবন্তি (প্রাণান্ ধারয়ন্তি) ; সা এষা (অন্নরূপা) দেবতা প্রতিহারম্ (তদাখ্যং সামাংশম্) অন্বায়ত্তা ; তাম্ (দেবতাম্) অবিদ্বান্ চেৎ প্রত্যহরিষ্যঃ (প্রতিহারকর্ম্ম অকার্ষীঃ), [তর্হি] ময়া তথোক্তস্য (প্রতিবিদ্ধস্য ইত্যর্থঃ) তে (তব) মূর্দ্ধা (শিরঃ) ব্যপতিষ্যৎ। দ্বিরুক্তিঃ খণ্ডসমাপ্ত্যর্থা ॥

এইরূপ জিজ্ঞাসিত হইয়া উষস্তি বলিলেন—অন্ন, অর্থাৎ অন্নই সেই দেবতা ; কারণ, এই সমস্ত প্রাণীই অন্ন আহরণ করিয়াই জীবন ধারণ করে। সেই এই অন্নদেবতাই প্রতিহারে অনুগত আছেন ; তাহাকে না জানিয়া আমাকর্তৃক ঐরূপে প্রতিষিদ্ধ হইয়াও যদি তুমি প্রতিহার-কর্ম্ম করিতে, নিশ্চয়ই তোমার মস্তক পড়িয়া যাইত ॥

প্রথম অধ্যায়ে একাদশ খণ্ড ॥

শাঙ্কর-ভাষ্যম্।—পৃষ্টোঽন্নমিতি হোবাচ ; সর্ব্বাণি হ বৈ ইমানি ভূতানি অন্নমেব আত্মানং প্রতি সর্ব্বতঃ প্রতিহরমাণানি জীবন্তি সৈষা দেবতা প্রতিশব্দসামান্যাৎ প্রতিহারভক্তিম্ অনুগতা। সমানমন্যৎ তথোক্তস্য ময়েতি। প্রস্তাবোদ্গীথ-প্রতিহারভক্তীঃ প্রাণাদিত্যান্নদৃষ্ট্যা উপাসীতেতি সমুদায়ার্থঃ। প্রাণাদ্যাপত্তিঃ কর্ম্মসমৃদ্ধির্ব্বা ফলমিতি ॥১৪॥৭

ইতি প্রথমাধ্যায়স্য একাদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১১॥

আনন্দগিরিঃ।—কথমন্নস্য প্রতিহারত্বং, তদাহ—সর্ব্বাণীতি। তাং চেদবিদ্বানিত্যাদি অস্যদিত্যুচ্যতে। তথোক্তস্য ময়েত্যেতদন্তমিতি শেষঃ। কীদৃক্ উপাসনমস্মিন্ প্রকরণে বিবক্ষিতম্, ইত্যাশঙ্ক্যাহ—প্রস্তাবেতি। উপাস্তিত্রয়স্য ফলং দর্শয়তি—প্রাণাদীতি ॥১৪॥৭

ইতি প্রথমাধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥১১॥

ভাষ্যানুবাদ।—জিজ্ঞাসিত হইয়া [উষস্তি] বলিলেন—অন্ন ; এই সমস্ত ভূতই আপনার জন্য সর্ব্বতোভাবে অন্ন আহরণ করিয়া জীবন ধারণ করে। ['প্রতিহরণানি' কথায়] 'প্রতি' শব্দের যোগ থাকায় সেই এই দেবতা 'প্রতিহার'-ভাগে অনুগত আছেন। "তথোক্তস্য ময়া" ইত্যাদি অপর সমস্তের অর্থ পূর্ব্বের অনুরূপ। ফলিতার্থ এই যে, প্রাণদৃষ্টিতে 'প্রস্তাবের', আদিত্যদৃষ্টিতে 'উদ্গীথের' এবং অন্নদৃষ্টিতে 'প্রতিহারের' উপাসনা করিবে। প্রাণাদি-ভাব-প্রাপ্তি কিংবা কর্ম্মসমৃদ্ধি লাভ (কর্ম্মের অভ্যুদয়) ইহার ফল ॥৯৪॥৯

প্রথমাধ্যায়ে একাদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ১১ ॥

প্রথমাধ্যায়স্য

দ্বাদশঃ খণ্ডঃ।

অথাতঃ শৌব উদ্গীথঃ, তদ্ধ বকো দাল্‌ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ স্বাধ্যায়মুদ্ববাজ ॥৯৫॥১

অথ অতঃ (ইতঃ অনন্তরং) তৎ (তত্র বিষয়ে) শৌবঃ (শ্বভিঃ দৃষ্টঃ) উদ্গীথঃ (উদ্গানং) [প্রস্তূয়তে]—দাল্‌ভ্যঃ (দল্‌ভস্য অপত্যম্) বকঃ, মৈত্রেয়ঃ (মিত্রায়া অপত্যং) গ্লাবঃ বা (চ), [অথবা 'বকঃ গ্লাবশ্চ' ইত্যেকস্যৈব নামদ্বয়ং, 'দাল্‌ভ্যঃ মৈত্রেয়শ্চ' ইতি গোত্রদ্বয়ং সম্ভবতি, তস্য দ্ব্যামুষ্যায়ণত্বাৎ দ্বয়োরপত্যত্বাৎ], স্বাধ্যায়ম্ (উদ্গীথাধ্যয়নার্থম্) উদ্ববাজ (বিবিক্তদেশে গতবান্ ইত্যর্থঃ) ॥

অতঃপর, এই অন্নলাভার্থ শৌব উদ্গীথ বর্ণিত হইতেছে—তদ্বিষয়ে [এইরূপ আখ্যায়িকা আছে যে,] দল্‌ভ্যের পুত্র বক ও মিত্রাপুত্র গ্লাব উদ্গীথ অধ্যয়নার্থ [নির্জ্জন স্থানে] গমন করিয়াছিলেন। [এখানে বুঝিতে হইবে, দল্‌ভপুত্র ও বক একজন ঋষি আর মিত্রাপুত্র গ্লাব অপর একজন ঋষি, এই দুইজন ; অথবা, একই ঋষির দুইটি নাম—বক ও গ্লাব ; এবং দুইটি গোত্র—দাল্‌ভ্য ও মৈত্রেয়, [দ্ব্যামুষ্যায়ণ সন্তানগণ দ্বিগোত্রভাগী হইয়া থাকে] ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অতীতে খণ্ডে অন্নাপ্রাপ্তিনিমিত্তা কষ্টাবস্থোক্তা উচ্ছিষ্টোচ্ছিষ্ট-পর্য্যুষিতভক্ষণলক্ষণা ; সা মা ভূদিত্যন্নলাভায় অথ অনন্তরং শৌবঃ শ্বভির্দ্দৃষ্ট উদ্গীথ উদ্গানং সাম অতঃ প্রস্তূয়তে। তৎ তত্র কিল বকো নামতঃ দল্‌ভস্যাপত্যং দাল্‌ভ্যঃ ; গ্লাবো বা নামতঃ মিত্রায়াশ্চাপত্যং মৈত্রেয়ঃ। বা শব্দশ্চার্থে। দ্ব্যামুষ্যায়ণো হ্যসৌ ; বস্তুবিষয়ে ক্রিয়াস্বিব বিকল্পানুপপত্তেঃ দ্বিনামা দ্বিগোত্র ইত্যাদি হি স্মৃতিঃ ; দৃশ্যতে চ উভয়তঃ পিণ্ডভাক্ত্বম্। উদ্গীথে বদ্ধচিত্তত্বাৎ ঋষাবনাদরাদ্বা। বাশব্দঃ স্বাধ্যায়ার্থঃ। স্বাধ্যায়ং কর্ত্তুং গ্রামাদ্বহিঃ উদ্ববাজ উদ্গতবান্ বিবিক্তদেশস্থোদকাভ্যাসম্। 'উদ্ববাজ' 'প্রতিপালয়াঞ্চকার' ইতি চ একবচনাল্লিঙ্গাৎ একোঽসৌ ঋষিঃ। শ্বোদ্গীথকালপ্রতিপালনাদৃষেঃ স্বাধ্যায়করণমন্নকামনয়েতি লক্ষ্যত ইত্যভিপ্রায়তঃ ॥৯৫॥১

আনন্দগিরিঃ।—পূর্ব্বোক্তখণ্ডয়োঃ সংগতিং দর্শয়ন্ উপাসনান্তরং প্রস্তৌতি—অতীত ইতি। অন্নলাভস্যাপেক্ষিতত্বমতঃশব্দার্থঃ। প্রকারান্তরেণ উদ্গীথোপাসনমন্নকামস্য প্রস্তুত্য প্রতিপত্তিসৌকর্য্যার্থমাখ্যায়িকামাদত্তে—তত্তত্রেতি। ন কেবলং

দল্‌ভস্যাপত্যং, কিন্তু মিত্রায়াশ্চেতি চার্থঃ। ন চ সা দল্‌ভস্য পত্নীতি যুক্তম্, তথা সতি মৈত্রেয়পদস্য বৈয়র্থ্যাৎ। পত্ন্যন্তরাপত্যত্বব্যাবৃত্ত্যর্থমিতি চেৎ, ন, প্রয়োজনাভাবাৎ। নন্বত্র—বাশব্দাৎ দ্বৌ ঋষী বিবক্ষিতৌ ইতি চেৎ, ন ইত্যাহ—বাশব্দ ইতি। কথং পুনর্দল্‌ভস্যাপত্যং বকঃ তদ্ভার্য্যায়াঃ মিত্রায়াশ্চাপত্যং ভবিতুমুৎসহতে, তত্রাহ দ্ব্যামুষ্যায়ণো হীতি। চৈকিতায়নো দাল্‌ভ্য ইত্যত্রোক্তমেতদিতি সূচয়িতুং হি শব্দঃ। উদিতানুদিতহোমবৎ কেষাঞ্চিৎ দৃষ্ট্যা বকোঽন্যৌ, অন্যেষাং গ্লাব ইত্যেকস্মিন্নপি বিকল্পো ভবিষ্যতি, নেত্যাহ—বস্তুবিষয় ইতি। কথং পুনর্বিনা মানমেকস্যৈব দ্বিনামত্বাদ্যঙ্গীক্রিয়তে ? তত্রাহ—দ্বিনামেতি। ইত্যাদি বাক্যং স্মৃতিরূপং ধর্ম্মশাস্ত্রে প্রসিদ্ধম্ ইত্যর্থঃ। দ্বিগোত্রত্বমেকস্য লোকেঽপি প্রসিদ্ধমিত্যাহ—দৃশ্যতে চেতি। যতঃ সুতো জায়তে, যেন চায়ং ধর্ম্মতো গৃহ্যতে, তয়োরুভয়োরিত্যাহ—উভয়ত ইতি। 'উভয়োরপ্যসৌ ঋক্‌থী পিণ্ডদাতা চ ধর্ম্মতঃ' ইতি স্মরন্তীত্যর্থঃ। দল্‌ভ্যাদন্যো মৈত্রেয় ইত্যঙ্গীকৃত্যাহ—উদ্‌গীথ ইতি। তদুপাস্তৌ তাৎপর্য্য-মৃষাবনাদরে হেতুঃ, তস্মাদৃষিত্রয়মৃষিদ্বয়ং বা বিবক্ষিতম্ ইত্যর্থঃ। পক্ষান্তরদ্যোতনার্থো বাশব্দঃ। শ্রৌতো বাশব্দস্তর্হি কিমর্থমিত্যাশঙ্ক্য পাঠাদন্যন্ন তস্য ফলম্, ইত্যাহ—বাশব্দ ইতি। মৈত্রেয়ান্তং বাক্যং ব্যাখ্যায় স্বাধ্যায়মিত্যাদি ব্যাচষ্টে—স্বাধ্যায়মিতি। যদুক্তমৃষিরেকো বকাদিশব্দৈরুচ্যতে ইতি তত্র লিঙ্গমাহ—উদ্‌ব্রাজেতি। শুনামুদ্গীথঃ, শ্বোদ্গীথঃ, তৎকালস্য প্রতিপালনং প্রতীক্ষণ-মৃষের্দৃশ্যতে, তেষাং চোদ্গানমন্নার্থং, তদৃষেরপি স্বাধ্যায়করণং তদর্থমিত্যাহ—শ্বোদ্‌গীথেতি। যথোক্তার্থবাচি-শব্দাভাবেঽপি সামর্থ্যাদয়মর্থো ভাতি, ইত্যাহ—অভিপ্রায়ত ইতি ॥৯২॥১

ভাষ্যানুবাদ।—অতীত খণ্ডে, অন্নের অলাভে উচ্ছিষ্টের উচ্ছিষ্ট ও পর্য্যুষিত [কুল্মাষ] ভক্ষণরূপ কষ্টকর অবস্থা বর্ণিত হইয়াছে ; সেরূপ অবস্থা না হউক, এই জন্য অনন্তর অন্নলাভের উপায়ভূত শৌব অর্থাৎ কুক্কুরগণ-পরিদৃষ্ট (১) উদ্‌গীথ অর্থাৎ সামগান বর্ণিত হইতেছে।

তদ্‌বিষয়ে [এইরূপ আখ্যায়িকা আছে], দল্‌ভের পুত্র দাল্‌ভ্য ও মিত্রার পুত্র মৈত্রেয় বক ও গ্লাব নামক ঋষি বেদপাঠ করিবার জন্য গ্রামের বাহিরে নির্জ্জনদেশস্থ জলসমীপে গমন করিয়াছিলেন। ক্রিয়াতে যেমন বিকল্প (দুই রকম ভাব) চলে, বস্তু সম্বন্ধে সেরূপ বিকল্প চলিতে পারে না, অতএব [গ্লাবঃ 'বা'] এই 'বা' শব্দের অর্থ সমুচ্চয় [বিকল্প নহে] ; কারণ এই ঋষিটি দ্ব্যামুষ্যায়ণ (২) ; 'দুই নাম ও দুই গোত্র হয়' ইত্যাদি কথা স্মৃতিশাস্ত্রেও আছে ; আর উভয় গোত্রে পিণ্ড-ভাগিত্ব দেখিতেও পাওয়া যায়। অথবা [প্রকৃত পক্ষে] উদ্‌গীথ নিরূপণেই ব্যগ্র

(১) তাৎপর্য্য—বক ঋষির স্বাধ্যায়ে পরিতুষ্ট মন্ত্রের ঋষি বা দেবতা কুকুরমূর্ত্তি ধারণপূর্ব্বক উদ্গীথ গান করিয়াছিলেন ; এই কারণে ঐ উদ্গীথের 'শৌব' নাম হইয়াছে।

(২) তাৎপর্য্য—শ্রুতিতে, 'বক' ও 'গ্লাব' এই দুইটি নাম আর 'দাল্‌ভ্য' ও 'মৈত্রেয়' এই দুইটি গোত্রনাম (অর্থাৎ বংশের পরিচায়ক বিশেষণ) উল্লিখিত আছে। তন্মধ্যে দাল্‌ভ্য অর্থ—দল্‌ভ

থাকায় ঋষি সম্বন্ধে অনাদর ঘটিয়াছে, [তাই ঐরূপ নির্দ্দেশ হইয়াছে]। বিশেষতঃ, 'উদ্‌ব্রাজ' ও 'প্রতিপালয়াঞ্চকার' এই দুই ক্রিয়াতেই একবচন থাকায় [বুঝিতে হইবে যে,] এই ঋষি একই, (দুই নহে)। কুক্কুর-দৃষ্ট উদ্‌গীথ গ্রহণের জন্য কাল-প্রতীক্ষা করায় ঋষি যে অন্ন-কামনায়ই স্বাধ্যায় গ্রহণ করিয়াছিলেন, ঋষির এ অভিপ্রায়ও বেশ বুঝা যাইতেছে ॥৯৫॥১

তস্মৈ শ্বা শ্বেতঃ প্রাদুর্ব্বভূব, তমন্যে শ্বান উপ সমেত্যো-চুরন্নং নো ভগবানাগায়তু অশনায়াম বা ইতি ॥৯৬॥২

তস্মৈ (বকায় ঋষয়ে তদনুগ্রহার্থং) শ্বেতঃ (শুভ্রঃ) শ্বা (সারমেয়ঃ) প্রাদুর্বভূব (আবির্ভূতঃ বভূব); অন্যে শ্বানঃ উপসমেত্য (সমীপমাগত্য) তম্ (শ্বেতং শ্বানম্) উচুঃ (উক্তবন্তঃ)—ভগবান্ (পূজার্হঃ ভবান্) নঃ (অস্মভ্যম্) অন্নম্ আগায়তু (সম্যক্ গানেন অন্নং সম্পাদয়তু); [যতঃ] অশনায়াম (অশিতুম্ ইচ্ছাম) বৈ (নিশ্চয়ে) ইতি ॥

তাঁহার প্রতি অনুগ্রহার্থ শ্বেতবর্ণ কুক্কুর আবির্ভূত হইলেন; অপর কুক্কুরসমূহ আসিয়া তাঁহাকে বলিল, আমরা বুভুক্ষিত—ভোজন করিতে ইচ্ছা করি; আপনি আমাদের জন্য সাম গান করুন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—স্বাধ্যায়েন তোষিতা দেবতা ঋষির্ব্বা শ্বরূপং গৃহীত্বা শ্বা শ্বেতঃ সন্ তস্মৈ ঋষয়ে তদনুগ্রহার্থং প্রাদুর্ব্বভূব প্রাদুশ্চকার। তমন্যে শুক্লং শ্বানং ক্ষুল্লকাঃ [ক্ষুদ্রকাঃ] শ্বানঃ উপসমেত্য উচুরুক্তবন্তঃ—অন্নং নঃ অস্মভ্যং ভগবান্ আগায়তু আগানেন নিষ্পাদয়ত্বিত্যর্থঃ। মুখ্যপ্রাণবাগাদয়ো বা প্রাণম্ অনু অন্নভুজঃ স্বাধ্যায়পরিতোষিতাঃ সন্তোঽনুগৃহ্লীয়ুরেনং শ্বরূপমাদায়েতি যুক্তমেবং প্রতিপত্তুম্। অশনায়াম বৈ বুভুক্ষিতাঃ স্মো বৈ ইত্যেবমুক্তবন্তঃ ॥৯৬॥২

আনন্দগিরিঃ।—তস্মা ইত্যাদি ব্যাচষ্টে—স্বাধ্যায়েনেতি। ক্ষুল্লকাঃ ক্ষুদ্রকাঃ শিশব ইতি যাবৎ। শ্বেতঃ শ্বা কশ্চিদৃষিঃ দেবতা বা। অন্যে চ শ্বানো দেবতা ঋষয়ো

নামক কোন ঋষিপুত্র ; আর মৈত্রেয় অর্থ—মিত্রানাম্নী কোন স্ত্রীলোকের পুত্র। এইরূপ দুই নাম ও দুই গোত্রের উল্লেখ থাকায় সহজেই মনে হইতে পারে যে, বক ও গ্লাব ভিন্নবংশীয় দুইজন পৃথক্ ঋষি। সেই আশঙ্কা অপনয়নের জন্য ভাষ্যকার বলিতেছেন যে, না—ঋষি দুইজন নহে, একই ঋষির দুই নাম, এবং দ্ব্যামুষ্যায়ণত্ব নিবন্ধন দুইটি গোত্রনাম হইয়াছে। 'দ্ব্যামুষ্যায়ণ' একপ্রকার পুত্র ; অপরের পত্নীতে অপরের ঔরসে উৎপন্ন ; উভয় বংশানুসারে তাহার পরিচয় দেওয়া হয় ; সুতরাং এখানেও তাহাই হইয়াছে।

দল্ভস্যাপত্যং, কিন্তু মিত্রায়াশ্চেতি চার্থঃ। ন চ সা দল্ভস্য পত্নীতি যুক্তম্, তথা সতি মৈত্রেয়পদস্য বৈয়র্থ্যাৎ। পত্ন্যন্তরাপত্যত্বব্যাবৃত্ত্যর্থমিতি চেৎ, ন, প্রয়োজনাভাবাৎ। নন্বত্র—বাশব্দাৎ দ্বৌ ঋষী বিবক্ষিতৌ ইতি চেৎ, ন ইত্যাহ—বাশব্দ ইতি। কথং পুনর্দল্ভস্যাপত্যং বকঃ তদ্ভার্য্যায়াঃ মিত্রায়াশ্চাপত্যং ভবিতুমুৎসহতে, তত্রাহ দ্ব্যামুষ্যায়ণো হীতি। চৈকিতায়নো দাল্ভ্য ইত্যত্রোক্তমেতদিতি সূচয়িতুং হি শব্দঃ। উদিতানুদিতহোমবৎ কেষাঞ্চিৎ দৃষ্ট্যা বকোহংসৌ, অন্যেষাং গ্লাব ইত্যেকস্মিন্নপি বিকল্পো ভবিষ্যতি, নেত্যাহ—বস্তুবিষয় ইতি। কথং পুনর্বিনা মানমেকস্যৈব দ্বিনামত্বাদ্যঙ্গীক্রিয়তে? তত্রাহ—দ্বিনামেতি। ইত্যাদি বাক্যং স্মৃতিরূপং ধর্ম্মশাস্ত্রে প্রসিদ্ধম্ ইত্যর্থঃ। দ্বিগোত্রত্বমেকস্য লোকেহপি প্রসিদ্ধমিত্যাহ—দৃশ্যতে চেতি। যতঃ সুতো জায়তে, যেন চায়ং ধর্ম্মতো গৃহ্যতে, তয়োরুভয়োরিত্যাহ—উভয়ত ইতি। 'উভয়োরপ্যসৌ ঋক্‌থী পিণ্ডদাতা চ ধর্ম্মতঃ' ইতি স্মরন্তীত্যর্থঃ। দল্ভ্যাদন্যো মৈত্রেয় ইত্যঙ্গীকৃত্যাহ—উদ্গীথ ইতি। তদুপাস্তৌ তাৎপর্য্য-মৃষাবনাদরে হেতুঃ, তস্মাদৃষিত্রয়মৃষিদ্বয়ং বা বিবক্ষিতম্ ইত্যর্থঃ। পক্ষান্তরদ্যোতনার্থো বাশব্দঃ। শ্রৌতো বাশব্দস্তর্হি কিমর্থমিত্যাশঙ্ক্য পাঠাদন্যন্ন তস্য ফলম্, ইত্যাহ—বাশব্দ ইতি। মৈত্রেয়ান্তং বাক্যং ব্যাখ্যায় স্বাধ্যায়মিত্যাদি ব্যাচষ্টে—স্বাধ্যায়মিতি। যদুক্তমৃষিরেকো বকাদিশব্দৈরুচ্যতে ইতি তত্র লিঙ্গমাহ—উদ্বব্রাজেতি। শুনামুদ্গীথঃ, শ্বোদ্গীথঃ, তৎকালস্য প্রতিপালনং প্রতীক্ষণ-মৃষের্দৃশ্যতে, তেষাং চোদ্গানমন্নার্থং, তদ্ঋষেরপি স্বাধ্যায়করণং তদর্থমিত্যাহ—শ্বোদ্গীথেতি। যথোক্তার্থবাচি-শব্দাভাবেহপি সামর্থ্যাদয়মর্থো ভাতি, ইত্যাহ—অভিপ্রায়ত ইতি ॥৯৫॥১

ভাষ্যানুবাদ।—অতীত খণ্ডে, অন্নের অলাভে উচ্ছিষ্টের উচ্ছিষ্ট ও পর্য্যুষিত [কুল্মাষ] ভক্ষণরূপ কষ্টকর অবস্থা বর্ণিত হইয়াছে; সেরূপ অবস্থা না হউক, এই জন্য অনন্তর অন্নলাভের উপায়ভূত শৌব অর্থাৎ কুক্কুরগণ-পরিদৃষ্ট (১) উদ্গীথ অর্থাৎ সামগান বর্ণিত হইতেছে।

তদ্বিষয়ে [এইরূপ আখ্যায়িকা আছে], দল্ভের পুত্র দাল্ভ্য ও মিত্রার পুত্র মৈত্রেয় বক ও গ্লাব নামক ঋষি বেদপাঠ করিবার জন্য গ্রামের বাহিরে নির্জ্জনদেশস্থ জলসমীপে গমন করিয়াছিলেন। ক্রিয়াতে যেমন বিকল্প (দুই রকম ভাব) চলে, বস্তু সম্বন্ধে সেরূপ বিকল্প চলিতে পারে না, অতএব [গ্লাবঃ 'বা'] এই 'বা' শব্দের অর্থ সমুচ্চয় [বিকল্প নহে]; কারণ এই ঋষিটি দ্ব্যামুষ্যায়ণ (২); 'দুই নাম ও দুই গোত্র হয়' ইত্যাদি কথা স্মৃতিশাস্ত্রেও আছে; আর উভয় গোত্রে পিণ্ড-ভাগিত্ব দেখিতেও পাওয়া যায়। অথবা [প্রকৃত পক্ষে] উদ্গীথ নিরূপণেই ব্যগ্র

(১) তাৎপর্য্য—বক ঋষির স্বাধ্যায়ে পরিতুষ্ট মন্ত্রের ঋষি বা দেবতা কুকুরমূর্ত্তি ধারণপূর্ব্বক উদ্গীথ গান করিয়াছিলেন; এই কারণে ঐ উদ্গীথের 'শৌব' নাম হইয়াছে।

(২) তাৎপর্য্য—শ্রুতিতে, 'বক' ও 'গ্লাব' এই দুইটি নাম আর 'দাল্ভ্য' ও 'মৈত্রেয়' এই দুইটি গোত্রনাম (অর্থাৎ বংশের পরিচায়ক বিশেষণ) উল্লিখিত আছে। তন্মধ্যে দাল্ভ্য অর্থ—দল্ভ

থাকায় ঋষি সম্বন্ধে অনাদর ঘটিয়াছে, [তাই ঐরূপ নির্দ্দেশ হইয়াছে]। বিশেষতঃ, 'উদ্‌ব্রাজ' ও 'প্রতিপালয়াঞ্চকার' এই দুই ক্রিয়াতেই একবচন থাকায় [বুঝিতে হইবে যে,] এই ঋষি একই, (দুই নহে)। কুকুর-দৃষ্ট উদ্‌গীথ গ্রহণের জন্য কাল-প্রতীক্ষা করায় ঋষি যে অন্ন-কামনায়ই স্বাধ্যায় গ্রহণ করিয়াছিলেন, ঋষির এ অভিপ্রায়ও বেশ বুঝা যাইতেছে ॥৯৫॥১

তস্মৈ শ্বা শ্বেতঃ প্রাদুর্ব্বভূব, তমন্যে শ্বান উপ সমেত্যোচুরন্নং নো ভগবানাগায়তু অশনায়াম বা ইতি ॥৯৬॥২

তস্মৈ (বকায় ঋষয়ে তদনুগ্রহার্থং) শ্বেতঃ (শুভ্রঃ) শ্বা (সারমেয়ঃ) প্রাদুর্বভূব (আবির্ভূতঃ বভূব); অন্যে শ্বানঃ উপসমেত্য (সমীপমাগত্য) তম্ (শ্বেতং শ্বানম্) উচুঃ (উক্তবন্তঃ)—ভগবান্ (পূজার্হঃ ভবান্) নঃ (অস্মভ্যম্) অন্নম্ আগায়তু (সম্যক্ গানেন অন্নং সম্পাদয়তু); [যতঃ] অশনায়াম (অশিতুম্ ইচ্ছাম) বৈ (নিশ্চয়ে) ইতি ॥

তাঁহার প্রতি অনুগ্রহার্থ শ্বেতবর্ণ কুক্কুর আবির্ভূত হইলেন; অপর কুক্কুরসমূহ আসিয়া তাঁহাকে বলিল, আমরা বুভুক্ষিত—ভোজন করিতে ইচ্ছা করি; আপনি আমাদের জন্য সাম গান করুন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—স্বাধ্যায়েন তোষিতা দেবতা ঋষির্ব্বা শ্বরূপং গৃহীত্বা শ্বা শ্বেতঃ সন্ তস্মৈ ঋষয়ে তদনুগ্রহার্থং প্রাদুর্ব্বভূব প্রাদুশ্চকার। তমন্যে শুক্লং শ্বানং ক্ষুল্লকাঃ [ক্ষুদ্রকাঃ] শ্বানঃ উপসমেত্য উচুরুক্তবন্তঃ—অন্নং নঃ অস্মভ্যং ভগবান্ আগায়তু আগানেন নিষ্পাদয়ত্বিত্যর্থঃ। মুখ্যপ্রাণবাগাদয়ো বা প্রাণম্ অনু অন্নভুজঃ স্বাধ্যায়পরিতোষিতাঃ সন্তোঽনুগৃহ্লীয়ুরেনং শ্বরূপমাদায়েতি যুক্তমেবং প্রতিপত্তুম্। অশনায়াম বৈ বুভুক্ষিতাঃ স্মো বৈ ইত্যেবমুক্তবন্তঃ ॥৯৬॥২

আনন্দগিরিঃ।—তস্মা ইত্যাদি ব্যাচষ্টে—স্বাধ্যায়েনেতি। ক্ষুল্লকাঃ ক্ষুদ্রকাঃ শিশব ইতি যাবৎ। শ্বেতঃ শ্বা কশ্চিদৃষিঃ দেবতা বা। অন্যে চ শ্বানো দেবতা ঋষয়ো

নামক কোন ঋষিপুত্র; আর মৈত্রেয় অর্থ—মিত্রানাম্নী কোন স্ত্রীলোকের পুত্র। এইরূপ দুই নাম ও দুই গোত্রের উল্লেখ থাকায় সহজেই মনে হইতে পারে যে, বক ও গ্লাব ভিন্নবংশীয় দুইজন পৃথক্ ঋষি। সেই আশঙ্কা অপনয়নের জন্য ভাষ্যকার বলিতেছেন যে, না—ঋষি দুইজন নহে, একই ঋষির দুই নাম, এবং দ্ব্যামুষ্যায়ণত্ব নিবন্ধন দুইটি গোত্রনাম হইয়াছে। 'দ্ব্যামুষ্যায়ণ' একপ্রকার পুত্র; অপরের পত্নীতে অপরের ঔরসে উৎপন্ন; উভয় বংশানুসারে তাহার পরিচয় দেওয়া হয়; সুতরাং এখানেও তাহাই হইয়াছে।

বেত্যুক্তম্। সম্প্রতি বিবক্ষিতং পক্ষমাহ—মুখ্যেতি। তম্ চুরিতি সম্বন্ধঃ। তানেব বিশিনষ্টি—প্রাণমন্বিতি। মুখ্যপ্রাণসহিতবাগাদিগ্রহে হেতুমাহ—স্বাধ্যায়েতি। অন্যথা বাক্যমনির্ধারিতার্থং স্যাদিতি ভাবঃ। কিমিত্যন্নং ভবদ্ভ্যো ময়া সম্পাদ্যতে, নহি ভবতামভোক্তৄণাং তেন কৃত্যমস্তীত্যাশঙ্ক্য ত্বন্নিষ্ঠ-চেতনদ্বারেণাস্মাকমপি ভোগসিদ্ধের্মৈবমিত্যাহ—অশনায়াম বা ইত্যাদিনা॥৯৬॥২

ভাষ্যানুবাদ।—তাঁহার বেদাধ্যয়নে সন্তোষিত কোন দেবতা বা ঋষি কুক্কুর-রূপ গ্রহণ করিয়া সেই ঋষির উদ্দেশে অর্থাৎ তাঁহার প্রতি অনুগ্রহার্থ শ্বেত কুক্কুররূপে আবির্ভূত হইয়াছিলেন। অপর ক্ষুদ্র কুক্কুরসমূহ সমাগত হইয়া সেই শ্বেত কুক্কুরকে বলিয়াছিল—আমরা ভোজন করিতে ইচ্ছা করি—বুভুক্ষিত হইয়াছি; অতএব আমাদের জন্য আপনি সাম গান করুন, অর্থাৎ গানের দ্বারা অন্ন নিষ্পাদন করুন। [এখানে অপর কুক্কুরগুলিও অধ্যয়ন পরিতোষিত দেবতা বা ঋষিসমূহ বুঝিতে হইবে]॥ অথবা প্রাণ ও বাগাদি ইন্দ্রিয়সমূহ প্রাণের অনুগত থাকিয়াই [আপন আপন] ভোগ্য গ্রহণ করিয়া থাকে; অতএব তাহারাও স্বাধ্যায় দ্বারা পরিতোষিত হইয়া কুক্কুরমূর্ত্তি পরিগ্রহ করিয়া ইহার প্রতি অনুগ্রহ প্রকাশ করিতে পারে; যুক্তিযুক্ত এরূপ অর্থও বুঝিতে পারা যায়॥৯৬॥২

তান্ হোবাচেহৈব মা প্রাতরুপসমীয়াতেতি। তদ্ধ বকো দাল্‌ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ প্রতিপালয়াঞ্চকার॥৯৭॥৩

[এবমুক্তঃ শ্বেতঃ শ্বা] তান্ (অপরান্ শুনঃ) উবাচ হ—ইহ (অস্মিন্ স্থানে) এব প্রাতঃ (প্রাতঃকালে) [যূয়ং] মা (মাম্) উপসমীয়াত (সমাগচ্ছত) ইতি। বকো দাল্‌ভ্যঃ গ্লাবঃ মৈত্রেয়ঃ বা (চ) তৎ (তত্র, তদাগমনং বা) প্রতিপালয়াঞ্চকার (প্রতীক্ষণং কৃতবান্)॥

এইরূপে প্রার্থিত হইয়া সেই শ্বেত কুক্কুর তাহাদিগকে বলিয়াছিল, তোমরা এখানেই প্রাতঃকালে আমার নিকট সমাগত হইও। দাল্‌ভ্য বক ও মৈত্রেয় গ্লাবও [সেখানে] তাহার আগমন প্রতীক্ষা করিয়াছিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—এবমুক্তে শ্বা শ্বেতস্তান্ ক্ষুল্লকান্ শুন ইহৈব অস্মিন্নেব দেশে মা মাং প্রাতঃকালে উপসমীয়াতেতি। দৈর্ঘ্যং ছান্দসং, সমীয়াতেতি প্রমাদপাঠো বা। প্রাতঃকালকরণং তৎকাল এব কর্ত্তব্যার্থম্, অন্নদস্য বা

সবিতুরপরাহ্ণেঽন্নাভিমুখ্যাৎ। তৎ তত্রৈব হ বকো দাল্ভ্যো গ্লাবো বা মৈত্রেয় ঋষিঃ প্রতিপালয়াঞ্চকার প্রতীক্ষণং কৃতবানিত্যর্থঃ ॥৯৭॥৩

আনন্দগিরিঃ।—কিমিতি প্রাতঃকাল-প্রতীক্ষণং কৃতম্, তত্রাহ—প্রাতরিতি। উদ্গানস্যেতি শেষঃ। প্রাতঃকালপ্রতীক্ষণকরণে কারণান্তরমাহ—অন্নদস্যেতি। তস্য বৃষ্টিদ্বারা অন্নদত্বং দ্রষ্টব্যম্। তদ্ধেত্যাদি ব্যাচষ্টে—তত্তত্রেতি। ঋষেরন্নকামত্বমিতোঽবগতম্ ॥৯৭॥৩

ভাষ্যানুবাদ।—[ক্ষুদ্র কুক্কুরগণ] এইরূপ বলিলে পর শ্বেত কুক্কুরটি সেই ক্ষুদ্র কুক্কুরগণকে বলিল [তোমরা] প্রাতঃকালে এই স্থানেই আমার নিকট উপস্থিত হইবে। প্রাতঃকালেই উদ্গীথ গান করা উচিত, এই জন্য; অথবা অপরাহ্ণকালে অন্নদাতা সূর্য্যদেব সম্মুখস্থ থাকেন না, (পরাঙ্মুখ হন), এই কারণে প্রাতঃকালকেই উপস্থিতির সময় করা হইয়াছে। বক ও গ্লাব-নামক দাল্ভ্য মৈত্রেয় ঋষি সেইখানেই সময় প্রতিপালন করিয়াছিলেন, অর্থাৎ অপেক্ষা করিয়াছিলেন ॥৯৭॥৩

তে হ যথৈবেদং বহিষ্পবমানেন স্তোষ্যমাণাঃ সংরব্ধাঃ সর্পন্তীত্যেবমাসসৃপুস্তে হ সমুপবিশ্য হিং চক্রুঃ ॥৯৮॥৪

ইহ (প্রকৃতে কর্ম্মণি) বহিষ্পবমানেন (স্তোত্রবিশেষেণ) স্তোষ্যমাণাঃ (স্তুতিং করিষ্যন্তঃ) [উদ্গাতারঃ] যথা এব (যদ্বৎ এব) ইদং (এবংপ্রকারং) সংরব্ধাঃ (পরস্পরং সংলগ্নাঃ সন্তঃ) সর্পন্তি (পরিক্রামন্তি), এবং (তদ্বৎ এব)। তে (ক্ষুদ্রাঃ শ্বানঃ) হ (অপি) আ (সমন্ততঃ) সসৃপুঃ (সংসর্পণং কৃতবন্তঃ), তে (শ্বানঃ) হ সমুপবিশ্য (তৎসমীপে উপবিষ্টাঃ সন্তঃ) হিং (তাদৃশং শব্দং) চক্রুঃ (কৃতবন্তঃ) ॥

প্রকৃত যজ্ঞে স্তুতিকারিগণ যেরূপ বহিষ্পবমান স্তোত্র দ্বারা পরস্পরে সংলগ্ন হইয়া পরিক্রমণ করে, এইরূপ সেই ক্ষুদ্র কুক্কুরগণও যথাযথভাবে গমন করিয়াছিল; তাহারা উপবেশন করিয়া 'হিং' শব্দ করিয়াছিল ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তে শ্বানঃ তত্রৈবাগত্য ঋষেঃ সমক্ষং, যথৈবেহ কর্ম্মণি বহিষ্পবমানেন স্তোত্রেণ স্তোষ্যমাণা উদ্গাতৃপুরুষাঃ সংরব্ধাঃ সংলগ্নাঃ অন্যোন্যমেব সর্পন্তি, এবং মুখেনান্যোন্যস্য পুচ্ছং গৃহীত্বা আসসৃপুঃ আসৃপ্তবন্তঃ—পরিভ্রমণং কৃতবন্ত ইত্যর্থঃ। তে এবং সংসৃপ্য সমুপবিশ্য উপবিষ্টাঃ সন্তঃ হিং চক্রুঃ—হিঙ্কারং কৃতবন্তঃ ॥৯৮॥৪

আনন্দগিরিঃ।—তে হেত্যাদি ব্যাকরোতি—তে শ্বান ইতি। সমক্ষমাসস্পৃপুরিতি সম্বন্ধঃ। উদ্‌গাতৃপুরুষা ইত্যধ্বর্য্যুপ্রমুখা যজমানপর্য্যন্তা গৃহন্তে। অন্যোন্যং সংলগ্নাঃ সর্পন্তীতি শেষঃ ॥৯৮॥৪

ভাষ্যানুবাদ।—স্তুতিকারী উদ্‌গাতা পুরুষগণ অনুষ্ঠেয় কর্ম্মে যেরূপ বহিষ্পবমান-নামক স্তোত্র দ্বারা সংরব্ধ অর্থাৎ পরস্পরে সংলগ্ন হইয়া পরিভ্রমণ করে, এই প্রকার—সেই ক্ষুদ্র কুক্কুরগণও সেখানে ঋষির সমীপে সমাগত হইয়া মুখ দ্বারা পরস্পরের পুচ্ছ গ্রহণপূর্ব্বক আসর্পণ—পরিভ্রমণ করিয়াছিল। তাঁহারা এইরূপে পরিভ্রমণের পর উপবিষ্ট হইয়া 'হিং' শব্দ করিয়াছিল, অর্থাৎ বক্ষ্যমাণ হিঙ্কার উচ্চারণ করিয়াছিল ॥৯৮॥৪

ও ৩ মদা ৩ মোম্ ৩ পিবা ৩ মোম্ ৩ দেবো বরুণঃ প্রজাপতিঃ সবিতা ২ ন্নমিহা ২ হরদন্নপতে ৩ হন্নমিহা ২ হরা ২ হরো ৩ মিতি (*) ॥৯৯॥৫

ইতি প্রথমাধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥ ১২ ॥

[হিঙ্কারস্বরূপমাহ—'ওম্' ইত্যাদিনা।]—ওম্ অদাম (অশনং করবাম), ওম্ পিবাম (পানং করবাম), ওম্ দেবঃ (প্রকাশমানঃ) বরুণঃ (বর্ষণকারী), প্রজাপতিঃ (অন্নাদিদানেন প্রজানাং পালকঃ), সবিতা (সর্ব্বোৎপত্তিহেতুঃ) ইহ (দেশে) অন্নম্ আহরৎ (আহরতু, প্রযচ্ছতু ইত্যর্থঃ)। [হিংকারানন্তরং পুনরপি তে উচুঃ]—হে অন্নপতে (অন্নপ্রদ, সূর্য্য !) ইহ (স্থানে) [অস্মভ্যং] অন্নম্ আহর (প্রযচ্ছ) আহর ওম্ ইতি। ['ওম্' শব্দঃ সবিতৃপ্রার্থনা-মন্ত্রসমাপ্তিসূচকঃ, 'ইতি' শব্দশ্চ সামভক্তিবিষয়কোপাসনাসমাপ্ত্যর্থঃ। 'আহরেতি' দ্বিরুক্তিঃ আদরার্থা]।

[এখন হিঙ্কারের স্বরূপ কথিত হইতেছে]—'ওম্' ভোজন করিব, ওম্ পান করিব, ওম্ বরুণ (বর্ষণকারী) প্রজাগণের প্রতিপালক, সবিতা (জগৎপ্রসবকারী) সূর্য্যদেব এখানে [আমাদের জন্য] অন্নপ্রদান করুন,

---

* তাৎপর্য্য—শ্রুতিতে যে, 'ও' প্রভৃতির পর '৩' ও '২' অঙ্ক আছে; তাহা কেবল উচ্চারণগত স্বরের পরিচায়ক মাত্র। অভিপ্রায় এই যে, মন্ত্র পাঠ করিতে হইলেই উদাত্তাদি স্বরভেদ অনুসারে উচ্চারণ করিতে হয়; স্বরের ব্যতিক্রম হইলে মন্ত্রের অর্থ পর্য্যন্ত অন্যরূপ হইয়া যায়; তাহার ফলে ক্রিয়াফলও বিপরীতভাবে পরিণত হয়। এই জন্য উদাত্তাদি স্বরের পার্থক্য রক্ষা করিয়া মন্ত্র উচ্চারণ করিতে হয়। সেই স্বরগত প্রভেদ জ্ঞাপনের জন্যই ঐ তিন, দুই প্রভৃতি অঙ্ক সংযোজিত হইয়াছে। '২' অঙ্কে দুই মাত্রা—দীর্ঘ স্বর, আর '৩' অঙ্কে তিন মাত্রা—প্লুতস্বর বুঝিতে হইবে

[পুনশ্চ বলিলেন] হে অন্নপতে, এখানে অন্ন প্রদান করুন—প্রদান করুন, ওম্ ইতি ॥

শাঙ্কর-ভাষ্যম্।—ওম্ অদাম ওম্ পিবাম ওম্ দেবঃ দ্যোতনাৎ বরুণঃ বর্ষণাৎ জগতঃ ; প্রজাপতিঃ পালনাৎ প্রজানাম্ ; সবিতা প্রসবিতৃত্বাৎ সর্ব্বস্যাদিত্য উচ্যতে। এতৈঃ পর্য্যায়ৈঃ স এবম্ভূত আদিত্যোঽন্নম্ অস্মভ্যম্ ইহ আহরৎ আহরত্বিতি। তে এবং হিং কৃত্বা পুনরপ্যূচুঃ—স ত্বং হে অন্নপতে, স হি সর্ব্বস্যান্নস্য প্রসবিতৃত্বাৎ পতিঃ ; ন হি তৎপাকেন বিনা প্রসূতমন্নম্ অণুমাত্রমপি জায়তে প্রাণিনাম্, অতোঽন্নপতিঃ। হে অন্নপতে অন্নমস্মভ্যম্ ইহ আহরাহরেতি ; অভ্যাস আদরার্থঃ। ওমিতি ॥৯॥৫

ইতি প্রথমাধ্যায়স্য দ্বাদশ-খণ্ড-ভাষ্যম্ ॥ ১২ ॥

আনন্দগিরিঃ।—হিংকারস্বরূপমাহ—ওমিত্যাদিনা। ত্রিবারমোঙ্কারো গানার্থমুচ্চরিতঃ। অদাম অশনং করবাম। পিবাম পানং করবামেত্যেতৎ। ইতিশব্দো হিংকারসমাপ্ত্যর্থঃ। অন্নপ্রসবিতৃত্বমাদিত্যস্য সাধয়তি—নহীতি। ইহেতি প্রকৃতদেশোক্তিঃ। ওঁকারঃ সবিতৃপ্রার্থনামন্ত্রসমাপ্ত্যর্থঃ। ভক্তিবিষয়োপাস্তিসমাপ্ত্যর্থমিতিপদম্ ॥৯॥৫

ইতি প্রথমাধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥১২॥

ভাষ্যানুবাদ।—[হিঙ্‌কার এইরূপ]—ওম্ [আমরা] ভোজন করিব, পান করিব। এক আদিত্যই দ্যুতিমান্ বলিয়া 'দেব', জগতের বর্ষণহেতু বলিয়া 'বরুণ', প্রজাগণের পালনহেতু বলিয়া 'প্রজাপতি', এবং সর্ব্ব পদার্থ প্রসব করেন বলিয়া আদিত্য 'সবিতা' নামে কথিত হন। এবম্ভূত সেই আদিত্যই কথিত পর্য্যায়ক্রমে (অর্থাৎ প্রকাশন ও বর্ষণাদি গুণযোগে) আমাদের উদ্দেশে এখানে অন্ন আহরণ করুন। তাহারা এইরূপ হিঙ্কার করিয়া পুনশ্চ বলিয়াছিল,—হে অন্নপতে, তিনিই সর্ব্বপ্রকার অন্নের উৎপাদক বলিয়া—পতি ; কারণ, তাঁহার কিরণে পরিপক্ক না হইলে প্রাণিগণের ভোগ্য অন্ন অতি অল্পমাত্রও উৎপন্ন হয় না ; কাজেই তিনি অন্নপতি। হে অন্নপতে, সেই তুমি এখানে আমাদের জন্য অন্ন প্রদান কর। [প্রার্থনায়] আদর প্রদর্শনার্থ [আহর পদের] দ্বিরুক্তি হইয়াছে। [সামভক্তির উপাসনা সমাপ্তিজ্ঞানার্থ ইতি-শব্দ প্রযুক্ত হইয়াছে] ॥৯॥৫

প্রথম অধ্যায়ের দ্বাদশখণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১২॥

প্রথমাধ্যায়স্য

ত্রয়োদশঃ খণ্ডঃ।

ভক্তিবিষয়োপাসনং সামাবয়বসম্বদ্ধম্ ; ইত্যতঃ সামাবয়বান্তরস্তোভাক্ষরবিষয়াণি উপাসনান্তরাণি সংহতান্যুপদিশ্যন্তে অনন্তরম্, তেষাং সামাবয়বসম্বদ্ধত্বাবিশেষাৎ—

[পূর্ব্বে প্রদর্শিত] ভক্তিবিষয়ক উপাসনাসমূহ সামবেদের অবয়বে (উদ্গীথে) সংশ্লিষ্ট ; এইজন্য এখন সামেরই অপরাংশ-স্তোভাক্ষর বিষয়ে অন্যপ্রকার উপাসনা একত্র উপদিষ্ট হইতেছে ; কারণ, সে সমুদয়ও সামেরই অবয়ব-সংশ্লিষ্ট ॥

অয়ং বাব লোকো হাউকারো বায়ুর্হাইকারশ্চন্দ্রমা অথকারঃ। আত্মেহকারোঽগ্নিরীকারঃ ॥১০০॥১

[উদ্গীথাদি-সামভক্তিবিষয়কমুপাসনং সমাপ্য ইদানীং সামাবয়বস্তোভাক্ষর-বিষয়কমুপাসনমুচ্যতে "অয়ং বাব" ইত্যাদিভিঃ]—অয়ং (দৃশ্যমানঃ) লোকঃ (পৃথিবী) বাব (প্রসিদ্ধৌ) হাউকারঃ (রথন্তরসাম্নি প্রসিদ্ধঃ স্তোভঃ) ; বায়ুঃ হাইকারঃ (বামদেব্য-সাম্নি প্রসিদ্ধঃ স্তোভঃ) ; চন্দ্রমাঃ (চন্দ্রঃ) অথকারঃ ('অথ' ইত্যেবংরূপঃ) ; আত্মা (জীবঃ) ইহকারঃ (স্তোভভেদঃ) ; অগ্নিঃ ঈকারঃ (স্তোভাংশঃ) ॥

উদ্গীথাদিরূপ সামভক্তি অনুযায়ী উপাসনা নিরূপণ করিয়া এখন 'স্তোভ'-নামক সামাংশরূপে উপাসনা অভিহিত হইতেছে—এই পৃথিবী লোকই হাউকার, বায়ু হাইকার, চন্দ্র অথকার, আত্মা (জীবাত্মা) ইহকার এবং অগ্নিই ঈকার। [অভিপ্রায় এই যে, পৃথিবী ও বায়ু প্রভৃতিতে 'হাউকারা'দি স্তোভ দৃষ্টি করিবে। 'হাউকার' প্রভৃতি সমস্তই সামবেদীয় স্তোভবিশেষ] ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অয়ং বাব অয়মেব লোকঃ হাউকারঃ স্তোভো রথন্তরে সাম্নি প্রসিদ্ধঃ। "ইয়ং বৈ রথন্তরং" ইত্যস্মাৎ সম্বন্ধসামান্যাৎ হাউকারস্তোভোঽয়ং লোকঃ ইত্যেবমুপাসীত। বায়ুঃ হাউকারঃ ; বামদেব্যে সামনি হাইকারঃ প্রসিদ্ধঃ। বায়প্-সম্বন্ধশ্চ বামদেব্যস্য সাম্নো যোনিঃ ইত্যস্মাৎ সামান্যাৎ হাইকারং বায়ুদৃষ্ট্যা উপাসীত।

চন্দ্রমা অথকারঃ ; চন্দ্রদৃষ্ট্যা অথকারমুপাসীত। অন্নে হীদং স্থিতম্, অন্নাত্মা চন্দ্রঃ ; থকারাকারসামান্যাচ্চ। আত্মা ইহকারঃ ; ইহেতি স্তোভঃ ; প্রত্যক্ষো হ্যাত্মা ইহেতি ব্যপদিশ্যতে ; ইহেতি চ স্তোভঃ তৎসামান্যাৎ। অগ্নিঃ ঈকারঃ ঈ-নিধনানি চাগ্নেয়ানি সর্ব্বাণি সামানি, ইত্যতস্তৎসামান্যাৎ ॥ ১০০॥১

আনন্দগিরিঃ।—ননু ভক্তিসম্বন্ধানামুপাসনানাং নীতত্বাৎ সমস্তস্যেত্যাদিবক্তব্যে কিমনন্তরখণ্ডেনেত্যাশঙ্ক্যাহ—ভক্তীতি। ইত্যতোঽস্মাৎ প্রসঙ্গাদিতি যাবৎ। ঋগক্ষরাণি গীয়ন্তে তদ্ব্যতিরিক্তানি বাচ্যশূন্যানি গীতিসিদ্ধ্যর্থানি স্তোভাক্ষরাণি পরিভাষ্যন্তে, তানি চ কর্ম্মাপূর্ব্বনির্ব্বৃত্তিদ্বারেণ ফলবত্ত্বাদুপাস্যানি, তদুপাস্তিবিধিপরমুত্তরং বাক্যমিত্যর্থঃ। বক্ষ্যমাণোপাসনানাং প্রত্যেকং স্বাতন্ত্র্যং নাস্তীত্যাহ—সংহতানীতি। তেষামনন্তরমুপদেশে হেতুমাহ—সামাবয়বেতি। ন চৈবংবিধস্তোভো নাস্তীতি বাচ্যমিত্যাহ—রথন্তর-ইতি। তথাপি কথং পৃথিবীদৃষ্ট্যা যথোক্তস্তোভস্যোপাস্যত্বং, তদাহ—ইয়মিতি। ইয়ং বৈ রথন্তরমিত্যত্র পৃথিব্যা রথন্তরত্বং শ্রুতং, প্রস্তুতশ্চ স্তোভো রথন্তরে অস্তীত্যুক্তং ; তথাচ যথোক্তাৎ সম্বন্ধরূপাৎ সাদৃশ্যাৎ পৃথিবীদৃষ্ট্যা হাউকার উপাস্য ইত্যর্থঃ। কথং পুনর্বায়ুদৃষ্ট্যা হাইকারস্যোপাস্যত্বং, তত্রাহ—বায়ুপ্সম্বন্ধশ্চেতি। হাইকারো বামদেব্যে সাম্নি প্রসিদ্ধঃ তস্য চ বায়োরপাং চ সম্বন্ধো যোনির্মৈথুনেচ্ছাবতীনামপাং বায়ুঃ পৃষ্ঠেঽত্যবর্ত্তত, ততো বামদেব্যং সামাভবদিতি শ্রুতেঃ। তস্মাদ্যথোক্তাদ্ বামদেব্যসামসম্বন্ধসামান্যাদ্ বায়ুদৃষ্ট্যা হাইকারমুপাসীতেত্যর্থঃ। কথমথকারস্য চন্দ্রদৃষ্ট্যোপাসনম্,—তত্রাহ—অন্নে হীতি। তথাচ অথকারসামান্যাৎ যথোক্তোপাস্তিসিদ্ধিরিতিশেষঃ। থকারবদকারসামান্যাচ্চ চন্দ্রদৃষ্ট্যা অথকারমুপাসীতেত্যাহ—থকারেতি। অথকারে তাবদ্ ব্যক্তোঽকারোঽনাত্মনি চন্দ্রমস্যপি সোঽস্তীতি তদ্যুক্তং যথোক্তমুপাসনমিত্যর্থঃ। প্রথমমপ্রত্যক্ষঃ পশ্চাৎপ্রত্যক্ষীভবন্নিতি শেষঃ। তৎসামান্যমিহেতি ব্যপদিশ্যমানত্বম্, তস্মাদাত্মদৃষ্টিরিহেতি স্তোভে কর্ত্তব্যেত্যাহ—তৎসামান্যাদিতি। অগ্নিদৃষ্টিরীকারাখ্যে স্তোভাক্ষরে কর্ত্তব্যেত্যত্র হেতুমাহ—ঈনিধনানীতি। ঈকারো নিধীয়তে যেষু সামসু তান্যাগ্নেয়ানি প্রসিদ্ধানি। তথাচ তেষ্বগ্নিরীকারশ্চেত্যুভয়োর্ভাবাদস্মাৎ সাদৃশ্যাদীকারমগ্নিদৃষ্ট্যোপাসীতেত্যর্থঃ ॥ ১০০॥১

ভাষ্যানুবাদ।—এই প্রসিদ্ধ লোকই (পৃথিবীই) হাউকার স্তোভ, যাহা রথন্তর নামে প্রসিদ্ধ ; 'ইহাই (পৃথিবীই) রথন্তর', এই শ্রুতিতে [পৃথিবীও রথন্তরের] এতদনুরূপ সম্বন্ধ বর্ণিত থাকায় 'হাইকার স্তোভই এই লোক' এইরূপে উপাসনা করিবে। বায়ু হইতেছেন হাইকার ; বামদেব্যনামক সামে 'হাইকার' স্তোভ প্রসিদ্ধ আছে। বায়ুর সহিত জলের সম্বন্ধই বামদেব্য সামের উৎপত্তিস্থান ; এই সাদৃশ্য থাকায় বায়ুদৃষ্টিতে হাইকারের উপাসনা করিবে। চন্দ্রই 'অথকার', অর্থাৎ চন্দ্রবুদ্ধিতে অথকারের উপাসনা করিবে ; কেননা, এই জগৎ অন্নেই অবস্থিত, চন্দ্রও

সেই অন্নাত্মক; বিশেষতঃ 'অকারে' ও আকারে সাদৃশ্যও রহিয়াছে। আত্মাই 'ইহকার'। 'ইহ' একটি স্তোভ; প্রত্যক্ষভূত আত্মা 'ইহ' শব্দ দ্বারা উল্লেখিত হয়, এবং 'ইহ' স্তোভও বটে; এই সাদৃশ্য বশতঃ [আত্মবুদ্ধিতে 'ইহ'-স্তোভের উপাসনা করিবে]। অগ্নিই ঈকার; কারণ, সমস্ত সামই অগ্নিসম্বন্ধ ও ঈ-নিধান, অর্থাৎ ঈকারসমন্বিত; [এই সাদৃশ্য বশতঃ অগ্নিজ্ঞানে ঈকার স্বরূপ স্তোভের উপাসনা করিবে॥ (১)॥ ১০॥১

আদিত্য ঊকারো নিহব একারো বিশ্বেদেবা ঔহোয়িকারঃ প্রজাপতির্হিংকারঃ প্রাণঃ স্বরোঽন্নং যা বাগ্বিরাট্॥১০১॥২

[ইদানীং প্রকারান্তরেণ উপাসনামাহ—"আদিত্যঃ" ইত্যাদিনা]—আদিত্যঃ (সূর্য্যঃ) ঊকারঃ (ঊর্দ্ধত্বসামান্যাৎ আদিত্যে ঊকারাখ্য-স্তোভ-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ এবং সর্ব্বত্র), নিবহঃ (আহ্বানং—আমন্ত্রণং) একারঃ (একারাত্মকঃ স্তোভঃ), বিশ্বেদেবাঃ (অগ্নিষ্বাত্তাদয়ঃ) ঔহোয়িকারঃ (তৎস্বরূপঃ স্তোভঃ) প্রজাপতিঃ হিংকারঃ (হিংকারাত্মকঃ স্তোভঃ), প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) স্বরঃ (তৎস্বরূপঃ স্তোভঃ); অন্নং যা (যা স্বরূপঃ স্তোভঃ); বাক্ (বাক্যং) বিরাট্ (বাচি বিরাট্-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)॥

এখন প্রকারান্তরে উপাসনা কথিত হইতেছে—আদিত্যই ঊকার, অর্থাৎ আদিত্যে ঊকার-স্তোভ দৃষ্টি করিতে হইবে, নিবহই একার, বিশ্বেদেবগণ ঔহোয়িকার; প্রজাপতিই হিংকার, প্রাণই স্বর, অন্নই যা, এবং বাক্ই বিরাট্ স্বরূপ। [এখানে, 'ঊকার' একার, ঔহোয়িকার, হিংকার, স্বর, যা, ও বিরাট্ এ সমস্তই স্তোভান্তর্গত]॥

শাঙ্কর-ভাষ্যম্। আদিত্যঃ ঊকারঃ, উচ্চৈরূর্দ্ধং সন্তমাদিত্যং গায়ন্তীতি ঊকারশ্চায়ং স্তোভঃ; আদিত্যদৈবত্যে সাম্নিস্তোভ ইত্যাদিত্য ঊকারঃ।

(১) তাৎপর্য্য—সামবেদেরই অংশ বিশেষকে 'স্তোভ' বলে। সেই স্তোভের মধ্যে 'হাউ', 'হাই', 'অথ', 'ইহ', 'ঈ' প্রভৃতি অক্ষর সমূহ সন্নিবেশিত আছে। শ্রুতি উক্ত অক্ষর সমূহকে পৃথিব্যাদি লোক মনে করিয়া উপাসনা করিতে উপদেশ দিয়াছেন। একটি বস্তুকে অপর বস্তু বলিয়া উপাসনা করিতে হইলে তাহাদের উভয়ের মধ্যে কিঞ্চিৎ সাদৃশ্য থাকা আবশ্যক হয়। ভাষ্যকার নানাপ্রকারে সেই সাদৃশ্য প্রদর্শন করিয়াছেন। যেমন—'হাউ' স্তোভকে পৃথিবী দৃষ্টিতে উপাসনা করিবে কেন, তাহার যুক্তিমূলক সাদৃশ্য প্রদর্শন করিতেছেন যে, অন্যশ্রুতি পৃথিবীকে 'রথন্তর' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন; 'হাউ' কথাটিও সেই রথন্তর সামেরই অন্তর্গত; অতএব রথন্তরের ন্যায় 'হাউ' কথাটিরও পৃথিবীর সহিত তুল্যসম্বন্ধ; সুতরাং 'হাউ'কে পৃথিবী মনে করিয়া উপাসনা অসঙ্গত হয় না।

নিহব ইত্যাহ্বানম্, একারঃ স্তোভঃ; এহীতি চাহ্বয়ন্তীতি তৎসামান্যাৎ। বিশ্বেদেবা ঔহোয়িকারঃ, বৈশ্বদেব্যে সাম্নি স্তোভস্য দর্শনাৎ। প্রজাপতিঃ হিঙ্কারঃ, আনিরুক্ত্যাৎ হিঙ্কারস্য চাব্যক্তত্বাৎ; প্রাণঃ স্বরঃ। স্বর ইতি স্তোভঃ। প্রাণস্য চ স্বরহেতুত্বসামান্যাৎ। অন্নং যা; যা ইতি স্তোভঃ অন্নম্; অন্নেন হীদং যাতীত্যতস্তৎসামান্যাৎ। বাগিতি স্তোভো বিরাট্ অন্নং দেবতা-বিশেষো বা, বৈরাজে সাম্নি স্তোভদর্শনাৎ ॥১০১॥২

আনন্দগিরিঃ।—উকারমাদিত্যদৃষ্ট্যা কথমুপাসীতেত্যাশঙ্ক্যাহ—উচ্চৈরিতি। উকারাদিত্যয়োর্বিধান্তরেণ সাদৃশ্যমাহ—আদিত্যেতি। একারসামান্যান্নিহবদৃষ্টি-রেকারে স্তোভে কার্য্যেত্যাহ—নিহব ইত্যাদিনা। ঔহোয়িকারস্য বিশ্বেদেবদৃষ্ট্যো-পাস্তৌ হেতুমাহ—বৈশ্বদেব্য ইতি। প্রজাপতিদৃষ্ট্যা হিংকারোপাস্যত্বে হেতুঃ—আনিরুক্ত্যদিতি। নীলপীতাদিরূপেণ নিরুক্ত্যবিষয়ত্বাৎ প্রজাপতেরিত্যর্থঃ। অব্যক্তত্বাৎ রূপাদিরহিতত্বাদিত্যর্থঃ। প্রাণস্য চেতি চকারাৎ স্বরস্য চেত্যর্থঃ। স্বরহেতুত্বং তন্নির্বর্ত্তকত্বেন তদাত্মকত্বম্। অন্নং যা ইতি বাক্যং ব্যাচষ্টে—যা ইতীতি। অন্নদৃষ্টির্যা ইতি স্তোভে কর্ত্তব্যেত্যত্র হেতুমাহ—অন্নেনেতি। বিরাড়্-দৃষ্টির্বাগিতি স্তোভে কার্য্যেত্যত্র হেতুমাহ—বৈরাজ ইতি ॥১০১॥২

ভাষ্যানুবাদ।—আদিত্যই (সূর্য্যই) উকার; অতি ঊর্দ্ধস্থানস্থিত আদিত্যকে গান করিয়া থাকে, [এইরূপে উকারের সহিত আদিত্যের সম্বন্ধ আছে;] এই উকারও একটি স্তোভ; আদিত্যদৈবত সামে এই উকার স্তোভ রহিয়াছে; এইজন্য আদিত্যই স্তোভ। নিহব শব্দ আহ্বানসূচক; একারও একটি স্তোভ; অথচ লোকেরাও 'এহি' (এস) বলিয়া আহ্বান করিয়া থাকে; এইরূপ সমান ধর্ম্ম থাকায় [একারে নিহব বুদ্ধি করিতে হয়], বিশ্বেদেবগণ ঔহোয়িকার; কেন না, বৈশ্বদৈবত সামে ঐ স্তোভটি দৃষ্ট হয়। প্রজাপতিই হিংকার; কারণ, প্রজাপতিও অনির্ব্বাচ্য এবং হিংকারও অব্যক্ত। প্রাণই স্বর; কারণ, স্বর একটি স্তোভ; প্রাণই সেই স্বরের হেতুভূত; সুতরাং তৎসাদৃশ্য বশতঃ [প্রাণকে স্বর বলা যাইতে পারে]। অন্নই যা, যা এই স্তোভটি অন্নস্বরূপ; কারণ, অন্নের সাহায্যেই ইহা গমন করে, এইরূপ সাধারণ ধর্ম্ম সম্বন্ধই [ঐরূপ চিন্তার কারণ]। বাক্ একটি স্তোভ, তাহাই, বিরাট্‌স্বরূপ, অথবা অন্ন অর্থ দেবতাবিশেষ, কারণ, বিরাট্‌দৈবত সামে ঐ স্তোভ দেখিতে পাওয়া যায়* ॥ ১০১ ॥২

---

* তাৎপর্য্য—আদিত্যদৈবত সামাংশে 'উকার' বিদ্যমান আছে; অধিকন্তু 'স্তোভ' স্বরূপ আদিত্যও ঊর্দ্ধে অবস্থিত; অতএব, এই কারণে আদিত্যের সহিত দীর্ঘ উকারের সম্বন্ধ রহিয়াছে। উক্ত স্তোভটিও দীর্ঘ উকারাত্মক; অতএব, সেই দীর্ঘ উকার স্তোভে আদিত্য দৃষ্টি করিবে। এইরূপে 'একার' প্রভৃতিরও স্তোভত্ব বুঝিতে হইবে। যথাকথঞ্চিৎ সাদৃশ্যানুসারে তৎসমুদায়েও নিহবাদি-দৃষ্ট করিতে উপদেশ করা হইয়াছে।

অনিরুক্তস্ত্রয়োদশঃ স্তোভঃ সঞ্চরো হুঙ্কারঃ ॥১০২॥৩

সঞ্চরঃ (নানারূপেণ বিকল্প্যমানঃ), অনিরুক্তঃ (ইদন্তয়া নির্দ্দেষ্টুম্ অশক্যঃ কারণস্বরূপঃ) [এব] ত্রয়োদশঃ স্তোভঃ হুংকারঃ। অনিরুক্ত-দৃষ্ট্যা হুঙ্কার-মুপাসীত ইত্যাশয়ঃ]।

নানাবিধ আকারে কল্পিত হয়, এইজন্য সঞ্চর, এবং বিশেষ করিয়া নিরূপণ করা যায় না বলিয়াই অনিরুক্ত, অর্থাৎ অনিশ্চিতরূপ ত্রয়োদশ-সংখ্যক স্তোভ—হুঙ্কার ; অর্থাৎ কারণ-বুদ্ধিতে হুঙ্কারের উপাসনা করিবে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অনিরুক্তোঽব্যক্তত্বাৎ ইদং চ ইদঞ্চেতি নির্ব্বক্তুং ন শক্যত ইত্যতঃ সঞ্চরো বিকল্প্যমানস্বরূপ ইত্যর্থঃ। কোঽসৌ? ইত্যাহ—ত্রয়োদশঃ স্তোভঃ হুঙ্কারঃ। অব্যক্তো হি অয়ম্ ; অতোঽনিরুক্তবিশেষ এবোপাস্য ইত্যভিপ্রায়ঃ ॥১০২॥৩

আনন্দগিরিঃ।—অনিরুক্তঃ কারণাত্মা ; তস্যানিরুক্তত্বং সাধয়তি—অব্যক্ত-ত্বাদিতি। স চানেকধা কার্য্যরূপেণ সঞ্চরতীতি সঞ্চরঃ। হুঙ্কারোঽপি শাখাভেদেন বিকল্প্যমানস্বরূপঃ, ত্রয়োদশশ্চায়ং বাচেত্যারভ্য গণ্যমানঃ, ততশ্চ কারণদৃষ্ট্যা হুঙ্কার-মুপাসীতেত্যর্থঃ। উক্তমেবোপপাদয়তি—অব্যক্তো হীতি। তত্র বিকল্প্যমানত্বং হেতুঃ ॥১০২॥৩

ভাষ্যানুবাদ।—কারণ-পদার্থটি স্বতই অব্যক্ত, এবং তজ্জন্যই অনিরুক্ত ; আর 'অমুক অমুক' বলিয়া নিরূপণ করিতে পারা যায় না ; এইজন্য সঞ্চর অর্থাৎ উহার স্বরূপটি নানাবিধরূপে বিতর্কের বিষয়ীভূত হয়। ইহা কে? তাহা বলিতেছেন—ত্রয়োদশ স্তোভ—হুঙ্কার। অভিপ্রায় এই যে, এই হুঙ্কারও [কারণের ন্যায়] অব্যক্ত ; অতএব ইহার কোনরূপ বিশেষভাবই নিশ্চিত করা যায় না, এই ভাবেই ইহার উপাসনা করিতে হইবে ॥১০২॥৩

দুগ্ধেঽস্মৈ বাগ্ দোহং যো বাচো দোহঃ, অন্নবানন্নাদো ভবতি, য এতামেবꣳ সাম্নামুপনিষদং বেদোপনিষদং বেদেতি ॥ ১০৩ ॥ ৪

ইতি প্রথমাধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩॥

ইতি ছান্দোগ্যোপনিষদ্‌ব্রাহ্মণে প্রথমোঽধ্যায়ঃ (*)

সমাপ্তঃ ॥১॥

---

* তাৎপর্য্য—কোন কোন পুস্তকে 'অধ্যায়' শব্দের স্থলে 'প্রপাঠক' শব্দ লিখিত আছে, এবং স্বয়ংআনন্দগিরিও এই চতুর্থ শ্রুতিভাষ্যের ব্যাখ্যাপ্রসঙ্গে 'প্রপাঠক' শব্দের উল্লেখ করিয়াছেন। বহু পুস্তকের পাঠসম্মতি অনুসারে আমরা 'অধ্যায়' শব্দেরই প্রয়োগ করিলাম।

[স্তোভাক্ষরোপাসনাফলমাহ—"দুগ্ধে" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং (উক্তপ্রকারেণ) সাম্নাম্ (সামাবয়ব-স্তোভাক্ষরাণাম্) উপনিষদং (বিজ্ঞানং) বেদ (জানাতি), বাচঃ (বাগিন্দ্রিয়স্য) যঃ দোহঃ (সারঃ), [তং] দোহং বাক্ অস্মৈ (বিদুষে) দুগ্ধে (দদাতীত্যর্থঃ)। [কিঞ্চ], সঃ (বিদ্বান্) অন্নবান্ (প্রচুরান্নসম্পন্নঃ), অন্নাদঃ (প্রভূতান্নভোক্তা চ) ভবতি। দ্বিরুক্তিঃ অধ্যায়সমাপ্ত্যর্থা।

যিনি উক্তপ্রকার সামোপনিষৎ অবগত হন; বাগিন্দ্রিয়ের যাহা দোহ বা সার, বাগিন্দ্রিয় তাহা তাহার উদ্দেশে ভোগ অর্পণ করে। বিশেষতঃ তিনি প্রচুর পরিমাণে অন্নলাভ করেন, এবং অন্ন ভোজন করেন। অধ্যায়-সমাপ্তির জন্য 'উপনিষদং বেদ' কথার দ্বিরুক্তি হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—স্তোভাক্ষরোপসনাফলমাহ—দুগ্ধে অস্মৈ বাক্ দোহমিত্যাদ্যুক্তার্থম্। য এতামেবং যথোক্তলক্ষণাং সাম্নাং সামাবয়বস্তোভাক্ষরবিষয়াম্ উপনিষদং দর্শনং বেদ, তস্য এতদ্ যথোক্তং ফলমিত্যর্থঃ। দ্বিরভ্যাসোঽধ্যায়-পরিসমাপ্ত্যর্থঃ। সামাবয়ববিষয়োপাসনাবিশেষপরিসমাপ্ত্যর্থ ইতিশব্দ ইতি॥১০৩॥৪

ইতি প্রথমাধ্যায়স্য ত্রয়োদশ-খণ্ড-ভাষ্যম্॥১৩॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্য-পরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীমচ্ছঙ্করভগবৎপাদকৃতৌ চ্ছান্দোগ্যোপনিষদ্বিবরণে প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥১॥

আনন্দগিরিঃ।—নৈতানি ব্যস্তান্যুপাসনানি, প্রত্যেকং ফলাশ্রবণাৎ; সমস্তং পুনরেকমিদমুপাসনমেকফলত্বাদিত্যভিপ্রেত্যাহ—স্তোভাক্ষরেতি। উপনিষদং বেদ উপনিষদং বেদেত্যাবৃত্তেস্তাৎপর্য্যমাহ—দ্বিরভ্যাস ইতি। প্রথমপ্রপাঠকব্যাখ্যান-সমাপ্তাবিতিশব্দঃ॥১০৩॥৪

ইতি প্রথমাধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ॥১৩॥

ভাষ্যানুবাদ।—স্তোভাক্ষর উপাসনার ফল বলিতেছেন—বাগিন্দ্রিয় ইহার উদ্দেশে দোহ (দুগ্ধ—সার) দোহন করে; ইত্যাদির অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে। যিনি সামের—সামের অবয়বস্বরূপ স্তোভাক্ষরসমূহের উক্তপ্রকার উপনিষৎ অর্থাৎ দর্শন বা বিজ্ঞান অবগত হন, তাঁহার সম্বন্ধে এই যথোক্ত ফল হইয়া থাকে। অধ্যায়-সমাপ্তির জন্য দ্বিরুক্তি হইয়াছে। আর সামাবয়বে সম্পাদিত বিশেষ বিশেষ উপাসনা-সমাপ্তির জন্য 'ইতি' শব্দ প্রযুক্ত হইয়াছে॥১০৩॥৪

ইতি প্রথম অধ্যায়ের ত্রয়োদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥১৩॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

'ওমিত্যেতদক্ষরম্' ইত্যাদিনা সামাবয়ববিষয়ম্ উপাসনমনেকফলম্ উপদিষ্টম্। অনন্তরঞ্চ স্তোভাক্ষরবিষয়মুপাসনমুক্তম্—সর্ব্বথাপি সাম্নৈকদেশসম্বদ্ধমেব তদিতি। অথেদানীং সমস্তে সাম্নি সমস্তসামবিষয়াণি উপাসনানি বক্ষ্যামীত্যারভতে শ্রুতিঃ। যুক্তং হি একদেশোপাসনানন্তরম্ একদেশিবিষয়ম্ উপাসনমুচ্যতে ইতি।

"ওম্ ইত্যেতদক্ষরম্" ইত্যাদি বাক্যে বহুবিধ ফলজনক সামাবয়ব উদ্গীথাদি-বিষয়ক উপাসনা কথিত হইয়াছে; তাহার পরেও স্তোভাক্ষর-বিষয়ক উপাসনা উক্ত হইয়াছে। ফলকথা, সে সমুদয় উপাসনাই সামাবয়ব সম্পর্কিত। তাহার পর এখন সমস্ত সামে—সমস্ত সামবিষয়ে উপাসনা বলিব, এই উদ্দেশে শ্রুতি আরব্ধ হইতেছে। একদেশ বা অংশবিশেষের উপাসনা নিরূপণের পর যে, একদেশীর অর্থাৎ সমষ্টি-বিষয়ক উপাসনা নিরূপণ করা, ইহা সঙ্গত বটে।

সমস্তস্য খলু সাম্ন উপাসনꣳ সাধু, যৎ খলু সাধু তৎ সামেত্যাচক্ষতে, যদসাধু তদসামেতি ॥১০৪॥১

সমস্তস্য (সর্ব্বাবয়ব-সমন্বিতস্য) সাম্নঃ উপাসনং খলু (নিশ্চয়ে) সাধু; খলু (যস্মাৎ) যৎ সাধু (উৎকৃষ্টং নির্দ্দোষং), তৎ সাম ইতি আচক্ষতে (সামত্বেন ব্যবহরন্তি) [পণ্ডিতাঃ ইতি শেষঃ] যৎ [চ] অসাধু (অশোভনং), তৎ অসাম ইতি [আচক্ষতে পণ্ডিতাঃ ইতি শেষঃ]।

সমস্ত অবয়বের সহিত সামের উপাসনাই সাধু অর্থাৎ উত্তম বা ভাল; যেহেতু, জগতে যাহা ভাল, পণ্ডিতগণ তাহাই 'সাম' বলিয়া ব্যবহার করেন, আর যাহা অসাধু বা উত্তম নহে, তাহাই 'অসাম' বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—সমস্তস্য সর্ব্বাবয়ববিশিষ্টস্য পাঞ্চভক্তিকস্য সাপ্তভক্তিকস্য চ ইত্যর্থঃ। খল্বিতি বাক্যালঙ্কারার্থঃ। সাম্ন উপাসনং সাধু। সমস্তে সাম্নি সাধু-দৃষ্টিবিধিপরত্বাৎ, ন পূর্ব্বোপাসননিন্দার্থত্বং সাধুশব্দস্য। ননু পূর্ব্বত্রাবিদ্যমানং সাধুত্বং সমস্তে সাম্নি অভিধীয়তে। ন, "সাধু সামেত্যুপাস্তে" ইত্যুপসংহারাৎ।

সাধুশব্দঃ শোভনবাচী ; কথমবগম্যতে ? ইত্যাহ—যৎ খলু লোকে সাধু শোভনম্ অনবদ্যং প্রসিদ্ধম্, তৎ সাম ইত্যাচক্ষতে কুশলাঃ ; যদসাধু—বিপরীতং, তদসামেতি ॥১০৪॥১

আনন্দগিরিঃ।—পূর্ব্বোত্তর-প্রপাঠকয়োঃ সঙ্গতিং দর্শয়তি—ওমিত্যেতদিত্যাদিনা। সর্ব্বথাপি—সামাবয়ববিষয়ত্বে স্তোভাক্ষরবিষয়ত্বে চেত্যর্থঃ। ইতি-শব্দো হেত্বর্থঃ ; যস্মাদেকদেশবিষয়াণ্যুপাসনানি বৃত্তানি, তস্মাৎ তানি সমস্তবিষয়াণি বক্তব্যানীত্যর্থঃ। একদেশোপাস্তিব্যাখ্যানানন্তর্য্যমথশব্দার্থঃ। কথমুক্ত-বক্ষ্যমাণোপাসনয়োরিদং পৌর্ব্বাপর্য্যম্ ? তত্রাহ—যুক্তং হীতি। সমস্তস্যোপাসনং সাধ্বিতিবচনাদবয়বোপাসনং নিন্দিতত্বাদননুষ্ঠেয়মিত্যাশঙ্ক্যাহ—সমস্ত ইতি। অর্থাদস্তি নিন্দেতি শঙ্কতে—নন্বিতি। পূর্ব্বত্রাপি সাধুত্বস্য বিদ্যমানস্যৈব বিশেষণত্বেনানুপাদানান্নার্থাদপি নিন্দেতি পরিহরতি—ন সাধ্বিতি। যৎ খল্বিত্যাদি ব্যাখ্যাতুং পাতনিকামাহ—সাধুশব্দ ইতি। বাক্যমবতার্য্য ব্যাচষ্টে—কথমিত্যাদিনা ॥১০৪॥১

ভাষ্যানুবাদ।—সমস্ত অর্থ সমস্ত অবয়বযুক্ত অর্থাৎ পঞ্চভক্তি এবং সপ্তভক্তিযুক্ত* ; 'খলু' শব্দটি বাক্যের শোভাবর্দ্ধনার্থ প্রযুক্ত (উহার অন্য কোনও অর্থ নাই)। সামের উপাসনা সাধু (উত্তম) ; সমগ্র সামে সাধুত্বদৃষ্টি বিধানেই 'সাধু' শব্দের তাৎপর্য্য ; সুতরাং পূর্ব্বোক্ত অবয়বোপাসনার নিন্দা করা ইহার অর্থ নহে। ভাল, পূর্ব্বকথিত উপাসনায় সাধুত্ব যখন অভিহিত হয় নাই, তখন ফলে-ফলেইত সমগ্র সামের উপাসনায় সাধুত্ব বিহিত হইতেছে ? না,—পরে যখন 'সামকে সাধু বলিয়া উপাসনা করিবে', এইরূপে উপসংহার করিয়াছেন, তখন এই 'সাধু' শব্দটি শোভন অর্থবোধকমাত্র, ['অনিন্দিত' অর্থবোধক নহে]। আচ্ছা, এরূপ অর্থ জানা যায় কিরূপে ? [তদুত্তরে] বলিতেছেন—যাহা জগতে সাধু—শোভন অর্থাৎ নির্দ্দোষ বলিয়া প্রসিদ্ধ, কুশলগণ অর্থাৎ পণ্ডিতগণ তাহাই 'সাম' বলিয়া থাকেন ; আর যাহা অসাধু, অর্থাৎ শোভনের বিপরীত, তাহাই 'অসাম' [বলিয়া থাকেন] ॥১০৪॥১

তদুতাপ্যাহুঃ সাম্নৈনমুপাগাদিতি—সাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুরসাম্নৈনমুপাগাদিত্যসাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুঃ ॥১০৫॥২

তৎ (তত্র—সাধ্বসাধু-বিচারণে) উত (বিতর্কে) আহুঃ (কথয়ন্তি) অপি (সম্ভাবনায়াং) [জনা ইতি শেষঃ],—সাম্না (শোভনবৃত্ত্যা) এনং (রাজানম্

---

* তাৎপর্য্য—ভক্তি অর্থ যে সামের অংশবিশেষ, তাহা প্রথমেই বলা হইয়াছে। তাহাও আবার কোনস্থলে পাঁচটি বা সাতটি ভাগে বিভক্ত আছে। এখানে সেই সমস্ত সাম বুঝাইবার জন্য ভাষ্যকার 'পাঞ্চভক্তিক' ও 'সাপ্তভক্তিক' শব্দের ব্যবহার করিয়াছেন।

অন্যৎ বা) উপাগাৎ (উপগতবান্ প্রাপ্তঃ) ইতি যৎ, তৎ সাধুনা (শোভন-ব্যবহারেণ) এনম্ উপাগাৎ ইতি এব (অবধারণে) আহুঃ (কথয়ন্তি, নতু অন্যদিত্যাশয়ঃ) [জনাঃ ইতি শেষঃ]। [তথা] অসাম্না (অশোভনবৃত্ত্যা) এনম্ (জনম্) উপাগাৎ ইতি [চ যৎ আহুঃ], তৎ [খলু] অসাধুনা (অভদ্রব্যবহারেণ) এনম্ উপাগাৎ ইতি এব (অবধারণে) আহুঃ।

এই সাধু ও অসাধু বিভাগ সম্বন্ধে লোকেরাও যে বলিয়া থাকে—[এই ব্যক্তি], 'সাম' দ্বারা ইহাকে প্রাপ্ত হইয়াছে,—[ইহাতেও] এই কথাই বলিয়া থাকে যে, 'সাধু বৃত্তি বা সদ্ব্যবহার দ্বারাই ইহাকে প্রাপ্ত হইয়াছে', আর যে 'অসাম' দ্বারা ইহাকে প্রাপ্ত হইয়াছে, বলিয়া থাকে; তাহাতেও এই কথাই বলিয়া থাকে যে, অসাধু ব্যবহার দ্বারা ইহাকে প্রাপ্ত হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—তৎ তত্রৈব সাধ্বসাধুবিবেককরণে উতাপ্যাহুঃ—সাম্না এনং রাজানং সামন্তঞ্চ উপাগাৎ উপগতবান্। কোঽসৌ? যতঃ অসাধুত্বপ্রাপ্ত্যাশঙ্কা, স ইত্যভিপ্রায়ঃ। শোভনাভিপ্রায়েণ সাধুনৈনম্ উপাগাদিত্যেব তৎ তত্রাহুঃ লৌকিকা বন্ধনাদ্যসাধুকার্য্যমপশ্যন্তঃ। যত্র পুনর্ব্বিপর্য্যয়েণ বন্ধনাদ্যসাধুকার্য্যং পশ্যন্তি, তত্র অসাম্না এনমুপাগাদিতি অসাধুনৈনম্ উপাগাদিত্যেব তদাহুঃ॥১০৫॥২

আনন্দগিরিঃ।—কিং পুনরেবং বিবেককরণে কারণমিত্যাশঙ্ক্যাহ—তত্তত্রেতি। বিবেককরণোপায়ভেদবিকল্পার্থমুতেতি উভয়ত্র পদম্ সাম্নৈনমিত্যাদিনা সাধুনেত্যাদি-বাক্যস্য পৌনরুক্ত্যমাশঙ্ক্য ব্যাখ্যানব্যাখ্যেয়ভাবান্নৈবমিত্যাহ—শোভনেতি। শোভন-কার্য্যদর্শনেসতীতি যাবৎ। তত্রৈব হেত্বন্তরমাহ—বন্ধনাদীতি। অসাম্নেত্যাদি ব্যাচষ্টে—যত্রেতি॥১০৫॥২

ভাষ্যানুবাদ।—সেই বিষয়ে অর্থাৎ সাধু ও অসাধু ব্যবহারের পার্থক্যকরণকালে [লোকেরা] বলিয়াও থাকে যে, 'সাম' * দ্বারা এই রাজাকে কিংবা সামন্তকে (অধীন রাজাকে) উপগত—প্রাপ্ত হইয়াছেন। ইনি কে? যাহার নিকট হইতে অসাধু ব্যবহার প্রাপ্তির সম্ভাবনা ছিল, সেই লোক। অভিপ্রায় এই যে, জনসাধারণ বন্ধনাদিরূপ কোনও অসাধু (মন্দ) কার্য্য না দেখিয়া, এই কথাই বলিয়া থাকে যে, শোভনভাবে (অদুষ্ট অভিপ্রায়ে) অর্থাৎ সাধু ব্যবহারেই ইহাকে প্রাপ্ত হইয়াছেন (ইহার আশ্রয় লইয়াছেন)। পক্ষান্তরে,

---

* তাৎপর্য্য—'সাম' অর্থ সান্ত্ব, অর্থাৎ সন্তোষ বা প্রীতিপূর্ব্বক ব্যবহার। সাম, দান, ভেদ, দণ্ড, এই চতুর্ব্বিধ উপায়ের অন্তর্গত 'সাম' শব্দের অর্থও ঐ প্রকার। এইজন্যই দান, ভেদ ও দণ্ড, এই উপায়ত্রয় অপেক্ষা 'সাম' উপায়ই সর্ব্বোৎকৃষ্ট বলিয়া বর্ণিত হইয়াছে। সেই কারণে এখানে বেদরূপী সামকেও 'সাধু' (শোভন) শব্দে নির্দ্দেশ করিয়াছেন।

যেখানে বন্ধনাদি অসাধু কার্য্য দর্শন করে, সেখানে [তাহারা] বলিয়া থাকে যে, 'অসাম' দ্বারা ইহাকে প্রাপ্ত হইয়াছে অর্থাৎ অসাধু ভাবেই ইহাকে প্রাপ্ত হইয়াছে, এই কথাই বলিয়া থাকে ॥১০৫॥২

অথোতাপ্যাহুঃ সাম নো বতেতি, যৎ সাধু ভবতি সাধু বতেত্যেব তদাহুঃ। অসাম নো বতেতি যদসাধু ভবত্যসাধু বতেত্যেব তদাহুঃ ॥ ১০৬॥৩

অথ (প্রকারান্তরে) তৎ (তত্র) উত (বিতর্কে) আহুঃ (কথয়ন্তি) অপি [লোকাঃ]—নঃ (অস্মাকং) বত (কৃপা-সম্পাদনে) সাম [সংবৃত্তং] ইতি ; তৎ [খলু] যৎ সাধু (শোভনং) ভবতি, সাধু বত ইতি এব তৎ আহুঃ। [তথা] নঃ (অস্মাকং) অসাম বত [সংবৃত্তম্] ইতি, যৎ অসাধু ভবতি, অসাধু বত ইতি এব তৎ আহুঃ।

প্রকারান্তরে [বলা হইতেছে], লোকসমূহ যে বলিয়া থাকে, আমাদের সম্বন্ধে সাম সিদ্ধ হইয়াছে ; যাহা সাধু (শোভন) হয়, [ঐ কথায়] তাহাই প্রকাশ করিয়া থাকে। [আর যে,] আমাদের 'অসাম' সিদ্ধ হইয়াছে, বলা হইয়া থাকে ; যাহা অসাধু (ভাল নহে) তাহাই 'অসাধু বত' কথার প্রকাশ করিয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথোতাপ্যাহুঃ স্বসংবেদ্যং সাম নোঽস্মাকং বতেতি অনুকম্পয়ন্তঃ সংবৃত্তমিত্যাহুঃ। এতত্তৈরুক্তং ভবতি—যৎ সাধু ভবতি সাধু বতেত্যেব তদাহুঃ ; বিপর্য্যয়ে জাতে অসাম নো বতেতি ; যদসাধু ভবত্যসাধু বতেত্যেব তদাহুঃ। তস্মাৎ সাম-সাধুশব্দয়োরেকার্থত্বং সিদ্ধম্ ॥১০৬॥৩

আনন্দগিরিঃ।—কার্য্যগম্যং সাধুত্বমসাধুত্বং চোক্ত্বা স্বানুভবগম্যং তদুপন্যস্যতি—অথেতি। কার্য্যাৎ তস্য সাধুত্বাদিবিবেকানন্তর্য্যমথশব্দার্থঃ। স্বসংবেদ্যং সাধুত্বমসাধুত্বং চেতি শেষঃ। তত্র সাধুত্বং স্বানুভবসিদ্ধমিত্যেতদ্ ব্যুৎপাদয়তি—সামেতি। যৎ সাধ্বিত্যাদি বাক্যস্য পূর্ব্বেণ পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—এতদিতি। অসামেত্যাদি ব্যাচষ্টে—বিপর্য্যয় ইতি। বতেত্যাহুরিতি সম্বন্ধঃ। কিং তৈরুক্তং ভবতি, তদাহ—যদসাধ্বিতি। সাধুশব্দঃ শোভনবাচীত্যুক্তমুপসংহরতি—তস্মাদিতি ॥১০৬॥৩

ভাষ্যানুবাদ।—প্রকারান্তরে লোকেরা এরূপও বলিয়া থাকে যে, স্বানুভব-গম্য 'সাম' আমাদের সম্পন্ন হইয়াছে। 'বত' শব্দ কৃপাপ্রকাশক। [যাহারা ঐরূপ বলে,] তাহারা এই কথাই বলিয়া থাকে যে, যাহা সাধু (উত্তম) হয়, 'সাধুবত' এইরূপে তাহাই প্রকাশ করিয়া থাকে ; বিপরীত (অসাধু) হইলে

বলে—আমাদের অসাম; অর্থাৎ যাহা সাম নহে, 'অসাধু বত' বলিয়া তাহাই প্রকাশ করিয়া থাকে; অতএব, সাম ও সাধু শব্দ যে একার্থবোধক, ইহা সিদ্ধ হইল ॥১০৬॥৩

স য এতদেবং বিদ্বান্ সাধু সামেত্যুপাস্তেঽভ্যাশো হ যদেনং সাধবো ধর্ম্মা আ চ গচ্ছেয়ুরুপ চ নমেয়ুঃ ॥১০৭॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

সঃ যঃ (যঃ কশ্চিৎ) এতৎ (সাম) এবং (সাধুগুণযুক্তং) বিদ্বান্ (জানন্ সন্) 'সাধু সাম' ইতি উপাস্তে, এনং (উপাসকং) সাধবঃ ধর্ম্মাঃ (গুণাঃ) অভ্যাশঃ (শীঘ্রং) হ (এব) যৎ (ক্রিয়াবিশেষণং) আগচ্ছেয়ুঃ চ (আপ্নুয়ুঃ চ) উপ চ নমেয়ুঃ (উপনমেয়ুশ্চ উপভোগ্যাশ্চ ভবেয়ুরিত্যর্থঃ)।

যে কোন লোক সামকে এরূপে জানিয়া সাধুত্ব-গুণবিশিষ্ট বলিয়া সামের উপাসনা করে; অবিলম্বে তাহার নিকট উত্তম গুণসমূহ উপস্থিত হয় এবং তাহার উপভোগ্য হয়॥

শাঙ্কর-ভাষ্যম্।—অতঃ স যঃ কশ্চিৎ সাধু সামেতি সাধুগুণবৎ সামেতি উপাস্তে সমস্তং সাম সাধুগুণবদ্ বিদ্বান্ তস্যৈতৎ ফলম্—অভ্যাশো হ ক্ষিপ্রং হ; যদিতি ক্রিয়াবিশেষণার্থম্। এনম্ উপাসকং সাধবঃ শোভনাঃ ধর্ম্মাঃ শ্রুতিস্মৃত্যবিরুদ্ধাঃ আ চ গচ্ছেয়ুঃ আগচ্ছেয়ুশ্চ; ন কেবলমাগচ্ছেয়ুঃ, উপ চ নমেয়ুঃ উপনমেয়ুশ্চ, ভোগ্যত্বেন উপতিষ্ঠেয়ুরিত্যর্থঃ ॥১০৭॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়ে প্রথম-খণ্ড-ভাষ্যম্ ॥ ১ ॥

আনন্দগিরিঃ।—তয়োরেকার্থত্বমতঃশব্দার্থঃ। উপাসকমেব বিশিনষ্টি—সমস্তমিতি। আগচ্ছেয়ুরিতি যত্তৎ ক্ষিপ্রমেবেতি ক্রিয়াবিশেষণত্বং যদিত্যস্য দ্রষ্টব্যম্ ॥১০৭॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ।—অতএব, যে কোন লোক সমস্ত সামকে সাধুত্বগুণ-সম্পন্ন বলিয়া অবগত হইয়া, সামকে সাধু বলিয়া অর্থাৎ 'সাম সাধুত্বগুণবান্' এইরূপে উপাসনা করে, তাহার এই ফল হয় যে, শীঘ্রই শ্রুতিস্মৃতিসম্মত সাধু অর্থাৎ শোভন ধর্ম্মসমূহ (গুণসমূহ) এই উপাসককে প্রাপ্ত হয়, কেবল প্রাপ্ত হয় না—উপনতও হয় অর্থাৎ তাহার ভোগ্যরূপেও উপস্থিত হয়। 'যৎ' শব্দটি 'আগমন' ও 'উপভোগ' ক্রিয়ার বিশেষণার্থ প্রযুক্ত হইয়াছে ॥১০৭॥৪

ইতি দ্বিতীয় অধ্যায়ের প্রথম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ১ ॥

———

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

লোকেষু পঞ্চবিধঙ্ সামোপাসীত ; পৃথিবী হিঙ্কারঃ। অগ্নিঃ প্রস্তাবোঽন্তরিক্ষমুদ্গীথ আদিত্যঃ প্রতিহারো দ্যৌর্নিধন-মিত্যূর্দ্ধ্বেষু ॥১০৮॥১

[ইদানীং সাধুদৃষ্টি-বিষয়তয়া উপাস্যানি সমস্তানি সামানি উচ্যন্তে—"লোকেষু" ইত্যাদিনা।]—লোকেষু (পৃথিব্যাদিষু) পঞ্চবিধং (পঞ্চভক্তিযুক্তং—পঞ্চপ্রকারং) সাম উপাসীত [সাধক ইতি শেষঃ]। [তদ্ যথা]—পৃথিবী হিংকারঃ; (হিঙ্কারে পৃথিবী-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। [তথা] অগ্নিঃ প্রস্তাবঃ, (প্রস্তাবে অগ্নি-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। অন্তরিক্ষম্ উদ্গীথঃ (উদ্গীথে আকাশ-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। আদিত্যঃ প্রতিহারঃ, (প্রতিহারে আদিত্যবুদ্ধিঃ কর্ত্তব্যা); দ্যৌঃ নিধনং (নিধনে স্বর্গ-দৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। ইতি (এতৎ উপাসনম্) ঊর্দ্ধ্বেষু (ঊর্দ্ধ্বস্থিতেষু লোকেষু) [উপদিষ্টম্ ইত্যাশয়ঃ]।

সমস্ত সামে সাধুদৃষ্টিতে যেরূপে উপাসনা করিতে হইবে, তাহা কথিত হইতেছে—পৃথিব্যাদি লোকদৃষ্টিতে পঞ্চবিধ সামের উপাসনা করিবে। [যথা]—পৃথিবীই হিংকার, অগ্নিই প্রস্তাব, অন্তরিক্ষই উদ্গীথ, আদিত্যই প্রতিহার, এবং দ্যুলোকই (স্বর্গই) নিধন; ইহা উর্দ্ধস্থ লোক বিষয়ে উপাসনা। হিংকারাদি সামভক্তিতে পৃথিবী প্রভৃতি লোকদৃষ্টি করিবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—কানি পুনস্তানি সাধুদৃষ্টিবিশিষ্টানি সমস্তানি সামান্যুপাস্যা-নীতি, ইমানি তান্যুচ্যন্তে—'লোকেষু পঞ্চবিধম্' ইত্যাদীনি। ননু লোকাদিদৃষ্ট্যা তান্যুপাস্যানি সাধুদৃষ্ট্যা চেতি বিরুদ্ধম্; ন, সাধ্বর্থস্য লোকাদিকার্য্যেষু কারণ-স্যানুগতত্বাৎ—মৃদাদিবদ্ ঘটাদিবিকারেষু। সাধুশব্দবাচ্যোঽর্থো ধর্ম্মো ব্রহ্ম বা সর্ব্বথাপি লোকাদিকার্য্যেষ্বনুগতম্। অতো যথা যত্র ঘটাদিদৃষ্টিঃ মৃদাদিদৃষ্ট্যনুগতৈব সা, তথা সাধুদৃষ্ট্যনুগতৈব লোকাদিদৃষ্টিঃ—ধর্ম্মাদিকার্য্যত্বাৎ লোকাদীনাম্। যদ্যপি কারণত্বমবিশিষ্টং ব্রহ্ম ধর্ম্ময়োঃ, তথাপি ধর্ম্ম এব সাধুশব্দবাচ্য ইতি যুক্তম্। "সাধুকারী সাধুর্ভবতি" ইতি ধর্ম্মবিষয়ে সাধুশব্দপ্রয়োগাৎ।

ননু লোকাদিকার্য্যেষু কারণস্যানুগতত্বাদর্থপ্রাপ্তৈব তদ্দৃষ্টিরিতি 'সাধু

সামেত্যুপাস্তে” ইতি ন বক্তব্যম্ ; ন, শাস্ত্রগম্যত্বাৎ তদ্দৃষ্টেঃ ; সর্ব্বত্র হি শাস্ত্রপ্রাপিতা এব ধর্ম্মা উপাস্যা ন বিদ্যমানা অপ্যশাস্ত্রীয়াঃ।

লোকেষু পৃথিব্যাদিষু পঞ্চবিধং পঞ্চভক্তিভেদেন পঞ্চপ্রকারং সাধু সমস্তং সামোপাসীত। কথম্? পৃথিবী হিঙ্কারঃ। লোকেম্বিতি যা সপ্তমী, তাং প্রথমাত্বেন বিপরিণময্য পৃথিব্যাদিদৃষ্ট্যা হিঙ্কারে “পৃথিবী হিঙ্কারঃ” ইত্যুপাসীত। ব্যত্যস্য বা সপ্তমীশ্রুতিং লোকবিষয়াং হিঙ্কারাদিষু পৃথিব্যাদিদৃষ্টিং কৃত্বা উপাসীত। তত্র পৃথিবী হিঙ্কারঃ, প্রাথম্যসামান্যাৎ। অগ্নিঃ প্রস্তাবঃ; অগ্নৌ হি কর্ম্মাণি প্রস্তূয়ন্তে। প্রস্তাবশ্চ ভক্তিঃ। অন্তরিক্ষমুদ্গীথঃ; অন্তরিক্ষং হি গগনম্; গকারবিশিষ্টশ্চোদ্গীথঃ। আদিত্যঃ প্রতিহারঃ; প্রতিপ্রাণ্যভিমুখত্বাৎ মাং প্রতি মাং প্রতীতি। দ্যৌঃ নিধনম্; দিবি নিধীয়ন্তে হি ইতো গতাঃ; ইত্যুর্দ্ধেষু ঊর্দ্ধংগতেষু লোকদৃষ্ট্যা সামোপাসনম্ ॥১০৮॥১

আনন্দগিরিঃ।—একস্যোভয়দৃষ্টিবিষয়ত্বমযুক্তম্; নহি ঘটদৃষ্টিগোচরঃ সন্ পটদৃষ্টেরপি গোচরঃ স্যাদিতি শঙ্কতে—নম্বিতি। একস্মিন্নপি প্রস্তুতং দৃষ্টিদ্বয়মবিরুদ্ধমিতি সমাধত্তে—ন সাধ্বর্থস্যেতি। যথা ঘটাদিষু মৃদাদ্যনুগতং, তথা সাধুশব্দার্থস্য কারণস্য লোকাদিষু কার্য্যেষ্বনুগতত্বাৎ তদ্দৃষ্টৌ সাধুদৃষ্টেরনুগমান্ন দৃষ্টিদ্বয়স্যৈকত্র বিরোধোঽস্তীত্যর্থঃ। তদেব স্ফুটয়তি—সাধুশব্দেতি সাধ্বর্থস্য লোকেষ্বনুগতিরপিশব্দার্থঃ। যত্রেতি দেবদত্তোক্তিঃ। সা ঘটাদিদৃষ্টিস্তত্রেতি শেষঃ। নন্বু সাধুশব্দার্থয়োর্ধর্ম্মব্রহ্মণোস্তুল্যং কারণত্বম্। তথা চাত্র সাধুশব্দার্থো ন ব্যবস্থিতঃ স্যাৎ, অন্যায্যং চানেকার্থত্বমিত্যাশঙ্ক্যাহ—যদ্যপীতি। ধর্ম্ম এবেত্যত্র তথাপীতি চ বক্তব্যম্। ব্রহ্মণি তু পরমানন্দে সাধুশব্দো ভক্ত্যা গময়িতব্যঃ। ন চ ধর্ম্মস্য নিমিত্তকারণত্বান্ন কার্য্যেঽনুগতিরিতি বাচ্যম্; কর্ম্মাপূর্ব্বসহিত-দধিপয়ঃপ্রভৃত্যবয়বসমুদায়স্য ধর্ম্মত্বাৎ, তৎপরিণামত্বাচ্চ কার্য্যস্য তত্র তদনুগতিসিদ্ধেরিতি দ্রষ্টব্যম্। অপূর্ব্বত্বাভাবেন বিধিমাক্ষিপতি—নম্বিতি। কারণানুগমস্যানুমানিকত্বেঽপি তদ্দৃষ্টিকরণমপূর্ব্বমেবেতি পরিহরতি—ন, শাস্ত্রগম্যত্বাদিতি। যশ্চার্থাদর্থো ন স চোদনার্থ ইতি ন্যায়েনোক্তং বিবৃণোতি—সর্ব্বত্রেতি।

লোকেম্বিত্যাদিবাক্যে পঞ্চবিধসামদৃষ্ট্যা লোকানামুপাস্যত্বপ্রতীতেরত্রাপি হিংকারদৃষ্ট্যা পৃথিব্যা ধ্যেয়ত্বে প্রাপ্তে প্রত্যাহ—লোকেম্বিতীতি। লোকাঃ পঞ্চবিধং সামেত্যুপাসীতেতি বিভক্তিবিপরিণামেন প্রথমবাক্যার্থপর্য্যবসানাৎ তদনুসারেণাত্রাপি পৃথিবীদৃষ্ট্যা হিংকারে ধ্যেয়ে সতি পৃথিবী হিংকার ইতি পৃথিবীদৃষ্টিমারোপ্য হিংকারমুপাসীতেতি দ্বিতীয়বাক্যং পর্য্যবস্যতীত্যর্থঃ। লোকসম্বন্ধা সপ্তমীশ্রুতিঃ হিংকারাদিষু তৎসম্বন্ধা চ দ্বিতীয়া লোকেষু নেতব্যা। তথাচ লোকবিষয়া সপ্তমীশ্রুতিঃ হিংকারাদিষু তৎসম্বন্ধা চ দ্বিতীয়া লোকেষু ব্যত্যস্য পৃথিব্যাদিদৃষ্টিং হিংকারাদিষু কৃত্বোপাসীতেতি পক্ষান্তরমাহ—ব্যত্যস্যেতি। ব্রহ্মদৃষ্টিরুৎকর্ষাদিতি ন্যায়েন পক্ষদ্বয়মুক্ত্বা প্রতিবাক্যং ব্যাচষ্টে—তত্রেতি। উক্তরীত্যাঽন্যোপাসনে প্রস্তুতে সতীতি যাবৎ। অধ্যাসস্য সাদৃশ্যনিবন্ধনত্বাদ্ ব্যক্তসাদৃশ্যাভাবেঽপি যথাকথঞ্চিৎ কল্পনীয়মিতি মত্বাহ—প্রাথম্যেতি। লোকেষু পৃথিব্যাঃ সামসু চ হিংকারস্য

প্রাথম্যমস্তি, তস্মাৎ সামান্যাদিতি যাবৎ। অগ্নিদৃষ্ট্যা প্রস্তাবোপাসনে প্রস্তাবত্বং সামান্যমাহ—অগ্নৌ হীতি। অন্তরিক্ষদৃষ্ট্যোদ্গীথোপাসনে গকারসম্বন্ধসাদৃশ্যং দর্শয়তি—অন্তরিক্ষং হীতি। আদিত্যদৃষ্ট্যা প্রতিহারোপাস্তৌ প্রতিশব্দসামান্যং হেতুমাহ—প্রতিপ্রাণীতি। দ্যুদৃষ্ট্যা নিধনোপাসনে নিধনত্বসামান্যমাহ—দ্বিবীতি। উক্তমুপাসনমুপসংহরতি—ইত্যুর্দ্ধেদ্বিতি ॥১০৮॥১

ভাষ্যানুবাদ।—সাধুদৃষ্টি-বিশিষ্টরূপে সেই যে সমস্ত সামের উপাসনা করিতে হইবে, সেই সামগুলি কি কি? এই সেইগুলি কথিত হইতেছে—"লোকেষু পঞ্চবিধম্" ইত্যাদি। এখন প্রশ্ন হইতেছে যে, লোকাদিদৃষ্টিতে যাহাদিগের উপাসনা করিতে হইবে, তাহাদিগকেই যে, আবার সাধু-দৃষ্টিতেও উপাসনা করা, ইহা ত বিরুদ্ধ কথা হইতেছে। না, এ আপত্তি হইতে পারে না; কারণ, মৃদ্‌বিকার ঘটাদি কার্য্যে যেরূপ মৃত্তিকাদৃষ্টি করিবার বিধান আছে, তদ্রূপ পৃথিব্যাদি-লোকরূপ কার্য্যেও সাধু উদ্দেশ্যরূপ কারণটি নিয়তই অনুগত আছে। 'সাধু' শব্দের প্রতিপাদ্য অর্থ—ধর্ম্ম বা ব্রহ্ম, যাহাই হউক, তাহা লোকাদি-কার্য্যে সর্ব্বথাই অনুগত আছে; অতএব, যেখানেই ঘটাদি জ্ঞান হয়, সেইখানেই ঘটাদি-জ্ঞান যেমন নিশ্চয়ই মৃত্তিকাদি-বিষয়ক দৃষ্টির অনুগত, পৃথিব্যাদি লোক-দৃষ্টিও তেমনি সাধু-দৃষ্টির অনুগতই বটে; কেননা, পৃথিবীলোক প্রভৃতি সমস্তই ধর্ম্ম-কার্য্য বা ধর্ম্মের ফল। যদিও ধর্ম্ম ও ব্রহ্ম, এতদুভয়ের কারণত্ব-ধর্ম্মের কিছুমাত্র পার্থক্য নাই, তথাপি ধর্ম্মই যে, 'সাধু' শব্দের অর্থ, ইহা যুক্তিযুক্ত; কারণ, 'সাধুকর্ম্মকারী সাধু হয়' এই স্থলে ধর্ম্ম-বিষয়েও 'সাধু' শব্দের প্রয়োগ রহিয়াছে।

ভাল, পৃথিবী-লোকাদিরূপ কার্য্যে তাহার কারণ-পদার্থটি যখন অনুগতই রহিয়াছে, তখন লোকাদি পদার্থে যে, তৎকারণের দৃষ্টি, তাহা ত অর্থপ্রাপ্তই (ফলবলেই লব্ধ) বটে; তাহা হইলে 'সাধু সাম ইত্যুপাস্তে' একথা বলিবার কোন আবশ্যক হয় না। না—এ দোষও হয় না; কারণ, [উক্তপ্রকার] দৃষ্টিটি একমাত্র শাস্ত্রগম্য; অর্থাৎ শাস্ত্রোপদিষ্ট ধর্ম্মসমূহই সর্ব্বত্র উপাসনাযোগ্য; কিন্তু শাস্ত্রোপদিষ্ট না হইলে অশাস্ত্রীয় ধর্ম্মসমূহ বিদ্যমান থাকিলেও [উপাস্য নহে]।

পৃথিব্যাদি লোকদৃষ্টিতে পঞ্চবিধ অর্থাৎ [হিংকারাদি] পঞ্চভক্তিভেদে পঞ্চপ্রকার ও সাধুগুণবিশিষ্ট সমস্ত সামের উপাসনা করিবে। কি প্রকারে? [তাহা বলা হইতেছে]—পৃথিবীই হিংকার; 'লোকেষু' এই যে, সপ্তমী বিভক্তি, তাহাকে প্রথমা বিভক্তিরূপে বিপরিণত করিয়া হিংকারে পৃথিবীদৃষ্টি করিয়া 'পৃথিবী হিংকার', এইরূপে উপাসনা করিবে। অথবা, লোকবিষয়ক

অর্থাৎ লোকশব্দের পর শ্রূয়মাণ সপ্তমী বিভক্তিকে স্থানচ্যুত করিয়া হিংকারে সন্নিবেশিত করিয়া হিংকারাদিতে পৃথিব্যাদি দৃষ্টি করিয়া উপাসনা করিবে। তন্মধ্যে, প্রথমত্বরূপ সমান ধর্ম্ম থাকায় পৃথিবীই হিংকার; অগ্নিতেই কর্ম্মসমুদয় প্রস্তুত (সম্পন্ন) হইয়া থাকে, আর প্রস্তাবও একটি সামভক্তি। এই সাদৃশ্যানুসারে অগ্নিই প্রস্তাব। অন্তরিক্ষ অর্থ গগন, আর উদ্গীথভক্তিটিও গকারযুক্ত; অতএব অন্তরিক্ষই উদ্গীথ। প্রত্যেক প্রাণীই আদিত্যকে 'আমার প্রতি (অভিমুখে) আমার প্রতি (অভিমুখে)' মনে করে; এইজন্য ('প্রতি' শব্দের যোগ থাকায়) আদিত্যই প্রতিহার। এখান হইতে প্রস্থিত জীবগণ স্বর্গে নিহিত (অবস্থিত) হয়, এই কারণে দ্যুলোকই (স্বর্গই) নিধন। ইহা ঊর্দ্ধস্থিত লোকসমূহে সামোপাসনা কথিত হইল * ॥১০৮॥১

অথাবৃত্তেষু দ্যৌর্হিঙ্কার আদিত্যঃ প্রস্তাবোঽন্তরিক্ষমুদ্গীথোঽগ্নিঃ প্রতিহারঃ পৃথিবী নিধনম্ ॥১০৯॥২

অথ (অনন্তরং) আবৃত্তেষু (অধোমুখেষু লোকেষু) [পঞ্চবিধ-সামোপাসনম্ উচ্যতে]—দ্যৌঃ (স্বর্গঃ) হিংকারঃ; আদিত্যঃ (সূর্য্যঃ) প্রস্তাবঃ; অন্তরিক্ষম্ উদ্গীথঃ; অগ্নিঃ প্রতিহারঃ; পৃথিবী নিধনম্। [দ্যুলোকাদিদৃষ্ট্যা হিংকারাদ্যুপাসনং কর্ত্তব্যমিত্যভিপ্রায়ঃ।

অনন্তর অধোমুখ পঞ্চলোক দৃষ্টিতে পঞ্চবিধ সামের উপাসনা অভিহিত হইতেছে—দ্যুলোকই (স্বর্গই) হিংকার, আদিত্যই প্রস্তাব; অন্তরিক্ষই উদ্গীথ, অগ্নিই প্রতিহার এবং পৃথিবীই নিধন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ আবৃত্তেষু অবাঙ্মুখেষু পঞ্চবিধমুচ্যতে সামোপাসনম্। গত্যাগতিবিশিষ্টা হি লোকাঃ। যথা তে, তথাদৃষ্ট্যৈব সামোপাসনং বিধীয়তে যতঃ, অত আবৃত্তেষু লোকেষু। দ্যৌঃ হিংকারঃ প্রাথম্যাৎ। আদিত্যঃ প্রস্তাবঃ; উদিতে হি আদিত্যে প্রস্তূয়ন্তে কর্ম্মাণি প্রাণিনাম্। অন্তরিক্ষম্ উদ্গীথঃ, পূর্ব্ববৎ। অগ্নিঃ প্রতিহারঃ; প্রাণিভিঃ প্রতিহরণাদগ্নেঃ। পৃথিবী নিধনম্; তত আগতানামিহ নিধনাৎ ॥১০৯॥২

---

* তাৎপর্য্য—প্রথমে যে, সমগ্র সামকে 'পাঞ্চভক্তিক' ও 'সাপ্তভক্তিক' শব্দে অভিহিত করা হইয়াছে; এখন ক্রমে তাহারই বিবরণ প্রদত্ত হইতেছে। তন্মধ্যে, এই চতুর্থ শ্রুতিতে 'পাঞ্চভক্তিক' সাম উদাহৃত হইয়াছে। হিংকার, প্রস্তাব, উদ্গীথ, প্রতিহার ও নিধন, এই পাঁচটিই সামের অংশ; এই পাঁচটি 'ভক্তি' লইয়াই 'পাঞ্চভক্তিক' সাম সম্পূর্ণ হইয়াছে। ইহার পর অষ্টম খণ্ডে 'সপ্তবিধ' সামভক্তি বর্ণিত হইবে।

আনন্দগিরিঃ।—অথ আবৃত্তেষ্বিতি বাক্যং ব্যাকরোতি—অথেতি। পৃথিব্যমুখ্যেষু দ্যুপর্য্যন্তেষু পঞ্চবিধসামোপাসনকথনানন্তর্য্যমথশব্দার্থঃ। পূর্ব্বোত্তরগ্রন্থয়োর্মিথোবিরোধং শঙ্কিত্বা পরিহরতি—গত্যাগতীতি। যথা বা তে গতিবিশিষ্টাস্তথাদৃষ্ট্যৈব হিংকারাদ্যুপাসনং বিহিতম্। যথা চ আগতিবিশিষ্টাস্তে তথাদৃষ্ট্যৈব তদুপাসনং বিধীয়তে। তথাচ শাস্ত্রানুসারেণ ক্রিয়মাণয়োরুপাসনয়োর্ন বিরোধোঽস্তি ইত্যর্থঃ। দ্বিবিধোপাস্তিবিষয়সন্দর্ভয়োর্বিরোধাভাবমনূদ্য ফলিতমুপাসনং দর্শয়তি—যত ইতি। দ্যুলোকদৃষ্ট্যা হিংকারস্যোপাস্যত্বে হেতুমাহ—প্রাথম্যাদিতি। আবৃত্তৌ দ্যুলোকস্যারম্ভে চ হিংকারস্য প্রাথম্যং দ্রষ্টব্যম্। আদিত্যদৃষ্ট্যা প্রস্তাবস্যোপাস্যত্বে হেতুমাহ—উদিত ইতি। পূর্ব্ববদিতি গকারাক্ষরসামান্যং বিবক্ষিতম্। অগ্নিদৃষ্ট্যা প্রতিহারোপাস্তৌ হেতুমাহ—প্রাণিভিরিতি। প্রতিহরণমিতস্ততো নয়নম্॥১০৯॥২

ভাষ্যানুবাদ।—অনন্তর, আবৃত্ত অর্থাৎ অধোমুখ লোকসমূহে পঞ্চপ্রকার সামোপাসনা কথিত হইতেছে—লোক অর্থ—যাহা হইতে গমনাগমন হইয়া থাকে; সেই (প্রসিদ্ধ) লোকসমূহ যেরূপ, ঠিক সেইরূপ দৃষ্টিতেই এই সামের উপাসনা অভিহিত হইতেছে; সেই কারণেই এই লোকসমূহ 'আবৃত্ত' [নামে অভিহিত]। প্রথমত্বরূপ সাদৃশ্যানুসারে দ্যুলোকই হিংকার; আদিত্য উদিত হইলে প্রাণিগণের কর্ম্মসমূহ প্রস্তুত (আরব্ধ) হইয়া থাকে, এই জন্য আদিত্যই প্রস্তাব। পূর্ব্বের ন্যায় (ঊর্দ্ধত্ব-সাধর্ম্ম্য হেতু) অন্তরিক্ষই উদ্গীথ; প্রাণিগণ অগ্নির আহরণ করে বলিয়াই অগ্নি প্রতিহার, সেখান হইতে (স্বর্গ হইতে) আগত লোকদিগের নিধন (বিনাশ) হয় বলিয়া পৃথিবীই নিধন॥১০৯॥২

কল্পন্তে হাস্মৈ লোকা ঊর্দ্ধাশ্চাবৃত্তাশ্চ, য এতদেবং বিদ্বাঁল্লোকেষু পঞ্চবিধং সামোপাস্তে ॥১১০॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥২॥

যঃ (উপাসকঃ) এতৎ (সাম) এবং (যথোক্তগুণযুক্তং যথা স্যাৎ, তথা) বিদ্বান্ (জানন্ সন্) লোকেষু (পৃথিব্যাদিষু) পঞ্চবিধং (হিংকারাদি-পঞ্চভক্তি-যুক্তং) সাম উপাস্তে, ঊর্দ্ধাঃ (উপরিস্থিতাঃ) চ, আবৃত্তাঃ (অধোমুখাঃ) চ (অপি) লোকাঃ হ (অবধারণে) অস্মৈ কল্পন্তে (ভোগ্যতয়া উপতিষ্ঠন্তে ইত্যর্থঃ)।

যে লোক যথোক্ত প্রকারে অবগত হইয়া এই পঞ্চবিধ সামের উপাসনা করে, তাহার জন্য উপরিস্থিত ও অধঃস্থিত লোকসমূহ ভোগ্যরূপে উপস্থিত হইয়া থাকে॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয় খণ্ড ॥২॥

শাঙ্কর-ভাষ্যম্।—উপাসনফলং—কল্পন্তে সমর্থা ভবন্তি, অস্মৈ লোকা ঊর্দ্ধাশ্চ আবৃত্তাশ্চ গত্যাগতিবিশিষ্টা ভোগ্যত্বেন ব্যবতিষ্ঠন্তে ইত্যর্থঃ। য এতদেবং বিদ্বান্ লোকেষু পঞ্চবিধং সমস্তং সাধু সামেত্যুপাস্তে, ইতি সর্ব্বত্র যোজনা পঞ্চবিধে সপ্তবিধে চ ॥১১০॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয়-খণ্ড-ভাষ্যম্ ॥২॥

আনন্দগিরিঃ।—সাধ্বিবতিপদং সর্ব্বত্র দ্রষ্টব্যম্, ইত্যাহ—ইতি সর্ব্বত্রেতি। সর্ব্বত্রেত্যস্য ব্যাখ্যা—পঞ্চবিধ ইত্যাদি ॥১১০॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥২॥

ভাষ্যানুবাদ।—উপাসনার ফল [কথিত হইতেছে]—যে লোক এইরূপ অবগত হইয়া লোকেতে পঞ্চবিধ সমস্ত সামকে সাধুগুণবিশিষ্টরূপে উপাসনা করে। ঊর্দ্ধ ও আবৃত্ত লোকসমূহ তাহার উদ্দেশ্যে কল্পিত হয়—সমর্থ হয়, অর্থাৎ গতি ও আগতি বিশিষ্ট লোকসমূহ তাহার ভোগ্যরূপে উপস্থিত হয়। পঞ্চবিধ ও সপ্তবিধ, সর্ব্বত্রই এইরূপ বাক্য যোজনা করিতে হইবে ॥১১০॥৩

ইতি দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥২॥

তৃতীয়ঃ খণ্ডঃ।

বৃষ্টৌ পঞ্চবিধꣳসামোপাসীত, পুরোবাতো হিঙ্কারো মেঘো জায়তে স প্রস্তাবো বর্ষতি স উদ্গীথো বিদ্যোততে স্তনয়তি স প্রতিহার উদ্গৃহ্লাতি তন্নিধনম্ ॥১১১॥১

[ইদানীং প্রকারান্তরেণ পঞ্চবিধ-সামোপাসনম্ উচ্যতে "বৃষ্টৌ" ইতি।]—বৃষ্টৌ (মেঘবিষয়ে) পঞ্চবিধং (পঞ্চপ্রকারং) সাম উপাসীত। [তদ্যথা]—পুরোবাতঃ (পূর্ব্বদিক্-সমাগতঃ) বায়ুঃ হিংকারঃ। [তস্মাৎ] মেঘঃ (পর্জ্জন্যঃ) জায়তে (উৎপদ্যতে), সঃ (মেঘঃ) প্রস্তাবঃ; [যৎ] বর্ষতি (জলং মুঞ্চতি) সঃ (তৎ বর্ষণং) উদ্গীথঃ; [যৎ] বিদ্যোততে (স্ফুরতি), স্তনয়তি (গর্জ্জতি) [চ], সঃ (তৎ—বিদ্যোতনং, গর্জ্জনং চ) প্রতিহারঃ; [যৎ] উদ্গৃহ্লাতি (উদকং—জলং গৃহ্লাতি), তৎ নিধনং। [অত্র চ হিংকারাদি-নিধনান্তানি পঞ্চ সামানি পুরোবাতাদিদৃষ্ট্যা উপাসীত ইতি ভাবঃ]।

এখন বৃষ্টিতে পঞ্চপ্রকার সামোপাসনা প্রদর্শিত হইতেছে—বৃষ্টিতে পঞ্চপ্রকার সামোপাসনা করিবে; [তন্মধ্যে] পূর্ব্বদিক্ হইতে যে বায়ু আইসে, সেই পুরোবাতই হিংকারস্বরূপ; [তাহা হইতে যে,] মেঘ উৎপন্ন হয়, তাহা প্রস্তাব-স্বরূপ; আর যে বর্ষণ করে, তাহা উদ্গীথ; আর যে, বিদ্যুৎ প্রকাশ পায় ও গর্জ্জন হয় তাহাই প্রতিহার; আর যে, জলগ্রহণ করে, তাহাই নিধন। উক্ত হিংকার, প্রস্তাব, উদ্গীথ, প্রতিহার ও নিধন, এই পাঁচটি সামভক্তির নাম॥

শাঙ্কর-ভাষ্যম্।—বৃষ্টৌ পঞ্চবিধং সামোপাসীত। লোকস্থিতের্বৃষ্টিনিমিত্তত্বা-দানন্তর্য্যম্। পুরোবাতো হিঙ্কারঃ; পুরোবাতাদ্যুদগ্রহণান্তা হি বৃষ্টিঃ, যথা সাম হিঙ্কারাদিনিধনান্তম্; অতঃ পুরোবাতো হিঙ্কারঃ, প্রাথম্যাৎ। মেঘো জায়তে স প্রস্তাবঃ; প্রাবৃষি মেঘোপজননে বৃষ্টেঃ প্রস্তাব ইতি হি প্রসিদ্ধিঃ। বর্ষতি স উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। বিদ্যোততে স্তনয়তি স প্রতিহারঃ, প্রতিহৃতত্বাৎ; উদ্-গৃহ্লাতি তন্নিধনং; সমাপ্তিসামান্যাৎ ॥১১১॥১

আনন্দগিরিঃ।—ননু লোকদৃষ্ট্যা সামোপাস্ত্যনন্তরং কিমিতি বৃষ্টিদৃষ্ট্যা তদুপাস্তি-রুপন্যস্যতে? তত্রাহ—লোকস্থিতেরিতি। পুরোবাতদৃষ্ট্যা হিংকারোপাসনে হেতু-মাহ—পুরোবাতাদীতি। উদ্গ্রহণং বর্ষোপসংহরণম্। অতঃ শব্দার্থমাহ—প্রাথম্যা-দিতি, মেঘদৃষ্ট্যা প্রস্তাবোপাস্তৌ হেতুমাহ—প্রাবৃষীতি। বর্ষণদৃষ্ট্যোদ্গীথোপাসনে হেতুমাহ—শ্রৈষ্ঠ্যাদিতি। বিদ্যোতনস্তনয়িত্নুদৃষ্ট্যা প্রতিহারোপাসনে কারণমাহ—প্রতি হৃতত্বাদিতি। বিদ্যুতাং স্তনয়িত্নূনাং চ প্রতিহৃতত্বং বিপ্রকীর্ণত্বং, তেন প্রতিশব্দ-

সাদৃশ্যাদ্বিদ্যোতনাদিদৃষ্ট্যা কর্ত্তব্যা প্রতিহারোপাস্তিরিত্যর্থঃ। উদ্গ্রহণদৃষ্ট্যা নিধনোপাসনে নিদানমাহ—সমাপ্তীতি ॥১১১॥১

ভাষ্যানুবাদ।—বৃষ্টিতে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। বৃষ্টিই লোকস্থিতির প্রধান কারণ; এই জন্যই [উভয়ের মধ্যে] আনন্তর্য্য অর্থাৎ লোকোপাসনার পর বৃষ্টি-উপাসনার উপদেশ হইতেছে। সামের যেমন আদিতে 'হিংকার'; অন্তে 'নিধন'; বৃষ্টিরও তেমনি প্রথমে পুরোবাত এবং অন্তে উদকগ্রহণ; এই সাদৃশ্য বশতঃ এবং প্রথমত্বনিবন্ধন পুরোবাত অর্থাৎ পূর্ব্বদিক্ হইতে যে বায়ু আগমন করে, তাহাই হিংকার; [তাহা হইতে যে,] মেঘ জন্মে, তাহাই প্রস্তাব; কেননা, বর্ষাকালে মেঘ হইলেই বৃষ্টির প্রস্তাব (আরম্ভ) হয়, এইরূপ প্রসিদ্ধি আছে। আর যে, বর্ষণ করে, তাহাই উদ্গীথ; কারণ, উভয়ই শ্রেষ্ঠ। আর যে, বিদ্যুৎ হয় ও গর্জ্জন করে, তাহাই প্রতিহার; কারণ, উভয়েই প্রতিহৃত হইয়া থাকে। আর যে, উদক গ্রহণ করে, তাহাই নিধন; কেননা, সমাপ্তিরূপ ধর্ম্ম উভয়েরই সমান ॥১১১॥১

বর্ষতি হাস্মৈ বর্ষয়তি হ য এতদেবং বিদ্বান্ বৃষ্টৌ পঞ্চবিধꣳ সামোপাস্তে ॥১১২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥৩॥

[যথোক্তোপাসনস্য ফলমুচ্যতে—"বর্ষতি" ইত্যাদিনা।] যঃ (জনঃ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্ সন্) এতৎ (উক্তং) পঞ্চবিধং সাম বৃষ্টৌ (পুরোবাতাদিরূপায়াং) উপাস্তে; অস্মৈ (উপাসকায়) বর্ষতি হ, বর্ষয়তি [বৃষ্ট্যভাবেঽপি] (বর্ষণং কারয়তি) হ (প্রসিদ্ধৌ)।

পূর্ব্বোক্ত প্রকার উপাসনার ফল কথিত হইতেছে, যে লোক যথোক্তপ্রকার অবগত হইয়া বৃষ্টিতে এই পঞ্চপ্রকার সামের উপাসনা করে, তাহার জন্য মেঘ বর্ষণ করে, এবং বৃষ্টির অভাবে বর্ষণও করাইয়া থাকেন ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে তৃতীয় খণ্ড ॥ ২ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—ফলমুপাসনস্য বর্ষতি হ অস্মৈ ইচ্ছাতঃ। তথা বর্ষয়তি হ অসত্যামপি বৃষ্টৌ; য এতদিত্যাদি পূর্ব্ববৎ ॥১১২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে তৃতীয়-খণ্ড-ভাষ্যম্ ॥ ৩ ॥

আনন্দগিরিঃ।—বর্ষতি পর্জন্যে তদনুমন্তৃত্বমকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ—অসত্যামপীতি ॥১১২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ।—উপাসনার ফল কথিত হইতেছে—ইহার জন্য ইচ্ছানুসারে বর্ষণ করে; সেইরূপ বৃষ্টি না থাকিলেও বর্ষণ করাইয়া থাকেন। "যঃ এতৎ" ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্ববৎ ॥১১২॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ের তৃতীয় খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ৩ ॥

———

চতুর্থঃ খণ্ডঃ।

সর্ব্বাস্বপ্সু পঞ্চবিধꣳ সামোপাসীত, মেঘো যৎ সংপ্লবতে স হিঙ্কারো যদ্বর্ষতি স প্রস্তাবো যাঃ প্রাচ্যঃ স্যন্দন্তে স উদ্গীথো যাঃ প্রতীচ্যঃ স প্রতিহারঃ সমুদ্রো নিধনম্ ॥১১৩॥১

সর্ব্বাসু অপ্সু পঞ্চবিধং (যথোক্তপ্রকারং) সাম উপাসীত ; [তদ্যথা]—মেঘঃ যৎ সংপ্লবতে (পরস্পরং একীভাবেন ঘনতাং প্রতিপদ্যতে), যদ্বা, ইতস্ততঃ পরিভ্রমতি, সঃ (তৎ সংপ্লবনং) হিংকারঃ ; যৎ বর্ষতি (জলং মুঞ্চতি), সঃ (তদ্বর্ষণং) প্রস্তাবঃ ; যাঃ প্রাচ্যঃ (পূর্ব্বদিগ্গামিন্যঃ) [নদ্যঃ, আপঃ বা] স্যন্দন্তে (ক্ষরন্তি) ; সঃ (তৎ—স্যন্দনং) উদ্গীথঃ ; যাঃ প্রতীচ্যঃ (পশ্চিমদিক্স্থাঃ) [স্যন্দন্তে], সঃ প্রতিহারঃ, সমুদ্রঃ নিধনং (তত্রৈব অপাং সাম্নাং চ নিধনাৎ সমাপনাদিত্যর্থঃ]।

জলে পঞ্চবিধ সামের উপাসনা করিবে। যথা—মেঘ যে পরস্পরে মিলিত হইয়া ঘনীভূত হয়, অথবা ইতস্ততঃ পরিভ্রমণ করে, তাহাই 'হিংকার', আর যে বর্ষণ করে, তাহাই 'প্রস্তাব' ; পূর্ব্বদিকের নদী বা জলসমূহ যে, ক্ষরিত হয়, তাহাই 'উদ্গীথ' ; আর পশ্চিমদিকের নদীসমূহ যে, ক্ষরিত হয়, তাহাই 'প্রতিহার' ; এবং সমুদ্রই 'নিধন' ॥

শাঙ্কর-ভাষ্যম্।—সর্ব্বাসু অপ্সু পঞ্চবিধং সাম উপাসীত। বৃষ্টিপূর্ব্বকত্বাৎ সর্ব্বাসামপামানন্তর্য্যম্। মেঘো যৎ সংপ্লবতে একীভাবেন ইতরেতরং ঘনীভবতি মেঘো যদা উন্নতঃ, তদা সংপ্লবতে ইত্যুচ্যতে। তদা অপামারম্ভঃ স হিঙ্কারঃ। যদ্বর্ষতি সঃ প্রস্তাবঃ ; আপঃ সর্ব্বতো ব্যাপ্তুং প্রস্তুতাঃ। যাঃ প্রাচ্যঃ স্যন্দন্তে, স উদ্গীথঃ ; শ্রৈষ্ঠ্যাৎ। যাঃ প্রতীচ্যঃ স প্রতিহারঃ ; প্রতিশব্দসামান্যাৎ। সমুদ্রো নিধনম্ ; তন্নিধনত্বাদপাম্ ॥১১৩॥১

আনন্দগিরিঃ।—কিমিতি বৃষ্টিদৃষ্টেরনন্তরমপাং দৃষ্টিঃ সাম্নি ক্ষিপ্যতে, তত্রাহ—বৃষ্টিপূর্ব্বকত্বাদিতি। মেঘসংপ্লাবদৃষ্ট্যা হিংকারমারম্ভসামান্যাদুপাসীতেত্যাহ—মেঘ ইতি। বর্ষদৃষ্ট্যা প্রস্তাবস্যোপাস্যত্বে হেতুমাহ—আপইতি। প্রাচ্যো নদ্যো গঙ্গাদ্যাঃ। প্রতীচ্যস্তু নর্মদাদ্যাঃ, ইতি ভেদঃ ॥১১২॥১

ভাষ্যানুবাদ।—সমস্ত জলে পঞ্চবিধ সামের উপাসনা করিবে। বৃষ্টির পরেই জল হয় ; এই কারণেই বৃষ্টির অনন্তর জলের নির্দ্দেশ। মেঘ যে সম্যক্ প্লবমান হয়,

পরস্পর একীভূত হইয়া ঘনীভাব প্রাপ্ত হয়, অর্থাৎ মেঘ যখন উন্নত হয়, তখন তাহাকে প্লবমান বলা হইয়া থাকে; তখনই জলের আরম্ভ হয়, তাহাই (সেই আরম্ভই) হিঙ্কার; আর যে বর্ষণ করে, তাহাই প্রস্তাব; কেননা, সে সময় হইতেই জলসমূহ সর্ব্বতোভাবে (পৃথিবীকে) ব্যাপ্ত করিতে আরম্ভ করে। পূর্ব্ব দিকের জল বা নদীসমূহ যে ক্ষরিত হয়, তাহাই উদ্‌গীথ; কেননা, উভয়ই শ্রেষ্ঠ; পশ্চিম দিকের যে সমস্ত জল বা নদী ক্ষরিত হয়, তাহাই প্রতিহার; কেননা, উভয়স্থলেই 'প্রতি' শব্দ সমান; সমুদ্রই নিধন; কেননা, জলসমূহ তাহাতেই (সমুদ্রেই) পরিসমাপ্ত হয় ॥১১৩॥১

ন হাপ্‌সু প্রৈত্যপ্‌সুমান্ ভবতি; য এতদেবং বিদ্বান্ সর্ব্বাস্বপ্‌সু পঞ্চবিধꣳ সামোপাস্তে ॥১১৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

এতদুপাসনস্য ফলমুচ্যতে—যঃ (জনঃ) এবং (যথোক্তপ্রকারং) এতৎ (সাম) বিদ্বান্ (জানন্) সর্ব্বাসু অপ্সু (যথোক্তেষু জলেষু) পঞ্চবিধং সাম উপাস্তে, সঃ (উপাসকঃ) অপ্‌সু (জলে) ন হ (ন এব) প্রৈতি (ম্রিয়তে) [তদিচ্ছাং বিনা ইতি শেষঃ]; অপ্সুমান্ (প্রচুরজলঃ চ) ভবতি।

উক্তপ্রকার উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক উক্তপ্রকারে সাম অবগত হইয়া জলে পঞ্চবিধ সামের উপাসনা করে, সে লোক ইচ্ছা না করিলে জলে পড়িয়া মরে না, এবং যথেষ্ট জলশালী হয় ॥১১৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্থ খণ্ড ॥ ৪ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—ন হ অপ্‌সু প্রৈতি; নেচ্ছতি চেৎ। অপ্‌সুমান্ অম্মান্ ভবতি ফলম্ ॥১১৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্থ-খণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥

আনন্দগিরিঃ।—তর্হি গঙ্গাদাবপেক্ষিতমপি মরণং ন স্যাদিতি চেত্তত্রাহ নেচ্ছতি চেদিতি। অসাবুপাসকো মরুস্থলীষ্বপি যথেচ্ছমুদকবান্ ভবতীত্যর্থঃ ॥১১৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

ভাষ্যানুবাদ।—যদি ইচ্ছা না করে, তাহা হইলে তাহার জলেতে মৃত্যু হয় না; অপ্‌সুমান্ অর্থাৎ প্রচুর জলের স্বামী হয়, ইহাই [এই উপাসনার] ফল ॥১১৪॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৪॥

———

দ্বিতীয়াধ্যায়ে

পঞ্চমঃ খণ্ডঃ।

ঋতুষু পঞ্চবিধꣳ সামোপাসীত ; বসন্তো হিঙ্কারো গ্রীষ্মঃ প্রস্তাবো বর্ষা উদ্গীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনম্ ॥১১৫॥১

[ইদানীম্ অন্যথাপি সামোপাসনমুচ্যতে—"ঋতুষু" ইত্যাদিনা]—ঋতুষু (বসন্তাদিষু) পঞ্চবিধং (বক্ষ্যমাণপঞ্চপ্রকারং) সাম উপাসীত। [তদ্‌যথা—] বসন্তঃ হিংকারঃ ; গ্রীষ্মঃ প্রস্তাবঃ ; বর্ষাঃ (প্রাবৃট্) উদ্গীথঃ ; শরৎ প্রতিহারঃ ; হেমন্তঃ নিধনম্। [অত্র হেমন্ত-শিশিরৌ একীকৃত্য ঋতূনাং পঞ্চত্ব-গণনম্] ॥

পুনশ্চ প্রকারান্তরে সামোপাসনা অভিহিত হইতেছে—বক্ষ্যমাণ ঋতুসমূহে পঞ্চবিধ সামের উপাসনা করিবে ; যথা—বসন্তই হিংকার ; গ্রীষ্মই প্রস্তাব ; বর্ষাই উদ্গীথ ; শরৎই প্রতিহার ; এবং হেমন্তই নিধন। এখানে হেমন্ত ও শিশির ঋতুকে একীকৃত করিয়া পঞ্চ ঋতু গণনা করা হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—ঋতুষু পঞ্চবিধং সাম উপাসীত। ঋতুব্যবস্থায়া যথোক্তাম্বুনিমিত্তত্বাদানন্তর্য্যম্। বসন্তো হিঙ্কারঃ, প্রাথম্যাৎ। গ্রীষ্মঃ প্রস্তাবঃ ; যবাদিসংগ্রহঃ প্রস্তূয়তে হি প্রাবৃড়র্থম্। বর্ষা উদ্গীথঃ, প্রাধান্যাৎ। শরৎ প্রতিহারঃ রোগিণাং মৃতানাঞ্চ প্রতিহরণাৎ। হেমন্তো নিধনম্ ; নিবাতে নিধনাৎ প্রাণিনাম্ ॥১১৫॥১

আনন্দগিরিঃ।—কিমিতি সলিলদৃষ্ট্যনন্তরম্ ঋতুদৃষ্টিঃ সাম্যারোপ্যতে তত্রাহ—ঋতুব্যবস্থায়া ইতি ॥১১৫॥১

ভাষ্যানুবাদ।—[বসন্ত প্রভৃতি] ঋতুতে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। জল হইতেই যথোক্ত ঋতুর ব্যবস্থা (পারম্পর্য্য) হইয়া থাকে ; এই কারণে জলোপাসনার অনন্তর ঋতুর উপাসনা নির্দ্দিষ্ট হইয়াছে। বসন্তও প্রথম, আর হিংকারও সামভক্তির প্রথম ; * এই কারণে বসন্তই

* তাৎপর্য্য—ঋতুগণনা অনেকপ্রকার ; তন্মধ্যে এখানে বসন্ত হইতে ঋতুর গণনা করা হইয়াছে। সাধারণতঃ ঋতু ছয়টি ; এখানে কিন্তু, হেমন্ত ও শিশির, এই দুইটি ঋতুকে এক করিয়া পঞ্চ ঋতু গণনা করা হইয়াছে।

হিংকারস্বরূপ, বর্ষাকালের জন্য গ্রীষ্মেই যবাদি খাদ্য দ্রব্যের সংগ্রহ আরব্ধ হয়, এই জন্য গ্রীষ্মই 'প্রস্তাব'; প্রাধান্য নিবন্ধন বর্ষাকালই 'উদ্গীথ'; রোগী ও মৃত ব্যক্তিগণকে প্রতিহৃত করা হয় বলিয়া, শরৎকালই 'প্রতিহার'; বায়ুর অভাবে প্রাণিগণের নিধন হয়; এইজন্য হেমন্ত ঋতুই 'নিধন' ॥১১৫॥১

কল্পন্তে হাস্মা ঋতবঃ, ঋতুমান্ ভবতি; য এতদেবং বিদ্বানৃতুষু পঞ্চবিধং সামোপাস্তে ॥১১৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চমঃ খণ্ডঃ ॥৫॥

[এতদুপাসনস্য ফলমুচ্যতে—"কল্পন্তে" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং (যথোক্তপ্রকারেণ) এতৎ (সাম) বিদ্বান্ (জানন্ সন্) ঋতুষু (বসন্তাদিষু) পঞ্চবিধং সাম উপাস্তে, অস্মৈ (বিদুষে) ঋতবঃ কল্পন্তে (ভোগ্যত্বেন উপতিষ্ঠন্তে) হ (এব); [কিঞ্চ, সঃ] ঋতুমান্ (তত্তদৃতু-ভোগৈশ্চ সম্পন্নঃ ভবতি)॥

এই উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক যথোক্তপ্রকারে সামের উপাসনা করে, সমস্ত ঋতু তাহার ভোগযোগ্য হয়, এবং ঋতু-ভোগ্য বিষয়সমূহও তাহার নিকট উপস্থিত হয়॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চম খণ্ড।

শাঙ্কর-ভাষ্যম্।—ফলং—কল্পন্তে হ ঋতুব্যবস্থানুরূপভোগ্যত্বেন অস্মৈ উপাসকায় ঋতবঃ। ঋতুমান্ আর্ত্তবৈর্ভোগৈশ্চ সম্পন্নো ভবতীত্যর্থঃ ॥১১৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চম-খণ্ড-ভাষ্যম্ ॥৫॥

আনন্দগিরিঃ।—ঋতুব্যবস্থানুরূপং তত্র ক্রিয়াবিশেষণম্। কস্যচিদনুপাসিতুরপি ক্রমেণ তত্তদৃতুফলভোগভাগিতোপপত্তেঃ নেদমুপাসনানুরূপং ফলমিত্যাশঙ্ক্যাহ—ঋতুমানিতি। সম্পন্নঃ সর্ব্বদা স্বেচ্ছাবশাদিতি শেষঃ ॥১১৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ ॥৫॥

ভাষ্যানুবাদ।—ফল [উক্ত হইতেছে]—ঋতুসমূহ ব্যবস্থিত নিয়মানুসারে এই উপাসকের জন্য কল্পিত হয়। আর [উপাসক] ঋতুমান্ হয়, অর্থাৎ ঋতু-সম্বন্ধীয় ভোগসমূহ-সম্পন্নও হয় ॥১১৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ের পঞ্চম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৫॥

———

ষষ্ঠঃ খণ্ডঃ।

পশুষু পঞ্চবিধং সামোপাসীত ; অজা হিঙ্কারোঽবয়ঃ প্রস্তাবো গাব উদ্গীথোঽশ্বাঃ প্রতিহারঃ পুরুষো নিধনম্ ॥১১৭॥১

পশুষু (বক্ষ্যমাণাজাদিষু) পঞ্চবিধং সাম উপাসীত; [তদ্‌যথা] অজাঃ (ছাগাঃ) 'হিঙ্কারঃ' ; অবয়ঃ (মেষাঃ) 'প্রস্তাবঃ' ; গাবঃ 'উদ্গীথঃ' ; অশ্বাঃ 'প্রতিহারঃ' ; পুরুষঃ 'নিধনম্' ।

এখন প্রকারান্তরে পঞ্চবিধ সামের উপাসনা কথিত হইতেছে—ছাগ প্রভৃতি পশুতে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। যথা—ছাগসমূহই 'হিংকার' ; মেষগণ 'প্রস্তাব' ; গোসমূহ 'উদ্গীথ' ; অশ্বসমূহ 'প্রতিহার' ; এবং পুরুষই 'নিধন' ॥

শাঙ্কর-ভাষ্যম্ ।—পশুষু পঞ্চবিধং সাম উপাসীত। সম্যগ্‌বৃত্তেষু ঋতুষু পশবঃ কাল ইত্যানন্তর্য্যম্। অজা হিঙ্কারঃ ; প্রাধান্যাৎ প্রাথম্যাদ্বা। অজঃ পশূনাং প্রথম ইতি শ্রুতেঃ। অবয়ঃ প্রস্তাবঃ, সাহচর্য্যদর্শনাদজাবীনাম্। গাব উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। অশ্বাঃ প্রতিহারঃ প্রতিহরণাৎ পুরুষাণাম্। পুরুষো নিধনং পুরুষাশ্রয়ত্বাৎ পশূনাম্ ॥১১৭॥১

আনন্দগিরিঃ ।—ঋতুদৃষ্ট্যনন্তরং সাম্নি পশুদৃষ্ট্যারোপকারণমাহ—সম্যগিতি। অজাদৃষ্ট্যা হিংকারোপাসনে হেতুদ্বয়মাহ—প্রাধান্যাদিত্যাদিনা। অজায়া যজ্ঞসম্বন্ধাৎ প্রাধান্যম্। প্রাথম্যং তু প্রথমপাঠাদিতি দ্রষ্টব্যম্। ব্রাহ্মণঃ মনুষ্যাণামজঃ পশূনাং তস্মাত্তে মুখ্যা মুখতো হ্যসৃজ্যন্তেতি শ্রুতিমজাপ্রাধান্যে প্রমাণয়তি—অজইতি। তস্মাজ্জাতা অজাবয় ইতি শ্রুতেরজানামবীনাং চ সাহচর্য্যং হিংকারপ্রস্তাবয়োশ্চ সাহচর্য্যং প্রসিদ্ধম্ ॥১১৭॥১

ভাষ্যানুবাদ।—পশুবিষয়ে পঞ্চপ্রকার সামের উপাসনা করিবে। ঋতুসমূহ উপযুক্তরূপে সম্পন্ন হইলেই পশুর হিতকর কাল উপস্থিত হয়, এইজন্য ঋতুর পর পশুর উল্লেখ। প্রাধান্য নিবন্ধন * অথবা, প্রথমত্ব হেতু, অজাই হিংকার; যে হেতু শ্রুতি আছে—'অজই পশুর মধ্যে প্রথম'। অজের সহিত মেষের সাহচর্য্য (একত্র গমনাগমন) হেতু অবিসমূহই

* তাৎপর্য্য—সর্ব্বপশুর অভাবে ছাগপশু বলির বিধান আছে; এইজন্য ছাগের প্রাধান্য গ্রহণ করা হইয়াছে।

(মেষ) 'প্রস্তাব' ; শ্রেষ্ঠত্ব-নিবন্ধন গোসমূহই 'উদ্গীথ' ; অশ্বসমূহ 'প্রতিহারস্বরূপ' ; কারণ, অশ্বই পুরুষগণকে প্রতিহরণ করে অর্থাৎ বহন করিয়া লইয়া যায় ; পশুগণ পুরুষে আশ্রিত ; এইজন্য পুরুষই 'নিধন' ॥১১৭॥১

ভবন্তি হাস্য পশবঃ, পশুমান্ ভবতি য এতদেবং বিদ্বান্ পশুষু পঞ্চবিধং সামোপাস্তে ॥১১৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষষ্ঠঃ খণ্ডঃ ॥৬॥

[ইদানীমুপাসনাফলমুচ্যতে]—যঃ (জনঃ) এবং বিদ্বান্ (জানন্ সন্) পশুষু পঞ্চবিধং সাম উপাস্তে, অস্য (বিদুষঃ) পশবঃ ভবন্তি হ ; কিঞ্চ, [অয়ং] পশুমান্ (প্রচুরপশুসম্পন্নশ্চ) ভবতি।

উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক এই প্রকার সামকে অবগত হইয়া এই পশুবিষয়ে এই পঞ্চবিধ সামের উপাসনা করে ; পশুগণ তাহার ভোগার্হ হয় এবং সে লোক পশুসম্পত্তি-সম্পন্নও হয় ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষষ্ঠখণ্ড ॥৬॥

শাঙ্কর-ভাষ্যম্।—ফলং—ভবন্তি হ অস্য পশবঃ ; পশুমান্ ভবতি, পশুফলৈশ্চ ভোগত্যাগাদিভির্যুজ্যত ইত্যর্থঃ ॥১১৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষষ্ঠ-খণ্ড-ভাষ্যম্ ॥৬॥

আনন্দগিরিঃ।—পশুমান্ ভবতীত্যস্য পূর্ব্বেণ পৌনরুক্ত্যং পরিহরতি—পশুফলৈশ্চেতি ॥১১৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥৬॥

ভাষ্যানুবাদ।—[উপাসনার] ফল—নিশ্চয়ই। ইহার বহু পশু হয়, এবং [সে লোক] পশুমান্ হয়, অর্থাৎ ভোগ-বিতরণাদি দ্বারা পশু-ফলেও সংযুক্ত হয় ॥১১৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ের ষষ্ঠ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৬॥

সপ্তমঃ খণ্ডঃ।

প্রাণেষু পঞ্চবিধꣳ পরোবরীয়ঃ সামোপাসীত প্রাণো হিঙ্কারো বাক্ প্রস্তাবশ্চক্ষুরুদ্গীথঃ শ্রোত্রং প্রতিহারো মনো নিধনং, পরোবরীয়াꣳসি বা এতানি ॥১১৭॥১

[ইদানীম্ অন্যথাপি পরোবরীয়স্ত্বাদিগুণযোগেন পঞ্চবিধ-সামোপাসনমুচ্যতে "প্রাণেষু" ইত্যাদিনা।]—প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ (উত্তরোত্তরশ্রেষ্ঠত্বগুণ-বিশিষ্টং) সাম উপাসীত—প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) 'হিংকারঃ'; বাক্ (বাগিন্দ্রিয়ং) 'প্রস্তাবঃ'; চক্ষুঃ 'উদ্গীথঃ'; শ্রোত্রং (কর্ণদ্বয়ং) 'প্রতিহারঃ'; মনঃ (অন্তঃকরণং) 'নিধনম্'; এতানি (প্রাণাদীনি সর্ব্বাণি) পরোবরীয়াংসি (পরোবরত্বাদিগুণ-সম্পন্নানি) বৈ (এব)।

এখন আবার প্রাণ প্রভৃতিতে পরোবরীয়স্ত্বাদিগুণবিশিষ্ট সামের উপাসনা করিবে। পঞ্চবৃত্তিসম্পন্ন প্রাণই হিংকার; বাগিন্দ্রিয়ই প্রস্তাব; চক্ষুই উদ্গীথ; শ্রোত্রই প্রতিহার; মনই (অন্তঃকরণই) নিধন; প্রাণাদি সমস্তই পরোবরীয়ান্ অর্থাৎ উত্তরোত্তর শ্রেষ্ঠত্বগুণবিশিষ্টরূপে উপাস্য॥

শাঙ্কর-ভাষ্যম্।—প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সাম উপাসীত। পরস্পরং পরোবরীয়স্ত্ব-গুণবৎপ্রাণদৃষ্টিবিশিষ্টং সাম উপাসীতেত্যর্থঃ। প্রাণো ঘ্রাণো হিঙ্কারঃ; উত্তরোত্তরবরীয়সাং প্রাথম্যাৎ। বাক্ প্রস্তাবঃ; বাচা হি প্রস্তূয়তে সর্ব্বম্; বাগ্ বরীয়সী প্রাণাৎ—অপ্রাপ্তমপ্যুচ্যতে বাচা; প্রাপ্তস্যৈব তু গন্ধস্য গ্রাহকঃ প্রাণঃ; চক্ষুঃ উদ্গীথঃ, বাচো বহুতরবিষয়ং প্রকাশয়তি চক্ষুঃ, অতো বরীয়ো বাচ উদ্গীথঃ শ্রৈষ্ঠ্যাৎ। শ্রোত্রং প্রতিহারঃ; প্রতিহৃতত্বাৎ। বরীয়শ্চক্ষুষঃ সর্ব্বতঃ শ্রবণাৎ। মনো নিধনম্; মনসি হি নিধীয়ন্তে পুরুষস্য ভোগ্যত্বেন সর্ব্বেন্দ্রিয়াহৃতা বিষয়াঃ; বরীয়স্ত্বং চ শ্রোত্রাৎ মনসঃ, সর্ব্বেন্দ্রিয়বিষয়ব্যাপকত্বাৎ; অতীন্দ্রিয়বিষয়োঽপি মনসো গোচর এবেতি। যথোক্তহেতুভ্যঃ পরোবরীয়াংসি প্রাণাদীনি বৈ এতানি ॥১১৭॥১

আনন্দগিরিঃ।—পশুপ্রসূত-পয়োঘৃতাদিনিমিত্তত্বাৎ প্রাণস্থিতেঃ, তদ্দৃষ্ট্যনন্তরং প্রাণদৃষ্ট্যা সামোপাস্তিং প্রস্তৌতি—প্রাণেষ্বিতি। প্রাণশব্দস্য মুখ্যপ্রাণবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—ঘ্রাণ ইতি। মুখ্যপ্রাণাদুত্তরেষাং বরীয়স্ত্বাসম্ভবাৎ তস্য সর্ব্বশ্রেষ্ঠতায়া

নির্ধারিতত্বাৎ পরং পরং বরীয়সাং বাগাদীনাং মধ্যে প্রথমভাবিত্বেনোক্তত্বাৎ ঘ্রাণ এবাত্র প্রাণশব্দ ইত্যর্থঃ। কথং প্রাণাৎ বাচো গরীয়স্ত্বম্? তত্রাহ—বাচেতি। অপ্রাপ্তত্বং ব্যবহিতত্বম্। চক্ষুষো বরীয়স্ত্বং সাধয়তি—বাচ ইতি। শব্দস্যেতি যাবৎ। বাচঃ শব্দাৎ সকাশাৎ ইত্যর্থঃ। উদ্গীথত্বে চক্ষুষো হেতুমাহ—শ্রৈষ্ঠ্যাদিতি। মনসো বরীয়স্ত্বে হেত্বন্তরমাহ—অতীন্দ্রিয়েতি। ইতি বরীয়স্ত্বম্ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। অপ্রাপ্তমপ্যুচ্যতে বাচেত্যাদয়ো যথোক্তহেতবঃ ॥১১৯॥১

ভাষ্যানুবাদ।—প্রাণে পরোবরীয়স্ত্ব-গুণসম্পন্ন পঞ্চবিধ সামের উপাসনা করিবে, অর্থাৎ উত্তরোত্তর-শ্রেষ্ঠত্ব-গুণবিশিষ্ট প্রাণ-দৃষ্টিতে সামের উপাসনা করিবে, উত্তরোত্তর-শ্রেষ্ঠত্ব-গুণসম্পন্ন প্রাণাদির মধ্যে প্রথমত্বনিবন্ধন প্রাণই (ঘ্রাণই) হিংকার; বাগিন্দ্রিয় দ্বারাই সমস্ত কর্ম্ম প্রারব্ধ হইয়া থাকে; আর প্রাণ (ঘ্রাণ) কেবল প্রাপ্ত (উপস্থিত) গন্ধেরই গ্রহণ করে, বাগিন্দ্রিয় দ্বারা কিন্তু অপ্রাপ্ত বিষয়ও কথিত বা প্রকাশিত করা হইয়া থাকে, এইজন্য প্রাণ অপেক্ষাও বাক্ শ্রেষ্ঠ। এই শ্রেষ্ঠত্ব-নিবন্ধনই বাক্-ইন্দ্রিয় প্রস্তাবস্বরূপ; চক্ষুই উদ্গীথ; কারণ, বাক্যেরও বহুতর বিষয় চক্ষু দ্বারা প্রকাশিত হইয়া থাকে; অতএব শ্রেষ্ঠত্বহেতু বাক্ অপেক্ষাও বরীয়ান্ চক্ষুই উদ্গীথস্বরূপ। শ্রোত্রই প্রতিহার; কারণ, [সমস্ত বিষয় হইতে] শ্রোত্রকে প্রত্যাহৃত করা হইয়া থাকে; অতএব, সর্ব্বপ্রকার বিষয় শ্রবণ করে বলিয়া চক্ষু অপেক্ষাও শ্রবণেন্দ্রিয়টি বরীয়ান্। মনই নিধন; কারণ মনুষ্যের [অন্যান্য] সমস্ত ইন্দ্রিয় দ্বারা আহৃত বিষয়সমূহ মনেই সংস্থাপিত হইয়া থাকে; আর সমস্ত ইন্দ্রিয়ের বিষয়ই মনের বিষয়ীভূত হইয়া থাকে; এই কারণে শ্রোত্র অপেক্ষাও মনের শ্রেষ্ঠত্ব; বিশেষতঃ অতীন্দ্রিয় বিষয়সমূহও নিশ্চয় মনের বিষয়ীভূত হয়। পূর্ব্বোক্ত হেতুবশতঃ এই প্রাণাদি ইন্দ্রিয়সমূহ নিশ্চয়ই পরোবরীয়ান্ অর্থাৎ উত্তরোত্তর উৎকর্ষযুক্ত ॥১১৯॥১

পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকান্ জয়তি, য এতদেবং বিদ্বান্ প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাস্ত ইতি তু পঞ্চবিধস্য ॥১২০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তমঃ খণ্ডঃ ॥৭॥

যঃ (জনঃ) এতৎ (পঞ্চবিধং সাম) এবং বিদ্বান্ [সন্] প্রাণেষু (ঘ্রাণাদি) পঞ্চবিধং পরোবরীয়ঃ সাম উপাস্তে; অস্য [জীবনং] পরোবরীয়ঃ হ (এব)

ভবতি ; [কিঞ্চ, অয়ং] পরোবরীয়সঃ হ (এব) লোকান্ (স্বর্গাদীন্) জয়তি, (বশীকরোতি) ; ইতি তু (পুনঃ) পঞ্চবিধস্য (হিংকারাদিপঞ্চপ্রকারস্য) [সাম্নঃ উপাসনম্ উক্তম্]।

যে লোক যথোক্তপ্রকার অবগত হইয়া প্রাণসমূহে পরোবরীয়স্ত্বগুণসম্পন্ন পঞ্চবিধ সামের উপাসনা করে, তাহার উৎকৃষ্ট জীবন লাভ হয়, এবং সে পরোবরীয় লোকসমূহ জয় করে (নিজের আয়ত্ত করে)। ইহাই পঞ্চপ্রকার সামের উপাসনা ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তম খণ্ড ॥৭॥

শাঙ্কর-ভাষ্যম্।—এতদ্দৃষ্ট্যা বিশিষ্টং যঃ পরোবরীয়ঃ সাম উপাস্তে, পরোবরীয়ো হ অস্য জীবনং ভবতীতি উক্তার্থম্। ইতি তু পঞ্চবিধস্য সাম্ন উপাসনমুক্তম্, ইতি সপ্তবিধে বক্ষ্যমাণবিষয়ে বুদ্ধিসমাধানার্থম্। নিরপেক্ষো হি পঞ্চবিধে বক্ষ্যমাণে বুদ্ধিং সমাধিৎসতি ॥১২০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তম-খণ্ড-ভাষ্যম্ ॥৭॥

আনন্দগিরিঃ।—উক্তোপসংহারবিরহেঽপি বক্ষ্যমাণে বুদ্ধিসমাধানং কিং ন স্যাৎ ? ইত্যাশঙ্ক্যাহ—নিরপেক্ষো হীতি ॥১২০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥৭॥

ভাষ্যানুবাদ।—যে লোক উক্ত প্রকার দৃষ্টিতে, অর্থাৎ প্রাণ ও বাগাদি জ্ঞানে উত্তরোত্তরোৎকৃষ্ট সামের উপাসনা করে, নিশ্চয়ই ইহার জীবন পরোবরীয় হয় ; ইহার বিস্তৃত অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে। ইতঃপর যে সপ্তপ্রকার সামোপাসনা কথিত হইবে, তদ্‌বিষয়ে [শ্রোতার] বুদ্ধি প্রবেশের জন্য এখানে 'পঞ্চবিধ সামের উপাসনা' এই কথাটি উক্ত হইয়াছে। অভিপ্রায় এই যে, উক্ত পঞ্চবিধ সামবিষয়ক উপাসনার কোন অপেক্ষা না রাখিয়াই বক্ষ্যমাণ সপ্তবিধ উপাসনায় মনোনিবেশ করিতে পারিবে ; অর্থাৎ পঞ্চবিধ সামোপাসনা না করিয়াও সপ্তবিধ সামোপাসনায় প্রবৃত্ত হইতে পারিবে ॥১২০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ের সপ্তম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৭॥

অষ্টমঃ খণ্ডঃ।

অথ সপ্তবিধস্য, বাচি সপ্তবিধꣳ সামোপাসীত; যৎ কিঞ্চ বাচো হুমিতি, স হিঙ্কারো যৎ প্রেতি স প্রস্তাবো যদেতি স আদিঃ ॥১২১॥১

অথ (অনন্তরং) সপ্তবিধস্য (বক্ষ্যমাণসপ্তপ্রকারস্য) [সাম্ন উপাসনম্ উচ্যতে ইতি শেষঃ]। বাচি (শব্দে) সপ্তবিধং (বক্ষ্যমাণহিংকারাদিরূপং) সাম উপাসীত। [তদ্‌যথা]—বাচঃ (শব্দস্য) যৎ কিঞ্চ (যৎ কিঞ্চিৎ) 'হুং' ইতি (হুংকার), সঃ (হুঙ্কারঃ) হিংকারঃ (সামভক্তিবিশেষঃ)। যৎ প্রেতি ('প্র' ইতি রূপং), সঃ ['প্র'-সম্বন্ধাৎ] প্রস্তাবঃ; যৎ এতি ('আ' ইতি রূপং) সঃ আদিঃ (সামভক্তিবিশেষঃ)।

অনন্তর সপ্তবিধ সামের উপাসনা অভিহিত হইতেছে। বাক্যে সপ্তপ্রকার সামের উপাসনা করিবে [যথা]—বাক্যের যাহা কিছু 'হুম্' ইত্যাকার উচ্চারণ, অর্থাৎ যে কোন প্রকার হুঙ্কার, তাহাই হিংকার; যাহা 'প্র' ইত্যাকার রূপ, তাহাই প্রস্তাব; আর যাহা 'আ' ইত্যাকার উচ্চারণ, তাহাই 'আদি' ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ অনন্তরং সপ্তবিধস্য সমস্তস্য সাম্ন উপাসনং সাধ্বিদমারভ্যতে। বাচি ইতি সপ্তমী পূর্ব্ববৎ, বাগ্‌দৃষ্টিবিশিষ্টং সপ্তবিধং সাম উপাসীতেত্যর্থঃ। যৎ কিঞ্চ বাচঃ শব্দস্য হুম্ ইতি যো বিশেষঃ, স হিঙ্কারঃ; হকারসামান্যাৎ। যৎ প্রেতি-শব্দরূপং, স প্রস্তাবঃ; প্র-সামান্যাৎ। যৎ আ ইতি, স আদিঃ; আ-কারসামান্যাৎ। আদিরিতি ওঙ্কারঃ, সর্ব্বাদিত্বাৎ ॥১২১॥১

আনন্দগিরিঃ।—অধিকসংখ্যাজ্ঞানস্যাল্পসংখ্যাজ্ঞানপূর্ব্বকত্বাৎ পঞ্চবিধোপাসনানন্তরং সপ্তবিধোপাসনং প্রস্তৌতি—অথেতি। পূর্ব্ববৎ—লোকেম্বিতিবৎ সপ্তমী চ নেতব্যেত্যর্থঃ। বাক্‌শব্দেন শব্দসামান্যমুচ্যতে তৎসপ্তধাপ্রবিভক্ত-সামাবয়বেষু আরোপ্য উপাসনং কর্ত্তব্যমিতি বাক্যার্থমাহ—বাগ্‌দৃষ্টীতি। যৎকিঞ্চ বাচ ইতি বাক্যোপাদানং, তস্যার্থমাহ—শব্দস্যেতি ॥১২১॥১

ভাষ্যানুবাদ।—'অথ' অর্থ—অনন্তর, অর্থাৎ পঞ্চবিধ সামোপাসনা নিরূপণের পর সর্ব্বাবয়ব-সম্পন্ন সপ্তবিধ সামের এই উত্তম উপাসনা

কাণ্ড আরব্ধ হইতেছে। পূর্ব্বোক্ত 'প্রাণেষু' ইত্যাদির ন্যায়ই এখানেও 'বাচি' এই পদে সপ্তমী বিভক্তি হইয়াছে, অর্থাৎ বাগ্‌দৃষ্টিতে সপ্তবিধ সামের উপাসনা করিবে। বাক্যের অর্থাৎ শব্দের 'হুম্' ইত্যাকার যে উচ্চারণ-বিশেষ, তাহাই হিংকার; কারণ উভয় স্থলেই 'হ' অক্ষরের সাম্য রহিয়াছে। আর শব্দের যে, 'প্র' ইত্যাকার রূপ, তাহাই প্রস্তাব; কারণ, 'প্র' অক্ষরটি উভয়েতেই সমান। আর যে 'আ' ইত্যাকার রূপ, তাহাই 'আদি'; কেননা, [উভয়েতেই] 'আ' অক্ষরের সাম্য রহিয়াছে; সকলের (সমস্ত বেদের) প্রথমে উচ্চারণীয় বলিয়া ওঙ্কারই 'আদি' পদবাচ্য ॥১২১॥১

যদুদিতি স উদ্গীথো যৎপ্রতীতি স প্রতিহারো যদুপেতি স উপদ্রবো যন্নীতি তন্নিধনম্ ॥১২২॥২

[শব্দস্য] যৎ 'উৎ' ইতি [রূপম্], সঃ (তৎ) 'উদ্‌গীথঃ'; যৎ 'প্রতি' ইতি [রূপং], সঃ 'প্রতিহারঃ'; যৎ 'উপ' ইতি [রূপং] সঃ 'উপদ্রবঃ' (সামভক্তি-বিশেষঃ) যৎ [চ] 'নি' ইতি [রূপং], তৎ নিধনম্।

আর শব্দের যে, 'উৎ' ইত্যাকার রূপ, তাহাই 'উদ্‌গীথ'; যাহা 'প্রতি ইত্যাকার রূপ, তাহা 'প্রতিহার'; যাহা 'উপ' ইত্যাকার রূপ, তাহা 'উপদ্রব নামক সামভক্তি-স্বরূপ; আর যাহা 'নি' ইত্যাকার রূপ তাহাই 'নিধন' ॥

শাঙ্কর-ভাষ্যম্।—যৎ 'উৎ' ইতি স উদ্‌গীথঃ; উৎ-পূর্ব্বত্বাৎ উদ্‌গীথস্য। যৎ 'প্রতি' ইতি স প্রতিহারঃ; প্রতি-সামান্যাৎ। যৎ 'উপ' ইতি স উপদ্রবঃ; উপোপক্রমত্বাৎ উপদ্রবস্য। যৎ 'নি' ইতি তৎ নিধনম্। নি-শব্দ-সামান্যাৎ ॥১২২॥২

আনন্দগিরিঃ।—১২২॥২

ভাষ্যানুবাদ।—[শব্দের] যাহা 'উৎ' ইত্যাকার রূপ, তাহা 'উদ্‌গীথ'; কারণ, উদ্‌গীথেরও পূর্ব্বে 'উৎ' আছে; যাহা 'প্রতি' অক্ষর, তাহা প্রতিহার; [উভয়েতেই] 'প্রতি' শব্দের সাম্য রহিয়াছে। যাহা 'উপ' ইত্যাকার রূপ, তাহা উপদ্রব; কেননা, 'উপদ্রবে'রও উপক্রম (প্রথম অংশ) 'উপ' অক্ষর দ্বারা প্রস্তুত হইয়াছে। যাহা 'নি' ইত্যাকার স্বরূপ, তাহাই 'নিধন'; 'নি' অক্ষরের সাদৃশ্যই ইহার কারণ ॥১২২॥২

দুগ্ধেঽস্মৈ বাগ্‌দোহং যো বাচো দোহঃ ; অন্নবানন্নাদো ভবতি য এতদেবং বিদ্বান্ বাচি সপ্তবিধꣳ সামোপাস্তে ॥১২৩॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টমঃ খণ্ডঃ ॥৮॥

[যথোক্তোপাসনস্য ফলমাহ—"দুগ্ধে" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং বিদ্বান্ সন্ বাচি (বাক্যে) সপ্তবিধং সাম উপাস্তে, বাক্ (শব্দঃ) অস্মৈ (উপাসকায়) দোহং (দুগ্ধং) দুগ্ধে (প্রসূতে) ; [কোঽসৌ দোহঃ ? ইত্যাহ]—বাচঃ (শব্দস্য) যঃ দোহঃ (প্রদানযোগ্যঃ) [তম্ ইতি শেষঃ]।

এখন উক্ত উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক এইরূপ অবগত হইয়া বাক্যে সপ্তবিধ সামের উপাসনা করে, বাক্যের যাহা দোহ অর্থাৎ প্রদানযোগ্য সার, বাক্য তাহা ইহাকে প্রদান করে। সে অন্নযুক্ত এবং প্রচুর অন্নভক্ষক অর্থাৎ দীপ্তাগ্নি হয় ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টম খণ্ড ॥৮॥

শাঙ্কর-ভাষ্যম্।—দুগ্ধেঽস্মৈ ইত্যাদ্যুক্তার্থম্ ॥১২৩॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টম-খণ্ড-ভাষ্যম্ ॥৮॥

আনন্দগিরিঃ।—১২৩॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥৮॥

ভাষ্যানুবাদ।—"দুগ্ধে অস্মৈ" ইত্যাদির অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে ॥১২৩॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়ের অষ্টম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৮॥

নবমঃ খণ্ডঃ।

অথ খল্বমুমাদিত্যꣳ সপ্তবিধꣳ সামোপাসীত সর্ব্বদা সমস্তেন সাম, মাং প্রতি মাং প্রতীতি সর্ব্বেণ সমস্তেন সাম ॥১২৪॥১

অথ (অনন্তরং) খলু (নিশ্চয়ে) অমুম্ (দৃশ্যমানম্) আদিত্যং (সূর্য্যং) সপ্তবিধং সাম উপাসীত, (সপ্তবিধে সাম্নি আদিত্যদৃষ্টিং কুর্ব্বীত ইত্যর্থঃ)। [আদিত্যঃ হি] সর্ব্বদা সমঃ (একরূপঃ), তেন (সমত্বেন হেতুনা) [আদিত্যঃ] সাম ; [আদিত্যস্য সর্ব্বকালীনং সমত্বম্ এব সামরূপত্বে হেতুরিত্যর্থঃ]। [তদেব বিশদয়তি]—'মাং প্রতি মাং প্রতি' (মদাভিমুখ্যেন বর্ত্ততে) ইতি (ইত্থং) [তুল্যবুদ্ধিসমুৎপাদনাৎ আদিত্যঃ] সর্ব্বেণ (জনেন) সমঃ (সমানরূপঃ); তেন [হেতুনা] সাম, (সাম্নি আদিত্যদৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)।

অনন্তর আদিত্যরূপে সপ্তবিধ সামের উপাসনা অবশ্য করিবে। সর্ব্বদা সমান (অবিকৃত বা একরূপ), এইহেতু [আদিত্য] সাম ; বিশেষতঃ, আদিত্য 'আমার দিকে, আমার দিকে' এইরূপে সকলেরই মনে সমান বুদ্ধি সমুৎপাদন করে বলিয়া, সকলের পক্ষেই সমান ; এইজন্য আদিত্য (সূর্য্য দেব) সাম-পদবাচ্য ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অবয়বমাত্রে সাম্নি আদিত্যদৃষ্টিঃ পঞ্চবিধেষু উক্তা প্রথমে চাধ্যায়ে। অথ ইদানীং খলু অমুম্ আদিত্যং সমস্তে সাম্নি অবয়ববিভাগশোঽধ্যস্য সপ্তবিধং সাম উপাসীত। কথং পুনঃ সামত্বমাদিত্যস্যেতি? উচ্যতে—উদ্গীথত্বে হেতুবৎ আদিত্যস্য সামত্বে হেতুঃ। কোঽসৌ? সর্ব্বদা সমঃ, বৃদ্ধিক্ষয়াভাবাৎ ; তেন হেতুনা সাম আদিত্যঃ মাং প্রতি মাং প্রতীতি তুল্যাং বুদ্ধিমুৎপাদয়তি ; অতঃ সর্ব্বেণ সমঃ ; অতঃ সাম, সমত্বাদিত্যর্থঃ। উদ্গীথভক্তিসামান্যবচনাদেব লোকাদিষু উক্তসামান্যাৎ হিঙ্কারাদিত্বং গম্যত ইতি হিঙ্কারাদিত্বে কারণং নোক্তম্ ; সামত্বে পুনঃ সবিতুরনুক্তং কারণং ন সুবোধমিতি সমত্বমুক্তম্ ॥১২৪॥১

আনন্দগিরিঃ।—বাগ্দৃষ্টেরনন্তরমাদিত্যদৃষ্টির্বিধীয়তে ; তস্য বাঙ্ময়ত্বাৎ। ন চ তদ্বিধানং যুক্তম্। পূর্ব্বমপ্যাদিত্যদৃষ্টিবিশিষ্টোপাসনস্যোপদিষ্টত্বাৎ, ইত্যাশঙ্ক্যাহ —অবয়বমাত্র ইতি। তস্য সামত্বে হেতুং পৃচ্ছতি—কথমিতি। সর্ব্বদেত্যাদি বাক্যমুক্ত-

রত্বেনাদত্তে—উচ্যত ইতি। উচ্চৈঃ সন্তমাদিত্যং গায়ন্তীত্যাদিত্যস্যোদ্গীথত্বে হেতুঃ শ্রুত্যোক্তঃ। তথা সামত্বেঽপি তস্য হেতুরুচ্যত ইত্যর্থঃ। তমেব প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কোঽসাবিতি। নোদেতা নাস্তমেতেত্যাদিদর্শনাদিত্যর্থঃ। মাং প্রতীত্যাদি ব্যাচষ্টে—মাং প্রতীতি। অন্যশব্দস্যান্যত্র বৃত্তির্নান্তরেণ কিঞ্চিন্নিমিত্তম্, ইত্যাদিত্যস্য সামত্বে হেতুরুচ্যতে চেৎ, তদ্‌ভেদানাং হিংকারাদিত্বেঽপি কুতো নিমিত্তং শ্রুত্যা নোক্তমিত্যাশঙ্ক্যাহ—উদ্‌গীথেতি। আদিত্যস্য উদ্‌গীথেন সহোর্দ্ধত্বং সামান্যং শ্রুত্যোক্তম্, তদনুসারেণাস্মদুক্তপ্রাথম্যাদিসামান্যং যথা পৃথিব্যাদিষু হিঙ্কারাদিত্বং গম্যতে, তথাদিত্যপ্রভেদানামপি হিংকারাদিত্বং শক্যাবগমমিতি শ্রুত্যা তেষাং তদ্ভাবে নোক্তং কারণমিত্যর্থঃ। তর্হি সামত্বেঽপি কারণোৎপ্রেক্ষাসম্ভবান্ন বক্তব্যং কারণম্, ইত্যাশঙ্ক্যাহ—সামত্বে পুনরিতি। সমত্বং তত্র নিমিত্তমিতি যাবৎ ॥১২৪॥১

ভাষ্যানুবাদ।—প্রথম অধ্যায়ে কেবলই সামাবয়বে পঞ্চবিধ আদিত্যদৃষ্টি উক্ত হইয়াছে। অতঃপর এখন ঐ আদিত্যকে ভিন্ন ভিন্ন এক একটি অবয়বক্রমে সমস্ত সামে অধ্যস্ত করিয়া সেই সামের উপাসনা উপদিষ্ট হইতেছে; ভাল, আদিত্যের সামত্ব (সাম-সাধর্ম্ম্য) হয় কি প্রকারে? আদিত্যের উদ্গীথত্বে যেমন হেতু প্রদর্শিত হইয়াছে, তেমনি সামত্বেও হেতু প্রদর্শিত হইতেছে—সেই হেতুটি কি? সর্ব্বদাই সম (একরূপ); কারণ, উহার হ্রাস কিংবা বৃদ্ধি নাই; সেই হেতুতেই আদিত্য 'সাম' স্বরূপ। 'আমার প্রতি, আমার প্রতি' অর্থাৎ আদিত্য 'আমার অভিমুখে, আমার অভিমুখে আছেন', এইরূপ তুল্য বুদ্ধি উৎপাদন করেন বলিয়া, সকলের পক্ষেই সম (সমান); অতএব সমত্বই সামশব্দ নির্ব্বচনের হেতু। এখানে সাধারণতঃ উদ্গীথভক্তির নিরূপণ করা হইতেছে; সুতরাং ইতঃপূর্ব্বে 'লোক' প্রভৃতিতে যেরূপ সাদৃশ্য কথিত হইয়াছে, তদনুসারে এখানেও যে, হিংকারই [সপ্তবিধ সামের] আদিভূত, তাহা বেশ বুঝা যাইতেছে; এই কারণেই হিংকারের প্রথমত্ব জ্ঞাপনের জন্য কোনরূপ কারণ প্রদর্শিত হয় নাই; পরন্তু সূর্য্যের সামত্ব-সাধক কারণটি উল্লিখিত না হইলে তাহা সুখবোধ্য হয় না; এইজন্য কেবল [তদ্বিষয়েই] 'সমত্ব' রূপ কারণ অভিহিত হইয়াছে ॥১২৪॥১

তস্মিন্নিমানি সর্ব্বাণি ভূতান্যন্বায়ত্তানীতি বিদ্যাৎ, তস্য যৎ পুরোদয়াৎ স হিঙ্কারস্তদস্য পশবোঽন্বায়ত্তাস্তস্মাত্তে হিং কুর্ব্বন্তি, হিঙ্কারভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥১২৫॥২

ইমানি সর্ব্বাণি (স্থাবরজঙ্গমাত্মকানি) ভূতানি তস্মিন্ (আদিত্যে) অন্বায়ত্তানি (অনুগতানি), ইতি বিদ্যাৎ (জানীয়াৎ—চিন্তয়েদিত্যর্থঃ)। তস্য

(আদিত্যস্য) উদয়াৎ (উদ্গমাৎ) পুরা (পূর্ব্বং) যৎ (রূপং), সঃ (তৎ রূপং) হিঙ্কারঃ (সামভক্তিরূপঃ)। অস্য (আদিত্যস্য) তৎ (রূপং) পশবঃ (গবাদয়ঃ) অন্বায়ত্তাঃ (অনুগতাঃ); তস্মাৎ (হেতোঃ) তে (পশবঃ) হিং কুর্ব্বন্তি (হিং-শব্দং কুর্ব্বন্তি); হি (যস্মাৎ)। [তে] এতস্য সাম্নঃ হিংকারভাজিনঃ (হিংকারাখ্য-সামভক্তিভজনশীলাঃ ইত্যর্থঃ)।

স্থাবর-জঙ্গমাত্মক এই সমস্ত ভূতই সেই আদিত্যে অনুগত, ইহা চিন্তা করিবে। সূর্য্যের যে, উদয়-পূর্ব্বকালীন রূপ, তাহা হিংকারস্বরূপ; পশুগণ আবার তাহার সেইরূপে অনুগত; সেই কারণেই তাহারা 'হিং' শব্দ করিয়া থাকে; আর সেই কারণেই তাহারা এই সামের অংশভূত হিংকারের ভজনা করিয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্।—তস্মিন্ আদিত্যে অবয়ববিভাগশ ইমানি বক্ষ্যমাণানি সর্ব্বাণি ভূতানি অন্বায়ত্তানি অনুগতানি আদিত্যমুপজীব্যত্বেনেতি বিদ্যাৎ। কথম্? তস্য আদিত্যস্য যৎ পুরোদয়াৎ ধর্ম্মরূপং, স হিঙ্কারো ভক্তিঃ; তত্রেদং সামান্যম্—যৎ তস্য হিঙ্কারভক্তিরূপম্। তৎ অস্যাদিত্যস্য সাম্নঃ পশবঃ গবাদয়ঃ অন্বায়ত্তা অনুগতাঃ, তদ্ভক্তিরূপমুপজীবন্তীত্যর্থঃ। যস্মাদেবং, তস্মাৎ তেন হিং কুর্ব্বন্তি পশবঃ প্রাক্ উদয়াৎ। তস্মাৎ হিঙ্কারভাজিনো হি এতস্যাদিত্যাখ্যস্য সাম্নঃ; তদ্ভক্তিভজনশীলত্বাদ্ধি তে এবং বর্ত্তন্তে ॥১২৪॥২

আনন্দগিরিঃ।—সমঃ সর্ব্বৈণেত্যুক্তং ব্যক্তীকরোতি—তস্মিন্নিতি। বেদন-প্রকারং প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি—কথমিত্যাদিনা। ধর্ম্মরূপং সুখকরত্বাৎ। ধর্ম্ম-কার্য্যাত্মকং রূপমিতি যাবৎ। তদ্দৃষ্ট্যা হিংকারোপাসনে প্রাথম্যং হেতুঃ। পশবো যথোক্তমাদিত্যরূপমুপজীবন্তীত্যত্র কিং প্রমাণং, তদাহ—যস্মাদিতি। তেষাং হিংকরণং সাধয়তি—তস্মাদিত্যাদিনা। তদ্ভক্তিভজনশীলত্বাদিত্যস্মাৎ প্রাগেব তস্মাদিত্যস্য সম্বন্ধঃ ॥১২৪॥২

ভাষ্যানুবাদ।—বক্ষ্যমাণ (পশ্চাৎ উল্লেখ্য) এই সমস্ত ভূতই ভিন্ন ভিন্ন অংশক্রমে সেই আদিত্যে অনুগত আছে, অর্থাৎ উপজীব্য বা আশ্রয়ণীয়রূপে আদিত্যকে অবলম্বন করিয়া রহিয়াছে; এইরূপ জ্ঞান করিবে। কি প্রকারে? [উত্তর]—সেই আদিত্যের যে, উদয়ের পূর্ব্বকালীন ধর্ম্মময় রূপ বা অবস্থা, তাহাই হিংকার, অর্থাৎ হিঙ্কার-নামক সাম-ভক্তিস্বরূপ; আদিত্যের যে হিংকারাখ্য-সামভক্তিরূপত্ব, তাহাই তাহার সামান্য বা সাদৃশ্য। গবাদি পশুগণ আবার সেই আদিত্যরূপী সামের সেই অংশে অনুগত রহিয়াছে; অর্থাৎ সেই ভক্তিকেই উপজীব্য করিয়া থাকে। যে হেতু এইরূপ ব্যবস্থা, সেই হেতুতেই পশুগণ উদয়ের পূর্ব্বে 'হিং' ইত্যাকার শব্দ উচ্চারণ করিয়া থাকে; অতএব সেই

হেতুতে [পশুগণ] স্বভাবতই এই আদিত্য-নামক সামের নিয়ত ভজনাকারী। বিশেষতঃ তাহারা নিয়মিতরূপে সামভক্তির ভজনা করে বলিয়াই এরূপ অবস্থান করে ॥১২৪॥২

অথ যৎ প্রথমোদিতে স প্রস্তাবঃ ; তদস্য মনুষ্যা অন্বায়ত্তাঃ ; তস্মাত্তে প্রস্তুতিকামাঃ প্রশংসাকামাঃ ; প্রস্তাবভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥১২৫॥৩

অথ (প্রকারান্তরসূচনায়াং) প্রথমোদিতে (প্রথমম্ উদ্গতে সূর্য্যে) যৎ (রূপম্), সঃ (তৎ—সূর্য্যরূপং) প্রস্তাবঃ ; মনুষ্যাঃ অস্য (আদিত্যস্য) তৎ (রূপম্) অন্বায়ত্তাঃ ; তস্মাৎ (হেতোঃ) তে (মনুষ্যাঃ) প্রস্তুতিকামাঃ প্রশংসা-কামাঃ [চ ভবন্তি] ; হি (যস্মাৎ) [তে মনুষ্যাঃ] এতস্য সাম্নঃ প্রস্তাবভাজিনঃ (প্রস্তাবভক্তিং ভজন্তে ইত্যর্থঃ)। [অত্র স্তুতি-প্রশংসয়োঃ একার্থত্বেঽপি প্রত্যক্ষ-পরোক্ষাভ্যাং ভেদো বোধ্যঃ—প্রত্যক্ষা স্তুতিঃ, পরোক্ষা চ প্রশংসা ইত্যর্থঃ। শব্দান্তরেণ অর্থকথনং বা]।

প্রকারান্তরে বলা হইতেছে—প্রথম উদয়ের পরই যে, সূর্য্যের রূপ, তাহা প্রস্তাবস্বরূপ ; মনুষ্যগণ ইহার (আদিত্যের) সেই রূপে অনুগত রহিয়াছে ; সেই জন্যই তাহারা স্তুতি ও প্রশংসা কামনা করিয়া থাকে ; কারণ, তাহারা এই সামের প্রস্তাবাংশ-ভজনাশীল ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যৎ প্রথমোদিতে সবিতৃরূপম্, তদস্য আদিত্যাখ্যস্য সাম্নঃ স প্রস্তাবঃ ; তদস্য মনুষ্যা অন্বায়ত্তাঃ পূর্ব্ববৎ। তস্মাৎ তে প্রস্তুতিং প্রশংসাং কাময়ন্তে ; যস্মাৎ প্রস্তাব-ভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥১২৫॥৩

আনন্দগিরিঃ।—সবিতরি প্রথমোদিতে সতি যত্তস্য রূপং, তদ্দৃষ্ট্যা প্রস্তাবস্যো-পাস্যত্বে পূর্ব্বস্মাদানন্তর্য্যং হেতুঃ। যথোদয়াৎ প্রাচীনং রূপং পশুভিরুপজীব্যতে, তথেত্যাহ—পূর্ব্ববদিতি। উদয়াৎ পরাচীনমাদিত্যরূপং মনুষ্যা উপজীবন্তীত্যত্র লিঙ্গমাহ—তস্মাদিতি। প্রত্যক্ষপরোক্ষভাবেন প্রস্তুতি-প্রশংসয়োর্ভেদঃ ॥১২৫॥৩

ভাষ্যানুবাদ।—আর প্রথম উদয়ের পর যে, সূর্য্যের রূপ, তাহাই আদিত্য-সংজ্ঞক সামের প্রস্তাব-স্বরূপ ; পূর্ব্বের ন্যায় মনুষ্যগণ ইহারও সেইরূপে অনুগত রহিয়াছে ; সেই কারণে তাহারা স্তুতি অর্থাৎ প্রশংসা লাভের কামনা করে। কেন-না, যেহেতু তাহারা এই সামের 'প্রস্তাব'-ভক্তি ভজনা করিয়া থাকে * ॥১২৫॥৩

* তাৎপর্য্য—এই নবম খণ্ডে দৃশ্যমান আদিত্যাবলম্বনে সপ্তবিধ সামের উপাসনা অভিহিত করা হইয়াছে। তন্মধ্যে, প্রথমতঃ আদিত্যকে সাম বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, এবং তাহার

অথ যৎ সঙ্গববেলায়াং স আদিত্যস্তদস্য বয়াংস্যন্বায়ত্তানি ; তস্মাত্তান্যন্তরিক্ষেঽনারম্বণান্যাদায়াত্মানং পরিপতন্তি আদিভাজীনি হ্যেতস্য সাম্নঃ ॥১২৬॥৪

অথ সঙ্গববেলায়াং (প্রাতঃকালাৎ পরং মুহূর্ত্তত্রয়াত্মকে কালে) যৎ (আদিত্যস্য রূপং), সঃ আদিঃ (সামভক্তিবিশেষরূপঃ); বয়াংসি (পক্ষিণঃ) অস্য (আদিত্যস্য) তৎ (সঙ্গবকালীনং রূপং) অন্বায়ত্তানি ; তস্মাৎ [হেতোঃ] তানি (বয়াংসি) অনারম্বণানি (নিরালম্বনানি সন্তি) আত্মানম্ (স্বদেহম্) আদায় (পরিগৃহ্য) অন্তরিক্ষে (আকাশে) পরিপতন্তি (পরিভ্রমন্তি); হি (যস্মাৎ) [তানি বয়াংসি] এতস্য সাম্নঃ আদিভাজীনি (আদিং ভক্তিং ভজন্তে ইত্যর্থঃ)।

তাহার পর সঙ্গবসময়ে যে আদিত্যরূপ, তাহাই 'আদি'স্বরূপ ; পক্ষিগণ তাহা আশ্রয় করিয়া থাকে, সেই জন্যই পক্ষিগণ আকাশে নিরালম্বভাবে শরীর লইয়া পরিভ্রমণ করে ; তাহারা এই সামের 'আদি'সংজ্ঞক ভক্তির ভজনা করিয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যৎ সঙ্গববেলায়াং গবাং রশ্মীনাং সঙ্গমনং সঙ্গবো যস্যাং বেলায়াং, গবাং বা বৎসৈঃ সহ, সা সঙ্গববেলা, তস্মিন্ কালে যৎ সাবিত্রং রূপং, স আদিঃ ভক্তিবিশেষঃ—ওঙ্কারঃ। তদস্য বয়াংসি পক্ষিণঃ অন্বায়ত্তানি। যত এবং তস্মাৎ তানি বয়াংসি অন্তরিক্ষে অনারম্বণানি অনালম্বনানি আত্মানমাদায়

কারণ-নির্দ্দেশ-স্থলে বলা হইয়াছে যে, সাম যেমন উদ্গীথাদি সমস্ত ভক্তির পক্ষে সমান, আদিত্যও তেমনি সর্ব্বভূতের পক্ষে সমান, প্রত্যেকেই আদিত্যকে 'আমার সম্মুখস্থ' বলিয়া মনে করিয়া থাকে ; এই সমস্তই আদিত্যে সাম-শব্দ প্রয়োগের কারণ। তাহার পর, আদিত্যের উদয়লাভের পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী ভিন্ন ভিন্ন রূপ সমুদয় সপ্তবিধ সামাবয়বে সম্পাদিত করিয়া তাহার উপাসনাক্রম উপদেশ করা হইয়াছে। প্রত্যেক স্থলেই আদিত্যের রূপে ও সামাবয়বে যথাকথঞ্চিৎ সাদৃশ্য ধরিয়া লইতে হইবে। আপাত-দৃষ্টিতে প্রস্তুতি ও প্রশংসা শব্দের অর্থগত পার্থক্য না থাকিলেও এখানে তাহার পার্থক্য বুঝিতে হইবে—সাক্ষাৎ গুণকথনের নাম প্রস্তুতি, আর পরোক্ষভাবে গুণবাদের নাম প্রশংসা। এখানে 'প্রথমোদিত' কথায় প্রাতঃকালের পূর্ব্ববর্ত্তী তিন মুহূর্ত্ত (ছয় দণ্ড) বুঝিতে হইবে। কারণ পরবর্ত্তী শ্রুতিগুলিতে প্রাতঃকালের পরবর্ত্তী 'সঙ্গব' প্রভৃতি কালের উল্লেখ রহিয়াছে। 'প্রাতঃ' প্রভৃতি কালের বিভাগ এইরূপ—

"প্রাতঃকালো মুহূর্ত্তাংস্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু।
মধ্যাহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাদ্ অপরাহ্নস্ততঃ পরম্ ॥
সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ।
রাক্ষসী নাম সা বেলা গর্হিতা সর্ব্বকর্ম্মসু ॥"

সাধারণতঃ দুই দণ্ডে এক মুহূর্ত্ত ধরা হয় ; সুতরাং তিন মুহূর্ত্তে ছয় দণ্ড হইয়া থাকে।

আত্মানমেব অবলম্বনত্বেন গৃহীত্বা পরিপতন্তি গচ্ছন্তি; অত আকারসামান্যাৎ আদিভক্তিভাজীনি হি এতস্য সাম্নঃ ॥১২৬॥৪

আনন্দগিরিঃ।—গোশব্দবাচ্যানাং রশ্মীনাং জগন্মণ্ডলেন সংগমনং সংবন্ধগমনমিত্যর্থঃ। বৎসৈঃ সংগমনমিতি সম্বন্ধঃ। সঙ্গবকালীনমাদিত্যরূপমারোপ্য আদিভক্তেরোংকারস্যোপাস্যত্বে দ্বয়োরাকারসামান্যং হেতুঃ। পক্ষিণাং যথোক্তমাদিত্যরূপমুপজীব্যমিত্যত্র হেতুমাহ—যত ইতি ॥১২৬॥৪

ভাষ্যানুবাদ।—অতঃপর সংগব-বেলায় অর্থাৎ যে সময় সূর্য্যরশ্মিসমূহের সংগব অর্থাৎ ইতস্ততঃ প্রসারণ হয়, অথবা বৎসের সহিত গো-সমূহ (মাঠে) গমন করে, তাহার নাম সংগববেলা, সেই সময়ে সূর্য্যের যে রূপ, তাহাই 'আদি', অর্থাৎ সামভক্তি—ওঙ্কার; পক্ষিগণ তাহার এইরূপে অনুগত; যেহেতু এই প্রকার (অনুগত), সেই কারণেই সেই পক্ষিগণ অন্তরিক্ষে নিরালম্বভাবে আত্মাকে লইয়া, অর্থাৎ কেবল আপনাকেই আশ্রয়রূপে গ্রহণ করিয়া ইতস্ততঃ গমন করিয়া থাকে; অতএব এইরূপ আকারগত সাদৃশ্য-বশতঃই তাহারা এই সামের আদি-ভক্তিভাগী ॥১২৬॥৪

অথ যৎ সম্প্রতিমধ্যন্দিনে, স উদ্গীথস্তদস্য দেবা অন্বায়ত্তাঃ; তস্মাত্তে সত্তমাঃ প্রাজাপত্যানাম্; উদ্গীথভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥১২৭॥৫

অথ (প্রকারান্তরসূচনায়াং) সম্প্রতিমধ্যন্দিনে (সঙ্গবানন্তর-মুহূর্ত্তত্রয়াত্মকে মধ্যাহ্নসময়ে) যৎ (আদিত্যস্য রূপং), সঃ (তৎ রূপম্) উদ্গীথঃ; দেবাঃ অস্য (আদিত্যস্য) তৎ (রূপম্) অন্বায়ত্তাঃ; তস্মাৎ (হেতোঃ) তে (দেবাঃ) প্রাজাপত্যানাং (প্রজাপতিসম্ভূতানাং প্রাণিনাং মধ্যে) সত্তমাঃ (বিশিষ্টাঃ); হি (যস্মাৎ) [তে] এতস্য সাম্নঃ উদ্গীথভাজিনঃ।

অতঃপর, সম্প্রতিমধ্যন্দিনে অর্থাৎ ঠিক মধ্যাহ্নসময়ে আদিত্যের যে রূপ, তাহাই উদ্গীথস্বরূপ; দেবগণ তাহাতে অনুগত, সেই কারণেই তাঁহারা প্রজাপতি-জাত প্রাণিগণের মধ্যে সত্তম ও সর্ব্বশ্রেষ্ঠ; কারণ, তাঁহারা এই সামেরই উদ্গীথ-ভক্তি ভজনা করিয়া থাকেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যৎ সম্প্রতিমধ্যন্দিনে ঋজুমধ্যন্দিনে ইত্যর্থঃ, স উদ্গীথভক্তিঃ, তদস্য দেবা অন্বায়ত্তাঃ; দ্যোতনাতিশয়াৎ তৎকালে। তস্মাৎ তে সত্তমা বিশিষ্টতমাঃ প্রাজাপত্যানাম্—প্রজাপত্যপত্যানাম্; উদ্গীথভাজিনো হি এতস্য সাম্নঃ ॥১২৭॥৫

আনন্দগিরিঃ।—ঋজুমধ্যন্দিনে যদাদিত্যস্থ রূপং তদ্দৃষ্টৌাদগাথোপাসনে শ্রৈষ্ঠ্যং হেতুঃ। তৎকালীনাদিত্যরূপস্থ দেবোপজীব্যত্বে হেতুমাহ—দ্যোতনেতি। তথাপি তস্থ দৈবৈরুপজীব্যত্বং কথমিতি চেৎ; তত্রাহ—তস্মাদিতি ॥১২৭॥৫

ভাষ্যানুবাদ।—অনন্তর সম্প্রতি মধ্যন্দিনে অর্থাৎ ঠিক মধ্যাহ্নসময়ে যে [আদিত্যের রূপ], তাহাই উদ্গীথ-ভক্তিস্বরূপ; দেবগণ ইহার সেইরূপে অনুগত; কেননা মধ্যাহ্নকালেই সৌরপ্রকাশের আতিশয্য ঘটে। সেই কারণেই তাঁহারা প্রাজাপত্যগণের অর্থাৎ প্রজাপতির সন্তানগণের মধ্যে সত্তম অর্থাৎ অতিশয় শ্রেষ্ঠ; কারণ, [তাঁহারা] এই সামেরই উদ্গীথ-ভজনাকারী ॥১২৭॥৫

অথ যদূর্দ্ধং মধ্যন্দিনাৎ প্রাগপরাহ্লাৎ স প্রতিহারঃ, তদস্থ গর্ভা অন্বায়ত্তাস্তস্মাত্তে প্রতিহৃতা নাবপত্যন্তে; প্রতিহারভাজিনো হ্যেতস্থ সাম্নঃ ॥১২৮॥৬

অথ, মধ্যন্দিনাৎ উর্দ্ধম্ অপরাহ্লাৎ [চ] প্রাক্ যৎ (আদিত্যস্থ রূপং), সঃ 'প্রতিহারঃ'; গর্ভাঃ অস্থ (আদিত্যস্থ) তৎ (রূপম্) অন্বায়ত্তাঃ; তস্মাৎ [হেতোঃ] তে (গর্ভাঃ) প্রতিহৃতাঃ (উর্দ্ধম্ আকৃষ্টাঃ সন্তঃ) ন অবপত্যন্তে (ন অধঃ পতন্তি); হি (যস্মাৎ) [তে] এতস্থ সাম্নঃ প্রতিহারভাজঃ (প্রতিহারং ভজমানাঃ) ॥

অতঃপর, মধ্যন্দিনের পর ও অপরাহ্লের পূর্ব্বে যে আদিত্যের রূপ, তাহাই প্রতিহার; গর্ভসমূহ তাহাতে আশ্রিত আছে; সেই কারণেই গর্ভসমূহ জরায়ুতে আকৃষ্ট থাকিয়া অধঃপতিত হয় না; কারণ, তাহারা এই সামের প্রতিহারকে ভজনা করিয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যৎ উর্দ্ধং মধ্যন্দিনাৎ, প্রাক্ অপরাহ্লাৎ যদ্রূপং সবিতুঃ, স প্রতিহারঃ; তদস্থ গর্ভা অন্বায়ত্তাঃ, অতস্তে সবিতুঃ প্রতিহারভক্তিরূপেণ উর্দ্ধং প্রতিহৃতাঃ সন্তঃ নাবপদ্যন্তে—নাধঃ পতন্তি, তদ্দ্বারে সত্যপীত্যর্থঃ। যতঃ প্রতিহারভাজিনো হি এতস্থ সাম্নো গর্ভাঃ ॥১২৮॥৬

আনন্দগিরিঃ।—অথ যদূর্দ্ধমিতিবাক্যমাদায় ব্যাচষ্টে—মধ্যংদিনাদিতি। তদ্দৃষ্ট্যা প্রতিহারোপাসনে প্রতি-শব্দসামান্যং হেতুঃ। তস্মিন্ কালে সবিতুরস্তংগিরিং প্রতি হরণাৎ। যথোক্তমাদিত্যরূপং গর্ভৈরুপজীব্যমিত্যত্র গমকমাহ—অত ইতি। উর্দ্ধং যোনেরুপরিষ্টাজ্জঠরং প্রতীত্যর্থঃ। যতো গর্ভাঃ পূর্ব্বোক্তবিশেষণবন্তঃ অত ইতি যাবৎ। তদ্দ্বারং পতনদ্বারম্ ॥১২৮॥৬

ভাষ্যানুবাদ।—আর, মধ্যাহ্নের পর এবং অপরাহ্লের পূর্ব্ব সময়ে আদিত্যের

যে রূপ, তাহাই 'প্রতিহার'-স্বরূপ ; গর্ভসমূহ তাহাতে আশ্রিত ; এইজন্য তাহারা সূর্য্যের 'প্রতিহার' ভক্তিরূপে ঊর্দ্ধে আকৃষ্ট থাকে এবং তজ্জন্যই তাহারা পতনের দ্বার বিদ্যমান সত্ত্বেও অধঃপতিত হয় না,—অর্থাৎ বাহির হইয়া পড়ে না। যেহেতু সেই গর্ভসংজ্ঞক এই সামের 'প্রতিহার' ভাগকে ভজনা করে॥১২৮॥৬

অথ যদূর্দ্ধমপরাহ্লাৎ প্রাগস্তময়াৎ স উপদ্রবঃ, তদস্যারণ্যা অন্বায়ত্তাস্তস্মাত্তে পুরুষং দৃষ্ট্বা কক্ষং শ্বভ্রমিত্যুপদ্রবন্তি ; উপদ্রবভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥১২৯॥৭

অথ, চ অপরাহ্লাৎ ঊর্দ্ধম্, অস্তময়াৎ (সায়ংসময়াৎ চ) প্রাক্ যৎ (আদিত্যস্য রূপং), সঃ 'উপদ্রবঃ' (তদাখ্যঃ সামভক্তিবিশেষঃ) ; আরণ্যাঃ (বন্যাঃ পশবঃ) অস্য (আদিত্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ (অনুগতাঃ) ; তস্মাৎ (হেতোঃ) তে (বন্যাঃ পশবঃ) পুরুষং (মনুষ্যং) দৃষ্ট্বা কক্ষং (অরণ্যং বাসস্থানং) শ্বভ্রং (গর্ত্তং) [বা] উপদ্রবন্তি (দ্রুতং গচ্ছন্তি) ; হি (যস্মাৎ) তে (আরণ্যাঃ) এতস্য সাম্নঃ 'উপদ্রব'-ভাজিনঃ (উপদ্রবং ভজন্তে), [তস্মাৎ উপদ্রুতা ভবন্তীত্যভিপ্রায়ঃ] ॥

তাহার পর অপরাহ্নের পরবর্ত্তী ও সায়ং সময়ের পূর্ব্ববর্ত্তী সময়ে আদিত্যের যেরূপ রূপ, তাহাই উপদ্রব-নামক সামাংশ ; আরণ্য পশুগণ তাহাতে অনুগত ; সেই কারণে তাহারা মনুষ্যকে দর্শন করিয়া ভয়ে অরণ্যে বা গর্ত্তমধ্যে দ্রুত পলায়ন করে ; কেননা, তাহারা এই সামের উপদ্রব অংশকে ভজনা করে॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যদূর্দ্ধম্ অপরাহ্লাৎ প্রাগস্তময়াৎ, স উপদ্রবঃ, তদস্য আরণ্যাঃ পশবঃ অন্বায়ত্তাঃ। তস্মাৎ তে পুরুষং দৃষ্ট্বা ভীতাঃ কক্ষম্ অরণ্যং শ্বভ্রং ভয়শূন্যম্ ইতি উপদ্রবন্তি উপগচ্ছন্তি ; দৃষ্ট্বোপদ্রবনাদ্ উপদ্রবভাজিনো হি এতস্য সাম্নঃ ॥১২৯॥৭

আনন্দগিরিঃ।—অত্র তৎকালীনাদিত্যদৃষ্ট্যোপদ্রবমুপাসীত তস্য। তদা অস্তাচলং প্রত্যুপদ্রবণাৎ ইত্যাহ—অথেতি। আরণ্যানাং পশূনাং যথোক্তরূপোপজীবনমুপপাদয়তি—তস্মাদিত্যাদিনা। শ্বভ্রং গর্ত্তং গুহেতি যাবৎ ॥১২৯॥৭

ভাষ্যানুবাদ।—অতঃপর, সূর্য্যের যে মধ্যাহ্নের পরবর্ত্তী ও সায়ংসময়ের পূর্ব্ববর্ত্তী রূপ, তাহাই 'উপদ্রব' ; আরণ্য পশুগণ তাঁহার সেই রূপেতে অনুগত ; সেই জন্যই তাহারা পুরুষকে (মানুষকে) দর্শন করিয়া ভীত হইয়া কক্ষ অর্থাৎ অরণ্য ও গর্ত্তস্থানকে ভয়শূন্য মনে করিয়া [তদভিমুখে] ধাবিত হইয়া থাকে। দর্শনের পর উপদ্রুত হয়, এইজন্য [বুঝা যায় যে] নিশ্চয়ই তাহারা এই সামের 'উপদ্রব' অংশ ভজনা করে॥১২৯॥৭

অথ যৎ প্রথমাস্তমিতে তন্নিধনং, তদস্য পিতরোঽন্বায়ত্তা-

স্তস্মাত্তান্ নিদধতি; নিধনভাজিনো হ্যেতস্য সাম্নঃ এবং খল্বমুমাদিত্যꣳ সপ্তবিধꣳ সামোপাস্তে ॥১৩০॥৮

ইতি দ্বিতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥৯॥

অথ, প্রথমাস্তমিতে (অস্তগমনোন্মুখে সূর্য্যে) যৎ (রূপং), তৎ নিধনং, পিতরঃ (পিতৃপুরুষাঃ) অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ; তস্মাৎ [হেতোঃ] তান্ (পিতৃ-পিতামহাদিরূপান্) নিদধতি (দর্ভেষু নিক্ষিপন্তি) [গৃহিণঃ ইতি শেষঃ]; হি (যস্মাৎ) [তে] এতস্য সাম্নঃ নিধনভাজিনঃ। এবং (উক্তরীত্যা) খলু অমুম্ আদিত্যং সপ্তবিধং সাম উপাস্তে॥

ইতঃপর অস্তগমনোন্মুখ সূর্য্যের যে রূপ, তাহাই নিধনস্বরূপ; পিতৃগণ তাঁহার সেইরূপে অনুগত; সেইকারণেই [শ্রাদ্ধকালে] তাঁহাদিগকে কুশের উপর স্থাপন করা হইয়া থাকে; এইরূপেই এই আদিত্য-দৃষ্টিতে সপ্তবিধ সামের উপাসনা করিয়া থাকে॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে নবমঃ খণ্ডঃ ॥৯॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যৎ প্রথমাস্তমিতে অদর্শনং জিগমিষতি সবিতরি, তন্নিধনম্; তদস্য পিতরঃ অন্বায়ত্তাঃ, তস্মাৎ তান্ নিদধতি—পিতৃপিতামহপ্রপিতামহরূপেণ দর্ভেষু নিক্ষিপন্তি তান্; তদর্থং পিণ্ডান্ বা স্থাপয়ন্তি। নিধনসম্বন্ধাৎ নিধনভাজিনো হি এতস্য সাম্নঃ পিতরঃ। এবমবয়বশঃ সপ্তধা বিভক্তং খলু অমুম্ আদিত্যং সপ্তবিধং সাম উপাস্তে যঃ, তস্য তদাপত্তিঃ ফলমিতি বাক্যশেষঃ॥১৩০॥৮

ইতি দ্বিতীয়াধ্যায়ে নবমঃ খণ্ডঃ ॥৯॥

আনন্দগিরিঃ।—তৎ সবিতৃরূপমিতি শেষঃ। তদ্দৃষ্ট্যা নিধনোপাসনে সমাপ্তিসামান্যং হেতুঃ। যথোক্তমাদিত্যরূপং পিতৃভিরুপজীব্যমিত্যত্র গমকমাহ—তস্মাদিত্যাদিনা। তত্র তত্র অথশব্দস্তত্তদুপাসনানন্তর্য্যার্থো ব্যাখ্যেয়ঃ। এবং খল্বিত্যাদিবাক্যমপেক্ষিতং পূরয়ন্ ব্যাকরোতি—এবমিতি ॥১৩০॥৮

ইতি দ্বিতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥৯॥

ভাষ্যানুবাদ।—ইহার পর যে, প্রথম অস্তমিতে অর্থাৎ সূর্য্য অস্তগমনোন্মুখ হইলে যে রূপ হয়, তাহাই 'নিধন'; পিতৃগণ ইঁহার সেইরূপে অনুগত আছেন; সেই কারণেই তাঁহাদিগকে নিহিত করে, অর্থাৎ পিতা, পিতামহ ও প্রপিতামহরূপে তাঁহাদিগকে কুশের উপর স্থাপন করিয়া থাকে; অথবা তাঁহাদের নিমিত্ত পিণ্ড স্থাপন করিয়া থাকে; পিতৃগণ যেহেতু নিধনের (কুশোপরি স্থাপনের) সহিত সম্বদ্ধ, সেই হেতুই তাঁহারা এই সামের 'নিধন'-ভাজী বলিয়া নিরূপিত হন। যে লোক উক্ত প্রকারে অবয়বক্রমে সপ্তভাগে বিভক্ত এই আদিত্যকে সপ্তবিধ সামরূপে উপাসনা করেন, তদ্ভাবপ্রাপ্তিই তাঁহার ফল হয়, এই অংশটুকু শ্রুতিবাক্যের শেষ বা অবশিষ্ট ॥১৩০॥৮

ইতি দ্বিতীয়াধ্যায়ে নবম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৯॥

দশমঃ খণ্ডঃ।

শাঙ্কর-ভাষ্যম্।—মৃত্যুঃ আদিত্যঃ, অহোরাত্রাদিকালেন জগতঃ প্রমাপয়িতৃত্বাৎ। তস্য অতিতরণায়েদং সামোপাসনমুপদিশ্যতে—

ভাষ্যানুবাদ।—দিবা রাত্রি প্রভৃতি কাল-পরিমাণ দ্বারা জগতের বিনাশ সাধন করে বলিয়া আদিত্যই মৃত্যুস্বরূপ; সেই মৃত্যু অতিক্রমের উদ্দেশে এই সামোপাসনা উপদিষ্ট হইতেছে।

অথ খল্বাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধꣳ সামোপাসীত। হিঙ্কার ইতি ত্র্যক্ষরং, প্রস্তাব ইতি ত্র্যক্ষরং, তৎসমম্ ॥১৩১॥১

অথ (আদিত্য-সামোপাসনাৎ পরং) খলু (নিশ্চয়ে) আত্ম-সম্মিতং (আত্মনা সামাবয়বতুল্যতয়া সম্মিতং, স্বসমানাক্ষরযুক্তমিত্যর্থঃ), অতিমৃত্যু (মৃত্যুভয়বারকং) সপ্তবিধং সাম উপাসীত,—'হিঙ্কারঃ' ইতি ত্র্যক্ষরং—(ত্রিভিঃ অক্ষরৈঃ যুক্তং), 'প্রস্তাবঃ' ইতি ত্র্যক্ষরং (হিঙ্কারপদং যথা ত্রিভিঃ অক্ষরৈঃ বর্ণৈঃ যুক্তং প্রস্তাব-পদমপি তথা ত্রিভিঃ অক্ষরৈঃ যুক্তম্) ইতি হেতোঃ ত্র্যক্ষরং তৎ (হিঙ্কার-প্রস্তাব-ভক্তিদ্বয়ং) সমং (সমানাক্ষরভাগিত্বাৎ)॥

আদিত্যরূপী সামোপাসনার পর মৃত্যুভয়-বারক আত্মসম্মিত অর্থাৎ পরস্পর তুল্যাক্ষরযুক্ত সপ্তবিধ সামের উপাসনা করিবে। 'হিঙ্কার' এই পদটি তিন অক্ষর-যুক্ত, 'প্রস্তাব' পদটিও তিন অক্ষর-যুক্ত; অতএব, হিঙ্কার ও প্রস্তাব উভয়ে সমান॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ খলু অনন্তরম্, আদিত্যমৃত্যুবিষয়সামোপাসনস্য; আত্মসম্মিতং স্বাবয়বতুল্যতয়া মিতং, পরমাত্মতুল্যতয়া বা সম্মিতম্, অতিমৃত্যু মৃত্যুজয়হেতুত্বাৎ।

যথা প্রথমেঽধ্যায়ে উদ্গীথভক্তি-নামাক্ষরাণি 'উদ্গীথঃ' ইত্যুপাস্যত্বেনোক্তানি, তথেহ সাম্নঃ সপ্তবিধভক্তি-নামাক্ষরাণি সমাহৃত্য ত্রিভিস্ত্রিভিঃ সমতয়া সামত্বং পরিকল্প্য উপাস্যত্বেনোচ্যন্তে। তদুপাসনং মৃত্যুগোচরাক্ষর-সঙ্খ্যাসামান্যেন মৃত্যুং প্রাপ্য, তদতিরিক্তাক্ষরেণ তস্যাদিত্যস্য মৃত্যোরতিক্রমণায়ৈব সংক্রমণং কল্পয়তি। অতিমৃত্যু সপ্তবিধং সামোপাসীত; মৃত্যুমতিক্রান্তম্ অতিরিক্তাক্ষরসঙ্খ্যয়েতি

অতিমৃত্যু সাম। তস্য প্রথমভক্তি-নামাক্ষরাণি হিঙ্কার ইতি; এতৎ ত্র্যক্ষরং ভক্তি-নাম। প্রস্তাব ইতি চ ভক্তেঃ ত্র্যক্ষরমেব নাম; তৎ পূর্ব্বেণ সমম্ ॥১৩১॥১

আনন্দগিরিঃ।—অথ খল্বাত্মসংমিতমিত্যাদেস্তাৎপর্য্যমাহ—মৃত্যুরিতি। অনন্তর-মিত্যস্যাপেক্ষিতং নিক্ষিপতি—আদিত্যেতি। স্বশব্দেন সামোচ্যতে, তস্যাবয়বা হিংকারাদয়ঃ তন্নামাক্ষরাণাং ত্রিত্বেন ত্রিত্বেন তুল্যতয়া মিতং জ্ঞাতং সামেত্যর্থঃ। যথা পরমাত্মাবগমো মৃত্যোর্মোক্ষণহেতুঃ, তথেদমুপাসনমপীত্যর্থান্তরমাহ—পরমাত্মেতি। কীদৃগত্রোপাসনং বিবক্ষিতম্? ইত্যপেক্ষায়াং সদৃষ্টান্তমুত্তরমাহ—যথেত্যাদিনা। উদ্গীথ ইত্যুদ্গীথভক্তের্নাম, তদক্ষরাণীতি যাবৎ। সামত্বং তেষাং নামাক্ষরাণামিত্যধ্যাহার্য্যম্। তদুপাসনং তেষামক্ষরাণামাদিত্যদৃষ্ট্যোপাসনমিত্যর্থঃ। মৃত্যুগোচরাক্ষরসংখ্যা একবিংশতিত্বলক্ষণা, সা অস্তি একানেকেষ্বক্ষরেষু তৎসামান্যেন তেষ্বক্ষরেষ্বাদিত্যদৃষ্ট্যা মৃত্যুমাদিত্যমিত্যর্থঃ। অতিক্রমণায় তৎসাধনমুপাসনমিতি শেষঃ। অতিমৃত্যু মৃত্যোরত্যয়হেতুত্বাদিত্যুক্তমেব স্পষ্টয়তি মৃত্যুমিতি। নামাক্ষরাণি কথ্যন্ত ইতি শেষঃ ॥১৩১॥১

ভাষ্যানুবাদ।—অথ অর্থ অনন্তর, অর্থাৎ আদিত্য ও মৃত্যুবিষয়ক সামোপাসনার পর; আত্ম-সম্মিত অর্থ—স্বীয় অবয়বের তুল্যপরিমাণ, [যে দুইটি সাম-ভক্তির চিন্তা করিতে হইবে, তাহাদের অক্ষরসংখ্যা সমান থাকা চাই] অথবা পরমাত্মারই সমান; যেহেতু ইহাই মৃত্যুজয়ের হেতু; এই হেতু অতিমৃত্যু এই সপ্তপ্রকার সামের উপাসনা করিবে। অক্ষরগত সংখ্যার আধিক্যনিবন্ধন মৃত্যুকে অতিক্রম করিয়াছে, এই কারণে সামকে 'অতিমৃত্যু' [বলা হয়], * সেই সামের প্রথম ভক্তিগত নামের অক্ষর—'হিঙ্কার', এই ভক্তি নামটি তিন অক্ষর-(হিং, কা, র) যুক্ত; আবার 'প্রস্তাব'-ভক্তির নামটিও তিন অক্ষরযুক্ত; সুতরাং ইহা ('প্রস্তাব' নামটি) পূর্ব্বের (হিঙ্কার নামের) সমান।

প্রথম অধ্যায়ে যেরূপ 'উদ্গীথ' শব্দের উৎ, গী, থ, এই অক্ষরসমূহই 'উদ্গীথ'-রূপে উপাস্য বলিয়া অভিহিত হইয়াছে; তেমনি এখানেও সামের সপ্তপ্রকার ভক্তির (হিং, কা, র প্রভৃতি) নামাক্ষরসমূহ একত্র করিয়া তিন-তিন অক্ষরে সমান হয় বলিয়া তাহাদের সামত্ব কল্পনা করিয়া, এখানে উপাসনা অভিহিত হইতেছে। একবিংশতি অক্ষরই মৃত্যুর অধিকারভুক্ত; সুতরাং তদনুসারে সেই (একবিংশতি) অক্ষরের উপাসনায়ও মৃত্যু-প্রাপ্তি অবশ্যম্ভাবী হইয়া থাকে; কেবল সেই অতিরিক্ত একটিমাত্র অক্ষর দ্বারাই আদিত্যসংজ্ঞক

---

* তাৎপর্য্য—সপ্তবিধ সামভক্তির সমস্ত নামই তিন কিংবা দুই অক্ষর হিসাবে গণনা করিলে পরস্পরে সমান হয়; কেবল একটি মাত্র অক্ষর অধিক থাকে; সেই অতিরিক্ত অক্ষরটিকেই মৃত্যু-জয়ের হেতু বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

মৃত্যুভয় অতিক্রম করিতে পারা যায়; এই জন্য ইতঃপর তদুপযুক্ত উপাসনা পরিকল্পিত হইতেছে * ॥১৩১॥১

আদিরিতি দ্ব্যক্ষরং প্রতিহার ইতি চতুরক্ষরম্; তত ইহৈকং তৎ সমম্ ॥১৩২॥২

আদিঃ ইতি দ্ব্যক্ষরং (অক্ষরদ্বয়যুক্তং), প্রতিহারঃ ইতি [তু] চতুরক্ষরং (বর্ণচতুষ্টয়যুক্তং), ততঃ (তস্মাৎ 'প্রতিহার'-শব্দাৎ) একম্ (অক্ষরম্) [আনীয়] ইহ (আদিশব্দে) [দীয়তে, ততশ্চ] তৎ (আদি-পদং) সমং (ত্র্যক্ষরত্বেন সমানং ভবতি)॥

আদি এই পদটি দুই অক্ষরযুক্ত, আর 'প্রতিহার' পদটি চারি অক্ষরযুক্ত; এই প্রতিহার পদ হইতে একটি অক্ষর লইয়া, 'আদি' পদে সংযোজিত করিলে [তিন অক্ষর হয়; সুতরাং তাহা হইলেই] ইহা তাহার সমান হইয়া যায়॥

শাঙ্কর-ভাষ্যম্।—আদিরিতি দ্ব্যক্ষরং, সপ্তবিধস্য সাম্নঃ সঙ্খ্যাপূরণে ওঙ্কারঃ 'আদিঃ' ইত্যুচ্যতে। প্রতিহার ইতি চতুরক্ষরম্। তত ইহ একমক্ষরম্ অবচ্ছিদ্য আদ্যক্ষরয়োঃ প্রক্ষিপ্যতে; তেন তৎ সমমেব ভবতি॥১৩২॥২

আনন্দগিরিঃ।—আদ্যক্ষরয়োঃ আদিভক্তি-নামাক্ষরয়োরিতি যাবৎ। তেন প্রক্ষেপেণ তৎ আদি-ভক্তিনাম প্রতিহারনাম্না তুল্যমেবেত্যর্থঃ॥১৩২॥২

ভাষ্যানুবাদ।—সংখ্যানুসারে 'ওঙ্কার'ই সপ্তবিধ সামের আদি, এই জন্য তাহাকে 'আদি' বলা হইয়া থাকে; 'আদি' এইটি দুই অক্ষরযুক্ত; আর 'প্রতিহার' পদটি চারি অক্ষরযুক্ত; সেই হেতু এই 'প্রতিহার' পদ হইতে একটি অক্ষরকে পৃথক্ করিয়া 'আদি'র অক্ষরদ্বয়মধ্যে প্রক্ষেপ করা হয়, তাহাতে উহারা উভয়েই (তিন অক্ষরযুক্ত হওয়ায়) সমান হয়॥১৩২॥২

উদ্গীথ ইতি ত্র্যক্ষরমুপদ্রব ইতি চতুরক্ষরং; ত্রিভিস্ত্রিভিঃ সমং ভবত্যক্ষরমতিশিষ্যতে, ত্র্যক্ষরং তৎসমম্ ॥১৩৩॥৩

উদ্গীথ ইতি ত্র্যক্ষরম্, উপদ্রব ইতি চতুরক্ষরম্; [সুতরাং] ত্রিভিঃ ত্রিভিঃ (উৎ-গী-থকাররূপৈঃ উ-প-দ্র-ব-রূপৈশ্চ অক্ষরৈঃ) সমং (তুল্যাক্ষরং) ভবতি, অক্ষরম্ (একো বর্ণঃ—বকারঃ) অতিশিষ্যতে (অতিরিচ্যতে); [অতঃ] ত্র্যক্ষরং তৎ (পদদ্বয়ং) সমম্ [এব] [নতু বিষমম্]॥

---

* তাৎপর্য্য—সপ্তবিধ সামভক্তির সাতটি নামে মোট ২২টি অক্ষর আছে; তন্মধ্যে তিন তিনটি করিয়া একুশটি অক্ষর পরস্পর সমান হইলে, কেবল একটি মাত্র অক্ষর অবশিষ্ট থাকিল; সেই অক্ষরটির উপাসনা দ্বারাই মৃত্যুভয় অতিক্রম করা যায়, কিন্তু অপর একুশটির উপাসনায় অতিক্রম করা যায় না।

'উদ্গীথ' এই পদটি তিন অক্ষরযুক্ত, আর 'উপদ্রব' এই পদটি চারি অক্ষরযুক্ত, ইহারা তিন তিন অক্ষরে সমান হয়, কিন্তু একটিমাত্র অক্ষর (ব অক্ষরটি) অতিরিক্ত থাকে ; তিন অক্ষরযুক্ত অপর অংশগুলি সমান ॥

শাঙ্কর-ভাষ্যম্।—উদ্গীথ ইতি ত্র্যক্ষরম্ উপদ্রব ইতি চতুরক্ষরং, ত্রিভিঃ ত্রিভিঃ সমং ভবতি। অক্ষরমতিশিষ্যতে অতিরিচ্যতে। তেন বৈষম্যে প্রাপ্তে সাম্নঃ সমত্বকরণায়াহ—তদেকমপি সদ্ অক্ষরমিতি ত্র্যক্ষরমেব ভবতি; অতঃ তৎ সমম্ ॥১৩৩॥৩

আনন্দগিরিঃ।—॥১৩৩॥৩

ভাষ্যানুবাদ।—'উদ্গীথ' এইটি তিন অক্ষরযুক্ত, আর 'উপদ্রব' পদটি চারি অক্ষরযুক্ত ; তিন তিন অক্ষরে উহারা সমান ; একটিমাত্র ('ব'কার) অতিরিক্ত বা অধিক থাকে। এই জন্য বৈষম্য-প্রাপ্তির সম্ভাবনায় সামের সমত্ব ধর্ম্ম সম্পাদনের জন্য বলিতেছেন—উহা একটি মাত্র অক্ষর হইলেও প্রকৃতপক্ষে উহা ত্র্যক্ষরই বটে ; অতএব তাহা সমানই বটে ॥১৩৩॥৩

নিধনমিতি ত্র্যক্ষরং তৎসমমেব ভবতি, তানি হ বা এতানি দ্বাবিংশতিরক্ষরাণি ॥১৩৪॥৪

নিধনম্ ইতি [পদং] ত্র্যক্ষরম্ ; তৎ (নিধনং) সমম্ (ত্র্যক্ষরত্বেন অন্যেষাং সামপদানাং সমানম্) এব ভবতি। তানি এতানি, হ বৈ (ইত্যনর্থকৌ নিপাতৌ) দ্বাবিংশতিঃ অক্ষরাণি [ভবন্তি] ॥

নিধন এই পদটি তিন অক্ষরবিশিষ্ট ; সুতরাং ইহা সমানই বটে। সেই এই সামাক্ষরসমূহ (মোট সংখ্যায়) দ্বাবিংশতি ॥

শাঙ্কর-ভাষ্যম্।—নিধনমিতি ত্র্যক্ষরং, তৎ সমমেব ভবতি, এবং ত্র্যক্ষর-সমতয়া সামত্বং সম্পাদ্য যথাপ্রাপ্তান্যেব অক্ষরাণি সঙ্খ্যায়ন্তে—তানি হ বা এতানি সপ্তভক্তিনামাক্ষরাণি দ্বাবিংশতিঃ ॥১৩৪॥৪

আনন্দগিরিঃ।—ননু যথোক্তয়া রীত্যা চতুর্বিংশত্যক্ষরাণি, তৎ কথং তানি হ বা এতানি দ্বাবিংশতিরক্ষরাণীতি ? তত্রাহ—এবমিতি ॥১৩১॥৪

ভাষ্যানুবাদ।—'নিধন' এই পদটি তিন অক্ষরযুক্ত ; সুতরাং ইহা সমানই বটে (অন্যান্য তিন অক্ষরযুক্ত পদের সমান)। এইরূপে তিন অক্ষরে সমান হওয়ায় ঐ পদের সমত্ব সমর্থন করিয়া উপস্থিত অক্ষরসমূহের পরিগণনা করা হইতেছে—সেই এই সপ্তভক্তি সামের অক্ষরসমূহ দ্বাবিংশতি-সংখ্যক, অর্থাৎ সংখ্যায় বাইশটি ॥১৩৪॥৪

একবিꣳশত্যাদিত্যমাপ্নোত্যেকবিꣳশো বা ইতোঽসাবাদিত্যো দ্বাবিꣳশেন পরমাদিত্যাজ্জয়তি তন্নাকং তদ্বিশোকম্ ॥১৩৫॥৫

একবিংশত্যা [অক্ষরৈঃ] আদিত্যম্ (মৃত্যুরূপম্) আপ্নোতি ; বৈ (যতঃ) অসৌ আদিত্যঃ ইতঃ (অস্মাৎ লোকাৎ দ্বাদশমাস-পঞ্চর্ত্তু-ত্রিলোকাপেক্ষয়া) একবিংশঃ (একবিংশতিসংখ্যকঃ) ; দ্বাবিংশেন (অতিরিক্তেন অক্ষরেণ) আদিত্যাৎ পরং (স্থানং) জয়তি ; তৎ (স্থানং) নাকং (সুখময়ং) তচ্চ বিশোকং (সর্ব্বশোকবিরহিতম্) ॥

উক্ত একুশটি অক্ষর দ্বারা মৃত্যুরূপী আদিত্যকে প্রাপ্ত হইয়া থাকে ; কেননা, উক্ত আদিত্য এই লোক অপেক্ষা গণনা করিলে একবিংশতি হইয়া থাকে। আর অতিরিক্ত দ্বাবিংশ অক্ষরটি দ্বারা আদিত্যেরও অতীত লোককে জয় করিয়া থাকে ; সেই স্থানই নাক—সেই স্থানই বিশোক অর্থাৎ সর্ব্ববিধ শোক-দুঃখরহিত আনন্দময় ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তত্রৈকবিংশত্যক্ষরসঙ্খ্যয়া আদিত্যম্ আপ্নোতি মৃত্যুম্। যস্মাৎ একবিংশ ইতোঽস্মাৎ লোকাৎ অসাবাদিত্যঃ সঙ্খ্যয়া। 'দ্বাদশ মাসাঃ পঞ্চর্ত্তবঃ ত্রয় ইমে লোকাঃ, অসাবাদিত্য একবিংশঃ' ইতি শ্রুতেঃ ; অতিশিষ্টেন দ্বাবিংশেন অক্ষরেণ পরং মৃত্যোরাদিত্যাৎ জয়তি আপ্নোতীত্যর্থঃ। যচ্চ তদাদিত্যাৎ পরম্ ; কিং তৎ ? নাকম্ কমিতি সুখং, তস্য প্রতিষেধোঽকং তৎ ন ভবতীতি নাকম্, কমেবেত্যর্থঃ অমৃত্যুবিষয়ত্বাৎ। বিশোকং চ তৎ বিগতশোকং মানসদুঃখ-রহিতমিত্যর্থঃ,—তৎ আপ্নোতীতি ॥১৩৫॥৫

আনন্দগিরিঃ।—আদিত্যস্য অস্মাল্লোকাদেকবিংশত্বে শ্রুত্যন্তরং প্রমাণয়তি—দ্বাদশেতি। হেমন্তশিশিরাবেকীকৃত্য পঞ্চর্ত্তব ইত্যুক্তম্। আদিত্যস্যাহোরাত্রাভ্যাং পৌনঃপুন্যেন মৃত্যুহেতুত্বমস্মিন্ লোকে দৃশ্যতে। তদয়ং লোকঃ মৃত্যুবিষয়ত্বাৎ দুঃখাত্মকঃ, তদভাবাদ্ ব্রহ্মলোকঃ সুখাত্মক ইতি মত্বাহ—মৃত্যুবিষয়ত্বাদিতি ॥১৩৫॥৫

ভাষ্যানুবাদ।—তন্মধ্যে একবিংশতিসংখ্যক অক্ষর দ্বারা মৃত্যুরূপী আদিত্যকে প্রাপ্ত হয় ; কারণ, ঐ আদিত্য এই লোক হইতে গণনা করিলে সংখ্যায় নিশ্চয়ই একবিংশতি হয় ; যেহেতু শ্রুতি আছে যে, 'দ্বাদশ মাস, পঞ্চ ঋতু, এই ত্রিলোক [ইহারা মিলিতভাবে বিংশতি, আর] এই আদিত্যই তাহাদের একবিংশতি—' ইতি। একবিংশতির অধিক—দ্বাবিংশ অক্ষর দ্বারা মৃত্যুরূপী আদিত্যেরও পরবর্ত্তী স্থানকে জয় করে, অর্থাৎ প্রাপ্ত হইয়া থাকে। আদিত্যের পরবর্ত্তী যে স্থান, তাহা কি ? [উত্তর]—'নাক' ; ক অর্থ—সুখ ; তাহার অভাব—'অক', যাহা 'অক' হয় না, তাহা 'নাক', অর্থাৎ তাহা মৃত্যুর অবিষয় বলিয়া কেবলই ক—

সুখস্বরূপ। আর তাহা বিশোক—বিগতশোক; অর্থাৎ মানসিক দুঃখরহিতও বটে; এবংবিধ সেই স্থানকে প্রাপ্ত হয় ॥১৩৫॥৫

আপ্নোতি হাদিত্যস্য জয়ং, পরো হাস্যাদিত্যজয়াজ্জয়ো ভবতি, য এতদেবং বিদ্বানাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধꣳ সামোপাস্তে সামোপাস্তে ॥১৩৬॥৬

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥১০॥

[উক্তমেবার্থং সংক্ষিপ্যাহ—"আপ্নোতি" ইত্যাদিনা]। আদিত্যস্য জয়ম্ [অনু—লক্ষ্যীকৃত্য] আপ্নোতি [তৎ স্থানমিত্যর্থঃ]। [কিঞ্চ,] যঃ (জনঃ) এতৎ (উক্তং সাম) এবং (যথোক্তপ্রকারেণ) বিদ্বান্ (জানন্ সন্) আত্মসম্মিতম্ (আত্মতুল্যম্) অতিমৃত্যু সপ্তবিধং সাম উপাস্তে, অস্য (এবংবিদঃ) হ আদিত্য-জয়াৎ পরঃ (উত্তমঃ) জয়ঃ ভবতি। দ্বিরুক্তিঃ সপ্তবিধ-সামোপাসনসমাপ্ত্যর্থা ॥

পূর্ব্বোক্ত বিষয়ই সংক্ষেপে বলিতেছেন—আদিত্য জয়ের পর [সেই বিশোক স্থান] প্রাপ্ত হয়, বিশেষতঃ, যে লোক ইহা এইরূপে অবগত হইয়া, আত্মতুল্য ও মৃত্যুর অগোচর সপ্তবিধ সামের উপাসনা করে, তাহার আদিত্য জয় অপেক্ষাও উত্তম স্থান জয় হয়। সপ্তবিধ সামোপাসনার প্রসঙ্গ-সমাপ্তি সূচনার জন্য "সামোপাস্তে" কথার দ্বিরুক্তি হইয়াছে ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে দশম খণ্ড ॥১০॥

শাঙ্কর-ভাষ্যম্।—উক্তস্যৈব পিণ্ডিতার্থমাহ—একবিংশতিসঙ্খ্যয়া আদিত্যস্য জয়ম্ অনু; (*) পরো হ, অস্য এবংবিদঃ আদিত্যজয়াৎ মৃত্যুগোচরাৎ পরো জয়ো ভবতি, দ্বাবিংশত্যক্ষরসঙ্খ্যয়েত্যর্থঃ। য এতদেবং বিদ্বানিত্যাদি উক্তার্থম্; তস্যৈতৎ যথোক্তং ফলমিতি। দ্বিরভ্যাসঃ সাপ্তবিধ্য-সমাপ্ত্যর্থঃ ॥১৩৬॥৬

ইতি দ্বিতীয়াধ্যায়ে দশমখণ্ডভাষ্যম্ ॥১০॥

আনন্দগিরিঃ।—পূর্ব্বেণোত্তরস্য পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—উক্তস্যৈবেতি। ব্যাখ্যা-তস্যৈব গ্রন্থস্য সমুদায়ার্থঃ সংক্ষিপ্য বুদ্ধিসৌকর্য্যার্থমনন্তরগ্রন্থেনোচ্যতে। তন্ন পৌন-রুক্ত্যমিত্যর্থঃ। জয়ম্ অনু পরো জয়ো ভবতীতি সম্বন্ধঃ। পরো হাস্যেত্যুপাত্তং বাক্যং ব্যাকরোতি—এবংবিধ ইতি। ফলমিতি শেষ ইতি যাবৎ। সাপ্তবিধ্যং সপ্তবিধত্বং, তদুপেতসামোপাসনস্য সমাপ্ত্যর্থোঽভ্যাস ইত্যর্থঃ ॥১৩৬॥৬

ভাষ্যানুবাদ।—পূর্ব্বোক্ত শ্রুতিরই সংক্ষিপ্তার্থ বলিতেছেন—একবিংশতি সংখ্যা দ্বারা আদিত্য জয়কে লক্ষ্য করিয়া [প্রাপ্ত হয়,] ইহার যথোক্তপ্রকার বিদ্বানের দ্বাবিংশতি অক্ষর সংখ্যা দ্বারা মৃত্যুর অধিকৃত আদিত্য জয়াপেক্ষাও উৎকৃষ্ট জয় হইয়া থাকে। 'যিনি ইহা এইরূপ জানিয়া' ইত্যাদির অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে; ইহাই উক্ত প্রকার উপাসনার ফল। সপ্তবিধ সামোপাসনা সমাপ্তির জন্য ["সামোপাস্তে" কথার] দ্বিরুক্তি হইয়াছে ॥১৩৬॥৬

ইতি দ্বিতীয় অধ্যায়ের দশম খণ্ডের ভাষ্যানুবাদ ॥১০॥

---

* 'জয়মপ্নোতি' ইতি ক্বচিৎ পাঠঃ।

একাদশঃ খণ্ডঃ ।

মনো হিঙ্কারো বাক্‌প্রস্তাবশ্চক্ষুরুদ্গীথঃ শ্রোত্রং প্রতিহারঃ প্রাণো নিধনম্ ; এতদ্গায়ত্রং প্রাণেষু প্রোতম্ ॥১৩৭॥১

[ইদানীং নামনির্দ্দেশপূর্ব্বকং পৃথক্ পৃথক্ সামোপাসনপ্রকারান্ বক্তুমুপক্রমতে "মনঃ" ইত্যাদি।]—মনঃ (চিত্তং) হিঙ্কারঃ ; বাক্ (বাগিন্দ্রিয়ং) প্রস্তাবঃ ; চক্ষুঃ উদ্গীথঃ ; শ্রোত্রং প্রতিহারঃ ; প্রাণঃ (পঞ্চবৃত্তিকঃ) নিধনম্ ; এতৎ (যথোক্তং) গায়ত্রং (গায়ত্রসংজ্ঞকম্ উপাসনং) প্রাণেষু প্রোতম্ (অনুস্যূতম্ ; প্রাণাধীনত্বাৎ গায়ত্র্যা ইতি ভাবঃ)।

এখন গায়ত্রাদি নাম নির্দ্দেশপূর্ব্বক সামভক্তির উপাসনাপ্রণালী কথিত হইতেছে—মনই হিঙ্কারস্বরূপ ; তাহার পর বাগিন্দ্রিয়ই প্রস্তাবস্বরূপ ; চক্ষুরিন্দ্রিয়ই উদ্গীথ-স্বরূপ ; শ্রোত্রই প্রতিহার এবং পঞ্চবৃত্তি বায়ুরূপী প্রাণ নিধনস্বরূপ ; এই 'গায়ত্র'-নামক উপাসনা প্রাণবিষয়েই নিয়তসম্বদ্ধ ॥

শাঙ্কর-ভাষ্যম্।—বিনা নামগ্রহণং পঞ্চবিধস্য সপ্তবিধস্য চ সাম্ন উপাসনমুক্তম্। অথেদানীং গায়ত্রাদি-নামগ্রহণপূর্ব্বকং বিশিষ্টফলানি সামোপাসনান্তরাণ্যুচ্যন্তে। যথাক্রমং গায়ত্রাদীনাং কর্ম্মণি প্রয়োগঃ, তথৈব মনো হিঙ্কারঃ, মনসঃ সর্ব্বকরণ-প্রবৃত্তীনাং প্রাথম্যাৎ। তদানন্তর্য্যাৎ বাক্ প্রস্তাবঃ ; চক্ষুঃ উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। শ্রোত্রং প্রতিহারঃ, প্রতিহৃতত্বাৎ। প্রাণো নিধনং, যথোক্তানাং প্রাণে নিধনাৎ স্বাপকালে। এতদ্ গায়ত্রং সাম প্রাণেষু প্রোতম্ ; গায়ত্র্যাঃ প্রাণসংস্তুত-ত্বাৎ ॥১৩৭॥১

আনন্দগিরিঃ।—ননু পঞ্চবিধস্য সপ্তবিধস্য চ সাম্নো ধ্যানং ব্যাখ্যাতম্। তথা চ জ্ঞাতবিষয়ে বক্তব্যাভাবাদলমনন্তরগ্রন্থেন, ইত্যাশঙ্ক্য পূর্ব্বোত্তরগ্রন্থয়োরর্থভেদমাহ—বিনেত্যাদিনা। গায়ত্রং রথন্তরমিত্যাদি-নামগ্রহণেন বিশিষ্টানি বিশিষ্টফলানি চেত্যর্থঃ। কথং পুনর্ব্বক্ষ্যমাণেষু উপাসনেষু নির্দ্দেশক্রমসিদ্ধিঃ তত্রাহ—যথাক্রম-মিতি। যাদৃশং ক্রমমাশ্রিত্য তেষাং কর্ম্মণি প্রয়োগঃ কম্মিণামিষ্টঃ তেনৈব ক্রমেণ তদুপাসনোক্তিরিত্যর্থঃ। তত্রা প্রাণস্য ক্রিয়াজ্ঞানয়োরসম্ভবাৎ প্রাণস্য প্রধানত্বাৎ তদ্দৃষ্ট্যা গায়ত্রোপাস্তিমাদৌ দর্শয়তি—মনো হিংকার ইত্যাদিনা। প্রাণমেব বাগপ্যেতীত্যাদিশ্রুত্যা স্বাপকালে প্রাণে বাগাদীনাং নিধনমবধেয়ম্। প্রোতং প্রগতং প্রতিষ্ঠিতমিতি যাবৎ। গায়ত্রস্য প্রাণেষু প্রতিষ্ঠিতত্বে হেতুমাহ—গায়ত্র্যা ইতি। প্রাণো বৈ গায়ত্রীতি হি শ্রুতিঃ ॥১৩৭॥১

ভাষ্যানুবাদ।—[উপাসনায়] নামোল্লেখ ব্যতিরেকেই ইতঃপূর্ব্বে পঞ্চবিধ ও সপ্তবিধ সামের উপাসনা উক্ত হইয়াছে। তাহার পর এখন 'গায়ত্র' প্রভৃতি নামোল্লেখপূর্ব্বক বিশিষ্ট ফলপ্রদ অপরাপর সামোপাসনা কথিত হইতেছে—

যেরূপ ক্রমানুসারে প্রসিদ্ধ গায়ত্রাদিসামের কর্ম্মানুষ্ঠানে প্রয়োগ হইয়া থাকে, সেইরূপ ক্রমানুসারে মনই হিংকার; কেননা, মনই সমস্ত ইন্দ্রিয়ব্যাপারে প্রথম, প্রয়োগমধ্যে হিংকারও প্রথম; তৎপরবর্ত্তিত্ব নিবন্ধন বাগিন্দ্রিয়ই প্রস্তাব*; শ্রেষ্ঠত্ব-বশতঃ চক্ষুই উদ্গীথ; বিষয় হইতে প্রত্যাহৃত হয় বলিয়া শ্রোত্রই প্রতিহার; প্রাণই নিধন; কারণ, সুষুপ্তিসময়ে প্রাগুক্ত সমস্ত ইন্দ্রিয়ই প্রাণে বিলীন হইয়া থাকে। গায়ত্রীকে প্রাণরূপে স্তব করা হয়; এই জন্য এই গায়ত্র-নামক সাম প্রাণেতে প্রোত, অর্থাৎ সর্ব্বতোভাবে প্রাণ-প্রতিষ্ঠিত ॥১৩৭॥১

স য † এবমেতদ্গায়ত্রং প্রাণেষু প্রোতং বেদ, প্রাণী ভবতি, সর্ব্বমায়ুরেতি জ্যোগ্জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; মহামনাঃ স্যাৎ; তদ্ব্রতম্ ॥১৩৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥২॥

[গায়ত্র-সামোপাসনায়াঃ ফলমাহ—"সঃ যঃ" ইত্যাদিনা।]—সঃ যঃ (কশ্চিৎ) এতৎ (যথোক্তং) গায়ত্রং (তদাখ্যং সাম) এবং যথোক্তেন প্রকারেণ প্রাণেষু প্রোতং (প্রতিষ্ঠিতং) বেদ (জানাতি), [সঃ বিদ্বান্] প্রাণী (অবিকলেন্দ্রিয়ঃ) ভবতি; সর্ব্বম্ আয়ুঃ (বর্ষশতম্) এতি (প্রাপ্নোতি); জ্যোক্ (তেজস্বী সন্) জীবতি; প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ (গবাদিভিঃ) [অপি] মহান্ (শ্রেষ্ঠঃ) ভবতি; কীর্ত্ত্যা (যশসা চ) মহান্ ভবতি। মহামনাঃ (উদারচিত্তঃ) স্যাৎ (ভবেৎ); [গায়ত্রোপাসকস্য] এতৎ (মহামনস্ত্বং ব্রতং) (নিয়ম-বিশেষঃ)।

যে কোন লোক কথিত প্রকারে এই গায়ত্রসংজ্ঞক সামকে প্রাণে প্রতিষ্ঠিত

---

* তাৎপর্য্য—কোন কার্য্য করিতে হইলে প্রথমেই তদ্বিষয়ে মনে মনে সংকল্প হয়: পশ্চাৎ তদ্বিষয়ে ইন্দ্রিয়ের প্রবৃত্তি হয়; এই জন্য মনকে ইন্দ্রিয়-বৃত্তির 'অগ্রবর্ত্তী' বলা হইয়াছে। বিশেষতঃ অন্য শ্রুতি বলিয়াছেন, "মনসা সংকল্পয়তি, বাচা অভিলপতি, কর্ম্মণা চোপপাদয়তি"। অর্থাৎ প্রথমে মনে মনে সংকল্পনা (কর্ত্তব্যচিন্তা) করে, তাহার পর বাক্য দ্বারা তাহা ব্যক্ত করে, পশ্চাৎ কর্ম্ম বা অনুষ্ঠান দ্বারা তাহা নিষ্পাদিত করে। এতদনুসারে জানা যায় যে, বাগ্ব্যাপারের পূর্ব্বেই মনোব্যাপার হইয়া থাকে; সুতরাং বাগিন্দ্রিয়ে মনের আনন্তর্য্য রহিয়াছে। এই আনন্তর্য্যরূপ সাদৃশ্যানুসারেই প্রস্তাবকে বাক্ বলা হইয়াছে॥

† স এব মেতদ্গায়ত্রম্—ইতি বা পাঠঃ।

জানেন ; তিনি পটুতর ইন্দ্রিয়-সম্পন্ন হন ; সম্পূর্ণ আয়ু (একশত বৎসর) প্রাপ্ত হন ; প্রশস্ত জীবন লাভ করেন ; সন্তান ও পশু দ্বারা মহান্ (বড়) হন এবং কীর্ত্তি দ্বারাও মহান্ হন, [গায়ত্রোপাসককে] মহামনা অর্থাৎ উদারহৃদয় হইতে হইবে, ইহাই তাঁহার ব্রত অর্থাৎ প্রতিপাল্য নিয়ম ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে একাদশঃ খণ্ডঃ ॥১১॥

শাঙ্কর-ভাষ্যম্ ।—স যঃ এবমেতদ্ গায়ত্রং প্রাণেষু প্রোতং বেদ ; প্রাণী ভবতি ; অবিকলকরণো ভবতীত্যেতৎ। সর্ব্বম্ আয়ুরেতি, 'শতং বর্ষাণি সর্ব্বমায়ুঃ পুরুষস্য' ইতি শ্রুতেঃ জ্যোক্ উজ্জ্বলঃ সন্ জীবতি। মহান্ ভবতি প্রজাদিভিঃ। মহাংশ্চ কীর্ত্ত্যা। গায়ত্রোপাসকস্য এতদ্ ব্রতং ভবতি, যৎ মহামনাঃ অক্ষুদ্রচিত্তঃ স্যাদিত্যর্থঃ ॥১৩৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য একাদশখণ্ডভাষ্যম্ ॥১১॥

আনন্দগিরিঃ ।—অবিদুষোঽপি প্রাণিত্বসিদ্ধেঃ নেদং বিদ্যাফলমিত্যাশঙ্ক্যাহ—অবিকলেতি। কথং পুনঃ নানাজনীনং সর্ব্বমায়ুরেকো ধ্যাতা গন্তমলমিত্যাশঙ্ক্যাহ—শতমিতি। শতায়ুর্বৈ পুরুষ ইতি শ্রুতেরিত্যুচ্যতে। জ্যোক্‌শব্দো নিপাতঃ, স চোজ্জ্বলনার্থঃ ; উজ্জ্বলঃ স্বপরোপকারসমর্থ ইতি যাবৎ ॥১৩৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্যৈকাদশঃ খণ্ডঃ ॥১১॥

ভাষ্যানুবাদ ।—সেই যে কোন লোক এই গায়ত্রকে উক্ত প্রকারে প্রাণে প্রতিষ্ঠিত জানেন ; [তিনি] প্রাণী হন অর্থাৎ ইন্দ্রিয়বৈকল্য রহিত হন ; সমগ্র আয়ুঃ প্রাপ্ত হন ; যেহেতু শ্রুতিতে আছে, 'শত বর্ষই পুরুষের সম্পূর্ণ আয়ুঃ' [অতএব 'সমগ্র আয়ুঃ' পদে শতবর্ষ জীবন অর্থ বুঝিতে হইবে]। সন্তানাদি দ্বারা মহান্ হন, এবং কীর্ত্তি দ্বারাও মহান্ হন। গায়ত্রোপাসকের ইহাই ব্রত যে, তিনি মহামনা হইবেন, অর্থাৎ ক্ষুদ্রান্তঃকরণ হইবেন না ॥১৩৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ের একাদশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥১১॥

দ্বাদশঃ খণ্ডঃ।

অভিমন্থতি স হিঙ্কারো ধূমো জায়তে স প্রস্তাবো জ্বলতি স উদ্গীথোঽঙ্গারা ভবন্তি স প্রতিহার উপশাম্যতি তন্নিধনং সংশাম্যতি তন্নিধনমেতদ্ রথন্তরমগ্নৌ প্রোতম্ ॥১৩৯॥১

[পটুতরেন্দ্রিয়শালিনো হি মন্থনকর্তৃত্বং সম্ভবতি, অতঃ প্রাণদৃষ্ট্যনন্তরং মন্থনাদিদৃষ্টেরুপক্রমঃ।]—অভিমন্থতি (অগ্ন্যুৎপাদনার্থং যৎ কাষ্ঠং ঘর্ষতি), সঃ (তৎ মন্থনং) হিংকারঃ, [যৎ] ধূমঃ জায়তে (উৎপদ্যতে) সঃ প্রস্তাবঃ; [যৎ] জ্বলতি, সঃ উদ্গীথঃ; [যৎ] অঙ্গারাঃ ভবন্তি, সঃ প্রতিহারঃ; [যৎ] উপশাম্যতি (ক্ষীণতেজাঃ ভবতি), তৎ নিধনম্; [যৎ] সংশাম্যতি, (সম্যক্ নির্ব্বাতি), তৎ [অপি] নিধনম্। এতৎ (যথোক্তং) রথন্তরম্ [সাম] অগ্নৌ প্রোতম্ (অগ্নিপ্রতিষ্ঠিতম্)।

[যাহার প্রাণ বা ইন্দ্রিয়সমূহ সবল, সেই লোকই অগ্নিমন্থনে সমর্থ হয়; এই জন্য প্রাণোপাসনার পর মন্থনাদি দৃষ্টির বিধান।]—[অগ্নি উৎপাদনার্থ কাষ্ঠে যে,] মন্থন করে, তাহাই হিঙ্কার; [তাহা হইতে যে,] ধূম জন্মে, তাহাই প্রস্তাব; [আর যে, অগ্নি] জ্বলে, তাহাই উদ্গীথ; [তাহাতে যে,] অঙ্গারসমূহ হয়, তাহাই প্রতিহার; [অগ্নি যে,] উপশান্ত বা ক্ষীণতা প্রাপ্ত হয়, তাহাই নিধন আর যে সম্যক্ নির্ব্বাপিত হয়, তাহাও নিধন; এই রথন্তর সামটি অগ্নিতে প্রোত [অর্থাৎ প্রতিষ্ঠিত আছে]॥

শাঙ্কর-ভাষ্যম্।—অভিমন্থতি স হিঙ্কারঃ, প্রাথম্যাৎ। অগ্নের্ধূমো জায়তে, স প্রস্তাবঃ; আনন্তর্য্যাৎ। জ্বলতি, স উদ্গীথঃ; হবিঃসম্বন্ধাৎ শ্রৈষ্ঠ্যং জ্বলনস্য। অঙ্গারা ভবন্তি, স প্রতিহারঃ, অঙ্গারাণাং প্রতিহৃতত্বাৎ। উপশমঃ সাবশেষত্বাদগ্নেঃ; সংশমো নিঃশেষোপশমঃ, সমাপ্তিসামান্যাৎ নিধনম্। এতৎ রথন্তরম্ অগ্নৌ প্রোতম্; মন্থনে হি অগ্নির্গীয়তে॥১৩৯॥১

আনন্দগিরিঃ।—সমগ্রপ্রাণবতো মন্থনকর্তৃত্বসম্ভবাৎ প্রাণদৃষ্ট্যনন্তরং মন্থনাদি-দৃষ্টিমবতারয়তি—অভিমন্থতীত্যাদিনা। উপশমঃ সংশমশ্চেত্যর্থভেদাভাবাৎ পুনরুক্তি-মাশঙ্ক্য সাবশেষ-নিরবশেষত্বাভ্যাং বিশেষমাহ—উপশম ইতি। কথং পুনঃ রথন্তরসাম্নোঽগ্নৌ প্রতিষ্ঠিতত্বম্। নহি তত্র কিঞ্চিন্নিমিত্তমুপলভ্যতে, অত আহ—মন্থনে হীতি। মন্থনং নিমিত্তীকৃত্য অগ্নেরুৎপত্তৌ রথন্তরসাম্নো গীয়মানত্বদর্শনাদগ্নৌ তস্য প্রতিষ্ঠিতত্বসিদ্ধিরিত্যর্থঃ ॥১৩৯॥১

ভাষ্যানুবাদ।—[লোকে অগ্ন্যুৎপাদনার্থ কাষ্ঠেতে যে] মন্থন করে, প্রাথমিকত্ব নিবন্ধন তাহাই হিঙ্কার; অগ্নি হইতে যে ধূম জন্মে, তাহাই প্রস্তাব, কারণ, [উভয়ই] অনন্তরভাবী; তাহার পর যে প্রজ্বলিত হয়, তাহাই উদ্গীথ; কারণ, হবির (দেবতার উদ্দেশে প্রদেয় ঘৃতাদির) সহিত সম্বন্ধ-নিবন্ধন এখানে অগ্নিরই শ্রেষ্ঠত্ব। আর যে, অঙ্গারসমূহ হয়, তাহাই প্রতিহার; কারণ, [অঙ্গারসমূহ পুনশ্চ] সংগ্রহ করিয়া রাখা হয়। উপশম অর্থ—অগ্নির সাবশেষ ভাব অর্থাৎ কিঞ্চিৎ অবশিষ্ট থাকা, আর সংশম অর্থ—একেবারে নিঃশেষ হওয়া; সমাপ্তি-ধর্ম্মের সাদৃশ্য থাকায় [ঐ উভয়ই] নিধনস্বরূপ। এই 'রথন্তর' সাম অগ্নিতে প্রতিষ্ঠিত; কারণ মন্থনকার্য্যে অগ্নিরই স্তুতিগান করা হইয়া থাকে ॥১৩৯॥১

স য এবমেতদ্ রথন্তরমগ্নৌ প্রোতং বেদ, ব্রহ্মবর্চ্চস্যন্নাদো ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; ন প্রত্যঙঙগ্নিমাচামেন্ন নিষ্ঠীবেৎ; তদ্ ব্রতম্ ॥১৪০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥১২॥

সঃ যঃ (কশ্চিৎ) এতৎ (যথোক্তং) রথন্তরং (সাম) অগ্নৌ প্রোতং বেদ (জানাতি); [সঃ বিদ্বান্] ব্রহ্মবর্চ্চসী (সদাচার-বেদাধ্যয়নাদিজনিতং তেজঃ ব্রহ্মবর্চ্চসং, তদ্বান্) অন্নাদঃ (প্রভূতান্নভোগী) [চ] ভবতি; সর্ব্বম্ আয়ুঃ (বর্ষ-শতমিতম্) এতি; জ্যোক্ (কান্তিমান্ সন্) জীবতি; প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ চ মহান্ ভবতি; কীর্ত্ত্যা (যশসা চ) মহান্ ভবতি অগ্নিং প্রত্যক্ (অগ্ন্যভি-মুখঃ সন্) ন আচামেৎ (ন ভক্ষয়েৎ), ন নিষ্ঠীবেৎ (অগ্নৌ শ্লেষ্মত্যাগং চ ন কুর্য্যাৎ), এতৎ (অনাচমনম্, অনিষ্ঠীবনং চ) ব্রতম্, (রথন্তরসামবিদঃ নিয়মবিশেষঃ) ॥

যে কোন লোকে যথোক্ত প্রকারে এই রথন্তরসামকে অবগত হন, তিনি ব্রহ্মবর্চ্চস যুক্ত হন; প্রভূত অন্নভোগী হন; সম্পূর্ণ আয়ু লাভ করেন; কান্তিমান্ হইয়া জীবন ধারণ করেন; সন্তান ও পশু-সম্পদে বলীয়ান্ হন, এবং কীর্ত্তি দ্বারাও মহত্ত্ব লাভ করেন। [উক্তবিধ বিদ্বান্] অগ্নির সম্মুখে ভক্ষণ করিবেন না এবং নিষ্ঠীবন ত্যাগ (শ্লেষ্মা নিক্ষেপ) করিবেন না; ইহাই তাঁহার ব্রত ॥]

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বাদশঃ খণ্ডঃ ॥১২॥

শাঙ্কর-ভাষ্যম্।—স য ইত্যাদি পূর্ব্ববৎ। ব্রহ্মবর্চ্চসী, বৃত্তস্বাধ্যায়নিমিত্তং তেজো ব্রহ্মবর্চ্চসম্। তেজস্তু কেবলং ত্বিড়্ভাবঃ। অন্নাদো দীপ্তাগ্নিঃ। ন প্রত্যক্, অগ্নেরভিমুখো ন আচামেৎ ন ভক্ষয়েৎ কিঞ্চিৎ; ন নিষ্ঠীবেৎ শ্লেষ্ম-নিরসনঞ্চ ন কুর্য্যাৎ, তদ্‌ব্রতম্॥১৪০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাদশখণ্ডভাষ্যম্॥১২॥

আনন্দগিরিঃ।—নন্বত্র ব্রহ্মবর্চ্চসীতি ফলমুক্তং, বৃহদুপাসনে তু তেজস্বী ভবতীতি বক্ষ্যতে। ন চ ব্রহ্মবর্চ্চস-তেজসোর্ভেদঃ, তথা চ বৃহদ্রথন্তরোপাসনয়োর্ন ফলবৈষম্য-মত আহ—বৃত্তেতি॥১৪০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ॥১২॥

ভাষ্যানুবাদ।—"সঃ যঃ" ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ। ব্রহ্মবর্চ্চসী; উত্তম চরিত্র ও অধ্যয়নজনিত তেজের নাম—ব্রহ্মবর্চ্চস; আর সাধারণ কান্তিমাত্রের নাম—তেজঃ। অন্নাদ অর্থ—দীপ্তাগ্নি। প্রত্যক্, অর্থাৎ অগ্নির অভিমুখী হইয়া আচমন করিবে না, অর্থাৎ কিছুমাত্র ভক্ষণ করিবে না, এবং নিষ্ঠীবন ত্যাগ করিবে না, অর্থাৎ শ্লেষ্মা নিক্ষেপ করিবে না, তাহাই ব্রত॥১৪০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ের দ্বাদশখণ্ডের ভাষ্যানুবাদ॥১২॥

ত্রয়োদশঃ খণ্ডঃ।

উপমন্ত্রয়তে স হিঙ্কারো জ্ঞপয়তে স প্রস্তাবঃ স্ত্রিয়া সহ শেতে স উদ্‌গীথঃ প্রতি স্ত্রীং সহ শেতে স প্রতিহারঃ কালং গচ্ছতি তন্নিধনং পারং গচ্ছতি তন্নিধনম্, এতদ্বামদেব্যং মিথুনে প্রোতম্ ॥১৪১॥১

[উত্তরাধরারণীস্থানপাতিনোঃ স্ত্রী-পুংসয়োঃ গ্রাম্যধর্ম্ম-সেবিনোঃ মন্থনসাম্যাৎ মন্থনদৃষ্ট্যনন্তরং মৈথুনদৃষ্টিং নিরূপয়তি—"উপমন্ত্রয়তে", ইত্যাদিনা]। [পুরুষঃ যৎ] উপমন্ত্রয়তে (অভীষ্টসিদ্ধ্যর্থং সঙ্কেতং করোতি), [প্রাথমিকত্বাৎ] সঃ হিংকারঃ; জ্ঞপয়তে (বস্ত্রাদিনা যৎ পরিতোষয়তি) সঃ প্রস্তাবঃ; [যৎ] স্ত্রিয়া সহ শেতে একশয্যাম্ অধিরোহতি, সঃ উদ্গীথঃ; [যৎ] স্ত্রীং প্রতি সহ শেতে (তদভিমুখী ভূয় শেতে); সঃ প্রতিহারঃ; [যৎ] কালং গচ্ছতি (ব্যাপারেণ সময়ম্ অতিবাহয়তি), তৎ নিধনম্; [যৎ চ] পারং গচ্ছতি (কৃতকৃত্যতাং লভতে), তৎ নিধনম্; এতৎ (যথোক্তং) বামদেব্যং (সাম) মিথুনে (স্ত্রীপুরুষযুগে) প্রোতম্॥

[পুরুষ যে, স্ত্রীকে] আহ্বান করে, তাহাই হিংকার; [আর যে বস্ত্রাদি দ্বারা] সন্তুষ্ট করে, তাহা প্রস্তাব; এক শয্যায় শয়ন করে, তাহা উদ্গীথ; স্ত্রীর অভিমুখে যে শয়ন করে, তাহা প্রতিহার; [আর ঐ ভাবে যে,] কাল ক্ষেপণ করে, তাহা নিধন, এবং যে কৃতার্থতা লাভ করে, তাহাও নিধন; [এই বামদেব্য সাম মিথুনে প্রতিষ্ঠিত]॥

শাঙ্কর-ভাষ্যম্।—উপমন্ত্রয়তে সঙ্কেতং করোতি, প্রাথম্যাৎ স হিঙ্কারঃ। জ্ঞপয়তে তোষয়তি, স প্রস্তাবঃ। সহশয়নম্ একপর্য্যঙ্ক-গমনম্, স উদ্গীথঃ শ্রৈষ্ঠ্যাৎ। প্রতি স্ত্রীং শয়নং স্ত্রিয়া অভিমুখীভাবঃ, স প্রতিহারঃ; কালং গচ্ছতি মৈথুনেন, পারং সমাপ্তিং গচ্ছতি, তৎ নিধনম্; এতৎ বামদেব্যং মিথুনে প্রোতম্, বায়্বম্বুমিথুন-সম্বন্ধাৎ ॥১৪১॥১

আনন্দগিরিঃ।—উত্তরাধরারণিস্থানীয়য়োঃ স্ত্রীপুরুষয়োরবাচ্যে কর্ম্মণি প্রবৃত্তয়োর্মন্থন-সামান্যান্মন্থনাদিদৃষ্ট্যনন্তরং মৈথুনদৃষ্টিং বিদধাতি—উপমন্ত্রয়ত ইত্যাদিনা। পুরুষো হি পশুকর্ম্মার্থং স্ত্রিয়ং বস্ত্রাদিনা প্রীণয়তি। তস্মিন্ প্রারম্ভসামান্যাৎ প্রস্তাবদৃষ্টিরিত্যাহ—

জ্ঞপয়ত ইতি। কুতো বামদেব্যস্য সাম্নো মিথুনে প্রোতত্বং তত্রাঽহ—বায়ুরম্বু-মিথুনেতি। বায়োরপাং চ মিথুনতয়া সম্বন্ধাদ্বামদেব্যোৎপত্তেরুক্তত্বাত্তস্য মিথুনে প্রতিষ্ঠিতত্বং যুক্তমিত্যর্থঃ ॥১৪১॥১

ভাষ্যানুবাদ।—উপমন্ত্রণ করে অর্থাৎ সংকেত জ্ঞাপন করে প্রাথমিকত্ব নিবন্ধন তাহাই হিংকার; জ্ঞাপন করে, অর্থাৎ পরিতোষিত করে, তাহাই প্রস্তাব; সহশয়ন অর্থ—এক পর্য্যঙ্কে (শয্যার) গমন; শ্রেষ্ঠত্ব হেতু তাহাই উদ্গীথ; প্রতিস্ত্রী শয়ন অর্থ—স্ত্রীর অভিমুখীভূত হওয়া, তাহাই প্রতিহার; মিথুনভাবে যে কালাতিপাত করে, [তাহা এবং] পার গমন করে অর্থাৎ সমাপ্তি লাভ করে, তাহা নিধন। বায়ু ও জলের পরস্পর সম্বন্ধ থাকায় এই 'বামদেব্য' সাম মিথুনে প্রতিষ্ঠিত ॥১৪১॥১

স য এবমেতদ্বামদেব্যং মিথুনে প্রোতং বেদ, মিথুনীভবতি মিথুনান্মিথুনাৎ প্রজায়তে সর্ব্বমায়ুরেতি জ্যোগ্ জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; ন কাঞ্চন পরিহরেৎ; তদ্-ব্রতম্ ॥১৪২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩॥

[উপাসনাফলমাহ]—সঃ যঃ (কশ্চিৎ) এতৎ বামদেব্যং (সাম) মিথুনে প্রোতং বেদ (জানাতি), [সঃ] মিথুনীভবতি (বিরহকাতরো ন ভবতীত্যর্থঃ), মিথুনাৎ মিথুনাৎ [তস্য] প্রজায়তে (অপত্যমুৎপদ্যতে, অমোঘরেতা ভবতী-ত্যাশয়ঃ)। সর্ব্বং আয়ুঃ এতি, জ্যোক্ জীবতি; প্রজয়া পশুভিঃ চ মহান্ ভবতি; কীর্ত্ত্যা চ মহান্ ভবতি; ন কাংচন (কামপি স্ত্রিয়ং) পরিহরেৎ (ত্যজেৎ); এতৎ [তস্য] ব্রতম্॥

উপাসনার ফল কথিত হইতেছে—যে কোন ব্যক্তি মিথুন-প্রতিষ্ঠ এই বাম-দেব্য সামকে যথোক্ত প্রকারে অবগত হন, তিনি বিরহকাতর হন না, প্রত্যেক মিথুনেই সন্তান উৎপাদন করেন; সম্পূর্ণ আয়ু লাভ করেন; উজ্জ্বল জীবন প্রাপ্ত হন, সন্তান ও পশু দ্বারা মহান্ হন, এবং কীর্ত্তিতেও মহান্ হন; কোন স্ত্রীকে পরিত্যাগ করিবে না; ইহাই তাঁহার ব্রত ॥১৪২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়ে ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩॥

শাঙ্কর-ভাষ্যম্।—স য ইত্যাদি পূর্ব্ববৎ। মিথুনীভবতি অবিধুরো ভবতী-ত্যর্থঃ। মিথুনাৎ মিথুনাৎ প্রজায়তে ইতি অমোঘরেতস্ত্বম্ উচ্যতে। ন কাঞ্চন

—কাঞ্চিদপি স্ত্রিয়ং স্বাত্মতল্পপ্রাপ্তাং ন পরিহরেৎ সমাগমার্থিনীম্; বামদেব্যসামো-পাসনাঙ্গত্বেন বিধানাৎ। এতস্মাদন্যত্র প্রতিষেধস্মৃতয়ঃ; বচনপ্রামাণ্যাচ্চ ধর্ম্মা-বগতের্ন প্রতিষেধশাস্ত্রেণাস্য বিরোধঃ ॥১৪২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৩॥

আনন্দগিরিঃ।—ন কাঞ্চনেতিবাক্যমাদায় ব্যাচষ্টে কাঞ্চিদপীতি। "পরাঙ্গনাং নোপগচ্ছেৎ" ইতি স্মৃতিবিরোধমাশঙ্ক্যাহ—বামদেব্যেতি। বিধিনিষেধয়োঃ সামান্য-বিশেষবিষয়ত্বেন ব্যবস্থা প্রসিদ্ধেতি ভাবঃ। কিঞ্চ, শাস্ত্রপ্রামাণ্যাদত্র ধর্ম্মোঽবগম্যতে ন কাঞ্চন পরিহরেদিতি চ শাস্ত্রাবগতত্বাদবাচ্যমপি কর্ম্ম ধর্ম্মো ভবিতুমর্হতি। তথাচ শ্রৌতেঽর্থে দুর্ব্বলায়াঃ স্মৃতের্ন প্রতিস্পর্ধিতেত্যাহ—বচনেতি। যথোক্তোপাসনাবতো ব্রহ্মচর্য্যনিয়মাভাবো ব্রতত্বেন বিবক্ষিতঃ, তন্ন প্রতিষেধশাস্ত্রবিরোধশঙ্কেতি ভাবঃ ॥১৪২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩॥

ভাষ্যানুবাদ।—"সঃ যঃ" ইত্যাদি পূর্ব্ববৎ। 'মিথুনীভবতি' অর্থ—বিধুর (বিরহকাতর) হয় না। 'প্রতিমিথুনে জন্মায়' কথায় অব্যর্থশুক্রত্ব অর্থ উক্ত হইতেছে। সঙ্গমার্থ আপনার শয্যায় সমাগত কোন স্ত্রীকেই পরিহার বা উপেক্ষা করিবে না; কারণ, ইহা বামদেব্য সামোপাসনারই অঙ্গরূপে বিহিত। এতদ্ভিন্ন স্থলেই নিষেধ-বিধায়ক স্মৃতিশাস্ত্রের অধিকার। বিশেষতঃ ধর্ম্ম-জ্ঞানে শাস্ত্রীয়বাক্যই একমাত্র প্রমাণ; সুতরাং নিষেধ-বিধায়ক শাস্ত্রের সহিত এই 'বামদেব্য' কাণ্ডোক্ত ব্যাপারে কোনরূপ বিরোধ হইতে পারে না * ॥১৪২॥ ২

ইতি দ্বিতীয় অধ্যায়ের ত্রয়োদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৩॥

---

* তাৎপর্য্য—হয়ত এই বামদেব্যকাণ্ডোক্ত কার্য্যপ্রণালী দর্শনে অনেকের হৃদয়ে একটা বিরুদ্ধ ঘৃণিত ভাবের সঞ্চার হইতে পারে। কিন্তু তাহাদের প্রথমেই চিন্তা করা উচিত যে, যে শাস্ত্রে এত সমুন্নত বিষয় উপদিষ্ট হইয়াছে, সেই শাস্ত্রে কখনই একটা অসার অকর্ম্মণ্য বিষয় স্থান পাইতে পারে না। বিশেষতঃ ধর্ম্মাধর্ম্ম নিরূপণে শাস্ত্রই যখন একমাত্র প্রমাণ, তখন এই শাস্ত্রোপদেশ মধ্যেও কোনরূপ অলৌকিক-রহস্য থাকা সুনিশ্চিত। অবশ্য সদ্গুরুর সাহায্য ব্যতীত সে রহস্য উদ্‌ঘাটন করা যায় না। অতএব এ সমস্ত তত্ত্ব যথাযথরূপে বুঝিতে হইলে, সদ্গুরুর আশ্রয় গ্রহণ করা একান্ত আবশ্যক।

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

উদ্যন্ হিঙ্কার উদিতঃ প্রস্তাবো মধ্যন্দিন উদ্গীথোঽপরাহ্ণঃ প্রতিহারোঽস্তং সন্নিধনম্, এতদ্ বৃহদাদিত্যে প্রোতম্ ॥১৪৩॥১

[সূর্য্যঃ] উদ্যন্ (উদ্গচ্ছন্) হিংকারঃ ; উদিতঃ (লব্ধোদয়ঃ সূর্য্যঃ) প্রস্তাবঃ ; মধ্যন্দিনঃ (মধ্যাহ্নকালীনঃ) উদ্গীথঃ ; অপরাহ্ণঃ (তৎকালীনঃ) প্রতিহারঃ ; অস্তং যন্ (অস্তাচলাভিমুখঃ সন্) নিধনম্। এতৎ 'বৃহৎ' (তদাখ্যং) সাম আদিত্যে (প্রোতম্) [অস্তি ইতি শেষঃ] ॥

উদীয়মান সূর্য্য হিঙ্কার-স্বরূপ ; উদিত সূর্য্য প্রস্তাব-স্বরূপ ; মাধ্যন্দিন অর্থাৎ মধ্যাহ্নকালীন সূর্য্য উদ্গীথ-স্বরূপ, অপরাহ্ণ সময়ে প্রতিহার-স্বরূপ, আর অস্তগমনোন্মুখ সূর্য্য নিধন-স্বরূপ ; এই 'বৃহৎ' সংজ্ঞক সামটি আদিত্যে প্রতিষ্ঠিত ॥

শাঙ্কর-ভাষ্যম্।—উদ্যন্ সবিতা স হিঙ্কারঃ, প্রাথম্যাৎ দর্শনস্য। উদিতঃ প্রস্তাবঃ, প্রস্তবনহেতুত্বাৎ কর্ম্মণাম্। মধ্যন্দিন উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। অপরাহ্ণঃ প্রতিহারঃ, পশ্বাদীনাং গৃহান্ প্রতি হরণাৎ। যৎ অস্তং যন্, তৎ নিধনং, রাত্রৌ গৃহে নিধানাৎ প্রাণিনাম্। এতদ্ বৃহৎ আদিত্যে প্রোতং, বৃহতঃ আদিত্যদৈবত্যত্বাৎ ॥১৪৩॥১

আনন্দগিরিঃ।—আদিত্যস্য প্রজাপ্রসবহেতুত্বাৎ তদ্ধেতুমৈথুনদৃষ্ট্যনন্তরমাদিত্যদৃষ্টিমুত্থাপয়তি—উদ্যন্নিত্যাদিনা ॥১৪৩॥১

ভাষ্যানুবাদ।—উদীয়মান সূর্য্যই সেই হিঙ্কারস্বরূপ ; কারণ, প্রথমেই তাঁহার দর্শন হয়। উদিত সূর্য্য প্রস্তাবস্বরূপ ; কারণ, তখন হইতেই ধর্ম্মকর্ম্মের আরম্ভ হয় *। মাধ্যন্দিন অর্থাৎ দিনের মধ্যভাগস্থ সূর্য্য উদ্গীথস্বরূপ ; কেননা, দিবসের ঐ ভাগই শ্রেষ্ঠ ; অপরাহ্ণ সময়ই প্রতিহারস্বরূপ ; কারণ, সেই সময়েই গবাদি পশুগণ গৃহাভিমুখে প্রত্যাহৃত (আনীত) হইয়া থাকে। আর যে

* তাৎপর্য্য—প্রায় অধিকাংশ ধর্ম্মকর্ম্মই সূর্য্যোদয়ের পর বিহিত ; অবশ্য অরুণোদয়-কালও স্থলবিশেষে কর্ম্মার্হ শুদ্ধকাল বলিয়া পরিগণিত হয় ; কারণ, তখনও সৌরকিরণের সম্বন্ধ বিদ্যমান থাকে। সূর্য্যের একটি প্রণামমন্ত্রে এই অভিপ্রায়টিই অভিব্যক্ত আছে—"সৎ-কর্ম্মযোগ্যো ন নরঃ নৈবাপঃ শুদ্ধিকারণং। যস্মিন্ননুদিতে তস্মৈ নমো দেবায় ভাস্বতে ॥" [বিষ্ণু-পুরাণ] অর্থাৎ যাহার উদয় না হইলে মনুষ্য শাস্ত্রোক্ত ধর্ম্মকর্ম্মের অধিকারী হয় না, এবং জলও শুদ্ধিকর হয় না ; সেই ভাস্করদেবের উদ্দেশে প্রণাম। এই মন্ত্রে স্পষ্টাক্ষরেই সূর্য্যোদয়ের কর্ম্মার্হতাসম্পাদকত্ব কথিত হইয়াছে ; সেই কারণে এখানেও উদীয়মান সূর্য্যকে কর্ম্মার্হতাসম্পাদক বলা হইয়াছে।

অস্তগামী (সূর্য্য), তাহাই নিধন ; কারণ, প্রাণিগণ রাত্রিকালে গৃহমধ্যে রক্ষিত হইয়া থাকে। এই 'বৃহৎ' সামটি * আদিত্যে প্রতিষ্ঠিত ; কারণ, আদিত্যই 'বৃহৎ' সামের দেবতা ॥১৪৩॥১

স য এবমেতদ্ বৃহদাদিত্যে প্রোতং বেদ, তেজস্ব্যন্নাদো ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা। তপন্তং ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥১৪৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥১৪॥

সঃ যঃ (কশ্চিৎ) এতৎ (যথোক্তং) বৃহৎ (বৃহৎসংজ্ঞকং) সাম এবম আদিত্যে প্রোতং বেদ, [সঃ বিদ্বান্] তেজস্বী অন্নাদঃ [চ] ভবতি ; সর্ব্বম্ আয়ুঃ এতি ; জ্যোক্ জীবতি ; প্রজয়া পশুভিঃ [চ] মহান্ ভবতি ; কীর্ত্ত্যা [চ] মহান্ [ভবতি]। তপন্তং (তাপং প্রযচ্ছন্তং—তেজস্বিনং) ন নিন্দেৎ ; তৎ (অনিন্দনং) [তস্য] ব্রতম্ ॥

সেই যে কোন লোক এই 'বৃহৎ' সামকে উক্তপ্রকারে আদিত্যে প্রতিষ্ঠিত জানে, সে লোক তেজস্বী ও প্রচুর অন্নভোগী হয়, সমগ্র আয়ু লাভ করে, উজ্জ্বল জীবন প্রাপ্ত হয়, এবং সন্তান, পশু ও কীর্ত্তি দ্বারা শ্রেষ্ঠ হয়। তাপপ্রদকে নিন্দা করিবে না, ইহাই তাহার ব্রত (নিয়ম) ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥১৪॥

শাঙ্কর-ভাষ্যম্।—স য ইত্যাদি পূর্ব্ববৎ। তপন্তং ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥১৪৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্দ্দশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৪॥

আনন্দগিরিঃ।—॥১৪৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্দ্দশঃ খণ্ডঃ ॥১৪॥

ভাষ্যানুবাদ।—"সঃ যঃ" ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়। তাপপ্রদকে নিন্দা করিবে না ; ইহাই তাহার ব্রত ॥১৪৪॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ের চতুর্দ্দশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৪॥

———

* তাৎপর্য্য—সামবেদের মধ্যে একটি অংশবিশেষের নাম 'বৃহৎ' ; ইহার শ্রেষ্ঠত্ব শ্রীমদ্‌ভগবদ্গীতায়ও উক্ত হইয়াছে। যথা—"বৃহৎ সাম তথা সাম্নাম্।" ১০ম অঃ ২২শ শ্লোক।

পঞ্চদশঃ খণ্ডঃ।

অভ্রাণি সংপ্লবন্তে স হিঙ্কারো মেঘো জায়তে স প্রস্তাবো বর্ষতি স উদ্‌গীথো বিদ্যোততে স্তনয়তি স প্রতিহার উদ্‌গৃহ্ণাতি তন্নিধনম্, এতদ্বৈরূপং পর্জ্জন্যে প্রোতম্ ॥১৪৫॥১

অভ্রাণি (অপঃ—জলানি বিভ্রতি ইতি অভ্রাণি বং) সংপ্লবন্তে (আকাশে পরস্পরং সংগচ্ছন্তে), সঃ (সংপ্লবঃ) হিঙ্কারঃ; মেঘঃ (মেহতি—উদকং মুঞ্চতি, ইতি মেঘঃ), জায়তে (উৎপদ্যতে), সঃ (মেঘোদয়ঃ) প্রস্তাবঃ; বর্ষতি, সঃ (তৎ—বর্ষণং) উদ্‌গীথঃ; বিদ্যোততে (বিদ্যুতং জনয়তি) স্তনয়তি (গর্জতি চ), সঃ (তৎ বিদ্যোতনং গর্জ্জনং চ) প্রতিহারঃ; উদ্‌গৃহ্ণাতি (উদকম্ আদত্তে), তৎ (উদকগ্রহণং) নিধনম্ এতৎ (যথোক্তপ্রকারং) বৈরূপং (তন্নামকং সাম) পর্জ্জন্যে (মেঘে) প্রোতং (প্রতিষ্ঠিতম্)॥

অভ্রসমূহ যে আকাশে ঘুরিয়া বেড়ায়, তাহাই হিঙ্কার; [তাহা হইতে যে] মেঘ হয়, তাহাই প্রস্তাব; আর যে বর্ষণ করে, তাহা উদ্‌গীথ; আর যে বিদ্যুৎ-যুক্ত হয় এবং গর্জ্জন করে, তাহাই প্রতিহার; [তাহার পর যে] জল গ্রহণ করে, তাহা নিধনস্বরূপ। এই 'বৈরূপ' অর্থাৎ নানাবিধ আকৃতি পর্জ্জন্যে প্রতিষ্ঠিত আছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—অভ্রাণি অব্‌ভরণাৎ; মেঘঃ উদকসেক্তৃত্বাৎ; উক্তার্থমন্যৎ। এতদ্‌বৈরূপং নাম সাম পর্জ্জন্যে প্রোতম্। অনেকরূপত্বাৎ অভ্রাদিভিঃ পর্জ্জন্যস্য বৈরূপ্যম্॥১৪৫॥১

আনন্দগিরিঃ।—আদিত্যাজ্জায়তে বৃষ্টিরিতি স্মৃতেরাদিত্যকার্য্যত্বাৎ পর্জ্জন্যস্যা-দিত্যদৃষ্ট্যনন্তরং পর্জ্জন্যদৃষ্টিং দর্শয়তি—অভ্রাণীতি। কথং বৈরূপং সাম তস্মিন্ প্রতিষ্ঠিতং, তত্রাহ—অনেকেতি॥১৪৫॥১

ভাষ্যানুবাদ।—অপ্—জল ধারণ করে বলিয়া—অভ্র; জল সেচন করে বলিয়া—মেঘ। অন্য অংশের অর্থ [পূর্ব্বে] উক্ত হইয়াছে। এই বৈরূপ-নামক সামটি পর্জ্জন্যে (মেঘে) প্রতিষ্ঠিত আছে। অভ্রাদি দ্বারা অনেকরূপ সম্পন্ন হয় বলিয়া পর্জ্জন্যের বৈরূপ্য (অনেকরূপত্ব)॥১৪৫॥১

স য এবমেতদ্বৈরূপং পর্জ্জন্যে প্রোতং বেদ, বিরূপাংশ্চ সুরূপাংশ্চ পশূনবরুন্ধে, সর্ব্বমায়ুরেতি, জ্যোগ্‌জীবতি, মহান্‌ প্রজয়া পশুভির্ভবতি, মহান্‌ কীর্ত্ত্যা; বর্ষন্তং ন নিন্দেৎ, তদ্‌ ব্রতম্‌ ॥১৪৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য পঞ্চদশঃ খণ্ডঃ ॥১৫॥

উপাসনাফলং—সঃ যঃ (যঃ কশ্চিৎ) এতৎ বৈরূপং (সাম) এবং (অনেন প্রকারেণ) পর্জ্জন্যে প্রোতং বেদ, [সঃ বিদ্বান্‌] বিরূপান্‌ চ (বিচিত্ররূপান্‌ অপি) সুরূপান্‌ চ (অপি) পশূন্‌ (অজ-মেষাদীন্‌) অবরুন্ধে (স্বায়ত্তান্‌ করোতি)। অন্যৎ পূর্ব্ববৎ। বর্ষন্তং (বর্ষুকং) ন নিন্দেৎ তৎ (অনিন্দনং) ব্রতং [বৈরূপোপাসকস্য ইতি শেষঃ]॥

উপাসনার ফল কথিত হইতেছে—যে কোন লোক এই 'বৈরূপ' সামকে পর্জ্জন্যে প্রতিষ্ঠিত জানেন, তিনি নানারূপ এবং সুরূপ পশুসমূহকে অবরোধ করেন, অর্থাৎ প্রাপ্ত হন। অন্যাংশের অর্থ পূর্ব্ববৎ। বর্ষণকারীর নিন্দা করিবে না; ইহাই তাহার ব্রত॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে পঞ্চদশঃ খণ্ডঃ ॥১৫॥

শাঙ্কর-ভাষ্যম্‌।—বিরূপাংশ্চ সুরূপাংশ্চ অজাবিপ্রভৃতীন্‌ পশূন্‌ অবরুন্ধে প্রাপ্নোতীত্যর্থঃ। বর্ষন্তং ন নিন্দেৎ, তদ্‌ ব্রতম্‌ ॥১৪৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য পঞ্চদশ-খণ্ড-ভাষ্যম্‌ ॥১৫॥

আনন্দগিরিঃ।—॥১৪৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য পঞ্চদশঃ খণ্ডঃ ॥১৫॥

ভাষ্যানুবাদ।—বিরূপ অর্থাৎ বিচিত্ররূপ এবং সুরূপ অজ মেষ প্রভৃতি পশুগণকে অবরোধ করেন, অর্থাৎ প্রাপ্ত হন। বর্ষণকারীর নিন্দা করিবে না; ইহাই তাহার ব্রত ॥১৪৬॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ের পঞ্চদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৫॥

———

ষোড়শঃ খণ্ডঃ।

বসন্তো হিঙ্কারো গ্রীষ্মঃ প্রস্তাবো বর্ষা উদ্গীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনম্, এতদ্বৈরাজমৃতুষু প্রোতম্ ॥১৪৭॥১

বসন্তঃ (ঋতুভেদঃ) হিংকারঃ ; গ্রীষ্মঃ প্রস্তাবঃ ; বর্ষাঃ (প্রাবৃট্) উদ্গীথঃ ; শরৎ প্রতিহারঃ ; হেমন্তঃ নিধনম্ ; এতৎ বৈরাজং 'বৈরাজ'-নামকং [সাম] ঋতুষু (বসন্তাদিষু) প্রোতম্ (প্রতিষ্ঠিতম্) ॥

বসন্ত ঋতুই হিংকার ; গ্রীষ্ম ঋতু প্রস্তাব ; বর্ষা উদ্গীথ ; শরৎ প্রতিহার ; হেমন্ত ঋতু নিধন ; এই 'বৈরাজ'-নামক সাম ঋতুসমূহে প্রতিষ্ঠিত ॥

শাঙ্কর-ভাষ্যম্।—বসন্তো হিঙ্কারঃ প্রাথম্যাৎ। গ্রীষ্মঃ প্রস্তাবঃ ইত্যাদি পূর্ব্ববৎ ॥১৪৭॥১

আনন্দগিরিঃ।—পর্জ্জন্যায়ত্তত্বাদৃতুব্যবস্থায়াঃ, তদ্দৃষ্টেরনন্তরমৃতুদৃষ্টিমাচষ্টে—বসন্ত ইত্যাদিনা ॥১৪৭॥১

ভাষ্যানুবাদ।—বসন্তই ঋতুর মধ্যে প্রথম ; অতএব তাহা হিংকার-স্বরূপ, গ্রীষ্ম প্রস্তাব-স্বরূপ ইত্যাদির ব্যাখ্যা পূর্ব্বের (পঞ্চম খণ্ডের প্রথম শ্রুতির) ব্যাখ্যার অনুরূপ ॥১৪৭॥১

স য এবমেতদ্বৈরাজমৃতুষু প্রোতং বেদ ; বিরাজতি প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন সর্ব্বমায়ুরেতি জ্যোগ্জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা ; ঋতূন্ন নিন্দেৎ, তদ্ব্রতম্ ॥১৪৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥১৬॥

সঃ যঃ (কশ্চিৎ) এতৎ বৈরাজং [সাম] এবং (যথোক্তপ্রকারেণ) ঋতুষু প্রোতং বেদ, [সঃ বিদ্বান্] প্রজয়া, পশুভিঃ ব্রহ্মবর্চ্চসেন [চ] বিরাজতি ; সর্ব্বম্ আয়ুঃ এতি, জ্যোক্ জীবতি, প্রজয়া, পশুভিঃ মহান্ কীর্ত্ত্যা [চ] মহান্ ভবতি। ঋতূন্ (বসন্তাদীন্) ন নিন্দেৎ, তৎ [তস্য] ব্রতম্ ॥

যে কোন লোক এই 'বৈরাজ' সামকে যথোক্তপ্রকারে ঋতুসমূহে প্রতিষ্ঠিত জানেন, তিনি প্রজা অর্থাৎ পুত্রাদি এবং পশু-সম্পদে সমৃদ্ধ হন ; তিনি ব্রহ্মতেজঃ লাভ করেন, সমগ্র আয়ুঃ প্রাপ্ত হন এবং উজ্জ্বল জীবন লাভ করেন ;

সন্তান, পশুও কীর্ত্তিদ্বারা শ্রেষ্ঠ হন। ঋতুদিগের নিন্দা করিবে না—ইহাই তাহার ব্রত।

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষোড়শঃ খণ্ডঃ ॥১৬॥

শাঙ্কর-ভাষ্যম্।—এতদ্ বৈরাজম্ ঋতুষু প্রোতং বেদ; বিরাজতি ঋতুবৎ—যথা ঋতবঃ আর্ত্তবৈঃ ধর্ম্মৈঃ বিরাজন্তে, এবং প্রজাদিভির্ব্বিদ্বানিতি। উক্তমন্যৎ। ঋতূন্ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥১৪৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ভাষ্যম্ ॥১৬॥

আনন্দগিরিঃ।—বৈরাজস্য সাম্নো যুক্তমৃতুষু প্রোতত্বং তেষাং স্বধর্ম্মৈর্বিরাজনাদিত্যাহ—এতদিতি। যদ্বা, ঋতূনামন্নোৎপত্তিনিমিত্তত্বাৎ বিরাড়াত্মনশ্চান্নত্বাৎ তস্য তেষু প্রতিষ্ঠিতত্বাৎ তদ্দ্বারা বৈরাজমপি সাম তেষু প্রোতমিতি ভাবঃ ॥১৪৮॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥১৬॥

ভাষ্যানুবাদ।—যে কোন লোক এই 'বৈরাজ' সামকে ঋতুতে প্রতিষ্ঠিত জানে, সেই লোক ঋতুর ন্যায় বিরাজ করে, অর্থাৎ ঋতুসমূহ যেমন ঋতু-ধর্ম্মে বিরাজমান থাকে, তেমনি সেই বিদ্বান্ পুরুষও প্রজা প্রভৃতি দ্বারা [বিরাজমান হয়]। অপর অংশ [পূর্ব্বেই পঞ্চম খণ্ডে] ব্যাখ্যাত হইয়াছে। ঋতুসমূহকে নিন্দা করিবে না; ইহাই [তাহার] ব্রত ॥১৪৮॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ের ষোড়শ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৬॥

দ্বিতীয়াধ্যায়ে

সপ্তদশঃ খণ্ডঃ।

পৃথিবী হিঙ্কারোঽন্তরিক্ষং প্রস্তাবো দ্যৌরুদ্গীথো দিশঃ প্রতিহারঃ সমুদ্রো নিধনম্; এতাঃ শক্কর্য্যো লোকেষু প্রোতাঃ ॥১৪৯॥১

পৃথিবী হিঙ্কারঃ; অন্তরিক্ষং প্রস্তাবঃ; দ্যৌঃ উদ্গাথঃ; দিশঃ প্রতিহারঃ; সমুদ্রঃ নিধনম্; এতাঃ (যথোক্তাঃ) শক্কর্য্যঃ ('শক্করী'-সংজ্ঞকাঃ ঋচঃ) লোকেষু (পৃথিব্যাদিষু) প্রোতাঃ (প্রতিষ্ঠিতাঃ)॥

পৃথিবী হিংকারস্বরূপ; অন্তরিক্ষ প্রস্তাবস্বরূপ; দ্যুলোক উদ্গীথস্বরূপ; দিক্-সমূহ প্রতিহারস্বরূপ; সমুদ্রই নিধনস্বরূপ। এই শক্করী-সংজ্ঞক ঋক্সমূহ পৃথিব্যাদি লোকে প্রতিষ্ঠিত॥

শাঙ্কর-ভাষ্যম্।—পৃথিবী হিঙ্কার ইত্যাদি পূর্ব্ববৎ। শক্কর্য্য ইতি নিত্যং বহুবচনং রেবত্য ইব। লোকেষু প্রোতাঃ॥১৪৯॥১

আনন্দগিরিঃ।—ঋতুষু সম্যগ্বৃত্তেষু লোকস্থিতেঃ প্রসিদ্ধত্বাৎ ঋতুদৃষ্ট্যনন্তরং লোকদৃষ্টিমাহ—পৃথিবীতি। কথং শক্কর্য্য ইত্যেকস্যৈব সাম্নো নামধেয়ং? বহুবচনাদ্ধি বহূনি সামানি প্রতীয়ন্তে, তত্রাহ—শক্কর্য্য ইতীতি। নিত্যবহুবচনত্বমুভয়ত্র তুল্যমিতি দ্যোতনায় বক্ষ্যমাণং দৃষ্টান্তয়তি—রেবত্য ইবেতি। মহানাম্নীষু ঋক্ষু শক্কর্য্যো গীয়ন্তে। তাসাং চ অপো বৈ মহানাম্নীরিত্যদ্ভিঃ সম্বন্ধঃ স্মৃতঃ। অপ্সু লোকাঃ প্রতিষ্ঠিতা ইতি চ শ্রুতম্। তথাচাস্মাৎ সম্বন্ধাল্লোকেষু শক্কর্য্যঃ প্রতিষ্ঠিতা ইত্যাহ—লোকেষ্বিতি॥১৪৯॥১

ভাষ্যানুবাদ।—পৃথিবী হিঙ্কারস্বরূপ ইত্যাদির অর্থ পূর্ব্বানুরূপ। 'রেবতী' শব্দের ন্যায় 'শক্করী' শব্দও নিত্য বহুবচনান্ত। ইহা পৃথিব্যাদি লোকসমূহে প্রতিষ্ঠিত॥১৪৯॥১

স য এবমেতাঃ শক্কর্য্যো লোকেষু প্রোতা বেদ; লোকী-ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; লোকান্ন নিন্দেৎ, তদ্ব্রতম্॥১৫০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ॥১৭॥

সঃ যঃ (কশ্চিৎ) এতাঃ শক্কর্য্যঃ এবং (যথোক্তপ্রকারেণ) লোকেষু (পৃথিব্যাদিষু) প্রোতাঃ বেদ; [সঃ বিদ্বান্] লোকী (উৎকৃষ্টলোকগামী) ভবতি; সর্ব্বম্ আয়ুঃ এতি, ইত্যাদি পূর্ব্ববৎ। লোকান্ (স্বর্গাদীন্) ন নিন্দেৎ, তৎ [তস্য] ব্রতম্॥

যে কোন ব্যক্তি এই শক্করীকে যথোক্ত প্রকারে লোক সমুদয়ে প্রতিষ্ঠিত জানেন, তিনি উৎকৃষ্ট-লোকগামী হন, এবং সমগ্র আয়ু প্রাপ্ত হন ইত্যাদির অর্থ পূর্ব্বের ন্যায়। পৃথিব্যাদিলোকসমূহকে নিন্দা করিবে না; ইহাই তাহার ব্রত ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে সপ্তদশঃ খণ্ডঃ ॥১৭॥

শাঙ্কর-ভাষ্যম্।—লোকীভবতি লোকফলেন যুজ্যত ইত্যর্থঃ। লোকান্ ন নিন্দেৎ, তৎ ব্রতম্ ॥১৫০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য সপ্তদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৭॥

আনন্দগিরিঃ।—॥১৫০॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ ॥১৭॥

ভাষ্যানুবাদ।—'লোকী হয়' কথার অর্থ—লোক-প্রাপ্তিরূপ ফলের সহিত যুক্ত হয়। লোকসমুদয়কে নিন্দা করিবে না, ইহাই তাহার ব্রত ॥১৫০॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ে সপ্তদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৭॥

অষ্টাদশঃ খণ্ডঃ।

অজা হিঙ্কারোঽবয়ঃ প্রস্তাবো গাব উদ্গীথোঽশ্বাঃ প্রতিহারঃ পুরুষো নিধনম্, এতা রেবত্যঃ পশুষু প্রোতাঃ॥১৫১॥১

অজাঃ (ছাগাঃ) হিংকারঃ, অবয়ঃ (মেষাঃ) প্রস্তাবঃ ; গাবঃ উদ্গীথঃ ; অশ্বাঃ প্রতিহারঃ ; পুরুষঃ নিধনং ; এতাঃ রেবত্যঃ (রেবতীসংজ্ঞকাঃ ঋচঃ) পশুষু (অজাদিষু) প্রোতাঃ।

অজসমূহ হিংকারস্বরূপ ; মেষগণ প্রস্তাবস্বরূপ ; গোসমূহ উদ্গীথস্বরূপ ; অশ্ব সকল প্রতিহারস্বরূপ ; পুরুষ (মনুষ্য) নিধনস্বরূপ। এই রেবতীসংজ্ঞক ঋক্ পশুতে প্রতিষ্ঠিত॥

শাঙ্কর-ভাষ্যম্।—অজা হিঙ্কারঃ, ইত্যাদি পূর্ব্ববৎ। পশুষু প্রোতাঃ॥১৫১॥১

আনন্দগিরিঃ।—পশূনাং লোককার্য্যত্বাল্লোকদৃষ্ট্যনন্তরং পশুদৃষ্টিমুপন্যস্যতি—অজেতি। রেবত্য ইতি সামনামধেয়ং পূর্ব্ববন্নিত্যবহুবচনান্তম্। পশবো বৈ রেবতীরিতি শ্রুত্যন্তরমাশ্রিত্যাহ—পশুষ্বিতি॥১৫১॥১

ভাষ্যানুবাদ।—অজা হিংকার ইত্যাদির অর্থ পূর্ব্বের (ষষ্ঠখণ্ডের) ন্যায়। [এই রেবতী] পশুসমূহে প্রতিষ্ঠিত॥১৫১॥১

স য এবমেতা রেবত্যঃ পশুষু প্রোতা বেদ ; পশুমান্ ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা ; পশূন্ন নিন্দেৎ তদ্‌ব্রতম্॥১৫২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টাদশঃ খণ্ডঃ॥১৮॥

[রেবত্যুপাসনাফলমাহ—"সঃ যঃ" ইত্যাদিনা।]—সঃ যঃ এতাঃ রেবত্যঃ এবং পশুষু প্রোতাঃ, ইতি বেদ ; [সঃ বিদ্বান্] পশুমান্ ভবতি, সর্ব্বম্ আয়ুঃ (বর্ষশত-পরিমিতম্) এতি, জ্যোক্ জীবতি ; প্রজয়া পশুভিঃ [চ] মহান্ ভবতি ; কীর্ত্ত্যা, মহান্ [ভবতি]। পশূন্ (অজাদীন্) ন নিন্দেৎ, তৎ (অনিন্দনম্) [উপাসকস্য] ব্রতম্॥

'রেবতী' উপাসনার ফল কথিত হইতেছে—যে লোক এই রেবতীকে যথোক্তরূপে পশুতে প্রতিষ্ঠিত জানে, সেই লোক পশুসম্পত্তিমান্ হয়, সমগ্র আয়ু লাভ করে, উজ্জ্বল জীবন প্রাপ্ত হয় ; প্রজা ও পশু দ্বারা শ্রেষ্ঠ হয়, কীর্ত্তি দ্বারাও মহান্ হয়। পশুগণকে নিন্দা করিবে না, ইহাই তাহার ব্রত॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে অষ্টাদশঃ খণ্ডঃ॥১৮॥

শাঙ্কর-ভাষ্যম্।—পশূন্ ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্॥১৫২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টাদশ-খণ্ড-ভাষ্যম্॥১৮॥

আনন্দগিরিঃ।—১৫২॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য অষ্টাদশঃ খণ্ডঃ॥১৮॥

ভাষ্যানুবাদ।—পশুগণকে নিন্দা করিবে না ; ইহাই তাহার প্রতিপাদ্য নিয়ম॥১৫২॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ে অষ্টাদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥১৮॥

ঊনবিংশঃ খণ্ডঃ।

লোম হিঙ্কারস্ত্বক্ প্রস্তাবো মাংসমুদ্‌গীথোঽস্থি প্রতিহারো মজ্জা নিধনম্, এতদ্‌যজ্ঞাযজ্ঞীয়মঙ্গেষু প্রোতম্ ॥১৫৩॥১

[ইদানীং যজ্ঞাযজ্ঞীয়োপাসনমুচ্যতে "লোম" ইত্যাদিনা।]—লোম হিংকারঃ; ত্বক্ প্রস্তাবঃ; মাংসম্ উদ্গীথঃ; অস্থি প্রতিহারঃ; মজ্জা নিধনং; এতৎ যজ্ঞাযজ্ঞীয়ম্ (তদাখ্যং সাম) অঙ্গেষু (শরীরাবয়বেষু) প্রোতম্ ॥

এখন 'যজ্ঞাযজ্ঞীয়'-নামক উপাসনা কথিত হইতেছে—লোমই হিংকারস্বরূপ; ত্বকই (চর্ম্ম) প্রস্তাবস্বরূপ; মাংস উদ্‌গীথস্বরূপ; অস্থি প্রতিহারস্বরূপ; মজ্জা নিধনস্বরূপ। এই 'যজ্ঞাযজ্ঞীয়' সাম দৈহিক অঙ্গসমূহে প্রতিষ্ঠিত ॥

শাঙ্কর-ভাষ্যম্।—লোম হিঙ্কারঃ, দেহাবয়বানাং প্রাথম্যাৎ। ত্বক্ প্রস্তাবঃ, আনন্তর্য্যাৎ। মাংসম্ উদ্গীথঃ, শ্রৈষ্ঠ্যাৎ। অস্থি প্রতিহারঃ প্রতিহৃতত্বাৎ। মজ্জা নিধনম্, আন্ত্যাৎ। এতদ্‌যজ্ঞাযজ্ঞীয়ং নাম সাম দেহাবয়বেষু প্রোতম্ ॥১৫৩॥১

আনন্দগিরিঃ।—পশুবিকারপয়োদধ্যাদিনা পুষ্টিরঙ্গানাং দৃষ্টেতি পশুদৃষ্ট্যনন্তরমঙ্গদৃষ্টিমাহ—লোমেতি। রসো বৈ যজ্ঞাযজ্ঞীয়মিতি শ্রুতেরন্নরসবিকারেণ লোমাদীনাং সম্বন্ধাদ্‌যজ্ঞাযজ্ঞীয়ং সাম অঙ্গেষু প্রতিষ্ঠিতমিত্যাহ—এতদিতি ॥১৫৩॥১

ভাষ্যানুবাদ।—দেহাবয়ব মধ্যে প্রথমত্ব নিবন্ধন লোমই হিংকারস্বরূপ; তাহারই পরবর্ত্তী বলিয়া ত্বক্ (চর্ম্ম) প্রস্তাবস্বরূপ; শ্রেষ্ঠত্ব নিবন্ধন মাংসই উদ্গীথস্বরূপ; পুনশ্চ আহরণ করা হয় বলিয়া * অস্থিই প্রতিহারস্বরূপ; অন্তিম ধাতু বলিয়া মজ্জাই নিধন। এই 'যজ্ঞাযজ্ঞীয়' সাম দেহাবয়বে সম্বদ্ধ ॥১৫৩॥১

স য এবমেতদ্‌যজ্ঞাযজ্ঞীয়মঙ্গেষু প্রোতং বেদ অঙ্গীভবতি নাঙ্গেন বিহূর্চ্ছতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা, সংবৎসরং মজ্‌জ্ঞো নাশ্নীয়াৎ, তদ্‌ব্রতং, মজ্‌জ্ঞো নাশ্নীয়াদিতি বা ॥১৫৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ঊনবিংশঃ খণ্ডঃ ॥১৯॥

---

* তাৎপর্য্য—মৃত্যুর পর দেহ বিনষ্ট হইলে সঙ্গে সঙ্গে লোম প্রভৃতি সমস্তই বিনষ্ট হইয়া যায়; কিছুই আর অবশিষ্ট থাকে না; কেবল অস্থিগুলিই পড়িয়া থাকে। সুতরাং সেগুলি আহরণ করা যায়। বিশেষতঃ হিন্দুশাস্ত্রে শবদাহের পরে অস্থি-আহরণেরও বিধান রহিয়াছে; এইজন্য প্রত্যাহরণ ধর্ম্মের সাম্য থাকায় অস্থিকে 'প্রতিহার' বলা হইয়াছে।

সঃ যঃ (কশ্চিৎ) এবং (যথোক্তপ্রকারেণ) যজ্ঞাযজ্ঞীয়ম্ (তদাখ্যং সাম) অঙ্গেষু প্রোতং বেদ ; [সঃ বিদ্বান্] অঙ্গী (দৃঢাঙ্গযুক্তঃ) ভবতি, অঙ্গেন ন বিহূর্চ্ছতি (বিকলঃ ভবতি) সর্ব্বম্ আয়ুঃ এতি, জ্যোক্ জীবতি ; প্রজয়া পশুভিঃ [চ] মহান্ ভবতি ; কীর্ত্ত্যা [চ] মহান্ [ভবতি] ; সংবৎসরং (সংবৎসরকালং ব্যাপ্য) মজ্জ্ঞঃ (মাংসানি) ন অশ্নীয়াৎ তৎ ব্রতম্ ; বা (অথবা) [চিরকালমেব] মজ্জ্ঞঃ (মাংসানি) ন অশ্নীয়াৎ, ইতি এতৎ (মাংসাভক্ষণং) [উপাসকস্য ব্রতং—প্রতিপালনীয়ঃ নিয়মঃ] ॥

যে কোন ব্যক্তি এই যজ্ঞাযজ্ঞীয় সামকে দেহাবয়বে প্রতিষ্ঠিত জানেন, সেই বিদ্বান্ দৃঢ়াঙ্গযুক্ত হন, বিকলাঙ্গ হন না ; সমগ্র আয়ু লাভ করেন, উৎকৃষ্ট জীবন প্রাপ্ত হন, সন্তান ও পশু দ্বারা মহান্ হন, এবং কীর্ত্তিদ্বারাও মহান্ হন। এক বৎসর কাল মৎস্য মাংস ভক্ষণ করিবেন না, অথবা চিরজীবনই মৎস্য ভক্ষণ করিবেন না ; ইহাই তাঁহার ব্রত ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে ঊনবিংশঃ খণ্ডঃ ॥১৯॥

শাঙ্কর-ভাষ্যম্ ।—অঙ্গীভবতি সমগ্রাঙ্গো ভবতীত্যর্থঃ। ন অঙ্গেন হস্তপাদাদিনা বিহূর্চ্ছতি ন কুটিলীভবতি, পঙ্গুঃ কুণিঃ বা ইত্যর্থঃ। সংবৎসরং সংবৎসরমাত্রং মজ্জ্ঞঃ মাংসানি নাশ্নীয়াৎ ন ভক্ষয়েৎ। বহুবচনং মৎস্যোপলক্ষণার্থম্। মজ্জ্ঞঃ নাশ্নীয়াৎ—সর্ব্বদৈব নাশ্নীয়াদিতি বা ; তৎ ব্রতম্ ॥১৫৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ঊনবিংশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৯॥

আনন্দগিরিঃ ।—কুণিঃ শ্মশ্রুরহিতঃ ॥১৫৪॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ঊনবিংশঃ খণ্ডঃ ॥১৯॥

ভাষ্যানুবাদ ।—"অঙ্গীভবতি" অর্থ—সম্পূর্ণ অঙ্গশালী হয় ; হস্তপদাদি অঙ্গেও কুটিলভাব প্রাপ্ত হয় না, অর্থাৎ পঙ্গু বা কুণি (নখক্ষতযুক্ত বা শ্মশ্রুরহিত) হয় না। সংবৎসর অর্থাৎ এক বৎসর মাত্র কাল মজ্জ্ঞ অর্থাৎ মাংস ভক্ষণ করিবে না ; মৎস্য ভক্ষণেরও নিষেধ জ্ঞাপনার্থ ['মজ্জ্ঞ' শব্দের উত্তর বহুবচন প্রদত্ত হইয়াছে। অথবা চিরকালই মজ্জ্ঞ ভক্ষণ করিবে না ; ইহাই তাহার ব্রত ॥১৫৪॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ের ঊনবিংশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৯॥

———

বিংশঃ খণ্ডঃ।

অগ্নির্হিঙ্কারো বায়ুঃ প্রস্তাব আদিত্য উদ্গীথো নক্ষত্রাণি প্রতিহারশ্চন্দ্রমা নিধনম্; এতদ্ রাজনং দেবতাসু প্রোতম্॥ ১৫৫॥১

অগ্নিঃ হিংকারঃ; বায়ুঃ প্রস্তাবঃ, আদিত্যঃ উদ্গীথঃ; নক্ষত্রাণি প্রতিহারঃ; চন্দ্রমাঃ নিধনম্; এতৎ 'রাজনং' ('রাজন'-সংজ্ঞকং সাম) দেবতাসু (অগ্নি-প্রভৃতিষু) প্রোতম্ (দেবতানাং প্রকাশভূয়স্ত্বাদিতি ভাবঃ)॥

অগ্নিই হিংকারস্বরূপ; বায়ু প্রস্তাবস্বরূপ; আদিত্য উদ্গীথস্বরূপ; নক্ষত্র-সমূহ প্রতিহারস্বরূপ; চন্দ্রই নিধনস্বরূপ, কারণ, মরণান্তে কর্ম্মী মনুষ্যগণ চন্দ্র-লোকে গমন করে; রাজন-নামক এই সাম দেবতামধ্যে প্রতিষ্ঠিত॥

শাঙ্কর-ভাষ্যম্।—অগ্নিঃ হিঙ্কারঃ, প্রথমস্থানত্বাৎ। বায়ুঃ প্রস্তাবঃ, আনন্তর্য্য-সামান্যাৎ। আদিত্য উদ্গীথঃ শ্রৈষ্ঠ্যাৎ। নক্ষত্রাণি প্রতিহারঃ, প্রতিহৃতত্বাৎ। চন্দ্রমা নিধনং, কর্ম্মিণাং তন্নিধনাৎ। এতদ্ রাজনং দেবতাসু প্রোতং, দেবতানাং দীপ্তিমত্ত্বাৎ॥১৫৫॥১

আনন্দগিরিঃ।—অগ্ন্যাদীনামঙ্গেষু প্রতিষ্ঠিতত্বাদঙ্গদৃষ্ট্যনন্তর-মগ্ন্যাদি-দৃষ্টিমুপা-পয়তি—অগ্নিরিত্যাদিনা। রাজনস্য সাম্নো দেবতাসু প্রোতত্বে হেতুমাহ—দেবতানামিতি॥১৫৫॥১

ভাষ্যানুবাদ।—প্রথম স্থানাধিকারী বলিয়া অগ্নিই হিংকার; [উভয়ের মধ্যে] তুল্য আনন্তর্য্য থাকায় বায়ুই প্রস্তাবস্বরূপ; শ্রেষ্ঠত্ব হেতু আদিত্যই উদ্গীথস্বরূপ; প্রত্যাহরণের বিষয়ীভূত হয় বলিয়া নক্ষত্রগণই প্রতিহারস্বরূপ; কর্ম্মী পুরুষগণের [মৃত্যুর পর] চন্দ্রমণ্ডলে স্থান হয়, এই জন্য চন্দ্রই নিধন-স্বরূপ; এই 'রাজন'-নামক সাম দেবতাগণে প্রতিষ্ঠিত; কারণ, দেবতাগণ স্বভাবতই দীপ্তিমান্* ॥১৫৫॥১

* তাৎপর্য্য—এই প্রকরণস্থ সমস্ত উপাসনায়ই পরস্পরের মধ্যে কোন এক প্রকার সাদৃশ্য কল্পনা করিয়া লইতে হইবে। এখানেও সেই সাদৃশ্য রহিয়াছে—'রাজন্' পদটি 'রাজ্' ধাতু হইতে নিষ্পন্ন; 'রাজ্' ধাতুর অর্থ—দীপ্তি (প্রকাশ); সুতরাং 'রাজন' বলিলে দীপ্তিমান্ অর্থ বুঝায়; দেবতাগণও স্বভাবতঃই দীপ্তিশালী; এই দীপ্তিমত্ত্ব সাদৃশ্যবশে 'রাজন' সামে অগ্নি প্রভৃতি দেবতা বুদ্ধি স্থাপনের উপদেশ হইয়াছে।

স য এবমেতদ্রাজনং দেবতাসু প্রোতং বেদৈতাসামেব দেবতানাংসলোকতাংসার্ষ্টিতাংসাযুজ্যং গচ্ছতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা; ব্রাহ্মণান্ ন নিন্দেৎ, তদ্‌ব্রতম্ ॥১৫৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য বিংশঃ খণ্ডঃ ॥২০॥

[উপাসনাফলম্]—সঃ যঃ এবম্ (যথোক্তপ্রকারেণ) এতৎ রাজনং সাম দেবতাসু প্রোতং বেদ, [সঃ বিদ্বান্] এতাসাম্ (অগ্ন্যাদীনাম্) এব দেবতানাং সলোকতাং (সমানলোকবাসিত্বং), সার্ষ্টিতাং (সমানাধিকারং), সাযুজ্যং (সমানদেহসম্বন্ধং) [বা] গচ্ছতি। [অত্র সলোকতাদিপ্রাপ্তৌ বিকল্পো বোদ্ধব্যঃ; একস্য যুগপৎ অনেকভাবপ্রাপ্ত্যনুপপত্তেরিতি ভাবঃ]॥

যে ব্যক্তি যথোক্ত প্রকারে এই 'রাজন' নামক সামকে অগ্নি প্রভৃতি দেবতা-সমূহে প্রতিষ্ঠিত জানেন, তিনি উক্ত দেবতাগণের সমান লোকে অবস্থিতি, সমান অধিকার প্রাপ্তি, এবং সাযুজ্য লাভ করিয়া থাকেন। সমগ্র আয়ু প্রাপ্ত হন, উজ্জ্বল জীবন ধারণ করেন, সন্তান ও পশুসম্পদে মহান্ হন, এবং কীর্ত্তি দ্বারাও মহান্ হন; ব্রাহ্মণগণকে নিন্দা করিবে না, ইহাই তাহার ব্রত॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে বিংশঃ খণ্ডঃ ॥২০॥

শাঙ্কর-ভাষ্যম্।—বিদ্বৎফলম্—এতাসামেব অগ্ন্যাদীনাং দেবতানাং সলোকতাং সমানলোকতাং, সার্ষ্টিতাং সমানর্দ্ধিত্বং, সাযুজ্যং সযুগ্‌ভাবম্—একদেহ-দেহিত্বমিত্যেতৎ। বাশব্দোঽত্র লুপ্তো দ্রষ্টব্যঃ; সলোকতাং বা, ইত্যাদি। ভাবনা-বিশেষতঃ ফলবিশেষোপপত্তেঃ। গচ্ছতি প্রাপ্নোতি, সমুচ্চয়ানুপপত্তেশ্চ। ব্রাহ্মণান্ ন নিন্দেৎ, তদ্ ব্রতম্। "এতে বৈ দেবাঃ প্রত্যক্ষং যদ্‌ব্রাহ্মণাঃ" ইতি শ্রুতের্ব্রাহ্মণনিন্দা দেবতানিন্দৈবেতি ॥১৫৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য বিংশ-খণ্ড-ভাষ্যম্ ॥২০॥

আনন্দগিরিঃ।—ফলাবিকল্পার্থং বাশব্দস্যাত্রাসত্ত্বে কথং বাক্যং স্যাদিত্যাশঙ্ক্যাহ—সলোকতাং বেত্যাদীতি। কথং পুনরেকস্মিন্নুপাসনে ফলত্রয়ং বিকল্প্যতে, তত্রাহ—ভাবনেতি। ননু ফলত্রয়মত্র সমুচ্চিতমিষ্যতাং, কিমিতি বাশব্দং গৃহীত্বা বিকল্প্যতে তত্রাহ—সমুচ্চয়েতি। ন হি মিথো বিরুদ্ধং ফলত্রয়মেকত্র সমুচ্চেতুং শক্যমতোঽপি বিকল্পসিদ্ধিরিত্যর্থঃ। ননু দেবতাদৃষ্ট্যা রাজনস্য সাম্নো ধ্যানাদ্দেবতা ন নিন্দেদিতি বক্তব্যে কথমন্যথোচ্যতে, তত্রাহ—এত ইতি ॥১৫৬॥২

ইতি দ্বিতীয়াধ্যায়স্য বিংশঃ খণ্ডঃ ॥২০॥

ভাষ্যানুবাদ।—এই বিদ্যাভিজ্ঞের ফল—[কথিত হইতেছে] এই অগ্নি-প্রভৃতি দেবতাগণেরই সলোকতা অর্থাৎ একলোকে বাস, সাষ্টি'তা অর্থাৎ সমান সম্পত্তির অধিকার, এবং সাযুজ্য—সহযোগিত্ব অর্থাৎ একই দেহে দেহিরূপে অবস্থিতি প্রাপ্ত হইয়া থাকে। এখানে একটি 'বা' শব্দ লুপ্ত হইয়াছে, বুঝিতে হইবে, [তদনুসারে অর্থ হইবে] সলোকতা কিংবা ইত্যাদি। কারণ, ভাবনা-গত বৈচিত্র্যেই ফলগত বৈচিত্র্যের সম্ভাবনা হইয়া থাকে, বিশেষতঃ [উক্ত ফলগুলির] সমুচ্চয়ও সঙ্গত হয় না। * ব্রাহ্মণগণকে নিন্দা করিবে না; ইহাই তাহার ব্রত। "ইহারাই প্রত্যক্ষ দেবতা, যাহারা ব্রাহ্মণ" এই শ্রুতি হইতে [জানা যায় যে,] ব্রাহ্মণগণের যে নিন্দা, প্রকৃতপক্ষে তাহা দেবতাগণেরই নিন্দা ॥১৫৬॥২

ইতি দ্বিতীয় অধ্যায়ের বিংশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥২০॥

———

* তাৎপর্য্য—শ্রুতিতে—"সলোকতাং" প্রভৃতি শব্দগুলির পরে 'বা' শব্দ নাই সত্য; কিন্তু ভাষ্যকার বলিতেছেন যে, সলোকতা, সাষ্টি'তা ও সাযুজ্য এই তিনটি ফলই যখন সম্পূর্ণ বিভিন্ন-প্রকার, তখন বুঝিতে হইবে, একই প্রকার উপাসনায় উক্ত ত্রিবিধ ফল সিদ্ধ হইতে পারে না। অতএব, অবশ্যই স্বীকার করিতে হইবে যে, উপাসনাগত উৎকর্ষাপকর্ষই এইরূপ ফলভেদের একমাত্র কারণ; উপাসনার তারতম্যানুসারে ঐ তিনের মধ্যে যে কোন একটি ফল লাভ করা হয়। বিশেষতঃ এই তিনটি ফল এক ব্যক্তির নিকট একই কালে কখনই ভোগযোগ্য হইতে পারে না; কারণ, উহারা বিভিন্ন প্রকার। কাজেই একটি 'বা' শব্দ দিয়া সেই বিরোধ পরিহার করিতে হইবে। যে যেরূপ উপাসনা করিবে, তাহার পক্ষে এই তিনটির মধ্যে একটি ফল লাভ হইবে—সমস্তগুলি নহে।

একবিংশঃ খণ্ডঃ।

ত্রয়ী-বিদ্যা হিঙ্কারস্ত্রয় ইমে লোকাঃ স প্রস্তাবোঽগ্নির্ব্বায়ুরাদিত্যঃ স উদ্‌গীথো নক্ষত্রাণি বয়াংসি মরীচয়ঃ স প্রতিহারঃ সর্পা গন্ধর্ব্বাঃ পিতরস্তন্নিধনম্ ; এতৎ সাম সর্ব্বস্মিন্ প্রোতম্ ॥১৫৭॥১

[প্রকারান্তরেণ উপাসনান্তরমাহ—"ত্রয়ী" ইত্যাদিনা।]—ত্রয়ীবিদ্যা (বেদবিদ্যা) হিংকারঃ; ইমে (অনুভববিষয়াঃ) ত্রয়ঃ লোকাঃ (স্বর্গাদয়ঃ) প্রস্তাবঃ; অগ্নিঃ, বায়ুঃ, আদিত্যঃ [এব] সঃ উদ্গীথঃ; নক্ষত্রাণি (অশ্বিন্যাদীনি) বয়াংসি (পক্ষিণঃ) মরীচয়ঃ (কিরণাঃ) [এতে ত্রয়ঃ] সঃ প্রতিহারঃ; সর্পাঃ, গন্ধর্ব্বাঃ, পিতরঃ (অগ্নিষ্বাত্তাদয়ঃ) [এতে ত্রয়ঃ] তৎ (প্রসিদ্ধং) নিধনম্। এতৎ (যথোক্তং) সাম সর্ব্বস্মিন্ (বিষয়ে) প্রোতম্॥

ত্রয়ীবিদ্যাই (বেদবিদ্যাই) হিংকারস্বরূপ; এই প্রত্যক্ষ দৃশ্য তিনটি লোক প্রস্তাবস্বরূপ; অগ্নি, বায়ু ও আদিত্য সেই উদ্‌গীথস্বরূপ; নক্ষত্র, পক্ষী ও কিরণসমূহ সেই প্রতিহারস্বরূপ; সর্প, গন্ধর্ব্ব ও অগ্নিষ্বাত্তাদি পিতৃগণ সেই নিধনস্বরূপ। এই সামটি সর্ব্ববিষয়ে প্রতিষ্ঠিত।

শাঙ্কর-ভাষ্যম্।—ত্রয়ীবিদ্যা হিঙ্কারঃ; অগ্ন্যাদিসাম্ন আনন্তর্য্যং ত্রয়ীবিদ্যায়া অগ্ন্যাদিকার্য্যত্বশ্রুতেঃ; হিঙ্কারঃ প্রাথম্যাৎ সর্ব্বকর্ত্তব্যানাম্। ত্রয় ইমে লোকাঃ তৎকার্য্যত্বাদনন্তরা ইতি প্রস্তাবঃ। অগ্ন্যাদীনাম্ উদ্‌গীথত্বং শ্রৈষ্ঠ্যাৎ। নক্ষত্রাদীনাং প্রতিহৃতত্বাৎ প্রতিহারত্বম্। সর্পাদীনাং ধকারসামান্যাৎ নিধনত্বম্ এতৎ সাম নামবিশেষাভাবাৎ সামসমুদায়ঃ সামশব্দঃ সর্ব্বস্মিন্ প্রোতম্। ত্রয়ীবিদ্যাদি হি সর্ব্বম্; ত্রয়ীবিদ্যাদিদৃষ্ট্যা হিঙ্কারাদিসামভক্তয় উপাস্যাঃ। অতীতেষ্বপি সামোপাসনেষু যেষু যেষু প্রোতং যৎ যৎ সাম, তদ্দৃষ্ট্যা তদুপাস্যমিতি॥ কর্ম্মাঙ্গানাং দৃষ্টিবিশেষেণেব আজ্যস্য সংস্কার্য্যত্বাৎ ॥১৫৭॥১

আনন্দগিরিঃ।—অগ্ন্যাদিদৃষ্ট্যনন্তরং ত্রয়ীবিদ্যাদৃষ্টিবিধানে কারণমাহ—অগ্ন্যাদীতি। যদগ্ন্যাদ্যাত্মকং সামোপাস্যমুক্তং, তস্মাদানন্তর্য্যমুপাস্যায়াস্ত্রয়ীবিদ্যায়া যুজ্যতে। ঋগ্বেদোঽগ্নের্যজুর্ব্বেদো বায়োরাদিত্যাৎ সামবেদঃ ইতি শ্রুতেস্ত্রয্যাস্তৎকার্য্যত্বাবগমাদিত্যর্থঃ। তৎকার্য্যত্বাৎ ত্রয়ীসাধ্যকর্ম্মফলত্বাদিত্যর্থঃ। কথং সর্ব্বস্মিন্ প্রোতমিত্যুক্তং, ত্রয়ীবিদ্যাদৌ প্রোতমিতি বক্তব্যত্বাৎ; অত আহ—ত্রয়ীবিদ্যাদীতি। কথং পুনরত্র ত্রয়ীবিদ্যাদিদৃষ্ট্যা সাম্নো ধ্যেয়ত্বং গম্যতে, তত্রাহ—ত্রয়ীতি।

ন চাস্যাং প্রতিজ্ঞায়াং পূর্ব্বেণ সন্দর্ভেণ বিরোধঃ শঙ্কামর্হতীত্যাহ—অতীতেষ্বপীতি। তত্র হেতুমাহ—কর্ম্মাঙ্গাণামিতি। দর্শপূর্ণমাসাধিকারে পত্ন্যবেক্ষিতমাজ্যং ভবতীতি দৃষ্টিবিশেষণমাজ্যং সংক্রিয়তে। তথা সামপ্রভেদানাং দৃষ্টিবিশেষণত্বাবিশেষাৎ তেষাং কর্ম্মাঙ্গাণাং তত্তদঙ্গদৃষ্ট্যা সংস্কর্ত্তব্যত্বাদিত্যর্থঃ ॥১৫৭॥১

ভাষ্যানুবাদ।—শ্রুতিতে ত্রয়ীবিদ্যাকে অগ্নি প্রভৃতিরই ফল বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে; এইজন্য অগ্নি প্রভৃতি সামের অনন্তর ত্রয়ীবিদ্যার নির্দ্দেশ। ত্রয়ীবিদ্যাই (বেদবিদ্যাই) হিংকারস্বরূপ; কারণ, উহাই সমস্ত কর্ত্তব্যকর্ম্মের প্রথম। এই দৃশ্যমান লোকত্রয়ও আবার সেই বিদ্যার কার্য্য বা পরিবর্ত্তন; এই জন্য অন্তর্ব্বর্ত্তী লোকত্রয় প্রস্তাবস্বরূপ। শ্রেষ্ঠত্ব নিবন্ধন অগ্নি প্রভৃতির উদ্গীথত্ব [কল্পিত হইয়াছে]। নক্ষত্র প্রভৃতি প্রত্যাগত হয় বলিয়া—'প্রতিহার'-স্বরূপ; ধকারের সহিত সাদৃশ্য থাকায় সর্পাদির নিধনত্ব-সংজ্ঞা। নামবিশেষ-নির্দ্দেশ না থাকায় এখানে, 'সাম' শব্দে সমস্ত সাম বুঝিতে হইবে। সেই সামসমুদয় সর্ব্বপদার্থে প্রতিষ্ঠিত; কেন না, উক্ত ত্রয়ীবিদ্যাই সর্ব্বাত্মক বা সর্ব্বময়। ত্রয়ীবিদ্যাদি জ্ঞানে হিংকারাদি সামভক্তিসমূহ উপাসনীয়; অতীত সামোপাসনাতেও যে যে সাম যে যে বিষয়ে প্রোত অর্থাৎ যে যে বিষয়ে প্রতিষ্ঠিত, সেইরূপ জ্ঞানে তাহার উপাসনা করিবে। কর্ম্মাঙ্গসমূহের দৃষ্টি-বিশেষানুসারে যেরূপ আজ্য—ঘৃতাদির সংস্কার করিতে হয়, ইহাও তদ্রূপ ॥১৫৭॥১

স য এবমেতৎ সাম সর্ব্বস্মিন্ প্রোতং বেদ, সর্ব্বংহ ভবতি ॥১৫৮॥২

সঃ যঃ (কশ্চিৎ) এতৎ সাম এবং যথোক্তপ্রকারেণ সর্ব্বস্মিন্ প্রোতং বেদ; [সঃ বিদ্বান্] হ (এব) সর্ব্বং (সর্ব্বেশ্বরঃ) ভবতি ॥

যে কোন লোক এই সামকে যথোক্ত প্রকারে সর্ব্ব পদার্থে প্রতিষ্ঠিত জানেন, তিনি নিজেও সর্ব্বেশ্বর হন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—সর্ব্ববিষয়-সামবিদঃ ফলম্—সর্ব্বং হ ভবতি, সর্ব্বেশ্বরো ভবতীত্যর্থঃ নিরুপচরিতসর্ব্বভাবে হি দিক্স্থেভ্যো বলিপ্রাপ্ত্যনুপপত্তিঃ ॥১৫৮॥২

আনন্দগিরিঃ।—অথ যথাশ্রুতং সর্ব্বাত্মত্বমেব কিং ন স্যাৎ অত আহ—নিরুপচরিতেতি ॥১৫৮॥২

ভাষ্যানুবাদ।—সর্ব্ববিষয়ক সামাভিজ্ঞের ফল [কথিত হইতেছে]—'সর্ব্ব হন' অর্থ—সর্ব্বেশ্বর হন। নচেৎ যথার্থই সর্ব্বভাব প্রাপ্ত হইলে, সর্ব্বদিগ্বাসীদিগের নিকট হইতে উপহার প্রাপ্তি সঙ্গত হয় না * ॥১৫৮॥২

তদেষ শ্লোকো যানি পঞ্চধা ত্রীণি ত্রীণি, তেভ্যো ন জ্যায়ঃ পরমন্যদস্তি ॥১৫৯॥৩

তৎ (তস্মিন্—এতস্মিন্ বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণপ্রকারঃ) শ্লোকঃ (সংক্ষিপ্তার্থকঃ মন্ত্রঃ) [অস্তি],—পঞ্চধা (হিংকারাদিভিঃ পঞ্চভিঃ বিভাগৈঃ) [প্রোক্তানি] ত্রীণি ত্রীণি (ত্রয়ীবিদ্যাপ্রভৃতীনি), তেভ্যঃ (ত্রয়ীবিদ্যাদিভ্যঃ ত্রিরূপেভ্যঃ) জ্যায়ঃ (মহত্তরং) পরম্ (অতিরিক্তং চ) অন্যৎ (বস্ত্বন্তরং) ন অস্তি, [অত্রৈব সর্ব্বেষাম্ অন্তর্ভাব ইত্যাশয়ঃ] ॥

উক্ত বিষয়ে এই একটি শ্লোক, অর্থাৎ সংক্ষিপ্তার্থপ্রকাশক মন্ত্রও আছে—হিংকারাদি পঞ্চপ্রকার রূপভেদে যে, 'ত্রয়ী বিদ্যা' প্রভৃতি তিন তিনটি রূপ উক্ত হইল ইহা অপেক্ষা উৎকৃষ্ট কিংবা অতিরিক্ত অন্য কোনও বস্তু বিদ্যমান নাই ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তদেতস্মিন্নর্থে এষঃ শ্লোকঃ মন্ত্রোঽপি অস্তি। যানি পঞ্চধা পঞ্চপ্রকারেণ হিঙ্কারাদিবিভাগৈঃ প্রোক্তানি ত্রীণি ত্রীণি ত্রয়ীবিদ্যাদীনি, তেভ্যঃ পঞ্চ-ত্রিকেভ্যঃ জ্যায়ঃ—মহত্তরং, পরঞ্চ—ব্যতিরিক্তম্ অন্যদ্বস্ত্বন্তরং নাস্তি ন বিদ্যতে ইত্যর্থঃ। তত্রৈব হি সর্ব্বস্যান্তর্ভাবঃ ॥১৫৯॥৩

আনন্দগিরিঃ।—সর্ব্ববিষয়সামবিদঃ সর্ব্বেশ্বরত্বমিত্যত্র মন্ত্রং সংবাদয়তি—তদেতস্মিন্নিতি। পরমিত্যস্যৈব ব্যাখ্যানমন্যদিতি। বস্ত্বন্তরাভাবে হেতুমাহ—তত্রৈবেতি ॥১৫৯॥৩

ভাষ্যানুবাদ।—সেই এই বিষয়ে এই একটি শ্লোক অর্থাৎ মন্ত্রও আছে। পঞ্চধা অর্থাৎ পঞ্চপ্রকার হিংকারাদি বিভাগানুসারে ত্রয়ীবিদ্যা প্রভৃতি যে, তিন তিনটি রূপ কথিত হইল, সেই পঞ্চপ্রকার ত্রিরূপ হইতে অতিশয় মহান্ কিংবা অতিরিক্ত (পৃথগ্ভূত) অপর কোনও বস্তু নাই—বিদ্যমান নাই; কারণ, তাহাতেই সর্ব্ব পদার্থের অন্তর্ভাব হইয়া থাকে ॥১৫৯॥৩

যস্তদ্বেদ স বেদ সর্ব্বং সর্ব্বা দিশো বলিমস্মৈ হরন্তি সর্ব্বমস্মীত্যুপাসীত, তদ্ ব্রতং তদ্ ব্রতম্ ॥১৬০॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়স্য একবিংশঃ খণ্ডঃ ॥ ২১ ॥

---

* তাৎপর্য্য—এই উপাসক যদি সত্যসত্যই সর্ব্বাত্মকভাব প্রাপ্ত হন, তাহা হইলে তাঁহার নিকট সর্ব্বপ্রকার ভেদ বিলুপ্ত হইয়া যাওয়ায় সর্ব্বদিগ্বাসিকর্ত্তৃক তাহার উদ্দেশে উপহার প্রদান করা সম্ভব হয় না; বিশেষতঃ পরবর্ত্তী শ্লোকে "দিক্স্থেভ্যঃ" এই ভেদোক্তিও অসঙ্গত হইয়া পড়ে।

যঃ (জনঃ) তৎ (যথোক্তং সাম) বেদ (জানাতি), সঃ (বিদ্বান্) সর্ব্বং বেদ (সর্ব্বজ্ঞঃ ভবতি) ; সর্ব্বাঃ দিশঃ (সর্ব্বদিক্স্থাঃ পুরুষাঃ) অস্মৈ (উপাসকায়) বলিং (উপহারং) হরন্তি, (আহরন্তি, ইত্যর্থ), ['অহং] সর্ব্বম্ অস্মি (ভবামি') ইতি [কৃত্বা] উপাসীত ; তৎ (উপাসনং) [তস্য] ব্রতম্ ; দ্বিরুক্তিঃ উপাসনসমাপ্ত্যর্থা ॥

যে লোক উক্তপ্রকারে সাম অবগত হন, তিনি বস্তুতঃ সর্ব্বজ্ঞই হন, সমস্ত দিক্, অর্থাৎ সর্ব্বদিগ্‌বাসী জনগণ ইঁহার উদ্দেশে উপহার আহরণ (সংগ্রহ) করে। 'আমিই সর্ব্বস্বরূপ,' এইরূপে তাঁহাকে উপাসনা করিতে হইবে। সেইরূপ ভাবনা করাই তাঁহার ব্রত অর্থাৎ অলঙ্ঘনীয় নিয়ম।

ইতি দ্বিতীয়াধ্যায়ে একবিংশঃ খণ্ডঃ ॥২১॥

শাঙ্কর-ভাষ্যম্।—যঃ তৎ যথোক্তং সর্ব্বাত্মকং সাম বেদ, সঃ বেদ সর্ব্বং, স সর্ব্বজ্ঞো ভবতীত্যর্থঃ। সর্ব্বা দিশঃ সর্ব্বদিক্স্থা অস্মৈ এবংবিদে বলিং ভোগং হরন্তি প্রাপয়ন্তীত্যর্থঃ। সর্ব্বম্ অস্মি ভবামি ইত্যেবম্ এতৎ সাম উপাসীত; তস্য এতদেব ব্রতম্। দ্বিরুক্তিঃ সামোপাসনসমাপ্ত্যর্থা ॥১৬০॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়স্য একবিংশখণ্ডভাষ্যম্ ॥২১॥

আনন্দগিরিঃ।—সর্ব্বজ্ঞত্বং সর্ব্বেশ্বরত্বং চ তচ্ছব্দার্থঃ ॥১৬০॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়স্য একবিংশঃ খণ্ডঃ ॥২১॥

ভাষ্যানুবাদ।—যিনি উক্তপ্রকার সর্ব্বাত্মক সামকে জানেন, তিনি সমস্তই জানেন, অর্থাৎ তিনি সর্ব্বজ্ঞ হন। সর্ব্বদিক্ অর্থ সর্ব্বদিক্স্থিত পুরুষগণ এবংবিধ বিদ্বানের উদ্দেশে বলি আহরণ করিয়া থাকে ; অর্থাৎ তাঁহাকে উপযুক্ত ভোগ প্রাপ্ত করান। [আমি] সর্ব্বাত্মক, এই প্রকারে এই সামের উপাসনা করিবে। ইহাই তাঁহার ব্রত (নিয়ম)। সামোপাসনার প্রসঙ্গের সমাপ্তিসূচনার্থ "তদ্ব্রতম্" কথার দ্বিরুক্তি [হইয়াছে] ॥১৬০॥৪

ইতি দ্বিতীয়াধ্যায়ের একবিংশখণ্ডের ভাষ্যানুবাদ ॥২১॥

———

দ্বিতীয়াধ্যায়ে

দ্বাবিংশঃ খণ্ডঃ।

বিনর্দ্দি সাম্নো বৃণে পশব্যমিত্যগ্নেরুদ্‌গীথোঽনিরুক্তঃ প্রজাপতের্নিরুক্তঃ সোমস্য মৃদু শ্লক্ষ্ণং বায়োঃ শ্লক্ষ্ণং বলবদিন্দ্রস্য ক্রৌঞ্চং বৃহস্পতেরপধ্বান্তং বরুণস্য, তান্ সর্ব্বানেবোপসেবেত বারুণং ত্বেব বর্জ্জয়েৎ ॥১৬১॥১

[সামোপাসনাপ্রসঙ্গেন ইদানীং উদ্‌গাতুঃ গীতিসম্পৎ উপদিশ্যতে "বিনর্দ্দি" ইতি।]—সাম্নঃ (সামসম্বন্ধি) বিনর্দ্দি (বৃষভধ্বনিসদৃশঃ ধ্বনিবিশেষঃ বিনর্দ্দঃ, সঃ অস্য অস্তীতি বিনর্দ্দি—গানবিশেষঃ) পশব্যম্ (পশুভ্যঃ হিতম্) অগ্নেঃ (অগ্নিদৈবতম্) ইতি এবং (বিশিষ্টং) বৃণে (প্রার্থয়ে) [অহং—যজমানঃ উদ্‌গাতা বা]। অনিরুক্তঃ (নামবিশেষেণ অনির্দ্দিষ্টঃ) উদ্‌গীথঃ (উদ্‌গীথ-গানং) প্রজাপতেঃ (প্রজাপতেরপি সর্ব্বং প্রতি অবিশেষাৎ প্রজাপতিদৈবতঃ), নিরুক্তঃ (স্পষ্টরূপঃ) সোমস্য (চন্দ্রদৈবতঃ), মৃদু শ্লক্ষ্ণং (অনুচ্চৈঃ অপ্রযত্নেন চ উচ্চার্য্যং গানং) বায়োঃ (বায়ুদৈবতং), শ্লক্ষ্ণং বলবৎ (শিথিলমপি প্রযত্নাধিক্যাপেক্ষং গানম্) ইন্দ্রস্য (ইন্দ্রদৈবতং), ক্রৌঞ্চং (ক্রৌঞ্চপক্ষি-রবসমং গানং) বৃহস্পতেঃ (বার্হস্পত্যম্), অপধ্বান্তং (ভগ্ন-কাংস্যধ্বনিসমং গানং) বরুণস্য (বরুণদৈবতম্) তান্ সর্ব্বান্ এব (ধ্বনীন্) উপসেবেত (প্রযুঞ্জীত), তু (পুনঃ) বারুণম্ এব একং (ধ্বনিং) বর্জ্জয়েৎ (পরিত্যজেৎ) [বিদ্বান্ ইতি শেষঃ]॥

সামোপাসনা প্রসঙ্গে এখন উদ্‌গাতার গান-বিদ্যা-বিষয়ে উপদেশ করা হইতেছে—সামের যে বিনর্দ্দিসংজ্ঞক স্বর, তাহা পশব্য অর্থাৎ পশুগণের হিতকর এবং অগ্নিদৈবত, এই মনে করিয়া তাহাকে বরণ (প্রার্থনা) করিতেছি। প্রজাপতিদৈবত অনিরুক্ত অর্থাৎ বিশেষরূপে অনভিব্যক্ত স্বরসম্পন্ন উদ্‌গীথ; আর সোমদৈবত নিরুক্ত উদ্‌গীথ; বায়ুদৈবত সামটি মৃদু শ্লক্ষ্ণ অর্থাৎ অল্প চেষ্টায় উচ্চার্য্য; ইন্দ্রদৈবত সাম শ্লক্ষ্ণ (শিথিলস্বরযুক্ত) ও বলবৎ; বৃহস্পতিদৈবত সাম ক্রৌঞ্চস্বর; বরুণদৈবত সাম অপধ্বান্ত অর্থাৎ ভগ্ন কাংস্যপাত্রের ন্যায় যে স্বর;

উক্ত এই সমস্ত ধ্বনিই প্রয়োগ করিবে, কেবল একমাত্র অপধ্বান্ত স্বর বর্জ্জন করিবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—সামোপাসনপ্রসঙ্গেন গানবিশেষাদিসম্পৎ উদ্গাতুরুপদিশ্যতে ফলবিশেষসম্বন্ধাৎ। বিনর্দ্দি বিশিষ্টো নর্দঃ স্বরবিশেষ ঋষভকূজিতসমোঽস্যাস্তীতি বিনর্দ্দি, গানমিতি বাক্যশেষঃ। তচ্চ সাম্নঃ সম্বন্ধি পশুভ্যো হিতং পশব্যম্ অগ্নেঃ অগ্নিদেবত্যঞ্চ। উদ্গীথঃ উদ্গানম্। তদহমেবং বিশিষ্টং বৃণে প্রার্থয়ে ইতি কশ্চিৎ যজমান উদ্গাতা বা মন্যতে। অনিরুক্তঃ অমুকসম ইত্যবিশেষিতঃ প্রজাপতেঃ প্রজাপতিদেবত্যঃ স গানবিশেষঃ, আনিরুক্ত্যাৎ প্রজাপতেঃ। নিরুক্তঃ স্পষ্টঃ। সোমস্য সোমদেবত্যঃ স উদ্গীথ ইত্যর্থঃ। মৃদু শ্লক্ষ্ণঞ্চ গানং বায়োঃ বায়ুদেবত্যং তৎ। শ্লক্ষ্ণং বলবচ্চ প্রযত্নাধিক্যোপেতঞ্চ ইন্দ্রস্য ঐন্দ্রং তদ্গানম্। ক্রৌঞ্চং ক্রৌঞ্চপক্ষিনিনাদসমম্, বার্হস্পতেঃ বার্হস্পত্যং তৎ। অপধ্বান্তং ভিন্ন-কাংস্যস্বরসমম্ বরুণস্য এতদ্ গানম্। তান্ সর্ব্বানেবোপসেবেত প্রযুঞ্জীত বারুণং তু এবৈকং বর্জ্জয়েৎ॥১৬১॥১

আনন্দগিরিঃ।—সামোপাসনং সমাপ্তং চেৎ কিমুত্তরগ্রন্থেন, ইত্যাশঙ্ক্যাহ—সামেতি। আদিশব্দেন স্বরাদয়ো বর্ণা গৃহ্যন্তে। কিমিত্যুদ্গাতুর্যথোক্তোপাস্তি-রুচ্যতে, তত্রাহ—ফলেতি। মৃত্যুপরিহারাদিঃ ফলবিশেষঃ, তৎসম্বন্ধাদেষোপাস্তি-রনুষ্ঠেয়েত্যর্থঃ। পশুভ্যো হিতত্বমস্য বচনাদ্গময়িতব্যম্। বাক্যস্থমিতিশব্দং ব্যাচষ্টে—ইতি কশ্চিদিতি। ইত্যবিশেষিতঃ, অনেন প্রকারেণায়মিতি বিশেষিতো ব্যবচ্ছিদ্য জ্ঞাতো ন ভবতীত্যর্থঃ। তস্য প্রাজাপত্যত্বে হেতুমাহ—আনিরুক্ত্যাদিতি। নীলপীতাদিভির্নিশ্চিত্যাবচনাদিত্যর্থঃ॥১৬১॥১

ভাষ্যানুবাদ।—সামের উপাসনা প্রসঙ্গে এখন উদ্গাতার বিশিষ্ট প্রকার গীতিসম্পত্তি প্রভৃতির উপদেশ করা হইতেছে; কারণ, উহাতে—বিশেষ বিশেষ ফলের সম্বন্ধ রহিয়াছে।

বিনর্দ্দি—বিনর্দ্দ অর্থ—বৃষের শব্দসদৃশ একপ্রকার বিশেষ স্বর; সেই স্বর যাহাতে আছে, তাহার নাম বিনর্দ্দী—গান, তাহাও আবার সামসম্পর্কিত, পশুগণের হিতকর বলিয়া পশব্য, এবং অগ্নির অধীন বলিয়া অগ্নিদৈবতও বটে; উদ্গীথ অর্থ—উদ্গান [উদ্গীথের বিবরণ পূর্ব্বে কথিত হইয়াছে]। ঈদৃশ বিশিষ্ট গুণসম্পন্ন সেই স্বরকে আমি বরণ করিতেছি—প্রার্থনা করিতেছি; কোনও যজমান কিংবা উদ্গাতা এইরূপ মনে করিতেছেন। অনিরুক্ত অর্থ—'ইহা অমুকের সমান', এইরূপে যাহাকে বিশেষ করিয়া বলা হয় নাই।

এই প্রকার এই গানটি প্রজাপতিদেবত্য, কারণ, প্রজাপতিরও কোন নির্দ্দিষ্ট রূপবিশেষ নাই, ইহারও কোন রূপবিশেষ নাই; সুতরাং অনিরুক্তত্ব-ধর্ম্মের সাম্য থাকায় প্রজাপতিই ইহার দেবতা। নিরুক্ত অর্থ—স্পষ্ট (যাহার বিশেষভাব কথিত আছে), সেই উদ্গীথটি সোমের, অর্থাৎ চন্দ্র দেবতাকর্ত্তৃক অধিষ্ঠিত। মৃদু অথচ শ্লক্ষ্ণ (কোমল ও অল্পপ্রযত্নসাধ্য) যে গানবিশেষ, তাহা বায়ুর অর্থাৎ বায়ুদেবতাধিষ্ঠিত—বায়ুদেবত্য; যাহা শ্লক্ষ্ণ ও বলবৎ (সমধিক প্রযত্নসাধ্য), তাদৃশ গান ইন্দ্রের অর্থাৎ তাহা ইন্দ্রদেবতাধিষ্ঠিত—ঐন্দ্র। যাহা ক্রৌঞ্চ (ক্রৌঞ্চপক্ষীর ধ্বনির অনুরূপ স্বরযুক্ত), তাহা বৃহস্পতির অর্থাৎ বার্হস্পত্য। আর যাহা অপধ্বান্ত, (ভগ্ন কাঁসার শব্দের অনুরূপ স্বরসংযুক্ত), সেই গান বরুণের অর্থাৎ বরুণ দেবতাধিষ্ঠিত; উক্ত সমস্ত স্বরেরই সেবা করিবে, অর্থাৎ প্রয়োগ করিবে; কেবল একমাত্র বারুণ স্বরকেই বর্জ্জন করিবে ॥১৬১॥১

অমৃতত্বং দেবেভ্য আগায়ানীত্যাগায়েৎ, স্বধাং পিতৃভ্য আশাং মনুষ্যেভ্যস্তৃণোদকং পশুভ্যঃ স্বর্গং লোকং যজমানায়ান্নমাত্মন আগায়ানীত্যেতানি মনসা ধ্যায়ন্নপ্রমত্তঃ স্তুবীত ॥১৬২॥২

[অন্যথাপি ধ্যানপ্রকারমাহ "অমৃতত্বম্" ইত্যাদিনা।]—দেবেভ্যঃ অমৃতত্বং আগায়ানি (গানেন সম্পাদয়ামি), ইতি [কৃত্বা] আগায়েৎ (অমৃতত্বং সম্পাদয়েৎ); [তথা], পিতৃভ্যঃ (অগ্নিষ্বাত্তাদিভ্যঃ) স্বধাং (পিতৃকৃত্যং), মনুষ্যেভ্যঃ আশাং (প্রার্থনাং), পশুভ্যঃ তৃণোদকং (তৃণম্ উদকং চ), যজমানায় (যজ্ঞকারিণে) স্বর্গং লোকম্, আত্মনে (স্বস্মৈ) [চ] অন্নম্ আগায়ানি (সম্পাদয়ামি); অপ্রমত্তঃ (প্রমাদরহিতঃ সন্) এতানি (যথোক্তানি সামানি) ধ্যায়ন্ স্তুবীত (স্তুত্যা প্রসাদয়েদিত্যর্থঃ)॥

দেবতাগণের উদ্দেশে অমৃতত্ব সম্পাদন করিব, এই বলিয়া [তাহা] গান করিবে। এইরূপে, পিতৃগণের উদ্দেশে স্বধা, মনুষ্যগণের উদ্দেশে আশা (প্রার্থনা),

পশুগণের উদ্দেশে তৃণ ও জল, যজমানের উদ্দেশে স্বর্গ লোক এবং নিজের উদ্দেশে অন্ন গান করিব, (এই বলিয়া) স্থিরচিত্তে ঐ সকলকে মনে মনে ধ্যান করতঃ স্তব করিবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—অমৃতত্বং দেবেভ্য আগায়ানি—সাধয়ানি; স্বধাং পিতৃভ্যঃ আগায়ানি; আশাং মনুষ্যেভ্যঃ, আশাং প্রার্থনাং প্রার্থিতমিত্যেতৎ; তৃণোদকং পশুভ্যঃ; স্বর্গং লোকং যজমানায়; অন্নম্ আত্মনে মহ্যম্ আগায়ানি; ইত্যেতানি মনসা চিন্তয়ন্ ধ্যায়ন্ অপ্রমত্তঃ স্বরোষ্মব্যঞ্জনাদিভ্যঃ স্তুবীত॥১৬২॥২

আনন্দগিরিঃ।—স্বরবিশেষজ্ঞানপূর্ব্বকমুদ্গানকালে ধ্যাতব্যার্থমাহ—অমৃতত্বমিতি। স্বরোষ্মব্যঞ্জনাদিভ্য ইত্যত্রাদিশব্দেন স্থান-প্রযত্নাদিসংগ্রহঃ॥১৬২॥২

ভাষ্যানুবাদ।—দেবতাগণের উদ্দেশে অমৃতত্ব গান করি, অর্থাৎ সাধন করি; মনুষ্যগণের উদ্দেশে আশা; আশা অর্থ—প্রার্থনা, অর্থাৎ অভিলষিত বিষয়; পশুগণের নিমিত্ত তৃণ ও জল; যজমানের নিমিত্ত স্বর্গলোক; আত্মার অর্থাৎ নিজের নিমিত্ত অন্ন গান করি। এই বিষয়গুলিকে মনে মনে চিন্তা করতঃ অর্থাৎ ধ্যান করতঃ স্বর, উষ্মা ও ব্যঞ্জনাদি বর্ণ বিষয়ে অনবধানতাশূন্য* হইয়া স্তব করিবে॥১৬২॥২

সর্ব্বে স্বরা ইন্দ্রস্যাত্মানঃ সর্ব্ব উষ্মাণঃ প্রজাপতেরাত্মানঃ সর্ব্বে স্পর্শা মৃত্যোরাত্মানস্তং যদি স্বরেষূপালভেতেন্দ্রꣳ শরণং প্রপন্নোঽভূবম্, স ত্বা প্রতি বক্ষ্যতীত্যেনং ব্রূয়াৎ॥১৬৩॥৩

সর্ব্বে স্বরাঃ (অকারাদয়ঃ) ইন্দ্রস্য (বলাধিপতেঃ প্রাণস্য), আত্মানঃ (দেহরূপাঃ) সর্ব্বে উষ্মাণঃ (শ-ষ-স-হ-কারাদয়ঃ) প্রজাপতেঃ (বিরাজঃ পুরুষস্য) আত্মানঃ; সর্ব্বে স্পর্শাঃ (কাদীনি ব্যঞ্জনানি) মৃত্যোঃ (যমস্য) আত্মানঃ [বেদিতব্যাঃ ইতি শেষঃ]। তম্ (উদ্গাতারং) যদি (সম্ভাবনায়াং) স্বরেষু (অকারাদিষু বিষয়ে) উপালভেত (দোষপ্রদর্শনপুরঃসরং নিন্দেৎ), [তদা সঃ

---

* তাৎপর্য্য—অমৃতই দেবতাগণের প্রিয়, এইজন্য দেবতার নিমিত্ত অমৃতত্ব গান; 'স্বধা' উচ্চারণপূর্ব্বক পিতৃগণের উদ্দেশে দান করিতে হয়, এইজন্য পিতৃ-উদ্দেশে 'স্বধা' গান অভিহিত হইয়াছে। 'শ, ষ, স, হ' এই বর্ণগুলিকে "উষ্ম" বর্ণ কহে। ইহাদেরও উচ্চারণগত পার্থক্য আছে। প্রয়োগকালে এসকল বিষয়ে সাবধান হইবার উপদেশ প্রদত্ত হইয়াছে।

উদ্গাতা] এনম্ (উপালব্ধারং) ব্রূয়াৎ (কথয়েৎ), [কিম্ ? ইত্যাহ]—[অহং প্রয়োগকালে] ইন্দ্রং (প্রাণং) শরণং (আশ্রয়ং) প্রপন্নঃ অভূবম্ (প্রাপ্তবান্ অস্মি); সঃ (প্রাণঃ) ত্বা (ত্বাম্ উপালব্ধারং) প্রতিবক্ষ্যতি (প্রত্যুত্তরং দাস্যতি) ইতি ॥

অকারাদি সমস্ত স্বরবর্ণ ইন্দ্রের দেহাবয়বস্বরূপ ; সমস্ত উষ্ম বর্ণ প্রজাপতির দেহস্বরূপ ; সমস্ত স্পর্শ-বর্ণ মৃত্যুর দেহস্বরূপ। সেই উদ্গাতাকে কেহ যদি [স্বরাদির উচ্চারণ দোষে] নিন্দা করে, তাহা হইলে উদ্গাতা তাহাকে বলিবেন, "আমি [গানকালে] ইন্দ্রের শরণাগত হইয়াছিলাম ; তিনিই তোমাকে প্রত্যুত্তর দিবেন ॥'

শাঙ্কর-ভাষ্যম্।—সর্ব্বে স্বরাঃ অকারাদয়ঃ ইন্দ্রস্য বলকর্ম্মণঃ প্রাণস্য আত্মানঃ দেহাবয়বস্থানীয়াঃ। সর্ব্বে উষ্মাণঃ শ-ষ-স-হাদয়ঃ প্রজাপতেঃ বিরাজঃ কশ্যপস্য বা আত্মানঃ। সর্ব্বে স্পর্শাঃ কাদয়ো ব্যঞ্জনানি মৃত্যোঃ আত্মানঃ। তম্ এবংবিদম্ উদ্গাতারং যদি কশ্চিৎ স্বরেষু উপালভেত—স্বরস্ত্বয়া দুষ্টঃ প্রযুক্তঃ ইতি, এবম্-উপালব্ধঃ ইন্দ্রং প্রাণমীশ্বরং শরণম্ আশ্রয়ং প্রপন্নঃ অভূবং স্বরান্ প্রযুঞ্জানোঽহম্, স ইন্দ্রঃ যৎ তব বক্তব্যং, ত্বা ত্বাং প্রতি বক্ষ্যতি, স এব দেব উত্তরং দাস্যতি ; ইতি এনং ব্রূয়াৎ ॥১৬৩॥৩

আনন্দগিরিঃ।—কেনাপি আক্ষিপ্তস্য উদ্গাতুরুদ্গানকালে প্রতীকারজ্ঞানায় স্বরাদিদেবতাজ্ঞানমুপন্যস্যতি—সর্ব্বে স্বরা ইতি। শ ষ-স-হাদয় ইত্যাদিশব্দস্তদবান্তর-ভেদাভিপ্রায়ঃ। যন্নেতরৎ বক্তব্যমিত্যস্মাদূর্দ্ধ্বং তচ্ছব্দো দ্রষ্টব্যঃ ॥১৬৩॥৩

ভাষ্যানুবাদ।—সমস্ত স্বর অর্থাৎ অকারাদি বর্ণসমূহ ইন্দ্রের অর্থাৎ বলসাধ্য কর্ম্মের প্রবর্ত্তক প্রাণের আত্মা, অর্থাৎ দেহের অবয়বতুল্য ; 'শ, ষ, স ও হ' প্রভৃতি উষ্মবর্ণ-সমুদয় প্রজাপতির অর্থাৎ বিরাট্ পুরুষের অথবা কশ্যপের আত্মস্বরূপ ; সমস্ত স্পর্শবর্ণ অর্থাৎ ককারাদি ব্যঞ্জনবর্ণ-সমুদয় মৃত্যুর আত্মস্বরূপ। এবংবিধ বিদ্বান্ উদ্গাতাকে কেহ যদি 'তুমি অশুদ্ধভাবে স্বর প্রকাশ করিয়াছ', এই বলিয়া স্বরসম্বন্ধে উপালব্ধ করে (নিন্দা করে), [তাহা হইলে] এইরূপ উপালব্ধ হইয়া সেই উদ্গাতা [তাহাকে] বলিবেন যে, 'আমি স্বরবর্ণ প্রয়োগ করিবার সময়ে ইন্দ্রকে—প্রাণরূপী ঈশ্বরকে আশ্রয় করিয়াছিলাম। তোমার

যাহা বক্তব্য, সেই ইন্দ্রই তোমাকে [তাহা] বলিবেন, অর্থাৎ সেই দেবতাই প্রত্যুত্তর প্রদান করিবেন ॥১৬৩॥৩

অথ যদ্যেনমুষ্মসূপালভেত প্রজাপতিꣳ শরণং প্রপন্নোঽভূবম্ স ত্বা প্রতি পেক্ষ্যতীত্যেনং ব্রূয়াৎ। অথ যদ্যেনꣳ স্পর্শেষূ-পালভেত মৃত্যুꣳ শরণং প্রপন্নোঽভূবম্, স ত্বা প্রতি ধক্ষ্যতীত্যেনং ব্রূয়াৎ ॥১৬৪॥৪

অথ (পক্ষান্তরে) যদি (সম্ভাবনায়াং) [কশ্চিৎ] এনম্ (উদ্গাতারম্) উষ্মসু (শ-ষ-সাদিবর্ণেষু) উপালভেত (ত্বয়া খলু উষ্মবর্ণাঃ অসম্যক্ প্রযুক্তাঃ, ইত্যেবং নিন্দেৎ), [তদা সঃ উদ্গাতা] এনং (উপালব্ধারম্) ব্রূয়াৎ—[উষ্মবর্ণান্ প্রযুঞ্জানঃ অহং] প্রজাপতিং (পূর্ব্বোক্তং) শরণং প্রপন্নঃ (আশ্রিতঃ) অভূবম্; সঃ (প্রজাপতিঃ) ত্বা (ত্বাং) প্রতিপেক্ষ্যতি (সংচূর্ণয়িষ্যতি)। অথ যদি [কশ্চিৎ] এনং স্পর্শেষু (ককারাদি-ব্যঞ্জনবর্ণেষু) উপালভেত, [তদা সঃ উদ্গাতা] এনং ব্রূয়াৎ—[স্পর্শবর্ণপ্রয়োগকালে অহং] মৃত্যুং শরণং প্রপন্নঃ অভূবম্; সঃ (মৃত্যুঃ) ত্বা (ত্বাং) প্রতিধক্ষ্যতি (ভস্মসাৎ করিষ্যতি) ইতি ॥

অথবা কেহ যদি ইহাকে উষ্মবর্ণ সম্বন্ধে তিরস্কার করে, [তাহা হইলে তিনি] বলিবেন, [আমি তৎকালে] প্রজাপতির শরণাপন্ন হইয়াছিলাম; তিনি তোমাকে চূর্ণীকৃত করিবেন। অথবা, কেহ যদি স্পর্শবর্ণ সম্বন্ধে (ককারাদি ব্যঞ্জনবর্ণ বিষয়ে) ইহাকে নিন্দা করে, তাহা হইলে সেই উদ্গাতা তাহাকে প্রত্যুত্তরে বলিবেন যে, [আমি তৎকালে] মৃত্যুর শরণাগত হইয়াছিলাম; তিনিই তোমাকে দগ্ধ করিবেন, অর্থাৎ ভস্মীভূত করিবেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যদ্যেনম্ উষ্মসু তথৈবোপালভেত, প্রজাপতিং শরণং প্রপন্নোঽভূবম্, স ত্বা প্রতি পেক্ষ্যতি সংচূর্ণয়িষ্যতীত্যেনং ব্রূয়াৎ। অথ যদ্যেনং স্পর্শেষু উপালভেত, মৃত্যুং শরণং প্রপন্নোঽভূবম্ স ত্বা প্রতি ধক্ষ্যতি—ভস্মীকরিষ্যতীত্যেনং ব্রূয়াৎ ॥১৬৪॥৪

আনন্দগিরিঃ।—তথৈব স্বরেষ্বিবেতি যাবৎ ॥১৬৪॥৪

ভাষ্যানুবাদ।—অথবা, ইহাকে (উদ্গাতাকে) যদি উষ্মবর্ণ-বিষয়ে তিরস্কার করে, [তাহা হইলে, তিনি] ইহাকে (তিরস্কারীকে) বলিবেন, প্রজাপতির শরণাপন্ন হইয়াছিলাম; তিনি তোমাকে পেষণ করিবেন, অর্থাৎ সম্যকৃরূপে চূর্ণীকৃত করিবেন। অথবা ইহাকে যদি স্পর্শবর্ণ-বিষয়ে তিরস্কার করে, [তাহা হইলে তিনি] বলিবেন যে, মৃত্যুর শরণাপন্ন হইয়াছিলাম, তিনি তোমাকে দগ্ধ করিবেন অর্থাৎ ভস্মীভূত করিবেন ॥১৬৪॥৪

সর্ব্বে স্বরা ঘোষবন্তো বলবন্তো বক্তব্যাঃ, ইন্দ্রে বলং দদানীতি। সর্ব্ব উষ্মাণোঽগ্রস্তা অনিরস্তা বিবৃতা বক্তব্যাঃ প্রজাপতেরাত্মানং পরিদদানীতি, সর্ব্বে স্পর্শা লেশেনানভিনিহিতা বক্তব্যা মৃত্যোরাত্মানং পরিহরাণীতি ॥১৬৫॥৫

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাবিংশঃ খণ্ডঃ ॥২২॥

[প্রয়োগকালে চিন্তনীয়মর্থং কথয়তি—"সর্ব্বে" ইত্যাদি।]—[সর্ব্বে স্বরাঃ (অকারাদয়ঃ) ঘোষবন্তঃ—বলবন্তঃ (প্রযত্নাধিক্যেনোপেতাঃ ইত্যর্থঃ), বক্তব্যাঃ (উচ্চারণীয়াঃ); [অহং] ইন্দ্রে (প্রাণে) বলং দদানি (আদধানি) ইতি [চিন্তয়েদিতি শেষঃ]। সর্ব্বে উষ্মাণঃ (উষ্মবর্ণাঃ) অগ্রস্তাঃ (বর্ণান্তরেণ অতিরস্কৃতাঃ), অনিরস্তাঃ (অপরিত্যক্তাঃ), বিবৃতাঃ (স্পষ্টপ্রযত্নোপেতাঃ চ) বক্তব্যাঃ, [অহং] আত্মানং প্রজাপতেঃ (প্রজাপতয়ে) পরিদদানি (প্রযচ্ছানি); ইতি [চিন্তয়েৎ ইতি শেষঃ]। সর্ব্বে স্পর্শাঃ (ব্যঞ্জনবর্ণাঃ) লেশেন (অত্যল্পমপি) অনভিনিহিতাঃ (বর্ণান্তরেণ অসংকীর্ণাঃ) বক্তব্যাঃ (উচ্চারণীয়াঃ); আত্মানম্ (স্বং) মৃত্যোঃ (সকাশাৎ) পরিহরাণি (পরিরক্ষামি), ইতি (চিন্তয়েৎ) [উদ্গাতা ইতি শেষঃ]॥

প্রয়োগ-সময়ে যেরূপ চিন্তা করিতে হইবে, তাহা বলিতেছেন—[প্রয়োগ-কালে] সমস্ত স্বরবর্ণগুলিকে ঘোষবৎ ও বলবৎ বলিতে হইবে, অর্থাৎ সবল ধ্বনি সহকারে উচ্চারণ করিতে হইবে, এবং (বলাধিপতি) ইন্দ্রে বলন্যাস করিতেছি, [এইরূপ চিন্তা করিবে]। সমস্ত উষ্মবর্ণকেই বর্ণান্তরের সহিত অমিশ্রিত, অপরিত্যক্ত এবং স্পষ্ট-প্রযত্নসমন্বিত করিয়া উচ্চারণ করিতে হইবে; প্রজাপতির উদ্দেশে [আমি] আত্মাকে সমর্পণ করিতেছি, [এইরূপ চিন্তা করিবে। সমস্ত

স্পর্শ বর্ণকেই বর্ণান্তরে অত্যল্পমাত্রও মিশ্রিত না করিয়া উচ্চারণ করিতে হইবে; মৃত্যু হইতে আত্মাকে (আপনাকে) পরিত্রাণ করিতেছি, [এইরূপ চিন্তা করিবে]॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বাবিংশঃ খণ্ডঃ ॥২২॥

শাঙ্কর-ভাষ্যম্।—যত ইন্দ্রাদ্যাত্মানঃ স্বরাদয়ঃ, অতঃ সর্ব্বে স্বরাঃ ঘোষবন্তঃ বলবন্তঃ বক্তব্যাঃ; তথা অহমিন্দ্রে বলং দদানি—বলমাদধানীতি। তথা সর্ব্বে উষ্মাণঃ অগ্রস্তা অন্তরপ্রবেশিতাঃ অনিরস্তা বহিরপ্রক্ষিপ্তাঃ, বিবৃতা বিবৃতপ্রযত্নোপেতাঃ। প্রজাপতেরাত্মানং পরিদদানি প্রযচ্ছানীতি। সর্ব্বে স্পর্শা লেশেন শনকৈঃ অনভিনিহিতাঃ অনভিনিক্ষিপ্তা বক্তব্যাঃ। মৃত্যোরাত্মানং বালানিব শনকৈঃ পরিহরন্ মৃত্যোঃ আত্মানং পরিহরাণীতি ॥১৬৫॥৫

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাবিংশখণ্ডভাষ্যম্ ॥২২॥

আনন্দগিরিঃ।—দেবতাজ্ঞানবলেনোদ্গাত্রা ন প্রমত্তেন ভবিতব্যং, স্বরাদীনামন্যথোচ্চারণে দেবতাভেদপ্রসঙ্গাৎ, অতঃ স্বরাদ্যুচ্চারণে তাৎপর্য্যং কর্ত্তব্যমিত্যুদ্গাতারং শিক্ষয়তি—যত ইতি। প্রয়োগকালে চিন্তনীয়মর্থং—তথেতি। যথোক্তরীত্যা স্বরাণাং প্রয়োগাবস্থায়ামিত্যর্থঃ। আদধানীতি চিন্তয়েদিতি শেষঃ। তথেত্যুষ্মণাং প্রয়োগাবস্থায়ামিতি যাবৎ। বিবৃতপ্রযত্নোপেতাঃ প্রযোক্তব্যা ইতি শেষঃ। তত্রাপি ধ্যাতব্যং দর্শয়তি—প্রজাপতেরিতি। অতিদ্রুতোচ্চারণেন বর্ণো বর্ণান্তরে যথা নিক্ষিপ্তো ন ভবতি, তথা প্রযুজ্যমানত্বমনভিক্ষিপ্তত্বম্। মৃত্যোরাত্মানমিতি বাক্যোপাদানং, তস্যার্থমাহ—বালানিবেতি। যথা লোকঃ শনকৈর্জলাদিভ্যো বালান্ পরিহরতি, তথা মৃত্যোরাত্মানমহং পরিহরাণীতি ধ্যাত্বা স্পর্শানাং প্রয়োগঃ কর্ত্তব্য ইত্যর্থঃ ॥১৬৫॥৫

ইতি দ্বিতীয়াধ্যায়স্য দ্বাবিংশঃ খণ্ডঃ ॥ ২২ ॥

ভাষ্যানুবাদ।—যেহেতু স্বরাদি বর্ণসমূহ ইন্দ্রাদি দেবতাত্মক, সেই হেতু সমস্ত স্বরকে ঘোষবৎ অর্থাৎ বলবিশিষ্ট রূপে উচ্চারণ করিবে; এবং আমি ইন্দ্রেতে বল সন্নিবেশিত করিতেছি, [এইরূপ ভাবনা করিবে]। সেই সমস্ত উষ্মবর্ণই অগ্রস্ত অর্থাৎ অপরের মধ্যে অপ্রবেশিত, অনিরস্ত অর্থাৎ পদান্তরে অসন্নিবিষ্ট, অথচ সুস্পষ্ট প্রযত্ন-সাধ্যরূপে উচ্চারণ করিবে; [এবং ভাবনা করিবে যে,] আপনাকে প্রজাপতির উদ্দেশে অর্পণ করিতেছি। আর সমস্ত স্পর্শবর্ণকেই অতি অল্পমাত্রও বর্ণান্তরে সংমিশ্রণশূন্য করিয়া উচ্চারণ করিবে, এবং জল প্রভৃতি হইতে যেমন কেশ-লোম প্রভৃতিকে অল্পে অল্পে উত্তোলন

করা হয়, তেমনি আত্মাকেও শনৈঃ শনৈঃ মৃত্যুর নিকট হইতে পরিহরণ অর্থাৎ রক্ষা করিতেছি (১) ॥১৬৫॥৫

ইতি দ্বিতীয়াধ্যায়ের দ্বাবিংশখণ্ডের ভাষ্যানুবাদ ॥২২॥

---

(১) তাৎপর্য্য—প্রথম হইতে দ্বিতীয় অধ্যায়ের দ্বাবিংশ খণ্ড পর্য্যন্ত যে সমস্ত উপাসনা প্রদর্শিত হইল, এ সমস্তই কর্ম্মাঙ্গ উপাসনা। এরূপ উপাসনা-বিধির উদ্দেশ্য এই যে, মনুষ্যগণ স্বভাবতই কর্ম্মপরতন্ত্র এবং জ্ঞানদুর্ব্বল; সুতরাং ভোগলিপ্সু মানবগণের কর্ম্মানুষ্ঠানে সহজেই প্রবৃত্তি হইয়া থাকে; কিন্তু জ্ঞানপথ বড়ই জটিল এবং বিশেষ আয়াসসাধ্য; সুতরাং তাহাতে প্রবৃত্তিও বড় বিরল। বিশেষতঃ কর্ম্মানুষ্ঠাননিরত লোকদিগকে কর্ম্মফলের দোষখ্যাপন দ্বারা জ্ঞানপথে আনয়নের চেষ্টাও বড় নিরাপদ নহে; কারণ, অজ্ঞলোক কর্ম্মফলের হেয়তা এব জ্ঞানফলের উপাদেয়তা শ্রবণ করিলে সহজেই কর্ম্মানুষ্ঠান পরিত্যাগ করিবে, এবং জ্ঞানপথে প্রবেশের জন্য উৎসুক হইবে। কিন্তু জ্ঞানপথ এতই দুর্গম যে, তাহার অভ্যন্তরে প্রবেশ করা ত দূরের কথা, সন্নিধানে যাওয়াও অনেকের পক্ষে অসম্ভব। এমত অবস্থায় অনেককেই 'ইতোভ্রষ্টস্ততো নষ্টঃ' হইতে হইবে,—অথচ জ্ঞান ব্যতীত মুক্তিলাভের আশা নাই। এই কারণে লোকহিতৈষিণী শ্রুতি প্রথমতঃ কর্ম্মকাণ্ডোক্ত যজ্ঞাঙ্গ উদ্গীথাদি অবলম্বনপূর্ব্বক উপাসনার অবতারণা করিলেন; ইহাতে সুবিধা হইল এই যে, যাহারা দ্রব্যময় যজ্ঞে অনুরক্ত, তাহাদের নিকট 'হিংকার', 'প্রস্তাব' প্রভৃতি সামাংশগুলি বিশেষ পরিচিত, আর লোকপ্রসিদ্ধ অগ্নি, পৃথিবী ও স্বর্গাদি পদার্থগুলিও পরিজ্ঞাত রহিয়াছে। এখন সেই চিরপরিচিত হিংকার, প্রস্তাব ও উদ্গীথ প্রভৃতি সামাংশসমূহে কেবলই অক্ষরময়-স্তোত্রাদি দৃষ্টি না করিয়া, অগ্নি ও পৃথিবী প্রভৃতি কতিপয় প্রসিদ্ধ বস্তুর দৃষ্টি আরোপ করিবার অর্থাৎ ঐ সমস্ত লোকাদি-বুদ্ধিতে উপাসনা করিবার উপদেশ করিলেন। এইরূপে ক্রমশঃ চিন্তাশক্তি বৃদ্ধি পাইলে পর এতদপেক্ষা সমুন্নত উপাসনায়—ব্রহ্মোপাসনায়ও ক্রমে ক্রমে অধিকার লাভ হয়। 'হিংকার' ও 'প্রস্তাব' প্রভৃতি যে, সামবেদেরই অংশ, তাহা পরং ভাষ্যকারই বলিয়া দিয়াছেন।

ত্রয়োবিংশঃ খণ্ডঃ।

ত্রয়ো ধর্ম্মস্কন্ধা যজ্ঞোঽধ্যয়নং দানমিতি প্রথমস্তপ এব দ্বিতীয়ো ব্রহ্মচার্য্যাচার্য্যকুলবাসী তৃতীয়োঽত্যন্তমাত্মানমাচার্য্য-কুলেঽবসাদয়ন্, সর্ব্বএতে পুণ্যলোকা ভবন্তি, ব্রহ্মসংস্থো-ঽমৃতত্বমেতি ॥১৬৬॥১

[পুনশ্চ ওঙ্কারোপাসনোপক্রমায় ধর্ম্মস্কন্ধান্ আহ "ত্রয়ঃ" ইত্যাদিনা।]—ত্রয়ঃ (ত্রিসংখ্যকাঃ, ন ন্যূনাঃ নাপ্যধিকা ইত্যাশয়ঃ) ধর্ম্মস্কন্ধাঃ (ধর্ম্মবিভাগাঃ); [কে তে? ইত্যাহ]—যজ্ঞঃ, অধ্যয়নং, দানং [চ] ইতি প্রথমঃ (একঃ স্কন্ধঃ), তপঃ (কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি) এব দ্বিতীয়ঃ (ধর্ম্মস্কন্ধঃ), আচার্য্যকুলবাসী আচার্য্যকুলে (গুরুগৃহে) অত্যন্তম্ (যাবজ্জীবম্) [এব] আত্মানং (স্বং) অবসাদয়ন্ (ক্ষপয়ন্) ব্রহ্মচারী তৃতীয়ঃ (ধর্ম্মস্কন্ধঃ)। এতে (যথোক্তাঃ) সর্ব্বে (ত্রয়োঽপি আশ্রমিণ ইত্যর্থঃ) পুণ্যলোকাঃ (স্বর্গাদিগামিনঃ ভবন্তি); ব্রহ্মসংস্থঃ (ব্রহ্মণি সম্যক্স্থিতঃ ব্রহ্মনিষ্ঠ ইত্যর্থঃ) অমৃতত্বম্ (অমরণভাবং—মোক্ষম্) এতি (প্রাপ্নোতি, বিমুচ্যতে ইত্যর্থঃ) ॥

ওঙ্কারোপাসনার উপক্রমার্থ প্রথমতঃ ধর্ম্মস্কন্ধত্রয় নিরূপণ করিতেছেন—ধর্ম্মের স্কন্ধ অর্থাৎ বিভাগ তিনটি—প্রথম (এক)—যজ্ঞ, অধ্যয়ন ও দান; দ্বিতীয়—তপস্যা চান্দ্রায়ণাদি ব্রতানুষ্ঠান; আর তৃতীয়—গুরুগৃহে আজীবন অবস্থানপূর্ব্বক দেহপাতকারী ব্রহ্মচারী। ইঁহারা সকলেই পুণ্যলোকগামী হন; ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি কেবল অমৃতত্ব (মোক্ষ) প্রাপ্ত হন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—ওঙ্কারস্যোপাসনবিধ্যর্থং ত্রয়ো ধর্ম্মস্কন্ধা ইত্যাদ্যারভ্যতে। নৈবং মন্তব্যম্, সামাবয়বভূতস্যৈব উদ্গীথাদিলক্ষণস্যোঙ্কারস্যোপাসনাৎ ফলং প্রাপ্যত ইতি; কিং তর্হি? যৎ সর্ব্বৈরপি সামোপাসনৈঃ কর্ম্মভিশ্চাপ্রাপ্যং, তৎ ফলমমৃতত্বং কেবলাদোঙ্কারোপাসনাৎ প্রাপ্যত ইতি। তৎ-স্তুত্যর্থং সামপ্রকরণে তদুপন্যাসঃ।

ত্রয়ঃ ত্রিসংখ্যকাঃ ধর্ম্মস্য স্কন্ধাঃ ধর্ম্মস্কন্ধাঃ ধর্ম্মপ্রবিভাগা ইত্যর্থঃ। কে তে? ইত্যাহ—যজ্ঞঃ অগ্নিহোত্রাদিঃ, অধ্যয়নং সনিয়মস্য ঋগাদেরভ্যাসঃ, দানং বহির্ব্বেদি যথাশক্তি দ্রব্যসংবিভাগঃ ভিক্ষমাণেভ্যঃ, ইতি এষঃ প্রথমঃ ধর্ম্মস্কন্ধঃ গৃহস্থ-সমবেতত্বাৎ তন্নির্ব্বর্ত্তকেন গৃহস্থেন নির্দ্দিশ্যতে ; প্রথম এক ইত্যর্থঃ, দ্বিতীয়তৃতীয়-শ্রবণাৎ, ন আদ্যার্থঃ। তপ এব দ্বিতীয়ঃ ; তপ ইতি কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি, তদ্বান্ তাপসঃ পরিব্রাড় বা, ন ব্রহ্মসংস্থঃ আশ্রমধর্ম্মমাত্রসংস্থঃ, ব্রহ্মসংস্থস্য তু অমৃতত্ব-শ্রবণাৎ। দ্বিতীয়ো ধর্ম্মস্কন্ধঃ। ব্রহ্মচারী আচার্য্যকুলে বস্তুং শীলমস্যেতি আচার্য্য-কুলবাসী ; অত্যন্তং যাবজ্জীবম্ আত্মানং নিয়মৈঃ আচার্য্যকুলে অবসাদয়ন্ ক্ষপয়ন্ দেহং, তৃতীয়ো ধর্ম্মস্কন্ধঃ। অত্যন্তম্ ইত্যাদিবিশেষণাৎ নৈষ্ঠিক ইতি গম্যতে। উপকুর্ব্বাণস্য স্বাধ্যায়গ্রহণার্থত্বাৎ ন পুণ্যলোকত্বং ব্রহ্মচর্য্যেণ। সর্ব্বে এতে ত্রয়োঽপি আশ্রমিণঃ যথোক্তৈঃ ধর্ম্মৈঃ পুণ্যলোকা ভবন্তি, পুণ্যো লোকো যেষাং—তে ইমে পুণ্যলোকা আশ্রমিণো ভবন্তি। অবশিষ্টস্ত অনুক্তঃ পরিব্রাট্ তুরীয়ঃ ব্রহ্মসংস্থঃ ব্রহ্মণি সম্যক্ স্থিতঃ, স অমৃতত্বং পুণ্যলোকবিলক্ষণম অমরণভাবম্ আত্যন্তিকম্ এতি, ন আপেক্ষিকম্, দেবাদ্যমৃতত্ববৎ, পুণ্যলোকাৎ পৃথক্ অমৃতত্বস্য বিভাগকরণাৎ।

যদি চ পুণ্যলোকাতিশয়মাত্রম্ অমৃতত্বমভবিষ্যৎ, ততঃ পুণ্যলোকত্বাদ্বিভক্তং নাবক্ষ্যৎ। বিভক্তোপদেশাচ্চ আত্যন্তিকমমৃতত্বমিতি গম্যতে। অত্র চাশ্রম-ধর্ম্মফলোপন্যাসঃ প্রণবসেবাস্তুত্যর্থঃ, ন তৎফলবিধ্যর্থঃ, স্তুতয়ে চ প্রণবসেবায়াঃ আশ্রমধর্ম্মফলবিধয়ে চ, ইতি হি ভিদ্যেত বাক্যম্। তস্মাৎ স্মৃতিপ্রসিদ্ধাশ্রম-ফলানুবাদেন প্রণবসেবাফলম্ অমৃতত্বং ব্রুবন্ প্রণবসেবাং স্তৌতি। যথা পূর্ণবর্ম্মণঃ সেবা ভক্তপরিধানমাত্রফলা, রাজবর্ম্মণস্তু সেবা রাজ্যতুল্যফলেতি, তদ্বৎ। প্রণবশ্চ তৎ সত্যং পরং ব্রহ্ম, তৎপ্রতীকত্বাৎ। "এতদ্ধ্যেবাক্ষরং পরম্" ইত্যাদ্যাম্নানাৎ কাঠকে, যুক্তং তৎসেবাতোঽমৃতত্বম্।

অত্রাহুঃ কেচিৎ—চতুর্ণামাশ্রমিণামবিশেষেণ স্বধর্ম্মানুষ্ঠানাৎ পুণ্যলোকতা ইহোক্তা জ্ঞানবর্জ্জিতানাং, 'সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি' ইতি। নাত্র পরিব্রাড়-বশেষিতঃ ; পরিব্রাজকস্যাপি জ্ঞানং যমা নিয়মাশ্চ তপ এবেতি। "তপ এব দ্বিতীয়ঃ" ইত্যত্র তপঃশব্দেন পরিব্রাট্তাপসৌ গৃহীতৌ ; অতস্তেষামেব চতুর্ণাং যো ব্রহ্মসংস্থঃ প্রণবসেবকঃ, সোঽমৃতত্বমেতীতি, চতুর্ণামধিকৃতত্বাবিশেষাৎ, ব্রহ্মসংস্থত্বে-ঽপ্রতিষেধাচ্চ, সকর্ম্মচ্ছিদ্রে চ ব্রহ্মসংস্থতায়াং সামর্থ্যোপপত্তেঃ। ন চ যববরাহাদি-

শব্দবৎ ব্রহ্মসংস্থশব্দঃ পরিব্রাজকে রূঢ়ঃ; ব্রহ্মণি সংস্থিতিনিমিত্তমুপাদায় প্রবৃত্তত্বাৎ। ন হি রূঢ়িশব্দা নিমিত্তমুপাদদতে। সর্ব্বেষাঞ্চ ব্রহ্মণি স্থিতিরুপপদ্যতে। যত্র যত্র নিমিত্তমস্তি ব্রহ্মণি সংস্থিতিরিতি তস্য তস্য নিমিত্তবতো বাচকং সন্তং ব্রহ্মসংস্থশব্দং পরিব্রাড়েকবিষয়ে সঙ্কোচকারণাভাবাৎ নিরোদ্ধুম্ অযুক্তম্। ন চ পারিব্রাজ্যাশ্রম-ধর্ম্মমাত্রেণ অমৃতত্বম্; জ্ঞানানর্থক্যপ্রসঙ্গাৎ। পারিব্রাজ্যধর্ম্মযুক্তমেব জ্ঞানমমৃতত্ব-সাধনমিতি চেৎ, ন আশ্রমধর্ম্মত্বাবিশেষাৎ। ধর্ম্মো বা জ্ঞানবিশিষ্টোঽমৃতত্বসাধন-মিত্যেতদপি সর্ব্বাশ্রমধর্ম্মাণামবিশিষ্টম্। ন চ বচনমস্তি পরিব্রাজকস্যৈব ব্রহ্মসংস্থস্য মোক্ষঃ নান্যেষামিতি। জ্ঞানান্মোক্ষ ইতি চ সর্ব্বোপনিষদাং সিদ্ধান্তঃ। তস্মাদ্ য এব ব্রহ্মসংস্থঃ স্বাশ্রমবিহিতধর্ম্মবতাং, সোঽমৃতত্বমেতীতি॥

ন, কর্ম্মনিমিত্তবিদ্যাপ্রত্যয়য়োঃ বিরোধাৎ। কর্ত্রাদিকারকক্রিয়াফলভেদপ্রত্যয়-বত্ত্বং হি নিমিত্তমুপাদায় ইদং কুরু ইদং মা কার্ষীরিতি কর্ম্মবিধয়ঃ প্রবৃত্তাঃ। তচ্চ নিমিত্তং ন শাস্ত্রকৃতম্, সর্ব্বপ্রাণিষু দর্শনাৎ। "সদেকমেবাদ্বিতীয়ম্" "আত্মৈবেদং সর্ব্বং" "ব্রহ্মৈবেদং সর্ব্বম্" ইতি শাস্ত্রজন্যঃ প্রত্যয়ো বিদ্যারূপঃ স্বাভাবিকং ক্রিয়াকারকফলভেদপ্রত্যয়ং কর্ম্মবিধিনিমিত্তম্ অনুপমৃদ্য ন জায়তে; ভেদাভেদ-প্রত্যয়য়োর্ব্বিরোধাৎ। ন হি তৈমিরিকদ্বিচন্দ্রাদিভেদপ্রত্যয়মনুপমৃদ্য তিমিরাপগমে চন্দ্রাদ্যেকত্বপ্রত্যয় উপজায়তে; বিদ্যাবিদ্যাপ্রত্যয়য়োর্ব্বিরোধাৎ। তত্রৈবং সতি যং ভেদপ্রত্যয়মুপাদায় কর্ম্মবিধয়ঃ প্রবৃত্তাঃ স যস্যোপমর্দ্দিতঃ, "সদেকমেবাদ্বিতীয়ং" 'তৎ সত্যং', বিকারভেদোঽনৃতম্ ইত্যেতদ্বাক্য-প্রমাণজনিতেনৈকত্বপ্রত্যয়েন, সঃ সর্ব্বকর্ম্মভ্যো নিবৃত্তঃ নিমিত্তনিবৃত্তেঃ; স চ নিবৃত্তকর্ম্মা ব্রহ্মসংস্থ উচ্যতে স চ পরি-ব্রাড়েব অন্যস্যাসম্ভবাৎ অন্যো হি অনিবৃত্তভেদপ্রত্যয়ঃ, সঃ অন্যৎ পশ্যন্ শৃণ্বন্মন্বানো বিজানন্ ইদং কৃত্বেদং প্রাপ্নুয়ামিতি মন্যতে। তস্যৈবং কুর্ব্বতো ন ব্রহ্মসংস্থতা, বাচারম্ভণমাত্রবিকারানৃতাভিসন্ধিপ্রত্যয়বত্ত্বাৎ। ন চ অসত্যম্ ইতি উপমর্দ্দিতে ভেদ-প্রত্যয়ে সত্যমিদম্ অনেন কর্ত্তব্যং ময়া ইতি প্রমাণপ্রমেয়বুদ্ধিরুপপদ্যতে; আকাশে ইব তলমলবুদ্ধির্বিবেকিনঃ।

উপমর্দ্দিতেঽপি ভেদপ্রত্যয়ে কর্ম্মভ্যো ন নিবর্ত্ততে চেৎ, প্রাগিব ভেদপ্রত্য-য়ানুপমর্দ্দনাদেকত্বপ্রত্যয়বিধায়কবাক্যমপ্রমাণীকৃতং স্যাৎ, অভক্ষ্যভক্ষণাদিপ্রতি-ষেধবাক্যানাং প্রামাণ্যবদ্ যুক্তমেকত্ববাক্যস্যাপি প্রামাণ্যম্; সর্ব্বোপনিষদাং তৎ-পরত্বাৎ। কর্ম্মবিধীনামপ্রামাণ্যপ্রসঙ্গ ইতি চেৎ, ন; অনুপমর্দ্দিতভেদপ্রত্যয়বৎ-পুরুষবিষয়ে প্রামাণ্যোপপত্তেঃ, স্বপ্নাদিপ্রত্যয় ইব প্রাক্ প্রবোধাৎ। বিবেকিনাম-

করণাৎ কর্ম্মবিধিপ্রামাণ্যোচ্ছেদ ইতি চেৎ; ন, কাম্যবিধ্যনুচ্ছেদদর্শনাৎ; ন হি "কামাত্মতা ন প্রশস্তা" ইত্যেবং বিজ্ঞানবদ্ভিঃ কাম্যানি কর্ম্মাণি নানুষ্ঠীয়ন্তে, ইতি কাম্যকর্ম্মবিধয় উচ্ছিদ্যন্তে, অনুষ্ঠীয়ন্ত এব কামিভিরিতি। তথা ব্রহ্মসংস্থৈর্ব্রহ্ম-বিদ্ভির্নানুষ্ঠীয়ন্তে কর্ম্মাণীতি ন তদ্বিধয় উচ্ছিদ্যন্তে; অব্রহ্মবিদ্ভিরনুষ্ঠীয়ন্ত এবেতি।

পরিব্রাজকানাং ভিক্ষাচরণাদিবৎ উৎপন্নৈকত্বপ্রত্যয়ানামপি গৃহস্থাদীনাম্ অগ্নিহোত্রাদিকর্ম্মানিবৃত্তিরিতি চেৎ, ন, প্রামাণ্যচিন্তায়াং পুরুষপ্রবৃত্তেরদৃষ্টান্তত্বাৎ। ন হি "নাভিচরেৎ" ইতি প্রতিষিদ্ধমপ্যভিচরণং কশ্চিৎ কুর্ব্বন্ দৃষ্টঃ, ইতি শত্রৌ দ্বেষরহিতেনাপি বিবেকিনা অভিচরণং ক্রিয়তে। ন চ কর্ম্মবিধিপ্রবৃত্তিনিমিত্তে ভেদপ্রত্যয়ে বাধিতেঽগ্নিহোত্রাদৌ প্রবর্ত্তকং নিমিত্তমস্তি, পরিব্রাজকস্যেব ভিক্ষাচরণাদৌ বুভুক্ষাদি প্রবর্ত্তকম্। ইহাপ্যকরণে প্রত্যবায়ভয়ং প্রবর্ত্তকমিতি চেৎ, ন ভেদপ্রত্যয়বতোঽধিকৃতত্বাৎ। ভেদপ্রত্যয়বান্ অনুপমর্দ্দিতভেদবুদ্ধির্বিদ্যয়া যঃ, স কর্ম্মণ্যধিকৃত ইত্যবোচাম। যো হি অধিকৃতঃ কর্ম্মণি, তস্য তদকরণে প্রত্যবায়ঃ, ন নিবৃত্তাধিকারস্য; গৃহস্থস্যেব ব্রহ্মচারিণো বিশেষধর্ম্মাননুষ্ঠানে। এবং তর্হি সর্ব্বঃ স্বাশ্রমস্থ উৎপন্নৈকত্বপ্রত্যয়ঃ পরিব্রাট্, ইতি চেৎ; ন, স্বস্বামিত্বভেদবুদ্ধ্যনিবৃত্তেঃ, কর্ম্মার্থত্বাচ্চ ইতরাশ্রমাণাম্; "অথ কর্ম্ম কুর্ব্বীয়" ইতি শ্রুতেঃ। তস্মাচ্চ স্বস্বামিত্বা-ভাবাদ্ভিক্ষুরেক এব পরিব্রাট্, ন গৃহস্থাদিঃ।

একত্বপ্রত্যয়বিধিজনিতেন প্রত্যয়েন বিধিনিমিত্ত-ভেদপ্রত্যয়স্যোপমর্দ্দিতত্বাদ্-যমনিয়মাদ্যনুপপত্তিঃ পরিব্রাজকস্যেতি চেৎ; ন, বুভুক্ষাদিনা একত্বপ্রত্যয়াৎ প্রচ্যাবিত-স্যোপপত্তেঃ, নিবৃত্ত্যর্থত্বাৎ। ন চ প্রতিষিদ্ধসেবাপ্রাপ্তিঃ; একত্বপ্রত্যয়োৎপত্তেঃ প্রাগেব প্রতিষিদ্ধত্বাৎ। ন হি রাত্রৌ কূপে কণ্টকে বা পতিতঃ উদিতেঽপি সবিতরি পততি তস্মিন্নেব। তস্মাৎ সিদ্ধং নিবৃত্তকর্ম্মা ভিক্ষুক এব ব্রহ্মসংস্থ ইতি।

যৎ পুনরুক্তং, সর্ব্বেষাং জ্ঞানবর্জ্জিতানাং পুণ্যলোকতেতি। সত্যমেতৎ। যচ্চোক্তং তপঃশব্দেন পরিব্রাড়প্যুক্ত ইতি; এতদসৎ। কস্মাৎ? পরিব্রাজকস্যৈব ব্রহ্মসংস্থতাসম্ভবাৎ। স এব হি অবশেষিত ইত্যবোচাম। একত্ববিজ্ঞানবতোঽগ্নি-হোত্রাদিবৎ তপোনিবৃত্তেশ্চ; ভেদবুদ্ধিমত এব হি তপঃকর্ত্তব্যতা স্যাৎ। এতেন কর্ম্মচ্ছিদ্রে ব্রহ্মসংস্থতাসামর্থ্যম্, অপ্রতিষেধশ্চ প্রত্যুক্তঃ। তথা জ্ঞানবানে নিবৃত্ত-কর্ম্মা পরিব্রাড়িতি জ্ঞানবৈয়র্থ্যং প্রত্যুক্তম্।

যৎ পুনরুক্তং, যববরাহাদিশব্দবৎ পরিব্রাজকে ন রূঢ়ো ব্রহ্মসংস্থশব্দ ইতি; তৎ পরিহৃতম্; তস্যৈব ব্রহ্মসংস্থতাসম্ভবাৎ, নান্যস্যেতি। যৎ পুনরুক্তং, রূঢ়শব্দাঃ নিমিত্তং নোপাদদত ইতি; তন্ন, গৃহস্থ-তক্ষ-পরিব্রাজকাদিশব্দদর্শনাৎ। গৃহস্থিতি-পারিব্রাজ্য-তক্ষণাদিনিমিত্তোপাদানা অপি, গৃহস্থ-পরিব্রাজকৌ আশ্রমবিশেষে, বিশিষ্টজাতিমতি চ তক্ষেতি রূঢ়া দৃশ্যন্তে শব্দাঃ; ন যত্র যত্র তানি নিমিত্তানি, তত্র তত্র বর্ত্তন্তে; প্রসিদ্ধ্যভাবাৎ। তথেহাপি ব্রহ্মসংস্থশব্দো নিবৃত্তসর্ব্বকর্ম্ম-তৎ-সাধন-পরিব্রাড়েকবিষয়ে অত্যাশ্রমিণি পরমহংসাখ্যে বৃত্ত ইহ ভবিতুমর্হতি; মুখ্যা-মৃতত্বফলশ্রবণাৎ। অতশ্চেদমেবৈকং বেদোক্তং পারিব্রাজ্যম্, ন যজ্ঞোপবীতত্রিদণ্ড-কমণ্ডল্বাদিপরিগ্রহ ইতি; "মুণ্ডোঽপরিগ্রহোঽসঙ্গঃ" ইতি চ। শ্রুতিঃ "অত্যাশ্রমিভ্যঃ

পরমং পবিত্রম্” ইত্যাদি চ শ্বেতাশ্বতরীয়ে; “নিস্তুতির্নির্নমস্কারঃ” ইত্যাদিস্মৃতিভ্যশ্চ। “তস্মাৎ কর্ম্ম ন কুর্ব্বন্তি যতয়ঃ পারদর্শিনঃ। তস্মাদলিঙ্গো ধর্ম্মজ্ঞোঽব্যক্তলিঙ্গঃ” ইত্যাদিস্মৃতিভ্যশ্চ।

যত্তু সাংখ্যৈঃ কর্ম্মত্যাগোঽভ্যুপগম্যতে, ক্রিয়া-কারক-ফলভেদবুদ্ধেঃ সত্যত্বাভ্যুপগমাৎ, তৎ মৃষা। যচ্চ বৌদ্ধৈঃ শূন্যতাভ্যুপগমাদকর্তৃত্বমভ্যুপগম্যতে, তদপ্যসৎ, তদভ্যুপগন্তুঃ সত্ত্বাভ্যুপগমাৎ। যচ্চ অজ্ঞৈরলসতয়া অকর্তৃত্বাভ্যুপগমঃ; সোঽপ্যসৎ; কারকবুদ্ধেরনিবর্ত্তিতত্বাৎ প্রমাণেন। তস্মাদ্বেদান্তপ্রমাণজনিতৈকত্বপ্রত্যয়বত এতৎকর্ম্মনিবৃত্তলক্ষণং পারিব্রাজ্যং ব্রহ্মসংস্থত্বঞ্চেতি সিদ্ধম্। এতেন গৃহস্থস্যৈকত্ব-বিজ্ঞানে সতি পারিব্রাজ্যমর্থসিদ্ধম্।

নন্বু অগ্ন্যুৎসাদনদোষভাক্ স্যাৎ পরিব্রজন্।“—বীরহা বা এষ দেবানাং যোঽগ্নিমুদ্বাসয়তে” ইতি শ্রুতেঃ। ন, দৈবেনৈবোৎসাদিতত্বাৎ; উৎসন্ন এব হি স একত্বদর্শনে জাতে—“অপাগাদগ্নেরগ্নিত্বম্” ইতি শ্রুতেঃ। অতো ন দোষভাক্ গৃহস্থঃ পরিব্রজন্নিতি ॥১৬॥১

আনন্দগিরিঃ।—অধিকৃতাধিকারাণ্যঙ্গাববদ্ধান্যুপাসনান্যুক্তানি। সম্প্রতি স্বতন্ত্রাধিকারিগোচরমোঙ্কারোপাসনং বিধাতুমারভতে—ওঙ্কারেতি। অঙ্গাববদ্ধো-পাসনাধিকারে যথোক্তস্বতন্ত্রোপাসনবিধানে কোঽভিপ্রায়ঃ শ্রুতেরিত্যাশঙ্ক্যাহ—নৈবমিতি। ন স্বতন্ত্রস্য তস্যোপাসনাদিত্যেবকারার্থঃ। কথং তর্হি মন্তব্যমিত্য-পেক্ষায়ামাহ—কিং তর্হীতি।

সনিয়মস্য প্রাঙ্মুখত্বাদিনিয়মসহিতস্য পুরুষস্যেতি যাবৎ। অভ্যাসশ্চ—স্বীকরণং, বিচারো জপঃ, শিষ্যেভ্যো দানমাবৃত্তিশ্চেতি পঞ্চবিধঃ। বেদ্যাং যদ্দীয়তে তস্য যজ্ঞাঙ্গত্বাৎ পৃথক্‌ফলবত্ত্বং নাস্তীতি মন্বানো বিশিনষ্টি—বহির্ব্বেদীতি। গৃহস্থেন তদাত্মনেত্যর্থঃ। কথং গৃহস্থস্য প্রাশস্ত্যং, ব্রহ্মচারিণস্তথাত্বাদিত্যাশঙ্ক্যাহ—এক ইত্যর্থ ইতি। উক্ত-ব্যাখ্যানে বাক্যশেষস্য গমকত্বমাহ—দ্বিতীয়েতি। প্রাথম্যমেব প্রথমশব্দস্য নার্থো ব্রহ্মচারিপ্রাথম্যপ্রসিদ্ধিবিরোধাদিত্যাহ—নান্যার্থ ইতি। কীদৃগত্র পরিব্রাড়্ গৃহ্যতে তত্রাহ—নেতি। কুতোঽত্র ব্রহ্মসংস্থো ন গৃহ্যতে, তত্রাহ—ব্রহ্মসংস্থস্যেতি। বানপ্রস্থগ্রহণমমুখ্যস্য পরিব্রাজোঽপি প্রদর্শনার্থম্। ব্রহ্মচারীত্যাদিবাক্যস্য নৈষ্ঠিকবিষয়ত্বং বিশেষণসামর্থ্যাৎ দর্শয়তি—অত্যন্তমিত্যাদীতি। অথোপকুর্ব্বাণ-স্যাত্র ব্রহ্মচারিত্বাবিশেষাৎ কিমিত্যুপাদানং ন ভবেৎ, তত্রাহ—উপকুর্ব্বাণস্যেতি। নন্বু ব্রহ্মচারিণো ব্রহ্মচর্য্যেণ পুণ্যলোকো ন শ্রূয়তে, তত্রাহ—সর্ব্ব ইতি। কথমাশ্রমিণাং পুণ্যলোকত্ববিশেষবতাং তদাত্মকত্বমুচ্যতে, তত্রাহ—পুণ্য ইতি। আশ্রমিষু প্রদর্শ্য-মানেষু কিং পরিব্রাট্ মুখ্যো ন প্রদর্শ্যতে, তত্রাহ—অবশিষ্টস্ত্বিতি। কুতো হি পুণ্যলোকবৈলক্ষণ্যমমৃতত্বস্যেত্যাশঙ্ক্যোক্তম্—আত্যন্তিকমিতি। তস্যাপেক্ষিতত্বাভাবে হেতুমাহ—পুণ্যলোকাদিতি।

অমৃতত্বস্য পুণ্যলোকাৎ পৃথগ্‌বিভাগকরণাৎ ততোঽন্যত্বাদাত্যন্তিকত্বসিদ্ধিরিতি যোজনা। উক্তমেবার্থং ব্যতিরেকমুখেন সাধয়তি—যদি চেত্যাদিনা। ব্রহ্মশব্দস্য যথাশ্রুতং মুখ্যমর্থং গৃহীত্বা পরব্রহ্মাত্মনা সাক্ষাৎকারবতো নিরঙ্কুশমমৃতত্বমুক্তং

প্রকরণালোচনয়া তু প্রণবপ্রতীকে ব্রহ্মোপাসকস্য ক্রমেণামৃতত্বং ভেদবুদ্ধেরনপায়াৎ দ্রষ্টব্যম্। কর্ম্মিণামন্তবৎফলত্বাভিধানেন তন্নিন্দয়া ব্রহ্মসংস্থতাস্তুতিদর্শনাৎ, তস্যাশ্চ বিধ্যর্থত্বাদমৃতত্বকামো ব্রহ্মসংস্থঃ স্যাদিত্যেকার্থপরত্বাদেকমিদং বাক্যমিত্যাহ—অত্র চেত্যাদিনা। স্তুতয়ে ফলবিষয়ে চেদং বাক্যং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—স্তুতয়ে চেতি। অর্থৈকত্বাদেকং বাক্যং তদ্ভেদে তদ্ভেদনিয়মাদিত্যর্থঃ। কিংপরং তর্হীদং বাক্যং, তত্রাহ—তস্মাদিতি। স্মৃতিসিদ্ধেতি। শ্রুতেঃ স্মৃত্যর্থানুবাদত্বে বৈপরীত্যাৎ তদনুমিতশ্রুতিসিদ্ধেতি যোজ্যম্। স্তুতিমেব দৃষ্টান্তাবষ্টম্ভেন স্পষ্টয়তি—যথেত্যাদিনা। ইতিশব্দোঽধ্যাহৃত স্তুতয় ইত্যনেন সম্বধ্যতে। ননু ব্রহ্মতত্ত্বসেবাতোঽমৃতত্বং ভবতি, ন প্রণবসেবাতঃ; তৎ কিমিতি তস্য স্তুতিরিত্যাশঙ্ক্যাহ—প্রণবশ্চেতি। তত্র প্রমাণং দর্শয়ন্ ফলিতমাহ—এতদ্ধ্যেবেতি।

স্বব্যাখ্যানং বর্জ্জিতদোষমুক্ত্বা ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতীত্যত্র বৃত্তিকারীয়ং ব্যাখ্যানমুত্থাপয়তি—অত্রেতি। যে খল্বাশ্রমিণশ্চত্বারো জ্ঞানবর্জ্জিতাস্তেষাং সর্ব্বেষামস্য বিশেষেণ স্বাশ্রমবিহিতধর্ম্মানুষ্ঠানেন পুণ্যলোকভাগিতা সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তীত্যত্রোক্তা; নতু পূর্ব্বস্মিন্ গ্রন্থে পরিব্রাড়নুক্তঃ সন্নবশেষিতোঽস্তীতি যোজনা। ননু পূর্ব্বস্মিন্ গ্রন্থে বাচকপদং পরিব্রাজো নোপলভ্যতে, তথা চাসাববশেষিতস্তত্রাহ—পরিব্রাজকস্যাপীতি। জ্ঞানং যমা নিয়মাশ্চোপায়ভূতা ইতি যাবৎ। পরিব্রাড়পি পূর্ব্বত্রাভিহিতশ্চেদ্ ব্রহ্মসংস্থবাক্যস্য কোঽর্থঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—অতইতি। পরিব্রাজকস্যানবশিষ্টত্বেন চতুর্ণামুপদিষ্টত্বাবিশেষোঽতঃশব্দার্থঃ। সামান্যনির্দ্দেশে হেতুমাহ—চতুর্ণামিতি। অপ্রতিষেধাচ্চেতি চ্ছেদঃ। নন্বাশ্রমান্তরাণাং কর্ম্মার্থত্বাৎ তত্রৈব ব্যাপৃতত্বাৎ ন ব্রহ্মসংস্থতায়াং সামর্থ্যমস্তি পরিব্রাজকস্য তু নির্ব্যাপারস্য ব্রহ্মসংস্থতা স্বকরেত্যত আহ—স্বকর্ম্মেতি। ননু পরিব্রাজকে ব্রহ্মসংস্থশব্দো রূঢ়ো গবাদিশব্দবৎ। তন্নাসাবাশ্রমান্তরমাস্কন্দতি, তত্রাহ—নচেতি। নিমিত্তমাদায় প্রবৃত্তত্বেঽপি কিমিতি রূঢ়ির্ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—নহীতি। নন্বেষ শব্দো নৈমিত্তিকোঽপি পরিব্রাজকমাত্রমধিকরোতি, তত্রৈব নিমিত্তস্য সত্ত্বাৎ; তত্রাহ—সর্ব্বেষাঞ্চেতি। ননু পঙ্কজাদিশব্দা নিমিত্তমস্তীত্যেতাবতা নেন্দীবরাদৌ বর্ত্তন্তে, কিন্তু তামরসাদিমাত্রং বিষয়ীকুর্ব্বন্তি। তথা ব্রহ্মসংস্থশব্দো নিমিত্তবর্ত্ত্যপি গৃহস্থাদাবনবস্থিতঃ পরিব্রাজকমেব পরং গোচরয়েদত আহ—যত্রেতি। ব্রহ্মসংস্থশব্দং নিরোদ্ধুমযুক্তমিতি সম্বন্ধঃ। রূঢ়িপক্ষে দোষান্তরমাহ—ন চেতি। ধর্ম্মসহিতস্য জ্ঞানস্য জ্ঞানসহিতস্য বা ধর্ম্মস্যামৃতত্বসাধনত্বান্ন জ্ঞানানর্থক্যমিত্যাশঙ্ক্যাদ্যপক্ষমনুবদতি—পারিব্রাজ্যেতি। পারিব্রাজ্যধর্ম্মেণৈবেতি নায়ং নিয়মঃ গৃহস্থাদিধর্ম্মাণামপি আশ্রমধর্ম্মত্বেন তুল্যত্বাৎ, তদ্বিশিষ্টজ্ঞানমমৃতত্বহেতুরিত্যপি বক্তুং স্বকরত্বাদিত্যাহ—নাশ্রমেতি। দ্বিতীয়ং দূষয়তি—ধর্ম্মো বেতি। যদি পরিব্রাজকধর্ম্মো জ্ঞানবিশিষ্টো মুক্তিহেতুরিত্যুচ্যতে, তদৈতদপি মুক্তিহেতুত্বং সর্ব্বাশ্রমধর্ম্মাণাং জ্ঞানবিশিষ্টানামবিশিষ্টম্। তথাচ ন রূঢ়িপক্ষেঽপি পরিব্রাজকস্যৈব জ্ঞানান্মুক্তিরিত্যর্থঃ। ইতশ্চ পরিব্রাজকস্যৈব মুক্তিভাক্ত্বমসিদ্ধমিত্যাহ—ন চেতি। মা তর্হি কস্যচিদপি মুক্তির্ভূদিতি, তত্রাহ—জ্ঞানাদিতি। ব্রহ্মসংস্থবাক্যার্থমুপসংহরতি

—তস্মাদিতি। পরিব্রাজকস্যৈবামৃতত্বমিত্যনিয়মাজ্ জ্ঞানাদেব তদিতি চ নিয়মাদিত্যর্থঃ।

ব্রহ্মসংস্থঃ সমুচ্চয়ানুষ্ঠায়ীতি বৃত্তিকারমতং নিরাকরোতি—ন কর্ম্মেতি। কর্ম্ম-নিমিত্তপ্রত্যয়স্য শুদ্ধব্রহ্মাত্মতাসাক্ষাৎকারস্য চ মিথো বিরোধান্ন সমুচ্চয়সিদ্ধিরিতি। বস্তুসংগ্রহবাক্যং বিবৃণোতি—কর্ত্ত্রাদীতি। কর্ম্মবিধয়ো নিষেধাশ্চেতি দ্রষ্টব্যম্। তথাপি প্রত্যয়ত্বাবিশেষাৎ কারকাকারকবিধিনিষেধয়োর্ন বিরোধোঽস্তীত্যাশঙ্ক্যাহ—তচ্চেতি। প্রত্যয়ত্বেঽপি শাস্ত্রীয়াশাস্ত্রীয়তয়া বিদ্যাবিদ্যাভাবেন বিরোধোঽস্তীত্যর্থঃ। সতি বিরোধে কিং স্যাদত্রাহ—স্বাভাবিকমিতি। বিদ্যারূপঃ প্রত্যয় ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। তত্রোক্তমেব হেতুং স্মারয়তি—ভেদেতি। তত্র লোকপ্রসিদ্ধ-মুদাহরণমাহ—ন হীতি। ভেদাভেদপ্রত্যয়য়োর্বিদ্যাবিদ্যাত্মনোর্বিরোধেন সমুচ্চয়া-সম্ভবাৎ তদনুষ্ঠায়ী ব্রহ্মসংস্থো ন ভবতি চেৎ, কস্তর্হি ব্রহ্মসংস্থঃ স্যাৎ? তত্রাহ—তত্রেতি। উক্তরীত্যা সমুচ্চয়াযোগে সতীতি যাবৎ।

অন্যস্য গৃহস্থাদের্ব্রহ্মসংস্থতাসম্ভবমুক্তং সাধয়তি—অন্যো হীতি। বাচারম্ভণমাত্রে বিকারেঽনৃতে শরীরাদৌ ব্রাহ্মণোঽহমিত্যাদ্যভিসন্ধানরূপো মিথ্যাভি-নিবেশাত্মকো যঃ প্রত্যয়স্তদ্বত্ত্বাদিতি হেত্বর্থঃ। ননু ব্রহ্মবিদোঽপি সংস্কারবশাৎ দ্বৈতসত্যত্বাভিনিবেশপূর্ব্বকং কর্ম্মপ্রবৃত্তিসম্ভবান্ন ব্রহ্মসংস্থতা সুপ্রতিপাদ্যেত্যত আহ—ন চেতি।

অসত্যমিদমিতি বিবেকেন সত্যত্বাভিনিবেশে শিথিলীকৃতে পুনঃ সত্যত্বাভি-নিবেশেন ন প্রবৃত্তিরুপপদ্যতে। আভাসরূপা তু ভেদবুদ্ধির্ন কর্ম্মপ্রবৃত্তিহেতুরিত্যর্থঃ। অদ্বৈতজ্ঞানবতো নিমিত্তনিবৃত্ত্যা কর্ম্মনিবৃত্তিরবশ্যম্ভাবিনীত্যুক্তম্। বিপক্ষে দোষমাহ—উপমর্দ্দিতেঽপীতি। একত্বপ্রত্যয়জনকং শাস্ত্রং ন ভবত্যেব প্রমাণং পূর্ব্বপ্রবৃত্তভেদ-প্রত্যয়বিরোধাদিতি মতমাশঙ্ক্যাহ—অভক্ষ্যেতি। যথা "ন কলঞ্জং ভক্ষয়েৎ" ইত্যাদি শাস্ত্রং পূর্ব্বপ্রবৃত্তকলঞ্জাদিভক্ষণপ্রত্যয়বিরোধেঽপি প্রমাণং রাগাদিদোষাৎ তস্য প্রত্যয়-স্যাপ্রমাণত্বাৎ, তথৈব ভেদপ্রত্যয়স্যাবিদ্যাতুল্যত্বাৎ প্রামাণ্যাসম্ভবাৎ তদ্বিরোধেঽপ্য-দ্বৈতশাস্ত্রস্য যুক্তমেব প্রামাণ্যমিত্যর্থঃ। কার্য্যপরত্বাদদ্বৈতে তাৎপর্য্যাভাবাৎ কুতস্তচ্ছাস্ত্রস্য প্রামাণ্যমিত্যাশঙ্ক্যাহ—সর্ব্বোপনিষদামিতি। উপক্রমোপসংহারৈক-রূপ্যাদি-ষড়্বিধতাৎপর্য্যলিঙ্গদর্শনাদদ্বৈতে তাৎপর্য্যং তাসামবসীয়তে, তৎ যুক্ত-মদ্বৈতশাস্ত্রস্য স্বার্থে প্রামাণ্যমিত্যর্থঃ। ভেদালম্বনকর্ম্মবিধিবিরোধান্নাদ্বৈতশাস্ত্রং স্বার্থে মানমিতি শঙ্কতে—কর্ম্মবিধীনামিতি। যথা স্বপ্নপ্রত্যয়ো গন্ধর্ব্বনগরাদিপ্রত্যয়শ্চ প্রাক্ তত্ত্বজ্ঞানাদজ্ঞং পুরুষমধিকৃত্য প্রমাণং, তথা কর্ম্মবিধীনামপ্যবিদুরি পুরুষে প্রামাণ্যসম্ভবান্নাদ্বৈতশাস্ত্রস্য তদ্বিরোধোঽস্তীতি পরিহরতি—নানুপমর্দ্দিতেতি। "যদ্-যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ" ইতি স্মৃতেস্তত্ত্বদর্শিনাং কর্ম্মভ্যঃ সকাশাদুপরমে সত্যন্যেঽপ্যুপরংস্যন্তে। তথা চ কর্ম্মবিধিবিরোধতাদবস্থ্যমিতি শঙ্কতে—বিবেকিনা-মিতি। প্রকৃতিপরবশত্বাল্লোকস্য নাসৌ বিবেকী প্রকৃতিমনুবর্ত্ততে। "প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি" ইতি স্মৃতেঃ। ততো ব্রহ্মবিদাং নৈষ্কর্ম্ম্যেঽপি ন কর্ম্ম-বিধীনামপ্রামাণ্যপ্রসক্তিরিত্যুত্তরমাহ—ন কাম্যেতি। তদেব প্রপঞ্চয়তি—ন হীতি।

ইতি নোচ্ছিদ্যন্ত ইতি শেষঃ। অস্তু, প্রস্তুতে কিমায়াতং? তদাহ—তথেতি। অনুষ্ঠীয়ন্ত এবেতি তদ্বিধীনামনুচ্ছিত্তিরিতি বাক্যশেষঃ।

অদ্বৈতবাদিনোঽবশ্যম্ভাবিনী কর্ম্মনিবৃত্তিরিত্যুক্তং দৃষ্টান্তেন বিঘটয়ন্নাশঙ্কতে—পরিব্রাজকানামিতি। অদ্বৈতধীস্বভাবালোচনায়াং ভিক্ষাটনাদিপ্রবৃত্তিরপ্যঘটমানৈবেতি মন্বানঃ সমাধত্তে—ন প্রামাণ্যেতি। সমুচ্চয়স্য প্রামাণিকত্বনিরূপণায়াং প্রত্যয়াভাস-মূলস্য প্রবৃত্ত্যাভাসস্য নোদাহরণত্বম্। অগ্নিহোত্রাদিপ্রবৃত্তেরপ্যাভাসত্বে প্রামাণিক-সমুচ্চয়সিদ্ধান্তহানিঃ, অতো নৈতচ্চোদ্যমিত্যর্থঃ। এতদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি—ন হীতি। তদ্বদবিবেকিনা কর্ম্ম ক্রিয়মাণং দৃষ্টমিতি বিবেকিভিরপি তন্ন ক্রিয়তে। ভিক্ষাটনাদিপ্রবৃত্ত্যাভাসস্বপ্রামাণিকোঽগ্নিহোত্রাদিপ্রবৃত্তের্নোদাহরণমিতি শেষঃ। ইতশ্চ নেদমুদাহরণমিত্যাহ—ন চেতি। অগ্নিহোত্রাদাবপি প্রবর্ত্তকমস্তীতি শঙ্কতে—ইহাপীতি। অকরণকৃতং প্রত্যবায়াখ্যং ভয়মবিবেকিনো বিবেকিনো বেতি বিকল্প্যাদ্যমঙ্গীকরোতি—ন ভেদেতি। কর্ম্মণি ভেদবুদ্ধিমতোঽধিকৃতত্বেঽপি তস্য তদ-করণে কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—যো হীতি। দ্বিতীয়ং দূষয়তি—ন নিবৃত্তেতি। বিবেকিনো নিবৃত্তাধিকারস্য প্রত্যবায়াপ্রাপ্ত্যা কর্ম্মসু প্রবর্ত্তকাভাবাৎ কর্ম্মভ্যো নিবৃত্তি-রূপং পারিব্রাজ্যং চেৎ, অতিপ্রসঙ্গস্তর্হীতি শঙ্কতে—এবং তর্হীতি। কর্ম্মসাধনং স্বযজ্ঞোপবীতাদি ত্যজ্যতে ন বা। ত্যজ্যতে চেন্ন স্বাশ্রমধর্ম্মঃ। ততো যজ্ঞোপবীতা-দ্যন্তরেণ গার্হস্থ্যাদিভাবাসম্ভবাৎ। ন ত্যজ্যতে চেৎ ন পারিব্রাজ্যপ্রাপ্তিঃ। সাধন-সংগ্রহস্য সাধ্যার্থত্বাদিতি পরিহরতি—ন স্বস্বামিত্বেতি। ইতশ্চাশ্রমান্তরেষু ন পারিব্রাজ্যমিত্যাহ—কর্ম্মার্থত্বাদিতি। জায়াপুত্রবিত্তসম্পত্ত্যানন্তর্য্যং শ্রুতাবথশব্দার্থঃ। গৃহস্থাদিষু স্বাশ্রমস্থেষ্বেব পারিব্রাজ্যস্য দুর্ব্বচত্বে ফলিতমাহ—তস্মাদিতি। বিবেকবশাদ্ যজ্ঞোপবীতাদৌ স্বশব্দার্থে স্বামিত্ববুদ্ধ্যভাবাদিতি যাবৎ।

যত্তু, পরিব্রাজকস্য নিবৃত্তাধিকারস্য প্রত্যবায়াপ্রাপ্তিরিতি, তত্রানিষ্টাপত্তি-মাশঙ্কতে—একত্বেতি। তদ্বিষয়প্রত্যয়স্য বিধিরূপং পাদকং তত্ত্বমস্যাদিবাক্যং,তজ্জনিতে-নৈকত্ববিষয়েণ প্রত্যয়েনেতি যাবৎ। তথাচ যথেষ্টচেষ্টাপ্রসক্তিরিতি শেষঃ। জ্ঞানিনো বৈধং যমাদি নাস্তি, তৎপ্রবৃত্তিস্তু সংস্কারবশাদিত্যাশয়েনাহ—ন বুভুক্ষাদিনেতি। যো হি দৃষ্টেন দোষেণ তত্ত্বজ্ঞানাৎ কথঞ্চিৎ প্রচ্যুতিমাপাদিতস্তস্য সংস্কারবশাদ্ যম-নিয়মানুষ্ঠানমুপপদ্যতে। তস্য দোষকৃততত্ত্বপ্রচ্যুতিপ্রসৃতানিয়তচেষ্টানিবৃত্ত্যর্থত্বেনাব-শ্যানুষ্ঠেয়ত্বাৎ। তথাচ ন যথেষ্টচেষ্টাপত্তিরিত্যর্থঃ। ইতশ্চ বিদুষো বৈধপ্রবৃত্ত্য-ভাবেঽপি যথেষ্টচেষ্টা নাস্তীত্যাহ—ন চেতি। অবিদুষোঽপি ন যথেষ্টচেষ্টা, বিদুষস্তু সা কুতোঽস্ত্যেতি দৃষ্টান্তেন স্ফুটয়তি—নহীতি। অন্যেষাং ব্রহ্মসংস্থত্বাসম্ভবে ফলিতমুপসংহরতি তস্মাদিতি।

পরোক্তমনূদ্যাঙ্গীকরোতি—যৎ পুনরিতি। উক্তমর্থান্তরমনুবদতি—যচ্চেতি। কিং পরিব্রাজকস্য জ্ঞানহীনস্যাশ্রমমাত্রনিষ্ঠস্য তপঃশব্দেনোপাদানমাহো জ্ঞানবতো-ঽপীতি বিকল্প্যাদ্যমঙ্গীকৃত্য দ্বিতীয়ং দূষয়তি—এতদসদিতি। জ্ঞানবতোঽপি তপস্বিত্বাৎ তপঃশব্দেনোপাদানমুচিতমিতি শঙ্কিত্বা প্রত্যাহ—কস্মাদিত্যাদিনা। তপঃশব্দেন নাসৌ গৃহীত ইতি শেষঃ। তস্য চ জ্ঞানবতোঽবশিষ্টত্বং প্রাগেবোপ-

দিষ্টমিত্যাহ—স এবেতি। ইতশ্চ পরমহংসপরিব্রাজকো ন তপঃশব্দেন পরামৃষ্ট ইত্যাহ—একত্বেতি। তদেব স্ফোরয়তি—ভেদেতি। যত্তু কর্ম্মচ্ছিদ্রে গৃহস্থাদেরপি ব্রহ্মসংস্থতাসামর্থ্যমিতি, তৎ প্রত্যাহ—এতেনেতি। অনিবৃত্তভেদপ্রত্যয়স্য ব্রহ্মসংস্থত্বাসম্ভবেনেতি যাবৎ। সামর্থ্যং প্রত্যুক্তমিতি সম্বন্ধঃ। যত্তু চতুর্ণামপি ব্রহ্মসংস্থতায়া অপ্রতিষেধ ইতি, তত্রাহ—অপ্রতিষেধশ্চেতি। একত্বোপদেশেন ভেদপ্রত্যয়নিরাসাদনিবৃত্তভেদপ্রত্যয়স্যার্থাদ্ ব্রহ্মসংস্থতা প্রতিষিদ্ধেত্যর্থঃ। পারিব্রাজ্যমাত্রেণামৃতত্বে জ্ঞানবৈয়র্থ্যমুক্তং পরিহরতি—তথেতি।

চোদ্যান্তরমনূদ্যোক্তং পরিহারং স্মারয়তি—যৎ পুনরুক্তমিতি। তত্র রূঢ়োঽয়ং শব্দইতি শেষং পঞ্চম্যা সূচয়তি। চোদ্যান্তরমনূদ্যং দূষয়তি—যৎ পুনরিত্যাদিনা। আদিপদেন পঙ্কজাদিশব্দো গৃহ্যতে। উক্তং প্রপঞ্চয়তি—গৃহস্থিতীতি। ইহাপীতি প্রকৃতবাক্যোপাদানম্। প্রকৃতে পরমহংসে পরিব্রাজকে ব্রহ্মসংস্থপদমিত্যত্র হেতুমাহ—মুখ্যেতি। ইতশ্চ পারমহংস্যমেব শ্রৌতমিত্যাহ—অতশ্চেতি। এবকারার্থং কথয়তি—ন যজ্ঞোপবীতেতি। ইতিশব্দঃ সংন্যাসপ্রকরণে তথাবিধশ্রুত্যভাবপ্রদর্শনার্থঃ। ব্রহ্মসংস্থশব্দস্য পরমহংসবিষয়ত্বে শ্রুত্যন্তরং সংবাদয়তি—শ্রুতিরিতি। অত্যাশ্রমিভ্যঃ পূর্ব্বাশ্রমত্রয়মতীত্য সর্ব্বকর্ম্ম ত্যক্ত্বা স্থিতেভ্যঃ পরমহংসপরিব্রাজকেভ্য ইতি যাবৎ। পরমং পবিত্রং নিরতিশয়পরিশুদ্ধিকারণং পরমপুরুষার্থসাধনং সম্যগ্জ্ঞানং প্রোবাচেত্যর্থঃ। স্মৃতিভ্যশ্চ যথোক্তং পারিব্রাজ্যং সিধ্যতীতি শেষঃ। অনাশিষমনারম্ভমিত্যাদিবাক্যসংগ্রহার্থমাদিপদম্। কর্ম্মণো বন্ধহেতুত্বং তচ্ছব্দার্থঃ। লিঙ্গস্য ধর্ম্মকারণত্বরাহিত্যং, তস্মাদিত্যুক্তম্। অলিঙ্গো ধর্ম্মধ্বজিত্বরহিতঃ। ধর্ম্মজ্ঞো যথাবদ্ধর্ম্মানুষ্ঠাতা; অধর্ম্মজ্ঞ ইতি বা পাঠঃ। ধর্ম্মবিচারনিষ্ঠারহিতঃ তত্রাসারত্বপ্রত্যয়বানিত্যর্থঃ। অলিঙ্গ ইত্যুক্তে অনাশ্রমিত্বমাশঙ্ক্যাহ—অব্যক্তেতি।

ন ব্যক্তং দম্ভেন গৃহীতং লিঙ্গমাশ্রমিত্বমস্যাস্তীতি অব্যক্তলিঙ্গঃ। কিন্ত্বদম্ভেন শ্রুতিস্মৃত্যুক্তপ্রকারেণ তদস্যাস্তীত্যর্থঃ; আদিপদং "ত্যজ ধর্ম্মমধর্ম্মঞ্চ" ইত্যাদি গ্রহীতুম্। অত্রাপি পূর্ব্বপদান্বয়ঃ। ননু কর্ম্মনিবৃত্তিমুপদিশতা ত্বয়া সাংখ্যমতমেবাশ্রিতং, তেনাপি শরীরাদিব্যাপারোপরমদ্বারা ধ্যাননিষ্ঠতায়াঃ স্বীকৃতত্বাৎ, তত্রাহ—যত্ত্বিতি। ন হি তন্মতে কূটস্থাত্মধীবলেন নৈষ্কর্ম্ম্যং যুক্তম্। ক্রিয়াকারকাদিবুদ্ধেরবিবেকস্য চ সত্যত্বেন জ্ঞানমাত্রাপনোদ্যত্বাযোগাৎ। ন চ সর্ব্বব্যাপারোপরমমন্তরা মনোবুদ্ধ্যাদীনাং তচ্ছীলত্বাৎ। "ন হি কশ্চিৎ ক্ষণমপি" ইত্যাদিস্মৃতেঃ। অতঃ সাংখ্যবচো মিথ্যৈবেত্যর্থঃ। ননু বৌদ্ধেনাপি নৈরাত্ম্যমিচ্ছতা নৈষ্কর্ম্ম্যমিষ্টং, তথা চ কর্ম্মত্যাগমুপদিশতা ত্বয়াপি তন্মতমেবানুমোদিতম্, নেত্যাহ—যচ্চেতি। তদভ্যুপগন্তরিত্যত্রাকর্তৃত্বং তচ্ছব্দার্থঃ। "দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ" ইতিস্মৃতেঃ আলস্যোপহতৈরজ্ঞৈরকর্তৃত্বমুপেয়তে। ভবতাপি কর্ম্ম ত্যজতা তন্মতমাদৃতমিত্যাশঙ্ক্যাহ—যচ্চাজ্ঞৈরিতি। অকর্তৃত্বাভ্যুপগম ইতি চ্ছেদঃ। তে হি মোহাদেব কর্ম্ম ত্যজন্তো ন তৎফলং লভন্তে। "স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ" ইতি স্মৃতেঃ। বয়ং তু প্রমাণবশাদেব কর্ম্ম ত্যজন্তো

ন ব্যামূঢ়পক্ষমাদ্রিয়ামহে। তস্মাৎ নৈষ্কর্ম্ম্যং শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধম্ অপ্রত্যাখ্যেয়ম্ ইতি ভাবঃ। পক্ষান্তরে নৈষ্কর্ম্ম্যোক্তেরমূলত্বে স্থিতে ফলিতমুপসংহরতি—তস্মাদিতি। যত্তু কৈশ্চিদৈকাশ্রম্যমাশ্রিতং, তৎ প্রত্যাদিশতি—এতেনেতি। একত্ববিজ্ঞানেন ভেদপ্রত্যয়স্যোপমর্দ্দিতত্বোপপাদনেনেতি যাবৎ। একত্ববিজ্ঞানং পরোক্ষং বিবক্ষিতম্। অপরোক্ষস্য পারিব্রাজ্যমন্তরেণাযোগাৎ। তস্যোপরতিশব্দিতস্য শমাদিবৎ সাধনত্বশ্রুতেরিতি দ্রষ্টব্যম্।

গৃহস্থস্য পারিব্রাজ্যে শ্রুতিবিরোধং শঙ্কতে—নন্বিতি। ঐকাত্ম্যমেব সত্যং দ্বৈতমসত্যমিতি বিবেকে জাতে সত্যগ্ন্যাদেরবস্তুত্বাধ্যবসায়াৎ তদভিনিবেশশৈথিল্যান্ন তত্ত্যাগে দোষপ্রাপ্তিরিতি দূষয়তি—ন দৈবেতি। সম্যগ্‌জ্ঞানে সত্যগ্ন্যাদেরুৎসন্নত্বে মানমাহ—অপাগাদিতি। গৃহস্থস্যাপি বিবেকবতো বৈরাগ্যদ্বারা যুক্তং পারিব্রাজ্যমিত্যাহ—অত ইতি। ইতিশব্দো ব্রহ্মসংস্থবাক্যব্যাখ্যানসমাপ্ত্যর্থঃ॥১৬৬॥১

ভাষ্যানুবাদ।—ওঙ্কারের উপাসনা বিধানের উদ্দেশে “ত্রয়ঃ ধর্ম্মস্কন্ধাঃ” ইত্যাদি গ্রন্থ আরব্ধ হইতেছে। এরূপ মনে করা উচিত হয় না যে, কেবল সামাবয়বভূত উদ্গীথাদিস্বরূপ ওঙ্কারের উপাসনা হইতে যে ফল লাভ করা যায়, [ইহা হইতেও] সেই ফলই প্রাপ্ত হওয়া যায়; তবে কি? না—সমস্ত সামোপাসনা ও সমস্ত কর্ম্মানুষ্ঠান দ্বারা যে অমৃতত্ব ফল লাভ করা যায় না, সেই অমৃতত্ব-প্রাপ্তিরূপ ফলটি একমাত্র এই ওঙ্কারোপাসনা হইতেই লব্ধ হয়। তাহার প্রশংসা জ্ঞাপনার্থই সামোপাসনা-প্রকরণে তাহার আলোচনা করা হইয়াছে।

“ত্রয়ঃ” অর্থ—ত্রিসংখ্যক; ধর্ম্মস্কন্ধ অর্থ—ধর্ম্মের বিভাগ; তাহারা কে কে? এই আকাঙ্ক্ষায় বলিতেছেন, যজ্ঞ—অগ্নিহোত্র-প্রভৃতি*, অধ্যয়ন—নিয়মপূর্ব্বক ঋক্‌প্রভৃতি বিদ্যার অভ্যাস; দান—বেদীর বাহিরে অর্থাৎ যজ্ঞভিন্ন সময়ে যে, যাচকগণকে যথাশক্তি দ্রব্য প্রদান করা; ইহাই প্রথম ধর্ম্মস্কন্ধ; ইহা গৃহস্থে আশ্রিত বলিয়া এতৎনিষ্পাদক গৃহস্থের সহযোগে নির্দ্দিষ্ট হইতেছে। ‘প্রথম’ অর্থ—এক; কেন না, পরে দ্বিতীয় তৃতীয় শব্দের উল্লেখ রহিয়াছে, অতএব [এখানে ‘প্রথম’ শব্দের] আদ্য অর্থ নহে। তপস্যাই দ্বিতীয় (ধর্ম্মস্কন্ধ); ‘তপঃ’ অর্থ—কৃচ্ছ্র-চান্দ্রায়ণ প্রভৃতি †; সেই তপঃসম্পন্ন বলিতে কেবল নিয়মিতভাবে আশ্রম-ধর্ম্মমাত্রে অবস্থিত তাপস কিংবা পরিব্রাজকই বুঝাইবে, কিন্তু একেবারে ব্রহ্মসংস্থ, অর্থাৎ ব্রহ্মনিষ্ঠ অর্থ নহে; কেন না, ব্রহ্মসংস্থের সম্বন্ধে স্বতন্ত্রভাবেই অমৃতত্ব-ফলের উল্লেখ রহিয়াছে; [অতএব] ইহাই দ্বিতীয় ধর্ম্মস্কন্ধ। আচার্য্যকুলে (গুরুগৃহে) বাস করা যাহার স্বভাব, সেই আচার্য্যকুলবাসী এবং আচার্য্যকুলেই অত্যন্ত অর্থাৎ যাবজ্জীবন নিয়মপূর্ব্বক আপনার অবসাদনকারী অর্থাৎ দেহক্ষয়কারী (নৈষ্ঠিক) ব্রহ্মচারী তৃতীয় ধর্ম্মস্কন্ধ। এখানে “অত্যন্তং” ইত্যাদি বিশেষণ হইতে প্রতীতি হইতেছে যে, এই [ব্রহ্ম-

---

* তাৎপর্য্য—‘অগ্নিহোত্র’ একপ্রকার যজ্ঞ, প্রত্যহ সায়ং ও প্রাতঃকালে তাহার অনুষ্ঠান করিতে হয়।

† তাৎপর্য্য—‘প্রাজাপত্য’ ব্রতের অপর নাম কৃচ্ছ্র, তা’ ছাড়া ক্লেশসাধ্য ব্রতমাত্রকেও ‘কৃচ্ছ্র’ বলা হয়। ‘চান্দ্রায়ণ’ও একপ্রকার ব্রত।

না। আর কেবল যে, পারিব্রাজ্যাশ্রম (সন্ন্যাসাশ্রম) গ্রহণমাত্রেই অমৃতত্ব লাভ হইবে, তাহাও নহে ; কারণ তাহা হইলে তত্ত্বজ্ঞানের কিছুমাত্র সার্থকতা থাকে না। যদি বল, পারিব্রাজ্যাশ্রমযুক্ত জ্ঞানই অমৃতত্ব লাভের একমাত্র উপায় ; না, তাহাও বলিতে পার না ; কারণ, অমৃতত্বপ্রাপ্তি সর্ব্বাশ্রমেরই সাধারণ ধর্ম্ম। জ্ঞানরূপ ধর্ম্ম অর্থাৎ বিশেষণের দ্বারা বিশেষিত 'ধর্ম্ম' শব্দটি দ্বারা যেমন যজ্ঞ, দান, তপস্যা প্রভৃতি বিভিন্ন মানবীয় আচরণকে বুঝায়, তেমন উহা বিশেষণকে এবং 'ধর্ম্মী' শব্দটি বিশেষ্যকে বুঝায়। মূল ভাষ্যে 'ধর্ম্মী বা জ্ঞানবিশিষ্টঃ' ; এখানে 'ধর্ম্মী' শব্দটি বিশেষ্য অর্থে ব্যবহৃত হইয়াছে—জ্ঞান ইহার বিশেষণ। কাজেই, জ্ঞানরূপ বিশেষণযুক্ত বিশেষ্যস্থানীয় আশ্রমধর্ম্ম—ইহাই তাৎপর্য্যার্থ। (জ্ঞানসহকৃত) যে কোন আশ্রমের ধর্ম্মরূপ যে ধর্ম্মী অর্থাৎ বিশেষ্য, তাহাই অমৃতত্ব সাধন, ইহাও সমস্ত আশ্রমধর্ম্মের পক্ষেই তুল্য। আর এরূপ কোন বচনও নাই যে, একমাত্র ব্রহ্মসংস্থ পরিব্রাজকেরই মোক্ষ হইবে, অপরের হইবে না ; কেননা, জ্ঞান হইতে মোক্ষ হয়, ইহাই সমস্ত উপনিষদের সিদ্ধান্ত। অতএব, [বুঝিতে হইবে] স্ব স্ব আশ্রমবিহিত ধর্ম্মানুষ্ঠাতৃ-গণের মধ্যে যে লোকই 'ব্রহ্মসংস্থ' হইবে, সেই লোকই অমৃতত্ব লাভ করিবে, (কেবল সন্ন্যাসিমাত্র নহে)॥৩

না—এরূপ সিদ্ধান্ত হইতে পারে না, কারণ, কর্ম্মপ্রবৃত্তির নিমিত্ত যে জ্ঞান, আর যে বিদ্যার স্বরূপ-প্রত্যয় (জ্ঞান), ইহারা পরস্পর বিরুদ্ধ। দেখ, কর্ত্তা প্রভৃতি কারক, অনুষ্ঠেয় ক্রিয়া ও তৎফল, এই ত্রিবিধ বিষয়গত ভেদবুদ্ধিরূপ নিমিত্তকে লইয়াই 'ইহা কর, ইহা করিও না' ইত্যাদি কর্ম্মবিধিসমূহ প্রবৃত্ত হইয়া থাকে, (কিন্তু উক্ত ভেদ-বুদ্ধির অভাবে নহে)। সর্ব্বত্র এইরূপই দেখিতে পাওয়া যায়। সেই (ভেদবুদ্ধিরূপ) নিমিত্তটি যখন সর্ব্বপ্রাণীতেই দৃষ্ট হয়, তখন উহা যে, কেবলই শাস্ত্রজনিত, অর্থাৎ শাস্ত্রোপদেশলব্ধ, তাহা নহে ; আর 'সৎ (নিত্য ব্রহ্ম) নিশ্চয়ই এক ও অদ্বিতীয়', 'আত্মাই এই সমস্ত জগৎ', 'ব্রহ্মই এই সমস্ত স্বরূপ', এইরূপ শাস্ত্রজনিত যে বিদ্যার স্বরূপপ্রত্যয় (জ্ঞান), তাহা কর্ম্মপ্রবৃত্তির নিমিত্তভূত ক্রিয়া, কারক ও ফলগত স্বভাব-সিদ্ধ ভেদবুদ্ধি নিবারণ না করিয়া কখনই উৎপন্ন হইতে পারে না ; কেননা, একই বিষয়ে ভেদাভেদপ্রত্যয় স্বভাবতই বিরুদ্ধ। দেখ, তিমিররোগগ্রস্ত ব্যক্তি যে, [রোগের দোষে] একই চন্দ্রে দ্বিত্বাদি ভেদ দর্শন করিয়া থাকে ; সেই তিমিররোগাবসানে ঐ দ্বিত্বাদি ভেদজ্ঞান বিদূরিত না করিয়া কখনই তাহার সেই চন্দ্রাদি বিষয়ে একত্ব-বুদ্ধি উৎপন্ন হইতে পারে না। একই বিষয়ে বিদ্যা ও অবিদ্যাপ্রত্যয় অর্থাৎ জ্ঞান ও অজ্ঞান পরস্পর বিরুদ্ধ। কার্য্যকারণভাব সম্বন্ধে ইহাই যখন নিয়ম, তখন কর্ম্মকাণ্ডীয় বিধি-সমূহ ভেদজ্ঞানরূপ যে নিমিত্ত অবলম্বন করিয়া প্রবৃত্ত হইয়াছে, 'সৎ·· এক ও অদ্বি-তীয়', 'তিনিই সত্য', সমস্ত কার্য্যবর্গ এবং তাহাদের ভেদ মিথ্যা ইত্যাদি প্রামাণিক বাক্যজনিত একত্ব জ্ঞান দ্বারা যাহার সেই ভেদবুদ্ধি বিমর্দ্দিত হইয়া গিয়াছে, সেই লোক নিশ্চয়ই সর্ব্বপ্রকার কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া পড়েন ; কারণ প্রবৃত্তির নিমিত্ত (ভেদবুদ্ধি) তখন নিবৃত্ত হইয়া গিয়াছে। কর্ম্ম হইতে নিবৃত্ত সেই পুরুষই 'ব্রহ্ম-সংস্থ' বলিয়া কথিত হন ; তিনি ত (কর্ম্ম হইতে নিবৃত্ত পুরুষ ত) পরিব্রাজকই বটে ;

কারণ, অন্যের পক্ষে তাহা অসম্ভব। কেননা, অন্যলোক—যাহার ভেদবুদ্ধি নিবৃত্ত হয় নাই, সে লোক অপর পদার্থ দর্শন, শ্রবণ ও মনন করে এবং বিশেষরূপে অবগত হইয়া 'আমি ইহা করিয়া অমুক ফল প্রাপ্ত হইব' এইরূপই মনে করিয়া থাকে। এবং-বিধ কর্ম্মকর্ত্তা সেই লোকের ত ব্রহ্মসংস্থতা কখনই সম্ভব হয় না; কারণ, বাচারম্ভণস্বরূপ (অর্থাৎ বিবিধ নাম ও শব্দোচ্চারণের হেতু) যে বিকার বা কার্য্যনিচয়, সেই মিথ্যা বিকারে তাহার অভিনিবেশ বিদ্যমান থাকে (অর্থাৎ মিথ্যা শরীরাদিতে 'আমি ব্রাহ্মণ' ইত্যাদি মিথ্যা অভিমান তাহার থাকে)। বিবেকী পুরুষের যেমন আকাশে তলমলিনতা বুদ্ধি জন্মে না, তেমনি 'অসত্য'-জ্ঞানে একবার ভেদপ্রতীতি বিনাশিত হইয়া গেলে তাহার আর কখনও 'ইহা সত্য, ইহা দ্বারা আমাকে ইহা করিতে হইবে', এইরূপ প্রমাণ-প্রমেয়বিষয়ক ভেদ-বুদ্ধি উপপন্ন হয় না॥৪

যদি বল, ভেদবুদ্ধি বিমর্দ্দিত হইলেও লোকে কর্ম্মসমূহ হইতে বিরত হয় না। [ভাল, একত্ব জ্ঞানোদয়ের পরও] যদি পূর্ব্বের ন্যায় ভেদবুদ্ধি অনুপমর্দ্দিতই থাকে, তাহা হইলে একত্ববিধায়ক ["তৎ ত্বম্ অসি" ইত্যাদি] বাক্য অপ্রমাণীকৃত হইতে পারে; অথচ অভক্ষ্য-ভক্ষণাদির প্রতিষেধক বাক্য-সমূহের প্রামাণ্যের ন্যায় একত্ব-বিষয়ক বাক্যেরও প্রামাণ্য হওয়া যুক্তিযুক্ত; কারণ, সমস্ত উপনিষৎ শাস্ত্রেরই * ঐ অংশে তাৎপর্য্য। যদি বল, [জ্ঞানীর পক্ষে কর্ম্মবিধি অপ্রযোজ্য হইলে] কর্ম্ম-বিধায়ক শাস্ত্রসমূহের অপ্রামাণ্য হইতে পারে? না—তাহা হইতে পারে না; কারণ, যে পুরুষের ভেদবুদ্ধি বিমর্দ্দিত হয় নাই, সেই পুরুষের সম্বন্ধেই সে সমুদয়ের প্রামাণ্য উপপন্ন হইতে পারে। প্রবোধ বা জাগরণ না হওয়া পর্য্যন্ত যেরূপ স্বপ্নাদি জ্ঞানের সত্যতা, ইহাও তদ্রূপ। যদি বল, বিবেকী পুরুষেরা অনুষ্ঠান না করায় কর্ম্মবিধির প্রামাণ্য বিলুপ্ত হইতে পারে? না—তাহাও হইতে পারে না; কারণ, কাম্যবিধির ত অনুচ্ছেদ বা অনুষ্ঠান দৃষ্ট হয়। অভিপ্রায় এই যে, যাঁহারা 'সকাম ভাব প্রশস্ত নহে', এই মনুবচনোক্ত কাম্যকর্ম্মের নিন্দা অবগত আছেন, তাঁহারা কাম্যকর্ম্মের অনুষ্ঠান করেন না; কিন্তু তা' বলিয়া ত কাম্যকর্ম্মের বিধানসমূহ বিলুপ্ত হইয়া যাইতেছে না; কামিপুরুষেরা ত (যাহাদের ফল-কামনা আছে, তাহারা) সেই সমস্ত কর্ম্মের অনুষ্ঠানই করিয়া থাকে; তদ্রূপ ব্রহ্মসংস্থ বিদ্বানেরা কর্ম্মের অনুষ্ঠান করেন না বলিয়া কর্ম্মবিধি-সমূহও বিলুপ্ত হয় না; কারণ, ব্রহ্মজ্ঞানবিহীন লোকেরাই তাহার অনুষ্ঠান করিয়া থাকে॥৫

যদি বল, [সর্ব্বকর্ম্মনিবৃত্ত] পরিব্রাজকগণের যেরূপ ভিক্ষাচর্য্যা প্রভৃতি কার্য্যে প্রবৃত্তি হইয়া থাকে, তদ্রূপ যে সমস্ত গৃহস্থের ব্রহ্মাত্মৈকত্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে,

---

* তাৎপর্য্য—কর্ম্মমীমাংসকগণ বলেন যে, যে সমস্ত বাক্য কোনপ্রকার কর্ম্মানুষ্ঠানের বিধায়ক নহে; কি লৌকিক, কি বৈদিক, তাদৃশ সমস্ত বাক্যই অপ্রমাণ। একত্ব-বোধক বাক্যও যখন কোন ক্রিয়াবোধক নহে, তখন অপ্রমাণ। অপ্রমাণ বাক্য দ্বারা প্রমাণসম্মত কর্ম্মবিধির বাধা হইতে পারে না। এই আপত্তি খণ্ডনার্থ—ভাষ্যকার বলিলেন যে, অভক্ষ্যভক্ষণের নিষেধক বাক্যেও ত কোন ক্রিয়ার বিধান নাই, অথচ তুমিও তাহার প্রামাণ্য স্বীকার করিয়া থাক, সুতরাং তদনুসারে ক্রিয়া-বোধক না হইলেও একত্ব বাক্যের প্রামাণ্য স্বীকার করিতে হইবে।

তাহাদের সম্বন্ধে অগ্নিহোত্রাদি কর্ম্মসমূহেরও নিবৃত্তি হইবে না; না—প্রামাণ্যচিন্তা-স্থলে অর্থাৎ বাক্যের প্রামাণ্যসম্বন্ধে বিচারস্থলে ব্যক্তিবিশেষের প্রবৃত্তি কখনই দৃষ্টান্ত হইতে পারে না; কেননা, 'অভিচার করিবে না' [শত্রুমারণার্থ ক্রিয়াকে 'অভিচার' বলে।] এই বাক্যে অভিচার-কার্য্য প্রতিষিদ্ধ হইলেও ব্যক্তিবিশেষকে তাহা করিতে দেখা গিয়াছে, এইজন্য কি শত্রুতে বিদ্বেষরহিত বিবেকী পুরুষও আর অভিচার করেন? বিশেষতঃ কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্তির কারণ হইতেছে ভেদবুদ্ধি; সেই ভেদবুদ্ধি বাধিত হইলেও যেমন পরিব্রাজকের ভিক্ষাচরণাদি-কার্য্যে প্রবৃত্তির প্রযোজকীভূত বুভুক্ষা (ভোজনেচ্ছা) থাকিয়া যায়, তেমনি অগ্নিহোত্রাদি কার্য্যে প্রবৃত্তিজনক যে কোনও প্রকার নিমিত্ত আছে, তাহাও নহে। যদি বল, এখানেও (গৃহস্থের প্রবৃত্তিতেও) অকরণে পাপোৎপত্তিভয়ই প্রবর্ত্তক রহিয়াছে; না—যেহেতু ভেদজ্ঞান-সম্পন্ন পুরুষেরাই কর্ম্মানুষ্ঠানে অধিকারী, (ভেদজ্ঞানরহিত পুরুষ নহে)। একথাও আমরা বলিয়াছি যে, বিদ্যা দ্বারা যাহার ভেদজ্ঞান বিমর্দ্দিত হয় নাই, ভেদজ্ঞানসম্পন্ন সেই পুরুষই কর্ম্মেতে অধিকৃত; যে লোক কর্ম্মানুষ্ঠানে অধিকৃত, কর্ম্মের অকরণে তাহারই প্রত্যবায় জন্মিবে, যাহার অধিকার নিবৃত্ত হইয়া গিয়াছে, তাহার নহে। যেমন ব্রহ্মচারীর কর্ত্তব্য বিশেষ বিশেষ কার্য্যগুলি অনুষ্ঠান না করায় গৃহস্থের কোন প্রত্য-বায় হয় না, ইহাও তদ্রূপ। ভাল, এইরূপই যদি হয়, তাহা হইলে একত্বজ্ঞান উৎপন্ন হইলে স্ব স্ব আশ্রমস্থিত সকলেই 'পরিব্রাজক' সংজ্ঞায় অভিহিত হইতে পারে? না—তাহা হইতে পারে না; কারণ, তাহাদের স্বস্বামিভাব অর্থাৎ 'আমি, আমার' বুদ্ধি নিবৃত্ত হয় না; বিশেষতঃ কর্ম্মানুষ্ঠানই অপর অপর আশ্রমগুলির একমাত্র উদ্দেশ্য। যেহেতু শ্রুতি বলিতেছেন—'অনন্তর কর্ম্ম করিবে'। অতএব, সর্ব্বপ্রকার স্ব-স্বামিভাব নিবৃত্ত হওয়ায় একমাত্র ভিক্ষুকই 'পরিব্রাজক' সংজ্ঞায় অভিহিত হইবার যোগ্য, গৃহস্থ প্রভৃতিরা নহে।

যদি বল, একত্বজ্ঞান-প্রতিপাদক শাস্ত্র-জনিত একত্বজ্ঞান দ্বারা—যখন বিধির নিমিত্তীভূত ভেদবুদ্ধি বিমর্দ্দিত হইয়া যায়, তখন পরিব্রাজকের আর যম-নিয়মাদির * আচরণে প্রবৃত্তি হইতে পারে না? না—এ আপত্তিও হইতে

* তাৎপর্য্য—"অহিংসাসত্যাস্তেয়-ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ ॥" (পাতঞ্জলসূত্র ২।৩০) "শৌচ-সন্তোষ-তপঃ-স্বাধ্যায়েশ্বর-প্রণিধানানি নিয়মাঃ।" (পাতঞ্জলসূত্র ২।৩২)।

মর্ম্মার্থ এই—প্রাণিহিংসা না করা, সত্য ব্যবহার করা, চুরি না করা, ব্রহ্মচর্য্য—ইন্দ্রিয়-সংযম করা, পরের প্রদত্ত দ্রব্য গ্রহণ না করা—এই পাঁচটির নাম 'যম'। আর বাহ্য ও আন্তর পবিত্রতা, ভাগ্যলব্ধ বস্তুতে সন্তুষ্ট থাকা, তপস্যা, বেদাদি শাস্ত্র পাঠ, ঈশ্বর ধ্যান অথবা সমস্ত কর্ম্মফল ঈশ্বরে সমর্পণ করা—এই পাঁচটির নাম 'নিয়ম'।

পারে না ; কারণ, বুভুক্ষা (ভোজনেচ্ছা)—ক্ষুধা প্রভৃতি কারণে তাহাদের একত্বজ্ঞান হইতেও প্রচ্যুতি হওয়া সম্ভবপর হয়, তদবস্থায় তাহাদের পক্ষেও [অনুচিত কর্ম্ম হইতে] নিবৃত্তির জন্য যম-নিয়মাদির প্রতিপালন করা উপপন্ন হইতে পারে ; কিন্তু তা' বলিয়া তাহাদের পক্ষে নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠানও * সম্ভব হইতে পারে না ; কারণ, একত্বজ্ঞানোদয়ের পূর্ব্বেই সেগুলি নিবৃত্ত হইয়া গিয়াছে। কোন লোক রাত্রি-কালে কূপে কিংবা কণ্টকে পতিত হইয়াছে বলিয়া সূর্য্যোদয়ের পরও তাহাতেই পতিত হয় কি? অতএব, কর্ম্মানুষ্ঠান হইতে বিরত একমাত্র ভিক্ষুকই (সন্ন্যাসীই) যে 'পরিব্রাট্' সংজ্ঞার যোগ্য, (গৃহস্থ প্রভৃতিরা নহে), ইহা সিদ্ধ হইল।

আর যে জ্ঞানবর্জ্জিত সকলের সম্বন্ধেই পুণ্যলোক প্রাপ্তিরূপ ফলবিহিত বলা হইয়াছে ; একথাও সত্য, কিন্তু 'তপঃ' শব্দে যে পরিব্রাজকও উক্ত হইতেছে ; বলা হইয়াছে ; একথা সত্য নহে ; কারণ? যেহেতু ভেদবুদ্ধিবিবর্জ্জিত একমাত্র পরিব্রাজকের পক্ষেই ব্রহ্মসংস্থভাব সম্ভব হইয়াছে, এবং একমাত্র পরিব্রাজকই এখানে অবশিষ্ট বা অনুক্ত রহিয়াছে ; [অতএব, এখানেই তাহার গ্রহণ, কিন্তু তপঃশব্দে নহে], ইহাও আমরা পূর্ব্বেই বলিয়াছি। বিশেষতঃ একত্ববিজ্ঞান-সম্পন্ন ব্যক্তির অগ্নিহোত্রাদি ক্রিয়ার ন্যায় তপস্যাও নিবৃত্ত হইয়া যায় ; কেননা, ভেদবুদ্ধি-সম্পন্ন ব্যক্তির পক্ষেই তপস্যা কর্ত্তব্য হইয়া থাকে। ইহা দ্বারাই কর্ম্মাবসরে ব্রহ্মসংস্থতার সামর্থ্য এবং প্রতিষেধাভাব-শঙ্কাও প্রত্যাখ্যাত হইল। আর, কর্ম্মবিরত জ্ঞানবান্ই যখন পরিব্রাজক হইবেন, তখন জ্ঞানের আনর্থক্য-শঙ্কাও প্রত্যাখ্যাত হইল।

পুনশ্চ যে বলা হইয়াছে,—'যব', 'বরাহ' প্রভৃতি শব্দের ন্যায় 'ব্রহ্মসংস্থ' শব্দটি পরিব্রাজকে রূঢ় নহে। একমাত্র পরিব্রাজকের পক্ষেই ব্রহ্মসংস্থতা সম্ভব হয়, অপরের পক্ষে নহে ; এই পূর্ব্বোক্ত যুক্তিতে সেই আপত্তিরও পরিহার করা হইয়াছে। আরও যে, বলা হইয়াছে, রূঢ় শব্দের প্রয়োগে কোন নিমিত্তের অপেক্ষা থাকে না ; তাহাও

---

* একত্বজ্ঞান উৎপন্ন হইলে সেই জ্ঞানীর অসদ্বৃত্তি-সমুদয় পূর্ব্ব সংস্কারবশে আপনা হইতেই নিবৃত্ত হইয়া যায়, নিবৃত্তির জন্য আর প্রয়াস পাইতে হয় না। মোক্ষশাস্ত্রের উপদেশও এইরূপ—"উৎপন্নাত্মাববোধস্য হ্যদ্বেষ্টৃত্বাদয়ো গুণাঃ। অযত্নতো ভবন্ত্যস্য ন তু সাধনরূপিণঃ ॥" (বেদান্তসার)। অর্থাৎ আত্মজ্ঞান উৎপন্ন হইলে অদ্বেষাদি গুণসমূহ বিনা যত্নেই সম্পন্ন হইয়া থাকে, কিন্তু ঐ গুণ-সমুদয় তখন আর তাহার কোন ফলসাধক হয় না, কারণ, তখন তাহার আর কিছুই প্রাপ্তব্য নাই, সমস্তই প্রাপ্ত হইয়া গিয়াছে।

সত্য নহে ; কারণ, গৃহস্থ, তক্ষা ও পরিব্রাজক প্রভৃতি শব্দই ঐরূপ দেখা যায় *। দেখা যায়, ঐ শব্দগুলি গৃহে স্থিতি, পারিব্রাজ্য ও তক্ষণাদি নিমিত্তের অধীন হইলেও গৃহস্থ ও পরিব্রাজক শব্দ দুইটি আশ্রমি-বিশেষে এবং তক্ষ শব্দটি জাতিবিশেষে রূঢ় অর্থাৎ প্রসিদ্ধ ; কিন্তু যে যে স্থানে পূর্ব্বোক্ত নিমিত্ত আছে, সেই সেই স্থানেই প্রযুক্ত হয় না ; কারণ, সেই সকল অর্থে উহাদের প্রসিদ্ধি নাই। সেইরূপ এখানে 'ব্রহ্মসংস্থ' শব্দও সর্ব্বাশ্রমাতীত এবং সর্ব্ববিধ কর্ম্ম ও তৎসাধন হইতে বিরত পরমহংসনামক পরিব্রাজক অর্থে প্রযুক্ত হইতে পারে ; কারণ, এখানে মুখ্য অমৃতত্বরূপ (মোক্ষরূপ) ফলের শ্রুতি আছে। অতএব ইহাই একমাত্র বেদোক্ত পারিব্রাজ্য, কিন্তু, যজ্ঞোপবীত, ত্রিদণ্ড ও কমণ্ডলু প্রভৃতি গ্রহণ করা নহে। এ বিষয়ে 'মুণ্ডিতশিরাঃ কর্ম্ম ও তৎসাধন পরিত্যাগী এবং অসঙ্গ (অনাসক্ত)' এই বাক্যও একটি প্রমাণ। শ্বেতাশ্বতরোপনিষদেও—'অত্যাশ্রমী (আশ্রমাতীত) লোকসমূহের জন্য সেই পরম পবিত্র স্থান' ইত্যাদি শ্রুতি রহিয়াছে, এবং '(সন্ন্যাসী) স্তুতি ও নমস্কাররহিত', ইত্যাদি স্মৃতি হইতেও, আর 'সেইহেতুই পারদর্শী (তত্ত্বদর্শী) যতিগণ কর্ম্ম করেন না' ; 'সেইহেতু ধর্ম্মরহস্যজ্ঞ পুরুষ অলিঙ্গ ও অব্যক্ত-লিঙ্গ অর্থাৎ সর্ব্বপ্রকার আশ্রমচিহ্ন ত্যাগ করেন, এবং যাহা কিছু রাখেন, তাহাও সম্পূর্ণরূপে অপরের অপরিজ্ঞাতভাবে, কিংবা গর্ব্বশূন্যভাবে', ইত্যাদি স্মৃতিবাক্য হইতেও জানা যায়।

আর সাংখ্যবাদীরা যে, কর্ম্মপরিত্যাগ স্বীকার করেন, তাহাও সঙ্গত হয় না ; কারণ, [তাঁহাদের মতে] ক্রিয়া, কারক ও ফলবিষয়ক যে ভেদজ্ঞান, তাহা সত্য বলিয়া স্বীকৃত হয়, [সুতরাং কেবলই জ্ঞানের সাহায্যে সত্যবস্তুর পরিত্যাগ হইতে পারে না।] বৌদ্ধেরা যে, শূন্যবাদ অঙ্গীকারপূর্ব্বক আত্মার অকর্ত্তৃত্ব স্বীকার করিয়া থাকেন, তাহাও ভাল কথা নহে ; কারণ, শূন্যবাদ-স্বীকারকর্ত্তারই অস্তিত্ব (সত্যতা) স্বীকৃত হয়। আর অজ্ঞ লোকেরা যে, আলস্যের বশবর্ত্তী হইয়া আত্মার অকর্ত্তৃত্ব স্বীকার করিয়া থাকে, তাহাও সমীচীন নহে ; কারণ, কর্ত্তৃত্বাদি কারকবুদ্ধি ত কোনও প্রমাণ দ্বারা বাধিত হয় নাই ; [সুতরাং তাহাদের মতে আত্মার

---

* তাৎপর্য্য—গৃহে তিষ্ঠতি ইতি গৃহস্থঃ,—যে লোক গৃহাশ্রমে থাকে, তাহাকেই 'গৃহস্থ' বলা হয়, কেবল গৃহে থাকিলেই বলা হয় না। 'তক্ষ'—ধাতুর অর্থ কাষ্ঠাদিকে তক্ষণ করা, অর্থাৎ অস্ত্রাদির সাহায্যে ক্ষীণ করা, সূত্রধর সেই তক্ষণ করে বলিয়াই 'তক্ষা' নামে অভিহিত হয়। পরি-পূর্ব্বক 'ব্রজ' ধাতুর অর্থ—ইতস্ততঃ ভ্রমণ, সন্ন্যাসী ঐরূপে ভ্রমণ করেন বলিয়াই 'পরিব্রাজক' নামে অভিহিত হন।

অকর্তৃত্বাভ্যুপগম সিদ্ধ হইতে পারে না।] অতএব স্বতঃপ্রমাণ বেদান্তবাক্য হইতে যাহার একত্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাহারই কর্ম্মনিবৃত্তিরূপ পারিব্রাজ্য (সন্ন্যাস) ও ব্রহ্মসংস্থতা হইতে পারে, ইহা সিদ্ধ হইল। একত্বজ্ঞান সমুৎপন্ন হইলে গৃহস্থেরও যে পারিব্রাজ্য হইতে পারে, ইহাও এ কথা দ্বারা ফলে ফলে প্রতিপাদিত হইল।

এখন আপত্তি হইতেছে যে, পারিব্রাজ্যকারী ব্যক্তি ত অগ্নিপরিত্যাগজনিত দোষে প্রত্যবায়ী হইতে পারে? কেননা, শ্রুতি বলিতেছেন—'যে লোক (অগ্নিহোত্রী পুরুষ) অগ্নি পরিত্যাগ করে, সে দেবগণের বীর্য্যঘাতী হয়।' না—এ আপত্তিও হইতে পারে না; কারণ, দৈবকর্তৃকই তাহা উৎসাদিত হইয়াছে, একত্ব সাক্ষাৎকার হওয়ার পর সেই অগ্নি ত উৎসন্নই হইয়াছে; কারণ, শ্রুতি বলিতেছেন —[তখন] 'অগ্নিরও অগ্নিত্ব অপগত হইয়া যায়'। অতএব, গৃহস্থ পরিব্রাজক হইয়া কখনই দোষভাগী (পাপী) হইতে পারে না ॥১৬৬॥১

বৎসংস্থোঽমৃতমেতি, তন্নিরূপণার্থমাহ—

প্রজাপতির্লোকানভ্যতপৎ, তেভ্যোঽভিতপ্তেভ্যস্ত্রয়ী বিদ্যা সম্প্রাস্রবৎ, তামভ্যতপৎ, তস্যা অভিতপ্তায়া এতান্যক্ষরাণি সম্প্রাস্রবন্ত—ভূর্ভুবঃ স্বরিতি ॥১৬৭॥২

[যস্মিন্ সংস্থিতোঽমৃতত্বং প্রাপ্নোতি, তন্নিরূপণায় উপক্রমতে "প্রজাপতিঃ" ইত্যাদি।—প্রজাপতিঃ (বিরাট্পুরুষঃ) লোকান্ (স্বর্গাদিলক্ষণান্ উদ্দিশ্য) অভ্যতপৎ (তদ্বিষয়কং সম্যক্ তপঃ কৃতবান্)। অভিতপ্তেভ্যঃ তেভ্যঃ (লোকেভ্যঃ) [সারভূতা] ত্রয়ীবিদ্যা (বেদবিদ্যা) সংপ্রাস্রবৎ (নির্গতা, প্রজাপতেঃ মনসি প্রতিভাতা অভূদিত্যর্থঃ); তাং (ত্রয়ীবিদ্যাং) অভ্যতপৎ [প্রজাপতিঃ]; অভিতপ্তায়াঃ তস্যাঃ (বিদ্যায়াঃ) এতানি (বক্ষ্যমাণানি) ভূঃ ভুবঃ স্বঃ ইতি (এবংলক্ষণানি) অক্ষরাণি (বর্ণাঃ ব্যাহৃতয়ঃ) সংপ্রাস্রবন্ত (নিঃসৃতাঃ বভূবুরিত্যর্থঃ)॥

বিরাট্ পুরুষ ত্রিলোককে উদ্দেশ করিয়া তপস্যা (ধ্যান) করিয়াছিলেন; পরিচিন্তিত সেই লোকত্রয় হইতে সারভূতা বেদবিদ্যা বহির্গত হইল, অর্থাৎ প্রজাপতি-হৃদয়ে বেদবিদ্যা প্রকাশ পাইল। তিনি পুনশ্চ সেই ত্রয়ীবিদ্যার ধ্যান করিলেন, অনুধ্যাত সেই বিদ্যা হইতে এই অক্ষরগুলি প্রাদুর্ভূত হইল—'ভূঃ', 'ভুবঃ' ও 'স্বঃ', [এই তিনটির নাম ব্যাহৃতি]॥

শাঙ্কর-ভাষ্যম্।—প্রজাপতির্ব্বিরাট্ কশ্যপো বা লোকানুদ্দিশ্য তেষু সারজিঘৃক্ষয়া অভ্যতপৎ অভিতাপং কৃতবান্—ধ্যানং তপঃ কৃতবানিত্যর্থঃ। তেভ্যোঽভিতপ্তেভ্যঃ সারভূতা ত্রয়ীবিদ্যা সম্প্রাস্রবৎ প্রজাপতের্ম্মনসি প্রত্যভাদিত্যর্থঃ। তামভ্যতপৎ—পূর্ব্ববৎ। তস্যা অভিতপ্তায়া এতান্যক্ষরাণি সম্প্রাস্রবন্ত ভূর্ভুর্বঃ স্বরিতি ব্যাহৃতয়ঃ ॥১৬৭॥২

আনন্দগিরিঃ।—কিং তদ্ ব্রহ্মেত্যাকাঙ্ক্ষায়ামাহ—যৎসংস্থ ইতি। লোকানভিতো দগ্ধতয়াঽভিতাপপ্রতিভাসং ব্যবচ্ছিনত্তি—ধ্যানমিতি। দ্রব্যাত্মত্বাভাবে কথং প্রস্রবণং ত্রয্যাঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—প্রজাপতেরিতি। পূর্ব্ববদিতি। ত্রয়ীবিদ্যাসারজিঘৃক্ষয়া-লোচিতবানিত্যর্থঃ ॥১৬৭॥২

ভাষ্যানুবাদ।—লোক যাহাতে নিষ্ঠাপ্রাপ্ত হইয়া অমৃতত্ব লাভ করে, তাহার নিরূপণের জন্য বলিতেছেন—প্রজাপতি অর্থ—বিরাট্পুরুষ অথবা কশ্যপ মুনি [কারণ, তিনিও প্রজাপতি নামে অভিহিত হন]। তিনি লোকসমূহকে উদ্দেশ করিয়া অর্থাৎ তাহাদের সার গ্রহণের ইচ্ছায় অভিতাপ করিয়াছিলেন, অর্থাৎ তদ্বিষয়ে ধ্যানরূপ তপস্যা করিয়াছিলেন। অভিতপ্ত সেই লোকত্রয় হইতে সারভূতা ত্রয়ীবিদ্যা নিঃসৃত হইল, অর্থাৎ প্রজাপতির মনোমধ্যে প্রতিভাত হইল; পূর্ব্বের ন্যায় তাহারও ধ্যান করিলেন; অভিতপ্ত (চিন্তিত) তাহা (ত্রয়ীবিদ্যা) হইতে এই অক্ষরসমূহ—ভূঃ, ভুবঃ ও স্বঃ, এই ব্যাহৃতি কয়টি প্রকাশ পাইল ॥১৬৭॥২

তান্যভ্যতপৎ, তেভ্যোঽভিতপ্তেভ্য ওঙ্কারঃ সম্প্রাস্রবৎ; তদ্যথা শঙ্কুনা সর্ব্বাণি পর্ণানি সংতৃণ্ণান্যেবমোঙ্কারেণ সর্ব্বা বাক্ সংতৃণ্ণা; ওঁকার এবেদꣳ সর্ব্বমোঙ্কার এবেদꣳ সর্ব্বম্ ॥১৬৮॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশঃ খণ্ডঃ ॥২৩॥

তানি অক্ষরাণি (ভূঃ, ভুবঃ, স্বঃ) অভ্যতপৎ [প্রজাপতিঃ]; অভিতপ্তেভ্যঃ তেভ্যঃ (অক্ষরেভ্যঃ) ওঙ্কারঃ (প্রণবঃ) সংপ্রাস্রবৎ (নির্গতঃ বভূব)। তদ্যথা (দৃষ্টান্তঃ)—শঙ্কুনা (পত্রনালেন) সর্ব্বাণি পর্ণানি (পত্রাণি) সংতৃণ্ণানি, (ব্যাপ্তানি সন্তি), এবম্ (উক্তানুরূপম্) ওঙ্কারেণ সর্ব্বা বাক্ (শব্দঃ) সংতৃণ্ণা, ওঙ্কারঃ এব (নিশ্চয়ে) ইদং (দৃশ্যমানং) সর্ব্বং (বস্তুজাতং, জগদিত্যর্থঃ)। [দ্বিরুক্তিঃ স্তুত্যর্থা]।

প্রজাপতি আবার সেই অক্ষরত্রয়কে অভিধ্যান করিলেন; অভিধ্যাত সেই অক্ষরসমূহ হইতে ওঙ্কার প্রাদুর্ভূত হইল। পত্রনাল দ্বারা যেমন সমস্ত পত্র ব্যাপ্ত থাকে, তেমনি ওঙ্কার দ্বারাও সমস্ত বাক্য ব্যাপ্ত রহিয়াছে; ওঙ্কারই এই সর্ব্বজগৎ। আদরাতিশয়-প্রদর্শনার্থ দ্বিরুক্তি করা হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—তানি অক্ষরাণি অভ্যতপৎ, তেভ্যোঽভিতপ্তেভ্যঃ সারভূত ওঙ্কারঃ সম্প্রাস্রবৎ, তদ্ব্রহ্ম। কীদৃশম্? ইত্যাহ—তদ্যথা শঙ্কুনা পর্ণনালেন সর্ব্বাণি পর্ণানি পত্রাবয়বজাতানি সংতৃণ্ণানি নিবিদ্ধানি ব্যাপ্তানীত্যর্থঃ। এবম্ ওঙ্কারেণ ব্রহ্মণা পরমাত্মনঃ প্রতীকভূতেন সর্ব্বা বাক্ শব্দজাতং সংতৃণ্ণা, "অকারো বৈ সর্ব্বা বাক্" ইত্যাদিশ্রুতেঃ। পরমাত্মবিকারশ্চ নামধেয়মাত্রম্, ইত্যত ওঙ্কারঃ এবেদং সর্ব্বমিতি। দ্বিরভ্যাস আদরার্থঃ। লোকাদিনিষ্পাদনকথনম্ ওঙ্কারস্তুত্যর্থ-মিতি॥১৬৮॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশ-খণ্ড-ভাষ্যম্॥২৩॥

আনন্দগিরিঃ।—কথং তস্য ব্রহ্মশব্দবাচ্যত্বমিত্যাশঙ্ক্য মহত্তরত্বাদিত্যাহ—কীদৃশ-মিত্যাদিনা। তত্র ব্রহ্মশব্দপ্রবৃত্তৌ হেত্বন্তরং সূচয়তি—পরমাত্মন ইতি। ওঙ্কারা-বয়বস্যাকারস্যাপি সর্ব্ববাগ্ব্যাপ্তিরস্তি, কিমু বক্তব্যমোঙ্কারস্যেতি মন্বানঃ শ্রুত্যন্তরমুদা-হরতি—অকার ইতি। ওমিতীদং সর্ব্বমিত্যাদিবাক্যমাদিপদার্থঃ। ওঁকারব্যাপ্ত-ত্বেঽপি বাগ্জাতস্য ন তস্য সর্ব্বাত্মত্বমাকাশাদিপরমাত্মবিকারস্য পৃথগেব বিদ্যমান-ত্বাদিত্যাশঙ্ক্যাহ—পরমাত্মেতি। সকলমপি জগৎ পরমাত্মবিকারত্বাৎ তদতিরেকেণ নাস্তি। স চ প্রকৃতাদোঙ্কারাৎ নাতিরিচ্যতে। "এতদ্বৈ সত্যকাম পরং চাপরং চ ব্রহ্ম, যদোঙ্কারঃ" ইতি শ্রুতেঃ॥ তস্মাদ্যুক্তমোঙ্কারস্য সর্ব্বাত্মত্বমিত্যর্থঃ। ওঁকারং সর্ব্বাত্মকং ব্রহ্মরূপমুপাসীতেতি বিধিসমাপ্ত্যর্থমিতি-শব্দঃ। কিমিত্যোঙ্কারস্য লোকাদি-দ্বারা নিষ্পত্তিরুচ্যতে? তত্রাহ—লোকাদীতি। স্তুতিশ্চোপাস্ত্যর্থা। যৎ স্তূয়তে তদ্বিধীয়ত ইতি স্থিতেঃ। তথা চ সিদ্ধমোঙ্কারোপাসনমমৃতত্বফলমিতি বক্তুমিতি-শব্দঃ॥১৬৮॥৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশঃ খণ্ডঃ॥২৩॥

ভাষ্যানুবাদ।—প্রজাপতি সেই অক্ষরসমূহকে লক্ষ্য করিয়া ধ্যান করিলেন; অভিধ্যাত সেই অক্ষরসমূহ হইতে ওঙ্কার নিঃসৃত হইল [ওঁকারই ব্রহ্ম]। সেই ব্রহ্ম কি প্রকার, তাহা বলিতেছেন—শঙ্কু অর্থাৎ পত্রনাল দ্বারা যেমন সমস্ত পত্র অর্থাৎ পত্রাবয়ব নিবদ্ধ—ব্যাপ্ত থাকে, এইরূপ পরমাত্মার প্রতীকস্বরূপ ওঙ্কাররূপী ব্রহ্ম দ্বারাও সমস্ত বাক্ অর্থাৎ শব্দরাশি সংতৃণ্ণ অর্থাৎ পরিব্যাপ্ত; যেহেতু 'অকারই সমস্ত বাক্স্বরূপ' ইত্যাদি শ্রুতি রহিয়াছে। অথচ যে কিছু নাম বা শব্দ, তৎসমস্তই পরমাত্মার বিকার; অতএব, ওঙ্কারই এতৎসমস্তস্বরূপ; আদরার্থ দ্বিরুক্তি [করা হইয়াছে]। ওঙ্কারের স্তুতি প্রকাশনার্থ লোকাদি নিষ্পাদন বর্ণিত হইয়াছে॥১৬৮॥৩

ইতি দ্বিতীয় অধ্যায়ের ত্রয়োবিংশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥২৩॥

———

শাঙ্কর-ভাষ্যম্।—অতঃ ক্ব তর্হি যজমানস্য লোকঃ, যদর্থং যজতে; ন ক্বচিল্লোকোঽস্তীত্যভিপ্রায়ঃ; "লোকায় বৈ যজতে, যো যজতে" ইতি শ্রুতেঃ। লোকাভাবে চ স যো যজমানঃ তং লোকস্বীকরণোপায়ং সামহোমমন্ত্রোত্থানলক্ষণং ন বিজানীয়াৎ, সোঽজ্ঞঃ কথং কুর্য্যাৎ যজ্ঞম্, ন কথঞ্চন তস্য কর্তৃত্বমুপপদ্যত ইত্যর্থঃ। সামাদিবিজ্ঞানস্তুতিপরত্বাৎ নাবিদুষঃ কর্তৃত্বং কর্ম্মমাত্রবিদঃ প্রতিষিধ্যতে। স্তুতয়ে চ সামাদিবিজ্ঞানস্যাবিদ্বৎকর্তৃত্বপ্রতিষেধায় চ, ইতি হি ভিদ্যেত বাক্যম্। আদ্যে চৌষস্ত্যে কাণ্ডে অবিদুষোঽপি কর্ম্মাস্তীতি হেতুমবোচাম। অথ এতদ্বক্ষ্যমাণং সামাদ্যুপায়ং বিদ্বান্ কুর্য্যাৎ ॥১৭০॥২

আনন্দগিরিঃ।—পরিশিষ্টলোকাভাবোঽতঃশব্দার্থঃ। তর্হি দেহপাতাদূর্দ্ধমিত্যেতৎ। লোকাপেক্ষাং বিনাপি বিধিবশাদ্যোগো ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ—লোকায়েতি। লোকত্রয়স্য বস্বাদ্যধীনতয়া যজমানানধীনত্বে তস্য তদধীনত্বার্থং যজ্ঞাদ্যনুষ্ঠানমিত্যাশঙ্ক্যাহ—লোকাভাবে চেতি। অজ্ঞো যজ্ঞং স্বর্গাদিসাধনীভূতং কথং কুর্য্যাদিত্যাক্ষেপাদবিদ্বৎকর্ম্মানুষ্ঠাননিন্দাপরং বাক্যমিত্যাশঙ্ক্যাহ—সামাদীতি। অথেতীদং বাক্যং স্তুত্যর্থে নিষেধার্থে চ ভবিষ্যতি নেত্যাহ—স্তুতয়ে চেতি। ইতশ্চাবিদ্বৎকর্তৃত্বং নিষেদ্ধুমশক্যমিত্যাহ—আদ্যেচেতি। মটচীহতেষ্বিত্যাদৌ বিদুষঃ সন্নিধানে তদনুজ্ঞামন্তরেণাবিদুষঃ কর্ম্ম কর্তুমযুক্তম্। প্রত্যবায়প্রসঙ্গাৎ। তদসন্নিধৌ তু তেনাপি ক্রিয়মাণং কর্ম্ম ন দুষ্যতীত্যুপপাদিতমিত্যর্থঃ। অথ শব্দো হেত্বর্থঃ। সামাদ্যবিজ্ঞানে যস্মাদ্ যজ্ঞাদ্যকরণমেব প্রাপ্তং তস্মাদিত্যর্থঃ ॥১৭০॥২

ভাষ্যানুবাদ।—অতএব, তাহা হইলে যজমান যে লোক লাভের জন্য যজ্ঞ করিবে, সেই লোক কোথায়? অভিপ্রায় এই যে, কোথাও তাহার লোক (প্রাপ্য-স্থান) নাই; শ্রুতি বলিয়াছেন, 'যিনি যজ্ঞ করেন, তিনি লোক প্রাপ্তির জন্যই যজ্ঞ করেন'। [প্রাপ্য] লোক না থাকিলে সেই যজমান লোকলাভের উপায়ভূত সেই সাম, হোম, মন্ত্র ও উত্থান, এ সমস্ত বিষয় জানিতেও সচেষ্ট হয় না; [সুতরাং] সেই অনভিজ্ঞ লোক কিরূপে যজ্ঞ করিবে? অর্থাৎ কোনরূপেই তাহার কর্তৃত্ব সিদ্ধ হয় না। সামাদিবিষয়ক বিজ্ঞানের স্তুতি করাই এই বাক্যের উদ্দেশ্য; অতএব, এখানে তদ্বিষয়ক বিজ্ঞানরহিত, অথচ কেবল কর্ম্মস্বরূপমাত্রাভিজ্ঞ ব্যক্তির কর্তৃত্ব নিষিদ্ধ হইতেছে না; কেননা, সামাদি-বিজ্ঞানের স্তুতি এবং অবিদ্বানের কর্তৃত্ব প্রতিষেধ (কর্ম্মাধিকার নিবৃত্তি) এইরূপ উভয় অর্থে তাৎপর্য্য কল্পনা করিলে নিশ্চয়ই বাক্যভেদ হইয়া পড়ে। [একটি বাক্যকে দুইটি বাক্যে পরিণত করার নাম বাক্যভেদ; বাক্যভেদ-কল্পনা যে দোষাবহ, তাহা পূর্ব্বেই

অনেকবার বুঝান হইয়াছে।] অবিদ্বানেরও যে কর্ম্মাধিকার আছে, প্রথমে ঔষস্ত্যকাণ্ডেই তাহার হেতু বলিয়াছি। অতএব বক্ষ্যমাণ সামাদি উপায় অবগত হইয়া কার্য্য করিবে ॥১৭০॥২

পুরা প্রাতরনুবাকস্যোপাকরণাজ্জঘনেন গার্হপত্যস্যোদঙ্মুখ উপবিশ্য স বাসবꣳ সামাভিগায়তি ॥১৭১॥৩

সঃ (যজমানঃ) প্রাতরনুবাকস্য (প্রাতঃপঠনীয়স্য শস্ত্রস্য) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (পূর্ব্বং) গার্হপত্যস্য (তন্নামকস্য অগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ) উপবিশ্য উদঙ্মুখঃ (উত্তরামুখঃ সন্) বাসবং (বসুদৈবতং) সাম অভিগায়তি (যথাযথং গায়াদিত্যর্থঃ)।

সেই যজমান প্রাতঃকালীন 'অনুবাক' পাঠ আরম্ভের পূর্ব্বে গার্হপত্যনামক অগ্নির পশ্চাদ্ভাগে উপবেশন করিয়া উত্তরমুখ হইয়া বসুদেবতাধিষ্ঠিত—বাসব সাম গান করিবে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—কিং তদ্ বেদ্যম্? ইত্যাহ—পুরা পূর্ব্বং প্রাতরনুবাকস্য শস্ত্রস্য প্রারম্ভাৎ জঘনেন গার্হপত্যস্য পশ্চাৎ উদঙ্মুখঃ সন্ উপবিশ্য স বাসবং বসুদৈবত্যং সাম অভিগায়তি ॥১৭১॥৩

আনন্দগিরিঃ।—জ্ঞাতব্যং সামাদি প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কিং তদিত্যাদিনা। অপ্রগীতমৃগ্‌জাতং শস্ত্রং, যৎ প্রাতঃকালে শস্যতে প্রাতরনুবাকং, তস্যেতি যাবৎ। উপাকরণাদিত্যস্যার্থমাহ—প্রারম্ভাদিতি। জঘনেনেত্যেতদ্ ব্যাচষ্টে—পশ্চাদিতি। স গার্হপত্যস্য পৃষ্ঠত উদগ ভাগে স্থিত্বা বসুদেবতাকং সামগানং কৃতবানিত্যর্থঃ। স বাসবমিত্যত্র স-শব্দো যজমানবিষয়ঃ ॥১৭১॥৩

ভাষ্যানুবাদ।—সেই জ্ঞাতব্য বিষয় কি? তাহা বলিতেছেন—প্রাতরনুবাকের অর্থাৎ প্রাতঃকালে পঠনীয় 'শস্ত্র' নামক * স্তোত্রপাঠারম্ভের পূর্ব্বে গার্হপত্য নামক অগ্নির জঘনে অর্থাৎ পশ্চাদ্ভাগে উত্তরমুখ হইয়া উপবেশন করিয়া সেই যজমান বাসব —বসুদৈবত সাম গান করিবে ॥১৭১॥৩

লো ৩ কদ্বারমপাবা ৩র্ণ ৩৩ পশ্যেম ত্বা বয়ꣳ রা ৩৩৩৩ হু ৩ ম্ আ ৩৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩২১১১ ইতি ॥১৭২॥৪

[পদচ্ছেদঃ]—লোকদ্বারম্ অপাবৃণু, পশ্যেম, ত্বা, বয়ং রাজ্যায়, ইতি। অর্থঃ—পূর্ব্বোক্তং বিজ্ঞেয়ং বস্তু আহ—লোকেতি। [হে অগ্নে] লোকদ্বারম্ (পৃথিবীলোক-

* তাৎপর্য্য—যে সমস্ত ঋক্ মন্ত্র গীত হয় না, সে সকলকে 'শস্ত্র' বলা হয়। সোমযাগে যেদিন সোমরস নিষ্কাসন করিয়া হোম করা হয়, তাহার পূর্ব্বদিনের মধ্যরাত্র হইতে আরম্ভ করিয়া প্রাতে পাখী ডাকিতে আরম্ভ করার পূর্ব্বপর্য্যন্ত মন্ত্রের দ্বারা অগ্নি, উষা এবং অশ্বিনীকুমারদ্বয়ের যে স্তুতি করা হয়, তাহাকে প্রাতরনুবাক বলে।

প্রাপ্তেঃ উপায়ম্) অপাবৃণু (উদ্‌ঘাটয়, নির্ব্বিঘ্নং কুরু ইত্যর্থঃ) বয়ং (যজমানাঃ) রাজ্যায় (পার্থিবরাজ্যভোগায়) ত্বা (ত্বাং) পশ্যেম (উপলভেমহি) ॥

এখন পূর্ব্বোক্ত বিজ্ঞেয় বিষয় নির্দ্দেশ করিতেছেন—হে অগ্নি, তুমি [আমাদের] লোকদ্বার অপাবৃত কর, অর্থাৎ পৃথিবীলোকপ্রাপ্তির উপায়কে নিষ্কণ্টক করিয়া দাও ; রাজ্যলাভের জন্য আমরা যেন তোমাকে দর্শন করিতে পাই ॥

শাঙ্কর-ভাষ্যম্ ।—লোকদ্বারস্য পৃথিবীলোকস্য প্রাপ্তয়ে দ্বারমপাবৃণু হে অগ্নে, তেন দ্বারেণ পশ্যেম ত্বা ত্বাং রাজ্যায়েতি ॥১৭২॥৪

আনন্দগিরিঃ ।—রাজ্যায় ত্বদ্দর্শনেন ত্বদনুজ্ঞয়া পৃথিবীপ্রযুক্তভোগায়েত্যর্থঃ ॥১৭২॥৪

ভাষ্যানুবাদ ।—লোকদ্বার অর্থাৎ এই পৃথিবীলোকলাভের উপায়কে উদ্‌ঘাটিত কর। হে অগ্নে, সেই দ্বার দ্বারা তোমাকে [যেন] রাজ্য প্রাপ্তির জন্য দর্শন করিতে পারি ॥১৭২॥৪

অথ জুহোতি নমোঽগ্নয়ে পৃথিবীক্ষিতে লোকক্ষিতে লোকং মে যজমানায় বিন্দৈষ বৈ যজমানস্য লোক এতাস্মি ॥১৭৩॥৫

[হোমমন্ত্রমাহ—অথেতি]—অথ (অনন্তরং), জুহোতি (হোমং করোতি) পৃথিবীক্ষিতে (পৃথিবীগতায়) লোকক্ষিতে (লোক-নিবাসায়,—পৃথিবীলোকবাসিনে ইত্যর্থঃ), অগ্নয়ে নমঃ (নমস্কারঃ) [অস্তু]। যজমানায় (যাগকর্ত্রে) মহ্যং লোকং বিন্দ (লভস্ব) ; এষঃ বৈ (এব) যজমানস্য লোকে এতা (গন্তা) [অস্মি] ॥

হোমের মন্ত্র কথিত হইতেছে—অনন্তর যজমান বক্ষ্যমাণ মন্ত্রে হোম করিবে। [মন্ত্র যথা] হে অগ্নে, পৃথিবীলোকবাসী তোমার উদ্দেশে নমস্কার ; আমি যজ্ঞ করিতেছি ; তুমি আমার উদ্দেশে [উপযুক্ত] লোক প্রাপ্ত হও ; এই আমিই যজমানের লোকে যাইতেছি।

শাঙ্কর-ভাষ্যম্ ।— অথানন্তরং জুহোত্যনেন মন্ত্রেণ—নমোঽগ্নয়ে প্রহ্বীভূতাঃ তুভ্যং বয়ং পৃথিবীক্ষিতে পৃথিবীনিবাসায় লোকক্ষিতে লোকনিবাসায় পৃথিবীনিবাসায়েত্যর্থঃ। লোকং মে মহ্যং যজমানায় বিন্দ লভস্ব। এব বৈ মম যজমানস্য লোক এতা গন্তাস্মি ॥১৭৩॥৫

আনন্দগিরিঃ ।—পৃথিব্যাং ক্ষিয়তি বসতীতি পৃথিবীক্ষিৎ, তস্মৈ পৃথিবীক্ষিতে। পৃথিবীলোকে ময়া লব্ধে তব কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—এষ বৈ মম যজমানস্যেতি ॥১৭৩॥৫

ভাষ্যানুবাদ।—অথ অর্থ—অনন্তর, এই মন্ত্র দ্বারা হোম করিবে—পৃথিবীক্ষিৎ—পৃথিবীনিবাসী ও লোকক্ষিৎ—লোকনিবাসী, অর্থাৎ পৃথিবীলোকনিবাসী অগ্নির উদ্দেশে নমস্কার, অর্থাৎ হে অগ্নে, তোমার উদ্দেশে আমরা প্রণত হইতেছি। আমি যজ্ঞকারী, আমার জন্য তুমি [উপযুক্ত] লোক প্রাপ্ত হও ; এই আমিই যজমানের লোকে যাইতেছি ॥১৭৩॥৫

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপজহি পরিঘমিত্যুক্তোত্তিষ্ঠতি ; তস্মৈ বসবঃ প্রাতঃসবনꣳ সম্প্রযচ্ছন্তি ॥১৭৪॥৬

[বাক্যশেষং পূরয়তি]—অত্র (অস্মিন্ লোকে) যজমানঃ আয়ুষঃ পরস্তাৎ (আয়ুষঃ ক্ষয়ে) স্বাহা (স্বাহাশব্দঃ ত্যাগার্থকঃ), [ইত্যনেন মন্ত্রেণ জুহোতি, ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ]। পরিঘম্ (লোকদ্বারার্গলম্) অপজহি (অপনয়), ইতি (এতং মন্ত্রম্) উক্ত্বা (উচ্চার্য্য) উত্তিষ্ঠতি। বসবঃ (প্রাতঃসবনদেবতাঃ) তস্মৈ (যজমানায়) প্রাতঃসবনং (তৎসম্বদ্ধং লোকং) প্রযচ্ছন্তি ॥

যজমান আমি আয়ুঃশেষে অর্থাৎ মৃত্যুর পর এই লোকে [যাইতেছি] ; [এই মন্ত্রে হোম করিবে।] 'লোকদ্বারের অর্গল দূর কর' ইহা বলিয়া উত্থান করিবে ; বসুগণ তাহার উদ্দেশে প্রাতঃসবন অর্থাৎ তৎসম্পর্কিত পৃথিবীলোক প্রদান করেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অত্রাস্মিন্ লোকে যজমানোঽহম্ আয়ুষঃ পরস্তাদূর্দ্ধং মৃতঃ সন্নিত্যর্থঃ। স্বাহেতি জুহোতি। অপজহি অপনয় পরিঘং লোকদ্বারার্গলম্, ইত্যেতং মন্ত্রম্ উক্ত্বা উত্তিষ্ঠতি। এবমেতৈর্ব্বসুভ্যঃ প্রাতঃসবনসম্বদ্ধো লোকো নিষ্ক্রীতঃ স্যাৎ। ততস্তে প্রাতঃসবনং বসবো যজমানায় সম্প্রযচ্ছন্তি ॥১৭৪॥৬

আনন্দগিরিঃ।—স্বাহাশব্দো মন্ত্রসমাপ্ত্যর্থো হোমদ্যোতকঃ। সর্ব্বেষু মন্ত্রেষ্বেতৈঃ সামহোমমন্ত্রোত্থানৈরিত্যর্থঃ ॥১৭৪॥৬

ভাষ্যানুবাদ।—যাগকর্ত্তা আমি আয়ুর শেষে—পরে অর্থাৎ মৃত হইয়া এই লোকে [যাইতেছি], স্বাহা, এই বলিয়া হোম করিবে। [হে অগ্নে] পরিঘ অর্থাৎ লোকদ্বারের অর্গল অপনীত কর, এই বলিয়া উত্থিত হইবে। উক্ত প্রকারে এই সকল উপায়ে প্রাতঃসবনসম্পর্কিত লোক (পৃথিবীলোক) বসুগণের নিকট হইতে ক্রয় করা হয় ; সেই কারণেই বসুগণ প্রাতঃসবন অর্থাৎ তৎসম্পর্কিত লোক যজমানের উদ্দেশে প্রদান করেন ॥১৭৪॥৬

পুরা মাধ্যন্দিনস্য সবনস্যোপাকরণাজ্জঘনেনাগ্নীধ্রীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স রৌদ্রꣳ সামাভিগায়তি ॥১৭৫॥৭

সঃ (যজমানঃ) মাধ্যন্দিনস্ত (মধ্যাহ্নকালীনস্ত) সবনস্ত উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (পূর্ব্বং) আগ্নীধ্রীয়স্ত (দক্ষিণাগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ) উদঙ্মুখঃ (উত্তরামুখঃ সন্) উপবিশ্য রৌদ্রং (রুদ্রদৈবত্যং) সাম অভিগায়তি ॥

সেই যজমান মধ্যাহ্নকালীন সবনের পূর্ব্বে আগ্নীধ্রীয়ের অর্থাৎ দক্ষিণাগ্নির পশ্চাৎ উত্তরমুখ হইয়া উপবেশন করিয়া রৌদ্র সাম গান করিবে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা আগ্নাধ্রীয়স্ত দক্ষিণাগ্নের্জ্জঘনেনোদঙ্মুখ উপবিশ্য স রৌদ্রং সাম অভিগায়তি যজমানো রুদ্রদৈবত্যং বৈরাজ্যায় ॥১৭৫॥৭

আনন্দগিরিঃ।—যথা পৃথিবীলোকজয়োপায়ো দর্শিতস্তথান্তরিক্ষলোকজয়োপায়োঽপি প্রদর্শ্যত ইত্যাহ—তথেতি ॥১৭৫॥৭

ভাষ্যানুবাদ।—সেইরূপ এই যজমান আগ্নীধ্রীয়নামক দক্ষিণাগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া বৈরাজ্যের অর্থাৎ বিরাট্ পুরুষের অধিকার লাভের জন্য [পরবর্ত্তী] 'রৌদ্র' অর্থাৎ রুদ্রদৈবত সাম গান করিবে ॥১৭৫॥৭

লো ৩ কদ্বারমপাবা ৩ র্ণূ ৩৩ পশ্যেম ত্বা বয়ং বৈরা ৩৩৩ ৩৩ হু ৩৩ ম্ আ ৩৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩২১১১ ইতি ॥১৭৬॥৮

[এই অষ্টম মন্ত্রের অর্থ—এই খণ্ডের চতুর্থ মন্ত্রে কথিত হইয়াছে], কেবল 'বৈরাজ্যায়' অর্থাৎ বিরাট্ পুরুষের লোক লাভের জন্য—এই পার্থক্য।

অথ জুহোতি নমো বায়বেঽন্তরিক্ষক্ষিতে লোকক্ষিতে লোকং মে যজমানায় বিন্দৈষ বৈ যজমানস্য লোক এতাস্মি ॥১৭৭॥৯

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপজহি পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি ; তস্মৈ রুদ্রা মাধ্যন্দিনꣳ সবনꣳ সম্প্রযচ্ছন্তি ॥১৭৮॥১০

অথ (অনন্তরং) জুহোতি, [বক্ষ্যমাণেন মন্ত্রেণ যজমানঃ]—অন্তরিক্ষক্ষিতে লোকক্ষিতে (অন্তরিক্ষলোকবাসিনে) বায়বে নমঃ (প্রণতাঃ বয়ম্), [হে বায়ো] মে (মহ্যং) যজমানায় (যাগকর্ত্রে) লোকং (মাধ্যন্দিনসবনসম্বদ্ধম্ অন্তরিক্ষরূপং) বিন্দ (লভস্ব) ; এষঃ যজমানঃ [অহম্] আয়ুষঃ পরস্তাৎ (মৃত্যোঃ পরং) অত্র (অস্মিন্) যজমানস্য (যজমানসম্বন্ধিনি) লোকে (অন্তরিক্ষে) এতা (গন্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যনেন জুহোতি]। হে বায়ো, পরিঘম্ (প্রবেশদ্বারার্গলম্) অপজহি (অপসারয়) ইতি (এতং মন্ত্রং) উক্ত্বা উত্তিষ্ঠতি [যজমানঃ] ; রুদ্রাঃ তস্মৈ (যজমানায়) মাধ্যন্দিনং সবনং (তৎসম্বদ্ধিলোকং) সংপ্রযচ্ছন্তি ॥

অনন্তর, যজমান বক্ষ্যমাণ মন্ত্রে হোম করেন ; অন্তরিক্ষ-লোকবাসী বায়ুর উদ্দেশে নমস্কার ; হে বায়ো, আমি যজ্ঞ করিতেছি ; আমার জন্য ঐ লোক প্রাপ্ত হও ; এই যজমান আমি আয়ুঃক্ষয় হইলে পর যজমানের লভ্য ঐ লোকে যাইতেছি ; স্বাহা ; [এই মন্ত্রে হোম করেন]। হে বায়ো, তুমি আমার লোকপ্রবেশের দ্বারটি অর্গলশূন্য কর ; [যজমান] এই বলিয়া উত্থিত হন ; রুদ্রগণ তাহার নিমিত্ত মাধ্যন্দিন সবন অর্থাৎ তৎসম্বদ্ধ অন্তরিক্ষ-লোক প্রদান করেন ॥

শাঙ্কর-ভাষ্যম্ ।—অন্তরিক্ষক্ষিতে ইত্যাদি সমানম্ ॥১৭৭-১৭৮॥৯-১০

আনন্দগিরিঃ ।—অন্তরিক্ষে ক্ষীয়তীত্যন্তরিক্ষক্ষিৎ বায়ুস্তস্মৈ বায়বে ॥ ১৭৭-১৭৮॥৯-১০

ভাষ্যানুবাদ ।—"অন্তরিক্ষক্ষিতে" ইত্যাদির অর্থ পূর্ব্বের মত ॥১৭৭-৭৮॥৯-১০

পুরা তৃতীয়সবনস্যোপাকরণাজ্জঘনেনাহবনীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স আদিত্যꣳ স বৈশ্বদেবꣳ সামাভিগায়তি ॥১৭৯॥১১

তৃতীয়সবনস্য (সায়ংকালীনস্নানস্য) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (অগ্রে) সঃ (যজমানঃ) হবনীয়স্য (আহবনীয়াখ্যস্য অগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ) উদঙ্মুখঃ সন্ উপবিশ্য সঃ (স এব) আদিত্যদৈবত্যং বৈশ্বদেবং (তদাখ্যং) সাম অভিগায়তি ॥

সেই যজমান তৃতীয় সবন আরম্ভের পূর্ব্বে আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া তিনিই আদিত্যদৈবত 'বৈশ্বদেব' নামক সাম গান করেন ॥

শাঙ্কর-ভাষ্যম্ ।—১৭৯॥১১

আনন্দগিরিঃ ।—১৭৯॥১১

ভাষ্যানুবাদ ।—১৭৯॥১১

লো ৩ কদ্বারমপাবা ৩ র্ণূ ৩৩ পশ্যেম ত্বা বয়ꣳ স্বারা ৩৩ ৩৩৩ হু ৩ ম্ আ ৩৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩২১১১ ইতি ॥১৮০॥১২

আদিত্যমথ বৈশ্যদেবং লো ৩ কদ্বারমপাবা ৩ র্ণূ ৩৩ পশ্যেম ত্বা বয়ꣳ সাম্রা ৩৩৩৩৩ হু ৩ ম্ আ ৩৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩২১১১ ইতি ॥১৮১॥১৩

আদিত্যং বৈশ্বদেবং সাম নির্দ্দিশতি "লোকদ্বারম্" ইত্যাদি-দ্বাভ্যাম্। উক্তার্থমন্যৎ সর্ব্বম্।

"লোকদ্বারম্" ইত্যাদি দুইটি শ্রুতিতে 'আদিত্য' ও 'বৈশ্বদেব' নামক সাম নির্দ্দেশ করিতেছেন। ইহার অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা আহবনীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স আদিত্যদৈবত্যমাদিত্যং বৈশ্বদেবঞ্চ সামাভিগায়তি ক্রমেণ স্বারাজ্যায় সাম্রাজ্যায় ॥১৮০-১৮১॥১২-১৩

আনন্দগিরিঃ।—যথা পৃথিবীব্যন্তরিক্ষয়োরাপ্ত্যুপায়স্তথা দ্যুলোকাপ্ত্যুপায়োহপ্যুচত ইত্যাহ—তথেতি। স্বারাজ্যমন্তরিক্ষে স্বাতন্ত্র্যম্। আদিত্যানামিব স্বাতন্ত্র্যমিহ বিবক্ষিতম্॥১৮০-১৮১॥১২-১৩

ভাষ্যানুবাদ।—সেইরূপ আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া সেই যজমান যথাক্রমে স্বারাজ্য অর্থাৎ অন্তরিক্ষলোকে স্বাতন্ত্র্য এবং সাম্রাজ্য লাভের জন্য আদিত্যদৈবত 'আদিত্য' ও 'বৈশ্বদেব' নামক সাম দুইটি ক্রমে গান করিয়া থাকেন॥১৮০-১৮১॥১২-১৩

অথ জুহোতি নম আদিত্যেভ্যশ্চ বিশ্বেভ্যশ্চ দেবেভ্যো দিবিক্ষিদ্ভ্যো লোকক্ষিদ্ভ্যো লোকং মে যজমানায় বিন্দত,* এষ বৈ যজমানস্য লোক এতাস্মি॥১৮২॥১৪

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপহত পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি॥১৮৩॥১৫

অথ (অনন্তরং) জুহোতি [বক্ষ্যমাণমন্ত্রেণ যজমানঃ], দিবিক্ষিদ্ভ্যঃ (অন্তরিক্ষস্থেভ্যঃ) লোকক্ষিদ্ভ্যঃ (লোকবাসিভ্যঃ, অন্তরিক্ষলোকবাসিভ্য ইত্যর্থঃ) আদিত্যেভ্যঃ চ বিশ্বেদেবেভ্যঃ চ নমঃ। [হে দেবাঃ যূয়ং] যজমানায় মে (মহ্যং) লোকং (স্বায়ত্তং) বিন্দত (লভধ্বম্)। অত্র (অস্মিন্ লোকে) যজমানঃ (যজ্ঞকর্ত্তা) এষঃ (অহম্) আয়ুষঃ পরস্তাৎ যজমানস্য লোকে এতা (গন্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যনেন জুহোতি,] অপহত (যূয়ং নিবারয়ত) পরিঘম, ইতি উক্ত্বা উত্তিষ্ঠতি।

---

* "এষঃ" ইত্যাদ্যংশঃ ক্বচিৎ পুস্তকে পরশ্রুতৌ (পঞ্চদশসংখ্যকশ্রুতৌ) সন্নিবিষ্টো দৃশ্যতে; তন্ন সমীচীনং মন্যতে, পঞ্চম-নবমশ্রুত্যোরতথাসন্নিবেশাৎ।

অনন্তর বক্ষ্যমাণ মন্ত্রে হোম করিয়া থাকেন, দ্যুলোকবাসী, আদিত্য ও বিশ্বে-দেবগণ উদ্দেশে নমস্কার। আমি যজমান; [তোমরা] আমার নিমিত্ত [উপযুক্ত] লোক লাভ কর। ইহলোকে যজমান এই আমি আয়ুর ক্ষয় হইলে পর যজমানের [গন্তব্য] লোকে যাইতেছি, স্বাহা ; [এই মন্ত্রে হোম করিবে] ; [শেষে তোমরা] লোকদ্বারের অর্গল বিনষ্ট কর, এই বলিয়া উত্থিত হইবেন।

শাঙ্কর-ভাষ্যম্।—দিবিক্ষিদ্ভ্য ইত্যেবমাদি সমানমন্যৎ। বিন্দত অপহত ইতি বহুবচনমাত্রং বিশেষঃ। যাজমানং ত্বেতৎ। এতাস্ম্যত্র যজমান ইত্যাদি লিঙ্গাৎ ॥১৮২-১৮৩॥১৪-১৫

আনন্দগিরিঃ।—কিমিদং সামাত্ত্বার্ত্বিজ্যমাহো যাজমানিকমিতি বীক্ষায়ামাহ—যাজমানং ত্বিতি। আদিপদেন লোকং মে যজমানায়েতি নির্দ্দেশো গৃহ্যতে ॥১৮২-১৮৩॥১৪-১৫

ভাষ্যানুবাদ।—'দিবিক্ষিদ্ভ্যঃ' ইত্যাদির অর্থ পূর্ব্বের অনুরূপ ; কেবল 'বিন্দত' ও 'অপহত' পদে বহুবচনমাত্র বিশেষ। 'যজমান আমি যাইতেছি', এইরূপ উক্তি থাকায় [বুঝিতে হইবে যে,] এই সামটি 'যাজমান' অর্থাৎ যজমানের পাঠ্য, (ঋত্বিক্‌গণের পাঠ্য নহে) ॥১৮২-১৮৩॥১৪-১৫

তস্মা আদিত্যাশ্চ বিশ্বে চ দেবাস্তৃতীয়সবনꣳ সম্প্রযচ্ছ-ন্ত্যেষ হ বৈ যজ্ঞস্য মাত্রাং বেদ, য এবং বেদ য এবং বেদ ॥১৮৪॥১৬

ইতি দ্বিতায়াধ্যায়ে চতুর্বিংশঃ খণ্ডঃ ॥২৪॥

ইতি ছান্দোগ্যোপনিষদ্‌ব্রাহ্মণে দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥২॥

আদিত্যাঃ চ বিশ্বেদেবাঃ চ (অপি) তস্মৈ (যজমানায়) তৃতীয়সবনং সম্প্রযচ্ছন্তি। এষঃ হ বৈ (এব) যজ্ঞস্য মাত্রাং (যজ্ঞস্য তত্ত্বং) বেদ (বেত্তি), যঃ এবং (যথোক্ত-প্রকারং) বেদ। দ্বিরভ্যাসঃ অধ্যায়সমাপ্তিসূচকঃ।

আদিত্যগণ ও বিশ্বেদেবগণ সেই যজমানের উদ্দেশে তৃতীয় সবন অর্থাৎ তৎ-সম্পর্কিত লোক প্রদান করেন। যিনি এইপ্রকার জানেন, প্রকৃতপক্ষে তিনিই যজ্ঞের যথার্থ তত্ত্ব জানেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—এষ হ বৈ যজমান এবংবিৎ যথোক্তস্য সামাদের্ব্বিদ্বান্ যজ্ঞস্য

মাত্রাং যজ্ঞয়াথাত্ম্যং বেদ যথোক্তম্। য এবং বেদেতি দ্বিরুক্তিরধ্যায়সমাপ্ত্যর্থা ॥১৮৪॥১৬

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্বিংশ-খণ্ড-ভাষ্যম ॥২৪॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য
শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যে

দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥২॥

আনন্দগিরিঃ।—সামাদিবিজ্ঞানফলং কথয়তি—এষ হেতি। য এবং বেদেত্যস্য ব্যাখ্যা—যথোক্তস্যেতি। যথোক্তং সামাদীত্যেতৎ। এবমিত্যুক্তপ্রকারোক্তিঃ। তস্য যজ্ঞযাথাত্ম্যবিদস্তদনুষ্ঠানদ্বারা তৎফলং সম্ভবতীত্যর্থঃ ॥১৮৪॥১৬

ইতি দ্বিতীয়াধ্যায়স্য চতুর্বিংশঃ খণ্ডঃ ॥২॥

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্য-শুদ্ধানন্দপূজ্যপাদশিষ্য-ভগবদানন্দ-
জ্ঞানকৃতায়াং ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যটীকায়াং
দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

ভাষ্যানুবাদ।—এবংবিৎ অর্থাৎ যথোক্তপ্রকার সামাদির তত্ত্ববিৎ এই যজমানই যজ্ঞের মাত্রা অর্থাৎ যথোক্তপ্রকার যজ্ঞতত্ত্ব জানেন। 'যিনি এইরূপ জানেন' এইরূপ দ্বিরুক্তির উদ্দেশ্য অধ্যায়ের সমাপ্তি সূচনা করা ॥১৮৪॥১৬

ইতি দ্বিতীয় অধ্যায়ের চতুর্বিংশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥২৪॥

তৃতীয়োঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

আভাস :—"অসৌ বা আদিত্যঃ" ইত্যাদ্যধ্যায়ারম্ভে সম্বন্ধঃ—অতীতানন্তরাধ্যায়ান্তে উক্তং "যজ্ঞস্য মাত্রাং বেদ"ইতি, যজ্ঞবিষয়াণি চ সামহোমমন্ত্রোত্থানানি বিশিষ্টফলপ্রাপ্তয়ে যজ্ঞাঙ্গভূতানি উপদিষ্টানি। সর্ব্বযজ্ঞানাঞ্চ কার্য্যনির্বৃত্তিরূপঃ সবিতা মহত্যা শ্রিয়া দীপ্যতে; স এষ সর্ব্বপ্রাণিকর্ম্মফলভূতঃ প্রত্যক্ষং সর্বৈরুপজীব্যতে; অতো যজ্ঞস্য ব্যপদেশানন্তরং তৎকার্য্যভূতসবিতৃবিষয়মুপাসনং সর্ব্বপুরুষার্থেভ্যঃ শ্রেষ্ঠতমং ফলং বিধাস্যামীত্যেবমারভতে শ্রুতিঃ—

* এখানে আচার্য্য পদে দ্রাবিড়াচার্য্যের কথা বলা হইয়াছে। তিনি বলিয়াছেন—যদিও সূর্য্যের উদয়াস্তময় কাল সর্ব্বত্র সমান হউক, তথাপি এখানে তারতম্য নির্দ্দেশের অভিপ্রায় এই যে, ঐ সমস্ত লোকে যাহারা বাস করে, তাহাদের স্থিতিকাল সমান নহে; পূর্ব্ববর্ত্তী লোকে যাহারা যত কাল বাস করে, পরবর্ত্তী লোকবাসিগণ তাহাদের দ্বিগুণ কাল অবস্থান করে; এই অবস্থিতির দ্বৈগুণ্যানুসারেই পরবর্ত্তি-লোকবাসীদিগের সম্বন্ধে পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ পরিমাণ উদয়াস্তকাল গ্রহণ করা হইয়াছে। আর পূর্ব্বদিগ্‌বর্ত্তী লোকবাসীর অভাব সময়েও দক্ষিণ দিগ্‌বর্ত্তী লোকবাসী প্রাণী বিদ্যমান থাকে; এই কারণে সে সময় সূর্য্যের পূর্ব্বদিকে উদয় দর্শন করিবার কোন লোক না থাকায়, প্রথমে দক্ষিণদিগ্‌বর্ত্তী লোকবাসীরাই দক্ষিণদিকে সূর্য্যকে উদীয়মান দেখিতে পায়, এইজন্য দক্ষিণদিকে সূর্য্যের উদয় কথিত হইয়াছে। প্রকৃতপক্ষে ত সূর্য্যের উদয়ও নাই, অস্তও নাই; কেবল লোকদিগের দর্শনানুসারে ঐরূপ ব্যবহার হয় মাত্র। বিশেষ কথা টীকাতে দ্রষ্টব্য।

এ বিষয়ে এইরূপ পরিহার বলিয়া গিয়াছেন—অমরাবতী (ইন্দ্রপুরী) প্রভৃতি পুরীগুলির স্থায়িত্বকাল পূর্ব্ব পূর্ব্ব পুরীর স্থায়িত্ব-কাল অপেক্ষা দ্বিগুণ-পরিমিত ; সূর্য্যের উদয় অর্থ—সেই সেই লোকবাসী প্রাণিগণের দৃষ্টি-গোচর হওয়া, এবং তাহার অভাবই সূর্য্যের অস্তগমন ; বাস্তবিকপক্ষে সূর্য্যের উদয়ও নাই, অস্তগমনও নাই। [অতএব] সেই লোকে যে সমস্ত প্রাণী বাস করে, তাহাদের অভাব হইলে সূর্য্য সেই পথে গমন করিলেও তাহাদের পক্ষে উদয়াস্তময়রহিতই বটে ; কারণ, তখন চক্ষুর বিষয়তা ও অবিষয়তা, উভয়েরই অভাব হইয়া পড়ে। সেইরূপ অমরাবতী অপেক্ষা আবার সংযমনী পুরী (যমালয়) দ্বিগুণ-পরিমিত কালস্থায়ী ; অতএব, সেই পুরীবাসী প্রাণিগণের পক্ষে যেন 'দক্ষিণেই উদয় হয়, আর উত্তরেই যেন অস্তমিত হয়' এই কথা উক্ত হইয়াছে। বিশেষতঃ আমাদের প্রতীতিও ঐরূপ উক্তির অপর কারণ ; [কেন-না,] যমালয় আমাদের স্থান হইতে দক্ষিণদিগ্‌বর্ত্তী ; সুতরাং সেখানে উদীয়মান সূর্য্যকে আমরা যেন দক্ষিণ দিকে উদীয়মান বলিয়া মনে করিয়া থাকি। সেই-রূপ অন্যান্য পুরী সম্বন্ধেও এইরূপই সিদ্ধান্ত যোজনা [করিতে হইবে]।

সুমেরু সকলেরই উত্তরদিকে অবস্থিত ; সূর্য্য যখন অমরাবতী-পুরীতে মধ্যাহ্নগত হন, তখন সংযমনী পুরীতে [যমালয়ে] উদীয়মান বলিয়া প্রতীত হন ; আবার সেখানে যখন মধ্যাহ্নগত হন, তখন বরুণালয়ে উদীয়মান বলিয়া প্রতীত হন ; উত্তরদিকেও [সোমপুরীতেও] এতদনুরূপ [যোজনা]। কারণ, প্রদক্ষিণক্রমে যে পরিভ্রমণ, তাহা [সকলের পক্ষেই] সমান। চতুর্দ্দিক্‌স্থিত পর্ব্বত-প্রাচীরে যাহাদের নিকট আদিত্যরশ্মি নিরুদ্ধ রহিয়াছে, ইলাবৃতবর্ষবাসী সেই সমস্ত লোকদিগের নিকট চিরদিনই সূর্য্যদেব কেবল ঊর্দ্ধদিকেই উদিত হইতেছেন, আর অধোদিকেই অস্তমিত হইতেছেন বলিয়া অনুভূত হইয়া থাকেন ; কেননা, [প্রাচীরতুল্য] সেই পর্ব্বতের কেবল ঊর্দ্ধ ছিদ্র দ্বারাই সূর্য্যরশ্মি সেখানে প্রবেশ লাভ করিয়া থাকে। ভোগকালের দ্বৈগুণ্যরূপ হেতু দৃষ্টে ঋক্‌প্রভৃতি অমৃতোপজীবী অমৃতগণের [দেবগণের] বীর্য্যবত্ত্ব বা সামর্থ্যও উত্তরোত্তর দ্বিগুণ বলিয়া অনুমিত হয়। রুদ্রাদি দেবগণের ও বিদ্বান্‌দিগের পক্ষে উদয় ও অস্তগমন সমান ॥২১০—২১৩॥১—৪

ইতি তৃতীয়াধ্যায়ের অষ্টম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৮॥

তৃতীয়াধ্যায়ে

নবমঃ খণ্ডঃ।

অথ যচ্চতুর্থমমৃতং তন্মরুত উপজীবন্তি সোমেন মুখেন, ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥২১৪॥১

অথ, যৎ চতুর্থম্ অমৃতম্, মরুতঃ (বায়বঃ) সোমেন মুখেন (সোমপ্রধানাঃ সন্তঃ) তৎ (চতুর্থমমৃতং) উপজীবন্তি; [বস্তুতস্তু] দেবাঃ ন বৈ (নৈব) অশ্নন্তি, ন বা পিবন্তি; [অপিতু] এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥

আর যে চতুর্থ অমৃত, মরুদ্‌গণ সোমমুখে তাহা উপভোগ করেন; [প্রকৃত-পক্ষে] দেবতারা ভক্ষণও করেন না, এবং পানও করেন না; পরন্তু, এই অমৃত দর্শন করিয়াই তৃপ্তি লাভ করেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—২১৪॥১

আনন্দগিরিঃ।—২১৪॥১

ভাষ্যানুবাদ।—২১৪॥১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্ রূপাদুদ্যন্তি ॥২১৫॥২

তে (মরুতঃ) এতৎ (চতুর্থামৃতলক্ষণং) রূপমেব অভি (লক্ষ্যীকৃত্য) সংবিশন্তি (ভুঞ্জতে), এতস্মাৎ রূপাৎ (এতদর্থমেবেত্যর্থঃ) উদ্যন্তি (উদ্যমং কুর্ব্বন্তি) ॥

তাঁহারা (মরুদ্‌গণ) এই রূপকেই লক্ষ্য করিয়া ভোগ করেন, এবং এই রূপের জন্যই চেষ্টা করিয়া থাকেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—২১৫॥২

আনন্দগিরিঃ।—২১৫॥২

ভাষ্যানুবাদ।—২১৫॥২

স য এতদেবমমৃতং বেদ, মরুতামেবৈকো ভূত্বা সোমেনৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি; স এতদেব রূপমভিসংবিশ-ত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥২১৬॥৩

[ইদানীং বিজ্ঞানফলমাহ—"স যঃ" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এবং (যথোক্ত-

প্রকারেণ) এতৎ অমৃতং বেদ, সঃ (বিদ্বান্) মরুতাম্ এব একঃ (অন্যতমঃ) ভূত্বা সোমেন এব মুখেন এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যতি, সঃ এতৎ এব রূপম্ অভিসংবিশতি, এতস্মাৎ রূপাৎ [এব] উদেতি (উদ্যমং চ করোতি)॥

যে লোক উক্ত প্রকার এই অমৃতরহস্য অবগত হন, সেই লোক মরুদ্গণের মধ্যেই একজন হইয়া সোম-মুখে এই অমৃত দর্শন করিয়া তৃপ্তি লাভ করেন; সেই বিদ্বান্ লোক এই রূপকেই লক্ষ্য করিয়া সংবেশন ও উদ্যম করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—২১৬॥৩

আনন্দগিরিঃ।—২১৬॥৩

ভাষ্যানুবাদ।—২১৬॥৩

স যাবদাদিত্যঃ পশ্চাদুদেতা পুরস্তাদস্তমেতা দ্বিস্তাবদুত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা মরুতামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা ॥২১৭॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥৯॥

[তস্য ভোগফলমাহ]—"স যাবৎ" ইত্যাদিনা। আদিত্যঃ যাবৎ (যাবন্তং কালং) পশ্চাৎ (পশ্চিমায়াং দিশি) উদেতা, পুরস্তাৎ (পূর্ব্বস্যাং চ দিশি) অস্তম্ এতা, সঃ (বিদ্বান্) দ্বিঃ তাবৎ (তদ্দ্বৈগুণ্যেন কালেন) উত্তরতঃ (উত্তরস্যাং দিশি) উদেতা, দক্ষিণতঃ (দক্ষিণস্যাং চ দিশি) অস্তম্ এতা; তাবৎ (তাবন্তং কালং) মরুতাম্ আধিপত্যং (মরুতাম্ আধিপত্যতুল্যম্ আধিপত্যম্) স্বারাজ্যং পর্য্যেতা (লব্ধা ভবেদিত্যর্থঃ)॥

সূর্য্য যে পরিমাণ কালে পশ্চিমদিকে উদিত হন, এবং পূর্ব্বদিকে অস্তমিত হন, তাহার দ্বিগুণ সময় সেই বিদ্বান্ উত্তরে উদিত হন, এবং দক্ষিণে অস্তমিত হন, এবং তাবৎকালই মরুদ্গণের তুল্য অধিকার ও স্বাতন্ত্র্য লাভ করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—২১৭॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবম-খণ্ড-ভাষ্যম্ ॥৯॥

আনন্দগিরিঃ।—২১৭॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥৯॥

ভাষ্যানুবাদ।—২১৭॥৪

ইতি তৃতীয়াধ্যায়ের নবম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৩॥৯॥

দশমঃ খণ্ডঃ।

অথ যৎপঞ্চমমমৃতং তৎসাধ্যা উপজীবন্তি ব্রহ্মণা মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥২১৮॥১

অথ যৎ পঞ্চমম্ অমৃতং, সাধ্যাঃ (দেবযোনিবিশেষাঃ) ব্রহ্মণা মুখেন (ব্রহ্ম-প্রধানাঃ সন্তঃ) তৎ উপজীবন্তি; দেবাঃ [পুনঃ] ন বৈ (নৈব) অশ্নন্তি ন বা পিবন্তি, [পরন্তু] এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি॥

আর যে পঞ্চম অমৃত, সাধ্যনামক দেবযোনিবিশেষেরা ব্রহ্মমুখে তাহা উপভোগ করেন; [প্রকৃতপক্ষে] দেবতাগণ ভোজনও করেন না, পানও করেন না; পরন্তু এই অমৃত দর্শন করিয়াই তৃপ্তিলাভ করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—২১৮॥১

আনন্দগিরিঃ।—২১৮॥১

ভাষ্যানুবাদ।—২১৮॥১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥২১৯॥২

তে (সাধ্যাঃ) এতৎ (পঞ্চমং) এব রূপম্ (অমৃতাখ্যং) অভিসংবিশন্তি, এতস্মাৎ [এব] রূপাৎ (এতদর্থং) উদ্যন্তি (উদ্যমং চ কুর্ব্বন্তি)॥

সেই সাধ্যগণ এই রূপকে লক্ষ্য করিয়াই ভোগ করেন, এবং এই রূপের জন্যই কর্ম্ম করেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—২১৯॥২

আনন্দগিরিঃ।—২১৯॥২

ভাষ্যানুবাদ।—২১৯॥২

স য এতদেবমমৃতং বেদ সাধ্যানামেবৈকো ভূত্বা ব্রহ্মণৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যে-তস্মাদ্রূপাদুদেতি ॥২২০॥৩

[ইদানীং বিদ্যাদানমুচ্যতে "স" ইত্যাদি]—যঃ (জনঃ) এতৎ (পঞ্চমং) অমৃতম্ এবং (যথোক্তপ্রকারেণ) বেদ, সঃ (বিদ্বান্) সাধ্যানাম্ এব একঃ (অন্যতমঃ) ভূত্বা ব্রহ্মণা (চতুর্ম্মুখেন) এব মুখেন এতৎ (পঞ্চমং) এব

অমৃতং দৃষ্ট্বা তৃপ্যতি ; সঃ (বিদ্বান্) এতৎ এব রূপম্ (অমৃতম্) অভিসংবিশতি, এতস্মাৎ [এব] রূপাৎ (এতদ্রূপার্থম্) উদেতি (কর্ম্ম চ করোতি)॥

যে লোক যথোক্ত প্রকার এই পঞ্চম অমৃতকে জানেন, সেই বিদ্বান্ লোক সাধ্যগণের মধ্যেই একজন হইয়া ব্রহ্মরূপ মুখদ্বারা উক্ত অমৃতকেই দর্শন করিয়া তৃপ্তিলাভ করিয়া থাকেন ; উক্ত রূপকে লক্ষ্য করিয়াই ভোগ করেন, এবং কর্ম্ম করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—২২০॥৩

আনন্দগিরিঃ।—২২০॥৩

ভাষ্যানুবাদ।—২২০॥৩

স যাবদাদিত্য উত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা দ্বিস্তাবদূর্দ্ধং উদেতার্ব্বাগস্তমেতা সাধ্যানামেব তাবদাধিপত্যꣳ স্বারাজ্যং পর্য্যেতা॥২২১॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ॥১০॥

আদিত্যঃ যাবৎ উত্তরতঃ (উত্তরস্যাং দিশি) উদেতা, দক্ষিণতঃ (দক্ষিণস্যাঞ্চ দিশি) অস্তম্ এতা ; স দ্বিঃ তাবৎ (তদ্দ্বিগুণিতেন কালেন) ঊর্দ্ধম্ উদেতা, অর্ব্বাক্ (অধশ্চ) অস্তম্ এতা (অস্তমিতঃ ভবতি), তাবৎ সাধ্যানাম্ এব আধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা॥

আদিত্য যে পরিমাণ কালে উত্তরে উদিত হন, এবং দক্ষিণে অস্তমিত হন, সেই বিদ্বান্ পুরুষ তাহার দ্বিগুণ কাল উর্দ্ধে উদিত হন, এবং নীচের দিকে অস্তমিত হন, তিনি সাধ্যগণের তুল্য অধিকার ও স্বাধীনতা প্রাপ্ত হন॥

শাঙ্কর-ভাষ্যম্।—২২১॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশম-খণ্ড-ভাষ্যম্॥১০॥

আনন্দগিরিঃ।—২২১॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ॥১০॥

ভাষ্যানুবাদ।—২২১॥৪

ইতি তৃতীয়াধ্যায়ের দশম খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥১০॥

———

তৃতীয়াধ্যায়ে

একাদশঃ খণ্ডঃ।

অথ তত ঊর্দ্ধ উদেত্য নৈবোদেতা নাস্তমেতৈকলএব মধ্যে স্থাতা ; তদেষ শ্লোকঃ ॥২২২॥১

অথ (কথান্তরারম্ভে) ততঃ (তস্মাৎ—প্রাণিনাং কর্ম্মফলভোগক্ষয়াৎ পরং) ঊর্দ্ধঃ (প্রাণ্যনুগ্রহাৎ সমুত্তীর্ণঃ সন্) নৈব উদেতা (উদিতঃ ভবিতা), ন চ অস্তম্ (অদর্শনম্) এতা (গন্তা), [কিন্তু] একলঃ (একাকী লোহিতাদ্যন্বয়বরহিতঃ) এব সন্ মধ্যে স্থাতা (স্থাস্যতি, নতু প্রাচ্যাদিদিক্ষু ইত্যর্থঃ)। তৎ (তস্মিন্ বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (সংক্ষিপ্তার্থকঃ মন্ত্রঃ) [অস্তি ইতি শেষঃ]।

তাহার পর, সূর্য্যদেব প্রাণিগণের প্রতি ভোগপ্রদান কার্য্য হইতে সমুত্তীর্ণ হইয়া আর উদিত হইবেন না, এবং অস্তমিতও হইবেন না, একাকীই মধ্যস্থলে অবস্থান করিবেন, এবিষয়ে এইরূপ একটি সংক্ষিপ্তার্থক মন্ত্র আছে—॥২২২॥১

শাঙ্কর-ভাষ্যম্।—কৃত্বৈবমুদয়াস্তমনেন প্রাণিনাং স্বকর্ম্মফলভোগনিমিত্তমনুগ্রহং তৎকর্ম্মফলোপভোগক্ষয়ে তানি প্রাণিজাতান্যাত্মনি সংহৃত্য, অথ ততস্তস্মাদনন্তরং প্রাণ্যনুগ্রহকালাদূর্দ্ধঃ সন্নাত্মন্যুদেত্য উদ্গম্য যান্ প্রত্যুদেতি, তেষাং প্রাণিনামভাবাৎ স্বাত্মস্থঃ নৈবোদেতা নাস্তমেতা একলোঽদ্বিতীয়োঽনবয়বো মধ্যে স্বাত্মন্যেব স্থাতা। তত্র কশ্চিদ্বিদ্বান্ বস্বাদিসমানচরণো রোহিতাদ্যমৃতভোগভাগী যথোক্তক্রমেণ স্বাত্মানং সবিতারমাত্মত্বেনোপেত্য সমাহিতঃ সন্ এতং মন্ত্রং দৃষ্ট্বা উত্থিতোঽন্যস্মৈ পৃষ্টবতে জগাদ—যতস্ত্বম্ আগতো ব্রহ্মলোকাৎ, কিং তত্রাপ্যহোরাত্রাভ্যাং পরিবর্ত্তমানঃ সবিতা প্রাণিনামায়ুঃ ক্ষপয়তি, যথেহ অস্মাকম্, ইত্যেবং পৃষ্টঃ প্রত্যাহ—তৎ তত্র যথাপৃষ্টে যথোক্তে চার্থে এষঃ শ্লোকো ভবতি, তেনোক্তো যোগিনা, ইতি শ্রুতের্ব্বচনমিদম্ ॥২২২॥১

আনন্দগিরিঃ।—পঞ্চভিঃ পর্য্যায়ৈর্মধুবিদ্যা যথাবদুক্তা। ক্রমেণ মুক্তিফলপর্য্যবসায়িত্বং তস্যা দর্শয়িতুমনন্তরবাক্যমবরুধ্যাহ—কৃত্বেত্যাদিনা। তস্মাৎ প্রাণ্যনুগ্রহকালাদনন্তরমিতি তচ্ছব্দার্থঃ। ঊর্দ্ধঃ সন্ ব্রহ্মীভূতো বর্ত্তমান ইতি যাবৎ। আত্মন্যুদেত্য স্বমহিম্নি প্রকাশং লব্ধ্বেত্যেতৎ। স্থাতেতি প্রয়োগাৎ ক্রমমুক্তিরত্র বিবক্ষিতা। তত্র বিদ্বদনুভবং প্রমাণয়তি—তত্রেতি। ক্রমমুক্তিঃ সপ্তম্যর্থঃ। যথোক্তক্রমেণাসৌ

বা আদিত্যো দেবমধ্বিত্যাদিনা পঞ্চামৃতত্বেন স্থিতামিত্যর্থঃ। স্বমাত্মানং বেদ্যতয়া বিদ্বদাত্মসম্ভূতমিত্যর্থঃ। আত্মত্বেনোপেত্যাহংগ্রহেণ গৃহীত্বেত্যেতৎ। কথং প্রশ্নঃ, ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—যত ইতি। লব্ধব্রহ্মোপদেশো ব্রহ্মবিদ্যোক্তাবস্থায়াং ব্রহ্মণো বিযুক্তাবস্থায়াং কেনচিৎ পৃষ্টঃ প্রত্যুবাচেত্যর্থঃ। কথং প্রত্যুক্তিরিতি—তত্ত্রেতি ॥২২॥১

ভাষ্যানুবাদ।—[সূর্য্যদেব] উক্তপ্রকার উদয় ও অস্তগমন দ্বারা প্রাণিগণের নিজ নিজ কর্ম্মফল-ভোগার্থ অনুগ্রহ করিয়া সেই কর্ম্মফল ভোগ সমাপ্ত হইলে পর সেই সমস্ত প্রাণিবর্গকে আপনাতে সমাহৃত করিয়া, তাহার পর প্রাণিগণের প্রতি অনুগ্রহ প্রকাশের নির্দ্দিষ্ট কালের পর ঊর্দ্ধগত হইয়া অর্থাৎ যে সমস্ত প্রাণীর জন্য উদিত হইয়া থাকেন, সেই সকল প্রাণী না থাকায় আপনাতেই আপনি অবস্থিত থাকেন। তন্মধ্যেও, বসু প্রভৃতি দেবতার সমানাধিকারসম্পন্ন এবং লোহিতাদি-অমৃতভোগী কোনও বিদ্বান্ আপনাকেই বিজ্ঞেয়-সবিতৃরূপে গ্রহণপূর্ব্বক সমাহিত হইয়া এবং উক্ত মন্ত্র দর্শন করিয়া উত্থিত হইয়া অপরকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া এইরূপ বলিয়াছেন, অর্থাৎ তুমি যে ব্রহ্মলোক হইতে আগমন করিয়াছ, [জিজ্ঞাসা করি,] সূর্য্যদেব এখানে যেমন উদয়াস্ত দ্বারা আমাদের আয়ুঃ ক্ষয় করিতেছেন, তেমনি সেখানেও কি দিবারাত্র পরিভ্রমণ করতঃ তত্রত্য প্রাণিগণের আয়ুঃ ক্ষয় করিয়া থাকেন? এইপ্রকার জিজ্ঞাসিত হইয়া প্রত্যুত্তরে বলিয়াছেন যে, তদ্বিষয়ে অর্থাৎ উক্ত প্রকারে জিজ্ঞাসিত বিষয়ে এইরূপ শ্লোক আছে; অর্থাৎ সেই যোগী পুরুষ এইরূপ একটি শ্লোক বলিয়াছেন; ইহা শ্রুতির উক্তি ॥২২॥১

> ন বৈ তত্র ন নিম্লোচ নোদিয়ায় কদাচন।
> দেবাস্তেনাহং সত্যেন মা বিরাধিষি ব্রহ্মণেতি ॥২৩॥২

[তদুক্তঃ শ্লোকোঽয়মুচ্যতে "ন বৈ" ইতি।] ন বৈ (ত্বয়া যৎ উদয়াস্তময়ৌ পৃষ্টৌ, তৌ নৈব স্ত ইত্যর্থঃ)। তত্র (ব্রহ্মলোকে) কদাচন (কদাচিদপি) [সবিতা] ন নিম্লোচ (অস্তম্ অগমৎ), ন উদিয়ায় (উদিতশ্চ ন অভূৎ)। হে দেবাঃ [যূয়ং সাক্ষিভূতাঃ শৃণুত—] তেন সত্যেন (এতদ্বিষয়কসত্যবচনেন) অহং ব্রহ্মণা মা বিরাধিষি (বিরুদ্ধঃ ন ভবেয়ম্), এবং সত্যবচনেন মম ব্রহ্মপ্রাপ্তিঃ বিরুদ্ধা মাভূদিত্যর্থঃ। (ইতিশব্দঃ শ্লোকসমাপ্তৌ) ॥

[সেই শ্লোক কথিত হইতেছে]—তোমরা যাহা জিজ্ঞাসা করিতেছ, সেখানে তাহা নিশ্চয়ই নাই; সেখানে সূর্য্য কখনও অস্তমিত হন নাই, এবং উদিতও হন নাই। হে দেবগণ, তোমরা সাক্ষী হইয়া আমার কথা শ্রবণ কর; আমি

এই সত্যবচনের ফলে ব্রহ্মের সহিত বিরুদ্ধ হইব না, অর্থাৎ আমি যখন সত্য বলিতেছি, তখন আমার ব্রহ্মপ্রাপ্তিতে কোন বাধা ঘটিবে না॥

শাঙ্কর-ভাষ্যম্।—ন বৈ তত্র—যতোঽহং ব্রহ্মলোকাদাগতঃ তস্মিন্ ন বৈ তত্রৈতদস্তি যৎ পৃচ্ছসি। ন হি তত্র নিম্লোচ অস্তমগমৎ সবিতা, ন চোদিয়ায় উদ্‌গতঃ কুতশ্চিৎ কদাচন কস্মিংশ্চিদপি কালে ইতি। উদয়াস্তময়বর্জ্জিতো ব্রহ্মলোক ইত্যনুপপন্নম্ ইত্যুক্তঃ শপথমিব প্রতিপেদে—হে দেবাঃ সাক্ষিণো যূয়ং শৃণুত, যথা ময়োক্তং সত্যং বচঃ তেন সত্যেনাহং ব্রহ্মণা ব্রহ্মস্বরূপেণ মা বিরাধিষি মা বিরুধ্যেয়ম্, অপ্রাপ্তির্ব্রহ্মণো মম মা ভূদিত্যর্থঃ ॥২২৩॥২

আনন্দগিরিঃ।—শ্লোকমুপাদায় ব্যাকরোতি—ন বৈ তত্রেত্যাদিনা। নিমুম্লোচেত্যস্মিন্নর্থে নিম্লোচেতি ছান্দসঃ প্রয়োগঃ। ইতিশব্দঃ পূর্ব্বাঙ্গ-ব্যাখ্যাসমাপ্ত্যর্থঃ। উত্তরাঙ্গমুত্থাপয়তি—উদয়াস্তময়েতি। লোকত্বাবিশেষাদিতরলোকবদ্‌ব্রহ্মলোকোঽপি নোদয়াস্তময়বর্জ্জিত ইত্যুক্তো বিদ্বান্ উত্তরার্দ্ধেন শপথং কুর্ব্বন্ পরিহরতীত্যর্থঃ ॥২২৩॥২

ভাষ্যানুবাদ।—সেখানে নিশ্চয়ই নাই; অর্থাৎ আমি যে ব্রহ্মলোক হইতে আসিয়াছি, তুমি যাহা জিজ্ঞাসা করিতেছ, সেখানে তাহা [দিবারাত্র] নাই। কারণ, সেখানে সবিতা কখনও অস্তমিত হন নাই, এবং কোনও স্থান হইতে কোনও সময়ই উদিতও হন নাই। ভাল, ব্রহ্মলোক যে উদয়াস্তময়বর্জ্জিত, ইহা ত সঙ্গত হয় না; এইরূপ কথা শুনিয়া তিনি যেন শপথ গ্রহণ করিয়াই বলিলেন —হে দেবগণ, তোমরা সাক্ষী হইয়া শ্রবণ কর, আমি যে প্রকার সত্যবাক্য বলিয়াছি, সেই সত্য বাক্যের বলেই আমি ব্রহ্মের সহিত অর্থাৎ ব্রহ্ম-স্বরূপে বিরুদ্ধ হইব না; অর্থাৎ আমার ব্রহ্মপ্রাপ্তিতে কোনও বাধা হইবে না॥২২৩॥২

ন হ বা অস্মা উদেতি ন নিম্লোচতি সকৃদ্দিবা হৈবাস্মৈ ভবতি, য এতামেবং ব্রহ্মোপনিষদং বেদ ॥২২৪॥৩

[এতদ্বিদ্যাফলমাহ—"ন হ" ইত্যাদিনা।]—যঃ (জনঃ) এতাং (যথোক্তাং) ব্রহ্মোপনিষদং (ব্রহ্মবিদ্যাং) বেদ (জানাতি) অস্মৈ (বিদুষে) ন বৈ (নৈব) হ (প্রসিদ্ধৌ) উদেতি, ন চ নিম্লোচতি (অস্তমিতো ভবতি) [সবিতা ইতি শেষঃ]। [পরন্তু] অস্মৈ সকৃৎ দিবা (সদৈব দিবা, প্রকাশ ইত্যর্থঃ) ভবতি।

উক্ত বিদ্যার ফল কথিত হইতেছে—যে লোক এই গুহ্য ব্রহ্মবিদ্যা অবগত হন, তাঁহার সম্বন্ধেও [সূর্য্যদেব] নিশ্চয়ই উদিত হন না, এবং অস্তমিতও হন না; সর্ব্বদাই দিবা হয়, অর্থাৎ সর্ব্বকালই প্রকাশময় হয় ॥২২৪॥৩

শাঙ্কর-ভাষ্যম্।—সত্যং তেনোক্তমিত্যাহ শ্রুতিঃ—ন হ বা অস্মৈ যথোক্ত-ব্রহ্মবিদে নোদেতি, ন নিম্লোচতি নাস্তমেতি; কিন্তু ব্রহ্মবিদেঽস্মৈ সকৃদ্দিবা হৈব সদৈবাহর্ভবতি, স্বয়ংজ্যোতিষ্ট্বাৎ; য এতাং যথোক্তাং ব্রহ্মোপনিষদং বেদ-গুহ্যং বেদ। এবং তন্ত্রেণ বংশাদিত্রয়ং প্রত্যমৃতসম্বন্ধঞ্চ যচ্চান্যদবোচাম, এবং জানাতীত্যর্থঃ। বিদ্বান্ উদয়াস্তময়কালাপরিচ্ছেদ্যং নিত্যমজং ব্রহ্ম ভবতীত্যর্থঃ ॥২২৪॥৩

আনন্দগিরিঃ।—এবং মন্ত্রদৃক্ শপথদ্বারা নির্ণীতেঽর্থে ন হেত্যাদ্যা কিমর্থা শ্রুতিঃ, ইত্যাশঙ্ক্যাহ—সত্যমিতি। ন হেত্যাদ্যাং শ্রুতিমাদায় ব্যাচষ্টে—যথোক্তেতি। ব্রহ্মোপনিষদমিত্যস্যার্থমাহ—বেদগুহ্যমিতি। এবংশব্দমাদায় ব্যাকরোতি—এব-মিত্যাদিনা। বংশাদিত্রয়ং তিরশ্চীনবংশো মধুপূপো মধুনাড্যশ্চ'ইত্যেবংরূপ-মিত্যর্থঃ। প্রত্যমৃতসম্বন্ধং চ লোহিতাদ্যমৃতেষ্বেকৈকবস্বাদীনাং সম্বন্ধমিত্যর্থঃ। অন্যদিত্যুদ্গমন-সংবেশনাদি গৃহ্যতে। উক্তবিদ্যাফলমুপসংহরতি—বিদ্বানিতি ॥২২৪॥৩

ভাষ্যানুবাদ।—যে লোক এই যথোক্ত ব্রহ্মোপনিষৎ অর্থাৎ বেদের গুহ্যতত্ত্ব জানেন, এবং [পূর্ব্বোক্ত তিরশ্চীন বংশ, মধুচক্র ও মধুনাড়ী এই] বংশত্রয় ও প্রত্যেক অমৃতের সহিত বসুপ্রভৃতি দেবগণের সম্বন্ধ এবং আরও যাহা কিছু বলিয়াছি, তৎ সমস্ত জানেন, উক্তপ্রকার ব্রহ্মবিৎ লোকের উদ্দেশে [সূর্য্যদেব] নিশ্চয়ই উদিত হন না, এবং অস্তমিতও হন না; পরন্তু, এই ব্রহ্মবিদের উদ্দেশে সকৃৎ-দিবা অর্থাৎ সর্ব্বদাই দিবালোক প্রতিভাত হইয়া থাকে; কারণ, তিনি নিজেই জ্যোতির্ম্ময়; [সুতরাং তাঁহার নিকট আর অন্ধকারাত্মক রাত্রির সম্ভাবনা হয় না]। সেই বিদ্বান্ পুরুষ উদয়াস্ত কাল দ্বারা অপরিচ্ছেদ্য, নিত্য ও জন্মরহিত ব্রহ্মস্বরূপ হন ॥২২৪॥৩

তদ্ধৈতদ্ব্রহ্মা প্রজাপতয় উবাচ, প্রজাপতির্ম্মনবে মনুঃ প্রজাভ্যস্তদ্ধৈতদুদ্দালকায়ারুণয়ে জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রোবাচ ॥২২৫॥৪

[মধুবিদ্যায়াঃ সম্প্রদায়প্রবৃত্তিমাহ—"তদ্ধৈতৎ" ইতি।] তৎ (পূর্ব্বোক্তং) হ (প্রসিদ্ধৌ) এতৎ (মধুবিজ্ঞানং) ব্রহ্মা (হিরণ্যগর্ভঃ) প্রজাপতয়ে (বিরাট্-পুরুষায়) আহ (উক্তবান্); প্রজাপতিঃ মনবে (বৈবস্বতায়), মনুঃ [চ] প্রজাভ্যঃ (ইক্ষ্বাকুপ্রভৃতিভ্যঃ) [উবাচ]। [কিঞ্চ] তৎ হ (প্রসিদ্ধং) এতৎ (মধুবিজ্ঞানং) ব্রহ্ম (ব্রহ্মবিদ্যাং) আরুণয়ে (অরুণতনয়ায়) (উদ্দালক-

নাম্নে) জ্যেষ্ঠায় পুত্রায় পিতা (অরুণঃ) প্রোবাচ (প্রকর্ষেণ উক্তবান্)। এবং মহানুভব-গুরুপরম্পরাগতমিদং মধুবিজ্ঞানং পরমশ্রদ্ধাস্পদমিতিভাবঃ॥

প্রথমে ব্রহ্মা সেই এই মধুবিদ্যা প্রজাপতি বিরাট্ পুরুষকে বলিয়াছিলেন; প্রজাপতি মনুকে, মনু আবার ইক্ষ্বাকু প্রভৃতি স্বসন্তানগণকে বলিয়াছিলেন। অপিচ, পিতা (অরুণ) সেই এই ব্রহ্মবিজ্ঞান অরুণতনয় উদ্দালকনামক জ্যেষ্ঠ-পুত্রকে উত্তমরূপে উপদেশ করিয়াছিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—তদ্ধৈতৎ মধুজ্ঞানং ব্রহ্মা হিরণ্যগর্ভো বিরাজে প্রজাপতয়ে উবাচ। সোঽপি মনবে; মনুরিক্ষ্বাক্বাদ্যাভ্যঃ প্রজাভ্যঃ প্রোবাচ—ইতি বিদ্যাং স্তৌতি—ব্রহ্মাদিবিশিষ্টম্ ক্রমাগতেতি। কিঞ্চ, তদ্ধৈতন্মধুজ্ঞানম্ উদ্দালকায়ারুণয়ে পিতা ব্রহ্মবিজ্ঞানং জ্যেষ্ঠায় পুত্রায় প্রোবাচ॥২২৫॥৪

আনন্দগিরিঃ।—ননু বিদ্যা সফলা চেদুক্তা, তর্হি কিমুত্তরগ্রন্থেনেত্যাশঙ্ক্যাহ—তদ্ধৈতদিতি। স্তুতিমেবাভিনয়তি—ব্রহ্মাদীতি। তদ্ধৈতদুদ্দালকায়েত্যাদিনা বিদ্যায়া যোগ্যং পাত্রং প্রদর্শ্যতে। তদ্‌ব্যাচষ্টে—কিঞ্চেতি। ইতশ্চ স্তুত্যর্হমেতদ্-বিজ্ঞানমিত্যর্থঃ। মধুবিজ্ঞানং ব্যাকরোতি—ব্রহ্মবিজ্ঞানমিতি॥২২৫॥৪

ভাষ্যানুবাদ।—ব্রহ্মা—হিরণ্যগর্ভ (১) সেই এই মধুবিদ্যা প্রজাপতি—বিরাট্ পুরুষকে বলিয়াছিলেন; তিনিও মনুকে, মনু আবার ইক্ষ্বাকু প্রভৃতি সন্তানগণকে বলিয়াছিলেন। এই বিদ্যা ব্রহ্মাদি বিশিষ্ট গুরুপরম্পরাক্রমে আসিয়াছে, এই কথা দ্বারা বিদ্যার প্রশংসা করা হইতেছে। অপিচ, পিতা [অরুণ ঋষি] সেই এই মধু-জ্ঞানরূপ ব্রহ্মবিদ্যা অরুণতনয় উদ্দালকনামক জ্যেষ্ঠ-পুত্রকে বলিয়াছিলেন॥২২৫॥৪

ইদং বাব তজ্জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রব্রূয়াৎ প্রণায্যায় বান্তেবাসিনে॥২২৬॥৫

তৎ (গুরুপরম্পরাগতং) বাব (প্রসিদ্ধং) ইদং ব্রহ্ম (মধুবিজ্ঞানং) পিতা জ্যেষ্ঠায় পুত্রায় প্রব্রূয়াৎ উপদিশেৎ; বা (অথবা) প্রণায্যায় (উপযুক্তায়) অন্তেবাসিনে (শিষ্যায়) প্রব্রূয়াৎ [আচার্য্যঃ ইতি শেষঃ]॥

সেই এই ব্রহ্মবিদ্যা পিতা জ্যেষ্ঠপুত্রকে উপদেশ দিবেন; (২) অথবা

---

(১) তাৎপর্য্য—সৃষ্টির প্রথমে উৎপন্ন শরীরধারীকে হিরণ্যগর্ভ বলা হইয়াছে।

(২) তাৎপর্য্য—এই মধুবিদ্যা অতিগুহ্যবিদ্যা এবং অতিশয় প্রিয় বস্তু; প্রিয় বস্তু প্রিয় পাত্রে সমর্পণ করাই উচিত; জ্যেষ্ঠ পুত্রই সাধারণতঃ পিতার প্রিয় হইয়া থাকে; এই জন্য জ্যেষ্ঠ পুত্রের সম্বন্ধে বিদ্যাদানের বিধান করা হইয়াছে।

[আচার্য্য] উপযুক্ত শিষ্যকে উপদেশ দিবেন; [যে সে লোককে বলিবেন না]॥

শাঙ্কর-ভাষ্যম্।—ইদং বাব তৎ যথোক্তম্ অন্যোঽপি জ্যেষ্ঠায় পুত্রায় সর্ব্বপ্রিয়ার্হায় ব্রহ্ম প্রব্রূয়াৎ, প্রণায্যায় বা যোগ্যায় অন্তেবাসিনে শিষ্যায় ॥২২৬॥৫

আনন্দগিরিঃ।—তস্য পরোক্ষত্বং ব্যাবর্ত্তয়তি—ইদং বাবেতি। অথ জ্যেষ্ঠায় পুত্রায় ব্রহ্ম বক্তব্যমিতি পূর্ব্বেষাময়ং নিয়মঃ ন ইদানীন্তনানাম্, ইত্যত আহ—অন্যোঽপীতি। পাত্রান্তরমনুজানাতি—প্রণায্যায়েতি ॥২২৬॥৫

ভাষ্যানুবাদ।—অপর লোকও এই প্রসিদ্ধ ব্রহ্মবিজ্ঞান সর্ব্বপ্রকার প্রিয়লাভের যোগ্য জ্যেষ্ঠ পুত্রকে বলিবেন, অথবা প্রণায্য অর্থাৎ যোগ্য অন্তেবাসী—শিষ্যকে [বলিবেন] ॥২২৬॥৫

নান্যস্মৈ কস্মৈচন যদ্যপ্যস্মা ইমামদ্ভিঃ পরিগৃহীতাং ধনস্য পূর্ণাং দদ্যাৎ এতদেব ততোভূয় ইত্যেতদেব ততো ভূয় ইতি ॥২২৭॥৬

ইতি তৃতীয়াধ্যায়স্য একাদশঃ খণ্ডঃ ॥১১॥

[অন্যস্মৈ (জ্যেষ্ঠপুত্র-প্রণায্যভিন্নায়) কস্মৈচন (কস্মৈচিৎ অপি) [এতৎ মধুবিজ্ঞানং] ন [দদ্যাৎ, পিতা আচার্য্যো বা]। [বিদ্যাবিনিময়েন কশ্চিৎ] যদি (সম্ভাবনায়াং) অস্মৈ (আচার্য্যায়) অদ্ভিঃ (জলৈঃ) পরিগৃহীতাং (বেষ্টিতাং, সমুদ্রবেষ্টিতাং) ধনস্য পূর্ণাং (ধনপূর্ণাং চ) ইমাং (পৃথিবীং) দদ্যাৎ; [তথাপি ন ব্রূয়াদিতি ভাবঃ]। [কস্মাৎ? ইত্যাহ—] যতঃ এতৎ (মধুবিজ্ঞানং) এব (নিশ্চয়ে) ততঃ (পৃথিবীদানাৎ অপি) ভূয়ঃ (অধিকং, বহুতরফলজনকমিত্যর্থঃ)। বিদ্যায়াং আদরাতিশয়প্রকাশনার্থা দ্বিরুক্তিঃ ॥

অপর কাহাকেও ইহা বলিবে না; কেহ যদি সমুদ্রবেষ্টিত এবং ধনপূর্ণ এই পৃথিবীও দান করে, [তাহা হইলেও না]; কারণ ইহা তদপেক্ষাও অধিক, ফলপ্রদ অধিক। বিদ্যার প্রতি আদরাতিশয়জ্ঞাপনার্থ দ্বিরুক্তি হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—নান্যস্মৈ কস্মৈচন প্রব্রূয়াৎ তীর্থদ্বয়মনুজ্ঞাতমনেকেষাং তীর্থানামাচার্য্যাদীনাম্। কস্মাৎ পুনস্তীর্থসঙ্কোচনং বিদ্যায়াঃ কৃতম্? ইত্যাহ—যদ্যপি অস্মৈ আচার্য্যায় ইমাং কশ্চিৎ পৃথিবীমদ্ভিঃ পরিগৃহীতাং সমুদ্রপরিবেষ্টিতাং সমস্তামপি দদ্যাৎ, অস্যা বিদ্যায়া নিষ্ক্রয়ার্থমাচার্য্যায়, ধনস্য পূর্ণাং সম্পন্নাং

ভোগোপকরণৈঃ নাসাবস্য নিষ্ক্রয়ঃ যস্মাৎ ততোঽপি দানাৎ এতদেব যন্মধুবিদ্যাদানং ভূয়ো বহুতরফলমিত্যর্থঃ। দ্বিরভ্যাস আদরার্থঃ ॥২২৭॥৬

ইতি তৃতীয়াধ্যায়স্য একাদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১১॥

আনন্দগিরিঃ।—পুত্রশিষ্যাভ্যাং পাত্রান্তরং প্রত্যাচষ্টে—নেতি। তীর্থদ্বয়ং বিদ্যাপ্রদানেঽধিকারিদ্বয়মিত্যর্থঃ। নির্দ্ধারণে ষষ্ঠী। আচার্য্যো বিদ্যাদাতা। আদিপদাৎ ধনদায়ী শ্রোত্রিয়ো মেধাবী চ গৃহ্যতে। সর্ব্বেষামর্থিনামত্রাধিকারমাশঙ্ক্য দূষয়তি—কস্মাদিত্যাদিনা। আচার্য্যায়েতি পুনরুপাদানং ক্রিয়াপদেন তস্যান্বয়-দ্যোতনার্থম্, বিদ্যায়ামাদরো বা মুখ্যমধিকারকারণং ফলতীতি ভাবঃ ॥২২৭॥৬

ইতি তৃতীয়াধ্যায়স্যৈকাদশঃ খণ্ডঃ ॥১১॥

ভাষ্যানুবাদ।—অপর কাহাকেও বলিবে না। আচার্য্যাদির পক্ষে বিদ্যা-সম্প্রদানের জন্য অনেক পাত্রই (তীর্থ ই) সম্ভাবিত ছিল, তন্মধ্যে কেবল দুইটিমাত্র পাত্র (জ্যেষ্ঠ পুত্র ও প্রিয় শিষ্য) অনুজ্ঞাত হইল। ভাল, বিদ্যা-সম্প্রদানের ঐরূপ পাত্রসঙ্কোচ করা হইল কেন? অর্থাৎ দুইটি মাত্র পাত্রেই বিদ্যাদান করিবে, অন্যত্র নহে, এইরূপ দানপাত্রের সংখ্যা হ্রাস করার প্রয়োজন কি? [ইহার উত্তর] বলিতেছেন—কেহ যদি এই আচার্য্যের উদ্দেশে এই বিদ্যাগ্রহণের মূল্যস্বরূপ জল-পরিগৃহীতা অর্থাৎ সমুদ্র-বেষ্টিতা এবং ধন-পূর্ণা অর্থাৎ বহুবিধ ভোগোপকরণ-সম্পন্না এই পৃথিবীকেও দান করে; [তথাপি] ইহাও তাহার মূল্যস্বরূপ হইতে পারে না; কেননা, যেহেতু, সেই দান অপেক্ষাও এই মধুবিদ্যা-দানই ভূয়ঃ অর্থাৎ অধিকতর ফলপ্রদ। [বিদ্যায়] আদরপ্রকাশার্থ দ্বিরুক্তি হইয়াছে ॥২২৭॥৬

ইতি তৃতীয় অধ্যায়ের একাদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১১॥

তৃতীয়াধ্যায়ে

দ্বাদশঃ খণ্ডঃ।

আভাসঃ।—যত এবমতিশয়ফলৈষা ব্রহ্মবিদ্যা, অতঃ সা প্রকারান্তরেণাপি বক্তব্যা, ইতি "গায়ত্রী বা" ইত্যাদ্যারভ্যতে। গায়ত্রীদ্বারেণ চোচ্যতে ব্রহ্ম, সর্ব্ববিশেষরহিতস্য "নেতি নেতি" ইত্যাদিবিশেষপ্রতিষেধগম্যস্য দুর্ব্বোধত্বাৎ। সৎসু অনেকেষু ছন্দঃসু গায়ত্র্যা এব ব্রহ্মজ্ঞানদ্বারতয়োপাদানং প্রাধান্যাৎ। সোমাহরণাৎ ইতরচ্ছন্দোঽক্ষরা-হরণেন ইতরচ্ছন্দোব্যাপ্ত্যা চ সর্ব্বসবনব্যাপকত্বাচ্চ যজ্ঞে প্রাধান্যং গায়ত্র্যাঃ। গায়ত্রী-সারত্বাচ্চ ব্রাহ্মণস্য মাতরমিব, হিত্বা গুরুতরাং গায়ত্রীং ততোঽন্যদ্গুরুতরং ন প্রতি-পদ্যতে যথোক্তং ব্রহ্মাপীতি, তস্যামত্যন্তগৌরবস্য প্রসিদ্ধত্বাৎ। অতো গায়ত্রীমুখেনৈব ব্রহ্মোচ্যতে—

আনন্দগিরিঃ।—গতেন গ্রন্থেনোত্তরগ্রন্থস্য গতার্থত্বং পরিহরতি—যত ইতি। সবিতৃদ্বারকব্রহ্মবিদ্যানন্তরং তদ্দেবতাগায়ত্রীদ্বারেণ তদ্বিদ্যোপদিশ্যত ইত্যর্থঃ। ব্রহ্ম-বিদ্যায়া বিবক্ষিতত্বে ব্রহ্মৈবোপদিশ্যত্যং কিং গায়ত্র্যপদেশেনেত্যাশঙ্ক্যাহ—গায়ত্রীতি। তথাঽপি ছন্দোঽন্তরাণি বিহায় কিমিতি গায়ত্রীদ্বারৈব ব্রহ্মোপদিশ্যতে, তত্রাহ—সৎস্বিতি। ব্রহ্মজ্ঞানদ্বারতয়া তদুপায়তয়েত্যর্থঃ। প্রাধান্যে হেতুমাহ—সোমাহরণাদিতি। সোমস্যাহরণমানয়নম্। তত্র সাধনত্বং গায়ত্রীচ্ছন্দস্কানামৃচাং যাজকৈরিষ্যতে ; তদ্যুক্তং তস্যা যজ্ঞে প্রাধান্যমিত্যর্থঃ। যদ্বা দেবৈঃ সোমাহরণ-মিচ্ছদ্ভিশ্ছন্দসাং গায়ত্রীত্রিষ্টুব্জগতীনাং তাদর্থ্যেন নিয়োগে জগতীত্রিষ্টুভোর্মধ্যে মার্গমশক্ত্যা নিবৃত্তৌ, গায়ত্রী সোমং প্রাপ্য রক্ষিণস্তস্য বিজিত্য তং দেবেভ্যঃ সমাহরদিত্যৈতরেয়কব্রাহ্মণে সোমো বৈ রাজা অমুষ্মিঁল্লোকে আসীদিত্যত্র প্রসিদ্ধমত-স্তৎপ্রাধান্যমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমাহ—ইতরেতি। উষ্ণিগনুষ্টুপ্প্রভৃতীনী-তরাণি ছন্দাংসি, তেষাং পাদশোঽক্ষরাণি সপ্তাষ্টাদিসংখ্যকানি তেষামাহরণমাপাদনং গায়ত্র্যক্ষরৈঃ পাদশঃ ষড়্ভিঃ ক্রিয়তেঽধিকসংখ্যায়া ন্যূনসংখ্যামন্তরেণাসম্ভবাৎ, তস্মাদিতরেষু ছন্দঃসু গায়ত্র্যা ব্যাপ্তেশ্চ প্রাধান্যমিত্যর্থঃ। অথবা গায়ত্রীব্যতি-রিক্তয়োস্ত্রিষ্টুব্জগতীচ্ছন্দসোঃ সোমাহরণোদ্যতয়োরশক্তয়োর্মার্গমধ্যে জগত্যা ত্যক্তানি ত্রীণ্যক্ষরাণি ত্রিষ্টুভা ত্বেকমক্ষরম্। ততশ্চাষ্টাচত্বারিংশদক্ষরা জগতী পঞ্চচত্বারিংশদক্ষরা সংবৃত্তা। চতুশ্চত্বারিংশদক্ষরা ত্রিষ্টুপ্ চ ত্রিচত্বারিংশদক্ষরা সংবৃত্তা। তত্র গায়ত্রী সোমমাহরন্তী ত্যক্তানামক্ষরাণামাহরণেন পূর্ণতাং তয়োরাপাদ্য তে ব্যাপ্য স্থিতা, তেন তৎপ্রাধান্যমিত্যর্থঃ। তত্রৈব হেত্বন্তরমাহ—সর্ব্বসবনেনেতি। সর্ব্বাণি প্রাতঃসবনং মাধ্যন্দিনং সবনং তৃতীয়সবনমিত্যেতানি, তেষু গায়ত্র্যা ব্যাপকত্বং মিশ্রণং গায়ত্রং প্রাতঃসবনং ত্রৈষ্টুভং মাধ্যন্দিনং সবনং, জাগতং তৃতীয়-সবনমিতি স্থিতেঽপি ত্রিষ্টুব্জগত্যোর্গায়ত্রীব্যাপ্তেরুক্তত্বাৎ তস্যাশ্চ পাদাভ্যাং মুখেন চ সোমাহরণদ্বারেণ সবনত্রয়সম্বন্ধাদতশ্চ তস্যা অস্তি যজ্ঞে প্রাধান্যমিত্যর্থঃ। কর্ম্মণি

তৎপ্রাধান্যেঽপি কুতো ব্রহ্মবিদ্যায়াং তৎপ্রাধান্যমিত্যাশঙ্ক্যাহ—গায়ত্রীতি। ব্রহ্মবিদ্যায়াং তৎপ্রাধান্যমিতি শেষঃ। গায়ত্রীমেবালম্বনত্বেন প্রতিপদ্যতে ব্রহ্মেত্যত্র লোকপ্রসিদ্ধিমনুকূলয়তি—তস্যামিতি। গায়ত্র্যা ব্রহ্মজ্ঞানদ্বারত্বেনোপাদানমুক্তহেতুভ্যঃ সিদ্ধমিত্যুপসংহরতি—অত ইতি।

অনুবাদ।—যেহেতু এই ব্রহ্মবিদ্যা এবংবিধ অতিশয় ফলপ্রদ ; অতএব প্রকারান্তরেও তাহা নির্দ্দেশ করা আবশ্যক ; এইজন্য "গায়ত্রী বৈ" ইত্যাদি শ্রুতি আরব্ধ হইতেছে। 'গায়ত্রী'রূপেও ব্রহ্ম অভিহিত হইয়া থাকেন ; কেন না, সর্ব্বপ্রকার বিশেষ ধর্ম্মরহিত এবং 'নেতি নেতি' (ইহা নহে-ইহা নহে) ইত্যাকারে সর্ব্বপ্রকার বিশেষ ধর্ম্মের প্রতিষেধগম্য ব্রহ্মকে সহজে বুঝিতে পারা যায় না। আরও বহুতরছন্দঃ বিদ্যমান থাকিলেও প্রাধান্য নিবন্ধন একমাত্র গায়ত্রীকে ব্রহ্মজ্ঞানের দ্বারভূত বলিয়া উল্লেখ করা হইয়াছে। গায়ত্রীর প্রাধান্যে হেতু এই যে, গায়ত্রী দ্বারাই যজ্ঞিয় সোমের আনয়ন করিতে হয়, অপরাপর ছন্দোমধ্যেও গায়ত্রীর অক্ষর সন্নিবিষ্ট থাকায় গায়ত্রীই অপর সমস্ত ছন্দের ব্যাপক ; বিশেষতঃ গায়ত্রীই সমস্ত সবনের ব্যাপক, অর্থাৎ প্রাতঃস্নানাদি কার্য্যেও গায়ত্রীর নিয়ত সম্বন্ধ রহিয়াছে ; এই সমস্ত কারণে যজ্ঞে গায়ত্রীচ্ছন্দের প্রাধান্য। বিশেষতঃ গায়ত্রীই ব্রাহ্মণের সারভূত ; অতএব, যথোক্ত ব্রহ্মও মাতার ন্যায় গুরুতরা গায়ত্রীকে পরিত্যাগ করিয়া—তদপেক্ষা উৎকৃষ্ট অন্য কোনও আলম্বন লাভ করিতে পারেন না ; কারণ, লোকেও গায়ত্রীর অতিশয় গুরুত্ব সুপ্রসিদ্ধ রহিয়াছে। এই সমস্ত কারণেই এখানে গায়ত্রী স্বরূপে ব্রহ্মের নির্দ্দেশ করা হইতেছে।—

গায়ত্রী বা ইদꣳ সর্ব্বং ভূতং যদিদং কিঞ্চ বাগ্বৈ গায়ত্রী বাগ্বা ইদꣳ সর্ব্বং ভূতং গায়তি চ ত্রায়তে চ ॥২২৮॥১

ইদং (দৃশ্যমানং) যৎ কিঞ্চ (যৎকিঞ্চিৎ) ভূতম্ (স্থাবরজঙ্গমাত্মকম্), ইদং সর্ব্বং বৈ (এব) গায়ত্রী (গায়ত্রী এব ইত্যর্থঃ)। [কাসৌ গায়ত্রী ? ইত্যাহ—] বাক্ (শব্দঃ) বৈ (এব) গায়ত্রী ; [যস্মাৎ] বাক্ বৈ (এব) ইদং সর্ব্বং ভূতং গায়তি (তত্তন্নাম্না নির্দ্দিশতি চ) ত্রায়তে চ (মা ভৈঃ ইত্যেবং সমাশ্বাসনেন ভয়াৎ রক্ষতি চ) ; [অতঃ বাক্ এব গায়ত্রী ইতি ভাবঃ]।

এই দৃশ্যমান যাহা কিছু পদার্থ, তৎ সমস্তই গায়ত্রীস্বরূপ ; বাক্ (শব্দই) গায়ত্রী; কেন না, বাক্ই এই সমস্ত ভূতের গান (নামকীর্ত্তন) করে, এবং 'মা ভৈঃ' শব্দে রক্ষা করিয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—'গায়ত্রী বৈ' ইত্যবধারণার্থো বৈশব্দঃ। ইদং সর্ব্বং ভূতং প্রাণিজাতং যৎকিঞ্চ স্থাবরং জঙ্গমং বা, তৎ সর্ব্বং গায়ত্র্যেব। তস্যাশ্ছন্দোমাত্রায়াঃ সর্ব্বভূতত্বমনুপপন্নমিতি গায়ত্রীকারণং বাচং শব্দরূপামাপাদয়তি গায়ত্রীম্ বাগ্বৈ গায়ত্রীতি। বাগ্বা ইদং সর্ব্বং ভূতম্। যস্মাৎ বাক্ শব্দরূপা সতী সর্ব্বং ভূতং গায়তি শব্দয়তি—অসৌ গৌঃ অসাবশ্ব ইতি চ ত্রায়তে চ, রক্ষতি অমুষ্মান্মা ভৈষীঃ,

কিং তে ভয়মুত্থিতম্, ইত্যাদিনা সর্ব্বতো ভয়ান্নিবর্ত্ত্যমানো বাচা ত্রাতঃ স্যাৎ। যৎ বাক্ ভূতং গায়তি চ ত্রায়তে চ, গায়ত্র্যেব তদ্গায়তি চ ত্রায়তে চ, বাচোঽনন্যত্বাৎ গায়ত্র্যাঃ। গানাত্ত্রাণাচ্চ গায়ত্র্যা গায়ত্রীত্বম্ ॥২২৮॥১

আনন্দগিরিঃ।—"তথা চেতোর্পণনিগদাৎ" ইতিন্যায়েন গায়ত্র্যুপাধিকং ব্রহ্মোপাস্যমিতি প্রতিজানীতে—গায়ত্রীতি। নিপাতমাদায় ব্যাচষ্টে—বৈ ইতি। অবধারণরূপমেবার্থং স্ফুটয়ন্নিদমিত্যাদি ব্যাকরোতি—ইদমিতি। তদিদং সর্ব্বং গায়ত্র্যেবেতি যোজনা। গায়ত্র্যাঃ সর্ব্বাত্মকত্বাদ্ ব্রহ্মদৃষ্ট্যোপাস্তির্যুক্তেত্যুক্তং, তত্রানুপপত্তিমাশঙ্ক্যানন্তরবাক্যেনোত্তরমাহ—তস্যা ইতি। কথং বাচো গায়ত্রীত্বমিত্যাশঙ্ক্য তস্যাঃ সর্ব্বভূতসম্বন্ধং দর্শয়তি—বাগিতি। কুতো গায়ত্রীত্বং, তত্রাহ—যস্মাদিতি। ভবত্বেবং বাচঃ স্বরূপং গায়ত্র্যাস্তু কিমায়াতং, তদাহ—যদ্ বাগিতি। গায়ত্রী-নামনির্বচনাদপি বাচ্যুক্তং রূপং গায়ত্র্যামেব দ্রষ্টব্যমিত্যাহ গানাদিতি ॥২২৮॥

ভাষ্যানুবাদ।—"গায়ত্রী বৈ" এইস্থানে 'বৈ' শব্দটি অবধারণার্থক; এই যে সমস্ত ভূত, অর্থাৎ প্রাণিসমূহ, অথবা স্থাবর-জঙ্গমাত্মক যাহা কিছু, তৎসমস্ত গায়ত্রী-স্বরূপই বটে। কেবল ছন্দঃস্বরূপা গায়ত্রীর সর্ব্বভূতাত্মভাব যুক্ত হইতে পারে না; এইজন্য "বাক্ বৈ গায়ত্রী" এই বলিয়া গায়ত্রীশব্দে গায়ত্রীর কারণীভূত শব্দরূপত্ব প্রতিপাদন করিতেছেন। বাক্ই এই সমস্ত ভূত, অর্থাৎ যেহেতু বাক্ই শব্দরূপে সমস্ত ভূতকে গান করে, অর্থাৎ ইহা গো, ইহা অশ্ব, ইত্যাকার শব্দে অভিহিত করে, এবং ত্রাণও করে—রক্ষাও করে, অর্থাৎ 'অমুক হইতে ভীত হইও না, কি কারণে তোমার ভয় হইতেছে?' ইত্যাদি বাক্যে ভয় হইতে সর্ব্বতোভাবে নির্ভয় হইয়া লোকসমূহ রক্ষিত হইয়া থাকে। বাক্য যে, এইরূপে গান করে এবং ত্রাণ করে, প্রকৃতপক্ষে গায়ত্রীই তাহা গান করে এবং ত্রাণ করে; কারণ, বাক্য ত আর গায়ত্রী হইতে অন্য বা পৃথক্ পদার্থ নহে; কেন না, গান ও ত্রাণ হেতুই গায়ত্রীর গায়ত্রীত্ব অর্থাৎ গান ও ত্রাণ গায়ত্রীর স্বাভাবিক ধর্ম্ম (*) ॥২২৮॥১

যা বৈ সা গায়ত্রীয়ং বাব সা—যেয়ং পৃথিব্যস্যাঁ হীদঁ সর্ব্বং ভূতং প্রতিষ্ঠিতমেতামেব নাতিশীয়তে ॥২২৯॥২

যা বৈ (এব) সা (পূর্ব্বোক্তা) গায়ত্রী, ইয়ং (বক্ষ্যমাণা) বাব (প্রসিদ্ধৌ) সা—যা ইয়ং পৃথিবী; হি (যস্মাৎ) অস্যাং (পৃথিব্যাং) [এব] সর্ব্বং ভূতং (স্থাবর-জঙ্গমাত্মকং বস্তুজাতং) প্রতিষ্ঠিতম্ (প্রকর্ষেণ স্থিতম্), এতাম্ (পৃথিবীম্) এব ন অতিশীয়তে (ন অতিবর্ত্ততে)॥

(*) তাৎপর্য্য—'গৈ' ধাতু ও 'ত্রৈ' ধাতুর যোগে 'গায়ত্রী' শব্দটি নিষ্পন্ন হইয়াছে। 'গৈ' ধাতুর অর্থ—গান; আর 'ত্রৈ' ধাতুর অর্থ—ত্রাণ করা অর্থাৎ রক্ষা বা উদ্ধার করা। অতএব 'গায়ত্রী'

যাহা সেই গায়ত্রী, ইহাই তাহা—যাহা এই পৃথিবী, অর্থাৎ এই পৃথিবীই সেই গায়ত্রীস্বরূপা। কেননা, সমস্ত ভূতই এই পৃথিবীতে অবস্থিত, কেহই ইহাকে অতিক্রম করে না॥

শাঙ্কর-ভাষ্যম্।—যা বৈ সা এবংলক্ষণা সর্ব্বভূতরূপা গায়ত্রী, ইয়ং বাব সা—যেয়ং পৃথিবী। কথং পুনরিয়ং পৃথিবী গায়ত্রীতি উচ্যতে—সর্ব্বভূতসম্বন্ধাৎ। কথং সর্ব্বভূতসম্বন্ধঃ? অস্যাং পৃথিব্যাং হি যস্মাৎ সর্ব্বং স্থাবরং জঙ্গমঞ্চ ভূতং প্রতিষ্ঠিতম্, এতামেব পৃথিবীং নাতিশীয়তে নাতিবর্ত্ততে ইত্যেতৎ। যথা গান ত্রাণাভ্যাং ভূতসম্বন্ধো গায়ত্র্যাঃ, এবং ভূতপ্রতিষ্ঠানাদ্ ভূতসম্বন্ধা পৃথিবী; অতো গায়ত্রী পৃথিবী॥২২৯॥২

আনন্দগিরিঃ।—অস্তি হি বাচঃ সর্ব্বভূতাত্মকত্বং তদ্বাচকত্বাদ্ বাচ্যস্য চ বাচকাতিরেকিণা নিরূপণাৎ, তথাচ বাগ্ভূতা গায়ত্রী সর্ব্বভূতাত্মিকেত্যুক্তম্, ইদানীং তস্যা বিধান্তরমাহ—যাবৈ সেতি। এবংলক্ষণত্বং ব্যাচষ্টে—সর্ব্বেতি। গায়ত্রীমনূদ্য পৃথিবীত্বং তস্যা বিহিতং প্রশ্নপূর্ব্বকমুপপাদয়তি—কথং পুনরিতি। গায়ত্র্যাঃ সর্ব্বভূতসম্বন্ধস্যোক্তত্বাৎ পৃথিব্যাস্তৎসম্বন্ধং চোদ্যপূর্ব্বকং ব্যুৎপাদয়তি—কথমিতি। সর্ব্বস্য পৃথিব্যাং প্রতিষ্ঠিতত্বং সাধয়তি—এতামেবেতি। তথাপি কথং পৃথিব্যা গায়ত্রীত্বং, তদাহ—যথেতি॥২২৯॥২

ভাষ্যানুবাদ।—যাহা সেই উক্তলক্ষণা গায়ত্রী, ইহাই তাহা,—যাহা পৃথিবী বলিয়া প্রসিদ্ধ। আচ্ছা, এই পৃথিবী গায়ত্রী হয় কি প্রকারে? [উত্তর] কথিত হইতেছে—যেহেতু উহার সহিত সমস্ত ভূতের সম্বন্ধ রহিয়াছে। সর্ব্বভূতের সহিত সম্বন্ধই বা কি প্রকারে? যেহেতু স্থাবর ও জঙ্গম (অচেতন ও চেতন) সমস্ত ভূতই এই পৃথিবীতে অবস্থান করিতেছে। [কেহই] এই পৃথিবীকে অতিক্রম করে না, অর্থাৎ ছাড়িয়া থাকে না; গান ও ত্রাণের সম্বন্ধ-নিবন্ধন গায়ত্রীর সহিত যেরূপ ভূতবর্গের সম্বন্ধ, তদ্রূপ সর্ব্বভূতের অবস্থিতি নিবন্ধন পৃথিবীর সহিতও সর্ব্বভূতের সম্বন্ধ [বুঝিতে হইবে]; এই কারণেই গায়ত্রীকে পৃথিবীরূপা বলা হইয়াছে॥২২৯॥২

যা বৈ সা পৃথিবীয়ং বাব সা, যদিদমস্মিন্ পুরুষে শরীরমস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে॥২৩০॥৩

শব্দের ব্যুৎপত্তিলব্ধ অর্থ হইতেছে দুইটি—(১) গায়ন্তং ত্রায়তে, অর্থাৎ যে লোক গায়ত্রীকে গান করে, তাহাকে তিনি পরিত্রাণ করেন। (২) গায়তি, ত্রায়তে চ, অর্থাৎ যিনি নিজেই শব্দরূপ ধারণপূর্ব্বক বিবিধ বস্তুর নাম কীর্ত্তন করেন, এবং 'মা ভৈঃ' প্রভৃতি শব্দে লোককে ভয় হইতে রক্ষা করেন, এইপ্রকার গান ও ত্রাণ করেন বলিয়াই ঐরূপ মন্ত্র বা ছন্দকে গায়ত্রী-সংজ্ঞায় অভিহিত করা হইয়া থাকে; সুতরাং গান ও ত্রাণ করাই গায়ত্রীর গায়ত্রীত্ব বা স্বাভাবিক ধর্ম্ম। এখানে শেষোক্ত অর্থই গৃহীত হইয়াছে।

যা বৈ (এব) সা (পূর্ব্বোক্তা) পৃথিবী, ইয়ং (বক্ষ্যমাণা) বাব (প্রসিদ্ধৌ) সা ; (ইদমেব সেত্যর্থঃ)। [কিং তৎ ? ইত্যাহ—] অস্মিন্ (দৃশ্যমানে) পুরুষে (দেহেন্দ্রিয়াদিসমষ্টিরূপে) যৎ শরীরং (দেহঃ)। হি (যস্মাৎ) ইমে প্রাণাঃ (পঞ্চবৃত্ত্যাত্মকাঃ বায়বঃ ভূতানি বা) অস্মিন্ (শরীরে) প্রতিষ্ঠিতাঃ ; এতৎ (শরীরং) এব ন অতিশীয়ন্তে, (ন অতিবর্ত্তন্তে এতদনুগতাঃ প্রাণা ইত্যর্থঃ)॥

যাহা সেই পৃথিবী, ইহাই তাহা—যাহা এই পুরুষাশ্রিত শরীর ; কারণ, সমস্ত প্রাণই এই শরীরে আশ্রিত ; কেহই এই শরীরকে অতিক্রম করিতে পারে না॥

শাঙ্কর-ভাষ্যম্।—যা বৈ সা গায়ত্রী, ইয়ং বাব সা—ইদমেব। তৎ কিম্ ? যদিদমস্মিন্ পুরুষে কার্য্যকারণসঙ্ঘাতে জীবতি শরীরং, পার্থিবত্বাচ্ছরীরস্য। কথং শরীরস্য গায়ত্রীত্বমিতি, উচ্যতে—অস্মিন্ হি ইমে প্রাণা ভূতশব্দবাচ্যাঃ প্রতিষ্ঠিতাঃ ; অতঃ পৃথিবীবৎ ভূতশব্দবাচ্যপ্রাণপ্রতিষ্ঠানাচ্ছরীরং গায়ত্রী ; এতদেব যস্মাচ্ছরীরং নাতিশীয়ন্তে প্রাণাঃ॥২৩০॥৩

আনন্দগিরিঃ।—সম্প্রতি গায়ত্র্যাঃ শরীররূপত্বং নিরূপয়তি—যাবা ইতি। গায়ত্র্যাত্মিকাং পৃথিবীমনূদ্য তস্য গায়ত্রীশরীরয়োরভেদে হেতুমাহ—পার্থিবত্বাদিতি। ইদানীং গায়ত্রীশরীরয়োরেকত্বং প্রশ্নপূর্ব্বকং কথয়তি—কথমিত্যাদিনা। প্রাণানাং শরীরে প্রতিষ্ঠিতত্বং প্রকটয়তি—এতদেবেতি॥২৩০॥৩

ভাষ্যানুবাদ।—যাহা সেই পৃথিবীরূপা গায়ত্রী, ইহাই তাহা। তাহা কি ? যাহা এই পুরুষে অর্থাৎ দেহেন্দ্রিয়াদি-সমষ্টিভূত-জীবে অবস্থিত এই দৃশ্যমান শরীর ; কেন না, এই শরীর—পার্থিব অর্থাৎ পৃথিবী-সম্ভূত (১)। ভাল, শরীরেরই বা পার্থিবত্ব কি প্রকারে ? হাঁ, বলা হইতেছে—যেহেতু এই সমস্ত প্রাণ অর্থাৎ ভূতশব্দ-বাচ্য [পৃথিব্যাদি] এই শরীরেই বিদ্যমান রহিয়াছে ; অতএব, ভূতশব্দবাচ্য প্রাণসমূহ প্রতিষ্ঠিত থাকায় এই শরীরও পৃথিবীর ন্যায় গায়ত্রী-স্বরূপা ; যে হেতু প্রাণসমূহ এই শরীরকে কখনই পরিত্যাগ করে না, [সেই হেতু এই শরীরও গায়ত্রীরূপা]॥২৩০॥৩

যদ্বৈ তৎপুরুষে শরীরমিদং বাব তদ্যদিদমস্মিন্নন্তঃপুরুষে হৃদয়ম্, অস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে॥ ২৩১॥৪

---

(১) তাৎপর্য্য—জীবের শরীর পাঞ্চভৌতিক হইলেও পৃথিবীর ভাগ অধিক থাকায় শরীরের পার্থিবত্ব ব্যবহার হইয়া থাকে। "বৈশিষ্ট্যাত্ত-তদ্বাদস্তদ্বাদঃ" এই বেদান্তসূত্রে ইহা বিশদ ভাবে বর্ণিত হইয়াছে।

যৎ বৈ (এব) তৎ (পূর্ব্বোক্তং) পুরুষে শরীরম্, ইদং বাব তৎ,—অস্মিন্ পুরুষে অন্তঃ (মধ্যে) যৎ ইদং হৃদয়ং (হৃদয়পদ্মং)। হি (যস্মাৎ) অস্মিন্ (হৃদয়ে) ইমে (প্রাণাঃ) প্রতিষ্ঠিতাঃ [সন্তঃ] এতৎ (হৃদয়ং) এব ন অতিশীয়ন্তে, [অতঃ হৃদয়প্রতিষ্ঠিতত্বং প্রাণানামিতি ভাবঃ]॥

যাহাই সেই পূর্ব্বোক্ত পুরুষাশ্রিত শরীর; ইহাই তাহা—যাহা এই শরীরের অভ্যন্তরে অবস্থিত হৃদয় (হৃৎপদ্ম)। কেননা, এই প্রাণসমূহ উক্ত হৃদয়মধ্যেই অবস্থান করে, কখনও উহাকে অতিক্রম করে না॥

শাঙ্কর-ভাষ্যম্।—যদ্বৈ তৎ পুরুষে শরীরং গায়ত্রী, ইদং বাব তৎ যদিদমস্মিন্ অন্তর্ম্মধ্যে পুরুষে হৃদয়ং পুণ্ডরীকাখ্যম্, এতদ্গায়ত্রী। কথম্? ইত্যাহ—অস্মিন্ হি ইমে প্রাণাঃ প্রতিষ্ঠিতাঃ; অতঃ শরীরবৎ গায়ত্রী হৃদয়ম্। এতদেব চ নাতিশীয়ন্তে প্রাণাঃ, "প্রাণো হ পিতা, প্রাণো মাতা", "অহিংসন্ সর্ব্বভূতানি" ইতি শ্রুতেঃ ভূতশব্দবাচ্যাঃ প্রাণাঃ ॥২৩১॥৪

আনন্দগিরিঃ।—অথ গায়ত্র্যা হৃদয়ত্বমাবেদয়তি—যদ্বৈতদিতি। হৃদয়স্য গায়ত্র্যাশ্চৈকত্বং প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—এতদিত্যাদিনা। হৃদয়ে প্রাণানাং প্রতিষ্ঠিতত্বং প্রকটয়তি—এতদেবেতি। প্রাণানাং ভূতশব্দবাচ্যত্বে তৎসম্বন্ধে সতি ভূতসম্বন্ধাদ্ গায়ত্র্যাঃ শরীরাদিভাবঃ সম্ভবতি, তেষাং ভূতশব্দবাচ্যত্বে তু কিং মানমিত্যাশঙ্ক্যাহ—প্রাণো হেতি। অহিংসাবাক্যেঽপি প্রাণপরং মারণং প্রতিষিধ্যতে, তথাচ ভূতশব্দস্তত্র প্রতীতিগোচরো ভবত্যেবেত্যাহ—ভূতেতি ॥২৩১॥৪

ভাষ্যানুবাদ।—যাহা সেই পুরুষাশ্রিত শরীররূপী গায়ত্রী, ইহাই তাহা,—যাহা এই পুরুষের (দেহের) অভ্যন্তরে অবস্থিত হৃদয় অর্থাৎ হৃৎপদ্ম-নামক বস্তু, ইহাই সেই গায়ত্রী। কি প্রকারে? [তদুত্তরে] বলিতেছেন—যেহেতু এই সমস্ত প্রাণ ইহাতেই অবস্থিত, অতএব, শরীরের ন্যায় হৃদয়ও গায়ত্রীস্বরূপ। বিশেষতঃ প্রাণসমুদয় ইহাকেই অতিক্রম করে না। 'প্রাণই পিতা, প্রাণই মাতা', এবং 'কোন ভূতকেই হিংসা করিবে না' ইত্যাদি শ্রুতি হইতেও [জানা যায় যে] ভূতসমুদয়ই প্রাণ ॥২৩১॥৪

সৈষা চতুষ্পদা ষড়্‌বিধা গায়ত্রী; তদেতদৃচাভ্যনূক্তম্ ॥২৩২॥৫

সা (প্রসিদ্ধা) এষা গায়ত্রী চতুষ্পদা (চত্বারি পদানি—চরণাঃ যস্যাঃ, সা তথোক্তা), ষড়্‌বিধা (ষড়্ বাগ্-ভূত-পৃথিবী-শরীর হৃদয়-প্রাণাঃ বিধাঃ প্রকারা যস্যাঃ, সা তথোক্তা) [ভবতি]। তৎ এতৎ (গায়ত্র্যাঃ চতুষ্পদত্বং ষড়্‌বিধত্বঞ্চ) ঋচা (মন্ত্রেণ) অপি অভ্যনূক্তম্ (প্রকাশিতম্)॥

সেই প্রসিদ্ধা এই গায়ত্রীর চারিটি পাদ, এবং বাক্, ভূত, পৃথিবী,

শরীর, হৃদয় ও প্রাণ, এই ছয়টি তাহার বিধা (অক্ষরস্থানীয়) অংশ। মন্ত্রেও ইহা প্রকাশিত আছে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—সৈষা চতুষ্পদা ষড়ক্ষরপদা ছন্দোরূপা সতী ভবতি গায়ত্রী ষড়্বিধা—বাগ্-ভূত-পৃথিবী-শরীর-হৃদয়-প্রাণরূপা সতী ষড়্বিধা ভবতি। বাক্-প্রাণয়োরন্যার্থনির্দ্দিষ্টয়োরপি গায়ত্রীপ্রকারত্বম্; অন্যথা ষড়্বিধসংখ্যাপূরণানুপপত্তেঃ। তদেতস্মিন্নর্থে এতদ্গায়ত্র্যাখ্যং ব্রহ্ম গায়ত্র্যনুগতং গায়ত্রীমুখেনোক্তম্, ঋচাপি মন্ত্রেণাভ্যনূক্তং প্রকাশিতম্ ॥২৩২॥৫

আনন্দগিরিঃ।—আধ্যানশেষত্বেন গায়ত্র্যাশ্চতুষ্পাত্ত্বং দর্শয়তি—সৈবেতি। লক্ষয়িত্বা তস্যাঃ ষড়্বিধত্বমনূদ্য সাধয়তি—ষড়্বিধেতি। গায়ত্রীহৃদয়য়োঃ সর্ব্বভূতসম্বন্ধসিদ্ধ্যর্থমুপদিষ্টয়োর্বাক্প্রাণয়োর্গায়ত্রীপ্রভেদত্বেন কথং ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যাহ—বাক্-প্রাণয়োরিতি। বিধিপক্ষে বাক্যশেষযোগাৎ তয়োরপি গায়ত্রীভেদত্বমিত্যর্থঃ। তদেতস্মিন্নর্থে বাগ্-ভূত-পৃথিবী-শরীর-হৃদয়প্রাণভেদাৎ ষড়্বিধাং গায়ত্রীমনুচিন্ত্যাজহল্লক্ষণয়া তদবচ্ছিন্নব্রহ্মত্বং তদনুচিন্তয়েদিতি তচ্ছেষত্বেনৈব পূর্ব্বোক্তে স্থিতে সতীত্যর্থঃ ॥২৩২॥৫

ভাষ্যানুবাদ।—সেই এই গায়ত্রী চতুশ্চরণসম্পন্ন, প্রতি চরণে ষড়ক্ষরবিশিষ্ট এবং ছন্দোরূপা হইয়া ছয় প্রকার হয়। এই গায়ত্রী বায়ু, ভূত, পৃথিবী, শরীর, হৃদয় এবং প্রাণস্বরূপা হইয়া ছয় প্রকার হয়। সর্ব্বভূতসম্বন্ধ সিদ্ধির নিমিত্ত বাক্য এবং প্রাণ নির্দ্দিষ্ট হইলেও, তাহারা গায়ত্রীরই প্রকার; অন্যথা ষড়বিধ সংখ্যা পূর্ণ হইতে পারে না। এখানে গায়ত্রীতে অনুগত যে, গায়ত্রী-নামক ব্রহ্ম গায়ত্রী বলিয়া অভিহিত হইল, ঋক্ মন্ত্রেও তাহা প্রকাশিত হইয়াছে ॥২৩২॥৫

তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষঃ। পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবীতি ॥২৩৩॥৬

অস্য (গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ) তাবান্ (তৎপরিমাণঃ পূর্ব্বোক্তসর্ব্ববিকারময়ঃ) মহিমা (বিভূতিঃ), ততঃ (তস্মাৎ সর্ব্ববিকারলক্ষণাৎ ব্রহ্মণঃ) জ্যায়ান্ (অতিশয়েন মহান্) পুরুষঃ (পূর্ণস্বরূপঃ পরমেশ্বর ইত্যর্থঃ); সর্ব্বা (সর্ব্বাণি) ভূতানি (বস্তুজাতানি) অস্য পাদঃ (একঃ অংশঃ), অস্য অমৃতং (অবিকারি) ত্রিপাৎ (পাদত্রয়ং) দিবি (প্রকাশময়ে স্বরূপে) [প্রতিষ্ঠিতম্ অস্তি ইতি শেষঃ] ॥

পূর্ব্বে যে সমস্ত বস্তুর উল্লেখ করা হইয়াছে, তৎসমস্তই এই গায়ত্রীনামক ব্রহ্মের মহিমা বা বিভূতিমাত্র, পূরুষ অর্থাৎ পূর্ণব্রহ্ম তদপেক্ষাও অতিশয় মহান্। সমস্ত ভূতবর্গ ইঁহার একপাদ বা একাংশমাত্র, আর ইঁহার নির্ব্বিকার তিন অংশ স্বপ্রকাশ স্বরূপে অবস্থিত আছে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তাবান্ অস্য গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ সমস্তস্য মহিমা বিভূতিবিস্তারঃ, যাবান্ চতুষ্পাৎ ষড়্বিধশ্চ ব্রহ্মণো বিকারঃ পাদো গায়ত্রীতি ব্যাখ্যাতঃ। অতঃ তস্মাদ্বিকারলক্ষণাৎ গায়ত্র্যাখ্যাদ্ বাচারম্ভণমাত্রাৎ ততো জ্যায়ান্ মহত্তরশ্চ

পরমার্থসত্যরূপোঽবিকারঃ পূরুষঃ পুরুষঃ সর্ব্বপূরণাৎ পুরি শয়নাচ্চ। তস্যাস্য পাদঃ সর্ব্বা সর্ব্বাণি ভূতানি তেজোঽবন্নাদীনি সস্থাবর-জঙ্গমানি। ত্রিপাৎ ত্রয়ঃ পাদা অস্য সোঽয়ং ত্রিপাৎ; ত্রিপাদমৃতং পুরুষাখ্যং সমস্তস্য গায়ত্র্যাত্মনো দিবি দ্যোতনবতি স্বাত্মন্যবস্থিতমিত্যর্থঃ, ইতি ॥২৩৩॥৬

আনন্দগিরিঃ।—সমস্তস্য পাদবিভাগবিশিষ্টস্যেতি যাবৎ। বিস্তারমেব বিবৃণোতি—যাবানিতি। বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি বাক্যশেষমাশ্রিত্য বিশিনষ্টি—বাচারম্ভণমাত্রাদিতি। পরমার্থসত্যত্বে হেতুমাহ—অবিকার ইতি। তাবানস্যেত্যাদি স্পষ্টয়তি—তস্যেতি। আদিপদেন বায়ুরাকাশশ্চেত্যুভয়মুক্তম্। ততো জ্যায়ানিত্যাদি স্ফুটয়তি—ত্রিপাদিতি। সমস্তস্য প্রপঞ্চাত্মকস্যেত্যর্থঃ। শ্রুতাবিতি মন্ত্রসমাপ্ত্যর্থঃ॥২৩৩॥৬

ভাষ্যানুবাদ।—ব্রহ্মের চতুষ্পাদ ও ষড়্‌বিধ বিকারাত্মক যে পরিমাণ একপাদ গায়ত্রী বলিয়া বর্ণিত হইল, সেই পরিমাণই অর্থাৎ তৎসমস্তই উক্ত গায়ত্রী-সংজ্ঞক সমস্ত ব্রহ্মের মহিমা, অর্থাৎ বিভূতির বিস্তার; অতএব, তদপেক্ষা অর্থাৎ গায়ত্রী-সংজ্ঞক বাচারম্ভণমাত্ররূপী অসত্য বিকারাত্মক ব্রহ্ম অপেক্ষাও পরমার্থ সত্য, বিকার-হীন পূরুষ (পরব্রহ্ম) জ্যায়ান্—অতিশয় মহৎ; কারণ, তিনিই সর্ব্ব জগৎকে পরিপূরণ করেন, অথবা হৃদয়রূপ পুরে অবস্থান করেন, [এইজন্য পুরুষ-পদবাচ্য হন]। সমস্ত ভূত অর্থাৎ তেজ, জল ও পৃথিবী প্রভৃতি স্থাবর-জঙ্গম-সমূহ সেই এই পূরুষেরই একপাদ (একাংশমাত্র); এই গায়ত্র্যাত্মক সমস্ত ব্রহ্মের ত্রিপাদযুক্ত অমৃতস্বরূপ পূরুষ প্রকাশময় নিজ আত্মস্বরূপে অবস্থিত আছেন। * [ইতি শব্দ মহিমা-কথন-সমাপ্তি-জ্ঞাপনার্থ] ॥২৩৩॥৬

যদ্বৈ তদ্‌ব্রহ্মেতীদং বাব তদ্ যোঽয়ং বহির্দ্ধা পুরুষাদাকাশঃ, যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশঃ—॥২৩৪॥৭

অয়ং বাব স যোঽয়মন্তঃপুরুষ আকাশো যো বৈ সোঽন্তঃ পুরুষ আকাশঃ ॥২৩৫॥৮

(*) তাৎপর্য্য—পূর্ব্বে যে, চতুষ্পদা ও ষড়্‌বিধা গায়ত্রীর ব্রহ্মত্ব উল্লিখিত হইয়াছে, তাহা কার্য্য-ব্রহ্ম অর্থাৎ কার্য্যাকারে বিবর্ত্তমান ব্রহ্ম; সুতরাং ঐ রূপটি ব্রহ্মের স্বপ্রকাশস্বরূপ নহে; পরন্তু, বিকারাত্মক—অসত্য। ইহা সেই পরব্রহ্মের এক অংশ মাত্র। অবশিষ্ট তিনটি অংশে কোনরূপ বিকার সম্বন্ধ নাই; সেই অংশত্রয় নির্ব্বিকার ও নির্ব্বিশেষ প্রকাশময় স্বস্বরূপে অবস্থিত। প্রকৃতপক্ষে ব্রহ্ম নিরংশ; তাঁহার অংশ বা পাদ কল্পনা হইতেই পারে না; তথাপি কেবল শিষ্যের অনায়াসে বুদ্ধিগম্য করিবার নিমিত্ত এইরূপ অংশাংশিভাব কল্পনা করা হইয়াছে মাত্র। বস্তুতঃ উহা সত্য নহে।

পঞ্চদশীকার বলিয়াছেন—

নিরংশেঽপ্যংশমারোপ্য কৃৎস্নেঽংশে বেতি পৃচ্ছতঃ।
তদ্ভাষয়োত্তরং ব্রূতে শ্রুতিঃ শ্রোতুর্হিতৈষিণী ॥”

অর্থাৎ ব্রহ্ম নিরংশ হইলেও শিষ্য চিরন্তন সংস্কারবশে সেই ব্রহ্মে অংশের আরোপ করিয়া অংশ, অংশিভাবে প্রশ্ন করেন; কাজেই শ্রোতার হিতের জন্য শ্রুতিও সেই শিষ্যের ভাষায়ই—অংশাংশি-ভাবেই প্রশ্নের উত্তর দিয়া থাকেন। বস্তুতঃ ইহা দ্বারা পরব্রহ্মের সাংশত্ব সিদ্ধ হয় না॥

অয়ং বাব স যোঽয়মন্তর্হৃদয় আকাশস্তদেতৎ পূর্ণমপ্র-বর্ত্তি ; পূর্ণামপ্রবর্ত্তিনীং শ্রিয়ং লভতে, য এবং বেদ ॥২৩৬॥৯

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥১২॥

[গায়ত্র্যবচ্ছিন্নস্য ব্রহ্মণঃ হৃদয়াকাশে ধ্যেয়ত্বং বক্তুমুপক্রমতে "যদ্বৈ" ইত্যাদি।]—যৎ বৈ (এব) তৎ (গায়ত্র্যবচ্ছিন্নং) ব্রহ্ম ইতি (উক্তম্), ইদং (বক্ষ্যমাণং) বাব তৎ—যঃ অয়ং (অনুভূয়মানঃ) পুরুষাৎ (জীবদেহাৎ) বহির্দ্ধা (বহিরবস্থিতঃ) আকাশঃ (পঞ্চমভূতরূপঃ); [তথা] যঃ সঃ পুরুষাৎ বহির্দ্ধা আকাশঃ (ভূতাকাশঃ), অয়ং (বক্ষ্যমাণঃ) বাব (এব) সঃ (আকাশঃ)— যঃ অয়ং (প্রসিদ্ধঃ) পুরুষে (জীবদেহে) অন্তঃ (মধ্যে স্থিতঃ) আকাশঃ ; যঃ বৈ সঃ (প্রসিদ্ধঃ) পুরুষে অন্তঃ (দেহমধ্যে) আকাশঃ ; অয়ং (বক্ষ্যমাণঃ) বাব সঃ, [কঃ সঃ ?] যঃ অয়ং হৃদয়ে অন্তঃ (হৃদয়মধ্যে) আকাশঃ [অস্তীতি শেষঃ]। তৎ এতৎ (হৃদয়াকাশং) পূর্ণম্ (অপরিচ্ছিন্নম্) অপ্রবর্ত্তি (ন কুতশ্চিৎ কচিদ্বিষয়ে প্রবর্ত্ততে, নিয়তমেকরূপমিত্যর্থঃ)। যঃ [জনঃ] এবং (যথোক্তলক্ষণং হৃদয়াকাশং) বেদ, [সঃ] পূর্ণাম্ অপ্রবর্ত্তিনীং (অবিনাশিনীং চ) শ্রিয়ং (সম্পদং) লভতে ॥

গায়ত্র্যবচ্ছিন্ন ব্রহ্মের হৃদয়প্রদেশে ধ্যেয়ত্বজ্ঞাপনার্থ বলিতেছেন যে, সেই যে গায়ত্রী ব্রহ্ম, ইহাই তাহা ; যাহা পুরুষের (দেহের) বহির্দ্দেশস্থিত এই আকাশ ; আবার পুরুষের বহির্দেশগত যে এই আকাশ, ইহাই সেই আকাশ—যাহা পুরুষের দেহমধ্যগত আকাশ ; সেই যে দেহমধ্যগত আকাশ, ইহাই তাহা—যাহা হৃদয়-মধ্যগত আকাশ ; সেই এই হৃদয়াকাশপরিপূর্ণ ও নির্ব্বিকার বা অবিনশ্বর ; যে লোক এবংবিধ হৃদয়াকাশ অবগত হন, তিনিও পূর্ণ ও অবিনশ্বর সম্পদ্ লাভ করিয়া থাকেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—যদ্বৈ তৎ ত্রিপাদমৃতং গায়ত্রীমুখেনোক্তং ব্রহ্মেতি, ইদং বাব তৎ—ইদমেব তৎ, যোঽয়ং প্রসিদ্ধো বহির্দ্ধা বহিঃপুরুষাৎ আকাশঃ ভৌতিকঃ ; যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশ উক্তঃ—॥২৩১॥৭

অয়ং বাব সঃ, যোঽয়ম্ অন্তঃপুরুষে শরীরে আকাশঃ। যো বৈ সোঽন্তঃ পুরুষে আকাশঃ—॥২৩৫॥৮

অয়ং বাব সঃ, যোঽয়মন্তর্হৃদয়ে হৃদয়পুণ্ডরীকে আকাশঃ ; কথমেকস্য সত আকাশস্য ত্রিধা ভেদঃ ? ইতি ; উচ্যতে—বাহ্যেন্দ্রিয়বিষয়ে জাগরিতস্থানে নভসি দুঃখবাহুল্যং দৃশ্যতে ; ততোঽন্তঃশরীরে স্বপ্নস্থানভূতে মন্দতরং দুঃখং ভবতি। স্বপ্নান্ পশ্যতো হৃদয়স্থে পুনর্নভসি ন কঞ্চন কামং কাময়তে, ন কঞ্চন স্বপ্নং পশ্যতি ; অতঃ সর্ব্বদুঃখনিবৃত্তিরূপমাকাশং সুষুপ্তস্থানম্। অতো যুক্তমেকস্যাপি ত্রিধা ভেদাভ্যাখ্যানম্। বহির্দ্ধা পুরুষাদারভ্য আকাশস্য হৃদয়ে

সঙ্কোচকরণং চেতঃসমাধানস্থানস্তুতয়ে।—যথা "ত্রয়াণামপি লোকানাং কুরুক্ষেত্রং বিশিষ্যতে। অর্দ্ধতস্তু কুরুক্ষেত্রমর্দ্ধতস্তু পৃথূদকম্" ইতি, তদ্বৎ। তদেতদ্ হার্দাকাশাখ্যং ব্রহ্ম পূর্ণং সর্ব্বগতং; ন হৃদয়মাত্রপরিচ্ছিন্নমিতি মন্তব্যম্ যদ্যপি হৃদয়াকাশে চেতঃ সমাধীয়তে। অপ্রবর্ত্তি ন কুতশ্চিৎ ক্বচিৎ প্রবর্ত্তিতুং শীলমস্যেতি অপ্রবর্ত্তি, তদনুচ্ছিত্তিধর্ম্মকম্। যথা অন্যানি ভূতানি পরিচ্ছিন্নানি উচ্ছিত্তিধর্ম্মকাণি, ন তথা হার্দ্দং নভঃ। পূর্ণামপ্রবর্ত্তিনীমনুচ্ছেদাত্মিকাং শ্রিয়ং বিভূতিং গুণফলং লভতে দৃষ্টম্। য এবং যথোক্তং পূর্ণাপ্রবর্ত্তিগুণং ব্রহ্ম বেদ জানাতি, ইহৈব জীবন্ তদ্ভাবং প্রতিপদ্যত ইত্যর্থঃ ॥২৩৬॥৯

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বাদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১২॥

আনন্দগিরিঃ।—যদ্ ব্রহ্ম গায়ত্র্যবচ্ছিন্নমুপাস্যমুক্তং, হৃদয়াকাশে তদ্ধ্যেয়মিতি বক্তুং ক্রমেণ হৃদয়াকাশমবতারয়তি—যদ্বৈ তদিত্যাদিনা ॥২৩৪॥৭

আনন্দগিরিঃ।—॥২৩৫॥৮

একস্যাকাশস্য কথং ত্রৈবিধ্যমুক্তমিতি শঙ্কতে—কথমিতি। ঔপাধিকং ত্রৈবিধ্যমবিরুদ্ধমিতি পরিহরতি—উচ্যত ইতি। বাহ্যেন্দ্রিয়বিষয়ত্বং তদবিষয়শব্দাদ্যাশ্রয়ত্বং স্বপ্নস্থানভূতে নভসীতি সম্বন্ধঃ। ন কঞ্চনেত্যাদিনা নিষেধদ্বয়েন পূর্ব্বপ্রকারমবস্থাদ্বয়ং নিষিধ্যতে। নিষেধফলমাহ—অতইতি। সর্ব্বদুঃখং স্থূলং বাসনাময়ং চ, তন্নিবৃত্ত্যা নিরূপ্যমাণং হৃদয়াকাশমিত্যর্থঃ। ঔপাধিকত্রৈবিধ্যমুপসংহরতি—অত ইতি। তথাপি কিমিত্যনেন ক্রমেণাকাশস্য সঙ্কোচো হৃদয়ে ক্রিয়তে, তত্রাহ—বহির্দ্ধেতি। স্থানস্তুতি মুদাহরণেন স্ফুটয়তি—যথেতি। অত্র কুরুক্ষেত্রমর্দ্ধতোঽর্দ্ধস্থানীয়ং, পৃথূদকমপি তথেতি দ্বিদলযুগলমিব তদুভয়ং লোকত্রয়াপেক্ষয়া বিশিষ্টতরমিত্যর্থঃ। হৃদয়াকাশে চেতঃ সমাধীয়তে চেৎ ততশ্চাত্র পরিচ্ছিন্নং ব্রহ্ম প্রাপ্তমিত্যাশঙ্ক্যাহ—তদেতদিতি। পূর্ণত্বেন জন্মনাশশূন্যত্বং সিধ্যতীত্যাহ—অপ্রবর্ত্তীতি। প্রধানফলত্বং ব্যাবর্ত্তয়তি—গুণফলমিতি। দৃষ্টফলবতে স্বর্গাপ্তিরিতি দৃষ্টমিত্যুক্তম্। জ্ঞানমেব বিশিনষ্টি—ইহৈবেতি। বর্ত্তমানো দেহঃ সপ্তম্যর্থঃ। যো বিদ্বানেবং, স যথোক্তং ফলং লভত ইতি সম্বন্ধঃ ॥২৩৬॥৯

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বাদশঃ খণ্ডঃ ॥১২॥

ভাষ্যানুবাদ।—গায়ত্রীরূপে সেই যে অমৃতস্বরূপ ত্রিপাদ্ ব্রহ্ম উক্ত হইয়াছেন, ইহাই তাহা, অর্থাৎ বক্ষ্যমাণ বস্তুই তৎস্বরূপ। ইহা কি, [তাহা বলিতেছেন] পুরুষের (জীবদেহের) বাহিরে এই যে ভৌতিক আকাশ, পুরুষের বহিঃস্থিত সেই যে ভূতাকাশ উক্ত হইল ॥২৩৪॥৭

ইহাই সেই আকাশ, যাহা এই পুরুষে অর্থাৎ শরীরের অভ্যন্তরে অবস্থিত আকাশ, সেই যে পুরুষের অভ্যন্তরের আকাশ ॥২৩৫॥৮

ইহাই সেই আকাশ, যাহা এই হৃদয়ের মধ্যে অর্থাৎ হৃৎপদ্মমধ্যে অবস্থিত

আকাশ। আকাশ ত এক, তাহার ত্রিবিধ ভেদ কিরূপে হয়? [ইহার উত্তর] কথিত হইতেছে—[চক্ষুঃকর্ণাদি] বহিরিন্দ্রিয়-গ্রাহ্য জাগ্রদবস্থার আকাশে দুঃখের আধিক্য উপলব্ধি হইয়া থাকে; স্বপ্নস্থান দেহমধ্যে তদপেক্ষা অল্প পরিমাণ দুঃখ অনুভূত হইয়া থাকে; সেই স্বপ্নদর্শীরই আবার হৃদয়স্থ আকাশে কোন প্রকার বিষয় প্রার্থিত হয় না, এবং কোন প্রকার স্বপ্নও দৃষ্ট হয় না; অতএব, সুষুপ্তি-স্থান-স্বরূপ আকাশটি সর্ব্বদুঃখ-নিবৃত্তিরূপ, অর্থাৎ সুষুপ্তি-স্থানভূত হৃদয়াকাশে কোন-প্রকারেই দুঃখ-সম্বন্ধ নাই*। অতএব [উপলব্ধির প্রভেদানুসারে] একই আকাশের ত্রিবিধ ভেদনির্দ্দেশ যুক্তিযুক্তই বটে। দেহের বহির্ভাগস্থ আকাশ হইতে আরম্ভ করিয়া আকাশের যে, ক্রমশঃ সংকোচ করা হইয়াছে, চিত্ত-সমাধির (চিত্তের একাগ্রতার) প্রশংসা করাই তাহার উদ্দেশ্য। যেমন, ত্রিলোকের মধ্যে কুরুক্ষেত্রই উৎকৃষ্ট স্থান; তাহারও আবার অর্দ্ধাংশ কুরুক্ষেত্র, আর অর্দ্ধাংশ পৃথূদক।' এখানে যেরূপ [কুরুক্ষেত্রের উৎকর্ষ-খ্যাপনের জন্য ক্রমে স্থান-সঙ্কোচ করা হইয়াছে, ইহাও তদ্রূপ]। সেই এই হৃদয়াকাশাখ্য ব্রহ্ম পূর্ণ সর্ব্বগত; যদিও হৃদয়মধ্যেই চিত্তকে সমাহিত করা হউক, তথাপি তাহাকে হৃদয়েই পরিসমাপ্ত মনে করিতে হইবে না। অপ্রবর্ত্তি—কোনও কারণে কোথাও প্রবৃত্ত না হওয়া যাহার স্বভাব, তাহাই অপ্রবর্ত্তি, অর্থাৎ অনুচ্ছেদ বা অবিনাশই তাহার ধর্ম্ম; এবং অন্যান্য ভূতসমূহ যেমন পরিচ্ছিন্ন ও বিনাশশীল, হৃদয়াকাশ সেরূপ নহে। যিনি যথোক্তপ্রকার পূর্ণ ও অপ্রবর্ত্তি-গুণসম্পন্ন ব্রহ্মকে জানেন, তিনি, পূর্ণা ও অনুচ্ছেদাত্মিকা (ধ্বংস-রহিত) সম্পদ্ লাভ করেন। ইহা কেবল ইহ লোকে ভোগ্য গুণফলমাত্র † [প্রকৃত পক্ষে] সেই বিদ্বান্ ইহলোকে জীবদ্দশায়ই ব্রহ্মভাব লাভ করিয়া থাকে ॥২৩৬॥৯

ইতি তৃতীয় অধ্যায়ের দ্বাদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১২॥

———

(*) তাৎপর্য্য—জাগরিত, স্বপ্ন ও সুষুপ্তি, এই তিনটি স্থান প্রসিদ্ধ আছে। তন্মধ্যে, চক্ষুরাদি ইন্দ্রিয়ের সাহায্যে বিষয় উপলব্ধির স্থান 'জাগরিত-স্থান', ইন্দ্রিয়গণ বিশ্রাম লাভ করিলে, কেবল মনের সাহায্যে যে, বিষয়োপলব্ধি-স্থান, তাহা 'স্বপ্নস্থান', আর মনেরও ক্রিয়া স্থগিত হইয়া গেলে যে, বিষয়-নিরপেক্ষ আত্মানন্দ-স্ফুরণ, তাহার নাম 'সুষুপ্তিস্থান'। দেহের বাহিরে অবস্থিত ভূতাকাশে ইন্দ্রিয়জনিত জ্ঞানের বিকাশ হয়, এই জন্য উহাতে দুঃখবাহুল্য থাকাও সম্ভবপর হয়। স্বপ্ন সময়ে কেবলই মানস সঙ্কল্পবশে শরীরাভ্যন্তরস্থ আকাশে স্বভাবতই দুঃখের অল্পতা ঘটিয়া থাকে; আর সুষুপ্তিস্থানে কোনরূপ বিষয়ে প্রিয়সম্বন্ধ না থাকায় দুঃখের অত্যন্ত অভাব ও বিমল সুখের স্ফুরণ হইয়া থাকে।

(†) তাৎপর্য্য—শাস্ত্রোক্ত ক্রিয়ামাত্রেই প্রায় দ্বিবিধ ফল নিষ্পন্ন হইয়া থাকে; একটি প্রধান ফল, অপরটি গুণফল। যেমন ফল-ভোগের জন্য বৃক্ষ রোপণ করা হয়, ফল-ভোগই তাহার মুখ্য ফল, এবং সেই বৃক্ষেরই যে ছায়া ও পুষ্পসৌরভাদি ভোগ করা হয়, সেগুলি তাহার গুণফল বা অপ্রধান ফল। এখানেও ঐরূপ সম্পদ্ লাভটা গুণফল, আর ব্রহ্মভাবপ্রাপ্তিই ইহার মুখ্য ফল।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

তস্য হ বা এতস্য হৃদয়স্য পঞ্চ দেবসুষয়ঃ; স যোঽস্য প্রাঙ্‌সুষিঃ স প্রাণস্তচ্চক্ষুঃ স আদিত্যস্তদেতত্তেজোঽন্নাদ্য-মিত্যুপাসীত; তেজস্ব্যন্নাদো ভবতি, য এবং বেদ ॥২৩৭॥ ১

তস্য (পূর্ব্বোক্তস্য) এতস্য (হৃদয়স্য) হবা (প্রসিদ্ধিদ্যোতকৌ নিপাতৌ) পঞ্চ দেবসুষয়ঃ (দেবাধিষ্ঠিতানি পঞ্চচ্ছিদ্রাণি) [সন্তি]। [তত্র] অস্য (হৃদয়স্য) যঃ (প্রসিদ্ধঃ) প্রাঙ্‌সুষিঃ (পূর্ব্বভাগস্থং ছিদ্রং), সঃ (পূর্ব্বসুষিঃ) সঃ (প্রসিদ্ধঃ) প্রাণঃ, তৎ চক্ষুঃ, সঃ আদিত্যঃ, (তত্র প্রাণাদীনাম্ অবস্থিতেরিতিভাবঃ)। তৎ এতৎ (প্রাণাখ্যং ব্রহ্ম) তেজঃ অন্নাদ্যং (তেজোরূপেণ অন্নাদ্যরূপেণ চ) উপাসীত [বিদ্বানিতি শেষঃ]। যঃ এবং (যথোক্তগুণং) বেদ [সঃ] তেজস্বী অন্নাদঃ (প্রভূতান্নঃ চ) ভবতি ॥

সেই এই হৃদয়ে পাঁচটি দেব-ছিদ্র অর্থাৎ দেবতাধিষ্ঠিত রন্ধ্র আছে। তন্মধ্যে পূর্ব্বভাগস্থ যে ছিদ্র, তাহাই সেই প্রাণ, সেই চক্ষু এবং সেই আদিত্যস্বরূপ, অর্থাৎ ইঁহারা সেখানে অবস্থান করেন। উপাসক ব্যক্তি সেই এই প্রাণকেই তেজ ও অন্নাদ্য বলিয়া উপাসনা করিবে। যিনি এই ভাবে অবগত হন, তিনিও তেজস্বী এবং অন্নাদ অর্থাৎ প্রচুর-অন্নভোক্তা হন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তস্য হ বা ইত্যাদিনা গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণ উপাসনাঙ্গত্বেন দ্বারপালাদিগুণবিধানার্থমারভতে। যথা লোকে দ্বারপালা রাজ্ঞ উপাসনেন বশী-কৃতা রাজপ্রাপ্ত্যর্থা ভবন্তি, তথেহাপীতি। তস্যেতি প্রকৃতস্য হৃদয়স্যেত্যর্থঃ। এতস্যানন্তরনির্দ্দিষ্টস্য পঞ্চ পঞ্চসঙ্খ্যাকা দেবানাং সুষয়ো দেবসুষয়ঃ স্বর্গলোক-প্রাপ্তিদ্বারচ্ছিদ্রাণি, দেবৈঃ প্রাণাদিত্যাদিভিঃ রক্ষ্যমাণানীত্যতো দেবসুষয়ঃ, তস্য স্বর্গলোকভবনস্য হৃদয়স্যাস্য যঃ প্রাঙ্‌সুষিঃ পূর্ব্বাভিমুখস্য প্রাগ্‌গতং যচ্ছিদ্রং দ্বারং, স প্রাণঃ, তৎস্থস্তেন দ্বারেণ যঃ সঞ্চরতি বায়ুবিশেষঃ, স প্রাগনিতীতি প্রাণঃ। তেনৈব সম্বদ্ধমব্যতিরিক্তং তচ্চক্ষুঃ, তথৈব স আদিত্যঃ "আদিত্যো হ বৈ বাহ্য-প্রাণঃ" ইতি শ্রুতেঃ চক্ষূরূপপ্রতিষ্ঠাক্রমেণ হৃদি স্থিতঃ; "স আদিত্যঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি, চক্ষুষি" ইত্যাদি বাজসনেয়কে। প্রাণবায়ুদেবতৈব হ্যেকা চক্ষুরাদিত্যশ্চ সহাশ্রয়েণ। বক্ষ্যতি চ—'প্রাণায় স্বাহেতি হুতং হবিঃ সর্ব্বমে-

তত্তর্পয়তি' ইতি। তদেতৎপ্রাণাখ্যং স্বর্গলোকদ্বারপালত্বাদ্ ব্রহ্ম। স্বর্গলোকং প্রতিপিৎসুস্তেজস্বী এতচ্চক্ষুরাদিত্যস্বরূপেণ অন্নাদত্বাচ্চ সবিতুঃ তেজোঽন্নাদ্যম্ ইত্যাভ্যাং গুণাভ্যাম্ উপসীত; ততঃ তেজস্বী অন্নাদশ্চ আময়াবিত্বরহিতো ভবতি, য এবং বেদ; তস্যৈতদ্গুণফলম্। উপাসনেন বশীকৃতো দ্বারপঃ স্বর্গলোক-প্রাপ্তিহেতুর্ভবতীতি মুখ্যঞ্চ ফলম্ ॥২৩৭॥১

আনন্দগিরিঃ।—বক্ষ্যমাণজ্ঞানস্য স্বাতন্ত্র্যং পরিহৃত্য প্রকরণভেদং ব্যাবর্ত্তয়িতু-মুত্তরগ্রন্থস্য তাৎপর্য্যমাহ—তস্যেতি। দ্বারপালাদীত্যাদিপদেন তদ্গতো বিশেষো গৃহ্যতে। ব্রহ্মণ্যুপাসনেনাপ্রসিদ্ধিতো দ্বারপালোপাস্তিরযুক্তেত্যাশঙ্ক্যাহ—যথেতি। ইতি তদুপাস্তিরর্থবতীতি শেষঃ। স্বর্গলোকশব্দঃ পরমাত্মবিষয়ঃ। স্বর্গং লোকমিত উর্দ্ধো বিমুক্তা ইতি শ্রুত্যন্তরাৎ। দেবসুষিত্বং সাধয়তি—দেবৈরিতি। স্বর্গলোকস্য পরমাত্মনো ভবনমায়তনং, তস্যেতি যাবৎ। প্রাক্ত্বেঽনবস্থামাশঙ্ক্যোক্তং পূর্ব্বাভি-মুখস্যেতি—তৎস্থস্তেনেতি। তচ্ছব্দো হৃদয়বিষয়ঃ—তেনৈবেতি। প্রাণবিষয়স্তচ্ছব্দঃ। তদ্ব্যতিরিক্তত্বং স্বাতন্ত্র্যেণ চক্ষুষোঽকিঞ্চিৎকরত্বম্। ন হি চক্ষুষা প্রাণস্য সম্বন্ধঃ নহি বাহ্যস্যৈতৎসম্বন্ধে নিবন্ধনমস্তি; তত্রাহ—চক্ষুরিতি। অধিষ্ঠাতৃত্বেনাদিত্যশ্চক্ষুষি প্রতিষ্ঠিতশ্চক্ষুশ্চ গ্রাহকতয়া রূপে প্রতিষ্ঠিতং রূপদর্শনে করণীভবতি। তথৈব প্রাণস্য চক্ষুষ্ট্বমিত্যর্থঃ। প্রাণাদিত্যয়োরৈক্যে প্রমাণমাহ—আদিত্যো হেতি। কথং যথোক্ত-স্যাদিত্যস্য হৃদয়সুষিদ্বারস্থানিত্বং বাসনাত্মনা হৃদয়ে প্রতিরূপাণি প্রতিষ্ঠিতানি, তদনেন ক্রমেণাদিত্যো হৃদয়ে তিষ্ঠতীত্যর্থঃ। তত্র শ্রুত্যন্তরং প্রমাণয়তি—স আদিত্য ইতি। একদেবতাভিন্নত্বাদপি প্রাণভেদেন চক্ষুরাদিত্যয়োরাধ্যানং যুক্তমিত্যাহ—প্রাণেতি। আশ্রয়শব্দেন রূপাণি হৃদয়ং চোচ্যতে দ্যুলোকো বা। আদিত্যশ্চক্ষুষোঃ দেবস্তদধি-ষ্ঠিতস্য সর্ব্বস্য প্রাণাত্মত্বে বাক্যশেষমনুকূলয়তি—বক্ষ্যতি চেতি। নহি প্রাণে তৃপ্যতি সর্ব্বস্য তৃপ্তিস্তাদাত্ম্যমন্তরেণ সম্ভবতীতি ভাবঃ। তদেতৎ প্রাণাখ্যং ব্রহ্ম স্বর্গলোকং প্রতিপিৎসুঃ সন্ পুরুষস্তেজোঽন্নাদ্যমিত্যাভ্যাং গুণাভ্যাং বিশিষ্টমুপাসীতেতি সম্বন্ধঃ। কিমিতি যথোক্তোঽধিকারী প্রাণোপাসনে নিযুজ্যতে, তত্রাহ—স্বর্গেতি। তথাপি কথং যথোক্তগুণদ্বয়বৈশিষ্ট্যং প্রাণাখ্যস্য ব্রহ্মণঃ সিধ্যতি, তত্র তেজঃশব্দং ব্যাকুর্ব্বন্নাহ —তেজস্বীতি। এতৎপ্রাণাখ্যং ব্রহ্মোভয়রূপেণ তেজস্বী তথাচ তেজোগুণবিশিষ্ট-তয়া তদুপাসনামর্হতি। সবিতুশ্চান্নাদত্বং বৃষ্টিদ্বারেণ "আদিত্যাজ্জায়তে বৃষ্টিঃ" ইত্যাদৌ দৃষ্টম্, অতশ্চান্নং চ তদাদ্যং চেতি গুণান্তরবিশিষ্টত্বেনাপি সবিতৃরূপং প্রাণাখ্যং ব্রহ্ম ধ্যানার্হমিত্যর্থঃ। কিং তর্হি মুখ্যং ফলম্ ইতি, তদাহ—উপাসনেনেতি ॥২৩৭॥১

ভাষ্যানুবাদ।—"তস্য হ বৈ" ইত্যাদি বাক্যে গায়ত্রীসংজ্ঞক ব্রহ্মের উপাসনার্থ দ্বারপালাদিরূপ গুণবিধানার্থ [এই প্রকরণ] আরব্ধ হইয়াছে। জগতে [দেখা যায়], রাজার উপাসনা করিলেই যেরূপ দ্বারপালগণ বশীভূত হইয়া রাজার সহিত সাক্ষাৎ-কারের সহায় হইয়া থাকে, এখানেও তদ্রূপ। 'তস্য' অর্থ—প্রস্তাবিত হৃদয়ের

'এতস্য' অর্থ অব্যবহিত পূর্ব্বোক্তের, অর্থাৎ অব্যবহিত পূর্ব্বোক্ত প্রস্তাবিত হৃদয়ের পঞ্চ—পঞ্চসংখ্যক দেবসুষি—দেবগণের সুষি (ছিদ্র), দেবসুষি অর্থ স্বর্গলোকে প্রবেশের দ্বারভূত ছিদ্রসমূহ। প্রাণও আদিত্যাদি দেবগণকর্ত্তৃক রক্ষিত হয়; এইজন্য উহারা 'দেবসুষি' পদবাচ্য। সেই এই স্বর্গলোকভবনস্বরূপ হৃদয়ের যে প্রাক্ সুষি, অর্থাৎ পূর্ব্বাভিমুখ হৃদয়ের যে পূর্ব্বদিগ্‌বর্ত্তী ছিদ্ররূপ দ্বার, তাহাই প্রাণ, অর্থাৎ তত্রত্য যে বায়ুবিশেষ সেই পথ দ্বারা সঞ্চরণ করে, তাহাই প্রাক্-গমনশীল বলিয়া 'প্রাণ' [সংজ্ঞায় অভিহিত]। আর প্রসিদ্ধ চক্ষুও তাহারই সহিত সংবদ্ধ; [সুতরাং] অপৃথগ্‌ভূত। আদিত্যও তৎস্বরূপ, অর্থাৎ 'সেই আদিত্যই দেহবহিস্থিত প্রাণ-স্বরূপ' এই শ্রুতি অনুসারে [জানা যায় যে], চাক্ষুষরূপে অবস্থিতি-পরম্পরাক্রমে আদিত্যও হৃদয়ে অবস্থিত আছেন। বিশেষতঃ বাজসনেয়কে (যজুর্ব্বেদীয় বৃহদারণ্যকোপনিষদে) আছে যে, 'সেই আদিত্য কোথায় আছেন ? [উত্তর—] চক্ষুতে আছেন' ইত্যাদি। প্রাণবায়ুরূপ একই দেবতা একাশ্রয়াবস্থিতি নিবন্ধন চক্ষু ও আদিত্য নামে অভিহিত হন। একথা পরেও বলিবেন—'প্রাণায় স্বাহা' বলিয়া যে হবি অর্পিত হয়, তাহাই ইহার তৃপ্তিসাধন করে। অতএব স্বর্গলোক-লাভেচ্ছু তেজস্বী পুরুষ, স্বর্গলোকের দ্বারপালত্ব হেতু এবং চক্ষুও আদিত্যরূপে ভোগ্য বলিয়া সেই এই প্রাণ-নামক ব্রহ্মকে আদিত্যের তেজঃ ও অন্নাদ্য গুণবিশিষ্টরূপে উপাসনা করিবেন। অতএব, যিনি এবংপ্রকারে জানেন, তিনি তেজস্বী ও অন্নাদ অর্থাৎ অগ্নিমান্দ্য-ব্যাধিবিমুক্ত হন। ইহা তাহার (বিদ্বানের) গুণফল অর্থাৎ ইহাই তাহার মুখ্যফল নহে; পরন্তু উপাসনা দ্বারা বশীকৃত সেই দ্বারপালই যে তাহার স্বর্গলোকপ্রাপ্তির হেতুভূত হইয়া থাকেন, ইহাই এই উপাসনার মুখ্য ফল ॥২৩৭॥১

অথ যোঽস্য দক্ষিণঃ সুষিঃ স ব্যানস্তচ্ছ্রোত্রꣳ স চন্দ্রমা-স্তদেতচ্ছ্রীশ্চ যশশ্চেত্যুপাসীত; শ্রীমান্ যশস্বী ভবতি, য এবং বেদ ॥২৩৮॥২

অথ অস্য (হৃদয়স্য) যঃ দক্ষিণঃ সুষিঃ, সঃ ব্যানঃ (প্রাণভেদঃ), তৎ শ্রোত্রং, সঃ চন্দ্রমাঃ, তৎ এতৎ (হৃদয়ং) শ্রীঃ চ যশঃ চ, ইতি (এতাভ্যাং শ্রীযশোগুণাভ্যাং) উপাসীত। যঃ এবং শ্রী-যশোগুণযুক্তং বেদ (উপাসীত), [সঃ] শ্রীমান্ যশস্বী চ ভবতি॥

হৃদয়ের যে দক্ষিণ ছিদ্র, তাহাই সেই ব্যানবায়ুস্বরূপ, সেই শ্রোত্রস্বরূপ, এবং

সেই চন্দ্রস্বরূপ; সেই এই হৃদয়কে শ্রী ও যশোরূপে উপাসনা করিবে; যিনি এইরূপ জানেন (উপাসনা করেন), তিনি শ্রীমান্ ও যশস্বী হইয়া থাকেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যোঽস্য দক্ষিণঃ সুষিঃ, তৎস্থো বায়ুবিশেষঃ, স বীর্য্যবৎ কর্ম্ম কুর্ব্বন্ বিগৃহ্য বা প্রাণাপানৌ নানা বা অনিতীতি ব্যানঃ, তৎসম্বদ্ধমেব চ তচ্ছ্রোত্রমিন্দ্রিয়ম্। তথা স চন্দ্রমাঃ—"শ্রোত্রেণ সৃষ্টা দিশশ্চ চন্দ্রমাশ্চ" ইতি শ্রুতেঃ। সহাশ্রয়ৌ পূর্ব্ববৎ। তদেতচ্ছ্রীশ্চ বিভূতিঃ শ্রোত্রচন্দ্রমসোর্জ্ঞানান্নহেতুত্বম্ অতস্তাভ্যাং শ্রীত্বম্। জ্ঞানান্নবতশ্চ যশঃ খ্যাতির্ভবতীতি যশোহেতুত্বাদ্‌যশস্ত্বম্। অতস্তাভ্যাং গুণাভ্যামুপাসীতেত্যাদি সমানম্ ॥২৩৮॥২

আনন্দগিরিঃ।—হৃদয়স্য পূর্ব্বদিগবস্থিতচ্ছিদ্রসম্বন্ধিত্বেন প্রাণমুক্ত্বা ব্যানঃ শ্রোত্রং চন্দ্রমাশ্চেতি ত্রিতয়মিতরসম্বদ্ধমুপাস্যমিত্যাহ—অথেতি। বীর্য্যবৎ কর্ম্ম কুর্ব্বন্ননিতীতি সম্বন্ধঃ। প্রাণাপানৌ বিগৃহ্য বিরুধ্য বা অয়মনিতীতি পক্ষান্তরং নানাস্কন্ধসন্ধিমর্ম্মসু বিবিধমনিতি চেষ্টত ইতি বিকল্পান্তরং, তেন ব্যানেন সম্বন্ধঃ শ্রোত্রস্য শ্রুত্যুক্তত্বাদ্ধ্যানার্থো মন্তব্যঃ। যথা শ্রোত্রস্য ব্যানেন সম্বন্ধস্তথা চন্দ্রমসোঽপি তেন সম্বন্ধস্য শ্রুত্যুক্তত্বাদেব ধ্যানার্থতয়া গ্রাহ্যঃ, ইত্যাহ—তথেতি। শ্রোত্র-চন্দ্রমসোঃ সম্বন্ধে শ্রুত্যন্তরমনুকূলয়তি—শ্রোত্রেণেতি। যদ্‌বিরাজঃ শ্রোত্রং, তদাত্মনা দিশশ্চন্দ্রমাশ্চেত্যেতে সৃষ্টাইতি শ্রুতেরিত্যর্থঃ। মিথঃ সম্বন্ধেঽপি কথম্ অনয়োঃ ব্যানাত্মত্বম্? ব্যানে তৃপ্যতীত্যাদি বাক্যশেষাদবধেয়মিত্যর্থঃ। তদেতদ্‌ব্যানাখ্যং ব্রহ্ম শ্রীশ্চ যশশ্চেত্যাভ্যাং গুণাভ্যামুপাসীতেতি সম্বন্ধঃ। কথং তস্য গুণদ্বয়বতো ধ্যানম্? ইত্যাশঙ্ক্য শ্রোত্রস্য জ্ঞানহেতুত্বাৎ চন্দ্রমসোঽন্নহেতুত্বাৎ তয়োরাশ্রয়ত্বে তদাত্মনো ব্যানস্যাপি তদ্‌গুণত্বোপপত্তিরিত্যাহ—শ্রোত্রেতি। ব্যানাখ্যে ব্রহ্মণি গুণান্তরং সাধয়তি—জ্ঞানেতি। উক্তস্য ব্রহ্মণো গুণদ্বয়সম্ভবোঽতঃশব্দার্থঃ। শ্রীমানিত্যাদিফলবাক্যগাদিশব্দার্থঃ। সমানং তেজস্বীত্যাদিবাক্যেনেতি শেষঃ ॥২৩৮॥২

ভাষ্যানুবাদ।—আর এই হৃদয়ের যে দক্ষিণ রন্ধ্র, অর্থাৎ তাহাতে অবস্থিত বায়ুবিশেষ, তাহাই শক্তি-সাধ্য কর্ম্ম করে বলিয়া, অথবা প্রাণ ও অপানবায়ুর সহিত বিরোধ করে কিংবা বিবিধপ্রকারে গমন করে বলিয়া ব্যান [বি+আ+অন=ব্যান] সংজ্ঞায় অভিহিত হইয়া থাকে। শ্রোত্র ইন্দ্রিয়টিও তাহার সহিত সম্বদ্ধ; চন্দ্রও সেইরূপ (তৎসম্বদ্ধ); কারণ, শ্রুতি বলিয়াছেন, 'দিক্‌সমূহ ও চন্দ্র উভয়ই শ্রোত্রসৃষ্ট।' পূর্ব্বের ন্যায় এই দুইটিও একাশ্রয়-গত। সেই এই শ্রোত্রই শ্রী অর্থাৎ বিভূতিস্বরূপ; কেননা, শ্রোত্র ও চন্দ্র, ইহারা উভয়েই জ্ঞান ও অন্নের হেতুভূত (উৎপাদক); অতএব, তদুভয় গুণেই ইহার শ্রীত্ব (বিভূতিত্ব) সিদ্ধ হয়। আর জ্ঞানবান্ ও অন্নবান্ ব্যক্তির যশঃ অর্থাৎ লোক-প্রতিষ্ঠা হইয়া থাকে; অতএব যশের

হেতু বলিয়াই উহার যশস্ত্ব, অর্থাৎ 'যশঃ' এই নামে ব্যবহারের যোগ্যতা। অতএব, উক্ত উভয় গুণযোগে তাহার উপাসনা করিবে ; ইত্যাদির অর্থ পূর্ব্ববৎ ॥২৩৮॥২

অথ যোঽস্য প্রত্যঙ্ সুষিঃ, সোঽপানঃ সা বাক্ সোঽগ্নি-স্তদেতদ্ব্রহ্মবর্চ্চসমন্নাদ্যমিত্যুপাসীত ; ব্রহ্মবর্চ্চস্যন্নাদো ভবতি, য এবং বেদ ॥২৩৯॥৩

অথ অস্য (হৃদয়স্য) যঃ প্রত্যঙ্ (পশ্চিমভাগস্থঃ) সুষিঃ (ছিদ্রং), সঃ অপানঃ, সা বাক্, সঃ অগ্নিঃ ; তৎ এতৎ (অপানাখ্যং ব্রহ্ম) ব্রহ্মবর্চ্চসং (সাধুচরিত্রাধ্যয়নাদি-জনিতং তেজঃ) অন্নাদ্যং [চ] ইতি (উক্তগুণদ্বয়োপেতম্ ইতি) উপাসীত। যঃ এবং বেদ (উপাস্তে), [সঃ] ব্রহ্মবর্চ্চসী অন্নাদঃ [চ] ভবতি।

সেই হৃদয়ের যে পশ্চিমভাগস্থ রন্ধ্র, তাহাই অপান, তাহাই বাক্, এবং তাহাই অগ্নিস্বরূপ ; সেই এই অপানাখ্য ব্রহ্মকে ব্রহ্মবর্চ্চস ও অন্নাদ্য বলিয়া উপাসনা করিবে। যিনি এরূপ জানেন, তিনি ব্রহ্মবর্চ্চসী ও অন্নাদ অর্থাৎ প্রচুরতর অন্নসম্পন্ন হন॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যোঽস্য প্রত্যঙ্সুষিঃ পশ্চিমঃ তৎস্থো বায়ুবিশেষঃ, স মূত্রপুরীষাদ্যপনয়ন্ অধোঽনিতীত্যপানঃ। সা তথা সা বাক্, তৎসম্বন্ধাৎ ; তথা অগ্নিঃ ; তদেতদ্ ব্রহ্মবর্চ্চসং বৃত্ত-স্বাধ্যায়নিমিত্তং তেজো ব্রহ্মবর্চ্চসম্, অগ্নিসম্বন্ধাদ্ বৃত্তস্বাধ্যায়স্য। অন্নগ্রসনহেতুত্বাদপানস্য অন্নাদ্যত্বম্। সমানমন্যৎ ॥২৩৯॥৩

আনন্দগিরিঃ।—হৃদয়স্য পশ্চিমদিগবস্থিতসুষিসম্বন্ধত্বেনাপানো বাগগ্নিশ্চেতি ত্রিতয়মন্যোন্যসম্বদ্ধং ধ্যেয়মিত্যাহ—অথ যোঽস্যেতি। সোঽপান ইত্যস্যার্থমাহ—তৎস্থ ইতি। সোঽপান ইতি সম্বন্ধঃ। অপানশব্দং বায়ুবিশেষে ব্যুৎপাদয়তি—মূত্রেতি। আদিশব্দেন শুক্রাদি গৃহ্যতে। যথা চক্ষুষঃ শ্রোত্রস্য প্রাণত্বং ব্যানত্বং চোক্তং, তথা বাগপানো ভবতি, অপানে তৃপ্যতীত্যাদিশ্রুতেরিত্যাহ—সা তথেতি। যথা চক্ষুরাদিদ্বারেণাদিত্যাদেঃ প্রাণাদিরূপত্বমুক্তম্, তথা বাচোঽধিষ্ঠাতৃত্বেন সম্বন্ধাদগ্নিদ্বারেণাপানো ভবতীত্যাহ—সৎসম্বন্ধাদিতি। তদেতদপানাখ্যং ব্রহ্মবর্চ্চস-মন্নাদ্যমিত্যাভ্যাং গুণাভ্যাং বিশিষ্টমুপাসীতেতি সম্বন্ধঃ। ব্রহ্মবর্চ্চসং ব্যাচষ্টে—বৃত্তেতি। কথমপানাখ্যে ব্রহ্মণি যথোক্তো গুণঃ সিধ্যতীত্যাশঙ্ক্যাগ্নিদ্বারেত্যাহ—অগ্নিসম্বন্ধাদিতি। তথাপি কথমন্নাদ্যত্বমিত্যাশঙ্ক্যাপানদ্বারেণেত্যাহ—অন্নেতি। ব্রহ্মবর্চ্চসীত্যাদিফলবাক্যং শ্রীমানিত্যাদিনা তুল্যার্থত্বান্ন ব্যাখ্যানাপেক্ষমিত্যাহ—সমানমিতি ॥২৩৯॥৩

ভাষ্যানুবাদ।—এই হৃদয়েরই যে পশ্চিমভাগস্থ ছিদ্র, অর্থাৎ তাহাতে অবস্থিত বায়ুবিশেষ, তাহা মূত্র ও বিষ্ঠা প্রভৃতি অপনয়নপূর্ব্বক অধোদিকে গমন করে ; এই জন্য অপান সংজ্ঞায় অভিহিত হয়। পূর্ব্বের ন্যায় ইহাই বাক্ ;

কেননা, ইহা বাক্যের সহিত সম্বদ্ধ; তাহাই আবার অগ্নিস্বরূপ। সেই এই অপানই ব্রহ্মবর্চ্চস-স্বরূপ, সচ্চরিত্র ও বেদাধ্যয়নজনিত যে তেজঃ, তাহাই ব্রহ্মবর্চ্চস; কারণ সাধু চরিত্র ও স্বাধ্যায়, এতদুভয়ই অগ্নির সহিত সম্বদ্ধ। অন্ন কবলিত করিবার হেতুভূত বলিয়া অপানের অন্নাদ্যত্ব সিদ্ধ হয়। অপরাংশ পূর্ব্বের সমান ॥২৩৯॥৩

অথ যোঽস্যোদঙ্ সুষিঃ স সমানস্তন্মনঃ স পর্জ্জন্যঃ; তদেতৎ কীর্ত্তিশ্চ ব্যুষ্টিশ্চেত্যুপাসীত, কীর্ত্তিমান্ ব্যুষ্টিমান্ ভবতি, য এবং বেদ ॥২৪০॥৪

অথ অস্য (হৃদয়স্য) যঃ উদঙ্ সুষিঃ (উত্তরভাগস্থং ছিদ্রং), সঃ সমানঃ, তৎ মনঃ, সঃ পর্জ্জন্যঃ; তৎ এতৎ কীর্ত্তিঃ (যশঃ) চ, ব্যুষ্টিঃ (স্বপরিজ্ঞাতং লোকবিশ্রুতত্বং) চ (অপি), ইতি (কীর্ত্তি-ব্যুষ্টিগুণোপেতম্ ইতি) উপাসীত; যঃ এবং বেদ, [সঃ] কীর্ত্তিমান্ ব্যুষ্টিমান্ [চ] ভবতি॥

এই হৃদয়ের যে উত্তরভাগস্থ ছিদ্র, তাহাই সমানসংজ্ঞক প্রাণবায়ু, তাহাই মনঃ এবং তাহাই পর্জ্জন্যস্বরূপ; এই সমানকে কীর্ত্তি ও ব্যুষ্টি বলিয়া উপাসনা করিবে। যিনি এইরূপ জানেন, তিনি কীর্ত্তিমান্ ও ব্যুষ্টিমান্ হন। কীর্ত্তি অর্থ সাধারণ যশঃ, আর ব্যুষ্টি অর্থ—নিজের অনুভবগোচরীভূত লোকপ্রতিষ্ঠা॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যোঽস্য উদঙ্ সুষিঃ উদগ্গতঃ সুষিঃ, তৎস্থো বায়ুবিশেষঃ, সোঽশিত-পীতে সমং নয়তীতি সমানঃ। তৎসম্বদ্ধং মনোঽন্তঃকরণং স পর্জ্জন্যো বৃষ্ট্যাত্মকো দেবঃ, পর্জ্জন্যনিমিত্তাশ্চ আপ ইতি। "মনসা সৃষ্টা আপশ্চ বরুণশ্চ" ইতি শ্রুতেঃ। তদেতৎ কীর্ত্তিশ্চ, মনসো জ্ঞানস্য কীর্ত্তিহেতুত্বাৎ। আত্মপরোক্ষং বিশ্রুতত্বং কীর্ত্তির্যশঃ। স্বকরণসংবেদ্যং বিশ্রুতত্বং ব্যুষ্টিঃ, কান্তির্দ্দেহগতং লাবণ্যম্। ততশ্চ কীর্ত্তিসম্ভবাৎ কীর্ত্তিশ্চেতি। সমানমন্যৎ ॥২৪০॥৪

আনন্দগিরিঃ।—হৃদয়স্যোত্তরসুষিসম্বদ্ধত্বেন সমানো মনঃ পর্জ্জন্যশ্চেতি ত্রিতয়ং পরস্পরসম্বদ্ধমুপাস্যমিত্যাহ—অথেতি। সমান ইতি সম্বন্ধঃ। সমানশব্দং বায়ুবিশেষে ব্যুৎপাদয়তি—অশিতেতি। মনসঃ সমানেন সম্বন্ধঃ, সমানে তৃপ্যতীত্যাদিশ্রুতে-র্গ্রাহ্যঃ, ইত্যাহ—তৎসম্বদ্ধমিতি। মনসি তৃপ্যতি পর্জ্জন্যস্তৃপ্যতীতি বাক্যশেষমাশ্রিত্য তয়োঃ সম্বন্ধমাহ—পর্জ্জন্য ইতি। শ্রুত্যন্তরাদপি তয়োঃ সম্বন্ধং বক্তুং পাতনিকামাহ —পর্জ্জন্যেতি। শেষঃ প্রসিদ্ধিপরামর্শার্থঃ। তথাপি কথং পর্জ্জন্যমনসোঃ সম্বন্ধসিদ্ধি-রিত্যাশঙ্ক্য বায়োরপি কারণত্বেনাদ্ভিঃ সম্বন্ধাৎ তদ্দ্বারা মিথোঽপি তৎসিদ্ধিরিত্যাহ—মনসেতি। তদেতৎ সমানাখ্যং ব্রহ্ম কীর্ত্তিশ্চ ব্যুষ্টিশ্চেত্যাভ্যাং গুণাভ্যামুপাসীতেতি সম্বন্ধঃ। তস্মিন্ ব্রহ্মণি কীর্ত্তিরূপং গুণং সাধয়তি—মনসইতি। ব্যুষ্টেরর্থান্তরত্বং কীর্ত্তে-

দর্শয়তি—আত্মেতি। ততো ব্যুষ্টেরাচষ্টে—স্বকরণেতি। তামেবানুভবারূঢ়তয়া কথয়তি—কান্তিরিতি। কথং পুনর্দ্দেহগতস্য লাবণ্যস্য কীর্ত্তিতা সংভাব্যতে, তত্রাহ—তত্তশ্চেতি। লাবণ্যং পঞ্চম্যর্থঃ। ইত্যসঙ্কীর্ণগুণদ্বয়বিশিষ্টমুপাসনং সিদ্ধমিত্যর্থঃ। কীর্ত্তিমানিত্যাদিফলবাক্যস্য ব্রহ্মবর্চ্চসীত্যাদিনা তুল্যার্থত্বাৎ অব্যাখ্যেয়ত্বমাহ—সমানমিতি ॥২৪০॥৪

ভাষ্যানুবাদ।—এই হৃদয়ের যে উদগু সুষি—উত্তরভাগস্থ রন্ধ্র, অর্থাৎ তৎস্থ বায়ুবিশেষ; তাহাই ভুক্ত ও পীত বস্তুর সমতা প্রাপ্ত করায় বলিয়া 'সমান'-সংজ্ঞায় অভিহিত; মন অর্থাৎ অন্তঃকরণও অপানের সহিত সম্বদ্ধ; বৃষ্টিরূপী সেই পর্জ্জন্য-দেবও অর্থাৎ পর্জ্জন্য-সমুৎপন্ন জলও [তাহাতেই সম্বদ্ধ]; কারণ, শ্রুতি বলিয়াছেন যে, 'জল ও বরুণ, উভয়ই মনের সহিত সৃষ্ট'। মনোজনিত স্থানই কীর্ত্তির হেতু-ভূত; এই জন্য সেই এই সমানই কীর্ত্তিস্বরূপ; নিজের পরোক্ষ বা অবিজ্ঞাত কীর্ত্তির নাম যশঃ, আর নিজের ইন্দ্রিয়গম্য লোকপ্রসিদ্ধির নাম ব্যুষ্টি; আর দেহগত লাবণ্যের নাম কান্তি; অতএব, কীর্ত্তির কারণীভূত বলিয়া উহা কীর্ত্তিস্বরূপও বটে। অপরাংশ পূর্ব্বের সমান ॥২৪০॥৪

অথ যোঽস্যোর্দ্ধঃ সুষিঃ স উদানঃ স বায়ুঃ স আকাশঃ; তদেতদোজশ্চ মহশ্চেত্যুপাসীত; ওজস্বী মহস্বান্ ভবতি য এবং বেদ ॥২৪১॥৫

অথ অস্য (হৃদয়স্য) যঃ ঊর্দ্ধঃ (উপরিভাগস্থঃ) সুষিঃ, সঃ (তত্রস্থঃ বায়ুবিশেষঃ) উদানঃ (প্রাণভেদঃ); সঃ বায়ুঃ, সঃ আকাশঃ; তৎ এতৎ ওজঃ (বলং) চ, মহঃ (প্রকাশঃ) চ ইতি উপাসীত। যঃ এবং (যথোক্তগুণদ্বয়যুক্তং) বেদ, সঃ (বিদ্বান্) ওজস্বী মহস্বান্ চ ভবতি ॥

এই হৃদয়ের যে ঊর্দ্ধভাগস্থ ছিদ্র, তাহাই উদান, তাহাই বায়ু, এবং তাহাই আকাশস্বরূপ; সেই এই উদানকে ওজঃ (বল) ও মহঃ (প্রকাশ) গুণবিশিষ্ট-রূপে উপাসনা করিবে। যে লোক এইরূপ উপাসনা করেন, তিনি বলবান্ ও দীপ্তিমান্ হন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যোঽস্য ঊর্দ্ধঃ সুষিঃ, স উদান আপাদতলাৎ আরভ্যোর্দ্ধ-মুৎক্রমণাৎ উৎক্রমণার্থঞ্চ কর্ম্ম কুর্ব্বন্নিত্যুদানঃ স বায়ুস্তদাধারশ্চাকাশঃ, তদেতৎ বায্বাকাশয়োরোজোহেতুত্বাদোজো বলম্, মহত্ত্বাচ্চ মহ ইতি। সমানমন্যৎ ॥২৪১॥৫

আনন্দগিরিঃ।—হৃদয়স্যোর্দ্ধচ্ছিদ্রবৈশিষ্ট্যেনোদানো বায়ুরাকাশশ্চেতি ত্রিতয়মন্যোন্যসম্বন্ধমুপাস্যমিত্যাহ—অথো যোঽস্যেতি। উৎক্রমণাদুদান ইতি সম্বন্ধঃ। উদানে তৃপ্যতি বায়ুঃ তৃপ্যতীতি বাক্যশেষমাশ্রিত্যাহ—স বায়ুরিতি। বায়োরাকাশত্বমাধারাধেয়সম্বন্ধাৎ, বায়ৌ তৃপ্যত্যাকাশস্তৃপ্যতীতি শ্রুতেশ্চেত্যাহ—তদাধারশ্চেতি। তদেতদুদানাখ্যং ব্রহ্ম পূর্ব্ববৎ ওজো মহশ্চেত্যাভ্যাং বিশিষ্টমুপাসীতেতি সম্বন্ধঃ। উক্তগুণদ্বয়ং নির্দ্দিশতি—বায়্বাকাশয়োরিতি। ওজস্বীত্যাদ বাক্যস্য কীর্ত্তিমানিত্যাদিনা তুল্যার্থত্বমাহ—সমানমিতি ॥২৪১॥৫

ভাষ্যানুবাদ।—আর এই হৃদয়ের যে উর্দ্ধভাগস্থ ছিদ্র, তাহাই উদানস্বরূপ; কেননা, পাদতল হইতে আরম্ভ করিয়া উর্দ্ধে গমন করে বলিয়া উৎক্রমণসাধক কর্ম্ম সম্পাদন করে বলিয়া [উহার নাম] উদান। উহা বায়ুস্বরূপ, এবং আকাশ তাহার অধিকরণ বলিয়া উহা আকাশস্বরূপ। বায়ু ও আকাশ বলসম্পাদক এবং দীপ্তিশালী বলিয়া, সেই এই উদানও ওজঃ অর্থাৎ বল ও দীপ্তিস্বরূপ। অপরাংশ পূর্ব্বের সমান ॥২৪১॥৫

তে বা এতে পঞ্চ ব্রহ্মপুরুষাঃ স্বর্গস্য লোকস্য দ্বারপাঃ; স য এতানেবং পঞ্চব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদাস্য কুলে বীরো জায়তে; প্রতিপদ্যতে স্বর্গং লোকং, য এতানেবং পঞ্চ ব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদ ॥২৪২॥৬

তে (পূর্ব্বোক্তাঃ) বৈ (প্রসিদ্ধাঃ) এতে (প্রাণাদয়ঃ) পঞ্চ ব্রহ্মপুরুষাঃ (দহরব্রহ্মণঃ অধীনাঃ) স্বর্গস্য লোকস্য (হৃদয়স্য) দ্বারপাঃ (দ্বারপালা ইব)। সঃ যঃ (কশ্চিৎ) স্বর্গস্য লোকস্য দ্বারপান্ এতান্ পঞ্চ ব্রহ্মপুরুষান্ (প্রাণাদীন্) বেদ, অস্য (বিদুষঃ) কুলে (বংশে) বীরঃ (বলীয়ান্ পুত্রঃ) জায়তে। যশ্চ এতান্ পঞ্চ ব্রহ্মপুরুষান্ এবং (যথোক্তপ্রকারং) স্বর্গস্য লোকস্য দ্বারপান্ (দ্বারপালত্বেন) বেদ (উপাস্তে), সঃ (বিদ্বান্) স্বর্গং লোকং প্রতিপদ্যতে (লভতে)॥

সেই এই প্রাণাদি পাঁচটি ব্রহ্মপুরুষই স্বর্গলোকের দ্বারপালস্বরূপ; যে লোক এই পাঁচটি ব্রহ্মপুরুষকে স্বর্গলোকের দ্বারপাল বলিয়া উপাসনা করেন, তাঁহার বংশে বীর পুত্র জন্ম লাভ করে, এবং যিনি এই পাঁচটি ব্রহ্মপুরুষকে স্বর্গলোকের দ্বারপাল বলিয়া উপাসনা করেন, তিনি নিজেও স্বর্গলোক লাভ করেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—তে বা এতে যথোক্তাঃ পঞ্চসুষিসম্বন্ধাৎ পঞ্চ ব্রহ্মণো হার্দ্দস্য পুরুষা রাজপুরুষা ইব দ্বারস্থাঃ স্বর্গস্য হার্দ্দস্য লোকস্য দ্বারপাঃ দ্বারপালাঃ। এতৈর্হি চক্ষুঃশ্রোত্রবাঙ্মনঃপ্রাণৈর্ব্বহির্ম্মুখপ্রবৃত্তৈর্ব্রহ্মণো হার্দ্দস্য প্রাপ্তিদ্বারাণি

নিরুদ্ধানি। প্রত্যক্ষং হ্যেতৎ অজিতকরণতয়া বাহ্যবিষয়াসঙ্গানৃতপ্ররূঢ়ত্বাৎ ন হার্দ্দে ব্রহ্মণি মনস্তিষ্ঠতি। তস্মাৎ সত্যমুক্তম্ এতে পঞ্চব্রহ্মপুরুষাঃ স্বর্গস্য লোকস্য দ্বারপা ইতি। অতঃ স য এতান্ এবং যথোক্তগুণবিশিষ্টান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদ উপাস্তে উপাসনয়া বশীকরোতি, স রাজপালানিবোপাসনেন বশীকৃত্য তৈরনিবারিতঃ প্রতিপদ্যতে স্বর্গং লোকং রাজানমিব হার্দ্দং ব্রহ্ম। কিঞ্চ, অস্য বিদুষঃ কুলে বীরঃ পুত্রো জায়তে, বীরপুরুষসেবনাৎ। তস্য চ ঋণাপাকরণে ব্রহ্মোপাসনাপ্রবৃত্তিহেতুত্বম্; ততশ্চ স্বর্গলোকপ্রতিপত্তয়ে পারম্পর্য্যেণ ভবতীতি স্বর্গলোকপ্রতিপত্তিরেবৈকং ফলম্ ॥২৪২॥৬

আনন্দগিরিঃ।—তস্য হ বা এতস্যেত্যাদিনোক্তমনুবদতি—তে বা ইতি। কথং তে ব্রহ্মপুরুষাস্তত্রাহ—রাজপুরুষা ইতি। ব্যপদিশ্যন্ত ইত্যর্থঃ। তেষাং দ্বারপালত্বং প্রপঞ্চয়তি—এতৈরিতি। তত্র স্বানুভবং প্রমাণয়তি—প্রত্যক্ষং হীতি। বিবেক-বৈরাগ্যাভ্যাং বশীকৃতশ্রোত্রাদিকরণগ্রামোপেতত্বাভাবাৎ পরোক্ষশব্দাদিবিষয়ে আসঙ্গরূপানৃতাক্রান্তত্বাদিত্যর্থঃ। এতৈরেব বিষয়বিমুখৈঃ ব্রহ্মপ্রাপ্তিদ্বারাণি সমাধ্যাদিনা বিবৃতানীত্যভিপ্রেত্যোপসংহরতি—তস্মাদিতি। ব্রহ্মপুরুষানুক্তাননূদ্য সফলমুপাসনং দর্শয়তি—অত ইতি। অনিয়তানাং চক্ষুরাদীনাং ব্রহ্মপ্রাপ্তিবন্ধকত্বং, নিয়তানাং তু তৎপ্রাপ্তিহেতুত্বমিত্যতঃ শব্দার্থঃ। যথোক্তগুণবিশিষ্টত্বং চক্ষুরাদীনামাদিত্যাদ্যাত্মকত্বম্। অদৃষ্টং ফলমুক্ত্বা দৃষ্টং ফলমাহ—কিঞ্চেতি। যথোক্তপুত্রোৎপত্তির্বিবক্ষিতব্রহ্মপ্রাপ্তাবনুপযুক্তেত্যাশঙ্ক্যাহ—তস্য চেতি। পুত্রস্য ধ্যানানুসারিত্বং হেতুত্বং ততঃশব্দার্থঃ। পারম্পর্য্যেণোপাসনাদ্বারেণেতি যাবৎ। পুত্রস্য ধ্যানদ্বারা ব্রহ্মপ্রাপ্তিহেতুত্বে ফলিতমাহ—ইতি স্বর্গেতি ॥২৪২॥৬

ভাষ্যানুবাদ।—পূর্ব্বোক্ত সেই এই পঞ্চসুষি-সম্বদ্ধ পঞ্চসংখ্যক ব্রহ্মপুরুষেই অর্থাৎ হৃদয়াধিষ্ঠিত ব্রহ্মের অধীন পঞ্চ বায়ুই দ্বারস্থ রাজপুরুষগণের ন্যায় হৃদয়সম্বন্ধী স্বর্গলোকের দ্বারপালস্বরূপ; কেননা, বহির্মুখে প্রবৃত্ত, অর্থাৎ বাহ্য-বিষয়াসক্ত এই চক্ষু, শ্রোত্র, বাক্, মন ও প্রাণ দ্বারা হার্দ্দব্রহ্মের প্রাপ্তিপথসমূহ রুদ্ধ থাকে, আর ইন্দ্রিয়গণ বশীভূত না হইলে বাহ্যবিষয়ে আসক্তিবশতঃ মিথ্যা বস্তুতে নিরত মন যে হৃদয়স্থ ব্রহ্মে প্রতিষ্ঠিত হয় না, ইহা সকলেরই প্রত্যক্ষসিদ্ধ; অতএব, ইহা সত্যই বলা হইয়াছে যে, এই পাঁচটি ব্রহ্মপুরুষ স্বর্গলোকের দ্বারপালস্বরূপ। অতএব যে কোন লোক এবংবিধ গুণসম্পন্ন ইহাদিগকে স্বর্গলোকের দ্বারপাল বলিয়া জানেন—উপাসনা করেন, অর্থাৎ উপাসনা দ্বারা বশীভূত করেন, তিনি উপাসনা দ্বারা রাজার দ্বারপালগণকে বশীভূত করিয়া তাহাদের কর্ত্তৃক অনিবারিত হইয়া যেমন লোকে রাজাকে

প্রাপ্ত হয়, তেমনি উপাসনা দ্বারা বশীভূত সেই ব্রহ্মপুরুষগণ-কর্তৃক অনিবারিত হইয়া হার্দ্দিব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকেন। আরও এই বীরপুরুষগণের আরাধনার ফলে সেই বিদ্বানের বংশে বীর পুত্র জন্ম গ্রহণ করে, পুত্র দ্বারা পিতৃঋণ পরিশোধিত হয়; সুতরাং পুত্রও ব্রহ্মোপাসনায় প্রবৃত্তির একটি সহায়; এই জন্য পরম্পরা সম্বন্ধে পুত্রও সেই স্বর্গলোক-প্রাপ্তিরই উপায়স্বরূপ; সুতরাং স্বর্গলোকপ্রাপ্তিই ইহার একমাত্র ফল, [পুত্রলাভ একটি স্বতন্ত্র ফল নহে] ॥২৪২॥৬

অথ যদতঃ পরো দিবো জ্যোতির্দ্দীপ্যতে বিশ্বতঃ পৃষ্ঠেষু সর্ব্বতঃ পৃষ্ঠেষু অনুত্তমেষূত্তমেষু লোকেষু; ইদং বাব তদ্ যদিদ-মস্মিন্নন্তঃ পুরুষে জ্যোতিঃ ॥২৪৩॥৭

"ত্রিপাদস্যামৃতং দিবি" ইত্যুক্তস্য ব্রহ্মণঃ স্বরূপং নিরূপয়ন্ আহ—"অথ যৎ" ইত্যাদি। অথ (প্রকারান্তরারম্ভে) অতঃ (অস্মাৎ প্রকৃতাৎ স্বর্গাখ্যাৎ) দিবঃ (দ্যুলোকাৎ) পরঃ (পরং) যৎ জ্যোতিঃ (স্বপ্রকাশং ব্রহ্ম) বিশ্বতঃ পৃষ্ঠেষু—সর্ব্বতঃ সংসারস্যোপরি, [কিং বহুনা,] অনুত্তমেষু (নাস্তি উত্তমং যস্মাৎ, তথাভূতেষু) উত্তমেষু লোকেষু (সত্যলোকাদিষু) দীপ্যতে (নিত্যপ্রকাশতয়া বর্ত্ততে); ইদং (বক্ষ্যমাণং) বাব তৎ—যৎ অস্মিন্ পুরুষে অন্তঃ (অভ্যন্তরে) জ্যোতিঃ [অস্তীতি শেষঃ। পুরুষান্তর্জ্যোতিঃ বিশ্বোপরিস্থজ্যোতিশ্চৈকমিতি ভাবঃ]।

পূর্ব্বে "ত্রিপাৎ অস্যামৃতং দিবি", এই বাক্যে যে ব্রহ্মের কথা উক্ত হইয়াছে, এখন তাহারই বিশেষ নির্দ্দেশ করিতেছেন—ব্রহ্ম-পুরুষোপাসকলভ্য এই স্বর্গেরও উপর—বিশ্বের উপর—সমস্ত জগতের উপর, অধিক কি, যদপেক্ষা উৎকৃষ্ট নাই, সেই সর্ব্বোত্তম সত্য লোক প্রভৃতিতেও যে জ্যোতিঃ দীপ্তি পাইতেছে, ইহাই তাহা—যাহা পুরুষের অভ্যন্তরে অবস্থিত জ্যোতিঃ অর্থাৎ সেই জ্যোতিঃ আর পুরুষের অভ্যন্তরস্থ জ্যোতিঃ, উভয়ই এক ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যৎ অসৌ বিদ্বান্ স্বর্গং লোকং বীরপুরুষসেবনাৎ প্রতি-পদ্যতে, যচ্চোক্তং "ত্রিপাদস্যামৃতং দিবি" ইতি তদিদং লিঙ্গেন চক্ষুঃশ্রোত্রেন্দ্রিয়-গোচরমাপাদয়িতব্যম্। যথা অগ্ন্যাদির্ধূমাদিলিঙ্গেন। তথা হি এবমেবেদমিতি যথোক্তে অর্থে দৃঢ়া প্রতীতিঃ স্যাৎ—অনন্যত্বেন চ নিশ্চয় ইতি। অত আহ—যদতঃ অমুষ্মাৎ দিবঃ দ্যুলোকাৎ, পরঃ পরমিতি লিঙ্গব্যত্যয়েন, জ্যোতির্দীপ্যতে, স্বয়ংপ্রভং সদাপ্রকাশত্বাৎ দীপ্যত ইব দীপ্যতে ইত্যুচ্যতে, অগ্ন্যাদিবজ্জ্বলনলক্ষণায়া দীপ্তেরসম্ভবাৎ।

বিশ্বতঃ পৃষ্ঠেষু ইত্যেতস্য ব্যাখ্যানং সর্ব্বতঃ পৃষ্ঠেম্বিতি, সংসারাদুপরীত্যর্থঃ; সংসার এব হি সর্ব্বঃ। অসংসারিণ একত্বান্নির্ভেদত্বাচ্চ অনুত্তমেষু, তৎপুরুষ-সমাসাশঙ্কানিবৃত্তয়ে আহ—উত্তমেষু লোকেম্বিতি; সত্যলোকাদিষু, হিরণ্যগর্ভাদি-কার্য্যরূপস্য পরস্যেশ্বরস্য আসন্নত্বাদুচ্যতে উত্তমেষু লোকেম্বিতি। ইদং বাব ইদমেব তৎ যদিদমস্মিন্ পুরুষে অন্তর্ম্মধ্যে জ্যোতিঃ চক্ষুঃশ্রোত্রগ্রাহ্যেণ লিঙ্গেনোষ্ণিম্না শব্দেন চ অবগম্যতে। যৎ ত্বচা স্পর্শরূপেণ গৃহ্যতে, তচ্চক্ষুষৈব। দৃঢ়প্রতীতি-করত্বাৎ ত্বচঃ অবিনাভূতত্বাচ্চ রূপস্পর্শয়োঃ ॥২৪৩॥৭

আনন্দগিরিঃ।—গায়ত্র্যপাধিকং ব্রহ্মোপাস্যং তাদর্থ্যেন দ্বারপালোপাস্তিশ্চ কর্ত্তব্যা, ততশ্চাঙ্গেষু শ্রুতানি ফলানি সমুচ্চিত্য প্রধানোপাসনাদেব ব্রহ্মপ্রাপ্তিরিত্যুক্তম্। ইদানীং বিদ্যান্তরং প্রস্তৌতি—অথেতি। পরস্তাদ্দিবো দীপ্যমানং ব্রহ্ম কৌক্ষেয়ে জ্যোতিষি প্রতীকেঽধ্যস্য দৃষ্টত্বশ্রুতত্বাভ্যামুপাসিতব্যমিতি শ্রৌতমর্থং সিদ্ধবৎ-কৃত্বা আর্থিকমর্থমাদায় তাৎপর্য্যমাহ—যদসৌ বিদ্বানিতি। বীরাণাং বীর্য্যবতামাদিত্যা-দীনাং পুরুষাণাং সেবনাদাধ্যানাদিতি যাবৎ। লিঙ্গেন স্পর্শ-বিশেষেণ শ্রবণ-বিশেষেণ চেত্যর্থঃ। চক্ষুঃশ্রোত্রেন্দ্রিয়গোচরমিতি। মদ্দৃষ্টিং প্রতি দৃষ্টং শ্রুতঞ্চ ময়েত্যা-পাদয়িতব্যম্। অন্যথা দৃষ্টত্বশ্রুতত্বাভ্যাং ব্রহ্মণি ধ্যানাসিদ্ধেরিত্যর্থঃ পরস্যাপ্রতিপত্তৌ লিঙ্গেন প্রত্যায়নে দৃষ্টান্তমাহ—যথেতি। বিপ্রতিপন্নং প্রতি ধূমাদিলিঙ্গেনাগ্ন্যাদি প্রত্যায্যতে, তথা স্পর্শাদি-লিঙ্গেন দৃষ্টত্বাদিবিশিষ্টমিদং প্রত্যেতব্যমিত্যর্থঃ। যথোক্তস্য জ্যোতিষো লিঙ্গেন প্রত্যায়নং কিমিতি ক্রিয়তে, তত্রাহ—তথা হীতি। লিঙ্গদ্বারা তস্য প্রত্যায়নে সতি গুণদ্বয়বিশিষ্টমেবেদং জ্যোতির্নান্যথেত্যেবং যথোক্তে পরস্মিমু-পাস্যজ্যোতিষি দৃঢ়া ধীঃ স্যাৎ। তদভাবাৎ তদ্গুণস্য জ্যোতিষোঽধ্যানাদিত্যর্থঃ। মাভূৎ পরস্য জ্যোতিষো যথোক্তগুণস্যাশেষোপাসনমিত্যাশঙ্ক্যাহ—অনন্যত্বেনেতি। কৌক্ষেয়স্য জ্যোতিষঃ সন্নিকর্ষাজ্জীবাভেদং পরিকল্প্য জাঠরং জ্যোতির্ব্রহ্মেত্যনন্যত্বেন ধ্যানে জীবব্রহ্মণোরেকতয়া নিশ্চয়শ্চার্থাৎ সিধ্যতি। অতো যথোক্তোপাস্তিরর্থবতী-ত্যর্থঃ। অথশব্দস্য বিদ্যান্তরারম্ভার্থত্বমভ্যুপেত্যানন্তরগ্রন্থস্য তাৎপর্য্যমুক্ত্বাঽবশিষ্টান্যক্ষরা-ণ্যবতার্য্য ব্যাকরোতি—অত আহেত্যাদিনা। যদিত্যুপক্রম্য জ্যোতিরিত্যুপসংহারাৎ পর ইতি পুংলিঙ্গপ্রয়োগমাশঙ্ক্যাহ—পরমিতি। কাদাচিৎকপ্রকাশত্বাভাবাৎ কথং দীপ্যত ইতি প্রয়োগস্তত্রাহ—স্বয়ংপ্রভমিতি। কস্মাদিবেতি প্রযুজ্যতে? মুখ্যমেব দীপ্যমানত্বং কিং ন স্যাৎ ইত্যাশঙ্ক্যাহ—অগ্ন্যাদীতি। হেতোরুভয়ত্র সম্বন্ধঃ।

সর্ব্বশব্দস্যাসঙ্কুচিতবর্ত্তিত্বাদাত্মনোঽপি * তেন সংগৃহীতত্বাৎ কথং তস্মাদূর্দ্ধং ব্রহ্মেত্যুপপন্নমিত্যাশঙ্ক্যাহ—সংসারাদিতি। তস্যৈব সর্ব্বশব্দবাচ্যত্বমুপপাদয়তি—সংসার এব হীতি। তস্যানেকত্বেন সর্ব্বশব্দার্হত্বাদিত্যর্থঃ। আত্মনি সর্ব্বশব্দানুপ-পত্তিমাহ—অসংসারিণ ইতি। সর্ব্বশব্দস্যানেকার্থবাচিত্বাদাত্মনি চৈকত্বাৎ প্রকার-ভেদস্য চ নিত্যমুক্তে তস্মিন্নসম্ভবাৎ ন তস্য সর্ব্বশব্দাৎ প্রতীতিরিত্যর্থঃ।

* সঙ্কুচিতবৃত্তিত্বাদাত্মনোঽপি—ইতি ক্বচিৎ।

উত্তমা ন ভবন্তীত্যনুত্তমাঃ তেম্বিতি তৎপুরুষশঙ্কায়াঃ তন্নিবৃত্তিদ্বারা বহুব্রীহি-সিদ্ধ্যর্থং বিশেষণমিত্যাহ—তৎপুরুষেতি। কিমিতি তেষু পরব্রহ্ম নির্দ্দিশ্যতে, তস্য সর্ব্বগতত্বাদিত্যাশঙ্ক্যাহ—হিরণ্যগর্ভাদীতি। তৎকার্য্যাত্মনা স্থিতং পরং ব্রহ্মোত্তমেষু লোকেম্বিত্যুচ্যতে। তস্য সর্ব্বত্র সতোঽপি সত্যলোকাদিষু হিরণ্যগর্ভা-দ্যাত্মনাঽতিশয়েন নিত্যাভিব্যক্তত্বাদিত্যর্থঃ। যদিতি সর্ব্বনাম্না প্রকৃতং ব্রহ্ম পরামৃশ্যতে। তস্যোপাস্যত্বার্থং সংসারাদুপরিষ্টাদবস্থানমুক্তম্। ইদানীং কৌক্ষেয়ে জ্যোতিষি তদারোপয়তি—ইদমিতি। কৌক্ষেয়ে জ্যোতিষি প্রতীকে প্রমাণং দর্শয়তি—চক্ষুরিতি। চক্ষুষ্যো ভবতীতি ফলবচনানুসারেণ স্পর্শরূপৈক্যমাধ্যাসিক-মাদায়োষ্ণিম্নশ্চাক্ষুষত্বং দ্রষ্টব্যম্। রূপস্পর্শয়োরৈক্যাধ্যাসং স্ফুটয়তি—যত্রচেতি। যদুষ্ণং তেজো দ্রব্যাত্মকং ত্বগিন্দ্রিয়েণ স্পর্শরূপেণ গৃহ্যতে, তচ্চক্ষুষৈব গৃহ্যতে, তত্র হেতুমাহ—দৃঢ়েতি। ত্বচো দৃঢ়ায়াং প্রতীতৌ হেতুত্বাচ্চক্ষুষা তাদাত্ম্যা-রোপাদিত্যর্থঃ। যদ্রূপবত্তবতি তৎস্পর্শবদিতি নিয়মাচ্চ রূপস্পর্শয়োঃ তাদাত্ম্যাধ্যাসাৎ চাক্ষুষত্বসিদ্ধিরিত্যাহ—অবিনাভূতত্বাচ্চেতি ॥২৪৩॥৭

ভাষ্যানুবাদ।—পূর্ব্বোক্ত বিদ্বান্ পুরুষ বীরপুরুষ-সেবা দ্বারা যে স্বর্গলোক লাভ করিয়া থাকেন এবং 'ইহার অমৃত পাদত্রয় দ্যুলোকে প্রতিষ্ঠিত আছে', এই বাক্যেও যাহা উক্ত হইয়াছে ; ধূমাদি চিহ্ন দর্শনে যেরূপ অগ্নি প্রভৃতি পদার্থ পরিজ্ঞাত হয়, তদ্রূপ তাহাকেও চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়ের বিষয়ীভূত করাইতে হইবে ; [কেননা], তাহা হইলেই যথোক্ত বিষয়ে 'ইহা এইরূপই বটে' এইপ্রকার দৃঢ়তর প্রতীতি জন্মিতে পারে, এবং তদুভয়ের অভিন্নত্বও নিশ্চিত হইতে পারে ; এইজন্য বলিতেছেন যে, যাহা এই দ্যুলোক হইতে পর, অর্থাৎ দ্যুলোকেরও উপরে দীপ্তি পাইতেছে, এখানে পুংলিঙ্গ "পরঃ" শব্দকে ক্লীবলিঙ্গে পরিণত করিতে হইবে। স্বয়ংপ্রকাশ পদার্থ সর্ব্বদাই প্রকাশমান ; সাময়িক প্রকাশ তাহার সম্ভব হয় না ; এই কারণ বলিতে হয় যে, থাকায় দীপ্তি পাইতেছে বলিয়াই যেন [মনে হয়, এই জন্য] তাঁহাকে 'দীপ্যতে' বলা হইয়া থাকে। কেননা, প্রকৃতপক্ষে ত অগ্নি প্রভৃতির ন্যায় জ্বলনাত্মক দীপ্তি তাঁহার সম্ভবপর হয় না।

'সকলের উপরে' কথাটি 'বিশ্বের উপরে' কথারই অর্থ প্রকাশমাত্র ; ইহার অর্থ—সংসারের উপরে ; কারণ, সংসারই ত 'সর্ব্ব'পদ-বাচ্য ; অসংসারীরা ত স্বরূপতঃ এক ও ভেদশূন্য। 'অনুত্তমেষু' পদে তৎপুরুষ সমাসের (ন উত্তমাঃ—অনুত্তমাঃ, তেষু, অর্থাৎ অপকৃষ্ট লোকসমূহে, এইরূপ অর্থের) আশঙ্কা নিবৃত্তির জন্য বলিতেছেন, উত্তম লোকসমূহে অর্থাৎ 'সত্য' প্রভৃতি লোকে, হিরণ্যগর্ভ প্রভৃতিরা কার্য্য (জন্য) স্বরূপ হইলেও পরমেশ্বরের সন্নিহিত ; এই

জন্য তাহাদের লোককে উত্তম লোক বলা হইয়া থাকে। ইহাই তাহা, যাহা এই পুরুষসংজ্ঞক দেহের মধ্যে চক্ষুর্গ্রাহ্য (চাক্ষুষ ত্বক্‌গ্রাহ্য) উষ্ণতা ও শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য শব্দ দ্বারা জ্যোতিঃপদার্থ অনুভূত হইয়া থাকে। ত্বগিন্দ্রিয় দ্বারা স্পর্শরূপে যাহা গৃহীত হয়, বস্তুতঃ দৃঢ়তর প্রতীতি-সমুৎপাদক বলিয়া তাহা যেন চক্ষু দ্বারাই [গৃহীত বলিয়া বোধ হইয়া থাকে], বিশেষতঃ রূপ ও স্পর্শ, এই দুইটি গুণ অবিনাভূত অর্থাৎ কেহ কাহাকেও ছাড়িয়া থাকে না, [এই জন্যই উষ্ণস্পর্শকেও চক্ষুর্গ্রাহ্য বলা হইয়াছে] ॥২৪৩॥৭

তস্যৈষা দৃষ্টিঃ—যত্রৈতদস্মিঞ্ছরীরে সংস্পর্শেনোষ্ণিমানং বিজানাতি তস্যৈষা শ্রুতিঃ—যত্রৈতৎ কর্ণাবপিগৃহ্য নিনদমিব নদথুরিবাগ্নেরিব জ্বলত উপশৃণোতি তদেতদ্দৃষ্টঞ্চ শ্রুতঞ্চেত্যুপাসীত; চক্ষুষ্যঃ শ্রুতো ভবতি, য এবং বেদ য এবং বেদ ॥২৪৪॥৮

ইতি তৃতীয়াধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩

তস্য (দেহপ্রবিষ্টস্য পরমাত্মজ্যোতিষঃ) এষা (বক্ষ্যমাণা) দৃষ্টিঃ (দর্শনং লিঙ্গম্); [কিং তৎ? ইত্যাহ—] যত্র (যস্মিন্ কালে) অস্মিন্ (অনুভূয়মানে) শরীরে এতৎ (এবং যথা স্যাৎ, তথা) স্পর্শেন (হস্তসংযোগেন) উষ্ণিমানং (উষ্ণত্বং) বিজানাতি (অনুভবতি) [জনঃ], [তদ্‌বিজ্ঞানমেব তস্য দৃষ্টিরিত্যাশয়ঃ]। তস্য (জ্যোতিষঃ) এষা (বক্ষ্যমাণা) শ্রুতিঃ (শ্রবণং লিঙ্গং), যত্র (যস্মিন্ কালে) এতৎ (যথা স্যাৎ, তথা) কর্ণৌ অপিগৃহ্য (আচ্ছাদ্য) জ্বলতঃ অগ্নেঃ (নদথুঃ নদথু-শব্দম্) ইব নিনদম্ (ধ্বনিম্) উপশৃণোতি ইব; [এতৎ শব্দশ্রবণং তস্য লিঙ্গমিত্যাশয়ঃ]। তৎ এতৎ (প্রক্রান্তং জ্যোতিঃ) দৃষ্টং চ শ্রুতং চ ইতি (দৃষ্ট-শ্রুতত্বগুণযোগেন) উপাসীত। যঃ এবং (যথোক্তগুণযোগেন) বেদ, [সঃ] চক্ষুষ্যঃ (পটুদৃষ্টিঃ, দর্শনীয়ঃ বা), শ্রুতঃ (লোকপ্রসিদ্ধঃ) [চ] ভবতি।

দেহপ্রবিষ্ট সেই পরমাত্মজ্যোতির ইহাই দৃষ্টি অর্থাৎ প্রত্যক্ষ দর্শনরূপ চিহ্ন, যে, যখন এই শরীরে এইরূপে হস্তস্পর্শদ্বারা উষ্ণতা জানিয়া থাকে; আর ইহাই তাহার শ্রুতি অর্থাৎ শ্রবণরূপ লিঙ্গ,—যে সময় কর্ণদ্বয় আচ্ছাদন করিয়া প্রজ্বলিত অগ্নির শব্দের ন্যায় ধ্বনিবিশেষ শ্রবণ করিয়া থাকে। সেই এই জ্যোতিকে দৃষ্ট ও শ্রুত বলিয়া উপাসনা করিবে। যে লোক এইরূপে উপাসনা

করেন, তিনি নিজেও লোকের নিকট দর্শনীয় (সুদৃশ্য) ও বিশ্রুত (প্রসিদ্ধি-সম্পন্ন) হইয়া থাকেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—কথং পুনস্তস্য জ্যোতিষো লিঙ্গং ত্বগ্দৃষ্টিগোচরত্বমাপদ্যতে ইতি, আহ—যত্র যস্মিন্ কালে, এতদিতি ক্রিয়াবিশেষণং; অস্মিন্ শরীরে হস্তেনালভ্য সংস্পর্শেন উষ্ণিমানং রূপসহভাবিনমুষ্ণস্পর্শভাবং বিজানাতি, স হি উষ্ণিমা নামরূপ-ব্যাকরণায় দেহমনুপ্রবিষ্টস্য চৈতন্যাত্মজ্যোতিষো লিঙ্গম্ অব্যভিচারাৎ। ন হি জীবন্তমাত্মানমুষ্ণিমা ব্যভিচরতি। উষ্ণ এব জীবিষ্যন্, শীতো মরিষ্যন্নিতি হি বিজ্ঞায়তে; মরণকালে চ তেজঃ পরস্যাং দেবতায়ামিতি পরেণাবিভাগত্বোপগমাৎ। অতোঽসাধারণং লিঙ্গমৌষ্ণ্যমগ্নেরিব ধূমঃ। অতস্তস্য পরস্য এষা দৃষ্টিঃ সাক্ষাদিব দর্শনং দর্শনোপায় ইত্যর্থঃ।

তথা তস্য জ্যোতিষ এষা *শ্রুতিঃ শ্রবণং শ্রবণোপায়োঽপ্যুচ্যমানঃ। যত্র যদা পুরুষো জ্যোতিষো লিঙ্গং শুশ্রূষতি শ্রোতুমিচ্ছতি, তদা এতৎ কর্ণাবপিগৃহ্য, এতচ্ছব্দঃ ক্রিয়াবিশেষণম্। অপিগৃহ্য অপিধায়েত্যর্থঃ, অঙ্গুলিভ্যাং প্রোর্ণুত্য নিনদমিব, রথস্যেব ঘোষো নিনদঃ † তমিব শৃণোতি, নদথুরিব ঋষভকূজিতমিব শব্দঃ, যথা চ অগ্নের্বহির্জ্বলত এবং শব্দমন্তঃশরীরে উপশৃণোতি। তদেতজ্জ্যোতিঃ দৃষ্ট শ্রুত-লিঙ্গত্বাৎ দৃষ্টঞ্চ শ্রুতঞ্চ ইত্যুপাসীত। তথোপাসনাৎ চক্ষুষ্যঃ দর্শনীয়ঃ, শ্রুতঃ বিশ্রুতশ্চ। যৎ স্পর্শগুণোপাসননিমিত্তং ফলং, তৎ রূপে সম্পাদয়তি চক্ষুষ্য ইতি, রূপস্পর্শয়োঃ সহভাবিত্বাৎ, ইষ্টত্বাচ্চ দর্শনীয়তায়াঃ। এবঞ্চ বিদ্যায়াঃ ফলমুপপন্নং স্যাৎ, ন তু মৃদুত্বাদিস্পর্শবত্ত্বে। য এবং যথোক্তৌ গুণৌ বেদ। স্বর্গলোকপ্রতিপত্তিস্তু উক্ত-মদৃষ্টং ফলম্। দ্বিরভ্যাস আদরার্থঃ ॥২৪॥৮

ইতি তৃতীয়াধ্যায়স্য ত্রয়োদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৩॥

আনন্দগিরিটীকা।—শব্দোঽস্য ‡ জ্যোতিষো লিঙ্গমৌষ্ণ্যং, তস্য ত্বগিন্দ্রিয়গ্রাহ্যস্য চাক্ষুষত্বমুপপাদয়িতুং পৃচ্ছতি—কথমিতি। তস্যৈষা দৃষ্টিরিত্যাদিবাক্যেনোত্তরং দর্শ-য়ন্ যত্রেত্যাদি ব্যাকরোতি—আহেত্যাদিনা। যথৈতদ্বিজ্ঞানং স্যাৎ তথেতি বিজ্ঞানক্রিয়ায়াং বিশেষণমেতদিতি পদমিত্যর্থঃ। সংস্পর্শেনোষ্ণিমানং বিজানাতি চেৎ, কথং তর্হি তস্য চাক্ষুষত্বমিত্যাশঙ্ক্যাহ—রূপসহভাবিনমিতি। ভবত্বৌপচারিক-মৌষ্ণ্যস্য চাক্ষুষত্বং তথাপি কথং তস্য লিঙ্গত্বমিত্যাশঙ্ক্য জীবনপ্রত্যায়নদ্বারা কৌক্ষেয়

---

* জ্যোতিষ এবৈষা শ্রুতিঃ ইতি ক্বচিৎ।
† নিনাদঃ ইতি কেচিৎ পঠন্তি।
‡ শব্দো যস্য ইতি শব্দোঽপ্যস্য ইতি চ কচিৎ পঠন্তি।

জ্যোতিষি তস্য লিঙ্গত্বং সাধয়তি—স হীতি। জীবাত্মনা তস্যাব্যভিচারং স্ফোরয়তি—ন হীতি। তত্রৈব শ্রুতিং সংবাদয়তি—উষ্ণ এবেতি। যদা জীবস্য লিঙ্গমৌষ্ণ্যং, তদা পরস্যাপি জ্যোতিষস্তল্লিঙ্গং ভবতি, জীবপরয়োরেকত্বাবগমাদিত্যাহ—মরণকালে চেতি। বাগাদি মনসি, মনঃ প্রাণে, প্রাণস্তেজসি, তদধ্যক্ষলক্ষণং পরস্যাং দেবতায়াং পরমাত্মাখ্যায়াং সম্পদ্যত ইতি শ্রুত্যা জীবস্য পরেণ তদর্থাত্মনা সহাভিন্নত্বস্যোপগমাজ্জীবস্য লিঙ্গং তদ্ভবতি পরস্য লিঙ্গমিত্যর্থঃ। যদা হি জীবস্য পরস্য চ যথোক্তলিঙ্গাদবগতিস্তদা তত্র কৌক্ষেয়-জ্যোতিষস্তদধিকরণস্য সুতরামবগতিরস্তীত্যাহ—অত ইতি। উষ্ণস্য জাঠরে জ্যোতিষি প্রতীকে লিঙ্গত্বে সতি তল্লিঙ্গমাহ—তস্যেতি। বিষ্ণোরিব প্রতিমায়াং জাঠরে জ্যোতিষি পরস্য জ্যোতিষস্তাদাত্ম্যাদিত্যর্থঃ।

প্রতীকদ্বারা দৃষ্ট্যুপায়বত্তস্য শ্রবণোপায়ং লিঙ্গান্তরং দর্শয়তি—তথেতি। অপিগৃহ্য শৃণোতীতি সম্বন্ধঃ। যথা শ্রবণমেতদ্ ভবতি তথা শৃণোতীতি শ্রবণক্রিয়ায়া বিশেষণমেতচ্ছব্দ ইতি যোজনা। প্রোর্ণুত্য পিধায়েতি যাবৎ। শ্রূয়মাণশব্দস্য বাচ্যার্থভাবস্ফুটীকরণার্থমনেকদৃষ্টান্তোপাদানম্। কৌক্ষেয়-জ্যোতিষ্যারোপিতস্য * জ্যোতিষো ধ্যেয়স্য ধ্যানোপায়াঙ্গত্বেন গুণদ্বয়মুপদিশতি—তদেতদিতি। দৃষ্টমিত্যুপাসনে ফলমাচষ্টে—তথেতি। শ্রুতমিত্যুপাসনে ফলমাহ—শ্রুত ইতি। কথং পুনঃ স্পর্শগুণোপাসনে স্পর্শো ভবতীতি বক্তব্যে চক্ষুষো ভবতীত্যুচ্যতে তত্রাহ—যৎ স্পর্শেতি। সম্পাদনে নিমিত্তমাহ—রূপস্পর্শয়োরিতি। ইতশ্চক্ষুষ্যো ভবতীতি ফলবচনমুচিতমিত্যাহ—ইষ্টত্বাচ্চেতি। ফলবচনমপি সম্পাদয়তি ন কল্পকমিত্যাহ—এবঞ্চেতি। যদা স্পর্শগুণোপাসননিমিত্তং ফলং রূপে সম্পাদ্যতে, তদা বিদ্যায়াঃ শ্রুতং ফলমুপপন্নমিতি ফলশ্রুতিরনুকূলিতা স্যাৎ। রূপবিশেষবতি চক্ষুষ্যশব্দস্য প্রসিদ্ধত্বাদিত্যর্থঃ। যদি পুনর্মৃদুত্বাদি স্পর্শগুণস্যোপাসননিমিত্তং ফলং কল্প্যতে, তদা চক্ষুষ্যো ভবতীতি শ্রুতং ফলং নৈবোপপন্নং স্যাৎ, ততশ্চ ফলশ্রুতিরপবাধিতা ভবেদিত্যাহ—নত্বিতি। কস্যেদং ফলমিত্যপেক্ষায়ামাহ—য এবমিতি। ননু পরস্য জ্যোতিষো জাঠরে জ্যোতিষ্যারোপিতস্য যথোক্তগুণবতো ধ্যানাৎ কথমিদমত্যল্পং ফলমননুরূপমুপদিশ্যতে? তত্রাহ—স্বর্গলোকেতি। ফলবত্যাং হি বিদ্যায়ামাদরো বিবক্ষিতঃ ॥২৪৪॥৮

ইতি তৃতীয়াধ্যায়স্য ত্রয়োদশঃ খণ্ডঃ ॥১৩

ভাষ্যানুবাদ।—সেই জ্যোতির লিঙ্গটি (যাহা দ্বারা তাহার অস্তিত্ব অনুমান করা যাইতে পারে, সেই ধর্ম্মটি) ত্বগিন্দ্রিয় ও চক্ষুরিন্দ্রিয়ের বিষয় হয়, কি প্রকারে? তদুত্তরে বলিতেছেন, 'এতৎ' শব্দটি 'বিজানাতি' ক্রিয়ার বিশেষণ; 'যত্র' অর্থ যে সময়ে; এই শরীরে (জীবৎ-দেহে) হস্ত দ্বারা স্পর্শ করিয়া, সেই স্পর্শ দ্বারাই রূপসহচর যে উষ্ণতার উপলব্ধি করা হইয়া থাকে; সেই উষ্ণতাই নামরূপ প্রকাশের জন্য দেহ-প্রবিষ্ট চৈতন্যস্বরূপ আত্মজ্যোতির লিঙ্গ; কারণ, কখনই তদুভয়ের ব্যভিচার দৃষ্ট হয় না; কেননা, উষ্ণতা কখনই জীবযুক্ত দেহকে পরিত্যাগ করে

* কৌক্ষেয়ে জ্যোতিষি ইতি পাঠভেদঃ।

না। উষ্ণ দেহই জীবিত থাকিবে, আর শীতল (অনুষ্ণ) দেহই মরিবে, এইরূপই প্রতীতি হইয়া থাকে। বিশেষতঃ, মরণকালে দৈহিক তেজ পরদেবতায় (আত্মায়) [বিলীন হয়], এই শ্রুত্যুক্ত পরমাত্মার সহিত অবিভাগোক্তি হইতেও [উহা প্রমাণিত হয়]; অতএব ধূম যেমন অগ্নির লিঙ্গ বা জ্ঞাপক, তেমনি উষ্ণতাও আত্মার [অস্তিত্বজ্ঞাপক] একটি অসাধারণ বা অব্যভিচারী লিঙ্গ (জ্ঞাপক ধর্ম্ম)। অতএব, ইহাই সেই পরজ্যোতির দৃষ্টি—যেন সাক্ষাৎ দর্শন, অর্থাৎ দর্শনের উপায়। সেইরূপ সেই জ্যোতির ইহাই শ্রুতি—শ্রবণ, অর্থাৎ তাহার শ্রবণোপায়ও, ইহাই কথিত হইতেছে। লোকে যখন এই জ্যোতির চিহ্ন শুশ্রূষু হয়—শুনিতে ইচ্ছা করে, তখন এইভাবে কর্ণদ্বয় আবরণ করিয়া—আচ্ছাদন করিয়া অর্থাৎ অঙ্গুলিদ্বয়ে কর্ণরন্ধ্র বদ্ধ করিয়া নিনাদের ন্যায়, রথের ধ্বনি-সদৃশ ধ্বনির নাম নিনদ (নিনাদ), তাহাই যেন শ্রবণ করিয়া থাকে ; বৃষের শব্দের অনুরূপ শব্দের নাম নদথু, তাহার ন্যায়, অথবা বাহিরে প্রজ্বলিত অগ্নির যেরূপ শব্দ হয়, তদ্রূপ শব্দ শরীরমধ্যে শ্রবণ করিয়া থাকে।

যেহেতু দর্শন ও শ্রবণই ইহাকে জানিবার প্রধান উপায়, অতএব, সেই এই জ্যোতিকে দৃষ্ট ও শ্রুত বলিয়া অর্থাৎ দৃষ্টি-শ্রুতি গুণযোগে উপাসনা করিবে। তাদৃশ উপাসনার ফলে [উপাসক] চক্ষুষ্য অর্থাৎ দর্শনীয় (সুদৃশ্য) এবং শ্রুত অর্থাৎ লোক-প্রসিদ্ধ হন। স্পর্শগুণবিশিষ্টরূপে উপাসনার যে ফল, তাহাই 'চক্ষুষ্য' কথায় রূপেও সম্পাদন করিতেছেন ; অর্থাৎ স্পর্শগুণোপাসনা দ্বারা যে রূপসম্পত্তি লাভ হয়, 'চক্ষুষ্য' শব্দে তাহাই জ্ঞাপন করিতেছেন ; কারণ, রূপ ও স্পর্শ উভয়ই সহচর (কেহ কাহাকে ছাড়িয়া থাকে না)। বিশেষতঃ দর্শনীয়তা বা সুরূপতা প্রাপ্তি সকলেরই অভীষ্ট, (সুতরাং উহা ফলরূপে কল্পিত হইবার যোগ্য)। আর এইরূপ হইলেই যথার্থ পক্ষে বিদ্যার ফল উপপন্ন হইতে পারে ; কিন্তু কোমলতা প্রভৃতি স্পর্শযোগে তাহা হইতে পারে না। যিনি এইপ্রকার—যথোক্ত গুণদ্বয় জানেন, [তাঁহার] স্বর্গলোকপ্রাপ্তিরূপ যে ফল, তাহা দৃষ্ট ফল নহে—অদৃষ্ট ফল ; একথা পূর্ব্বেই উক্ত হইয়াছে। বিদ্যায় আদরপ্রদর্শনার্থ "যঃ এবং বেদ" কথার দ্বিরুক্তি করা হইয়াছে ॥২৪৪॥৮

ইতি তৃতীয় অধ্যায়ের ত্রয়োদশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৩

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীত। অথ খলু ক্রতুময়ঃ পুরুষো যথাক্রতুরস্মিঁল্লোকে পুরুষো ভবতি, তথেতঃ প্রেত্য ভবতি ; স ক্রতুং কুর্ব্বীত ॥২৪৫॥১

খলু (যস্মাৎ) তজ্জলান্ (তস্মাৎ ব্রহ্মণঃ জায়তে, তস্মিন্ লীয়তে, তেন চ অনিতি প্রাণান্ ধারয়তি ইতি তজ্জলান্, (পৃষোদরাদিত্বাৎ সাধুঃ) ইদং (দৃশ্যমানং) সর্ব্বং (সমস্তং জগৎ) ব্রহ্ম (কারণাত্মনা ব্রহ্মস্বরূপমেব), ইতি (তস্মাৎ হেতোঃ) [উপাসকঃ] শান্তঃ (সংযতঃ—রাগ-দ্বেষাদিরহিতঃ সন্ ইত্যর্থঃ) উপাসীত (বক্ষ্যমাণৈঃ গুণৈঃ ব্রহ্মোপাসনং কর্ত্তব্যমিত্যর্থঃ)। [সহেতুং উপাসনাপ্রকারমাহ]—অথ খলু (যস্মাৎ) পুরুষঃ (জীবঃ) ক্রতুময়ঃ (ক্রতুঃ অধ্যবসায়ঃ সঙ্কল্প ইতি যাবৎ, তন্ময়ঃ তৎপ্রধানঃ) ; [তস্মাৎ] পুরুষঃ অস্মিন্ লোকে (বর্ত্তমানে জন্মনি) যথাক্রতুঃ (যাদৃশসঙ্কল্পবান্) ভবতি, ইতঃ (অস্মাৎ লোকাৎ) প্রেত্য (মৃত্বা) তথা (তাদৃশঃ) ভবতি, (ঐহিক-সঙ্কল্পানুসারেণ জন্মান্তরং লভতে ইত্যর্থঃ)। [অতঃ] সঃ (পুরুষঃ) ক্রতুং (বক্ষ্যমাণ প্রকারমুপাসনং) কুর্ব্বীত।

যেহেতু ব্রহ্ম হইতে জাত, ব্রহ্মে লয়প্রাপ্ত এবং ব্রহ্ম দ্বারাই জীবিত এই সমস্ত জগৎই ব্রহ্মস্বরূপ ; অতএব শান্ত হইয়া, অর্থাৎ রাগ-দ্বেষাদি দোষ-রহিত হইয়া ব্রহ্মের উপাসনা করিবে। যেহেতু পুরুষ (জীব) [স্বভাবতঃই] ক্রতুময়, অর্থাৎ ক্রতু—সঙ্কল্প, তৎপ্রধান, [অতএব] পুরুষ ইহলোকে যাদৃশ সঙ্কল্পসম্পন্ন হয়, এখান হইতে প্রয়াণের পরও সেইরূপই হইয়া থাকে। অতএব, সেই পুরুষ উত্তম ক্রতু করিবে॥

শাঙ্কর-ভাষ্যম্।—পুনস্তস্যৈব ত্রিপাদমৃতস্য ব্রহ্মণোঽনন্তগুণবতোঽনন্তশক্তেরনেকভেদোপাস্যস্য বিশিষ্টগুণশক্তিমত্ত্বেনোপাসনং বিধিৎসন্নাহ—

সর্ব্বং সমস্তম্, খল্বিতি বাক্যালঙ্কারার্থো নিপাতঃ। ইদং জগৎ নামরূপবিকৃতং প্রত্যক্ষাদিবিষয়ং ব্রহ্ম কারণম্ ; বৃদ্ধতমত্বাদ্‌ব্রহ্ম। কথং সর্ব্বস্য ব্রহ্মত্বমিতি ? অত আহ—তজ্জলানিতি। তস্মাদ্‌ব্রহ্মণো জাতং তেজোঽবন্নাদিক্রমেণ সর্ব্বম্।

অতঃ তজ্জম্ ; তথা তেনৈব জননক্রমেণ প্রতিলোমতয়া তস্মিন্নেব ব্রহ্মণি লীয়তে—তদাত্মতয়া শ্লিষ্যতে ইতি তল্লম্। তথা তস্মিন্নেব স্থিতিকালেঽনিতি প্রাণিতি চেষ্টত ইতি তদনম্। এবং ব্রহ্মাত্মতয়া ত্রিষু কালেষবিশিষ্টম্ তদ্ব্যতিরেকেণাগ্রহণাৎ। অতস্তদেবেদং জগৎ। যথা চেদং তদেবৈকমদ্বিতীয়ম্, তথা ষষ্ঠে বিস্তরেণ বক্ষ্যামঃ। যস্মাচ্চ সর্ব্বমিদং ব্রহ্ম, অতঃ শান্তো রাগদ্বেষাদিদোষরহিতঃ সংযতঃ সন্, যৎ তৎ সর্ব্বং ব্রহ্ম তদ্‌বক্ষ্যমাণৈর্গুণৈরুপাসীত। কথমুপাসীত ? স ক্রতুং কুর্ব্বীত ; ক্রতুঃ নিশ্চয়োঽধ্যবসায় এবমেব নান্যথা, ইতি অবিচলঃ প্রত্যয়ঃ, তং ক্রতুং কুর্ব্বীত উপাসীত ইত্যনেন ব্যবহিতেন সম্বন্ধঃ। কিং পুনঃ ক্রতুকরণেন কর্ত্তব্যং প্রয়োজনম্ ? কথং বা ক্রতুঃ কর্ত্তব্যঃ ? ক্রতুকরণং চাভিপ্রেতার্থসাধনং ? কথম্ ইত্যস্যার্থস্য প্রতিপাদনার্থম্ অথেত্যাদিগ্রন্থঃ।

অথ খল্বিতি হেত্বর্থঃ। যস্মাৎ ক্রতুময়ঃ ক্রতুপ্রায়োঽধ্যবসায়াত্মকঃ পুরুষো জীবঃ ; যথাক্রতুঃ যাদৃশঃ ক্রতুরস্য সোঽয়ং যথাক্রতুঃ—যথাধ্যবসায়ো যাদৃঙ্‌নিশ্চয়ঃ অস্মিন্ লোকে জীবন্ ইহ পুরুষো ভবতি, তথা ইতোঽস্মাদ্দেহাৎ প্রেত্য মৃত্বা ভবতি ; ক্রত্বনুরূপফলাত্মকো ভবতীত্যর্থঃ। এবং হি এতচ্ছাস্ত্রতো দৃষ্টম্—"যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্" ইত্যাদি। যত এবং ব্যবস্থা শাস্ত্রদৃষ্টা ; অতঃ স এবং জানন্ ক্রতুং কুর্ব্বীত, যাদৃশং ক্রতুং বক্ষ্যামঃ তম্। যত এবং শাস্ত্রপ্রামাণ্যাদুপপদ্যতে ক্রত্বনুরূপং ফলম্, অতঃ স কর্ত্তব্যঃ ক্রতুঃ ॥২৪৫॥২

আনন্দগিরিঃ।—প্রতীকদ্বারা ব্রহ্মোপাসনমুক্ত্বা প্রতীকং হিত্বা সগুণব্রহ্মোপাসনমুপন্যস্যতি—পুনরিত্যাদিনা। তস্য নিরুপাধিকত্বং ব্যাবর্ত্তয়তি—অনন্তেতি। কথমেকস্যানেকগুণত্বং, তত্রাহ—অনন্তশক্তেরিতি। ননু পূর্ব্বমেবাস্যোপাসনান্যতি-বৃত্তানি, তথাচ বক্তব্যশেষো নাস্তীত্যাশঙ্ক্যাহ—অনেকেতি। অনেকেষু ভেদেষু গায়ত্র্যাদ্যুপাধিষু উপাস্যস্যাপি ব্রহ্মণো মনোময়ত্বাদিবিশিষ্টগুণত্বেন বিশিষ্টশক্তিমত্বেন চোপাসনান্তরবিধানার্থমুত্তরবাক্যমিত্যর্থঃ। তস্যেদমা পরামর্শে হেতুমাহ—প্রত্যক্ষাদীতি। ব্রহ্মশব্দস্য নিরুপাধিকার্থবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি—কারণমিতি। কথং তস্য ব্রহ্মত্বং, তত্রাহ—বৃদ্ধতমত্বাদিতি। নিরতিশয়মহত্ত্বাদিত্যর্থঃ। সর্ব্বমনূদ্য তস্য ব্রহ্মত্ববিধানযুক্তিং প্রশ্নপূর্ব্বকমাহ—কথমিত্যাদিনা। তজ্জং চ তল্লং চ তদনং চ তজ্জলান্, অবয়বলোপশ্ছান্দসঃ*। তত্র তজ্জত্বং জগতো ব্যুৎপাদয়তি—তস্মাদিতি। তল্লত্বমুপপাদয়তি—তথেতি। "বিপর্য্যয়েণ তু ক্রমোঽতঃ।" ইতি ন্যায়াৎ প্রতিলোমতয়া জননব্যুৎক্রমেণ তস্মিন্নেব ব্রহ্মণি লীয়তে জগদিতি কৃত্বা যথা তজ্জং, তথেতি যোজনা। তত্র লয়ো নাম জগতঃ শূন্যতেতি শঙ্কাং ব্যাবর্ত্তয়তি তদাত্মতয়েতি। তদনত্বং প্রতিপাদয়তি—তথেতি। যথা তজ্জং তল্লং চ তথা তদনঞ্চ জগদিত্যর্থঃ ইতি তদনমিতি শেষঃ। যুক্তিসিদ্ধমর্থং নিগময়তি—এবমিতি। ব্রহ্মব্যতিরেকেণ ত্রিষ্বপি কালেষু জগতোঽগ্রহণাৎ তদাত্মত্বেনাবিশিষ্টং জগৎ তদেব স্যাদিতি যোজনা। যুক্তিসিদ্ধমপি জগতো ব্রহ্মত্বং প্রত্যক্ষাদিবিরুদ্ধং নাঙ্গীকার-

* বর্ণলোপ ইতিবা পাঠঃ।

মর্হতি। নহি সদ্বিতীয়মদ্বিতীয়ং যুক্তমিত্যাশঙ্ক্যাহ—যথাচেতি। সর্ব্বস্য ব্রহ্মত্বে ফলিতমাহ—যস্মাচ্চেতি। কিয়ন্তং কালং প্রত্যয়মাবর্ত্তয়েদিত্যাকাঙ্ক্ষাপূর্ব্বকং তত্ত্বনিশ্চয়পর্য্যন্তমিতি দর্শয়িতুং ব্যবহিতং বাক্যমবতার্য্য ব্যাচষ্টে—কথমিত্যাদিনা। উপাসীতেত্যস্য ক্রতুং কুর্ব্বীতেত্যনেন ব্যবহিতেন সম্বন্ধ ইতিযোজনা। ক্রত্বনুষ্ঠানস্য ফলং পৃচ্ছতি—কিং পুনরিতি। তত্র ক্রতুকরণং চ কেন প্রকারেণেতি প্রশ্নান্তরং দর্শয়তি—কথংবেতি। ব্রহ্মভাবসাধনত্বাৎ ক্রতুকরণস্য ফলপ্রশ্নো নাস্তীত্যাশঙ্ক্যাহ—ক্রতুকরণঞ্চেতি। নহি জীবস্য স্থিতস্য নষ্টস্য বা সদ্ভাবঃ সম্ভবতীতিভাবঃ। ক্রতুকরণস্যেদং প্রয়োজনং, সচ ক্রতুরেবং ক্রিয়তে, তৎকরণং চানয়া রীত্যা ব্রহ্মসদ্ভাবং সাধয়তীত্যস্যার্থজাতস্য প্রতিপাদনার্থম্ অখণ্ডসমাপ্তেঃ অথেত্যাদিরুত্তরো গ্রন্থইত্যাহ—ইত্যস্যার্থস্যেতি।

অথ খল্বিত্যত্র পূর্ব্ববৎ খলুশব্দঃ, অথশব্দস্তু হেত্বর্থ ইত্যত্র হেতুরূপমর্থং বিবৃণোতি—যস্মাদিতি। যদ্বা, অথেত্যারভ্য পুরুষ ইত্যন্তো গ্রন্থো হেত্বর্থ ইত্যুক্তা তমেব হেতুরূপমর্থং দর্শয়তি—যস্মাদিতি। যথাক্রতুরিত্যস্মাদধস্তাৎ তস্মাচ্ছব্দো দ্রষ্টব্যঃ। অস্মিন্ লোকে ইতি শ্রুতিমাদায় ব্যাচষ্টে—জীবন্নিহেতি। ইহ বর্ত্তমানে দেহে জীবন্ সন্নিতি যাবৎ। ক্রতুকরণেন কিংকর্ত্তব্যং ফলমিতি প্রশ্নং ব্যাচষ্টে—তথেতি। ক্রত্বনুরূপফলাত্মকত্বে পুরুষস্য স্মৃতিং সংবাদয়তি—এবংহীতি। শাস্ত্রমেবোদাহরতি—যং যমিতি। কথং বা ক্রতুঃ কর্ত্তব্য ইতি প্রশ্নং প্রত্যাহ*—যতইতি। ক্রত্বনুরূপফলাত্মকঃ পুরুষো ভবতীত্যেবংরূপা ব্যবস্থেতি যাবৎ। এবং জানন্ ক্রত্বনুরূপং ফলমিতি শাস্ত্রতঃ পশ্যন্নিত্যর্থঃ। কোঽসৌ ক্রতুরিত্যাশঙ্ক্যাহ—যাদৃশমিতি। স ক্রতুং কুর্ব্বীতেত্যস্যার্থং নিগময়তি—যত এবমিতি ॥২৪৫॥১

ভাষ্যানুবাদ।—পুনশ্চ, অনন্তগুণসম্পন্ন, অনন্তশক্তি এবং অনেক প্রকারে উপাসনীয় ত্রিপাদ অমৃতময় ব্রহ্মের বিশিষ্টপ্রকার গুণ ও শক্তি পুরস্কারে উপাসনা বিধানের জন্য [বক্ষ্যমাণ উপায়] নির্দ্দেশ করিতেছেন—

সর্ব্ব অর্থ—সমস্ত ; 'খলু' পদটি বাক্যের শোভাবর্দ্ধক নিপাত। 'ইদং' অর্থ—নাম ও রূপাকারে পরিণত এবং প্রত্যক্ষাদি প্রমাণের বিষয়ীভূত। এই জগৎ ব্রহ্মস্বরূপ—কারণস্বরূপ ; বৃদ্ধতম অর্থাৎ অতিশয় বৃহৎ বলিয়া ব্রহ্ম। ভাল, সর্ব্ব পদার্থের ব্রহ্মরূপতা হয় কি প্রকারে ? এতদুত্তরে বলিতেছেন—যেহেতু 'তজ্জলান্।' তেজঃ, জল ও পৃথিবীক্রমে সমস্তই সেই ব্রহ্ম হইতে জাত, অতএব তজ্জ ; সেইরূপ সেই উৎপত্তিক্রমেরই বিপরীতভাবে সেই ব্রহ্মেই লীন হয়, অর্থাৎ তৎস্বরূপে মিলিত হয়, এইজন্য তল্ল ; এইরূপ স্থিতিকালেও তাহাতেই প্রাণন বা চেষ্টা করে, এইরূপ কালত্রয়েই সমানভাবে ব্রহ্মাত্মক ; কারণ, তদ্ভিন্নরূপে জগতের প্রতীতি হয় না। অতএব, নিশ্চয়ই এই জগৎ তৎস্বরূপ। যেরূপ এই জগতের সেই এক অদ্বিতীয় ব্রহ্মাত্মতা সিদ্ধ হইতে পারে, তাহা ষষ্ঠাধ্যায়ে বিস্তৃতরূপে বলিব। যেহেতু সমস্তই ব্রহ্ম ; অতএব, শান্ত—রাগদ্বেষাদিদোষরহিত, অর্থাৎ সংযত হইয়া

* ব্যাচষ্টে ইতি বা পাঠঃ।

সেই যে সর্ব্বাত্মক ব্রহ্ম, তাঁহাকে বক্ষ্যমাণ গুণযোগে উপাসনা করিবে। কিরূপে উপাসনা করিবে?—ক্রতু করিবে; ক্রতু অর্থ—নিশ্চয়, অধ্যবসায়, অর্থাৎ 'ইহা এইরূপই বটে', অন্যরূপ নহে, এই দৃঢ় বিশ্বাস; তাদৃশ ক্রতু করিবে; পরবর্ত্তী 'উপাসীত' পদের সহিত ইহার সম্বন্ধ। ক্রতুর অনুষ্ঠান দ্বারা কি প্রয়োজন সাধন করিতে হয়? কি রূপেই বা ক্রতু করিতে হয়? আর ক্রতুর অনুষ্ঠানই বা অভিপ্রেত প্রয়োজনের সাধক হয় কি প্রকারে? এই বিষয় প্রতিপাদনার্থে 'অথ' ইত্যাদি গ্রন্থ [আরব্ধ হইতেছে]।

অথ খলু শব্দ হেত্বর্থে প্রযুক্ত, যেহেতু ক্রতুময়—ক্রতুবহুল, অর্থাৎ অধ্যবসায়াত্মক (সঙ্কল্প-প্রধান) পুরুষ অর্থাৎ জীব ইহ লোকে (বর্ত্তমান দেহে) যথাক্রতু—যাহার যে প্রকার ক্রতু, সে যথাক্রতু—যেরূপ অধ্যবসায়-সম্পন্ন অর্থাৎ যে প্রকার নিশ্চয়বান্ হয়, এই দেহ হইতে প্রয়াণ করিয়া—মরিয়া সেইরূপ হয়; অর্থাৎ স্বকৃত ক্রতুর অনুরূপ ফলভাগী হইয়া থাকে। '[জীব দেহান্তকালে যে যে বিষয় স্মরণ করত কলেবর পরিত্যাগ করে, হে কৌন্তেয়, সর্ব্বদা তদ্ভাবে ভাবিত (সেই চিন্তায় তন্ময়) থাকায় মৃত্যুর পর সেই সেই পদার্থকেই প্রাপ্ত হয়]' ইত্যাদি শাস্ত্র হইতেও ইহা এইরূপ জানা যায়। যেহেতু এই প্রকার ব্যবস্থা শাস্ত্রদৃষ্ট, অতএব, সেই পুরুষ এই প্রকার অবগত হইয়া—আমরা যাদৃশ ক্রতুর কথা বলিব, তাদৃশ ক্রতু করিবে। যেহেতু শাস্ত্রের প্রামাণ্যানুসারেই ক্রতুর অনুরূপ এইপ্রকার ফলনিষ্পত্তি উপপন্ন হইতেছে, অতএব, তথাবিধ ক্রতু (উপাসনা) অবশ্য কর্ত্তব্য ॥২৪৫॥১

মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ সত্যসঙ্কল্প আকাশাত্মা সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তোঽবাক্যনাদরঃ ॥২৪৬॥২

[অধুনা ক্রতুপ্রকারঃ কথ্যতে—"মনোময়ঃ" ইত্যাদিনা।]—মনোময়ঃ (মনঃ-প্রধানঃ) প্রাণশরীরঃ (প্রাণঃ লিঙ্গশরীরং শরীরং যস্য, সঃ তথোক্তঃ), ভারূপঃ (ভা দীপ্তিঃ চৈতন্যং রূপং স্বরূপং যস্য, সঃ তথোক্তঃ), সত্যসঙ্কল্পঃ (সত্যঃ অব্যর্থঃ সঙ্কল্প ইচ্ছা যস্য, সঃ তথোক্তঃ), আকাশাত্মা (আকাশ ইব নির্লেপঃ আত্মা স্বরূপং যস্য, সঃ তথোক্তঃ), সর্ব্বকর্ম্মা (সর্ব্বং জগৎ কর্ম্ম কার্য্যস্বরূপং যস্য, সঃ তথোক্তঃ), সর্ব্বকামঃ (সর্ব্বে কামাঃ নির্দ্দোষাঃ বিষয়াঃ যস্য, সঃ), সর্ব্বগন্ধঃ (সর্ব্বে গন্ধাঃ পবিত্রাঃ যস্য, সঃ), সর্ব্বরসঃ (সর্ব্বে রসাঃ নির্দ্দোষাঃ যস্য, সঃ তথোক্তঃ), ইদং সর্ব্বং (জগৎ) অভ্যাত্তঃ (সর্ব্বতঃ ব্যাপ্তঃ), অবাকী (বাগিন্দ্রিয়রহিতঃ, উপলক্ষণঞ্চৈতৎ —সর্ব্বেন্দ্রিয়রহিতঃ) অনাদরঃ (আদর আগ্রহঃ, পূর্ণকামত্বাৎ অপ্রাপ্তিলাভ-নিবন্ধনাগ্রহরহিত ইত্যর্থঃ)।

এখন ক্রতুর বিষয় বলিতেছেন—মনোময় (মনই তাহার প্রবৃত্তি ও নিবৃত্তির প্রধান সহায়), প্রাণ—লিঙ্গশরীরই তাহার শরীর, ভা—দীপ্তি অর্থাৎ চৈতন্যই তাহার রূপ, সত্যসঙ্কল্প—তাহার ইচ্ছা বিফল হয় না, তাহার আত্মা আকাশের ন্যায় নির্ম্মল, সমস্ত জগৎই তাহার কর্ম্ম (সৃষ্ট), সর্ব্ববিধ কামনাই তাহার কামনা, সমস্ত গন্ধই তাহার, সমস্ত রসই তাহার; এই সমস্ত জগতে পরিব্যাপ্ত অবাকী অর্থাৎ বাগাদি ইন্দ্রিয়রহিত এবং অনাদর অর্থাৎ অপ্রাপ্তপ্রাপ্তিতে আগ্রহশূন্য ॥২৪৬॥২

শাঙ্কর-ভাষ্যম্।—কথম্? মনোময়ঃ মনঃপ্রায়ঃ; মন্যুতে অনেনেতি মনঃ, তৎ স্ববৃত্ত্যা বিষয়েষু প্রবৃত্তং ভবতি, তেন মনসা তন্ময়ঃ। তথাপ্রবৃত্ত ইব তৎপ্রায়ো নিবৃত্ত ইব চ*। অতএব প্রাণশরীরঃ, প্রাণো লিঙ্গাত্মা বিজ্ঞানক্রিয়াশক্তিদ্বয়সংমূর্চ্ছিতঃ, "যো বৈ প্রাণঃ সা প্রজ্ঞা, যা বা প্রজ্ঞা স প্রাণঃ" ইতি শ্রুতেঃ; সঃ শরীরং যস্য, স প্রাণশরীরঃ। "মনোময়ঃ প্রাণশরীরনেতা" ইতি চ শ্রুত্যন্তরাৎ। ভারূপঃ, ভা দীপ্তিশ্চৈতন্যলক্ষণং রূপং যস্য, স ভারূপঃ। সত্যসঙ্কল্পঃ, সত্যা অবিতথাঃ সঙ্কল্পা যস্য সোঽয়ং সত্যসঙ্কল্পঃ; ন যথা সংসারিণ ইবানৈকান্তিকফলঃ সঙ্কল্প ঈশ্বরস্যেত্যর্থঃ; সংসারিণঃ অনৃতেন মিথ্যাফলত্বহেতুনা প্রত্যূঢ়ত্বাৎ সঙ্কল্পস্য; মিথ্যাফলত্বঞ্চ বক্ষ্যতি 'অনৃতেন হি প্রত্যূঢ়াঃ' ইতি। আকাশাত্মা, আকাশ ইবাত্মা স্বরূপং যস্য, স আকাশাত্মা। সর্ব্বগতত্বং সূক্ষ্মত্বং রূপাদিহীনত্বঞ্চ আকাশতুল্যতা ঈশ্বরস্য। সর্ব্বকর্ম্মা, সর্ব্বং বিশ্বং তেনেশ্বরেণ ক্রিয়ত ইতি জগৎ সর্ব্বং কর্ম্ম যস্য, সঃ সর্ব্বকর্ম্মা, "স হি সর্ব্বস্য কর্ত্তা" ইতি শ্রুতেঃ। সর্ব্বকামঃ, সর্ব্বে কামা দোষরহিতা অস্যেতি সর্ব্বকামঃ। "ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি" ইতি স্মৃতেঃ।

ননু কামোঽস্মীতি বচনাদিহ বহুব্রীহির্ন সম্ভবতি 'সর্ব্বকামঃ' ইতি। ন, কামস্য কর্ত্তব্যত্বাৎ শব্দাদিবৎ পারার্থ্যপ্রসঙ্গাচ্চ দেবস্য। তস্মাৎ যথেহ সর্ব্বকাম ইতি বহুব্রীহিঃ, তথা কামোঽস্মীতি স্মৃত্যর্থো বাচ্যঃ। সর্ব্বগন্ধঃ, সর্ব্বে গন্ধাঃ সুখকরা অস্য, সোঽয়ং সর্ব্বগন্ধঃ, "পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ" ইতি স্মৃতেঃ। তথা রসা অপি বিজ্ঞেয়াঃ; অপুণ্যগন্ধ-রসগ্রহণস্য পাপ্মসম্বন্ধনিমিত্তত্বশ্রবণাৎ। "তস্মাৎ তেনোভয়ং জিঘ্রতি সুরভি চ দুর্গন্ধি চ, পাপ্মনা হ্যেষ বিদ্ধঃ" ইতি শ্রুতেঃ। ন চ পাপ্মসংসর্গ ঈশ্বরস্য, অবিদ্যাদিদোষস্যানুপপত্তেঃ। সর্ব্বমিদং জগৎ অভ্যাত্তঃ অভিব্যাপ্তঃ। অততের্ব্যাপ্ত্যর্থস্য কর্ত্তরি নিষ্ঠা। তথা অবাকী, উচ্যতে অনয়েতি বাক্, বাগেব বাকঃ; যদ্বা বচের্ঘঞন্তস্য করণে বাকঃ; স যস্য বিদ্যতে স বাকী, ন বাকী অবাকী;

* নিবৃত্ত ইব বা ইতি চ ক্বচিৎ পাঠঃ।

বাক্‌প্রতিষেধশ্চাত্রোপলক্ষণার্থঃ; গন্ধরসাদিশ্রবণাৎ ঈশ্বরস্য প্রাপ্তানি ঘ্রাণাদীনি করণানি গন্ধাদিগ্রহণায়, অতো বাক্‌প্রতিষেধেন প্রতিষিধ্যন্তে তানি। "অপাণিপাদো জবনোগ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ" ইত্যাদিমন্ত্রবর্ণাৎ। অনাদরঃ অসম্ভ্রমঃ; অপ্রাপ্তপ্রাপ্তৌ হি সম্ভ্রমঃ স্যাৎ অনাপ্তকামস্য, ন তু আপ্তকামত্বান্নিত্যতৃপ্তস্যেশ্বরস্য সম্ভ্রমোঽস্তি কচিৎ ॥২৪৬॥২

আনন্দগিরিঃ।—ক্রতুকরণপ্রকারমেব প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি—কথমিত্যাদিনা। কথমিদং মনঃপ্রায়ত্বমিত্যপেক্ষায়াং মনঃশব্দার্থপ্রদর্শনপূর্ব্বকং তৎপ্রায়ত্বং ব্যুৎপাদয়তি—মনুত ইতি। মনোদ্বারা তদুপাধিঃ পুরুষো বিষয়প্রবণো ভবতীত্যর্থঃ। তৎ-প্রায়ত্বফলমাহ—তথেতি। পুরুষো হি তৎপ্রায়ঃ সন্ মনসি প্রবর্ত্তমানে স্বয়মপি তদ্বদেব প্রবৃত্ত ইব লক্ষ্যতে। তথা নিবর্ত্তমানে মনসি নিবৃত্ত ইব চাবগম্যতে। বস্তুতস্তু পুরুষো ন প্রবৃত্তো নিবৃত্তো বা, ধ্যায়তীবেত্যাদিশ্রুতেরিত্যর্থঃ। অতএব মনোময়ত্বাদেবেতি যাবৎ। সংমূর্চ্ছিতত্বং সংপিণ্ডিতত্বম্। বিজ্ঞানশক্তেঃ ক্রিয়া-শক্তেশ্চৈকস্মিন্নেব লিঙ্গাত্মনি সংপিণ্ডিতত্বে শ্রুত্যন্তরং প্রমাণয়তি—যো বা ইতি। আথর্ব্বণীং শ্রুতিং যথোক্তে বিশেষণদ্বয়ে প্রমাণয়তি—মনোময়ঃ প্রাণেতি। মনো-বৃত্তিভির্বিভাব্যমানত্বাদাত্মা মনোময়ঃ, প্রাণএব প্রত্যগাত্মনঃ সূক্ষ্মং শরীরং, তস্য চাসৌ স্থূলাৎ দেহাৎ দেহান্তরং প্রতি নেতেত্যাথর্ব্বশ্রুতেরাত্মনি বিশেষণদ্বয়সিদ্ধিঃ। এতচ্চ বিশেষণদ্বয়ং জীবগতমপি তদভেদবিবক্ষয়া ব্রহ্মণি দ্রষ্টব্যমিত্যর্থঃ। সত্যসঙ্কল্প ইত্যত্র বিশেষণেন ধ্বনিতমর্থং দর্শয়তি—ন যথেতি। ইবশব্দস্তথার্থঃ। কথং সংসারিসঙ্কল্পস্যানৈকান্তিকফলত্বং তত্রাহ—অনৃতেনেতি। সঙ্কল্পস্যানৃতেন সংসারিণি প্রত্যূঢ়ত্বে বাক্যশেষং প্রমাণয়তি—বক্ষ্যতীতি। জড়াজড়য়োরাকাশেতরয়োর্ন তুল্যতেত্যাশঙ্ক্যাহ সর্ব্বগতত্বমিতি। সর্ব্বকর্ম্মেতি সর্ব্বক্রিয়াশ্রয়ত্বমীশ্বরস্যোচ্যতে, তদযুক্তং নিষ্ক্রিয়ত্ব-শ্রুতেরিত্যাশঙ্ক্য ব্যাচষ্টে—সর্ব্বমিতি। সংসারিভ্যো বিশেষ-সিদ্ধ্যর্থং—বিশিনষ্টি—দোষরহিতা ইতি।

উদাহৃতাং স্মৃতিমাশ্রিত্যোক্তমাক্ষিপতি—নন্বিতি। কামসামানাধিকরণ্যে বাধকোপলম্ভাদ্ বহুব্রীহিরেবেতি পরিহরতি—ন কামস্যেতি। তস্য কার্য্যত্বাৎ তদৈক্যে ব্রহ্মণোঽনাদিত্বং বাধ্যতে* চেতনশেষত্বাচ্চ কামস্য তদৈক্যে ব্রহ্মণঃ স্বাতন্ত্র্যং হীয়তে। তথাচ কর্ম্মধারয়াসম্ভবাদ্ বহুব্রীহিরেবেত্যর্থঃ। কথং তর্হি কামোঽস্মীতি তাদাত্ম্যস্মৃতিরিত্যাশঙ্ক্যাহ—তস্মাদিতি। কামেশ্বরয়োঃ সামানাধিকরণ্যাসম্ভবাৎ প্রকৃতশ্রুতৌ বহুব্রীহির্যথা ইষ্টস্তথা স্মৃতাবপি ব্রহ্মপারতন্ত্র্যমাত্রং কামস্য বিবক্ষিতম্, শ্রুত্যনুসারেণ স্মৃতের্নেতব্যত্বাদিত্যর্থঃ। সর্ব্বশব্দাৎ দুর্গন্ধানামপি ব্রহ্মণি প্রাপ্তৌ বিশিনষ্টি—সুখকরা ইতি। সর্ব্বশব্দসঙ্কোচে কারণমাহ—পুণ্যইতি। যথা সর্ব্বগন্ধ ইত্যত্র সুখকরা গন্ধা ব্রহ্মসম্বন্ধিনো দর্শিতাঃ, তথা সর্ব্বরস ইত্যত্রাপি সুখকরা রসাস্তৎসম্বন্ধিনো গ্রাহ্যা ইত্যাহ—তথেতি। অত্রাপি সর্ব্বশব্দসঙ্কোচে কারণমাহ—

---

* 'বাধ্যেত' ইতি কেচিৎ পঠন্তি।

অপুণ্যেতি। ন তদ্গ্রহণং পরস্মিন্নিতিশেষঃ। তচ্ছব্দার্থমেবোপপাদয়তি—পাপ্মনাহীতি। এষ ইতি ঘ্রাণপ্রাণোক্তিঃ। ভবতু পাপ্মসংসর্গকৃতমপুণ্যগন্ধাদিগ্রহণম্। তথাপি কথং তদীশ্বরে সর্ব্বজ্ঞে নাস্তীত্যাশঙ্ক্যাহ—ন চেতি। নিমিত্তাভাবাদীশ্বরস্য ন স্বসম্বন্ধিত্বেনাপুণ্যগন্ধাদিগ্রহণমিত্যর্থঃ। তস্য পাপ্মাসংসর্গে হেতুমাহ—অবিদ্যাদীতি। আদিপদেনাস্মিতা-রাগদ্বেষাভিনিবেশাদয়ো গৃহ্যন্তে। অভ্যাত্ত ইতি রূপং তদর্থং চ দর্শয়ন্ কর্ম্মণি নিষ্ঠাং ব্যাবর্ত্তয়তি—অততেরিতি। বাকশব্দস্য নিষ্পত্তিপ্রকারং রচয়তি—বচেরিতি। অত্রেতি শ্রুতেরীশ্বরস্য চোক্তিঃ উপলক্ষণার্থো ঘ্রাণাদিপ্রতিষেধস্তেতি শেষঃ। অথেশ্বরে ঘ্রাণাদিপ্রাপ্তেরভাবাৎ তৎপ্রতিষেধো নোপলক্ষ্যেত, অত আহ—গন্ধেতি। আদিশব্দেন কামাদিরুক্তঃ। যুক্তং চান্যোপলক্ষণং সাক্ষাদেবান্যত্র প্রতিষেধশ্রবণাদিত্যাহ—অপাণীতি। আদিপদেন "স বেত্তি বেদ্যম্" ইত্যাদি গৃহ্যতে। ঈশ্বরস্য সম্ভ্রমাভাবং প্রতিপাদয়তি—অপ্রাপ্তপ্রাপ্তৌ হীতি ॥২৪৬॥২

ভাষ্যানুবাদ।—কি প্রকারে [ক্রতু—উপাসনা করিবে ? এই প্রকারে]—মনোময় অর্থ—মনঃপ্রায়, অর্থাৎ যাহা দ্বারা মনন—চিন্তা করা যায়, তাহার নাম মনঃ, সেই মন স্বকীয় বৃত্তি বা ব্যাপার দ্বারা চিন্তনীয় বিষয়ে ধাবিত হইয়া থাকে ; পুরুষ সেই মনের দ্বারা যেন তন্ময়তাপ্রাপ্ত হয় (মনোময়ত্ব লাভ করে), পুরুষের প্রবৃত্তি ও নিবৃত্তি উভয়ই মনের অধীন ; এই কারণে পুরুষ তৎপ্রায় অর্থাৎ মনোবৃত্তিপ্রধান * ; এই কারণেই [পুরুষ] প্রাণশরীরও বটে। এখানে প্রাণ অর্থ—জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি-সমন্বিত † লিঙ্গদেহ ; কারণ, শ্রুতি বলিয়াছেন—'যাহা প্রাণ, তাহাই প্রজ্ঞা (জ্ঞানশক্তি), আর যাহা প্রজ্ঞা, তাহাই প্রাণ'। সেই প্রাণ যাহার শরীর, তিনিই প্রাণশরীর ; যেহেতু অপর শ্রুতিতে আছে—'[আত্মা] মনোময় এবং প্রাণ ও শরীরের পরিচালক।' ভা-রূপ—ভা অর্থ—চৈতন্যরূপ দীপ্তি, তাহাই যাহার রূপ, তিনি ভারূপ। সত্যসঙ্কল্প—যাহার সঙ্কল্প (ইচ্ছা) সত্য অর্থাৎ অন্যথা হয় না, তিনিই সত্যসঙ্কল্প। সংসারিগণের সঙ্কল্প যেরূপ অনৈকান্তিক-ফল (অনিশ্চিত-ফল), ঈশ্বরের সঙ্কল্প সেরূপ নহে। সংসারিগণের সঙ্কল্প যে মিথ্যাফলের (বিফলতার) হেতুভূত—অনৃত দ্বারা সমাবৃত বলিয়া মিথ্যা-ফল প্রসব করিয়া থাকে ; তাহা, 'যে হেতু তাহারা অসত্য দ্বারা আবৃত' এই স্থলে স্পষ্ট করিয়া বলিবেন। আকাশাত্মা —যাহার আত্মা অর্থাৎ স্বরূপ আকাশের ন্যায় (নির্লেপ),

---

* অভিপ্রায় এই যে, আত্মা স্বভাবতই প্রবৃত্তি-নিবৃত্তিহীন উদাসীন ; যাহা কিছু করে, তাহা মনের সাহায্যেই করে ; এইজন্য মনের প্রবৃত্তিই তাহার প্রবৃত্তি, আর মনের নিবৃত্তিই তাহার নিবৃত্তি বলিয়া ব্যবহার করা হইয়া থাকে ; স্বতন্ত্রভাবে আত্মার প্রবৃত্তিও নাই, নিবৃত্তিও নাই। অধিকন্তু ঐরূপ মানসপ্রবৃত্তি সহযোগেই সাধারণতঃ আত্মার উপলব্ধি হইয়া থাকে ; এই কারণে এখানে জীবাত্মাকে 'মনোময়ঃ' বলা হইয়াছে।

† পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ প্রাণ, মন ও বুদ্ধি—এই সপ্তদশ পদার্থের যোগে যে শরীর হয়, তাহাকে সূক্ষ্ম বা লিঙ্গদেহ বলে।

"'বুদ্ধিকর্ম্মেন্দ্রিয়প্রাণপঞ্চকৈর্মনসা ধিয়া।
শরীরং সপ্তদশভিঃ সূক্ষ্মং তল্লিঙ্গমুচ্যতে ॥" (পঞ্চদশী)

তিনিই আকাশাত্মা। সর্ব্বব্যাপিত্ব, সূক্ষ্মত্ব (দুর্লক্ষ্যত্ব) এবং রূপাদিহীনতাই আকাশের সহিত ঈশ্বরের তুল্য ধর্ম্ম। সর্ব্বকর্ম্মা—সমস্ত বিশ্বই সেই ঈশ্বরকর্তৃক সৃষ্ট, এইজন্য সমস্ত জগৎই তাঁহার কর্ম্ম, তাই তিনি সর্ব্বকর্ম্মা; 'তিনিই সমস্তের কর্ত্তা' এই শ্রুতিই এ বিষয়ে প্রমাণ। সর্ব্বকাম—নির্দ্দোষ সমস্ত কাম (অভিলাষ) যাঁহার আছে, তিনি সর্ব্বকাম। কারণ, ভগবদ্গীতায় কথিত আছে যে, 'হে ভরতর্ষভ অর্জ্জুন, আমিই ধর্ম্মের অবিরুদ্ধ কামরূপে সর্ব্বভূতে অবস্থিত।'

ভাল, [ভগবদ্গীতায়] "কামোঽস্মি" (আমিই কামস্বরূপ), এইরূপ উক্তি থাকায় এখানে ত বহুব্রীহি সমাস (সমস্ত কাম যাহার, এইরূপ) হইতে পারে না; না—এরূপ আপত্তি সঙ্গত হয় না; কারণ, কাম যখন কর্ত্তব্য, অর্থাৎ যত্নসাধ্য, তখন দেবকে (ঈশ্বরকে) [কামস্বরূপ বলিলে] শব্দাদির ন্যায় তাঁহারও পরার্থতা বা পরতন্ত্রতা হইতে পারে। অতএব, এখানে 'সর্ব্বকাম' পদে যেরূপ বহুব্রীহি সমাস গ্রহণ করা হইয়াছে, "কামোঽস্মি" এই গীতাস্মৃতি বচনেরও তদনুরূপ অর্থই গ্রহণ করিতে হইবে। সর্ব্বগন্ধ—সুখকর সমস্ত গন্ধ যাহার বিদ্যমান আছে, তিনি সর্ব্বগন্ধ; যেহেতু স্মৃতিতে আছে—'আমিই পৃথিবীতে পবিত্র গন্ধস্বরূপ'। রসপদেও সেইরূপ সুখকর রসই বুঝিতে হইবে; কেন না, অপুণ্য গন্ধ ও রসের যে গ্রহণ হয়, পাপ-সম্বন্ধই তাহার কারণ; ইহা 'সেই হেতু ঘ্রাণেন্দ্রিয় দ্বারা সদ্‌গন্ধ ও অসদ্‌গন্ধ, উভয়ই আঘ্রাণ করা হয়; কারণ, এই ঘ্রাণেন্দ্রিয় পাপদ্বারা আক্রান্ত'; এই শ্রুতি হইতে জানা যায়। অথচ, ঈশ্বরের ত কোনপ্রকার পাপ-সংস্পর্শ নাই; কেননা, তাঁহাতে [পাপের কারণীভূত] অবিদ্যাদি দোষের সম্ভাবনা নাই। তিনিই এই সমস্ত জগতে অভিব্যাপ্ত আছেন; ব্যাপ্ত্যর্থক 'অত্' ধাতুর উত্তর কর্তৃবাচ্যে 'ক্ত' প্রত্যয়ে ['অভ্যাত্ত' পদ নিষ্পন্ন] হইয়াছে। সেইরূপ, তিনি অবাকী; যাহা দ্বারা কথা বলা যায়, তাহার নাম বাক্; বাক্ই বাক [স্বার্থে তদ্ধিতপ্রত্যয়]। অথবা বচ্ ধাতুর উত্তর করণবাচ্যে ঘঞ্ প্রত্যয় যোগে ['বাক'পদ নিষ্পন্ন] হইয়াছে। সেই বাক যাহার আছে, তিনি হন—বাকী, যিনি বাকী (বাগিন্দ্রিয়যুক্ত নহে), তিনি অবাকী। এখানে যে বাগিন্দ্রিয়ের প্রতিষেধ করা হইয়াছে, তাহা অপরাপর ইন্দ্রিয়েরও উপলক্ষণ, অর্থাৎ প্রতিষেধক; কারণ [এখানে] গন্ধ ও রসাদির উল্লেখ থাকায় গন্ধাদি গ্রহণের জন্য ঈশ্বরের সম্বন্ধেও ঘ্রাণাদি ইন্দ্রিয়সমূহ থাকা সম্ভাবিত হইয়াছিল; সেই জন্য বাগিন্দ্রিয়ের প্রতিষেধ দ্বারা সে সমস্তও প্রতিষিদ্ধ হইল; যেহেতু মন্ত্রে আছে—'তিনি হস্তহীন অথচ গ্রহণ করেন, পাদহীন, অথচ দ্রুতগামী, চক্ষুহীন, অথচ দর্শন করেন, এবং কর্ণহীন, অথচ শ্রবণ করেন।' ইত্যাদি। অনাদর অর্থ—আগ্রহরহিত; কারণ, যাহার অভিলষিত বিষয় অপ্রাপ্ত বা অপূর্ণ থাকে, তাহারই তৎপ্রাপ্তির জন্য ব্যগ্রতা হইয়া থাকে; কিন্তু আপ্তকামত্ব হেতু নিত্যতৃপ্ত ঈশ্বরের পক্ষে কোন বিষয়ে সম্ভ্রম বা ব্যগ্রতা সম্ভবপর হইতে পারে না॥২৪৬॥২

এষ ম আত্মান্তর্হৃদয়েঽণীয়ান্ ব্রীহের্ব্বা যবাদ্বা সর্ষপাদ্বা শ্যামাকাদ্বা শ্যামাকতণ্ডুলাদ্বা, এষ ম আত্মান্তর্হৃদয়ে জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরিক্ষাজ্জ্যায়ান্ দিবো জ্যায়ানেভ্যো লোকেভ্যঃ ॥২৪৭॥৩

মে (মম) অন্তর্হৃদয়ে (হৃদয়মধ্যে) [অবস্থিতঃ] এষঃ (যথোক্তগুণ-সম্পন্নঃ) আত্মা ব্রীহেঃ (ধান্যবিশেষাৎ) বা, যবাৎ বা, সর্ষপাৎ বা, শ্যামাকাৎ বা, শ্যামাক-তণ্ডুলাৎ বা অণীয়ান্ (অতিশয়েন অণুঃ); মে অন্তর্হৃদয়ে [অবস্থিতঃ] এষঃ (উক্ত এব) আত্মা পৃথিব্যাঃ জ্যায়ান্ (পৃথিবীম্ অপেক্ষ্যাপি মহত্তরঃ), অন্তরিক্ষাৎ (নভোমণ্ডলাৎ) জ্যায়ান্; দিবঃ (দ্যুলোকাৎ) জ্যায়ান্; [কিং বহুনা] এভ্যঃ (বর্ত্তমানেভ্যঃ সর্ব্বেভ্যঃ) লোকেভ্যঃ (স্বর্গাদিভ্যঃ) জ্যায়ান্ (মহত্তরঃ)॥

আমার হৃদয়মধ্যবর্ত্তী উক্তলক্ষণ এই আত্মা ব্রীহি অপেক্ষা, যব অপেক্ষা, সর্ষপ অপেক্ষা, শ্যামাক অপেক্ষা এবং শ্যামাক-তণ্ডুল অপেক্ষাও অতিশয় অণু; আমার হৃদয়মধ্যস্থ এই আত্মাই আবার পৃথিবী অপেক্ষা অতিশয় মহান্, অন্তরিক্ষ হইতে অতিশয় মহান্, এবং দ্যুলোক অপেক্ষাও অতিশয় বৃহৎ, [অধিক কি, এই সমস্ত লোক অপেক্ষাই অতিশয় মহান্।]

শাঙ্কর-ভাষ্যম্।—এষঃ যথোক্তগুণো মে মম আত্মা অন্তর্হৃদয়ে হৃদয়পুণ্ডরীকস্য অন্তঃ মধ্যে অণীয়ান্ অণুতরঃ ব্রীহের্ব্বা যবাদ্বা ইত্যাদি অত্যন্তসূক্ষ্মত্বপ্রদর্শনার্থম্। শ্যামাকাদ্বা শ্যামাকতণ্ডুলাদ্বা, ইতি পরিচ্ছিন্নপরিমাণাদণীয়ান্ ইত্যুক্তে অণুপরিমাণত্বং প্রাপ্তমাশঙ্ক্য তৎপ্রতিষেধায়ারভতে—"এস ম আত্মান্তর্হৃদয়ে জ্যায়ান্ পৃথিব্যাঃ" ইত্যাদিনা। জ্যায়ঃপরিমাণাচ্চ জ্যায়স্ত্বং দর্শয়ন্ অনন্তপরিমাণত্বং দর্শয়তি—"মনোময়ঃ" ইত্যাদিনা—"জ্যায়ান্ এভ্যো লোকেভ্যঃ" ইত্যন্তেন ॥২৪৭॥৩

ঘোরনামক আঙ্গিরস ঋষি শিষ্য দেবকীনন্দন কৃষ্ণের উদ্দেশে সেই এই যজ্ঞদর্শন উপদেশ দিয়া পরবর্ত্তী তিনটি মন্ত্রেরও উপদেশ করিয়াছিলেন। সেই দেবকীপুত্র কৃষ্ণ [উক্ত বিদ্যার উপদেশ শ্রবণ করিয়া অন্য বিদ্যা বিষয়ে] নিস্পৃহ হইয়াছিলেন। উক্তপ্রকার বিদ্যাভিজ্ঞ ব্যক্তি মৃত্যুসময়ে এই মন্ত্রত্রয় জপ করিবে, (১) 'অক্ষিত, অর্থাৎ অক্ষত আছ'; (২) 'অচ্যুত অর্থাৎ স্বীয় প্রকৃতি হইতে বিচ্যুত নহ'; (৩) 'প্রাণের অতি সূক্ষ্মাবস্থা হইতেছ' এই বিষয়ে এইরূপ দুইটি মন্ত্র আছে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তৎ হ এতৎ যজ্ঞদর্শনং ঘোরো নামত আঙ্গিরসো গোত্রতঃ কৃষ্ণায় দেবকীপুত্রায় শিষ্যায় উক্ত্বা উবাচ—'তদেতত্ত্রয়ম্' ইত্যাদিব্যবহিতেন সম্বন্ধঃ। স চৈতৎ দর্শনং শ্রুত্বা অপিপাস এবান্যাভ্যো বিদ্যাভ্যো বভূব। ইত্থঞ্চ বিশিষ্টেয়ং বিদ্যা, যৎ কৃষ্ণস্য দেবকীপুত্রস্য অন্যাং বিদ্যাং প্রতি তৃড়্বিচ্ছেদকরীতি পুরুষ-যজ্ঞবিদ্যাং স্তৌতি। ঘোর আঙ্গিরসঃ কৃষ্ণায়োক্ত্বেমাং বিদ্যাং কিমুবাচেতি, তদাহ—স এবং যথোক্তযজ্ঞবিৎ অন্তবেলায়াং মরণকালে এতৎ মন্ত্রত্রয়ং প্রতিপদ্যেত জপেদিত্যর্থঃ। কিং তৎ? অক্ষিতম্ অক্ষীণম্ অক্ষতং বা অসি ইত্যেকং যজুঃ। সামর্থ্যাৎ আদিত্যস্থং প্রাণং চৈকীকৃত্যাহ। তথা তমেবাহ—অচ্যুতং স্বরূপাদপ্রচ্যুতমসীতি দ্বিতীয়ং যজুঃ। প্রাণসংশিতং প্রাণস্য সংশিতম্ * সম্যক্ তনূকৃতঞ্চ সূক্ষ্মং তত্ত্বমসীতি তৃতীয়ং যজুঃ। তত্রৈতস্মিন্নর্থে বিদ্যাস্তুতিপরে দ্বে ঋচৌ মন্ত্রৌ ভবতঃ ন জপার্থে, "ত্রয়ং প্রতিপদ্যেত" ইতি ত্রিত্বসংখ্যাবাধনাৎ; পঞ্চসংখ্যা হি তদা স্যাৎ ॥২৬৮॥৬

আনন্দগিরিঃ।—পুরুষে যজ্ঞদৃষ্টিরুক্তা, সম্প্রতি বিশিষ্টপুরুষসম্বন্ধেন বিদ্যাং স্তোতুং বিদ্যাঙ্গং চ জপং বিধাতুমুপক্রমতে—তৎ হ এতদিতি। দেবকীপুত্রস্যৈতদ্দর্শনশ্রবণ-

* প্রাণশ্চ স সংশিতম্ ইতি বহুষু পাঠঃ।

ফলমাহ—স চেতি। কিমর্থেয়ং গুরুশিষ্যাখ্যায়িকেত্যাহ—ইত্থং চেতি। অক্ষিতমসীতি, কীদৃশীং দেবতাং প্রত্যুচ্যতে, তত্রাহ—সামর্থ্যাদিতি। নিকৃষ্টস্য স্তুতিসম্বন্ধাযোগাৎ পুরুষযজ্ঞে সবনদেবতান্তরানুপপত্তেশ্চ প্রাণানামেবাধিদৈবিকং রূপমাদিত্যাখ্যং জপ্যমন্ত্রার্থত্বেন সম্বধ্যত ইত্যর্থঃ। দ্বিতীয়মন্ত্রস্যার্থান্তরং বারয়তি—তথেতি। প্রথমমন্ত্রবদিত্যর্থঃ। ন চ দ্বয়োরেকার্থত্বে সত্যন্যতরস্য বৈয়র্থ্যম্, দ্বয়োরপি জপ্যত্বেনোপযুক্তত্বাদিতি দ্রষ্টব্যম্। মন্ত্রত্রয়প্রতিপাদ্যং সাবিত্রং তত্ত্বম্ ঋগ্‌ভ্যামপি প্রতিপাদিতমিতি প্রত্যয়দার্ঢ্যার্থমাহ তত্রেতি। কিমিতি বিদ্যাস্তুতিপরত্বম্ অনয়োরিষ্যতে, জপার্থত্বমেব কিং ন স্যাৎ, তত্রাহ—নেত্যাদিনা। অনয়োর্জপার্থত্বেঽপি ত্রিত্বসংখ্যায়াঃ সত্ত্বান্ন সা বাধ্যেত্যাশঙ্ক্যাহ—পঞ্চেতি। অনয়োর্জপ্যত্বে পঞ্চকং প্রতিপদ্যেতেতি পঞ্চসংখ্যায়া বক্তব্যত্বাৎ ত্রিত্বং বাধিতং স্যাদিত্যর্থঃ ॥২৬৮॥৬

ভাষ্যানুবাদ।—আঙ্গিরস অর্থাৎ অঙ্গিরার সন্তান ঘোর-নামক ঋষি সেই এই যজ্ঞদর্শন বা যজ্ঞবিদ্যা স্বশিষ্য দেবকীপুত্র কৃষ্ণের উদ্দেশে উপদেশ করিয়া বলিয়াছিলেন। [এই শ্রুতিরই দূরবর্ত্তী] "তৎ এতৎ ত্রয়ম্" এই কথার সহিত 'বলিয়াছিলেন' ক্রিয়ার সম্বন্ধ। তিনিও (কৃষ্ণও) উক্ত বিদ্যা শ্রবণ করিয়া অন্য বিদ্যায় নিস্পৃহ হইয়াছিলেন। এই বিদ্যা এরূপ বিশিষ্ট (উৎকৃষ্ট) যে, দেবকীপুত্র কৃষ্ণের সম্বন্ধে অন্য বিদ্যার প্রতি অনুরাগ নিবৃত্ত করিয়া দিয়াছিল; এই কথা বলিয়া পুরুষযজ্ঞবিদ্যারই স্তুতি করিতেছেন। অঙ্গিরা-গোত্রীয় ঘোর ঋষি কৃষ্ণকে এই বিদ্যার উপদেশ করিয়া কি বলিয়াছিলেন, তাহা বলিতেছেন—উক্তপ্রকার বিদ্যাভিজ্ঞ ব্যক্তি অন্তবেলায় অর্থাৎ মরণসময়ে এই (নিম্নলিখিত) তিনটি মন্ত্র প্রাপ্ত হইবে, অর্থাৎ জপ করিবে। সেই তিনটি মন্ত্র কি কি? ১।—"অক্ষিতম্ অসি" অর্থাৎ তুমি হইতেছ অক্ষিত—অক্ষীণ অর্থাৎ অক্ষত (পরিপূর্ণ)। যোগ্যতানুসারে [বুঝিতে হইবে যে] এখানে আদিত্যাধিষ্ঠিত পুরুষ এবং প্রাণ—এই উভয়কে এক করিয়া ঐরূপ বলিয়াছেন। ২।—সেই তাহাকেই আবার বলিয়াছিলেন—"অচ্যুতম্ অসি" অর্থাৎ তুমি হইতেছ স্বস্বরূপ হইতে অচ্যুত (অস্খলিত); এইটি দ্বিতীয় মন্ত্র। ৩।—"প্রাণসংশিতম্ অসি", অর্থাৎ তুমি হইতেছ প্রাণের সম্যক্ সূক্ষ্ম তত্ত্ব; এইটি তৃতীয় মন্ত্র। সেই এই বিষয়ে বিদ্যার প্রশংসাপর এই দুইটি মন্ত্র আছে; কিন্তু এই দুইটি জপকার্য্যে প্রযোজ্য নহে। কেননা, তাহা হইলে 'তিনটি মন্ত্র জপ করিবে' শ্রুত্যুক্ত এই ত্রিত্ব সংখ্যার বাধা হইয়া পড়ে; কারণ তাহা হইলে পঞ্চ সংখ্যা হইয়া পড়ে (২) ॥২৬৮॥৬

(২) তাৎপর্য্য—এই শ্রুতিতে যে দেবকীপুত্র কৃষ্ণের নামোল্লেখ দৃষ্ট হইতেছে, ইহা হইতে

আদিৎ প্রত্নস্য রেতসঃ। উদ্বয়ন্তমসস্পারি জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং স্বঃ পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমমিতি জ্যোতিরুত্তমমিতি ॥২৬৯॥৭

ইতি তৃতীয়াধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ ॥১৭॥

['আৎ' শব্দস্য 'ৎ'-কারঃ অনুবন্ধঃ (অপ্রযোগী) 'ইৎ' শব্দশ্চ অনর্থকঃ। উৎ উপসর্গস্য চ "অগন্ম" ইতি ব্যবহিতক্রিয়য়া সম্বন্ধঃ। প্রত্নস্য (পুরাতনস্য) রেতসঃ (বীজভূতস্য কারণস্য ব্রহ্মণঃ) তমসঃ (অজ্ঞানাৎ) পরি (উপরি, অজ্ঞানাতীতং) উত্তরং (উৎকৃষ্টতরং) জ্যোতিঃ (প্রকাশং) পশ্যন্তঃ (সাক্ষাৎকুর্ব্বন্তঃ), [তথা] স্বঃ (স্বীয়ং স্বহৃদয়স্থং) উত্তরং (ঊর্দ্ধতরং) [জ্যোতিঃ] পশ্যন্তঃ বয়ং দেবং (প্রকাশমানং) দেবত্রা (দেবায়ত্তং) সূর্য্যম্ (রশ্মীনাং জগতশ্চ প্রেরকং) উত্তমং জ্যোতিঃ উদগন্ম (উদ্‌গতাঃ প্রাপ্তা ইত্যর্থঃ)। [ইদমেব তৎ ঋগ্‌দ্বয়েণ মন্ত্রত্রয়েণ চ প্রকাশিতং জ্যোতিরিতি ভাবঃ] পুরুষযজ্ঞকল্পনসমাপ্ত্যর্থঃ দ্বিরভ্যাসঃ ॥

শ্রুত্যুক্ত 'আৎ' শব্দের 'ৎ'কার উচ্চারণার্থ, 'ইৎ' শব্দটি নিরর্থক; আর 'উৎ' উপসর্গটির "অগন্ম" ক্রিয়ার সহিত সম্বন্ধ।

চিরন্তন জগদ্বীজের অজ্ঞানাতীত, উৎকৃষ্টতর জ্যোতিঃ দর্শন করত এবং স্বহৃদয়স্থ সেই উত্তম জ্যোতিঃ দর্শন করত রশ্মিমণ্ডল ও সর্ব্ব জগৎপ্রেরক দেবানুগত উৎকৃষ্টতম জ্যোতিঃ প্রাপ্ত হইয়াছি। পুরুষ-যজ্ঞবিদ্যাসমাপ্তিজ্ঞাপনার্থ "জ্যোতিরুত্তমম্" কথার দ্বিরুক্তি হইয়াছে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—'আৎ' 'ইৎ' ইত্যত্র আকারস্যানুবন্ধঃ তকারোঽনর্থকঃ, ইচ্ছব্দশ্চ। প্রত্নস্য চিরন্তনস্য পুরাণস্যেত্যর্থঃ। রেতসঃ কারণস্য বীজভূতস্য জগতঃ, সদাখ্যস্য জ্যোতিঃ প্রকাশং পশ্যন্তি। আশব্দ উৎসৃষ্টানুবন্ধঃ পশ্যন্তীত্যনেন সম্বধ্যতে। কিং তৎ জ্যোতিঃ পশ্যন্তি? বাসরম্ অহরহরিব তৎ সর্ব্বতো ব্যাপ্তং ব্রহ্মণো জ্যোতিঃ। নিবৃত্তচক্ষুষো ব্রহ্মবিদো ব্রহ্মচর্য্যাদিনিবৃত্তিসাধনৈঃ

কেহ মনে করিবেন না যে, এই উপনিষৎটি দ্বাপরযুগের শেষে সম্ভূত বসুদেবাত্মজ শ্রীকৃষ্ণের আবির্ভাবের পরে বিরচিত হইয়াছে। কারণ, শ্রুতি অনাদি পদার্থ, তাহার সম্বন্ধে কালবিশেষ নির্দ্দেশ করা সম্ভবপর হয় না; তবে এইরূপ নামোল্লেখের উপপত্তি তিন প্রকারে হইতে পারে। (১) শ্রুতি যেরূপ অনাদি, সৃষ্টিপ্রবাহও তদ্রূপ অনাদি; বীজ ও বৃক্ষের ন্যায় ইহাদেরও পৌর্ব্বাপর্য্য-বিচার চলিতে পারে না। (২) বর্ত্তমান সময়ে যেমন রামায়ণ-মহাভারতাদি গ্রন্থ পাঠ করিয়া তদুল্লিখিত রাম-যুধিষ্ঠিরাদি নাম দৃষ্টে স্বীয় পুত্রাদিরও রাম-যুধিষ্ঠিরাদি নামকরণ করা হইয়া থাকে, এবং ইদানীন্তন সেই সমস্ত লোকদিগের মধ্যেও কোন কোন লোকের ঘটনাবলী ঐতিহাসিক ঘটনাবলীর অনুরূপ হইয়া থাকে; তেমনি শ্রুতিতে দেবকীপুত্র কৃষ্ণের নাম অবগত হইয়াই পশ্চাত্তন দেবকীপুত্রেরও 'কৃষ্ণ' নাম রাখা হইয়াছিল; হয়ত শ্রৌত কৃষ্ণের ঘটনার সঙ্গে তাঁহার ঘটনাবলীর অনেক সৌসাদৃশ্য ঘটিয়াছিল। (৩) যথার্থভাষিণী শ্রুতি ভবিষ্যৎ বিষয়কেও ভূতবৎ বর্ণনা করিয়া থাকেন; সুতরাং উপনিষদেও ভবিষ্যৎ শ্রীকৃষ্ণের উল্লেখ থাকা অনুচিত নহে।

শুদ্ধান্তঃকরণা আ সমন্ততো জ্যোতিঃ পশ্যন্তীত্যর্থঃ। পরঃ পরমিতি লিঙ্গব্যত্যয়েন, জ্যোতিষ্পরত্বাৎ। যৎ ইধ্যতে দীপ্যতে দিবি দ্যোতনবতি পরস্মিন্ ব্রহ্মণি বর্ত্তমানম্; যেন জ্যোতিষেদ্ধঃ সবিতা তপতি, চন্দ্রমা ভাতি, বিদ্যুদ্ বিদ্যোততে, গ্রহতারাগণা বিভাসন্তে।

কিঞ্চ, অন্যো মন্ত্রদৃগ্ আহ যথোক্তং জ্যোতিঃ পশ্যন্—উদ্বয়ং তমসো অজ্ঞানলক্ষণাৎ পরি পরস্তাদিতি শেষঃ। তমসো বা অপনেতৃ যৎ জ্যোতিঃ উত্তরম্ আদিত্যস্থং পরিপশ্যন্তো বয়ম্ উদগন্মেতি ব্যবহিতেন সম্বন্ধঃ। তৎ জ্যোতিঃ স্বঃ স্বমাত্মীয়ম্ অস্মদ্ধৃদি স্থিতম্ আদিত্যস্থঞ্চ তদেকং জ্যোতিঃ। যৎ উত্তরম্ উৎকৃষ্টতরম্ ঊর্দ্ধতরং বা অপরং জ্যোতিরপেক্ষ্য, পশ্যন্ত উদগন্ম বয়ম্। কমুদগন্ম ইত্যাহ—দেবং দ্যোতনবন্তং দেবত্রা দেবেষু সর্ব্বেষু সূর্য্যং রসানাং রশ্মীনাং প্রাণানাঞ্চ জগত ঈরণাৎ সূর্য্যঃ, তম্ উদগন্ম গতবন্তঃ, জ্যোতিরুত্তমং সর্ব্বজ্যোতির্ভ্য উৎকৃষ্টতমম্; অহো প্রাপ্তা বয়মিত্যর্থঃ। ইদং তৎ জ্যোতিঃ, যদ্ ঋগ্‌ভ্যাং স্তুতম্, যদ্ যজুস্ত্রয়েণ প্রকাশিতম্। দ্বিরভ্যাসো যজ্ঞকল্পনাপরিসমাপ্ত্যর্থঃ ॥২৬৯॥৭

ইতি তৃতীয়াধ্যায়স্য সপ্তদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৭॥

আনন্দগিরিঃ।—"আদিৎপ্রত্নস্য রেতসো জ্যোতিঃ পশ্যন্তি বাসরম্। পরো যদিধ্যতে দিবি" ইতি মন্ত্রস্য প্রতীকগ্রহণমাদিৎ প্রত্নস্য রেতস ইতি, তৎপদচ্ছেদপূর্ব্বকং ব্যাচষ্টে—আদিত্যাদিনা। ইচ্ছব্দশ্চানর্থক ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। কিং তৎকারণমিত্যপেক্ষায়াং সদেব সোম্যেদমিত্যাদিশ্রুতিসিদ্ধং ব্রহ্মেত্যাহ—সদাখ্যস্যেতি। আনন্দং ব্রহ্মণো বিদ্বানিতিবৎ প্রত্নস্য জ্যোতিরিতি সম্বন্ধো দ্রষ্টব্যঃ। উৎসৃষ্টানুবন্ধো ধ্বস্ততকারঃ স ইতি যাবৎ। নন্বু ব্রহ্মস্বরূপভূতমেতজ্জ্যোতিষৈব সর্ব্বে পশ্যন্তো দৃশ্যন্তে, তত্রাহ—নিবৃত্তচক্ষুষ ইতি। নিবৃত্তানি বিমুখীকৃতানি বিষয়েভ্যঃ চক্ষূংষি করণানি যেষাং তে তথা। অতএব ব্রহ্মবিদঃ, "কশ্চিদ্ধীরঃ প্রত্যগাত্মানমৈক্ষদাবৃত্তচক্ষুরমৃতত্বমিচ্ছন্" ইতি শ্রুত্যন্তরম্। তত্রৈবোপায়ান্তরং সূচয়তি—ব্রহ্মচর্য্যাদীতি।

"স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুহ্যভাষণম্।
সঙ্কল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়ানির্ব্বৃতিরেব চ ॥
এতন্মৈথুনমষ্টাঙ্গং প্রবদন্তি মনীষিণঃ।
বিপরীতং ব্রহ্মচর্য্যমেতদেবাষ্টলক্ষণম্ ॥"

[ইত্যুক্তং] ব্রহ্মচর্য্যম্। আদিপদেনাহিংসাস্তেয়াদয়ো গৃহ্যন্তে। এতৈর্নিবৃত্তিপ্রধানৈঃ সাধনৈঃ শুদ্ধমুদ্দীপিতমন্তঃকরণং যেষাং, তে তথা। ব্যত্যয়ে হেতুমাহ—জ্যোতিষ্পরত্বাদিতি যৎ স্বমহিমপ্রতিষ্ঠিতং দীপ্যতে, তৎপরং জ্যোতিরিতি সম্বন্ধঃ। দীপ্যমানত্বং বিবৃণোতি—যেনেতি।

মন্ত্রান্তরমবতারয়তি—কিং চেতি। ইতশ্চ বিদ্যাস্তুত্যর্থেতি যাবৎ। কিমাহেত্যপেক্ষায়াং দ্বিতীয়ং মন্ত্রমাদত্তে—উদ্বয়ন্তমিতি। তং ব্যাকরোতি—তমস ইত্যাদিনা।

তস্যৈব জ্যোতিষঃ প্রমাণে জ্যোতির্নান্যদস্তীত্যর্থঃ। দেবত্বেন প্রত্যগাত্মত্বমাহ—স্বরিতি। তয়োরেকত্বং স যশ্চায়মিত্যাদিষু শ্রুত্যন্তরসিদ্ধিং দর্শয়তি—আদিত্যস্থমিতি। তৎপদার্থং ত্বংপদার্থং চোক্ত্বা তয়োরৈক্যমুক্তমিদানীমেকীভূতং জ্যোতির্বিশিনষ্টি—যদুত্তরমিতি। একত্বধীফলং কথয়তি—পশ্যন্ত ইতি। ফলমেব প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি—কমিত্যাদিনা। ফলবিষয়ং স্বানুভবং দর্শয়তি—অহো ইতি ; মন্ত্রাণাং মন্ত্রয়োরেকবাক্যত্বমুপসংহরতি—ইদং তদিতি ॥২৬৯॥৭

ইতি তৃতীয়াধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ ॥১৭॥

ভাষ্যানুবাদ।—'আৎ' 'ইৎ' এই স্থানে 'ৎ'-কারটি অনুবন্ধ, (৩) আর 'ইৎ' শব্দটির কোনই অর্থ নাই। প্রত্ন অর্থ—চিরকালীন অর্থাৎ পুরাতন। 'রেতস্' অর্থ—কারণ, জগতের বীজস্বরূপ সৎপদার্থ। সেই প্রত্ন জগদ্বীজভূত সৎপদার্থের জ্যোতিকে—প্রকাশকে দর্শন করেন। তকার-রহিত 'আ' (আৎ) পদটির "পশ্যন্তি" ক্রিয়ার সহিত সম্বন্ধ। কিরূপ জ্যোতি-দর্শন করিয়াছিলেন? বাসর, অর্থাৎ বাসরের ন্যায় সর্ব্বব্যাপী ব্রহ্মজ্যোতিঃ, ব্রহ্মচর্য্যাদি-সাধন-সাহায্যে যাহাদের জ্ঞানচক্ষুঃ প্রত্যাবৃত্ত হইয়াছে, সেই শুদ্ধচিত্ত ব্রহ্মবিদ্‌গণ সর্ব্বত্র সেই জ্যোতিঃ দর্শন করেন। যাহা প্রকাশমান পরব্রহ্মে বর্ত্তমান থাকিয়া দীপ্তি পাইতেছে, যে জ্যোতিঃ দ্বারা উদ্দীপিত হইয়া সূর্য্য তাপ দিতেছেন, চন্দ্র প্রকাশ পাইতেছেন, বিদ্যুৎ প্রস্ফুরিত হইতেছে, এবং গ্রহ ও তারাগণ প্রতিভাত হইতেছে।

অপিচ, অপর মন্ত্রদর্শী উক্তপ্রকার জ্যোতিঃ দর্শন করত বলিতেছেন—অজ্ঞানরূপ তমের (অন্ধকারের) পরবর্ত্তী (অতীত) অথবা অজ্ঞানান্ধকারের অপনেতা উত্তর অর্থাৎ আদিত্যস্থ যে উৎকৃষ্ট জ্যোতিঃ দর্শন করত আমরা—"উদগন্ম" (উদ্‌গত হইয়াছি), এই ব্যবহিত ক্রিয়াপদের সহিত সম্বন্ধ। সেই জ্যোতিঃ স্ব—স্বকীয়, অর্থাৎ আমাদের হৃদয়স্থ জ্যোতিঃ, ও আদিত্যস্থ জ্যোতিঃ উভয়ই এক। যাহা পরজ্যোতিঃ (ব্রহ্মজ্যোতিঃ) অপেক্ষা উত্তর উৎকৃষ্টতর, অর্থাৎ অপেক্ষাকৃত ঊর্দ্ধবর্ত্তী ; [সেই জ্যোতিঃ] দর্শন করতঃ আমরা উদ্‌গত (উন্নত) হইয়াছি। কিরূপে উদ্‌গত হইয়াছি, তাহা বলিতেছেন—প্রকাশসম্পন্ন সমস্ত দেবগণের মধ্যে (অবস্থিত), রসসমূহ, রশ্মিমণ্ডল ও প্রাণসমূহাত্মক জগতের প্রেরণ করেন বলিয়া যিনি 'সূর্য্য'-পদবাচ্য ; বড়ই আহ্লাদের বিষয় যে, সর্ব্ব জ্যোতিঃ অপেক্ষা উৎকৃষ্টতম সেই জ্যোতিঃ আমরা প্রাপ্ত হইয়াছি। ইহাই সেই দুইটি ঋকে স্তুত (প্রশংসিত) ও তিনটি যজুঃ (মন্ত্র) দ্বারা প্রকাশিত জ্যোতিঃ। যজ্ঞকল্পনাসমাপ্তি-জ্ঞাপনার্থ "জ্যোতিরুত্তমম্" কথার দ্বিরুক্তি করা হইয়াছে ॥২৬৯॥৭

ইতি তৃতীয় অধ্যায়ের সপ্তদশখণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৭॥

---

(৩) তাৎপর্য্য—যাহা কেবল উচ্চারণকালে থাকে, অর্থ করিবার সময় অনাবশ্যক হয়, তাহাকে অনুবন্ধ বলে।

অষ্টাদশঃ খণ্ডঃ।

মনো ব্রহ্মেত্যুপাসীতেত্যধ্যাত্মম্ ; অথাধিদৈবতমাকাশো ব্রহ্মেতি, উভয়মাদিষ্টং ভবত্যধ্যাত্মং চাধিদৈবতং চ ॥২৭০॥১

[অথ অধ্যাত্মাধিদৈবতভেদেন মনআকাশয়োঃ ব্রহ্মদৃষ্টিবিধানার্থম্ উপক্রমতে —"মনোব্রহ্মেতি" ইত্যাদি। মনঃ (মনুতে অনেন ইতি মনঃ—অন্তঃকরণম্) 'সৎ ব্রহ্ম' ইতি উপাসীত (মনসি ব্রহ্মদৃষ্টিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ)। ইতি (এতৎ উপাসনম্) অধ্যাত্মম্ (আত্মানং মনঃ অধিকৃত্য প্রবৃত্তমিত্যর্থঃ)। অথ (অনন্তরম্) অধিদৈবতম্ (দেবতাবিষয়কম্ উপাসনম্) [উচ্যতে ইতি শেষঃ]। 'আকাশঃ ব্রহ্ম' ইতি [উপাসীত ইতি শেষঃ]। (আকাশে ব্রহ্মদৃষ্টিঃ কর্ত্তব্যেত্যর্থঃ)। ইতি (ইত্থম্) উভয়ং (দ্বিপ্রকারম্) [উপাসনম্] আদিষ্টং (উপদিষ্টম্) ভবতি— অধ্যাত্মং চ, অধিদৈবতং চ। [তত্র] মনসি ব্রহ্মদর্শনম্ অধ্যাত্মম্, আকাশে চ ব্রহ্মদর্শনং অধিদৈবতমিতি ভাবঃ)॥

এখন মন ও আকাশে ব্রহ্মদৃষ্টির উপদেশ করা হইতেছে—'মনই ব্রহ্ম' ইত্যাকার উপাসনা করিবে, ইহা অধ্যাত্ম উপাসনা। অনন্তর অধিদৈবত উপাসনা কথিত হইতেছে—'আকাশই ব্রহ্ম' ইত্যাকার [উপাসনা করিবে]। অধ্যাত্ম ও অধিদৈবত, এই দুই প্রকার [উপাসনা] উপদিষ্ট হইতেছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—মনোময় ঈশ্বর উক্তঃ, আকাশাত্মেতি চ ব্রহ্মণো গুণৈক-দেশত্বেন। অথেদানীং মন-আকাশয়োঃ সমস্তব্রহ্মদৃষ্টিবিধানার্থ আরম্ভঃ—"মনো ব্রহ্ম" ইত্যাদি। মনঃ মনুতে অনেনেতি অন্তঃকরণম্, 'তৎ ব্রহ্ম পরম্' ইত্যুপাসীত ইতি, এতদাত্মবিষয়ং দর্শনম্—অধ্যাত্মম্। অথ অধিদৈবতং—দেবতাবিষয়মিদং বক্ষ্যামঃ—আকাশো ব্রহ্মেত্যুপাসীত ইতি। এবমুভয়ম্ অধ্যাত্মম্ অধিদৈবতঞ্চোভয়ং ব্রহ্মদৃষ্টিবিষয়মাদিষ্টমুপদিষ্টং ভবতি। আকাশমনসোঃ সূক্ষ্মত্বাৎ মনসা উপলভ্যত্বাচ্চ ব্রহ্মণো যোগ্যং মনো ব্রহ্মদৃষ্টেঃ ; আকাশশ্চ সর্ব্বগতত্বাৎ সূক্ষ্মত্বাদুপাধিহীনতাচ্চ॥২৭০॥১

আনন্দগিরিঃ।—ননু যজ্ঞবিজ্ঞানেন বক্ষ্যমাণবিজ্ঞানস্য ন সঙ্গতিরস্তীতি কথং পৌর্ব্বাপর্য্যমিত্যাশঙ্ক্যানন্তরখণ্ডস্য ব্যবহিতেন সম্বন্ধমাহ—মনোময় ইতি। ইতি চেশ্বর

উক্ত ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। তত্র ব্রহ্মণো গুণয়োরেকদেশত্বেন মন আকাশশ্চোক্ত ইত্যাহ—ব্রহ্মণ ইতি। যথোক্তগুণকব্রহ্মদৃষ্ট্যা সমর্থস্য তয়োরেব সম্পূর্ণব্রহ্মদৃষ্টি-কথনার্থমুত্তরগ্রন্থমবতারয়তি—অথেতি। এবমুভয়মুপদিষ্টং ভবতীতি সম্বন্ধঃ। তদেবোভয়ং বিভজতে—অধ্যাত্মমিতি কথং মনোদৃষ্টিবিষয়ত্বেনাধ্যাত্মং মনো ব্রহ্মেত্যুপাসনং বিধিৎস্যতে, তত্রাহ—মনসেতি। তথাপি কথং ব্রহ্মদৃষ্টেরাকাশং বিষয়ীভবতি ন হি তেনোপলভ্যতে ব্রহ্মেত্যাশঙ্ক্যাহ—আকাশশ্চেতি। ব্রহ্ম-দৃষ্টের্যোগ্যমিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥২৭০॥১

ভাষ্যানুবাদ।—পূর্ব্বে ঈশ্বর মনোময় বলিয়া উক্ত হইয়াছেন, এবং ব্রহ্মের যাবতীয় গুণের মধ্যে একাংশমাত্র সূক্ষ্মতারূপ অবলম্বনে 'আকাশাত্মা' বলিয়াও উক্ত হইয়াছেন। অতঃপর এখন মন ও আকাশে সম্পূর্ণভাবে ব্রহ্মদৃষ্টিবিধানার্থ "মনো ব্রহ্ম" ইত্যাদি গ্রন্থের আরম্ভ হইতেছে। মন অর্থ যাহা দ্বারা মনন (চিন্তা) করা যায়, সেই অন্তঃকরণ; 'তাহাই পরব্রহ্মস্বরূপ' ইত্যাকার উপাসনা করিবে; ইহা অধ্যাত্ম, অর্থাৎ আত্মবিষয়ক দর্শন। অনন্তর অধিদৈবত, অর্থাৎ দেবতাবিষয়ক এই উপাসনা বলিব 'আকাশই ব্রহ্মস্বরূপ' ইত্যাকারে উপাসনা করিবে। এই প্রকারে উভয় অর্থাৎ অধ্যাত্ম ও অধিদৈবতভেদে দ্বিপ্রকার ব্রহ্মদৃষ্টিবিষয়ক উপাসনা উপদিষ্ট হইতেছে। আকাশ ও মনের মধ্যে মন অতি সূক্ষ্ম এবং মনের দ্বারা ব্রহ্মের উপলব্ধি হয় বলিয়াও মনই ব্রহ্মদৃষ্টির উপযুক্ত স্থান; আর আকাশও অতি সূক্ষ্ম, সর্ব্বব্যাপী ও নিরুপাধি বলিয়া ব্রহ্মদৃষ্টির উপযুক্ত স্থান ॥২৭০॥১

তদেতচ্চতুষ্পাদ্ ব্রহ্ম—বাক্ পাদঃ প্রাণঃ পাদঃ চক্ষুঃ পাদঃ শ্রোত্রং পাদ ইত্যধ্যাত্মম্, অথাধিদৈবতম্—অগ্নিঃ পাদো বায়ুঃ পাদ আদিত্যঃ পাদো দিশঃ পাদ ইতি, উভয়মেবা-দিষ্টং ভবত্যধ্যাত্মং চৈবাধিদৈবতং চ ॥২৭১॥২

তৎ (উক্তং) এতৎ (মনোনামকং ব্রহ্ম) চতুষ্পাৎ (চত্বারঃ পাদাঃ—অংশা অস্য ইতি চতুষ্পাৎ) [চতুষ্পাত্ত্বমেব প্রপঞ্চয়তি—] বাক্ (বাগিন্দ্রিয়ং) পাদঃ (একঃ অংশঃ), প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) পাদঃ (দ্বিতীয়ঃ অংশঃ), চক্ষুঃ পাদঃ (তৃতীয়ঃ অংশঃ), শ্রোত্রং (শ্রবণেন্দ্রিয়ং) পাদঃ (চতুর্থঃ ভাগঃ), ইতি (এতাবৎ) অধ্যাত্মম্ [উপাসনম্]। অথ (অনন্তরং) অধিদৈবতম্ (উপাসনম্) [উচ্যতে—] অগ্নিঃ পাদঃ, বায়ুঃ পাদঃ, আদিত্যঃ পাদঃ, দিশঃ পাদঃ, ইতি। অধ্যাত্মম্ চ অধি-দৈবতং চ এব উভয়ম্ এব [উপাসনম্] উপদিষ্টং ভবতি।

এখন অধ্যাত্ম ও অধিদৈবত-ভেদে পাদবিভাগ কথিত হইতেছে—সেই এই মনোনামক ব্রহ্ম চতুষ্পাদ্—বাগিন্দ্রিয় এক পাদ, প্রাণ অপর পাদ, চক্ষুঃ তৃতীয় পাদ, এবং শ্রবণেন্দ্রিয় চতুর্থ পাদ,—ইহা হইতেছে অধ্যাত্ম; অনন্তর, অধিদৈবত [পাদবিভাগ কথিত হইতেছে—] অগ্নি এক পাদ, বায়ু দ্বিতীয় পাদ, আদিত্য তৃতীয় পাদ, দিক্‌সমূহই চতুর্থ পাদ। অধ্যাত্ম ও অধিদৈবত-ভেদে এই দুই প্রকারই উপাসনা উপদিষ্ট হইল॥

শাঙ্কর-ভাষ্যম্।—তদেতৎ মনআখ্যং চতুষ্পাদ্ ব্রহ্ম চত্বারঃ পাদা অস্যেতি। কথং চতুষ্পাত্ত্বং মনসো ব্রহ্মণঃ? ইত্যাহ—বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমিত্যেতে পাদা ইত্যধ্যাত্মম্। অথ অধিদৈবতম্—আকাশস্য ব্রহ্মণঃ অগ্নির্ব্বায়ুরাদিত্যো দিশ ইত্যেতে। এবমুভয়মেব চতুষ্পাদ্‌ব্রহ্মাদিষ্টং ভবতি—অধ্যাত্মঞ্চৈবাধিদৈবতঞ্চ। তত্র মনসো বাগেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদ ইতরপাদত্রয়াপেক্ষয়া। বাচা হি পাদেনেব গবাদিবৎ বক্তব্যবিষয়ং প্রতি তিষ্ঠতি; অতো মনসঃ পাদ ইব বাক্। তথা প্রাণো ঘ্রাণঃ পাদঃ, তেনাপি গন্ধবিষয়ং প্রতি চ ক্রামতি। তথা চক্ষুঃ পাদঃ শ্রোত্রং পাদ ইত্যেবমধ্যাত্মং চতুষ্পাত্ত্বং মনসো ব্রহ্মণঃ। তথা অধিদৈবতম্ অগ্নিবায়্বাদিত্যদিশ আকাশস্য ব্রহ্মণ উদর ইব গোঃ পাদাবিব লগ্না উপলভ্যন্তে; তেন তস্যাকাশস্যাগ্ন্যাদয়ঃ পাদা উচ্যন্তে। এবম্ উভয়ম্ অধ্যাত্মঞ্চৈবাধিদৈবতং চ চতুষ্পাৎ আদিষ্টং ভবতি॥২৭১॥২

আনন্দগিরিঃ।—অধ্যাত্মমধিদৈবতং চ বিহিতস্যোপাসনস্যাঙ্গানুচিন্তনং দর্শয়তি—তদেতদিতি। মনসশ্চতুষ্পাত্ত্বং প্রশ্নপূর্ব্বকং ব্যুৎপাদয়তি—কথমিত্যাদিনা। আধি-দৈবিকস্যাকাশস্য চতুষ্পাত্ত্বং প্রকটয়তি—অথেত্যাদিনা। মনআকাশয়োরুক্তং চতুষ্পাত্ত্বং নিগময়তি—এবমিতি॥২৭১॥২

ভাষ্যানুবাদ।—সেই এই মনোনামক ব্রহ্ম চতুষ্পাদ্, অর্থাৎ ইহার চারিটি পাদ বা অংশ আছে। মনোব্রহ্মের চতুষ্পাত্ত্ব হয় কিরূপে? এই আশঙ্কায় কহিতে-ছেন—বাগিন্দ্রিয়, প্রাণ, চক্ষু ও শ্রবণেন্দ্রিয়, ইহারাই তাঁহার চারিটি পাদ, ইহা অধ্যাত্ম (দেহগত পদার্থাবলম্বনে কল্পিত)। অনন্তর, অধিদৈবত পাদ কথিত হইতেছে—অগ্নি, বায়ু, আদিত্য ও দিক্‌সমূহই আকাশব্রহ্মের পাদ। এই প্রকারে অধ্যাত্ম ও অধিদৈবত ভেদে দুইপ্রকারই চতুষ্পাদ্ ব্রহ্ম উপদিষ্ট হইল। তন্মধ্যে, অপর পাদত্রয় অপেক্ষা বাগিন্দ্রিয়ই মনোনামক ব্রহ্মের চতুর্থ পাদ। কেননা, গবাদি পশু যেরূপ পাদের সাহায্যে [গন্তব্য বিষয়ে গমন করে], তদ্রূপ লোকে বাক্যের সাহায্যেই

বক্তব্য বিষয়ের প্রতি অবস্থান করে, এই কারণেই বাগিন্দ্রিয় মনের পাদতুল্য। সেইরূপ প্রাণ অর্থাৎ ঘ্রাণেন্দ্রিয়ও একটি পাদ; কেননা, তাহা দ্বারাই গন্ধের প্রতি ধাবিত হইয়া থাকে। সেইরূপ চক্ষুও একটি পাদ, শ্রোত্রও আর একটি পাদ, এইরূপে মনোব্রহ্মের অধ্যাত্ম চতুষ্পাত্ত্ব [সিদ্ধ হয়]। সেইরূপ, গোর উদরে যেরূপ পাদসমূহ সংলগ্ন থাকে, তদ্রূপ অগ্নি, বায়ু, আদিত্য ও দিক্‌সমূহ পাদের ন্যায় আকাশব্রহ্মে সংলগ্ন দেখা যায়। এই কারণেই অগ্নি প্রভৃতি দেবতাগণ সেই আকাশব্রহ্মের পাদসমূহ বলিয়া কথিত হয়। এই প্রকারে অধ্যাত্ম ও অধিদৈবত, এই উভয়প্রকার চতুষ্পাদ্ ব্রহ্ম উপদিষ্ট হইয়া থাকেন ॥২৭১॥২

বাগেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ; সোঽগ্নিনা জ্যোতিষা ভাতি চ তপতি চ। ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ ॥২৭২॥৩

[তত্র আধ্যাত্মিকেষু পাদেষু মধ্যে] বাক্ এব [মনোময়স্য] ব্রহ্মণঃ চতুর্থঃ পাদঃ; সঃ (বাক্‌পাদঃ) অগ্নিনা (তদধিষ্ঠাত্রা) জ্যোতিষা ভাতি দীপ্যতে চ, তপতি (উত্তাপং করোতি) চ। যঃ এবং (যথোক্তপ্রকারং) বেদ, সঃ (বিদ্বান্) কীর্ত্ত্যা (লোকপ্রতিষ্ঠয়া), যশসা, ব্রহ্মবর্চ্চসেন (অধ্যয়নাদিজনিতেন তেজসা) ভাতি চ, তপতি চ।

আধ্যাত্মিক পাদচতুষ্টয়ের মধ্যে বাক্ই মনোময় ব্রহ্মের চতুর্থ পাদ; তাহা অগ্নিজ্যোতি দ্বারা দীপ্তিপ্রাপ্ত হয়, এবং তাপ প্রদান করে। যিনি এইপ্রকার জানেন, তিনি নিজেও যশ (লোকপ্রতিষ্ঠা) ও তপস্যাধ্যয়নাদিজনিত তেজঃ দ্বারা দীপ্তি প্রাপ্ত হন, এবং তাপ প্রদান করেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তত্র বাগেব মনসো ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ। সোঽগ্নিনা অধিদৈবতেন জ্যোতিষা ভাতি চ দীপ্যতে তপতি চ সন্তাপঞ্চৌষ্ণ্যং করোতি। অথবা তৈলঘৃতাদ্যাগ্নেয়াশনেন ইদ্ধা বাগ্ ভাতি চ তপতি চ বদনায়োৎসাহবতী স্যাদিত্যর্থঃ। বিদ্বৎফলং—ভবতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন, য এবং যথোক্তং বেদ ॥২৭২॥৩

আনন্দগিরিঃ।—আধ্যাত্মিকান্ পাদান্ প্রপঞ্চয়তি—তত্রেতি। পাদত্বং বাচো ব্যুৎপাদয়তি—বাচা হীতি। যথা গবাদি গন্তব্যং পাদেনৈব প্রাপ্নোতি, দেবদত্তোঽপি বাচৈব পাদেন বক্তব্যং বিষয়ং প্রতিলভতে। তেন তস্যা যুক্তং পাদত্বমিত্যর্থঃ। প্রাণস্য বাচ ইব পাদত্বং দর্শয়তি—তেনাপীতি। আধিদৈবিকান্ পাদান্

বিবৃণোতি—অথেতি। যথা গোরুদরে পাদা লগ্না লক্ষ্যন্তে, তথাকাশস্যোদর ইবাগ্ন্যাদয়ো লগ্না দৃশ্যন্তে। তস্মাৎ তস্য তে পাদা ইব ভবন্তীত্যর্থঃ। দ্বিবিধপাদবিবরণমুপসংহরতি—এবমিতি। সম্প্রতি আধ্যাত্মিকপাদানামাধিদৈবিকপাদৈরধিষ্ঠেয়তয়া সম্বন্ধোঽনুচিন্তনীয় ইতি দর্শয়িতুমুপক্রমতে—তত্রেতি। সোঽগ্নিনেত্যাদেরর্থান্তরমাহ—অথবেতি। কীর্ত্তিযশসোঃ প্রত্যক্ষত্বপরোক্ষত্বাভ্যাং ভেদঃ ॥২৭২॥৩

ভাষ্যানুবাদ।—তন্মধ্যে বাক্ই মনোময় ব্রহ্মের চতুর্থ পাদ; তাহা নিজের অধিষ্ঠাতৃদেবতা অগ্নিজ্যোতিঃ দ্বারা দীপ্তি পায় অর্থাৎ সন্তাপ—উষ্ণতা জন্মায়। অথবা তৈল-ঘৃত প্রভৃতি তেজঃপ্রধান বস্তু ভোজন দ্বারা বাক্ উদ্দীপ্ত হইয়া বাক্যোচ্চারণে উৎসাহসম্পন্ন হইয়া থাকে। বিদ্বানের ফল—যিনি যথোক্তপ্রকার বিষয় অবগত হন, সেই বিদ্বান্ কীর্ত্তি, লোকপ্রতিষ্ঠা, যশঃ (দানাদিজনিত প্রশস্তি) এবং তপস্যা ও অধ্যয়নাদিজনিত তেজঃ দ্বারা দীপ্তি পান, এবং তাপ দেন ॥২৭২॥৩

প্রাণ এব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ, স বায়ুনা জ্যোতিষা ভাতি চ তপতি চ। ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন, য এবং বেদ ॥২৭৩॥৪

প্রাণঃ (ঘ্রাণঃ) এব ব্রহ্মণঃ (মনোময়স্য) চতুর্থঃ পাদঃ, সঃ (পাদঃ) বায়ুনা (গন্ধযুক্তেন) জ্যোতিষা ভাতি চ তপতি চ। যঃ এবং (যথোক্তপ্রকারং) বেদ (বিজানাতি), সঃ (বিদ্বান্) কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন চ ভাতি চ তপতি (অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ)॥

প্রাণ অর্থাৎ ঘ্রাণেন্দ্রিয়ই মনোময় ব্রহ্মের চতুর্থ পাদ, এই চতুর্থ পাদ গন্ধবহ বায়ুরূপ জ্যোতি দ্বারা দীপ্তি পায় ও তাপ দেয়। যিনি এইপ্রকার অবগত আছেন, সেই বিদ্বান্ ব্যক্তিও কীর্ত্তি, যশঃ ও ব্রহ্মবর্চ্চস দ্বারা দীপ্তি পান এবং সন্তাপ প্রদান করেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা প্রাণ এব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ। স বায়ুনা গন্ধাত্মনা ভাতি চ তপতি চ ॥২৭৩॥৪

আনন্দগিরিঃ।—॥২৭৩॥৪

ভাষ্যানুবাদ।—সেইরূপ প্রাণই ব্রহ্মের চতুর্থ পাদ, তাহা গন্ধাত্মক (গন্ধবহ) বায়ু দ্বারা দীপ্তি পায় ও সন্তাপ প্রদান করে ॥২৭৩॥৪

চক্ষুরেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ, স আদিত্যেন জ্যোতিষা ভাতি চ তপতি চ। ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন, য এবং বেদ ॥২৭৪॥৫

চক্ষুঃ এব মনোময়ব্রহ্মণঃ চতুর্থঃ পাদঃ, স আদিত্যেন জ্যোতিষা [রূপগ্রহণায়] ভাতি চ তপতি চ। "ভাতি চ তপতি চ" ইত্যাত্তন্যৎ সমানম্॥

চক্ষুই মনোময় ব্রহ্মের চতুর্থ পাদ; তাহা শুক্লকৃষ্ণাদি রূপ গ্রহণের জন্য আদিত্যরূপ জ্যোতিঃ দ্বারা দীপ্তি পায় ও তাপ দেয়। অন্যান্য অংশ পূর্ব্বের তুল্য॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা চক্ষুরাদিত্যেন রূপগ্রহণায়॥২৭৪॥৫

আনন্দগিরিঃ।—॥২৭৪॥৫

ভাষ্যানুবাদ।—পূর্ব্ববৎ রূপপ্রকাশের জন্য আদিত্য [জ্যোতি] দ্বারা—ইত্যাদি পূর্ব্ববৎ॥২৭৪॥৫

শ্রোত্রমেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ, স দিগ্‌ভির্জ্জ্যোতিষা ভাতি চ তপতি চ। ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন, য এবং বেদ য এবং বেদ॥২৭৫॥৬

ইতি তৃতীয়াধ্যায়স্য অষ্টাদশঃ খণ্ডঃ॥১৮॥

শ্রোত্রম্ এব ব্রহ্মণঃ (পূর্ব্বোক্তস্য) চতুর্থঃ পাদঃ, সঃ (পাদঃ) দিগ্‌ভিঃ জ্যোতিষা [শব্দগ্রহণায়] ভাতি চ তপতি চ। অন্যৎ সমানম্॥

শ্রোত্রই মনোময় ব্রহ্মের চতুর্থ পাদ, তাহা [শব্দ গ্রহণের জন্য] দিক্‌রূপ জ্যোতি দ্বারা দীপ্তি পায় ও তাপ দেয়। অন্যাংশ পূর্ব্ববৎ॥২৭৫॥৬

শাঙ্কর-ভাষ্যম্।—শ্রোত্রং দিগ্‌ভিঃ শব্দগ্রহণায়। বিদ্যাফলং সমানম্ সর্ব্বত্র ব্রহ্মসম্পত্তিরদৃষ্টং ফলং, য এবং বেদ। দ্বিরুক্তির্দ্দর্শনসমাপ্ত্যর্থা॥২৭৫॥৬

ইতি তৃতীয়াধ্যায়স্য অষ্টাদশ-খণ্ড-ভাষ্যম্॥১৮॥

আনন্দগিরিঃ।—সর্ব্বত্রেত্যুভয়তঃ সম্বধ্যতে॥২৭৫॥৬

ইতি তৃতীয়াধ্যায়স্য অষ্টাদশঃ খণ্ডঃ॥১৮॥

ভাষ্যানুবাদ।—শব্দ গ্রহণের জন্য দিক্‌রূপ জ্যোতি দ্বারা শ্রবণেন্দ্রিয় [প্রকাশ পায়]। যিনি এরূপ জানেন, তাঁহার বিদ্যাফল সর্ব্বত্রই সমান, এবং ব্রহ্মভাব লাভই তাঁহার অদৃষ্ট অর্থাৎ অলৌকিক ফল। ব্রহ্মদৃষ্টির প্রতিপাদন-সমাপ্ত্যর্থ দ্বিরুক্তি করা হইয়াছে॥২৭৫॥৬

ইতি তৃতীয় অধ্যায়ের অষ্টাদশখণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত॥১৮॥

উনবিংশঃ খণ্ডঃ।

আদিত্যো ব্রহ্মেত্যাদেশস্তস্যোপব্যাখ্যানম্ অসদেবেদমগ্র আসীৎ, তৎ সদাসীৎ, তৎসমভবত্তদাণ্ডং নিরবর্ত্তত, তৎ-সম্বৎসরস্য মাত্রামশয়ত, তন্নিরভিদ্যত, তে আণ্ড-কপালে রজতঞ্চ সুবর্ণঞ্চাভবতাম্ ॥২৭৬॥১

প্রাগুক্তে আদিত্যে সকল-ব্রহ্মদৃষ্টি-বিধিৎসয়া ইদমারভ্যতে [প্রাগুক্তঃ] 'আদিত্যঃ ব্রহ্ম' ইতি আদেশঃ (উপদেশঃ) [উক্তঃ]। তস্য (উপদেশস্য) উপব্যাখ্যানং (বর্ণনং বিশদীকরণমিতি যাবৎ) [ক্রিয়তে—], ইদং (দৃশ্যমানং নামরূপাভিব্যক্তং জগৎ) অগ্রে (উৎপত্তেঃ পূর্ব্বং) অসৎ (নাম-রূপাভ্যাম্ অনভিব্যক্তম্) আসীৎ; ['অসৎ'শব্দস্য আকাশকুসুমকল্পত্বং নিরাকর্ত্তুম্ আহ—] তৎ (নামরূপানভিব্যক্তং জগৎ) সৎ (সূক্ষ্মতয়া বিদ্যমানং) আসীৎ; তৎ (সূক্ষ্মতয়া অবস্থিতং জগৎ) সমভবৎ (অল্পমাত্রাভিব্যক্ততয়া অঙ্কুরীভূতং বীজমিব অভবৎ); তচ্চ আণ্ডং (অণ্ডরূপং ছান্দসত্বাৎ দৈর্ঘ্যং) নিরবর্ত্তত (নিষ্পন্নম্ অভবৎ), তৎ (অণ্ডং) সংবৎসরস্য মাত্রাং (পরিমাণং) অশয়ত (শয়িতমিব নিস্পন্দতয়া স্থিতম্ অভবৎ); [অনন্তরঞ্চ] তৎ (অণ্ডং) নির-ভিদ্যত (ভিন্নং—দ্বিখণ্ডিতম্ অভূৎ); তে আণ্ডকপালে (অণ্ডস্য ঊর্দ্ধাধোভাগৌ) রজতং চ সুবর্ণং চ অভবতাম্।

'আদিত্য ব্রহ্মস্বরূপ', এই যে উপদেশ করা হইয়াছে, তাহারই বিশদ ব্যাখ্যা আরব্ধ হইতেছে—নামরূপাভিব্যক্ত এই জগৎ উৎপত্তির পূর্ব্বে অসৎই ছিল, অর্থাৎ নিশ্চয়ই নাম-রূপাকারে অনভিব্যক্ত ছিল; [বস্তুতঃ] তখনও সৎই (সূক্ষ্মরূপে বিদ্যমানই) ছিল। তাহাই অঙ্কুরীভূত বীজের ন্যায় অতি অল্পমাত্রায় অভিব্যক্ত হইল; তাহা অণ্ডরূপে পরিণত হইল; তাহা সংবৎসর পরিমিত কাল নিস্পন্দভাবে রহিল, [অনন্তর] তাহা দুইখণ্ডে বিভক্ত হইল; অণ্ডের সেই কপালদ্বয় অর্থাৎ ঊর্দ্ধাধোভাগ দুইটি রজত ও সুবর্ণময় ছিল॥

শাঙ্কর-ভাষ্যম্।—আদিত্যো ব্রহ্মণঃ পাদ উক্তঃ, ইতি তস্মিন্ সকলব্রহ্ম-দৃষ্ট্যর্থমিদমারভ্যতে—আদিত্যো ব্রহ্মেতি আদেশ উপদেশঃ, তস্যোপব্যাখ্যানং ক্রিয়তে স্তুত্যর্থম্—অসদব্যাকৃতনামরূপম্ ইদং জগৎ অশেষম্ অগ্রে প্রাগবস্থায়ামুৎ-পত্তেরাসীদ্ ন ত্বসদেব, "কথমসতঃ সজ্জায়েত" ইত্যসৎকার্য্যত্বস্য প্রতিষেধাৎ। নন্বিহ অসদেবেতি বিধানাৎ বিকল্পঃ স্যাৎ? ন, ক্রিয়াস্বিব বস্তুনি বিকল্পানুপ-পত্তেঃ। কথং তর্হি ইদমসদেবেতি? নন্ববোচাম অব্যাকৃতনামরূপত্বাদসদি-বাসৎ ইতি।

নন্বেবশব্দোঽবধারণার্থঃ; সত্যমেবম্, ন তু সত্ত্বাভাবমবধারয়তি; কিং তর্হি?* নামরূপব্যাকৃতবিষয়ে সচ্ছব্দপ্রয়োগো দৃষ্টঃ। তচ্চ নামরূপব্যাকরণমাদিত্যায়ত্তং প্রায়শো জগতঃ, তদভাবে হ্যন্ধং তম ইদং ন প্রজ্ঞায়েত। কিঞ্চনেত্যতস্তৎ-স্তুতিপরে বাক্যে সদপীদং প্রাগুৎপত্তের্জ্জগদসদেবেত্যাদিত্যং স্তৌতি ব্রহ্ম-দৃষ্ট্যর্হত্বায়। আদিত্যনিমিত্তো হি লোকে সদিতি ব্যবহারঃ। যথা অসদেবেদং রাজ্ঞঃ কুলং সর্ব্বগুণসম্পন্নে পূর্ণবর্ম্মণি রাজন্যসতীতি, তদ্বৎ। ন চ সত্ত্বমসত্ত্বঞ্চেহ জগতঃ প্রতিপিপাদয়িষিতম্, আদিত্যো ব্রহ্মেত্যাদেশপরত্বাৎ উপসংহরিষ্যন্তে চ "আদিত্যং ব্রহ্মেত্যুপাস্তে" ইতি।

তৎ সদাসীৎ তদসচ্ছব্দবাচ্যং প্রাগুৎপত্তেঃ স্তিমিতম্ অনিস্পন্দম্ অসদিব সংকার্য্যাভিমুখম্ ঈষদুপজাতপ্রবৃত্তি সদাসীৎ; ততোঽপি লব্ধপরিস্পন্দং তৎ সমভবৎ অল্পতরনামরূপব্যাকরণেন অঙ্কুরীভূতমিব বীজম্। ততোঽপি ক্রমেণ স্থূলীভবৎ তদা অদ্ভ্যোঽণ্ডং সমবর্ত্তত সংবৃত্তম্। আণ্ডমিতি দৈর্ঘ্যং ছান্দসম্। তদণ্ডং সংবৎসরস্য কালস্য প্রসিদ্ধস্য মাত্রাং পরিমাণমভিন্নস্বরূপমেব অশয়ত স্থিতং বভূব; তৎ ততঃ সংবৎসরপরিমাণাৎ কালাদূর্দ্ধং নিরভিদ্যত নির্ভিন্নম্—বয়সা-মিবাণ্ডম্। তস্য নির্ভিন্নস্যাণ্ডস্য কপালে দ্বে রজতঞ্চ সুবর্ণঞ্চ অভবতাং সংবৃত্তে ॥২৭৬॥১

আনন্দগিরিঃ।—খণ্ডান্তরস্য সঙ্গতিমাহ—আদিত্য ইতি। তস্যেত্যাদিত্যো গৃহ্যতে। অনভিব্যক্তনামরূপত্বাভিপ্রায়েণ অসচ্ছব্দো গৌণো ব্যাখ্যাতস্তত্রৈবাকারা-বষ্টম্ভেন শঙ্কতে—নন্বিহেতি। কথমসতঃ সজ্জায়েতেত্যসৎকারণত্বস্য ষষ্ঠে নিরাকরিষ্য-মাণত্বাৎ তত্র সংকারণং ভবতু প্রকৃতে তু সাবধারণাৎ অসচ্ছব্দাৎ অসদেব কারণং বিবক্ষিতম্ ইত্যুদিতানুদিতহোমবদ্ বিকল্প ইত্যর্থঃ। ক্রিয়ায়াঃ, কর্ত্তৃতন্ত্রত্বাৎ তদিচ্ছয়া তত্র বিকল্পাদ্বস্তুনস্ত সিদ্ধস্য তদিচ্ছাননুবিধায়িত্বান্ন বিকল্পঃ সম্ভবতি। ন হি স্থাণুরেব কস্যচিদপেক্ষয়া পুরুষো ভবতীতি পরিহরতি—ন ক্রিয়াস্বিবেতি। বিকল্পা

* অতঃপরম্—ব্যাকৃতনামরূপাভাবমবধারয়তি; ইত্যধিকং কেচিৎ পঠন্তি।

বাক্যস্য গতির্ব্বক্তব্যেতি পৃচ্ছতি—কথমিতি। অসচ্ছব্দস্য বা গতিরবধারণস্য বা পৃচ্ছ্যতে তত্রেদং প্রত্যাহ—নন্বিতি।

দ্বিতীয়ং—শঙ্কতে—নন্বেবশব্দ ইতি। তস্য কা গতিরিতি শেষঃ। পূর্ব্বকালীন-সত্ত্বাভিধায়কাসীচ্ছব্দস্য বাক্যশেষে শ্রবণান্নোপক্রমে চ সত্ত্বাভাবাবধারণং বিবক্ষিতং কিন্তু অভিব্যক্তভাবাবধারণম্ আদিত্যস্তুত্যর্থমিতি সমাধত্তে—সত্যমেবমিতি। কা পুনরিয়মাদিত্যস্তুতিঃ উপযুজ্যতে তত্রাহ—ব্রহ্মদৃষ্টীতি। জগতো নামরূপ-ব্যাকরণম্ আদিত্যায়ত্তমিতি তদুপপাদয়তি—আদিত্যেতি। তথাপি কথমাদিত্য-স্তুতিরিত্যাশঙ্ক্য দৃষ্টান্তেন দর্শয়তি—যথেতি। কিঞ্চ উপক্রমোপসংহারৈকরূপ্যেণ আদিত্যে ব্রহ্মদৃষ্টিবিধিপরমিদং বাক্যং ন তস্য কারণসত্ত্বে তাৎপর্য্যং কল্পয়িতুং শক্য-মনন্যথাসিদ্ধকল্পকাভাবাদিত্যাহ—ন চেতি। তৎপরত্বং কথমবগতমিত্যাশঙ্ক্য উপ-সংহারস্য উপক্রমানুসারিত্বাদিত্যাহ—উপসংহরিষ্যতীতি।

কথং তস্যাসচ্ছব্দবাচ্যত্বং তদাহ—স্তিমিতমিতি। সত্ত্বং তর্হি কথমিতি তদাহ—কার্য্যেতি। বীজস্যোচ্ছূনতাবৎ কারণস্য সিসৃক্ষাবস্থাং দর্শয়তি—ঈষদিতি। লব্ধপরিস্পন্দং প্রাপ্তপরিণামং সদ্ভূতসূক্ষ্মাকারেণাভবদিত্যর্থঃ। সূক্ষ্মভূতোৎপত্ত্যনন্তরং স্থূলভূতোৎপত্তিমাহ—ততোঽপীতি। ভূতসূক্ষ্মাকারপ্রাপ্তেরনন্তরং পঞ্চীকরণপ্রক্রিয়য়া অন্যোন্যাবয়বানুপ্রবেশেন স্থূলভূতাবস্থমাসীদিত্যর্থঃ। স্থূলেভ্যশ্চ ভূতেভ্যোঽণ্ডনিবৃত্তিং প্রতিজানীতে—অদ্ভ্য ইতি। অপ্‌সহিতেভ্যো ভূতেভ্য ইত্যর্থঃ॥২৭৬॥১

ভাষ্যানুবাদ।—আদিত্যকে ব্রহ্মের পাদ অর্থাৎ অংশমাত্র বলা হইয়াছে, এখন সেই আদিত্যে সম্পূর্ণ ব্রহ্মদৃষ্টির নিমিত্ত এই প্রকরণ আরব্ধ হইতেছে—'আদিত্যই ব্রহ্ম' এইরূপ যে আদেশ অর্থাৎ উপদেশ করা হইয়াছে, তাহারই প্রশংসার্থ এই বিশদ ব্যাখ্যা করা হইতেছে—এই নিখিল জগৎ অগ্রে অর্থাৎ উৎপত্তির পূর্ব্বে অসৎ—অনভিব্যক্তনামরূপ ছিল, অর্থাৎ বর্ত্তমানের ন্যায় তৎকালে জগতের কোন প্রকার নাম কিংবা আকৃতি প্রকাশিত ছিল না; কিন্তু একেবারে অসৎই (অস্তিত্বহীনই) ছিল না; কারণ অসৎ হইতে কিরূপে সৎপদার্থ জন্মিতে পারে, এইরূপে অসৎকার্য্যকেই প্রতিষিদ্ধ করা হইয়াছে। ভাল, এখানে অসৎই এইরূপে [অসৎবাদের] বিধান থাকায় বিকল্প হইতে পারে? অর্থাৎ সৎও ছিল, অসৎও ছিল, এইরূপে উভয় পক্ষ কল্পনা করা যাইতে পারে? না—ক্রিয়াতে যেরূপ বিকল্প-কল্পনা হইতে পারে, বস্তুতে সেরূপ বিকল্প করা

---

(৫)—তুল্যবল দুইটি বিরুদ্ধ পক্ষের কল্পনাকে বিকল্প বলে। যেমন—"উদিতে জুহোতি অনুদিতে জুহোতি" অর্থাৎ সূর্য্যোদয়ের পর হোম করিবে, অথবা সূর্য্যোদয়ের পরে হোম করিবে" এস্থলে বিকল্পবিধি হওয়ায় সূর্য্যোদয়ের পূর্ব্ব অথবা পরেও হোম করা যাইতে পারে। তেমনি এখানে বিকল্প হইলে অর্থ হইত এইরূপ যে, সৃষ্টির পূর্ব্বে এই জগৎ সৎও ছিল, অসৎও ছিল। কিন্তু ক্রিয়ামাত্রেই মনুষ্যের ইচ্ছার উপর নির্ভর করে, সুতরাং মনুষ্য ইচ্ছানুসারে

যাইতে পারে না, (৫) ভাল, তাহা হইলে "ইদম্ অসৎ এব" এইরূপ [অবধারণ সহিত হয়] কিরূপে ? কেন ?—পূর্ব্বেই ত বলিয়াছি, তৎকালে নাম ও রূপ অভিব্যক্ত না থাকায় যেন অসৎই ছিল।

ভাল, ["অসৎ এব"] এই 'এব' শব্দের অর্থ অবধারণ, তাহা যে সত্তার অবধারণ করিতেছে, তাহা নহে। তবে কি ?—সাধারণতঃ অভিব্যক্ত নাম-রূপ সম্পন্ন বস্তু বিষয়েই 'সৎ' শব্দের প্রয়োগ দৃষ্ট হইয়া থাকে, জগতের সেই নাম-রূপের অভিব্যঞ্জনও আবার প্রায়শঃ আদিত্যের অধীন ; কারণ, আদিত্য না থাকিলে ঘোর অন্ধকারাচ্ছন্ন এই জগৎ বিশেষরূপে পরিজ্ঞাত হইতে পারিত না। বিশেষতঃ আদিত্যেরই স্তুতিপর এই বাক্যে আদিত্যে ব্রহ্মদৃষ্টির উপযুক্ততা সূচনার জন্য উৎপত্তির পূর্ব্বে এই জগৎ সৎ হইলেও যেন অসৎই ছিল, এই বলিয়া [জগদুৎপাদক] আদিত্যের স্তুতি করিতেছেন। কারণ, লোকে 'সৎ' বলিয়া যে ব্যবহার, আদিত্যই তাহার কারণ, [নচেৎ কেহই কোন বস্তুর অস্তিত্ব জানিতে পারিত না]। যেমন সর্ব্বগুণসম্পন্ন পূর্ণবর্ম্মা রাজা না থাকিলে এই রাজবংশ অসৎই, অর্থাৎ না থাকার মধ্যে পরিগণিত, ইহাও তদ্রূপ। বিশেষতঃ আদিত্যে ব্রহ্মদৃষ্টি প্রতিপাদন করাই যখন এই বাক্যের তাৎপর্য্য, তখন জগতের সত্ত্ব বা অসত্ত্ব প্রতিপাদন করা এখানে অভিপ্রেত নহে। আর 'আদিত্যকে ব্রহ্ম বলিয়া উপাসনা করিবে', এইরূপ উপসংহারও করা হইবে। 'তৎ সৎ আসীৎ' কথার অর্থ এই যে, উৎপত্তির পূর্ব্বে 'অসৎ' পদবাচ্য এবং স্তিমিত ও স্পন্দরহিত, অতএব অসৎসদৃশ সেই জগৎ সৎ অর্থাৎ কার্য্যাকারে পরিণামোন্মুখীভূত, অল্প পরিমাণে সংজাত প্রবৃত্তি, এবম্ভূত সৎস্বরূপ ছিল ; তদপেক্ষাও অধিকতর ক্রিয়াসম্পন্ন সেই জগৎ সম্ভূত হইয়াছিল, অর্থাৎ অল্পপরিমাণে নামরূপ অভিব্যক্ত হওয়ায় অঙ্কুরীভাব প্রাপ্ত বীজের সদৃশ হইয়াছিল, তখন ক্রমশঃ তদপেক্ষাও স্থূলভাব প্রাপ্ত হইয়া জল হইতে অণ্ডাকারে পরিণত হইল। বৈদিক প্রয়োগ বলিয়া 'অণ্ড' শব্দের দীর্ঘতা (আণ্ড) হইয়াছে। সেই অণ্ডটি প্রসিদ্ধ সংবৎসর পরিমিত কালের মাত্রা, অর্থাৎ পরিমাণ সময় অখণ্ডিত-ভাবেই অবস্থিত ছিল। সংবৎসর পরিমিত কালের পর সেই অণ্ডই পক্ষীর অণ্ডের ন্যায় নির্ভিন্ন (দ্বিখণ্ডিত) হইল ; সেই দ্বিখণ্ডিত অণ্ডের কপালদ্বয় (অংশদ্বয়) রজত ও সুবর্ণ হইল ॥২৭৬॥১

ক্রিয়াসম্পাদন করিতে পারে বলিয়া ক্রিয়া বিষয়ে বিকল্প, কিন্তু কোন বস্তুই মনুষ্যের ইচ্ছাধীন নহে ; সুতরাং বস্তু বিষয়ে বিকল্প হইতে পারে না, উহা একরূপ।

তদযদ্রজতং সেয়ং পৃথিবী, যৎ সুবর্ণং সা দ্যৌর্যজ্জরায়ু তে পর্ব্বতা যদুল্বং তৎ সমেঘো নীহারো যা ধমনয়স্তা নদ্যো যদ্বাস্তেয়মুদকং স সমুদ্রঃ ॥২৭৭॥২

তৎ (তয়োঃ অণ্ডকপালয়োঃ মধ্যে) যৎ রজতং (রৌপ্যময়ং অধঃকপালং) সা (তৎ) ইয়ং (অনুভূয়মানা) পৃথিবী [বভূব, এবং সর্ব্বত্র যথাযোগ্যং ক্রিয়া-সম্বন্ধঃ] যৎ সুবর্ণং (স্বর্ণময়ম্ ঊর্দ্ধকপালং) সা (তৎ) দ্যৌঃ (দ্যুলোকঃ স্বর্গ ইতি যাবৎ), যৎ জরায়ু (গর্ভাধারঃ), তে (তৎ) পর্ব্বতাঃ, যৎ উল্বং (গর্ভবেষ্টনং), তৎ সমেঘঃ (মেঘৈঃ সহ বর্ত্তমানঃ) নীহারঃ (হিমং), যা ধমনয়ঃ (শিরাঃ), তাঃ নদ্যঃ, যৎ বাস্তেয়ং (বস্তৌ মূত্রাশয়ে ভবং) উদকং (জলং) সঃ (তৎ) সমুদ্রঃ [বভূব ইতি শেষঃ]॥

সেই অণ্ডকপালদ্বয়ের মধ্যে যে রজতকপাল, তাহাই এই পৃথিবী ; যাহা সুবর্ণ-কপাল, তাহাই দ্যুলোক ; যাহা জরায়ু, তাহাই পর্ব্বতসমূহ ; যাহা গর্ভবেষ্টন, তাহাই মেঘ ও হিম ; যে সমস্ত ধমনী (শিরা), তৎসমস্তই নদীসমূহ ; যাহা মূত্রাশয়জাত জল, তাহাই সমুদ্র ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তৎ তয়োঃ কপালয়োঃ যদ্রজতং কপালমাসীৎ, সেয়ং পৃথিবী ; পৃথিব্যুপলক্ষিতম্ অধোঽণ্ডকপালমিত্যর্থঃ। যৎ সুবর্ণং কপালং সা দ্যৌঃ দ্যুলোকোপলক্ষিতমূর্দ্ধং কপালমিত্যর্থঃ। যৎ জরায়ু গর্ভবেষ্টনং স্থূলম্ অণ্ডস্য দ্বিশকলীভাবকালে আসীৎ, তে পর্ব্বতা বভূবুঃ। যৎ উল্বং সূক্ষ্মং গর্ভপরিবেষ্টনং, তৎ সহ মেঘৈঃ সমেঘো নীহারঃ অবশ্যায়ো বভূবেত্যর্থঃ। যা গর্ভস্য জাতস্য দেহে ধমনয়ঃ শিরাঃ, তা নদ্যো বভূবুঃ। যৎ তস্য বস্তৌ ভবং বাস্তেয়মুদকং সঃ সমুদ্রঃ ॥২৭৭॥২

আনন্দগিরিঃ।—অবশ্যায়শব্দেন হিমমুচ্যতে ॥২৭৭॥২

ভাষ্যানুবাদ।—সেই কপালদ্বয়ের মধ্যে যাহা রজতকপাল ছিল, তাহাই এই পৃথিবী, অর্থাৎ পৃথিবী শব্দ উপলক্ষণমাত্র, বুঝিতে হইবে অধোবর্ত্তী অণ্ডকপাল ; যাহা সুবর্ণ কপাল, তাহাই দ্যুলোক (স্বর্গ), বুঝিতে হইবে, দ্যুলোকসম্বদ্ধ ঊর্দ্ধগত অণ্ডকপাল (ভাগ) ; যাহা জরায়ু অর্থাৎ অণ্ডের দ্বিখণ্ডিত ভাবকালীন যে স্থূল গর্ভবেষ্টন ছিল, তাহাই পর্ব্বতসমূহ হইল ; যাহা উল্ব, অর্থাৎ গর্ভের যাহা সূক্ষ্ম বেষ্টন, তাহাই সমেঘ নীহার, অর্থাৎ মেঘ ও হিম হইল ; উৎপন্ন গর্ভের দেহে যে ধমনী বা শিরাসমূহ, তৎসমুদয়ই নদীসমূহ হইল ;

আর যাহা বস্তিতে (মূত্রাশয়ে) সমুৎপন্ন—বাস্তের জল, তাহাই সমুদ্র হইল ॥২৭৭॥২

অথ যত্তদজায়ত সোঽসাবাদিত্যঃ তং জায়মানং ঘোষা উলূলবোঽনূদতিষ্ঠন্ * সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চ কামাস্তস্মাত্তস্যোদয়ং প্রতি প্রত্যায়নং প্রতি ঘোষা উলূলবোঽনুতিষ্ঠন্তি সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চ কামাঃ ॥২৭৮॥৩

অথ (অনন্তরং) যৎ তৎ (গর্ভরূপং) অজায়ত (উৎপন্নং বভূব), সঃ (উৎপন্নঃ) [এব] অসৌ (দৃশ্যমানঃ) আদিত্যঃ (সূর্য্যঃ) [বভূব]। জায়মানং চ তম্ (আদিত্যং) অনু (লক্ষ্যীকৃত্য) উলূলবঃ (বিস্তীর্ণস্বভাবঃ) ঘোষাঃ (শব্দাঃ) সর্ব্বাণি চ ভূতানি (স্থাবর-জঙ্গমানি) সর্ব্বে কামাঃ (তেষাং ভোগ্যাঃ বিষয়াঃ) চ উদতিষ্ঠন্ (ধনিজনপুত্রজন্মনীব উত্থিতা বভূবুঃ), তস্মাৎ (হেতোঃ) তস্য (আদিত্যস্য) উদয়ং প্রতি (সূর্য্যোদয়ং লক্ষ্যীকৃত্য) প্রত্যায়নং (প্রতিগমনম্ অস্তগমনং) প্রতি যদ্বা, পুনঃ পুনঃ আয়নং উদয়ঃ প্রত্যায়নং, তৎপ্রতি ঘোষাঃ উলূলবঃ সর্ব্বাণি চ ভূতানি, সর্ব্বে চ কামাঃ অনুতিষ্ঠন্তি (আবির্ভবন্তি)॥

অনন্তর, সেই যাহা জন্মিল, তাহাই এই আদিত্য; উৎপত্তিসময়ে সেই আদিত্যকে লক্ষ্য করিয়া উচ্চধ্বনিযুক্ত বহু শব্দ, সমস্ত ভূত (স্থাবর ও জঙ্গম) এবং সমস্ত ভোগ্য বিষয় উত্থিত হইল। সেই হেতু তাহার উদয় ও অস্তগমন লক্ষ্য করিয়া [এখনও] উচ্চরবযুক্ত শব্দ, সমস্ত ভূত ও সর্ব্বপ্রকার ভোগ্য বিষয় উপস্থিত হইয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যৎ তদজায়ত গর্ভরূপং তস্মিন্নণ্ডে, সোঽসাবাদিত্যঃ, তমাদিত্যং জায়মানং ঘোষাঃ শব্দা উলূলব উরুরবো বিস্তীর্ণরবা উদতিষ্ঠন্ উত্থিতবন্তঃ, ঈশ্বরস্যেবেহ প্রথমপুত্রজন্মনি, সর্ব্বাণি চ স্থাবরজঙ্গমানি ভূতানি সর্ব্বে চ তেষাং ভূতানাং কামাঃ কাম্যন্ত ইতি বিষয়াঃ স্ত্রীবস্ত্রান্নাদয়ঃ; যস্মাদাদিত্যজন্মনিমিত্তা ভূতকামোৎপত্তিঃ তস্মাদদ্যত্বেঽপি তস্যাদিত্যস্যোদয়ং প্রতি প্রত্যায়নং প্রত্যস্তগমনং চ প্রতি, অথবা পুনঃ পুনঃ প্রত্যাগমনং প্রত্যায়নং, তৎ প্রতি তন্নিমিত্তীকৃত্যেত্যর্থঃ; সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চ কামা ঘোষা উলূলবশ্চানুতিষ্ঠন্তি। প্রসিদ্ধং হি এতদুদয়াদৌ সবিতুঃ ॥২৭৮॥৩

---

* উদতিষ্ঠন্ত—ইতি ক্বচিৎ দৃশ্যতে।

আনন্দগিরিঃ।—উলূলব ইত্যুৎসবকালীনাঃ শব্দবিশেষা দেশবিশেষে প্রসিদ্ধাঃ। স্ত্রীবস্ত্রান্নাদয় উদতিষ্ঠন্নিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। কিমত্র প্রমাণমিত্যাশঙ্ক্যাহ—প্রসিদ্ধং হীতি। এতদিতি ভূতাত্ত্যুথানম্॥২৭৮॥৩

ভাষ্যানুবাদ।—অনন্তর সেই অণ্ডমধ্যে সন্তানরূপে যাহা উৎপন্ন হইল, তাহাই এই দৃশ্যমান আদিত্য; সেই জায়মান আদিত্যকে লক্ষ্য করিয়া জগতে ধনিগণের পুত্র জন্মিলে যেরূপ হয়, তদ্রূপ বিবিধ শব্দ, উচ্চ রব, স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূত, এবং সেই ভূতবর্গের সমস্ত কাম, অর্থাৎ কাম্য বিষয় স্ত্রী, বস্ত্র ও অন্ন প্রভৃতি উৎপন্ন হইল। যেহেতু আদিত্যের জন্মই কাম্য বিষয়োৎপত্তির নিমিত্তীভূত, সেই হেতু আজও সেই আদিত্যের উদয়কে লক্ষ্য করিয়া—অথবা পুনঃ পুনঃ প্রত্যাগমন—ফিরিয়া আসার নাম প্রত্যায়ন, তাহাকে নিমিত্ত করিয়া সমস্ত ভূত ও সমস্ত কাম্য বিষয়, বিবিধ শব্দ ও নানাবিধ উচ্চরব উত্থিত হইয়া থাকে॥২৭৮॥ ৩

স য এতমেবং বিদ্বানাদিত্যং ব্রহ্মেত্যুপাস্তেঽভ্যাসো হ যদেনꣳ সাধবো ঘোষা আ চ গচ্ছেয়ুরুপ চ নিম্রেড়েরন্নিম্রেড়েরন্॥২৭৯॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য ঊনবিংশঃ খণ্ডঃ॥১৯॥

ইতি ছান্দোগ্যোপনিষদ্ব্রাহ্মণে তৃতীয়ঃ
প্রপাঠকঃ সমাপ্তঃ॥৩॥

সঃ যঃ (কশ্চিৎ) এতম্ আদিত্যং এবং (যথোক্তরূপং) বিদ্বান্ (জানন্) আদিত্যং 'ব্রহ্ম' ইতি উপাস্তে (ব্রহ্মবুদ্ধ্যা আদিত্যম্ উপাস্তে); অভ্যাসঃ (শীঘ্রং) হ (নিশ্চয়ে) সাধবঃ (শুভাঃ) ঘোষাঃ (ধ্বনয়ঃ), এনম্ (বিদুষম্) আগচ্ছেয়ুঃ চ উপনিম্রেড়েরন্ চ (সুখম্ উৎপাদয়েয়ুঃ)। চ দ্বিরুক্তিরধ্যায়সমাপ্ত্যর্থা॥

যে কোন লোক এই আদিত্যকে এইরূপে জানিয়া আদিত্যকে 'ব্রহ্ম' বলিয়া উপাসনা করেন, নিশ্চয়ই অবিলম্বে শুভ শব্দসমূহ ইহার নিকট উপস্থিত হয়, এবং সুখোপভোগসাধকও হইয়া থাকে। তৃতীয় অধ্যায়সমাপ্তি-সূচনার্থ দ্বিরুক্তি হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—স যঃ কশ্চিদেতমেবং যথোক্তমহিমানং বিদ্বান্ সন্নাদিত্যং ব্রহ্মেত্যুপাস্তে, স তদ্ভাবং প্রতিপদ্যত ইত্যর্থঃ। কিঞ্চ, দৃষ্টং ফলম্ অভ্যাসঃ ক্ষিপ্রং তদ্বিদো যদিতি ক্রিয়াবিশেষণমেনমেবংবিদং সাধবঃ শোভনা ঘোষাঃ।

সাধুত্বং ঘোষাদীনাং যদুপভোগে পাপানুবন্ধাভাবঃ। আ চ গচ্ছেয়ুরাগচ্ছেয়ুশ্চ, উপ চ নিম্রেড়েরন্নিম্রেড়েরংশ্চ ন কেবলমাগমনমাত্রং ঘোষাণাম্, উপসুখয়েয়ুশ্চ, উপসুখঞ্চ কুর্য্যুরিত্যর্থঃ। দ্বিরভ্যাসোঽধ্যায়-সমাপ্ত্যর্থ আদরার্থশ্চ ॥২৭৯॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য উনবিংশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৯॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য

শ্রীশঙ্করভগবতঃ কৃতৌ ছান্দোগ্যোপনিষদ্বিবরণে

তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥৩॥

আনন্দগিরিঃ।—অদৃষ্টফলমাহেত্যুক্ত্বা দৃষ্টফলমাচষ্টে—কিংচেতি। তদ্বিদো দৃষ্টফলমিতি সম্বন্ধঃ। ক্রিয়াবিশেষণমিতি। এবংবিদং সাধবো ঘোষা আগচ্ছেয়ুরিতি যত্তৎক্ষিপ্রমপ্রতিবন্ধেনৈবেত্যর্থঃ। আদিত্যে ব্রহ্মদৃষ্টিরাদরস্য বিষয়ঃ ॥২৭৯॥৪॥

ইতি তৃতীয়াধ্যায়স্যৈকোনবিংশঃ খণ্ডঃ ॥১৯॥

ভাষ্যানুবাদ।—যে কোন লোক যথোক্ত মহিমান্বিত এই আদিত্যকে অবগত হইয়া আদিত্যকে 'ব্রহ্ম' বলিয়া উপাসনা করে, সে লোক সেই আদিত্যের ভাব প্রাপ্ত হয়। আরও এক কথা, তাহার দৃষ্ট ফল এই—'যৎ' পদটি [নিম্নোক্ত] ক্রিয়ার বিশেষণ। অবিলম্বে সাধু শব্দসমূহ তাহার নিকট উপস্থিত হয়, শব্দাদির সাধুত্ব এই যে, উপভোগে কোনরূপ পাপোৎপাদক না হইয়া আগত হয়, এবং উপনত হয়; অর্থাৎ শব্দসমূহ যে কেবল আগতই হয়, তাহা নহে, পরন্তু ভোগসুখও উৎপাদন করিয়া থাকে। অধ্যায়সমাপ্তি ও আদরপ্রকাশার্থ দ্বিরুক্তি করা হইয়াছে ॥২৭৯॥৪

ইতি তৃতীয় অধ্যায়ের উনবিংশখণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৯॥

ইতি তৃতীয়াধ্যায়ের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥৩॥

প্রথমঃ খণ্ডঃ।

(ওঁ) জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আস; স হ সর্ব্বত আবসথান্ মাপয়াঞ্চক্রে সর্ব্বত এব মেঽন্নমৎস্যন্তীতি * ॥২৮০॥১

পৌত্রায়ণঃ (পুত্রস্য পৌত্রঃ) জানশ্রুতিঃ (জনশ্রুতস্য অপত্যং) হ (ঐতিহ্যে) শ্রদ্ধাদেয়ঃ (শ্রদ্ধয়া দেয়ং দাতব্যং যস্য, সঃ তথোক্তঃ), বহুদায়ী (বহু দাতুং শীলং যস্য, সঃ বহুদায়ী), বহুপাক্যঃ (বহু পাক্যং পক্তব্যম্ অন্নাদিকং যস্য, স তথোক্তঃ), আস (বভূব)। সঃ (জানশ্রুতিঃ) হ (প্রসিদ্ধৌ) সর্ব্বতঃ (সর্ব্বাভ্যঃ দিগ্ভ্যঃ) [এত্য=আগত্য] মে (মম) অন্নং অৎস্যন্তি (ভক্ষয়িষ্যন্তি) ইতি (এবং) [মনসিকৃত্য] সর্ব্বতঃ এব (সর্ব্বাসু দিক্ষু) আবসথান্ (এত্য বসন্তি যেষু ইতি আবসথাঃ পান্থশালাঃ, তান্) মাপয়াঞ্চক্রে (কারিতবান্)।

পুরাকালে পুত্রের পৌত্র—পৌত্রায়ণ জানশ্রুতি নামক [রাজা] শ্রদ্ধাপূর্ব্বক দানশীল, বহুদাতা এবং বহুপাক্য (যিনি অতিথিভোজনার্থ বহু অন্ন পাক করান) ছিলেন। সকল দিক্ হইতে লোকেরা আসিয়া আমার অন্ন ভক্ষণ করিবে, এই মনে করিয়া তিনি সর্ব্বদিকে পান্থশালা নির্ম্মাণ করাইয়াছিলেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—বায়ু-প্রাণয়োর্ব্রহ্মণঃ পাদদৃষ্ট্যধ্যাসঃ পুরস্তাদ্বর্ণিতঃ। অথেদানীং তয়োঃ সাক্ষাদ্ব্রহ্মত্বেনোপাস্যত্বায়োত্তরমারভ্যতে। সুখাববোধার্থা আখ্যায়িকা, বিদ্যাদান-গ্রহণবিধিপ্রদর্শনার্থা চ। শ্রদ্ধান্নদানানুদ্ধতত্বাদীনাঞ্চ বিদ্যাপ্রাপ্তিসাধনত্বং প্রদর্শ্যতে আখ্যায়িকয়া—

জানশ্রুতিঃ জনশ্রুতস্যাপত্যম্। হ ঐতিহ্যার্থঃ। পুত্রস্য পৌত্রঃ পৌত্রায়ণঃ, স এব শ্রদ্ধাদেয়ঃ শ্রদ্ধাপুরঃসরমেব ব্রাহ্মণাদিভ্যো দেয়মস্যেতি শ্রদ্ধাদেয়ঃ। বহুদায়ী প্রভূতং দাতুং শীলমস্যেতি বহুদায়ী। বহুপাক্যঃ বহুপক্তব্যমহন্যহনি গৃহে যস্য, অসৌ বহুপাক্যঃ, ভোজনার্থিভ্যো বহু অস্য গৃহেঽন্নং পচ্যত ইত্যর্থঃ। এবং গুণসম্পন্নোঽসৌ জানশ্রুতিঃ পৌত্রায়ণো বিশিষ্টে দেশে কালে চ কস্মিংশ্চিৎ

* মেঽন্নমৎস্যন্তীত্যত্র মেঽৎস্যন্তীতি ইতি ক্বচিৎ।

আস বভূব। স হ সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু গ্রামেষু নগরেষু চাবসথান্—এত্য বসন্তি যেম্বিতি আবসথাঃ, তান্ মাপয়াঞ্চক্রে কারিতবানিত্যর্থঃ। সর্ব্বত এব মে মমান্নং তেম্বাবসথেষু বসন্তঃ অংস্যন্তি ভোক্ষ্যন্তে ইত্যেবমভিপ্রায়ঃ ॥২৮০॥১

আনন্দগিরিঃ।—আদিত্যস্ত সূত্রাবচ্ছেদভেদত্বাৎ তদুপাসনানন্তরং সূত্রোপাসনমুপন্যস্যতে। নন্বু অধ্যাত্মমধিদৈবতং চ বায়ুপ্রাণয়োঃ সূত্রাত্মভূতয়োরুপাসনং পূর্ব্বাধ্যায়েঽপি ব্যাখ্যাতং, তথা চ কোঽত্র বিশেষঃ, যেন তদুপাসনং পুনরারভ্যতে, অত আহ—বায়ুপ্রাণয়োরিতি। সাক্ষাৎ পাদকল্পনং বিনেতি যাবৎ। ব্রহ্মত্বেন ব্রহ্মকার্য্যরূপেণেত্যর্থঃ। বিদ্যেতি।

"ধর্ম্মার্থৌ যত্র ন স্যাতাং শুশ্রূষা বাপি তদ্বিধা।
তত্র বিদ্যা ন বপ্তব্যা শুভং বীজমিবোষরে" ॥

ইতি স্মৃতিমনুসন্ধায় পুষ্কলধনমাদায় রৈক্কো রাজ্ঞে বিদ্যাং প্রাদাৎ, জানশ্রুতিশ্চ শাস্ত্রার্থং জ্ঞাত্বা পুষ্কলধনং দত্ত্বৈব শ্রদ্ধাদিসম্পন্নস্ততো বিদ্যামাদদৌ। তথান্যোঽপি বিদ্যায়া দাতা গ্রহীতা বা স্যাদিতি তদ্দানগ্রহণয়োর্বিধিপ্রদর্শনার্থা চাখ্যায়িকেত্যর্থঃ। নন্বু ষট্ শতানি গবামিত্যাদিদর্শনাৎ ধনদানমেব বিদ্যাগ্রহণে সাধনমিহ প্রতীয়তে, ন তু শ্রদ্ধাদীত্যাশঙ্ক্যাহ—শ্রদ্ধেতি। আদিপদেন তাৎপর্য্যপ্রণিপাতাদয়ো গৃহ্যন্তে। আখ্যায়িকয়া তদ্ধ হ পুনরেবেত্যাদিলক্ষণয়েতি যাবৎ। জনশ্রুতস্য পুত্রো যস্তস্য পৌত্রঃ পৌত্রায়ণঃ স চ প্রকৃতো জানশ্রুতিরেবেত্যাহ—পুত্রস্যেতি। শ্রদ্ধয়া দেয়স্যান্নত্বশঙ্কাং বারয়তি—বহুদায়ীতি। বহুপাকস্য ফলমাহ—ভোজনেতি। উক্তস্য রাজ্ঞো বর্ত্তমানত্বাভাবাৎ অসত্ত্বমাশঙ্ক্যোক্তম্—এবমিতি। স্বসমীপং প্রাপ্তেভ্য এবার্থিভ্যোঽসাবন্নং দদাতীত্যাশঙ্ক্যাহ—স হেতি ॥২৮০॥১

ভাষ্যানুবাদ।—পূর্ব্বে বায়ু ও প্রাণে ব্রহ্মের পাদদৃষ্টির অধ্যাস (আরোপ) বর্ণিত হইয়াছে, অতঃপর এখন সেই বায়ু ও প্রাণের সাক্ষাৎ ব্রহ্মরূপে উপাস্যত্ব জ্ঞাপনের জন্য পরবর্ত্তী গ্রন্থ আরব্ধ হইতেছে। আখ্যায়িকার উদ্দেশ্য—বিষয়টিকে অনায়াসে বোধগম্য করা এবং বিদ্যাদানের ও বিদ্যাগ্রহণের নিয়ম প্রদর্শন করা। শ্রদ্ধাপূর্ব্বক অন্নদান ও অনুদ্ধতত্বাদি ব্যবহারই যে, বিদ্যাপ্রাপ্তির সাধন আখ্যায়িকার সাহায্যে তাহাই প্রদর্শিত হইতেছে—

জানশ্রুতি অর্থ জনশ্রুতের পুত্র। 'হ' শব্দের অর্থ ঐতিহ্য (পুরাবৃত্ত)। পৌত্রায়ণ অর্থ পুত্রের পৌত্র, সেই জানশ্রুতিই শ্রদ্ধাদেয়, অর্থাৎ ব্রাহ্মণাদি উদ্দেশে শ্রদ্ধাপূর্ব্বক দান করাই তাহার স্বভাব, বহুদায়ী—প্রভূত পরিমাণে দান করাই যাহার স্বভাব, তিনি বহুদায়ী; বহুপাক্য অর্থ—যাহার গৃহে প্রত্যহ বহুতর অন্ন পাক করা হয়, অর্থাৎ ভোজনার্থিগণের উদ্দেশে যাঁহার গৃহে বহু অন্ন পাক করা হইয়া থাকে, এবংবিধ গুণসম্পন্ন জানশ্রুতি পৌত্রায়ণ কোন এক বিশিষ্ট কালে ও বিশিষ্ট প্রদেশে বর্ত্তমান ছিলেন। তিনি সর্ব্বদিকে সর্ব্ব

চতুর্থেঽধ্যায়ে

প্রথমঃ খণ্ডঃ।

(ওঁ) জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আস; স হ সর্ব্বত আবসথান্ মাপয়াঞ্চক্রে সর্ব্বত এব মেঽন্নমৎস্যন্তীতি * ॥২৮০॥১

পৌত্রায়ণঃ (পুত্রস্য পৌত্রঃ) জানশ্রুতিঃ (জনশ্রুতস্য অপত্যং) হ (ঐতিহ্যে) শ্রদ্ধাদেয়ঃ (শ্রদ্ধয়া দেয়ং দাতব্যং যস্য, সঃ তথোক্তঃ), বহুদায়ী (বহু দাতুং শীলং যস্য, সঃ বহুদায়ী), বহুপাক্যঃ (বহু পাক্যং পক্তব্যম্ অন্নাদিকং যস্য, স তথোক্তঃ), আস (বভূব)। সঃ (জানশ্রুতিঃ) হ (প্রসিদ্ধৌ) সর্ব্বতঃ (সর্ব্বাভ্যঃ দিগ্‌ভ্যঃ) [এত্য=আগত্য] মে (মম) অন্নং অৎস্যন্তি (ভক্ষয়িষ্যন্তি) ইতি (এবং) [মনসিকৃত্য] সর্ব্বতঃ এব (সর্ব্বাসু দিক্ষু) আবসথান্ (এত্য বসন্তি যেষু ইতি আবসথাঃ পান্থশালাঃ, তান্) মাপয়াঞ্চক্রে (কারিতবান্)।

পুরাকালে পুত্রের পৌত্র—পৌত্রায়ণ জানশ্রুতি নামক [রাজা] শ্রদ্ধাপূর্ব্বক দানশীল, বহুদাতা এবং বহুপাক্য (যিনি অতিথিভোজনার্থ বহু অন্ন পাক করান) ছিলেন। সকল দিক্ হইতে লোকেরা আসিয়া আমার অন্ন ভক্ষণ করিবে, এই মনে করিয়া তিনি সর্ব্বদিকে পান্থশালা নির্ম্মাণ করাইয়াছিলেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—বায়ু-প্রাণয়োর্ব্রহ্মণঃ পাদদৃষ্ট্যধ্যাসঃ পুরস্তাদ্বর্ণিতঃ। অথেদানীং তয়োঃ সাক্ষাদ্ব্রহ্মত্বেনোপাস্যত্বায়োত্তরমারভ্যতে। সুখাববোধার্থা আখ্যায়িকা, বিদ্যাদান-গ্রহণবিধিপ্রদর্শনার্থা চ। শ্রদ্ধান্নদানানুদ্ধতত্বাদীনাঞ্চ বিদ্যাপ্রাপ্তিসাধনত্বং প্রদর্শ্যতে আখ্যায়িকয়া—

জানশ্রুতিঃ জনশ্রুতস্যাপত্যম্। হ ঐতিহ্যার্থঃ। পুত্রস্য পৌত্রঃ পৌত্রায়ণঃ, স এব শ্রদ্ধাদেয়ঃ শ্রদ্ধাপুরঃসরমেব ব্রাহ্মণাদিভ্যো দেয়মস্যেতি শ্রদ্ধাদেয়ঃ। বহুদায়ী প্রভূতং দাতুং শীলমস্যেতি বহুদায়ী। বহুপাক্যঃ বহুপক্তব্যমহন্যহনি গৃহে যস্য, অসৌ বহুপাক্যঃ, ভোজনার্থিভ্যো বহু অস্য গৃহেঽন্নং পচ্যত ইত্যর্থঃ। এবং গুণসম্পন্নোঽসৌ জানশ্রুতিঃ পৌত্রায়ণো বিশিষ্টে দেশে কালে চ কস্মিংশ্চিৎ

* মেঽন্নমৎস্যন্তীত্যত্র মেঽৎস্যন্তীতি ইতি ক্বচিৎ।

আস বভূব। স হ সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু গ্রামেষু নগরেষু চাবসথান্—এত্য বসন্তি যেম্বিতি আবসথাঃ, তান্ মাপয়াঞ্চক্রে কারিতবানিত্যর্থঃ। সর্ব্বত এব মে মমান্নং তেম্বাবসথেষু বসন্তঃ অংস্যন্তি ভোক্ষ্যন্তে ইত্যেবমভিপ্রায়ঃ ॥২৮০॥১

আনন্দগিরিঃ।—আদিত্যস্য সূত্রাবচ্ছেদভেদত্বাৎ তদুপাসনানন্তরং সূত্রোপাসনমুপন্যস্যতে। ননু অধ্যাত্মমধিদৈবতং চ বায়ুপ্রাণয়োঃ সূত্রাত্মভূতয়োরুপাসনং পূর্ব্বাধ্যায়েঽপি ব্যাখ্যাতং, তথা চ কোঽত্র বিশেষঃ, যেন তদুপাসনং পুনরারভ্যতে, অত আহ—বায়ুপ্রাণয়োরিতি। সাক্ষাৎ পাদকল্পনং বিনেতি যাবৎ। ব্রহ্মত্বেন ব্রহ্মকার্য্যরূপেণেত্যর্থঃ। বিদ্যেতি।

"ধর্ম্মার্থৌ যত্র ন স্যাতাং শুশ্রূষা বাপি তদ্বিধা।
তত্র বিদ্যা ন বপ্তব্যা শুভং বীজমিবোষরে" ॥

ইতি স্মৃতিমনুসন্ধায় পুষ্কলধনমাদায় রৈক্কো রাজ্ঞে বিদ্যাং প্রাদাৎ, জানশ্রুতিশ্চ শাস্ত্রার্থং জ্ঞাত্বা পুষ্কলধনং দত্ত্বৈব শ্রদ্ধাদিসম্পন্নস্ততো বিদ্যামাদদৌ। তথান্যোঽপি বিদ্যায়া দাতা গ্রহীতা বা স্যাদিতি তদ্দানগ্রহণয়োর্বিধিপ্রদর্শনার্থা চাখ্যায়িকেত্যর্থঃ। ননু ষট্‌শতানি গবামিত্যাদিদর্শনাৎ ধনদানমেব বিদ্যাগ্রহণে সাধনমিহ প্রতীয়তে, ন তু শ্রদ্ধাদীত্যাশঙ্ক্যাহ—শ্রদ্ধেতি। আদিপদেন তাৎপর্য্যপ্রণিপাতাদয়ো গৃহ্যন্তে। আখ্যায়িকয়া তদু হ পুনরেবেত্যাদিলক্ষণয়েতি যাবৎ। জনশ্রুতস্য পুত্রো যস্তস্য পৌত্রঃ পৌত্রায়ণঃ স চ প্রকৃতো জানশ্রুতিরেবেত্যাহ—পুত্রস্যেতি। শ্রদ্ধয়া দেয়স্যান্নত্বশঙ্কাং বারয়তি—বহুদায়ীতি। বহুপাক্যস্য ফলমাহ—ভোজনেতি। উক্তস্য রাজ্ঞো বর্ত্তমানত্বাভাবাৎ অসত্ত্বমাশঙ্ক্যোক্তম্—এবমিতি। স্বসমীপং প্রাপ্তেভ্য এবার্থিভ্যোঽসাবন্নং দদাতীত্যাশঙ্ক্যাহ—স হেতি ॥২৮০॥১

ভাষ্যানুবাদ।—পূর্ব্বে বায়ু ও প্রাণে ব্রহ্মের পাদদৃষ্টির অধ্যাস (আরোপ) বর্ণিত হইয়াছে, অতঃপর এখন সেই বায়ু ও প্রাণের সাক্ষাৎ ব্রহ্মরূপে উপাস্যত্ব জ্ঞাপনের জন্য পরবর্ত্তী গ্রন্থ আরব্ধ হইতেছে। আখ্যায়িকার উদ্দেশ্য—বিষয়টিকে অনায়াসে বোধগম্য করা এবং বিদ্যাদানের ও বিদ্যাগ্রহণের নিয়ম প্রদর্শন করা। শ্রদ্ধাপূর্ব্বক অন্নদান ও অনুদ্ধতত্বাদি ব্যবহারই যে, বিদ্যাপ্রাপ্তির সাধন আখ্যায়িকার সাহায্যে তাহাই প্রদর্শিত হইতেছে—

জানশ্রুতি অর্থ জনশ্রুতের পুত্র। 'হ' শব্দের অর্থ ঐতিহ্য (পুরাবৃত্ত)। পৌত্রায়ণ অর্থ পুত্রের পৌত্র, সেই জানশ্রুতিই শ্রদ্ধাদেয়, অর্থাৎ ব্রাহ্মণাদি উদ্দেশে শ্রদ্ধাপূর্ব্বক দান করাই তাহার স্বভাব, বহুদায়ী—প্রভূত পরিমাণে দান করাই যাহার স্বভাব, তিনি বহুদায়ী; বহুপাক্য অর্থ—যাহার গৃহে প্রত্যহ বহুতর অন্ন পাক করা হয়, অর্থাৎ ভোজনার্থিগণের উদ্দেশে যাঁহার গৃহে বহু অন্ন পাক করা হইয়া থাকে, এবংবিধ গুণসম্পন্ন জানশ্রুতি পৌত্রায়ণ কোন এক বিশিষ্ট কালে ও বিশিষ্ট প্রদেশে বর্ত্তমান ছিলেন। তিনি সর্ব্বদিকে সর্ব্ব

গ্রামে আবসথসমূহ নির্ম্মাণ করাইয়াছিলেন। 'আবসথ' অর্থ—[ভিন্ন দেশ হইতে লোক] আসিয়া যে স্থানে বাস করে, অর্থাৎ পান্থশালা। 'আবসথ' নির্ম্মাণের অভিপ্রায় এই যে, সর্ব্বস্থান হইতে লোকসমূহ আসিয়া সেই সমস্ত আবসথে বাস করিয়া আমার অন্ন ভোজন করিবে ॥২৮০॥১

অথ হ হংসা নিশায়ামতিপেতুস্তদ্ধৈবং হংসো হংসমভ্যুবাদ—হো হোঽয়ি ভল্লাক্ষ ভল্লাক্ষ, জানশ্রুতেঃ পৌত্রায়ণস্য সমং দিবা জ্যোতিরাততম্, তন্মা প্রসাঙ্‌ক্ষীস্তত্ত্বা মা প্রধাক্ষীরিতি ॥২৮১॥২

অথ (কদাচিৎ) হংসাঃ (হংসরূপধারিণঃ ঋষয়ঃ) নিশায়াং (রাত্রৌ) অভিপেতুঃ (জানশ্রুতেঃ দৃষ্টিপথোপরি আজগ্মুঃ)। তৎ (তস্মিন্ কালে) হ (ঐতিহ্যে) [একঃ] হংসঃ [অপরং] হংসম্ এবং (বক্ষ্যমাণপ্রকারং) অভ্যুবাদ (সম্যক্ উচ্চৈঃ উবাচ—) হো হো অয়ি (সম্বোধনসূচকম্ অব্যয়ম্) ভল্লাক্ষ ভল্লাক্ষ (দর্শনে প্রণিধানসূচকং সম্বোধনম্), [যদ্বা ; 'ভল্লাক্ষ'শব্দঃ 'মন্দদৃষ্টি' শব্দ-সমানার্থকঃ।] [কিং ন পশ্যসি ?] পৌত্রায়ণস্য জানশ্রুতেঃ জ্যোতিঃ (তেজঃ) দিবা (আকাশে) সমম্ (অবিষমং যথা স্যাৎ, তথা) আততং (ব্যাপ্তং) (দিবাসমং দিবসতুল্যং বা) [অস্তি], [ত্বং] তৎ (জ্যোতিঃ) মা প্রসাঙ্ক্ষীঃ (স্পর্শং মা কার্ষীঃ), তৎ (জ্যোতিঃ) ত্বা (ত্বাং) মা প্রধাক্ষীঃ (মা প্রধাক্ষীৎ দগ্ধং মাকার্ষীৎ) ইতি ॥

কোন সময় হংসরূপধারী [ঋষিগণ] রাত্রিকালে আকাশে তাহার দৃষ্টিপথে আসিয়াছিলেন। তন্মধ্যে পশ্চাদ্বর্ত্তী হংস অগ্রগামী হংসকে এইরূপ বলিল, যে, ভোঃ ভোঃ ভল্লাক্ষ ভল্লাক্ষ (মন্দদৃষ্টি লোককে 'ভল্লাক্ষ' বলে), পৌত্রায়ণ জানশ্রুতির তেজ আকাশে সমানভাবে ব্যাপ্ত রহিয়াছে ; তাহা স্পর্শ করিও না ; তাহা যেন তোমাকে দগ্ধ করিয়া ফেলে না ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তত্রৈবং সতি রাজনি তস্মিন্ ঘর্ম্মকালে হর্ম্ম্যতলস্থে অথ হ হংসা নিশায়াং রাত্রৌ অতিপেতুঃ। ঋষয়ো দেবতা বা, রাজ্ঞোঽন্নদানগুণৈস্তোষিতাঃ সন্তঃ হংসরূপা ভূত্বা রাজ্ঞো দর্শনগোচরে অতিপেতুঃ পতিতবন্তঃ। তৎ তস্মিন্ কালে তেষাং পততাং হংসানাম্ একঃ পৃষ্ঠতঃ পতন্ অগ্রতঃ পতন্তং তৎ হংসম্ অভ্যুবাদ অভ্যুক্তবান্—হো হোঽয়ীতি ভো ভো ইতি সম্বোধ্য 'ভল্লাক্ষ ভল্লাক্ষ'

ইতি আদরং দর্শয়ন্ যথা পশ্য পশ্যাশ্চর্য্যমিতি, তদ্বৎ। ভল্লাক্ষেতি মন্দদৃষ্টিত্বং সূচয়ন্নাহ; অথবা, সম্যগ্ব্রহ্মদর্শনাভিমানবত্ত্বাৎ তস্য অসকৃদুপালব্ধস্তেন পীড্যমানোঽমর্ষিতয়া তৎ সূচয়তি ভল্লাক্ষেতি।

জানশ্রুতেঃ পৌত্রায়ণস্য সমং তুল্যং দিবা দ্যুলোকেন জ্যোতিঃ প্রভাস্বরম্ অন্নদানাদিজনিতপ্রভাবজম্ আততং ব্যাপ্তং দ্যুলোকস্পৃগিত্যর্থঃ। দিবা অহ্না বা সমং জ্যোতিরিত্যেতৎ; তন্মা প্রসাঙ্ক্ষীঃ সঞ্জনং সক্তিং তেন জ্যোতিষা সম্বন্ধং মা কার্ষীরিত্যর্থঃ। তৎপ্রসঞ্জনেন তজ্জ্যোতিঃ ত্বা ত্বাং মা প্রধাক্ষীঃ মা দহত্বিত্যর্থঃ, পুরুষব্যত্যয়েন মা প্রধাক্ষীদিতি ॥২৮১॥২

আনন্দগিরিঃ।—বিশিষ্টান্নদানফলং দর্শয়িতুমারভতে—তত্রেতি। বাক্যার্থং দর্শয়তি—ঋষয় ইতি। সম্বোধনাভ্যাসস্য বিষয়মাহ—আদরং দর্শয়ন্নিতি। তদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি—যথেতি। ভল্লাক্ষশব্দার্থমাহ—ভল্লেতি। ভল্লাক্ষশব্দো ভদ্রাক্ষবিষয়ঃ সন্ বিরুদ্ধলক্ষণয়া মন্দদৃষ্টিত্বসূচকঃ। ভল্লাক্ষশব্দস্য বিষয়ান্তরমাহ—অথবেতি। তস্য পৃষ্ঠগামিনো হংসস্য মহাত্মা নাতিক্রমণীয়ো বিজানতেতি সম্যগ্ দর্শনাভিমানশালিত্বাৎ তেনাগ্রগামী হংসো জানশ্রুতিমতিচিক্রমিষুরমর্ষিতয়া পীড্যমানঃ সন্ ত্বং ধর্ম্মং জানাসি ন, জ্ঞানাভিমানং তু বহসীতি উপালব্ধস্তত্র ভল্লাক্ষেত্যুপালম্ভস্বরূপং সূচয়তীত্যর্থঃ। পৃষ্ঠগামী হংসো নিন্দাপূর্ব্বকমগ্রগামিনং হংসং সম্বোধ্য কিমূচিবানিত্যপেক্ষায়ামাহ—জানশ্রুতেরিতি। মা প্রধাক্ষীরিতি পাঠে কথং মা প্রধাক্ষীদিত্যুচ্যতে, তত্রাহ—পুরুষব্যত্যয়েনেতি। মধ্যমপুরুষং প্রথমপুরুষং কৃত্বা ব্যাখ্যানমিত্যর্থঃ॥২৮১॥২

ভাষ্যানুবাদ।—অনন্তর, এবম্ভূত সেই রাজা গ্রীষ্মকালে প্রাসাদ-পৃষ্ঠে শয়ান আছেন, এমন অবস্থায় নিশা-সময়ে অর্থাৎ রাত্রিকালে কতকগুলি হংস উপস্থিত হইয়াছিল, অর্থাৎ ঋষি বা দেবতাগণ রাজার অন্নদানগুণে পরিতোষিত হইয়া হংসরূপ ধারণ-পূর্ব্বক রাজার দৃষ্টিপথে আসিয়া উপস্থিত হইয়াছিলেন। সেই সময় উড্ডীন সেই পক্ষিগণের মধ্যে পশ্চাদ্গামী একটি হংস অগ্রগামী সেই হংসকে বলিয়াছিলেন যে, হো হো অয়ি অর্থাৎ ভো ভো এইরূপে সম্বোধন করিয়া, 'দেখ দেখ আশ্চর্য্য' বলিয়া যেমন সম্বোধন করা হয়, তেমনি 'ভল্লাক্ষ ভল্লাক্ষ' বলিয়া আদর প্রদর্শন করিয়া অথচ 'ভল্লাক্ষ' শব্দে উহার দৃষ্টিমান্দ্য সূচনা-পূর্ব্বক বলিয়াছিলেন—অথবা, আমার সম্যক্ ব্রহ্মজ্ঞান হইয়াছে, এই অভিমানে অগ্রগামী হংসকর্ত্তৃক পশ্চাদ্বর্ত্তী হংস বারংবার তিরস্কৃত হইয়া এবং তাহাতে ব্যথিত হইয়াই যেন [পশ্চাদ্বর্ত্তী হংসটি] 'ভল্লাক্ষ' শব্দে আপনার অসহিষ্ণুতা সূচনা করিতেছেন।

পৌত্রায়ণ জানশ্রুতির অন্নদানাদি-প্রভাবজাত দ্যুলোকতুল্য, অথবা দিবসের তুল্য সমুজ্জ্বল জ্যোতি পরিব্যাপ্ত রহিয়াছে অর্থাৎ দ্যুলোক স্পর্শ করিয়া

রহিয়াছে। তুমি সেই জ্যোতিকে স্পর্শ করিও না, অর্থাৎ সেই জ্যোতির সহিত সংস্পর্শ করিও না। তাহার সংস্পর্শে সেই জ্যোতি যেন তোমাকে দগ্ধ না করে। [শ্রুতিতে "প্রধাক্ষীঃ" এইরূপ মধ্যম পুরুষের প্রয়োগ থাকিলেও] তাহার পরিবর্ত্তন করিয়া "প্রধাক্ষীৎ" এইরূপে প্রথম পুরুষ করিতে হইবে॥২৮১॥২

তমু হ পরঃ প্রত্যুবাচ—কম্বর এনমেতৎ সন্তꣳ সযুগ্বান-মিব রৈক্কমাত্থেতি, যো নু কথꣳ সযুগ্বা রৈক্ক ইতি ॥২৮২॥৩

পরঃ (ইতরঃ অগ্রগামীতি যাবৎ) হ (ঐতিহ্যে) তম্ (তথোক্তবন্তং পশ্চাদ্-গামিনম্) উ (বিতর্কে) প্রত্যুবাচ—অরে (নিকৃষ্টসম্বোধনে, নিকৃষ্টোঽয়ং রাজা ইতি ভাবঃ) উ (বিতর্কে) কম্ এনম্ এতৎ (এবং যথা স্যাৎ, তথা) সন্তং (অতি তুচ্ছোঽয়ং রাজেতি ভাবঃ রাজানং) সযুগ্বানং (যুগ্বা গন্ত্রী ক্ষুদ্রশকটী, তয়া সহ বর্ত্তমানং) রৈক্কং (তদাখ্যং ব্রহ্মজ্ঞম্) ইব আত্থ (ব্রবীষি) [ত্বম্ ইতি শেষঃ]। [এবমুক্ত ইতর আহ]—নু (ভোঃ) যঃ [ত্বয়া উচ্যতে,] কথং সঃ সযুগ্বা রৈক্কঃ ? ইতি ॥

অগ্রগামী হংস পশ্চাদ্বর্ত্তী সেই হংসকে প্রত্যুত্তরে বলিলেন, অরে এবংবিধ অবস্থাপন্ন এই কাহাকে তুমি সযুগ্বা (অর্থাৎ চলনোপযোগী ক্ষুদ্রশকট দ্বারা পরিচিত) সেই রৈক্কের ন্যায় বলিতেছ ? [তখন পশ্চাদ্বর্ত্তী হংস জিজ্ঞাসা করিলেন—] তুমি যাহার কথা বলিতেছ, সেই সযুগ্বা রৈক্ক কি প্রকার ? ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তমেবমুক্তবন্তং পর ইতরোঽগ্রগামী প্রত্যুবাচ—অরে নিকৃষ্টোঽয়ং রাজা বরাকঃ, তং কম্ উএনং সন্তং কেন মাহাত্ম্যেন যুক্তং সন্তমিতি কুৎসয়তি ; এনমেবং সবহুমানমেতদ্বচনমাত্থ রৈক্কমিব সযুগ্বানম্। সহ যুগ্বনা গন্ত্র্যা বর্ত্তত ইতি সযুগ্বা রৈক্কঃ, তমিব আত্থ এনম্ ; অননুরূপম্ অস্মিন্নযুক্তমীদৃশং বক্তুং রৈক্ক ইবেত্যভিপ্রায়ঃ। ইতরশ্চাহ—যো নু কথং ত্বয়োচ্যতে সযুগ্বা রৈক্কঃ। ইত্যুক্তবন্তং ভল্লাক্ষ আহ—শৃণু যথা স রৈক্কঃ ॥২৮২॥৩

তে] অর্চ্চিষং (অর্চ্চিরভিমানিনীং দেবতাং) প্রতিপদ্যন্তে (লভন্তে) এব। অর্চ্চিষঃ অহঃ, অহ্নঃ আপূর্য্যমাণপক্ষম্ (শুক্লপক্ষম্), আপূর্য্যমাণপক্ষাৎ [অনন্তরং] যান্ ষট্ মাসান্ [ব্যাপ্য] উদঙ্ (উত্তরাং দিশম্) এতি (গচ্ছতি) [সূর্য্য ইতি শেষঃ], তান্ (উত্তরায়ণমাসান্), মাসেভ্যঃ সংবৎসরং, সংবৎসরাৎ আদিত্যম্, আদিত্যাৎ চন্দ্রমসং, চন্দ্রমসঃ বিদ্যুতম্ [অভিসংভবন্তি]। অমানবঃ (মানবসৃষ্টিবহির্ভূতঃ) সঃ পুরুষঃ তৎ (তত্রস্থান্) এনান্ (উপাসকান্) ব্রহ্ম (ব্রহ্মলোকং—সত্যলোকং) গময়তি (প্রাপয়তি)। এষঃ (পূর্ব্বোক্তঃ পন্থা এব) দেবপথঃ (দেবৈঃ অর্চ্চিরাদ্যভিমানিভিরুপলক্ষিতত্বাৎ দেবপথঃ), [তথা] ব্রহ্মপথঃ (ব্রহ্মপ্রাপ্ত্যুপায়ত্বাৎ); এতেন (পথা) প্রতিপদ্যমানাঃ (ব্রহ্ম-গন্তারঃ) ইমম্ (বর্ত্তমান-কল্পীয়ম্, অনুভূয়মানং বা) মানবম্ (মনোঃ সৃষ্টিসম্বন্ধিনম্) আবর্ত্তং (পুনঃ পুনঃ জন্মমরণলক্ষণং) ন আবর্ত্তন্তে (ন প্রত্যাগচ্ছন্তীত্যর্থঃ)। বিদ্যাফল-পরিসমাপ্ত্যর্থা দ্বিরুক্তিঃ ॥

[এখন বিদ্যাফল কথিত হইতেছে—] মৃত্যুর পর [তাঁহার জ্ঞাতিগণ] যদি উক্ত ব্রহ্মবিদের শব্য কর্ম্ম অর্থাৎ দাহাদিরূপ অন্ত্যেষ্টিক্রিয়া করেন, অথবা যদি নাই করেন, তথাপি তাঁহারা অর্চ্চিকে (জ্যোতির অভিমানিনী দেবতাকে) প্রাপ্ত হন, অর্চ্চিঃ হইতে অহঃ, অহঃ হইতে শুক্লপক্ষ, শুক্লপক্ষ হইতে সূর্য্য যে ছয়মাস উত্তর দিকে গমন করেন, সেই উত্তরায়ণ ছয়মাস, ষণ্মাস হইতে সংবৎসর, সংবৎসর হইতে আদিত্য, আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎকে প্রাপ্ত হন, [তাহার পর], প্রসিদ্ধ অমানব (মনুষ্যেতর) একজন পুরুষ আসিয়া বিদ্যুৎ-লোকস্থিত সেই সকল লোককে সত্যলোকে লইয়া যান ; ইহাই দেবপথ এবং ব্রহ্মপথ ; এই পথে যাঁহারা গমন করেন, তাঁহারা এই মানব-আবর্ত্তে অর্থাৎ এই সংসারচক্রে আর ফিরিয়া আসেন না ॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ ইদানীং যথোক্তব্রহ্মবিদো গতিরুচ্যতে—যৎ যদি উ.চ এব অস্মিন্ এবংবিদি শব্যং শবকর্ম্ম মৃতে কুর্ব্বন্তি, যদি চ ন কুর্ব্বন্তি ঋত্বিজঃ, সর্ব্বথাপ্যেবংবিৎ তেন শবকর্ম্মণা অকৃতেনাপি প্রতিবদ্ধো ন ব্রহ্ম প্রাপ্নোতীতি ন ; ন চ কৃতেন শবকর্ম্মণাস্য কশ্চন অভ্যধিকো লোকঃ, "ন কর্ম্মণা বর্দ্ধতে নো কনীয়ান্" ইতি শ্রুত্যন্তরাৎ। শবকর্ম্মণি অনাদরং দর্শয়ন্ বিদ্যাং স্তৌতি, ন পুনঃ শবকর্ম্ম এবংবিদো ন কর্ত্তব্যমিতি। অক্রিয়মাণে হি শবকর্ম্মণি কর্ম্মণাং ফলারম্ভে প্রতিবন্ধঃ কশ্চিদনুমীয়তে অন্যত্র ; যত ইহ

বিদ্যাফলারম্ভকালে শবকর্ম্ম স্যাদ্বা ন বেতি বিদ্যাবতোঽপ্রতিবন্ধেন ফলারম্ভং দর্শয়তি।

যে সুখাকাশমক্ষিস্থং সংযদ্বামো বামনীর্ভামনীরিত্যেবংগুণমুপাসতে প্রাণসহিতামগ্নিবিদ্যাং চ, তেষামন্ত্যং কর্ম্ম ভবতু মা বা ভূৎ, সর্ব্বথাপি তে অর্চ্চিষমেব অভিসম্ভবন্তি, অর্চ্চিরভিমানিনীং দেবতামভিসম্ভবন্তি প্রতিপদ্যন্ত ইত্যর্থঃ। অর্চ্চিষঃ অর্চ্চির্দ্দেবতায়াঃ অহঃ অহরভিমানিনীং দেবতাম্, অহ্ন আপূর্য্যমাণপক্ষং শুক্লপক্ষদেবতাম্, আপূর্য্যমাণপক্ষাৎ যান্ ষণ্মাসান্ উদঙ্ উত্তরাং দিশমেতি সবিতা, তান্ মাসান্ উত্তরায়ণদেবতাম্, তেভ্যো মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরদেবতাম্, ততঃ সংবৎসরাৎ আদিত্যম্, আদিত্যাৎ চন্দ্রমসম্, চন্দ্রমসো বিদ্যুতম্। তৎ তত্রস্থান্ তান্ পুরুষঃ কশ্চিদ্ ব্রহ্মলোকাদেত্য অমানবঃ—মানব্যাং সৃষ্টৌ ভবো মানবঃ, ন মানবঃ অমানবঃ, স পুরুষ এতান্ ব্রহ্ম সত্যলোকস্থং গময়তি, গন্তৃ-গন্তব্যগময়িতৃত্বব্যপদেশেভ্যঃ ; সন্মাত্রব্রহ্মপ্রাপ্তৌ তদনুপপত্তেঃ। "ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" ইতি হি তত্র বক্তুং ন্যায্যম্। সর্ব্বভেদনিরাসেন সন্মাত্রপ্রতিপত্তিং বক্ষ্যতি। ন চাদৃষ্টো মার্গো গমনায়োপতিষ্ঠতে, "স এনমবিদিতো ন ভুনক্তি" ইতি শ্রুত্যন্তরাৎ। এষ দেবপথঃ দেবৈরর্চ্চিরাদিভিঃ গময়িতৃত্বেনাধিকৃতৈরুপলক্ষিতঃ পন্থাঃ—দেবপথ উচ্যতে। ব্রহ্ম গন্তব্যম্, তেন চোপলক্ষিত ইতি ব্রহ্মপথঃ। এতেন প্রতিপদ্যমানা গচ্ছন্তো ব্রহ্ম, ইমং মানবং মনুসম্বন্ধিনং মনোঃ সৃষ্টিলক্ষণমাবর্ত্তং নাবর্ত্তন্তে ; আবর্ত্তন্তে অস্মিন্ জননমরণপ্রবন্ধচক্রারূঢ়া ঘটীযন্ত্রবৎ পুনঃ পুনরিত্যাবর্ত্তঃ, তং ন প্রতিপদ্যন্তে। নাবর্ত্তন্ত ইতি দ্বিরুক্তিঃ সফলায়াঃ বিদ্যায়াঃ পরিসমাপ্তিপ্রদর্শনার্থা ॥৩৪২॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চদশ-খণ্ড-ভাষ্যম্ ॥১৫॥

আনন্দগিরিঃ।—গতিং বক্তুং পূর্ব্বোক্তব্রহ্মবিদ্যায়ামধিকগুণানেব আচার্য্যোঽন্ববাদীৎ ইদানীং তামেব গতিমবতারয়তি—অথেতি। তাং বক্তুং পাতনিকাং করোতি—যদ্ যদীতি। করণাকরণাভ্যাং বিদুষো ন বৃদ্ধির্নাপি হানিরিত্যত্র শ্রুত্যন্তরং প্রমাণয়তি—ন কর্ম্মণেতি। অথ যদু চৈবেত্যাদিবাক্যস্য তাৎপর্য্যং দর্শয়তি—শবকর্ম্মণীতি। তাৎপর্য্যান্তরং দর্শয়তি—ন পুনরিতি। যদি বিদুষোঽপি শবকর্ম্ম কর্ত্তব্যম্, কর্হি তস্য বিশেষঃ, তত্রাহ—অক্রিয়মাণে হীতি। অন্যত্রেত্যবিদ্যাবানুচ্যতে—ইহেতি। প্রস্তুতবাক্যস্য বিদ্যাবতো বা উক্তিরিতি শবকর্ম্মণ্যনাদরপূর্ব্বকমিতি শেষঃ। বিদ্যাবতঃ শবকর্ম্মভাবাভাবয়োর প্রতিবন্ধং ফলং সিধ্যতি। অবিদ্যাবতস্ত শবকর্ম্মাকরণে কর্ম্মাণি ন ফলদানীতি বিদ্যাস্তুতিরিহাভিপ্রেতেতি ভাবঃ।

তে অর্চিষমেবেত্যত্র তচ্ছব্দার্থং ব্যাচষ্টে—যে সুখাকাশমিতি। সত্যলোকস্থমিতি দেশব্যবচ্ছেদনমিতি ব্যাখ্যায়তে মুখ্যমেব ব্রহ্ম ব্রহ্মশব্দাবলম্বং কিং নোচ্যতে তত্রাহ—গন্তৃগন্তব্যেতি। এতেভ্যো হেতুভ্যঃ সত্যলোকস্থং ব্রহ্ম ন মুখ্যমিতি সংবন্ধঃ। মুখ্য-ব্রহ্মপ্রাপ্তাবপি যথোক্তব্যপদেশা ভবিষ্যন্তীত্যাশঙ্ক্যাহ—সন্মাত্রেতি। তদনুপপত্তের্ন তাদৃগ্ ব্রহ্ম ব্রহ্মশব্দমিতি শেষঃ। অনুপপত্তিমেব স্ফোরয়তি—ব্রহ্মৈবেতি। তত্রেতি মুখ্যপ্রাপ্তিরুচ্যতে। কস্যচিদপি সন্মাত্রব্রহ্মপ্রাপ্তিরত্র নাস্তীত্যাশঙ্ক্যাহ—সর্ব্বভেদেতি। বক্ষ্যতি ষষ্ঠেঽধ্যায়ে শ্রুতিরিতি শেষঃ। জীবস্য সন্মাত্রং ব্রহ্ম পারমার্থিকং রূপং চেত্তুপাসকস্যাপি ন গতিরুচিতা, তস্যাপি ব্রহ্মাতিরিক্তস্বরূপভাবাদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। একত্বলক্ষণো মার্গো ন দৃষ্টশ্চেদ্‌গমনায় নোপতিষ্ঠতে। ন হি ধ্যাননিষ্ঠস্যাদৃষ্টমেকত্বং গমনং বারয়িতুং পারয়ত্যজ্ঞানপ্রতিবন্ধাৎ। তস্য গমনভ্রান্তিসম্ভবাদিত্যর্থঃ। যদ্বা, একত্বলক্ষণো মার্গো নাবগতো ন গমনায় মোক্ষায়োপস্থিতো ভবতীত্যর্থঃ। তত্র প্রমাণমাহ—স এনমিতি। স পরমাত্মা প্রত্যক্‌ত্বেনাজ্ঞাতঃ সন্নেনমধিকারিণং মুক্তিপ্রদানেন ন পালয়তীত্যর্থঃ। প্রকৃতাং গতিমুপসংহরতি—এষ ইতি। গতিফলং নিগময়তি—এতেনেতি ইমমিতি বিশেষণাদনাবৃত্তিরস্মিন্ কল্পে, কল্পান্তরে ত্বাবৃত্তিরিতি সূচ্যতে। আবর্ত্তশব্দং ব্যাকরোতি—আবর্ত্তন্ত ইতি। সফলায়া যথোক্তেন গতিপূর্ব্বকেণ ফলেন সহিতায়া ইতি যাবৎ। কার্য্যব্রহ্মোপাসনসমুচ্চিতা কারণব্রহ্মোপাসনা যথোক্তা ন বিদ্যাসহিতা বিদ্যা অত্র বিবক্ষিতা তস্যা ইত্যর্থঃ ॥৩৪২॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চদশঃ খণ্ডঃ ॥১৫॥

ভাষ্যানুবাদ।—অতঃপর এখন পূর্ব্বোক্ত ব্রহ্মজ্ঞের গতি (গমনপ্রণালী) কথিত হইতেছে—এই যথোক্ত ব্রহ্মবিদ্ মরিলে পর ঋত্বিক্‌গণ যদি তাঁহার শব্য কর্ম্ম (অন্ত্যেষ্টিক্রিয়া) করেন, কিংবা নাই করেন, সর্ব্বপ্রকারেই যথোক্ত ব্রহ্মবিদ্ ব্যক্তি ব্রহ্মকে প্রাপ্ত হন, কিন্তু সেই শব-কর্ম্ম না করাতেও যে তিনি প্রতিরুদ্ধ হইয়া ব্রহ্মকে প্রাপ্ত হন না, তাহা নহে, আর সেই শব-কর্ম্ম করাতেও যে তাঁহার কোন একটা বিশেষ উপকার হয়, তাহাও নহে। কারণ, অপর শ্রুতিতে আছে—'তিনি পুণ্য কর্ম্মদ্বারাও বড় হন না, আর পাপকর্ম্ম দ্বারাও হীন হন না'। [এখানে বিদ্বানের পক্ষে] শব-কর্ম্মের প্রতি অনাদর প্রদর্শন করায় বিদ্যারই স্তুতি বা উৎকর্ষ জ্ঞাপন করা হইতেছে মাত্র, কিন্তু তাদৃশ বিদ্বানের পক্ষে শব-কর্ম্মের অকর্ত্তব্যতা প্রতিপাদন হইতেছে না। যেহেতু এখানে বিদ্যাফল উল্লেখের প্রারম্ভে, বিদ্বান্ ব্যক্তির শব-কর্ম্ম করা হউক বা নাই হউক, তাঁহার অবাধে ফলপ্রাপ্তি হয়—ইহাই কথিত হইয়াছে; [তাহাতে বুঝা যাইতেছে যে] অন্যত্র (অব্রহ্মবিদের পক্ষে) শব-কর্ম্ম না করিলে ফলপ্রাপ্তিতে কোনপ্রকার প্রতিবন্ধক ঘটিয়া থাকে।

যাহারা 'সংযদ্বাম, বামনী ও ভামনী'-প্রমুখ গুণ-বিশিষ্টরূপে সুখ ও আকাশাত্মক অক্ষিমধ্যস্থ পুরুষের এবং প্রাণসহকারে অগ্নিবিদ্যারও উপাসনা করিয়া থাকেন, তাঁহাদের সম্বন্ধে অন্য কোন কর্ম্ম অনুষ্ঠিত হউক বা না-ই হউক, তাঁহারা সর্ব্বপ্রকারেই অর্চ্চিকে প্রাপ্ত হইয়া থাকেন, অর্চ্চিঃ অর্থ—অর্চ্চির অভিমানিনী দেবতা (১), অর্থাৎ জ্যোতির দেবতা, তাঁহারা সেই দেবতাকে প্রাপ্ত হইয়া থাকেন; অর্চ্চিঃ হইতে অর্থাৎ অর্চ্চির অভিমানিনী দেবতার পর অহঃ—দিবসাভিমানিনী দেবতাকে, তাহার পর আপূর্য্যমাণ পক্ষকে অর্থাৎ শুক্লপক্ষের দেবতাকে, আপূর্য্যমাণ পক্ষের পর, সূর্য্য যে ছয় মাসকাল উত্তরদিকে গমন করেন, সেই ছয় মাসকে অর্থাৎ উত্তরায়ণের দেবতাকে, সেই ছয় মাসের পর সংবৎসর অর্থাৎ সংবৎসর-দেবতাকে, সেই সংবৎসরের পর আদিত্যকে, আদিত্য হইতে চন্দ্রকে, চন্দ্র হইতে বিদ্যুৎকে [প্রাপ্ত হইয়া থাকেন]। তাহার পর, অমানব পুরুষ—অর্থাৎ—মানব-সৃষ্টিতে যাহার জন্ম, তাহার নাম মানব, যিনি মানব নহেন, তিনি অমানব; সেই অমানব কোন পুরুষ ব্রহ্মলোক হইতে আসিয়া বিদ্যুৎ-লোকে স্থিত সেই সকল পুরুষকে সত্যলোকস্থ ব্রহ্মার সমীপে লইয়া যান। এখানে গমনের কর্ত্তা, গন্তব্য স্থান ও গময়িতার (যিনি ব্রহ্মলোকে লইয়া যান, তাঁহার) উল্লেখ থাকায় [বুঝিতে হইবে যে, এই ব্রহ্ম শব্দের অর্থ—পরব্রহ্ম নহে, কার্য্যব্রহ্ম], কেননা, শুদ্ধ সৎস্বরূপ ব্রহ্মের প্রাপ্তি হইলে উক্ত গন্তৃগন্তব্যাদি ত্রিবিধ ভেদের উপপত্তি হয় না। বিশেষতঃ উক্ত ব্রহ্ম শব্দের অর্থ শুদ্ধ ব্রহ্ম হইলে 'ব্রহ্মস্বরূপই প্রাপ্ত হন' এইরূপ বলাই উচিত হইত। সর্ব্বপ্রকার

---

(১) তাৎপর্য্য—এখানে যে 'অর্চ্চিঃ' ও 'অহঃ' প্রভৃতি শব্দে কেবল গন্তব্য স্থানমাত্র বুঝিতে হইবে, এমন নহে; পরন্তু সেই সকল স্থানের অধিপতি দেবতাও বুঝিতে হইবে। এই জন্যই ভাষ্যকার অর্চ্চি শব্দের 'অর্চ্চিরভিমানিনী দেবতা' অর্থ করিয়াছেন। বেদান্তদর্শনের চতুর্থ অধ্যায়ে "আতিবাহিকঃ তল্লিঙ্গাৎ" (৩।৪) সূত্রে এই বিষয়টি উত্তমরূপে সমালোচিত ও মীমাংসিত হইয়াছে।

'অর্চ্চিঃ প্রভৃতি শব্দে তদভিমানিনী দেবতা অর্থ করিবার পক্ষে যুক্তি এই যে, তৎপুরুষোঽমানবঃ, স এতান্ ব্রহ্ম গময়তি'। এখানে যখন 'অমানব' পুরুষ আসিয়া তাহাদিগকে ব্রহ্মলোকে লইয়া যান, এই কথা স্পষ্টাক্ষরে কথিত হইয়াছে, তখন তৎপূর্ব্ববর্ত্তী অর্চ্চিরাদি স্থানেও পথপ্রদর্শক অর্চ্চিরাদি দেবতা-অর্থই বুঝা উচিত। বর্ত্তমান সময়েও যেমন রাজদণ্ডার্হ বা দণ্ডপ্রাপ্ত লোককে এক থানার লোকে অপর থানায়, সেই থানার লোকে আবার অপর থানায় পৌছাইয়া দেয়, তেমনি এখানেও মৃতব্যক্তি প্রথমতঃ অর্চ্চিঃস্থানে উপস্থিত হইলে অর্চ্চির অধিপতি পুরুষ তাঁহাকে দিবসাভিমানিনী দেবতার নিকট লইয়া যান, তিনি আবার শুক্লপক্ষ দেবতার নিকট লইয়া যান, এইরূপে ক্রমে বিদ্যুৎলোক পর্য্যন্ত লইয়া যান, শেষে অমানব—মানবের বিজাতীয় পুরুষ আসিয়া তাঁহাকে ব্রহ্মলোকে লইয়া যান।

ভেদবুদ্ধি বিলুপ্ত হইলেই যে শুদ্ধ সৎস্বরূপ ব্রহ্মভাব প্রাপ্তি হয়, সে কথা পরে বলা হইবে। অধিকন্তু, অপর শ্রুতিতে আছে, 'পরমাত্মা অবিদিত থাকিয়া—অর্থাৎ তিনি আত্মস্বরূপে বিজ্ঞাত না হইয়া কখনই উপাসককে ভোগ (পরিপালন) করেন না'। [ইহা হইতেও বেশ বুঝা যাইতেছে যে,] ব্রহ্মের আত্মায় একত্ববিজ্ঞানরূপ উপায়টি বিজ্ঞাত না হইলে কখনই কেহ গতিরহিত মোক্ষ-সাধনে সমর্থ হয় না। ইহাই দেবপথ—অর্থাৎ ব্রহ্মলোক-নেতৃত্বপদের অধিকারী অর্চ্চিরাদি দেবতাদ্বারা চিহ্নিত পথ, এই জন্য 'দেবপথ' বলিয়া অভিহিত হয়, এবং গন্তব্য ব্রহ্মদ্বারা বিশেষিত বলিয়া ব্রহ্মপথ [নামেও অভিহিত]। এই পথে ব্রহ্মপ্রাপ্ত লোকেরা পুনর্ব্বার আর এই মানব—মনুর সৃষ্টি-রূপ আবর্ত্ত মধ্যে ফিরিয়া আইসে না; জন্ম-মরণ-চক্রারূঢ় ব্যক্তিগণ ঘটিযন্ত্রের ন্যায় পুনঃপুনঃ যেখানে ফিরিয়া আইসে, তাহার নাম আবর্ত্ত, সেই আবর্ত্তকে প্রাপ্ত হয় না। বিদ্যার প্রকরণ সমাপ্তি সূচনার্থ 'নাবর্ত্তন্তে' কথার দ্বিরুক্তি করা হইয়াছে॥৩৪২॥৫

ইতি চতুর্থ অধ্যায়ের পঞ্চদশখণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৫॥

———

চতুর্থাধ্যায়ে

ষোড়শঃ খণ্ডঃ।

এষ হ বৈ যজ্ঞো যোঽয়ং পবতে এষঃ হ যন্নিদং সর্ব্বং পুনাতি; যদেষ যন্নিদং সর্ব্বং পুনাতি, তস্মাদেষ এব যজ্ঞস্তস্য বাক্ চ মনশ্চ বর্ত্তনী * ॥৩৪৩॥১

এষঃ (বায়ুঃ) হ (প্রসিদ্ধৌ) বৈ (এব) যজ্ঞঃ ; [কোঽসৌ ? ইত্যাহ—] যঃ অয়ং (অনুভূয়মানঃ) পবতে (পবিত্রীকরোতি) ; হ (যস্মাৎ) এষঃ (বায়ুঃ) যন্ (গচ্ছন্) ইদং সর্ব্বং (জগৎ) পুনাতি (পবিত্রীকরোতি) ; যৎ (যস্মাৎ) এষঃ (বায়ুঃ) যন্ (চলন্ সন্) ইদং সর্ব্বং পুনাতি, তস্মাৎ হেতোঃ এষঃ (বায়ুঃ) এব যজ্ঞঃ ; তস্য (বায়ু-যজ্ঞস্য) বাক্ চ (মন্ত্রোচ্চারণ-হেতুঃ) মনঃ চ (মন্ত্রার্থ-ভাবনা সাধনং) বর্ত্তনী (পন্থানৌ—উপায়ৌ ইত্যর্থঃ) ॥

ইহাই যজ্ঞস্বরূপ, এই যাহা পবিত্রতাসম্পাদনপূর্ব্বক গমন করিতেছে। কেননা, এই বায়ুই চলিতে চলিতে এই সমস্ত জগৎ পবিত্র করিয়া থাকে। যেহেতু এই বায়ু প্রবাহিত হইয়া এই সমস্তকে পবিত্র করে, সেইহেতুই ইহা যজ্ঞস্বরূপ ; বাক্য ও মনই তাহার দুইটি পথ বা উপায় ॥

শাঙ্কর-ভাষ্যম্।—রহস্যপ্রকরণে প্রসঙ্গাদারণ্যকত্বসামান্যাচ্চ যজ্ঞে ক্ষতে উৎপন্নে ব্যাহৃতয়ঃ প্রায়শ্চিত্তার্থং বিধাতব্যাঃ, তদভিজ্ঞস্য চ ঋত্বিজো ব্রহ্মণো মৌনম্, ইত্যত ইদমারভ্যতে—এষ হ বৈ এষ বায়ুঃ যোঽয়ং পবতে, অয়ং যজ্ঞঃ। হ বৈ ইতি প্রসিদ্ধার্থাবদ্যোতকৌ নিপাতৌ। বায়ুপ্রতিষ্ঠো হি যজ্ঞঃ প্রসিদ্ধঃ। শ্রুতিষু, "স্বাহা বাতেধাঃ", "অয়ং বৈ যজ্ঞো যোঽয়ং পবতে" ইত্যাদিশ্রুতিভ্যঃ। বাত এব হি চলনাত্মকত্বাৎ ক্রিয়াসমবায়ী, "বাত এব যজ্ঞস্যারম্ভকঃ, বাতঃ প্রতিষ্ঠা' ইতি চ শ্রবণাৎ। এষ হ যন্ গচ্ছন্ চলন্ ইদং সর্ব্বং জগৎ পুনাতি পাবয়তি শোধয়তি। ন হ্যচলতঃ শুদ্ধিরস্তি। দোষনিরসনং চলতো হি দৃষ্টম্, ন স্থিরস্য। যৎ যস্মাচ্চ যন্ এষ ইদং সর্ব্বং পুনাতি, তস্মাদেষ এব যজ্ঞঃ যৎ পুনাতীতি। তস্যাস্য এবংবিশিষ্টস্য যজ্ঞস্য বাক্ চ মন্ত্রোচ্চারণে ব্যাপৃতা, মনশ্চ যথাভূতার্থজ্ঞানে ব্যাপৃতম্, তে এতে

---

* মনশ্চ বাক্ চ বর্ত্তিনী ইতি ক্বচিৎ পাঠঃ।

বাঙ্মনসে বর্ত্তনী মার্গৌ, যাভ্যাং যজ্ঞস্তায়মানঃ প্রবর্ত্ততে, তে বর্ত্তনী ; "প্রাণাপান-পরিচলনবত্যা হি বাচশ্চিত্তস্য চোত্তরোত্তরক্রমো যদ্ যজ্ঞঃ" ইতি হি শ্রুত্যন্তরম্। অতো বাঙ্মনসাভ্যাং যজ্ঞো বর্ত্তত ইতি বাঙ্মনসে বর্ত্তনী উচ্যেতে যজ্ঞস্য ॥৩৪৩॥১

আনন্দগিরিঃ।—পূর্ব্বোত্তরগ্রন্থয়োরসঙ্গতিমাশঙ্ক্য প্রাসঙ্গিকীং সঙ্গতিমাহ—রহস্যপ্রকরণ ইতি। রহস্যমুপাসনং, তৎপ্রকরণে বিদুষাং ফলপ্রাপ্তয়ে মার্গোপদেশ-প্রসঙ্গেন যজ্ঞস্য সমাপ্তিগমনায়ানন্তরগ্রন্থেন মার্গোপদেশাদস্তি সঙ্গতিরিত্যর্থঃ। কিঞ্চ, পূর্ব্বোত্তরগ্রন্থয়োরারণ্যকত্বেন সমানত্বাদপি সঙ্গতিরস্তীত্যাহ—আরণ্যকত্বেতি। কিঞ্চ, অগ্নিবিষয়া বিদ্যা প্রকৃতা, যজ্ঞে চ সিদ্ধেঽগ্নিসম্বন্ধে যদি কিমপি ক্ষতমুৎপদ্যতে, তদা প্রায়শ্চিত্তার্থা ব্যাহৃতয়ো বিধাতব্যা ইত্যনন্তরগ্রন্থপ্রবৃত্তিরিতি সঙ্গত্যন্তরমাহ—যজ্ঞ ইতি। প্রকৃতায়ামুপাসনায়াং মৌনমঙ্গীক্রিয়তে বাগ্ব্যাপারে বিক্ষিপ্তচিত্ততয়া ধ্যানা-নুষ্ঠানাসিদ্ধেঃ ঋত্বিগ্বিশেষস্য চ প্রায়শ্চিত্তাভিজ্ঞস্য মৌনমত্র বিধীয়তে, তেনাস্তি মিথঃ সঙ্গতিরিত্যাহ—তদভিজ্ঞস্যেতি। যজ্ঞস্য দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগাত্মকত্বাৎ ক্রিয়ায়াশ্চ ক্ষণভঙ্গিন্যা গতিমত্ত্বাযোগাৎ মার্গোপদেশাসম্ভবাৎ কথমাদ্যা সঙ্গতি-রিত্যাশঙ্ক্য গতিমত্ত্বং সম্পাদয়িতুং যজ্ঞস্য বায়ুরূপত্বমাহ—এষ ইত্যাদিনা। যজ্ঞো বায্বাশ্রয়ঃ বায্বাত্মক ইতি শ্রৌতী প্রসিদ্ধিঃ, তামেব প্রকটয়তি—বায়ুপ্রতিষ্ঠ ইতি। শ্রুতীরুদাহরতি—স্বাহেতি। স্বাহাকারমুচ্চার্য্য বাতে বায়ৌ ধীয়তে ক্ষিপ্যতে ইতি বাতেধা যজ্ঞঃ। শ্রুত্যন্তরমাহ—অয়মিতি। আদিশব্দেন 'বাতাদ্যজ্ঞঃ প্রযুজ্যতাম্' ইতি শ্রুতির্গৃহ্যতে। আদর্শিতশ্রুতীনামর্থং সংগৃহ্ণাতি—বাত ইতি। যো যজ্ঞঃ ক্রিয়াসমবায়ী, তৎসমুদায়াত্মকঃ স বায়ুরেব। দ্বয়োশ্চলনাত্মকত্বাবিশেষাৎ, তস্মাৎ বায়ুপ্রতিষ্ঠঃ তদাত্মকঃ যজ্ঞ ইত্যর্থঃ। বায়ুপ্রতিষ্ঠো যজ্ঞ ইত্যত্র শ্রুত্যন্তরমাহ—বাত এবেতি। পবনত্বশ্রুত্যাপি বায়ুযজ্ঞয়োরেকত্বমাহ—এষ হ যন্নিতি। বিনাপি বায়ুং শুদ্ধিঃ সিধ্যতি, ইত্যাশঙ্ক্যাহ—ন হীতি। অচলতো বিহিতক্রিয়ামননুতিষ্ঠত ইতি যাবৎ। শুদ্ধির্নাম দোষনিরাসঃ, স চ নিষিদ্ধং প্রত্যক্তুং যতমানস্য সিধ্যতি, ন তু নিষিদ্ধক্রিয়াত্যাগোদাসীনস্য দোষনিরাসাত্মিকা শুদ্ধিঃ সম্ভবতি। চলনং চ বায়ুঃ। তস্মাদ্ বায়ুরেব চলনদ্বারা সর্ব্বং জগৎ পুনাতীত্যাহ—দোষেতি। বায়োরস্তু পাবনত্বং, প্রকৃতে কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—যদ্ যস্মাদিতি। বায্বাত্মনা গতিবিশিষ্টস্য যজ্ঞস্য মার্গদ্বয়মুপদিশতি—তস্যেতি। এবংবিশিষ্টস্য পাবনস্য বায়ুরূপস্যেতি যাবৎ। যজ্ঞস্যোক্তমার্গদ্বয়বৈশিষ্ট্যে সোপস্কারমৈতরেয়বাক্যমুদাহরতি—প্রাণেতি। প্রাণা-পানাভ্যাম্ উচ্ছ্বাসনিশ্বাসাভ্যাং পরিচলনং বিদ্যতে যস্যাস্তস্যা বাচশ্চিত্তস্য চ পূর্ব্বাপর-ভাবক্রমেণ যজ্ঞঃ সম্পাদ্যতে। মনসা হি ধ্যায়ন্ বাচমভিব্যাহরন্ পূর্ব্বাপরীভাবেন যজ্ঞং সম্পাদয়তীত্যর্থঃ। যজ্ঞস্য মার্গদ্বয়বিশিষ্টত্বমুপসংহরতি—অত ইতি ॥৩৪৩॥১

ভাষ্যানুবাদ।—পূর্ব্বপ্রকরণে বিদ্যাফলপ্রাপ্তির পথ উপদিষ্ট হইয়াছে, সেই প্রসঙ্গে এবং পূর্ব্বের ন্যায় ইহাতেও আরণ্যকত্বরূপ (অরণ্যে পাঠ্যত্বরূপ) সমান ধর্ম্ম থাকায়, বিশেষতঃ যজ্ঞে কোনপ্রকার অঙ্গহানি উপস্থিত হইলে প্রায়শ্চিত্তের জন্য ব্যাহৃতি-হোম বিহিত আছে; এখানেও তদ্বিষয়ে অভিজ্ঞ ঋত্বিক্

ব্রাহ্মণের মৌনাবলম্বন বিহিত থাকায় উপাসনা প্রকরণের মধ্যেই পরবর্ত্তী গ্রন্থ আরব্ধ হইতেছে (১)।—

এখানে 'হ' ও 'বৈ' শব্দ দুইটি প্রসিদ্ধার্থসূচক নিপাত [ব্যাকরণ-শাস্ত্রের সাধারণ নিয়মে যে পদ সিদ্ধ হয় না, তাহাকে 'নিপাত' বলে]। এই প্রসিদ্ধ বায়ু—এই যাহা গমনাগমন করিতেছে; ইহাই যজ্ঞস্বরূপ; কেননা, শ্রুতিতে যজ্ঞ পদার্থটি বায়ুতে প্রতিষ্ঠিত বলিয়াই প্রসিদ্ধ। [যজ্ঞ] 'স্বাহা' শব্দ উচ্চারণপূর্ব্বক বায়ুমণ্ডলে আহিত হয়। 'এই যাহা গমনাগমন করিতেছে, ইহাই যজ্ঞ'—ইত্যাদি শ্রুতি হইতে জানা যায় যে, বায়ুমণ্ডলে যজ্ঞের প্রকৃত অবস্থিতি প্রসিদ্ধ। 'বায়ুই যজ্ঞের প্রবর্ত্তক এবং বায়ুই প্রতিষ্ঠা বা আশ্রয়স্থান'—এই শ্রুতি হইতেও জানা যায় যে, স্পন্দনাত্মক বা ক্রিয়াশীল বলিয়া বায়ুই সর্ব্বক্রিয়ার সহিত সম্বদ্ধ। যেহেতু এই বায়ুই ইতস্ততঃ গমনপূর্ব্বক এই সমস্ত জগৎকে পবিত্র—বিশুদ্ধ করিয়া থাকে; প্রকৃতপক্ষেও কোন নিষ্ক্রিয় পদার্থেরই বিশুদ্ধি সাধন করা সম্ভব হয় না; কেননা, ক্রিয়াশীল পদার্থেরই দোষপরিহার-শক্তি দেখা যায়, কিন্তু স্থির (নিষ্ক্রিয়) পদার্থের নহে। যেহেতু এই বায়ু প্রবহমাণ হইয়া এই সমস্ত জগৎ পবিত্র করে, সেইহেতু—পবিত্র করে বলিয়াই এই বায়ু যজ্ঞস্বরূপ। মন্ত্রোচ্চারণে ব্যাপৃত বাক্, আর যথাযথভাবে মন্ত্রার্থ-বিজ্ঞানে ব্যাপৃত মন, এই উভয়ই উক্তপ্রকার এই বিশিষ্ট যজ্ঞের দুইটি পথ; যে দুইটির সাহায্যে পরিপুষ্ট হইয়া যজ্ঞ আরব্ধ হয়, এখানে সেই দুইটিই 'বর্ত্তনি' শব্দে অভিহিত হইয়াছে; কারণ, অপর শ্রুতি বলিয়াছেন যে, 'যাহা যজ্ঞ নামে প্রসিদ্ধ, তাহা কেবল প্রাণ ও অপান বায়ুর পরিস্পন্দবিশিষ্ট বাক্য ও মনের

(১) তাৎপর্য্য—পূর্ব্ব-প্রকরণের সহিত সম্বন্ধশূন্য কোন প্রকরণ আরম্ভ করিতে নাই; আরম্ভ করিলেও তাহা অপ্রাসঙ্গিক কথা হইয়া পড়ে; এইজন্য ভাষ্যকার পূর্ব্বপ্রকরণের সহিত এই প্রকরণের সম্বন্ধ বা উপযোগিতা প্রদর্শন করিতেছেন।—যদিও উপাসনা-প্রকরণে যজ্ঞের উল্লেখ আপাতদৃষ্টিতে অসম্বদ্ধ বলিয়াই মনে হয়, তথাপি প্রকৃতপক্ষে ইহা অসম্বদ্ধ নহে। সম্বন্ধ এইরূপ—প্রথমতঃ, পূর্ব্বখণ্ডে বিদ্যাফলপ্রাপ্তির পথ উপদিষ্ট হইয়াছে; সুতরাং সেই প্রসিদ্ধ যজ্ঞফলের পথোপদেশ করাও যুক্তিসিদ্ধ। দ্বিতীয়তঃ, উহা যেমন অরণ্যে প্রযোজ্য—আরণ্যক, ইহাও তেমনি আরণ্যক; সুতরাং আরণ্যকত্বরূপে উভয়ের মধ্যে সাধর্ম্ম্য রহিয়াছে। তৃতীয়তঃ, প্রসিদ্ধ যজ্ঞে কোনরূপ অঙ্গহানি ঘটিলে, তৎপ্রতিকারার্থ ব্যাহৃতি (মন্ত্রবিশেষ) পাঠের বিধান আছে; এখানেও প্রায়শ্চিত্তাভিজ্ঞ ব্রহ্মার (একজন ঋত্বিকের) মৌনাবলম্বন বিহিত হইয়াছে; সুতরাং পূর্ব্বপ্রকরণের সহিত সম্বন্ধ থাকায় উপাসনা-প্রকরণের মধ্যে এই যজ্ঞ-বিধি কথনও অসম্বদ্ধ বা অপ্রাসঙ্গিক হইতেছে না। পূর্ব্ব-প্রকরণের সহিত বর্ত্তমান প্রকরণের প্রসঙ্গ-সঙ্গতি আছে। সঙ্গতি অনেক প্রকারের—শাস্ত্র-সঙ্গতি, অধ্যায়-সঙ্গতি, পাদ-সঙ্গতি, আক্ষেপিকী-সঙ্গতি, প্রত্যুদাহরণ-সঙ্গতি, প্রসঙ্গ-সঙ্গতি, আতিদেশিকী-সঙ্গতি, অপবাদ-সঙ্গতি ইত্যাদি। পূর্ব্ব-প্রকরণের সহিত আলোচ্য প্রকরণের আক্ষেপিকী-সঙ্গতিও বর্ত্তমান।

পারম্পর্য্যক্রমে প্রবর্ত্তমান ক্রিয়াপ্রচয়মাত্র (১)। অতএব বাক্য ও মনের সাহায্যে যজ্ঞ আরব্ধ হয় বলিয়া, বাক্য ও মনকে যজ্ঞের দুইটি পথ বা উপায় বলা হইয়া থাকে ॥৩৪৩॥১

তয়োরন্যতরাং মনসা সংস্করোতি ব্রহ্মা বাচা হোতাধ্বর্য্যুরুদ্গাতান্যতরাং স যত্রোপাকৃতে প্রাতরনুবাকে পুরা পরিধানীয়ায়া ব্রহ্মা ব্যবদতি ॥৩৪৪॥২

ব্রহ্মা (তদাখ্যঃ ঋত্বিক্) মনসা (বিবেকজ্ঞানসম্পন্নেন চিত্তেন) তয়োঃ (পূর্ব্বোক্তয়োঃ বর্ত্তন্যোঃ) অন্যতরাং (বাচং) সংস্করোতি (বিশোধয়তি); [তথা] হোতা (হোমকর্ত্তা) অধ্বর্য্যুঃ, উদ্গাতা [চ], [এতে ত্রয়োঽপি] বাচা (সংস্কারসম্পন্নয়া—বিশুদ্ধয়া) অন্যতরাং (বাচং) [সংস্কুর্ব্বন্তি]। সঃ ব্রহ্মা [যদি] প্রাতরনুবাকে (শস্ত্রসংজ্ঞকে বেদাংশে) উপাকৃতে (পঠিতুম্ আরব্ধে সতি) পরিধানীয়ায়াঃ (তদাখ্যায়াঃ ঋচঃ) পুরা (পূর্ব্বং) যত্র (যস্মিন্ কালে) ব্যবদতি (মৌনং পরিত্যজতি—শব্দং করোতীত্যর্থঃ)॥

ব্রহ্মা (একজন ব্রতী) বিবেকজ্ঞানসম্পন্ন মনঃ দ্বারা পূর্ব্বোক্ত উপায়দ্বয়ের মধ্যে একটিকে অর্থাৎ বাক্যকে শুদ্ধ করিবেন; এবং হোতা, অধ্বর্য্যু ও উদ্গাতা, এই তিনজনই বিশুদ্ধ বাক্যের সাহায্যে একটিকে অর্থাৎ বাক্যের শুদ্ধিসম্পাদন করিবেন। প্রাতঃপঠনীয় অনুবাক-নামক শস্ত্রপাঠ প্রারব্ধ হইলে পর এবং 'পরিধানীয়' ঋক্‌পাঠের পূর্ব্বে সেই ব্রহ্মা যদি কথা বলেন, অর্থাৎ মৌনাবলম্বন পরিত্যাগ করেন—॥

শাঙ্কর-ভাষ্যম্।—তয়োর্ব্বর্ত্তন্যোরন্যতরাং বর্ত্তনিং মনসা বিবেকজ্ঞানবতা সংস্করোতি ব্রহ্মা ঋত্বিক্; বাচা বর্ত্তন্যা হোতা অধ্বর্য্যুঃ উদ্গাতা, ইত্যেতে ত্রয়োঽপি ঋত্বিজঃ অন্যতরাং বাগ্লক্ষণাং বর্ত্তনিং বাচৈব সংস্কুর্ব্বন্তি। তত্রৈবং সতি বাঙ্মনসে বর্ত্তনী সংস্কার্য্যে যজ্ঞে। অথ স ব্রহ্মা যত্র যস্মিন্ কালে উপাকৃতে প্রারব্ধে প্রাতরনুবাকে শস্ত্রে, পুরা পূর্ব্বং পরিধানীয়ায়া ঋচঃ ব্রহ্মা এতস্মিন্ অন্তরে কালে ব্যবদতি মৌনং পরিত্যজতি যদি—॥৩৪৪॥২

(১) তাৎপর্য্য—প্রাণ ও অপান বায়ু দ্বারা নিষ্পাদিত শ্বাসপ্রশ্বাসের সাহায্যে বাক্যোচ্চারণ হয়, এইজন্য বাক্যকে 'প্রাণাপানবায়ুর স্পন্দনবিশেষ' বলা হইয়াছে। প্রথমে মনে মনে কর্ত্তব্যার্থের চিন্তা, পরে বাক্য দ্বারা তাহার উল্লেখ, তাহার পর ক্রিয়া (যজ্ঞ) সম্পাদন করিতে হয়; এইরূপ পৌর্ব্বাপর্য্য থাকায় যজ্ঞকে 'বাক্য ও মনের উত্তরোত্তর ক্রম' বলা হইয়াছে।

আনন্দগিরিঃ।—তয়োরন্যোন্যম্ উপকার্য্যোপকারকভাবং দর্শয়তি—তয়োরিতি। বাচা সম্যক্ প্রযুক্তয়েতি শেষঃ। সংস্কৃতায়াঞ্চ বাগ্‌বর্ত্তন্যাং তয়ৈব যজ্ঞো নিষ্পন্নো ভবতীত্যাহ—বাচৈবেতি। কিং তর্হি মনোবর্ত্তন্যা সংক্রিয়তে? ইত্যাশঙ্ক্যাহ—তত্রেতি। যজ্ঞস্য দ্বাভ্যাং মার্গাভ্যাং নীয়মানত্বে পূর্ব্বোক্তরীত্যা স্থিতে সতীতি যাবৎ। মনোবর্ত্তন্যাঃ সংস্কারাভাবে প্রত্যবায়ং দর্শয়তি—অথেত্যাদিনা। মনো-বর্ত্তনিঃ ব্রহ্মণা, বাগ্‌বর্ত্তনিশ্চ হোতৃপ্রভৃতিভিঃ সংস্কার্য্যেতি ব্যবস্থান্তরমিত্যর্থঃ স ব্রহ্মেত্যন্বয়ং সূচয়তি—ব্রহ্মেতি ॥৩৪৪॥২

ভাষ্যানুবাদ।—ব্রহ্মা—একজন ঋত্বিক্ (ব্রতী, তিনি) সেই উভয়বিধ উপায়ের মধ্যে একটি বর্ত্তনিকে (বাক্যকে) বিবেকজ্ঞানশালী মনের দ্বারা সংস্কারবিশিষ্ট (বিশুদ্ধ) করিবেন। আর হোতা, অধ্বর্য্যু ও উদ্গাতা—এই তিনজন ঋত্বিক্ই বাক্যরূপ বর্ত্তনি দ্বারা একটি বর্ত্তনিকে (বাক্যকে) সংশোধিত করিবেন। এইরূপই যদি ব্যবস্থা হইল, তাহা হইলে যজ্ঞে বাক্ ও মন, এই উভয় বর্ত্তনিরই সংস্কার করা আবশ্যক হইতেছে। কিন্তু, পরিধানীয় ঋক্পাঠের পূর্ব্বে এবং প্রাতরনুবাকের অর্থাৎ শস্ত্রসংজ্ঞক বেদভাগ পাঠারম্ভের পর, এই সময়ের মধ্যে ব্রহ্মা যদি কথা বলেন, অর্থাৎ মৌনাবলম্বন ত্যাগ করেন—(১) ॥৩৪৪॥২

অন্যতরামেব বর্ত্তনীꣳ সꣳস্করোতি হীয়তেঽন্যতরা; স যথৈকপাদ্ ব্রজন্ রথো বৈকেন চক্রেণ বর্ত্তমানো রিষ্যত্যেবমস্য যজ্ঞো রিষ্যতি; যজ্ঞꣳ রিষ্যন্তং যজমানোঽনুরিষ্যতি; স ইষ্ট্বা পাপীয়ান্ ভবতি ॥৩৪৫॥৩

[তদা] অন্যতরাম্ (বাগ্‌লক্ষণাং বর্ত্তনিম্) এব সংস্করোতি, অন্যতরা (মনোলক্ষণা বর্ত্তনিঃ) হীয়তে (হীনা—বিনষ্টা ভবতি)। [ততশ্চ] যথা একপাৎ (একচরণবিশিষ্টঃ মনুষ্যাদিঃ) ব্রজন্ (গচ্ছন্), বা (অথবা) একেন চক্রেণ বর্ত্তমানঃ (পরিবর্ত্তমানঃ গচ্ছন্নিত্যর্থঃ) রথঃ রিষ্যতি (গন্তুম্ অশক্নুবন্ ভ্রশ্যতি, নশ্যতীতি যাবৎ), এবং (তথা) অস্য (যজমানস্য) সঃ যজ্ঞঃ রিষ্যতি (নশ্যতি), যজ্ঞং রিষ্যন্তম্ অনু (লক্ষ্যীকৃত্য) যজমানঃ রিষ্যতি। [কিঞ্চ], সঃ (যজমানঃ)

(১) তাৎপর্য্য—ব্রহ্মা, হোতা, অধ্বর্য্যু, উদ্গাতা, এই কয়জন ঋত্বিক্ যজ্ঞে ব্রতী থাকেন। তন্মধ্যে, ব্রহ্মাকে কিয়ৎকালের জন্য মৌনাবলম্বন করিয়া থাকিতে হয়। ঋগ্বেদীকে 'হোতা', যজুর্ব্বেদীকে 'অধ্বর্য্যু', আর সামবেদীকে 'উদ্গাতা' বলে। ইহাদের প্রত্যেকের জন্য পৃথক্ পৃথক্ কার্য্য নির্দ্দিষ্ট আছে। 'প্রাতরানুবাক' ও 'পরিধানীয়', এই দুইটি যজ্ঞীয় ঋক্‌বিশেষ, যজ্ঞকাণ্ডে ইহাদের বিশেষ বিবরণ উক্ত আছে।

ইষ্ট্বা (যজ্ঞং কৃত্বা) পাপীয়ান্ (অতিশয়েন পাপী) ভবতি। [অতঃ যজমানেন তত্র সাবধানেন ভবিতব্যমিত্যাশয়ঃ]॥

তাহা হইলে যজ্ঞের একটিমাত্র বর্ত্তনিরই সংস্কার সম্পাদিত হয়; ব্রহ্মা যাহার সংস্কার করিতেছিলেন, সেই বাক্যরূপ বর্ত্তনিটি হীন—বিনষ্ট হয়। তাহার ফলে, একপাদ পুরুষ যেমন গমন করিতে যাইয়া পতিত হয়, অথবা একচক্র দ্বারা গমনশীল রথ যেমন বিনষ্ট হয়, যজমানের সেই যজ্ঞও তেমনি বিনষ্ট বা বিফল হয়; যজ্ঞ বিনাশের সঙ্গে সেই যজমানও বিনষ্ট হয়। অধিকন্তু, সেই যজমান ঐরূপ যজ্ঞ করিয়া অতিশয় পাপগ্রস্তও হয়॥

শাঙ্কর-ভাষ্যম্।—তদা অন্যতরামেব বাগ্বর্ত্তনিং সংস্করোতি। ব্রহ্মণা সংক্রিয়মাণা মনো বর্ত্তনিঃ হীয়তে বিনশ্যতি ছিদ্রীভবত্যন্যতরা। স যজ্ঞো বাগ্বর্ত্তন্যৈব অন্যতরয়া বর্ত্তিতুমশক্নু্বন্ রিষ্যতি। কথমিব? ইত্যাহ—স যথা একপাৎ পুরুষো ব্রজন্ গচ্ছন্ অধ্বানং রিষ্যতি, রথো বা একেন চক্রেণ বর্ত্তমানো গচ্ছন্ রিষ্যতি, এবমস্য যজমানস্য কুব্রহ্মণা যজ্ঞো রিষ্যতি বিনশ্যতি। যজ্ঞং রিষ্যন্তং যজমানঃ অনুরিষ্যতি; যজ্ঞপ্রাণো হি যজমানঃ; অতো যুক্তো যজ্ঞরেষে রেষস্তস্য। স তং যজ্ঞমিষ্ট্বা তাদৃশং পাপীয়ান্ পাপতরো ভবতি॥৩৪৫॥৩

আনন্দগিরিঃ।—পুনরুক্তিস্তস্য ক্রিয়াপদেন সম্বন্ধদ্যোতনার্থা। এতস্মিন্নন্তরে কালে প্রাতরনুবাকশস্ত্রমারভ্য তৎপরিসমাপ্তেরন্তরাবস্থায়াম্ ইত্যর্থঃ। বাচো হোত্রাদিভিঃ সংস্কার্য্যত্বমস্তু, মনসশ্চ ব্রহ্মসংস্কার্য্যত্বং মাভূৎ, এতাবতা যজ্ঞস্য কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—স যজ্ঞ ইতি যজ্ঞভ্রংশমেবাকাঙ্ক্ষাদ্বারা ব্যুৎপাদয়তি—কথমিত্যাদিনা। নাশেঽপি যজ্ঞস্য যজমানস্য কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ—যজ্ঞপ্রাণো হীতি। বাগ্বর্ত্তনিসংস্কারাভাবেঽপি তুল্যো দোষঃ॥৩৪৫॥৩

ভাষ্যানুবাদ।—তাহা হইলে অন্যতর অর্থাৎ কেবল বাক্যরূপ বর্ত্তনিরই সংস্কার করিতে হয়; আর ব্রহ্মা যাহার সংস্কার করিতেছিলেন, সেই মনোবর্ত্তনিটি হীন হয়—বিনষ্ট হয়, অর্থাৎ অকর্ম্মণ্য হয়। তখন সেই যজ্ঞ একমাত্র বাক্যরূপ বর্ত্তনির সাহায্যে অবস্থান করিতে অসমর্থ হইয়া ভ্রষ্ট হয়। কি প্রকার? তাহা বলিতেছেন—একপদবিশিষ্ট লোক যেমন পথ চলিতে যাইয়া ভ্রষ্ট হয়—পড়িয়া যায়, এবং একচক্রে বর্ত্তমান রথ যেমন গমন করিতে যাইয়া পড়িয়া যায়, কুব্রহ্মাকর্ত্তৃক সম্পাদিত যজমানের যজ্ঞও যেমনি বিনষ্ট হয়; যজ্ঞ নষ্ট হইলে পর যজমানও নষ্ট হয়; কেননা, যজ্ঞই যজমানের প্রাণস্বরূপ; অতএব যজ্ঞবিনাশে তাহার বিনাশ সঙ্গতই বটে। সেই যজমান ঐরূপ যজ্ঞ করিয়া পাপীয়ান্—সমধিক পাপভাগী হয়॥৩৪৫॥৩

অথ যত্রোপাকৃতে প্রাতরনুবাকে ন পুরা পরিধানীয়ায়া ব্রহ্মা ব্যবদত্যুভে * এব বর্ত্তনী সংস্কুর্ব্বন্তি ন হীয়তেঽন্যতরা ॥৩৪৬॥৪

অথ (পক্ষান্তরে) যত্র (যস্মিন্ যজ্ঞে) প্রাতরনুবাকে (তদাখ্যশস্ত্রে) উপাকৃতে (প্রারব্ধে সতি) পরিধানীয়ায়াঃ (ঋগ্‌বিশেষস্য) পুরা (পরিধানীয়ান্তাৎ প্রাক্) ব্রহ্মা ন ব্যবদতি (মৌনং ন পরিত্যজতি, মৌনী সন্ তিষ্ঠতীতি যাবৎ); [তত্র ঋত্বিজঃ] উভে (বর্ত্তন্যৌ) এব সংস্কুর্ব্বন্তি; অন্যতরা (একাপি বর্ত্তনিঃ) ন হীয়তে (ন পরিত্যজ্যতে)॥

পক্ষান্তরে, যে যজ্ঞে প্রাতঃকালীন অনুবাক আরম্ভের পর পরিধানীয় ঋক্‌-পাঠের পূর্ব্বে ব্রহ্মা কথা না বলেন—মৌনী হইয়া থাকেন, সেই যজ্ঞে উভয় বর্ত্তনিরই সংস্কার করা হয়, একটি বর্ত্তনিও হীন বা বিনষ্ট হয় না॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ পুনর্যত্র ব্রহ্মা বিদ্বান্ মৌনং পরিগৃহ্য বাগ্‌বিসর্গমকুর্ব্বন্ বর্ত্ততে, যাবৎপরিধানীয়ায়া ন ব্যবদতি, তথৈব সর্ব্বে ঋত্বিজঃ উভে এব বর্ত্তনী সংস্কুর্ব্বন্তি, ন হীয়তেঽন্যতরাপি ॥৩৪৬॥৪

আনন্দগিরিঃ।—মৌনগুণং দর্শয়তি—অথ পুনরিতি। তথৈব সম্যগনুষ্ঠাতার ইতি যাবৎ। তথা সতি ব্রহ্মা চান্যে চ ঋত্বিজো দ্বে বর্ত্তন্যৌ সংস্কুর্ব্বন্ত্যেবেত্যাহ—নেতি ॥৩৪৬॥৪

ভাষ্যানুবাদ।—পক্ষান্তরে, যেখানে বিজ্ঞ ব্রহ্মা মৌন অবলম্বন করিয়া থাকেন—পরিধানীয়া ঋক্‌পাঠ পর্য্যন্ত শব্দোচ্চারণ না করেন, এবং সমস্ত ঋত্বিক্‌গণও সেইরূপ থাকেন, [সেখানে] উভয় বর্ত্তনিরই সংস্কার সম্পন্ন হয়, একটিও হীন হয় না ॥৩৪৬॥৪

স যথোভয়পাদ্‌ব্রজন্ রথো বোভাভ্যাং চক্রাভ্যাং বর্ত্তমানঃ প্রতিতিষ্ঠত্যেবমস্য যজ্ঞঃ প্রতিতিষ্ঠতি; যজ্ঞং প্রতিতিষ্ঠন্তং যজমানোঽনু প্রতিতিষ্ঠতি; স ইষ্ট্বা শ্রেয়ান্ ভবতি ॥৩৪৭॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥১৬॥

[অত্র দৃষ্টান্তমাহ—"স যথা" ইত্যাদি।] যথা (যদ্বৎ) উভয়পাৎ (পাদদ্বয়-সম্পন্নঃ লোকঃ) ব্রজন্ (গচ্ছন্), উভাভ্যাং (দ্বাভ্যাং) চক্রাভ্যাং বর্ত্তমানঃ (পরিবর্ত্তমানঃ চলন্) রথঃ বা প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাং লভতে), এবম্ (উক্ত-

* ব্যবব্যদতুভে ইতি ক্বচিৎ পাঠঃ।

দৃষ্টান্তদ্বয়বৎ) অস্য (যজমানস্য) যজ্ঞঃ প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাং পূর্ণতাং লভতে, ন নশ্যতীতি ভাবঃ); যজ্ঞং প্রতিতিষ্ঠন্তম্ অনু (লক্ষ্যীকৃত্য) যজমানঃ প্রতিতিষ্ঠতি। সঃ (যজমানঃ) ইষ্ট্বা (তাদৃশং যজ্ঞং কৃত্বা) শ্রেয়ান্ (শ্রেষ্ঠতমঃ) ভবতি [ন পুনঃ পাপভাক্ ভবতি ইতি ভাবঃ]॥

এ বিষয়ে দুইটি দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে; পদদ্বয়যুক্ত লোক কিংবা চক্রদ্বয়-যুক্ত রথ যেমন গমন করিতে যাইয়া স্থিতি লাভ করে (পড়িয়া যায় না), তেমনি যজমানের সেই যজ্ঞও স্থিতি লাভ করে, বিনষ্ট হয় না; যজ্ঞ স্থিতি লাভ করিলে, যজমানও স্থিতি লাভ করেন; যজমান তাদৃশ যজ্ঞ করিয়া সমধিক শ্রেয়োভাগী হন [কখনও পাপী হন না]॥

শাঙ্কর-ভাষ্যম্।—কিমিব ? ইত্যাহ পূর্ব্বোক্তবিপরীতৌ দৃষ্টান্তৌ। এবমস্য যজমানস্য যজ্ঞঃ। স্ববর্ত্তনিভ্যাং বর্ত্তমানঃ প্রতিতিষ্ঠতি, স্বেনাত্মনা অবিনশ্যন্ বর্ত্তত ইত্যর্থঃ। যজ্ঞং প্রতিতিষ্ঠন্তং যজমানোঽনু প্রতিতিষ্ঠতি, সঃ যজমানঃ এবং মৌন-বিজ্ঞানবদ্‌ব্রহ্মোপেতং যজ্ঞমিষ্ট্বা শ্রেয়ান্ ভবতি শ্রেষ্ঠো ভবতীত্যর্থঃ ॥৩৪৭॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য ষোড়শ-খণ্ড-ভাষ্যম্ ॥১৬॥

আনন্দগিরিঃ।—বর্ত্তনীদ্বয়সংস্কারে কিং স্যাদিত্যপেক্ষায়ামাহ—এবমিতি ॥৩৪৭॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য ষোড়শঃ খণ্ডঃ ॥১৬॥

ভাষ্যানুবাদ।—কাহার ন্যায় ? এইরূপ প্রশ্নে পূর্ব্বোক্ত দৃষ্টান্তের বিপরীতভাবে দুইটি দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন। এই প্রকার এই যজমানের যজ্ঞও স্বীয় বর্ত্তনিদ্বয়ে অবস্থিত হইয়া স্থিতি লাভ করে, অর্থাৎ বিনষ্ট না হইয়া স্ব-স্বরূপে বর্ত্তমান থাকে। যজ্ঞ প্রতিষ্ঠা লাভ করিলে পর যজমানও প্রতিষ্ঠা লাভ করেন। সেই যজমান মৌনবিষয়ক বিজ্ঞানসম্পন্ন তাদৃশ ব্রহ্মাযুক্ত যজ্ঞের অনুষ্ঠান করিয়া শ্রেয়ান্—শ্রেষ্ঠ হন ॥৩৪৭॥৫

ইতি চতুর্থ অধ্যায়ের ষোড়শখণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৬॥

সপ্তদশঃ খণ্ডঃ।

প্রজাপতির্লোকানভ্যতপত্তেষাং তপ্যমানানাং রসান্ প্রাবৃহদগ্নিং পৃথিব্যা বায়ুমন্তরীক্ষাদাদিত্যং দিবঃ ॥৩৪৮॥১

[ইদানীং প্রায়শ্চিত্তার্থং ব্যাহৃতীর্নিরূপয়িতুম্ উপক্রমতে—"প্রজাপতিঃ" ইত্যাদি।] প্রজাপতিঃ (হিরণ্যগর্ভঃ) লোকান্ (ভূরাদীন্) [উদ্দিশ্য, তেভ্যঃ সারগ্রহণার্থম্] অভ্যতপৎ (ধ্যানলক্ষণং তপঃ কৃতবান্)। তপ্যমানানাং (ধ্যায়মানানাং) তেষাং (লোকানাং) রসান্ (সারান্) প্রাবৃহৎ (উদ্ধৃতবান্)। [তদ্যথা—] পৃথিব্যাঃ (ভূমেঃ সকাশাৎ) অগ্নিম্, অন্তরিক্ষাৎ (নভোমণ্ডলাৎ) বায়ুম্, দিবঃ (দ্যুলোকাৎ) আদিত্যম্ (সূর্য্যম্) [উদ্ধৃতবান্ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ]॥

[এখন প্রায়শ্চিত্তার্থ ব্যাহৃতির বিষয় কথিত হইতেছে—] প্রজাপতি হিরণ্যগর্ভ ত্রিলোক উদ্দেশ করিয়া তপস্যা (ধ্যান) করিয়াছিলেন; তপ্যমান (ধ্যানের বিষয়ীভূত) সেই সমস্ত লোক হইতে সার উদ্ধার করিয়াছিলেন—পৃথিবী হইতে অগ্নি, অন্তরিক্ষ হইতে বায়ু, এবং দ্যুলোক হইতে আদিত্য [এই তিনটি সার উদ্ধৃত করিয়াছিলেন]॥

শাঙ্কর-ভাষ্যম্।—অত্র ব্রহ্মণো মৌনং বিহিতম্; তদ্রেষে ব্রহ্মত্বকর্ম্মণি চ অথান্যস্মিংশ্চ হৌত্রাদিকর্ম্মরেষে ব্যাহৃতিহোমঃ প্রায়শ্চিত্তমিতি তদর্থং ব্যাহৃতয়ো বিধাতব্যাঃ, ইত্যাহ—

প্রজাপতিঃ লোকান্ অভ্যতপৎ—লোকানুদ্দিশ্য তত্র সারজিঘৃক্ষয়া ধ্যানলক্ষণং তপশ্চচার। তেষাং তপ্যমানানাং লোকানাং, রসান্ সাররূপান্ প্রাবৃহৎ উদ্ধৃতবান্ জগ্রাহেত্যর্থঃ। কান্?—অগ্নিং রসং পৃথিব্যাঃ, বায়ুম্ অন্তরিক্ষাৎ, আদিত্যং দিবঃ ॥৩৪৮॥১

আনন্দগিরিঃ।—নিত্যানুষ্ঠানমুক্ত্বা নৈমিত্তিক প্রায়শ্চিত্তবিধানার্থমুপক্রমতে—অত্রেতি। তদ্রেষে ব্রহ্মণো মৌনভ্রংশে সতীতি যাবৎ। রসান্ বিশেষতো জ্ঞাতুং পৃচ্ছতি—কানিতি ॥৩৪৮॥১

ভাষ্যানুবাদ।—পূর্ব্বপ্রকরণে ব্রহ্মার মৌনাবলম্বন বিহিত হইয়াছে; ব্রহ্মকর্ম্মে সেই মৌনভঙ্গ হইলে এবং অপরাপর হোতৃকর্ম্মেরও ভঙ্গ হইলে ব্যাহৃতি-হোমই প্রায়শ্চিত্ত; তজ্জন্য ব্যাহৃতি সমূহের বিধান করা আবশ্যক; সেইহেতু বলিতেছেন—

প্রজাপতি ত্রিলোক উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন, অর্থাৎ তত্রত্য সারগ্রহণাভিলাষী হইয়া ধ্যানরূপ তপস্যা করিয়াছিলেন। তপ্যমান সেই সমস্ত লোকের সারভূত পদার্থ উদ্ধৃত করিয়াছিলেন—গ্রহণ করিয়াছিলেন। কোন্ কোন্ সারপদার্থকে? [তাহা বলিতেছেন—] পৃথিবী হইতে সারভূত অগ্নিকে, অন্তরিক্ষ হইতে বায়ুকে, আর দ্যুলোক হইতে আদিত্যকে [উদ্ধার করিয়াছিলেন] ॥৩৪৮॥১

স এতাস্তিস্রো দেবতা অভ্যতপৎ, তাসাং তপ্যমানানাꣳ রসান্ প্রাবৃহদগ্নের্ঋচো বায়োর্যজূꣳষি সামান্যাদিত্যাৎ ॥৩৪৯॥২

সঃ (প্রজাপতিঃ) এতাঃ (উল্লিখিতাঃ) তিস্রঃ দেবতাঃ (অগ্নি-বায়ু-সূর্য্যাত্মকাঃ) [উদ্দিশ্য] অভ্যতপৎ, তপ্যমানানাং তাসাং (দেবতানাং) রসান্ (সারান্) প্রাবৃহৎ (উদ্ধৃতবান্)—অগ্নেঃ (সকাশাৎ) ঋচঃ (ঋগ্বেদান্), বায়োঃ যজূংষি, আদিত্যাৎ সামানি (সামবেদান্) [প্রাবৃহৎ ইত্যনেন সম্বন্ধঃ] ॥

সেই প্রজাপতি উক্ত তিন দেবতা—অগ্নি, বায়ু ও সূর্য্যকে উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন; তপ্যমান সেই দেবতাত্রয়ের রস (সার) গ্রহণ করিয়াছিলেন,—অগ্নি হইতে ঋগ্বেদ, বায়ু হইতে যজুর্ব্বেদ এবং আদিত্য হইতে সামবেদ উদ্ধার করিয়াছিলেন ॥

শাঙ্কর-ভাষ্যম্।—পুনরপ্যেবমেব অগ্ন্যাখ্যাঃ স এতাস্তিস্রো দেবতা উদ্দিশ্য অভ্যতপৎ। ততোঽপি সারং রসং ত্রয়ীবিদ্যাং জগ্রাহ ॥৩৪৯॥২

আনন্দগিরিঃ।—এবং যথা লোকানভ্যতপৎ, তথেতি যাবৎ। জগ্রাহেতি সম্বন্ধঃ ॥৩৪৯॥২

ভাষ্যানুবাদ।—তিনি পুনশ্চ এই প্রকারেই এই অগ্ন্যাদি তিন দেবতাকে উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন। সে সমুদয় হইতেও ত্রয়ীবিদ্যারূপ (বেদবিদ্যা) রস বা সার গ্রহণ করিয়াছিলেন ॥৩৪৯॥২

স এতাং ত্রয়ীং বিদ্যামভ্যতপৎ তস্যাস্তপ্যমানায়া রসান্ প্রাবৃহদ্ভূরিত্যৃগ্ভ্যো ভুবরিতি যজুর্ভ্যঃ স্বরিতি সামভ্যঃ ॥৩৫০॥৩

সঃ (প্রজাপতিঃ) এতাং (উক্তাং) ত্রয়ীং বিদ্যাং (ঋগ্যজুঃসামবেদরূপাম্) উদ্দিশ্য অভ্যতপৎ; তপ্যমানায়াঃ (ধ্যায়মানায়াঃ) তস্যাঃ (ত্রয়ী-বিদ্যায়াঃ) রসান্ (সারান্) প্রাবৃহৎ (গৃহীতবান্)—ঋগ্ভ্যঃ 'ভূঃ' ইতি, যজুর্ভ্যঃ 'ভুবঃ' ইতি, সামভ্যঃ 'স্বঃ' ইতি। [এতা এব তিস্রঃ ব্যাহৃতয় উচ্যন্তে] ॥

প্রজাপতি পুনশ্চ উক্ত ত্রয়ীবিদ্যা উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন। তপ্যমান সেই ত্রয়ীবিদ্যা হইতে রসসমূহ উদ্ধৃত করিয়াছিলেন—ঋগ্বেদ হইতে

'ভূঃ' ; যজুর্ব্বেদ হইতে 'ভুবঃ', আর সামবেদ হইতে 'স্বঃ'। ['ভূঃ, ভুবঃ, স্বঃ', এই তিনটিকেই ব্যাহৃতি বলে]॥

শাঙ্কর-ভাষ্যম্।—সঃ এতাং পুনরভ্যতপৎ ত্রয়ীং বিদ্যাম্। তস্যাস্তপ্যমানায়া রসং ভূরিতি ব্যাহৃতিম্ ঋগ্‌ভ্যো জগ্রাহ; ভুবরিতি ব্যাহৃতিং যজুর্ভ্যঃ; স্বরিতি ব্যাহৃতিং সামভ্যঃ। অতএব লোক-দেব-বেদরসা মহাব্যাহৃতয়ঃ॥৩৫০॥৩

আনন্দগিরিঃ।—তদেব বিবৃণোতি—ভূরিতি ব্যাহৃতিমিত্যাদিনা॥৩৫০॥৩

ভাষ্যানুবাদ।—তিনি পুনশ্চ এই ত্রয়ীবিদ্যা উদ্দেশ করিয়া তপস্যা করিয়াছিলেন। তপ্যমান সেই ত্রয়ীবিদ্যা হইতে রস উদ্ধৃত করিয়াছিলেন—ঋগ্বেদ হইতে 'ভূঃ' এই ব্যাহৃতি গ্রহণ করিয়াছিলেন। যজুর্ব্বেদ হইতে 'ভুবঃ' এই ব্যাহৃতি, আর সামবেদ হইতে 'স্বঃ' এই ব্যাহৃতি উদ্ধৃত করিয়াছিলেন। এইজন্যই মহাব্যাহৃতি-সমূহ উক্ত লোক, দেবতা ও বেদের সারস্বরূপ॥৩৫০॥৩

তদযদ্যৃক্তো রিষ্যেদ্ ভূঃ স্বাহেতি গার্হপত্যে জুহুয়াদৃচামেব তদ্রসেনর্চ্চাং বীর্য্যেণর্চ্চাং যজ্ঞস্য বিরিষ্টঁসন্দধাতি॥৩৫১॥৪

[ইদানীং প্রায়শ্চিত্তার্থং ব্যাহৃতিহোম] উচ্যতে—[অতঃ] তৎ (তত্র যজ্ঞে) যদি (সম্ভাবনায়াং) ঋক্তঃ (ঋগ্বেদাৎ—ঋগ্বেদ-প্রয়োগদোষাৎ) রিষ্যেৎ (যজ্ঞঃ ক্ষতং প্রাপ্নুয়াৎ), [তর্হি] গার্হপত্যে (তদাখ্যে অগ্নৌ) 'ভূঃ স্বাহা' ইতি জুহুয়াৎ, [ইদমেব তত্র প্রায়শ্চিত্তম্, তেন চ] ঋচাম্ এব রসেন (প্রভাবেণ) ঋচাং বীর্য্যেণ (ওজসা) ঋচাং (ঋক্‌সম্বন্ধিনঃ) যজ্ঞস্য বিরিষ্টং (ক্ষতং বৈগুণ্যং) তৎ (অক্ষতং যথা স্যাৎ তথা) সংদধাতি (পূর্ণতাং সম্পাদয়তি) [ঋত্বিক্ ইতি শেষঃ]॥

সেই যজ্ঞে যদি ঋগ্বেদ হইতে অর্থাৎ ঋক্‌প্রয়োগের দোষে স্খলিত হয়, তাহা হইলে [প্রায়শ্চিত্তার্থ] 'ভূঃ স্বাহা' বলিয়া গার্হপত্য অগ্নিতে হোম করিবে, তাহা হইলেই ঋক্‌প্রভাবে ও ঋক্‌শক্তি বলে ঋক্‌সম্বন্ধী সেই যজ্ঞের দোষ বিনষ্ট করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—অতস্তৎ তত্র যজ্ঞে যদি ঋক্তঃ ঋক্‌সম্বন্ধাদ্ ঋঙ্‌নিমিত্তং রিষ্যেদ্ যজ্ঞঃ ক্ষতং প্রাপ্নুয়াৎ, ভূঃ স্বাহেতি গার্হপত্যে জুহুয়াৎ। সা তত্র প্রায়শ্চিত্তিঃ। কথম্? ঋচামেব, তদেতি ক্রিয়াবিশেষণম্, রসেন, ঋচাং বীর্য্যেণ ওজসা, ঋচাং যজ্ঞস্য ঋক্‌সম্বন্ধিনো যজ্ঞস্য বিরিষ্টং বিচ্ছিন্নং ক্ষতরূপমুৎপন্নং সন্দধাতি প্রতিসন্ধত্তে॥৩৫১॥৪

আনন্দগিরিঃ।—প্রথমঃ অতঃশব্দো যত ইত্যস্মিন্নর্থে। যদি ঋক্ত ইতি। ঋক্‌শব্দস্তস্মিন্। উক্তপ্রায়শ্চিত্তমেবাকাঙ্ক্ষাপূর্ব্বকং বিবৃণোতি—কথমিত্যাদিনা। ক্রিয়াবিশেষণমিতি যজ্ঞস্য ক্ষতং সংদধাতি ইতি যৎ তদৃচামেব রসেন সংদধাতীত্যর্থঃ। ওজসা সংদধাতীতি সম্বন্ধঃ ॥৩৫১॥৪

ভাষ্যানুবাদ।—অতএব সেই যজ্ঞে যদি ঋক্ হইতে—ঋক্ সম্বন্ধের ত্রুটিতে ভ্রংশ হয়, অর্থাৎ যজ্ঞ যদি ক্ষতপ্রাপ্ত হয়, তাহা হইলে 'ভূঃ স্বাহা' বলিয়া গার্হপত্য-নামক অগ্নিতে হোম করিবে। ইহাই সেখানে প্রায়শ্চিত্ত। কি প্রকারে? ঋক্‌-সমূহেরই রসে এবং ঋক্‌সমূহেরই প্রভাবে ঋক্‌সম্পর্কিত যজ্ঞসম্বন্ধে উৎপন্ন যে, বিরিষ্ট—বিচ্ছিন্নতা অর্থাৎ ক্ষত বা হানি, এইরূপে তাহার প্রতিবিধান বা প্রতিকার করিয়া থাকেন ॥৩৫১॥৪

অথ যদি যজুষ্টো রিষ্যেদ্ ভুবঃ স্বাহেতি দক্ষিণাগ্নৌ জুহুয়াৎ। যজুষামেব তদ্‌রসেন যজুষাং বীর্য্যেণ যজুষাং যজ্ঞস্য বিরিষ্টꣳ সন্দধাতি ॥৩৫২॥৫

অথ (পক্ষান্তরে) যদি যজুষ্টঃ (যজুর্নিমিত্তং) রিষ্যেৎ (বিনশ্যেৎ) [যজ্ঞঃ], [তর্হি] 'ভুবঃ স্বাহা' ইতি (মন্ত্রেণ) দক্ষিণাগ্নৌ জুহুয়াৎ, [ইদমেব তত্র প্রায়শ্চিত্তং, তেন চ] যজুষাম্ এব রসেন যজুষাং [এব], বীর্য্যেণ যজুষাং (যজুঃসম্বন্ধিনঃ) যজ্ঞস্য বিরিষ্টং (ক্ষতং) [তৎ যথা স্যাৎ, তথা] সংদধাতি (প্রতিবিধত্তে)॥

আর যদি যজুর প্রয়োগদোষে যজ্ঞ ভ্রষ্ট হয়, তাহা হইলে 'ভুবঃ স্বাহা' বলিয়া দক্ষিণাগ্নিতে হোম করিবে। যজুর রসেই এবং যজুর প্রভাবেই যজুঃসম্পর্কিত সেই যজ্ঞের ক্ষত সমাধান করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—অথ যদি যজুষ্টো যজুর্নিমিত্তং রিষ্যেৎ, ভুবঃ স্বাহেতি দক্ষিণাগ্নৌ জুহুয়াৎ ॥৩৫২॥৫

আনন্দগিরিঃ।—৩৫২॥৫

ভাষ্যানুবাদ।—আর যদি যজুঃ হইতে অর্থাৎ যজুর প্রয়োগদোষে ক্ষত উৎপন্ন হয়, তাহা হইলে 'ভুবঃ স্বাহা' বলিয়া দক্ষিণাগ্নিতে হোম করিবে ॥৩৫২॥৫

অথ যদি সামতো রিষ্যেৎ স্বঃ স্বাহেত্যাহবনীয়ে জুহুয়াৎ, সাম্নামেব তদ্রসেন সাম্নাং বীর্য্যেণ সাম্নাং যজ্ঞস্য বিরিষ্টꣳ সন্দধাতি ॥৩৫৩॥৬

অথ (পক্ষান্তরে) যদি সামতঃ (সামপ্রয়োগনিমিত্তং) রিষ্যেৎ (যজ্ঞঃ ভ্রশ্যেৎ), [তর্হি] 'স্বঃ স্বাহা' ইতি (মন্ত্রেণ) আহবনীয়ে (তদাখ্যে অগ্নৌ)

জুহুয়াৎ, [ইদমেব তত্র প্রায়শ্চিত্তম্]। [ততশ্চ] সাম্নামেব রসেন সাম্নাং বীর্য্যেণ চ যজ্ঞস্য তৎ বিরিষ্টং (ক্ষতং) সংদধাতি (প্রতিবিধত্তে)॥

আর যদি সাম প্রয়োগের দোষে যজ্ঞ ক্ষত প্রাপ্ত হয়, তাহা হইলে 'স্বঃ স্বাহা' মন্ত্রে আহবনীয় অগ্নিতে হোম করিবে। সামেরই রসে ও সামেরই প্রভাবে সামসম্বন্ধী যজ্ঞের সেই ক্ষতির প্রতিবিধান করিয়া থাকেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—তথা সামনিমিত্তে রেষে স্বঃস্বাহেত্যাহবনীয়ে জুহুয়াৎ। তথা পূর্ব্ববৎ যজ্ঞং সন্দধাতি। ব্রহ্মনিমিত্তে তু রেষে ত্রিষগ্নিষু তিসৃভির্ব্ব্যাহৃতিভিঃ জুহুয়াৎ; ত্রয্যা হি বিদ্যায়াঃ স রেষঃ। "অথ কেন ব্রহ্মত্বমিতি? অনয়ৈব ত্রয্যা বিদ্যয়া" ইতি শ্রুতেঃ। ন্যায়ান্তরং বা মৃগ্যং ব্রহ্মত্বনিমিত্তে রেষে॥৩৫৩॥৬

আনন্দগিরিঃ।—তথাচ যথোক্তে সাধনে সতীত্যর্থঃ। যথা সর্ব্বস্মিন্ প্রায়শ্চিত্তে যজ্ঞস্য ক্ষতমিব রসেন হোতা সংদধাতি দ্বিতীয়-তৃতীয়-প্রায়শ্চিত্তয়োরপি যজুষাং সাম্নাং চ রসেনাধ্বর্য্যুরুদ্গাতা চ তৎক্ষতং সংধত্ত ইত্যাহ—পূর্ব্ববদিতি। হোত্রাদ্য-পরাধাধীনযজ্ঞভ্রংশে প্রায়শ্চিত্তমুক্ত্বা ব্রহ্মাপরাধকৃতে যজ্ঞনাশে কিং প্রায়শ্চিত্তমিত্যা-শঙ্ক্যাহ—ব্রহ্মেতি। যথাযথোক্তপ্রায়শ্চিত্তে লিঙ্গং দর্শয়তি—ত্রয্যা হীতি। ব্রহ্মণস্ত্রয়ীসারত্বে প্রমাণমাহ—অথ কেনেতি। সাধারণকার্য্যস্য সাধারণসামগ্রী-জন্যত্বনিয়মাদ্ বেদত্রয়সাধারণে ব্রহ্মত্বে বেদত্রয়সাধারণমেব প্রায়শ্চিত্তং বাচ্যম্, ইত্যেকো ন্যায়ো দর্শিতঃ। সংপ্রত্যস্যৈব বেদকত্বপ্রসিদ্ধের্ব্রহ্মণঃ সর্ব্ববেদার্থাভিজ্ঞস্য জ্ঞানমাহাত্ম্যেনৈব দোষনিরাসান্নাস্যৎ প্রায়শ্চিত্তং বিধেয়ম্, ইতি ন্যায়ান্তরমাহ—ন্যায়ান্তরং বেতি॥৩৫৩॥৬

ভাষ্যানুবাদ।—সেইরূপ সামবেদের দরুণ যজ্ঞ ভ্রংশ হইলে 'স্বঃ স্বাহা' মন্ত্রে আহবনীয় অগ্নিতে আহুতি প্রদান করিবে। পূর্ব্বের ন্যায় [ইহা দ্বারাও] যজ্ঞের অচ্ছিদ্রত্ব (সম্পূর্ণতা) সম্পাদন করা হয়। কিন্তু ব্রহ্মার কর্ত্তব্য কর্ম্মের ত্রুটিতে ক্ষত উপস্থিত হইলে তিন অগ্নিতেই তিনটি ব্যাহৃতি-মন্ত্রে হোম করিবে; কারণ, [ঐ যে ব্রহ্মনিমিত্তক যে ভ্রংশ, প্রকৃতপক্ষে তাহা] ত্রয়ী-বিদ্যারই [বেদত্রয়েরই] ভ্রংশ; কেননা, শ্রুতি বলিয়াছেন,—'ব্রহ্মার ব্রহ্মত্ব কিসের দ্বারা হয়? [উত্তর] এই ত্রয়ী বিদ্যা দ্বারাই—'। অথবা, ব্রহ্মনিমিত্তক যজ্ঞহানিতে [ব্যাহৃতিত্রয় হোমের অনুকূল] অন্যপ্রকার যুক্তিরও অনুসন্ধান করিতে হইবে॥৩৫৩॥৬

তদ্‌যথা লবণেন সুবর্ণꣳ সন্দধ্যাৎ, সুবর্ণেন রজতꣳ রজতেন ত্রপু, ত্রপুনা সীসꣳ সীসেন, লোহং, লোহেন দারু, দারু চর্ম্মণা॥৩৫৪॥৭

এবমেষাং লোকানামাসাং দেবতানামস্যাস্ত্রয্যা বিদ্যায়া বীর্য্যেণ যজ্ঞস্য বিরিষ্টꣳসন্দধাতি ভেষজকৃতো হ বা এষ যজ্ঞো যত্রৈবংবিদ্ ব্রহ্মা ভবতি ॥৩৫৫॥৮

যথা (যদ্বৎ) লবণেন (ক্ষারেণ) সুবর্ণং সংদধ্যাৎ (সংযোজয়েৎ), সুবর্ণেন রজতং (রৌপ্যং), রজতেন ত্রপু (রঙ্গং), ত্রপুণা সীসং (সীসকং), সীসেন লোহং, লোহেন দারু (কাষ্ঠং) চর্ম্মণা [চ] দারু (কাষ্ঠং) [সংদধ্যাৎ ইত্যস্য সর্ব্বত্রান্বয়ঃ] ॥

এবং (লবণাদিবদেব) এষাং পূর্ব্বোক্তানাং লোকানাং (পৃথিব্যন্তরীক্ষ-দিবাম্), আসাং (পূর্ব্বোক্তানাং) দেবতানাং (অগ্নিবায়ু-সূর্য্যাণাং), অস্যাঃ (উক্তায়াঃ) ত্রয্যাঃ বিদ্যায়াঃ (ঋগ্ যজুঃসামরূপায়াঃ) বীর্য্যেণ (ব্যাহৃতি-রূপসামর্থ্যেন) যজ্ঞস্য বিরিষ্টং (ভ্রংশং) সংদধাতি (প্রতিকরোতি) [ঋত্বিক্ ইতি শেষঃ] হ (যস্মাৎ) যত্র (যস্মিন্ যজ্ঞে) এবংবিৎ (ব্যাহৃতিহোমপ্রায়-শ্চিত্তাভিজ্ঞঃ) ব্রহ্মা ঋত্বিক্ (ব্রতী) ভবতি, এষঃ যজ্ঞঃ ভেষজকৃতঃ (ভিষজা রোগার্ত্ত ইব, সুশিক্ষিতেন ব্রহ্মণা প্রতিসমাহিতঃ ভবতি) ॥

যেরূপ লবণাদি ক্ষার বস্তু দ্বারা সুবর্ণ, সুবর্ণদ্বারা রৌপ্য, রৌপ্যদ্বারা রঙ্গ, রঙ্গদ্বারা সীসা, সীসাদ্বারা লোহ, লোহদ্বারা কাষ্ঠ এবং চর্ম্মদ্বারা কাষ্ঠ সংযোজিত (যোড়া লাগান) হয় ॥

তদ্রূপ পূর্ব্বোক্ত পৃথিব্যাদি লোকত্রয়ের, পূর্ব্বোক্ত দেবতাত্রয়ের এবং ত্রয়ী বিদ্যার (ঋক্ প্রভৃতি বেদের) সামর্থ্যরূপী উক্ত ব্যাহৃতি দ্বারা যজ্ঞীয় ক্ষতির প্রতিকার করা হইয়া থাকে। [ফলকথা—] ব্যাহৃতিহোমরূপ প্রায়শ্চিত্তাভিজ্ঞ ব্রহ্মা যে যজ্ঞে ঋত্বিক্ হন, সে যজ্ঞ নিশ্চয়ই সুচিকিৎসকের চিকিৎসিত রোগীর ন্যায় প্রতিকার লাভ করিয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম্।—তৎ যথা লবণেন সুবর্ণং সন্দধ্যাৎ। ক্ষারেণ টঙ্কণাদিনা খরে মৃদুত্বকরং হি তৎ। সুবর্ণেন রজতমশক্যসন্ধানং সন্দধ্যাৎ। রজতেন তথা ত্রপু, ত্রপুণা সীসম্, সীসেন লোহম্, লোহেন দারু, দারু চর্ম্মণা চর্ম্মবন্ধনেন।

এবমেষাং লোকানামাসাং দেবতানামস্যাস্ত্রয্যা বিদ্যায়া বীর্য্যেণ রসাখ্যেনৌজসা যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি। ভেষজকৃতো হ বা এষ যজ্ঞঃ, রোগার্ত্ত ইব পুমাংশ্চিকিৎসকেন সুশিক্ষিতেনৈষ যজ্ঞো ভবতি। কোঽসৌ ? যত্র যস্মিন্ যজ্ঞে এবংবিৎ যথোক্ত-ব্যাহৃতিহোমপ্রায়শ্চিত্তবিৎ ব্রহ্মা ঋত্বিগ্ ভবতি, স যজ্ঞ ইত্যর্থঃ ॥৩৫৪-৩৫৫॥৭-৮

আনন্দগিরিঃ।—বস্তুস্বভাববৈচিত্র্যাদুৎপন্নস্যাপি ক্ষতস্য কেনচিৎ সংধানং

ভবতীত্যর্থে দৃষ্টান্তানাহ—তদ্‌যথেত্যাদিনা। কিং তত্র সাধনমিতি তদ্দর্শয়তি—ক্ষারেণেতি। খরে সুবর্ণে বহ্নিসংযুক্তে দ্রবীভূতে ক্ষারপ্রক্ষেপেণ টঙ্কণাদিনা মৃদুকরণং মিথোঽবয়বসংযোজনং সন্ধানং প্রসিদ্ধমিত্যর্থঃ। রজতং সুবর্ণেন স্বরসতস্তাবদশক্যসন্ধানম্, তথাপি বহ্নিসংযোগপূর্ব্বকং পূর্ব্ববদেব তত্রাপি প্রসিদ্ধং সন্ধানমিত্যাহ—সুবর্ণেনেতি। রজতেনেত্যাদাবপি যথোক্তং দ্রষ্টব্যম্। সংদধাতি ব্রহ্মেতি শেষঃ। ভেষজেনেব কৃতঃ সংস্কৃত ইতি যাবৎ। তদেব স্ফুটয়তি—রোগার্ত্ত ইতি। ভবতি সংস্কৃত ইতি শেষঃ ॥৩৫৪-৩৫৫॥৭-৮

ভাষ্যানুবাদ।—লবণ দ্বারা যেমন সুবর্ণের সংযোগ ঘটায়, টঙ্কণ প্রভৃতি ক্ষার দ্রব্য দ্বারা অগ্নিতে নিক্ষিপ্ত সুবর্ণের যে মৃদুতা সম্পাদন করা হয়, ইহা সুপ্রসিদ্ধ (১)। সহজে যাহার যোড়া লাগে না, সেই রজতকেও সুবর্ণ দ্বারা যোড়া লাগান যায়; সেইরূপ, রজত দ্বারা ত্রপুকে (রঙ্গ), ত্রপু দ্বারা সীসাকে, সীসা দ্বারা লৌহকে, লৌহ দ্বারা কাষ্ঠকে, এবং চর্ম্ম অর্থাৎ চর্ম্মনির্ম্মিত রজ্জু দ্বারা কাষ্ঠকে সংযোজিত করা যায়, তেমনি, উক্ত লোকত্রয়ের, উক্ত দেবতাত্রয়ের এবং এই ত্রয়ী বিদ্যার অর্থাৎ ঋক্‌প্রভৃতি বেদত্রয়ের বীর্য্য দ্বারা অর্থাৎ উহাদের রস বা সারসংজ্ঞক শক্তির সাহায্যে যজ্ঞীয় হানিরও সন্ধান—সংযোজনা অর্থাৎ প্রতীকার করিয়া থাকেন। নিশ্চয়ই এবংবিধ যজ্ঞও ভেষজকৃত, অর্থাৎ রোগার্ত্ত লোক যেরূপ সুচিকিৎসকের চিকিৎসায় [নীরোগ হইয়া থাকে], তদ্রূপ এই যজ্ঞও অক্ষত হইয়া থাকে। কোন্ যজ্ঞ? যে যজ্ঞে এবংবিৎ অর্থাৎ যথোক্তপ্রকার ব্যাহৃতিহোমরূপ প্রায়শ্চিত্তে অভিজ্ঞ ব্রহ্মা ঋত্বিক্ (ব্রতী) হন; সেই যজ্ঞ ॥৩৫৪-৩৫৫॥৭-৮

এষ হ বা উদক্‌প্রবণো যজ্ঞো, যত্রৈবংবিদ্ ব্রহ্মা ভবত্যেবংবিদঃ হ বা এষা ব্রহ্মাণমনুগাথা যতো যত আবর্ত্ততে তত্তদ্‌গচ্ছতি ॥৩৫৬॥৯

[এষঃ (বক্ষ্যমাণঃ) হ (প্রসিদ্ধৌ) বৈ (এব) যজ্ঞঃ উদক্‌প্রবণঃ (উত্তরভাগনিম্নঃ, উত্তরমার্গপ্রাপ্তি-হেতুভূত ইতি যাবৎ), [কঃ?] যত্র (যস্মিন্ যজ্ঞে) এবংবিৎ (যথোক্তপ্রায়শ্চিত্তাভিজ্ঞঃ) ব্রহ্মা (ঋত্বিক্) ভবতি, [এষঃ যজ্ঞঃ ইত্যর্থঃ]। এবংবিদং হ বৈ (এব) ব্রহ্মাণম্ অনু (অনুসৃত্য) [প্রবর্ত্তমানা] গাথা (ব্রহ্মণঃ স্তুতিপরা গীতিঃ) [যৎ]—যতঃ যতঃ (যত্র যত্র স্থানে—কর্ম্মণি)

(১) তাৎপর্য্য—অতি কঠিন সুবর্ণকে অন্যের সহিত মিলাইতে হইলে টঙ্কণ (সোহাগা) প্রভৃতি ক্ষার দ্রব্যের সহযোগে সুবর্ণকে অগ্নিতে উত্তপ্ত করিতে হয়, তখন উহা গলিয়া দ্রবীভূত হইয়া যায়, শেষে অন্যের সহিত উহাকে যোড়া দিয়া অখণ্ড একটি বস্তুরূপে পরিণত করা হয়। তেমনি প্রয়োগের দোষে যজ্ঞেও যদি কোনপ্রকার ক্ষতি ঘটে, তাহা হইলে ঐরূপ আহুতি দ্বারা উহার পূর্ণতা সম্পাদন করা হইয়া থাকে।

আবর্ত্ততে (ক্ষতযুক্তঃ ভবতি), [যজ্ঞ ইতি শেষঃ], তৎ তৎ (কর্ম্মস্থানং) গচ্ছতি (ক্ষতং প্রতিসমাধায় যজ্ঞং রক্ষতি, সাঙ্গং করোতীত্যর্থঃ), [উক্তলক্ষণঃ ব্রহ্মা ইতি শেষঃ]॥

এই যজ্ঞই উদক্প্রবণ অর্থাৎ উত্তরভাগে নিম্ন—উত্তরায়ণ পথে গতির হেতু হয়, যে যজ্ঞে এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্রহ্মা ঋত্বিক্ থাকেন। এবংবিধ জ্ঞানবান্ ব্রহ্মার সম্বন্ধে এইরূপ একটি গাথা অর্থাৎ প্রশংসাসূচক বাক্য আছে যে, যজ্ঞের যে যে অংশে কোনরূপ ত্রুটী উপস্থিত হয়, ব্রহ্মা [প্রায়শ্চিত্ত দ্বারা সেই ত্রুটির প্রতিকারপূর্ব্বক] সেই সমস্ত অংশ রক্ষা করেন॥

শাঙ্কর-ভাষ্যম্।—কিঞ্চ, এষ হ বৈ উদক্প্রবণ উদঙ্নিম্নো দক্ষিণোচ্ছ্রায়ো যজ্ঞো ভবতি; উত্তরমার্গপ্রতিপত্তিহেতুরিত্যর্থঃ। যত্র এবংবিদ্ ব্রহ্মা ভবতি। এবংবিদং হ বৈ ব্রহ্মাণমৃত্বিজং প্রতি এষা অনু গাথা ব্রহ্মণঃ স্তুতিপরা—যতো যত আবর্ত্ততে কর্ম্ম প্রদেশাৎ ঋত্বিজাং যজ্ঞঃ ক্ষতীভবন্, তত্তদ্যজ্ঞস্য ক্ষতরূপং প্রতিসন্দধৎ প্রায়শ্চিত্তেন গচ্ছতি পরিপালয়তীত্যেতৎ॥৩৫৬॥৯

আনন্দগিরিঃ।—ইতশ্চৈবংবিদা ব্রহ্মণা ভবিতব্যমিত্যাহ—কিঞ্চেতি। গাথাশব্দো গায়ত্র্যাদিচ্ছন্দোব্যতিরিক্তঃ ছন্দোবিষয়ঃ। যতোযতঃ প্রদেশাৎ কর্ম্মাবর্ত্তত ইত্যুক্তং বিবৃণোতি—ঋত্বিজামিতি। যত্র যত্র প্রদেশে যজ্ঞস্য ক্ষতিরধ্বর্য্যুপ্রভৃতীনামভবত্তত্র তত্র যজ্ঞস্য ক্ষতরূপং প্রায়শ্চিত্তেন প্রতিসন্দধানো ব্রহ্মা কর্ত্তন্ পরিপালয়তীতি সম্বন্ধঃ॥৩৫৬॥৯

ভাষ্যানুবাদ।—আরও এক কথা, এইরূপ যজ্ঞই উদক্প্রবণ—দক্ষিণ ভাগে উন্নত, অর্থাৎ উত্তরায়ণমার্গলাভের হেতু হয়; যে যজ্ঞে এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্যক্তি ব্রহ্মা হন। এবংবিধ জ্ঞানী ব্রহ্মা—ঋত্বিকের সম্বন্ধে এইরূপ গাথা অর্থাৎ ব্রহ্মার প্রশংসাবোধক কথা আছে যে, যে যে অংশে কর্ম্মটি ক্ষতিগ্রস্ত হয়, অর্থাৎ ঋত্বিক্গণের যে যে কর্ত্তব্যাংশে যজ্ঞের ক্ষতি উপস্থিত হয়, [ব্রহ্মা] প্রায়শ্চিত্ত দ্বারা ক্ষতি পরিপূরণ করিয়া যজ্ঞের সেই সেই অংশকে রক্ষা করেন; অর্থাৎ যজ্ঞটিকে অক্ষত করেন॥৩৫৬॥৯

মানবো ব্রহ্মৈবৈক ঋত্বিক্কুরূনশ্বাভিরক্ষত্যেবংবিদ্ধ বৈ ব্রহ্মা যজ্ঞং যজমানꣳ সর্ব্বাꣳশ্চর্ত্বিজোঽভিরক্ষতি, তস্মাদেবংবিদমেব ব্রহ্মাণং কুর্ব্বীত নানেবংবিদং নানেবংবিদম্॥৩৫৭॥১০

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ॥১৭॥

ইতি ছান্দোগ্যোপনিষদ্ব্রাহ্মণে চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥৪॥

সম্প্রতি প্রকরণার্থমুপসংহরতি "মানবঃ" ইত্যাদিনা। মানবঃ (যথোক্ত-মননশীলঃ) ব্রহ্মা এব একঃ (মুখ্যঃ) ঋত্বিক্; অশ্বা (ঘোটকী) [যথা] কুরূন্ (যজ্ঞকর্ত্তৄন্, তদারূঢ়ান্ কুরুবংশীয়ান্ বা) অভিরক্ষতি (বহনেন পরিপালয়তি), [তথা] এবংবিৎ (যথোক্তপ্রায়শ্চিত্তজ্ঞঃ) ব্রহ্মাহ (প্রসিদ্ধৌ) বৈ (এব) যজ্ঞং (অনুষ্ঠেয়ং কর্ম্ম) যজমানং, সর্ব্বান্ ঋত্বিজঃ (অধ্বর্য্যুপ্রভৃতীন্) চ (অপি) অভিরক্ষতি (সর্ব্বতঃ পরিপালয়তি); তস্মাৎ (হেতোঃ) এবংবিদম্ এব (নিশ্চয়ে) ব্রহ্মাণং কুর্ব্বীত (ব্রহ্মকর্ম্মণি নিযুঞ্জীত), অনেবংবিদং (উক্তবিজ্ঞান-রহিতং) ন [নিযুঞ্জীত ইতি শেষঃ]। দ্বিরুক্তিরধ্যায়-সমাপ্ত্যর্থা॥

অতএব উক্তপ্রকার জ্ঞানসম্পন্ন ব্রহ্মাই প্রধান ঋত্বিক্; ঘোটকী যেমন পৃষ্ঠারূঢ় যোদ্ধৃগণকে রক্ষা করিয়া থাকে, তেমনি যথোক্ত জ্ঞানসম্পন্ন ব্রহ্মাও নিশ্চয়ই যজ্ঞ, যজমান এবং সমস্ত ঋত্বিক্‌গণকে সর্ব্বতোভাবে রক্ষা করেন; অতএব এবংবিধ জ্ঞানসম্পন্ন ব্যক্তিকেই ব্রহ্মা করিবে, উক্তপ্রকার জ্ঞানহীনকে নহে। অধ্যায়-সমাপ্তি-সূচনার জন্য দ্বিরুক্তি করা হইয়াছে॥

শাঙ্কর-ভাষ্যম্।—মানবো ব্রহ্মা। মৌনাচরণাৎ মননাদ্বা জ্ঞানবত্ত্বাৎ; ততো ব্রহ্মৈবৈক ঋত্বিক্ কুরূন্ কর্ত্তৄন্,—যোদ্ধৄন্ আরূঢ়ান্ অশ্বা বড়বা যথা অভিরক্ষতি, এবংবিৎ হ বৈ ব্রহ্মা যজ্ঞং যজমানং সর্ব্বাংশ্চ ঋত্বিজঃ অভিরক্ষতি, তৎকৃতদোষা-পনয়নাৎ। যত এবংবিশিষ্টো ব্রহ্মা বিদ্বান্, তস্মাদেবংবিদমেব যথোক্তব্যাহৃত্যাদি-বিদং ব্রহ্মাণং কুর্ব্বীত, নানেবংবিদং কদাচনেতি। দ্বিরভ্যাসোঽধ্যায়-সমাপ্ত্যর্থঃ॥৩৫৭॥১০

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তদশ-খণ্ড-ভাষ্যম্॥১৭॥

ইতি শ্রীমদ্গোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্য-পরমহংসপরিব্রাজকাচার্য্য-
শ্রীমচ্ছঙ্করভগবৎপাদকৃতৌ ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যে
চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥৪॥

আনন্দগিরিঃ।—ঋত্বিজি ব্রহ্মণি মানবশব্দপ্রবৃত্তৌ নিমিত্তদ্বয়মাহ—মৌনেতি। জ্ঞানাতিশয়স্তচ্ছব্দার্থঃ। কর্ত্তৄনভিরক্ষতীতি সম্বন্ধঃ। উক্তমর্থং দৃষ্টান্তেন প্রকটয়তি—যোদ্ধৄনিত্যাদিনা। প্রকরণার্থমুপসংহরতি—এবমিতি॥৩৫৭॥১০

ইতি চতুর্থাধ্যায়স্য সপ্তদশঃ খণ্ডঃ॥১৭॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীশুদ্ধানন্দ-পূজ্যপাদশিষ্য-ভগবদানন্দজ্ঞান-
কৃতায়াং ছান্দোগ্যোপনিষদ্ভাষ্য-টীকায়াং চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥৪॥

ভাষ্যানুবাদ।—মৌনাবলম্বন করেন বলিয়া অথবা মনন (চিন্তা) করেন বলিয়া জ্ঞানাতিশয়-সম্পন্ন ব্রহ্মা 'মানব' পদে [অভিহিত হইয়াছেন]। সেই জ্ঞানাতিশয় নিবন্ধন ব্রহ্মাই ঋত্বিক্গণের মধ্যে প্রধান। কুরু-অর্থ—কর্ত্তা, অর্থাৎ যুদ্ধকর্ত্তা, অশ্বা—বড়বা (ঘোটকী) যেমন তদারূঢ় যোদ্ধপুরুষগণকে রক্ষা করে, তেমনি যথোক্ত জ্ঞানসম্পন্ন ব্রহ্মাও নিশ্চয়ই যজ্ঞ, যজমান ও সমুদয় ঋত্বিক্গণকে রক্ষা করেন; কারণ, তিনিই ঋত্বিক্গণের সমস্ত দোষ অপনয়ন করেন। যেহেতু বিদ্বান্ ব্রহ্মা এইরূপ বিশিষ্টগুণশালী [হওয়া আবশ্যক]; অতএব, এবংবিদ্‌কে অর্থাৎ যথোক্ত ব্যাহৃতিপ্রভৃতিতে অভিজ্ঞ ব্যক্তিকেই ব্রহ্মা করিবে, কখনও তদ্বিপরীত ব্যক্তিকে নহে। অধ্যায়-সমাপ্তির জন্য দ্বিরুক্তি করা হইয়াছে।৫৭॥১০

ইতি চতুর্থ অধ্যায়ের সপ্তদশখণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥১৭॥

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥৪॥